মব্যে প্রবল্প শক্তিতে কাজু করে, এটা শক্তি **जित्रोस ब्रह्मावली** করার দিকে মানুকের দৈহিক ও মানীসিক্ত সমস্ত শক্তিকে উদহা করে সেয়া সাভাল ও প দেৱ নেহ বিকল ছয়ে গেল, উৎকট কল্পনা ভা নিকট মূর্তিতে বিদ্যুমান হল: কিন্তু যে ব্রন্থ সংগ্র ছারায় বিরাট কল্পনা সমস্তকে মর্নের মুর্নে করতে সমার্থ হল সেই বার হল রূপ ও ভারাধা রাজের রাজা লে খন বীর সে হল কবি লেংহ শিল্ডী, সে তল খাখি গুলা বচায়তা কল্পন হল মানুষের পরেন ভাবস্থা কেন্না দেখি তার আধৈনর সভ্টরী জিনিষ্টা বিশ্বসংখারকে প্রধানো হতে নিজে ন মানুষের কাচে একই জাকাশের একই খাঁড়

জানে-বিজ্ঞানে কর্মনাটা প্রথম চারপর রাভ

এই হ'ল রচনরি ধারা ও রীতি। কল্পনাটা মানুর



অবনীন্দ্ৰনাথ ঠাকুর

অবনীম্র রচনাবলী

প্রথম খণ্ড



প্ৰকাশভবন ১৫ বঙ্কিম চ্যাটাৰ্জি ক্ৰিচ প্রথম প্রকাশ কান্ত্যারি ১৯৭৬ মাঘ ১৩৭৯

প্রকাশক শ্রীশচীন্দ্রনাথ ম্থোপাধ্যান্ন প্রকাশ ভবন ১৫ ব্যায়ন চ্যাটান্তি ব্লিট কলিকাত। ১২

> মূড়াকর শ্রীগোপাল ঘোষ শ্রীকৃষ্ণ প্রেস ৬ শিবু বিখাল লেন কলিকাথা ৬

ক্লিয় 78.00 বানেন প্রের্থী

বিজ্ঞপ্তি

অবনীন্দ্রনাথের সম্প্র রচনা করেকটি পৃথক্ বণ্ডে সংকলিত হবে। প্রকাশিত এই প্রথম খণ্ডে গৃহীত হল তাঁর শ্বতিকথাগুলি। পূর্বে গ্রন্থভুক্ত হয় নি, নাময়িক প্রে বিক্ষিপ্ত এমন করেকটি রচনাও এখানে সংযোজিত হল। এই খণ্ড প্রস্তুত হল শ্রীপুলিনবিহারী সেন ও শ্রীশুখ ঘোষের সহায়তায়।

বিশ্বভারতী কর্তৃপক্ষ, মোহনলাল গঙ্গোণাধ্যায়, প্রীমতী মিলাডা গলোপাধ্যায়, গ্রীমতী রানী চন্দ, প্রীশোভনলাল গঙ্গোপাধ্যায়, প্রীকানাই সামন্ত, প্রীচিত্তরঞ্জন দেব, প্রীদনৎকুমার গুপ্ত ও প্রীস্থবিমল লাহিড়ীর কাছে নানাবিধ আফুকুলা পাওয়া গেছে।

কোনো কোনো অনিবার্য সংকটের ফলে প্রথম থণ্ডের প্রকাশনে অনেক বিলম্ব হল। এজন্ত আমরা কুন্তিত। প্রবর্তী ধণ্ডগুলির প্রকাশ ঈষৎ ত্বান্থিত হবে, এ-রক্ম আশা করা বায়।



স্চীপত্ৰ

	পৃষ্ঠা
আপন কথা	2
ঘরোয়া	43
জোড়াগাঁকোর ধারে	290
সংযোজন	<i>৩৩</i> ৫
গ্রন্থপরিচয়	8.7
ব্যক্তিপরিচয়	839




চিত্ৰস্থচী

	সন্মধীন পৃষ্ঠা
প্রতিকৃতি	
অবনীন্দ্রনাথ ঠাকুর	আগ্যাপত্ৰ
'ফান্তুনী' অভিনয়ে অবনীন্দ্রনাথ	5%8
অবনীস্ত্রনাথ ঠাকুর -অঙ্কিত	
জোড়াগাঁকোর ঠাকুরবাড়ি	৩৯
শাভাহানের মৃত্য	৩০৮
হন্তলিপিচিত্	
'কল্বং কুতোহসি কিয়ামতে'	গ্ৰন্থচনা
'আমি বলেছি, তুমি লিখেছো'	% •
'যত স্থের স্থতি তত হৃংধের স্থতি'	>98
·	> 9



আপন কথা

Polishoj user



age. The article arthur wages wered read to assume of by the supply and suppl

মনের কথা

যে-খা তার দঙ্গে ভাব হল না, তার পাতায় ভালো লেখাও চলল না। এই থাতাট। অনেকদিন কাছে-কাছে রয়েছে, ভাব হয়ে গেল এটার সঙ্গে। ভাব হল যে-মামুযের সঙ্গে কেবল তাকেই বলা চলল নিজের কথা স্থথ-ছঃথের। কিনে নিতে চায় পয়সা দিয়ে আমার জীবন-ভরা স্থত-হঃথের কাহিনী, এবং দেটা ছাপিয়ে নিজেরাও কিছু সংস্থান করে নিতে চায় তাদের আমি দূর থেকে নমস্বার দিছি। যারা কেবল শুনতে চায় আপন কথা, থেকে থেকে যারা কাচ্চে এনে বলে 'গল্প বলো', দেই শিশু-জগতের সত্যিকার রাজা-রানী বাদশা-বেশম ভাদেরই ক্ষয়ে আমার এই লেখা পাতা ক'খানা। শিশু-সাহিত্য-সমাট গারা এসেছেন এবং আসছেন তাঁদের জন্মে রইল বাঁ হাতে সেলাম; আর ডান হাতের কুনিশ রইল তাদেরই জন্মে যারা বদে শোনে গল্প রাজা-বাদশার মতো, কিন্তু ছেঁড়া মাত্র নম্বতো মাটিতে বদে; আর গল্পের মাঝে মাঝে থেকে থেকে যারা বকশিশ দিয়ে চলে একটু হাসি কিম্বা একটু কালা; মান-পত্রও নয়, দোনার পদকও নয়; হয় একটু দীর্ঘশাস, নয় একটুথানি ঘুমে-ঢোলা চোণের চাহনি। ওই তারা— যারা আমার মনের দিংহাদন আলো করে এদে বদে, তাদেরই আলাব দিয়ে বলি, গরীব পরবর দেলামং— অব্ আগাজ্ কিদ্দেকা করতা হুঁ, জেরা কান দিয়ে কর শুনো !

ছাপা হবে হয়তো বইথানা। একদিন কোনো বেরদিক অল্ল দামে কিনে নেবে আমার সারা-জীবন খুঁজে খুঁজে পাওয়া যা কিছু সংগ্রহ। এইটে মনে পড়ে যথন, তথন হাসি পায়। বলি, এ কি হয় কথনো ? সব কথা কি কেউ জানতে পারে, না জানাতেই পারে কোনো কালে ? অনেক কথা রয়ে ঝাবে, অনেক রইবে না, এই হবে, তার বেশি নয়।

একটা শোনা-কথা বলি। তথন বাড়িতে প্লানচিট্ চালিয়ে ভূত নামানো চলছে। দাদামশায়ের পার্বদ দীননাথ ঘোষাল প্লানচিটে এদে হাজির। বড়ো জ্যাঠামশায় তাঁকে জেরা শুরু করলেন— পরকালটা এবং পরকালটার বৃত্তান্ত শুনে নিতে চেয়ে। প্লানচিটে উত্তর বার হল— 'মে-কথা আমি

মরে জেনেছি, সে-কথা বেঁচে থেকে ফাঁকি দিয়ে জেনে নেবে এ হতেই পারে না।

আমিও ওই কথা বলি। অনেক ভূগে পাওয়া এ-সব কাহিনী, কিনতে গেলে ঠকতে হয়, বেচতে গেলে ঠকতে হয়! বলে য়াওয়া চলে কেবল তাদেরই কাছে নির্ভয়, মনের কথা বেচা-কেনার ধার ধারে না য়ারা, য়াত্রা করে বেরিয়েছে য়ারা, কেউ হামাওড়ি দিয়ে, কেউ কাঠের ঘোড়ায় চড়ে, নানা ভাবে নানা দিকে আলিবাবার গুহার সন্ধানে! ছোটো ছোটো হাতে ঠেলা দিয়ে য়ারা কপাট আগলে বলে আছে, য়ে-দৈত্য সেটাকে জাগিয়ে বলে, 'ওপুন চিসম্'— অর্থাৎ চশমা থোলো, গল্প বলো। মারা থেকে থেকে ছুটে এসে বলে— 'এই ছড়ি ছোঁয়াও, দেখবে দাদামশায়, লোহার গায়ে য়রে য়াবে সোনা!' কুড়িয়ে পাওয়া পুরোনো পিছম ঘবে য়বে য়ারা খইয়ে ফেলে, অথচ ছাড়ে না কিছুতে সাড-রাজার-ধন মানিকের আশা।

www.boiRboi.net

পদ্মদাসী

রাতের অন্ধ কারের মাঝে দাঁড়িয়ে দারি দারি পল-তোলা থাম, এরই ফাঁক দিয়ে দেখা যাচ্ছে আমাদের ভেতলার উত্তর-পুব কোণের ছোটো ঘরটা; এক কোণে জলছে মিটমিটে একটা তেলের সেজ। হিমের ভয়ে লাল থেক্যার পুরু পর্দা দিয়ে সম্পূর্ণ মোড়া ঘরের তিনটে জানলাই, ঘরজোড়া উচ একখানা খাট— তাতে সবুজ রঙের মোটা দিশি মশারি ফেলা রয়েছে। ঘরে ঢোকবার দরজাটা এত বড়ো যে, তার উপর দিকটাতে বাতির আলো পৌছতে পারে নি ! এই দরজার এক পাশে একটা লোহার দিনুক, আর তারই ঠিক সামনে কোথা থেকে একটা কাঠের থোঁটা হঠাৎ মেঝে ফুঁড়ে হাত তিনেক উঠেই পদকে পাঁড়িগে গেছে তো গাঁড়িয়েই আছে। এই থোঁটা— খরের মধ্যে যার দাঁড়িয়ে থাকার কোনো কারণ ছিল না— সেটাতে ভর দিয়ে দাঁড়িয়ে আছে দেড়হাত প্রমাণ একটা ছেলে। থোঁটার মাথার কাছে এতটকু কুলঙ্গির মতো একটা চৌকো গর্ড, তারই মধ্যে উকি দিয়ে দেখবার ইচ্ছে হচ্ছে, কিন্তু নাগাল পাচ্ছি নে কুলু স্কিটার। আলোর কাছে বলে স্পষ্ট দেখতে পাচ্ছি প্রদাসী মন্ত একটা রুপোর ঝিছুক আর গরম তুধের বাটি নিয়ে তুধ জুড়োতে বলে গেছে— তুলছে আর ঢালছে দে তপ্ত হুধ। দাসীর কালো হাত হুধ জুড়োবার ছন্দে উঠছে নামছে, নামছে উঠছে ৷ চারদিক অনুসান, কেবলই ছুধের ধারা পড়ার শব্দ শুন্তি। আর দাসীর কালো হাতের ওঠা-পড়ার দিকে চেয়ে একটা কথা ভাবছি— উচ খাটে উঠতে পারা যাবে কি না! পর্দার ওপারে অনেক দূরে আস্তাবলের ফটকের কাছে নন্দ ফরাশের ঘর, দেখানে নোটো খোঁড়া বেহালাতে গৎ ধরেছে— এক ছুই তিন চার, এহেক ছুহি তিহিন চার। এক ঘুই তিন চার জানিয়ে দিলে রাত কত হয়েছে তা— অমনি তাড়াতাড়ি থানিক আধ-ঠাণ্ডা ছধ কোনোরকমে আমাকে গিলিয়ে খাটের উপর তিনটে বালিশের মারখানটায় কাত করে ফেলে মনে । মনে একটা সুমপাড়ানো ছড়। আউড়ে চলল আমার দাসী। আর তারই তালে তালে অঞ্চলারে তার কালো হাতের রহে-রহে ছোঁয়া ঘুমের তলায় আন্তে আন্তে আমাকে নামিয়ে দিতে থাকল ৷

একেবারে রাতের অন্ধকারের মতো কালো ছিল আমার দাসী— সে কাছে বসেই ঘুম পাড়াত কিন্তু অন্ধকারে মিলিয়ে থাকত সে, দেখতে পেতেম না তাকে, শুধু ছোঁয়া পেতেম থেকে থেকে! কোনো-কোনো দিন অনেক রাতে সে জেগে বসে চালভালা কটকট চিবোত, আর তালপাতার পাথা নিয়ে মশা তাড়াত। শুধু শব্দে জানতেম এটা। আমি জেগে আছি জানলে দাসী চুপিচুপি মশারি তুলে একটুবানি নারকেল-নাড়ু অন্ধকারেই আমার মূথে ওঁজে দিত— নিত্য থোৱাকের উপবি-পাওনা ছিল এই নাড়।

থাটে উঠব কেমন করে এই ভন্ন হয়েছিল; কাছেই বোধ হচ্ছে উচু পালক্ষে শোয়া সেই আমার প্রথম। জানি নে তার আগে কোথায় কোন্ ঘরে আমাকে নিয়ে শুইয়ে দিত কোন্ বিছানায় সে।

চারদিকে সবৃত্ধ মশারির আবছায়া-বেরা মন্ত বিছানাটা ভারি নতুন ঠেকেছিল দেদিন— একটা যেন কোন্ দেশে এসেছি— দেখানে বালিশ-গুলোকে দেখাছে যেন পাহাড়-পর্বত, মশারিটা যেন সবৃত্ত-কুয়াশা-ঢাকা আকাশ যার ওপারে— এখানে আর মনে করতে হত না, দেখতে পেতেম চিংপুর রাত্তা থেকে যে সক্ষ গলিটা আমাদের ফটকে এসে চুকেছে সেটা একেবারে জনশৃত্য! ছু'নম্বর বাড়ির গায়ে তথনকার মিউনিসিপালিটির দেওয়া একটা মিটমিটে তেলের বাতি জলছে, আর সেই আলো-আধারে পুরোনো শিবমন্দিরটার দরজার সামনে দিয়ে একটা কন্ধ-কাটা তুই হাত মেলে শিকার খুঁজে খুঁজে চলেছে! কন্ধ-কাটার বাসাটাও সেইসঙ্গে দেখা দিত— একটা মাটির নল বেয়ে তু'নম্বর বাড়ির ময়লা জল পড়ে পড়ে থানিকটা দেওয়াল সোঁতা আর কালো, ঠিক তারই কাছে আধবানা ভাঙা কপাট চাপানো আড়াই হাত একটা ফোকরে তার বাস— দিনেও তার মধ্যে অন্ধকার জ্মা হয়ে থাকে!

সব ভূতের মধ্যে ভীষণ ছিল এই কন্ধ-কাটা, যার পেটটা থেকে থেকে জন্ধকারে হাঁ করে আর ঢোক গেলে; যার চোগ নেই অথচ মস্ত কাঁকড়ার দাড়ার মতো হাত ছুটো যার পরিকার দেখতে পায় শিকার! আর-একটা ভয় আমত দময়ে সময়ে, কিন্তু আমত দে অকাতর খুমের মধ্যে— দে নামত বিরাট একটা আগুনের ভাঁটার মতো বাড়ির ছাদ কুঁড়ে আন্তে আমার রুকের উপর! যেন আমাকে চেপে মারবে এই ভাব— নামছে তো নামছেই গোলাটা, আমার দিকে এগিয়ে আদার তার বিরাম নেই। কথনো আদত

দেটা এগিয়ে জলস্ত একটা স্তনের মতো একেবারে আমার মৃথের কাছাকাছি, নাঁজ লাগত মৃথে চোথে। তার পর আন্তে আন্তে উঠে যেত গোলাটা আমাকে ছেড়ে, হাঁফ ছেড়ে চেঁয়ে দেখতেম দকাল হয়েছে— কপাল গরম, জর এদে গেছে আমার। দশ-বারো বছর পর্যন্ত এই উপগ্রহটা জরের অগ্রন্ত হয়ে এদে আমায় অস্তৃত্ব করে যেত। উপগ্রহকে ঠেকাবার উপায় ছিল না কোনো কিন্তু উপদেবতা আর কন্ধ-কাটার হাত থেকে বাঁচবার উপায় আবিকার করে নিয়েছিলেম। লাল শালুর লেপ, তারই উপরে মোড়া থাকত পাতলা ওয়াড়, আমি তারই মধ্যে এক-একদিন লুকিয়ে পড়তাম এমন যে, দাসী দকালে বিছানায় আমায় না দেখে — 'ছেলে কোখা গো'বলে শোরগোল বাধিয়ে দিত। শেষে পদ্মদাসীর পদ্মহন্তের গোটাক্যেক চাপড় থেয়ে জাত্বরের থলি থেকে গোলার মতে। ভিটকে বার হতেম আমি সকালের আলোতে।

গীবনের প্রথম অংশটার সকালের লেপের গুরাড়থানা গুটিপোকার গোলদের মড়ো করে ছেড়ে বার হওয়া আর রাতে আবার গিয়ে লুকোনো লেপের তলায়, আর তারই দক্ষে অড়িয়ে বাটি, ঝিয়ুক, থাট, দিন্দুক, তেলের সেজ, পল্লদাসী, এমনি গোটাকতক জিনিদ, আর শীতের রাতের অন্ধকারে কতকগুলো ভূতের চেহারা, দিনের বেলাতেও অন্ধকারে টিল ফেলার মড়ো কতকগুলো চমকে দেওয়া শব্দ লরজা পড়ার শব্দ, চাবির গোছার ঝিনঝিন মাত্র আছে আমার কাছে, আর কিছু নেই— কেউ নেই !

১৮৭১ ঝীন্টান্দের জন্মাইমীর দিনের বেলা ১২টা ১১ মিনিট থেকে আরম্ভ করে থানিকটা বয়স পর্যস্ত রূপ-রস-শস্থ-শস্থ-শ্বে পুঁজি— এক দাদী, এক-থানি ঘরে একটি থাট, একটি চুধের বাটি, এমনি গোটাকতক সামান্ত জিনিসের মধ্যেই বন্ধ রয়েছে। শোওয়া আর থাওয়া এ-ছাড়া আর কোনো ঘটনার সঙ্গে যোগ নেই আমার! অকন্মাং একদিন এক ঘটনার সামনে পড়ে গেলেম একলা। ঘটনার প্রথম চেউয়ের ধাকা দেটা। তথন সকাল দেড় প্রহের হবে, তিনতলার বড়ো সিঁড়ির উপর ধাপের কিনারা— যেখানটায় থাঁচার পরাদের মতো মোটাসোটা শিক দিয়ে বন্ধ করা—সেইথানটায় দাঁড়িয়ে দেখছি কাঠের সিঁড়ির প্রকাণ্ড প্রকাণ্ড ধাপগুলো একটা চৌকোনা যেন কুয়াকে ঘিরে যিরে নেমে গেছে কোন্ পাতালে তার ঠিক নেই! গুই ধাপে ধাপে ঘূণির মাঝে একটা বড়ো চাতাল। পশ্চিম দিকের একটা থোলা ঘর হয়ে চাতালের

বেশ ছোটোখাটো রোগা মান্ত্র্যটি। কয়েকথানি লুচি, একটু ছোঁকা, কিছু
মিটি বেমন ছোটোদের দেওয়া হয় তেমনি ছ হাতে ছথানি রেকাবিতে সাজিয়ে
নিয়ে এলেন। কর্তাদিদিমা কাছে বসে বলতেন, বউঁমা, ছেলেদের আরো
খানকয়েক লুচি গরম গরম এনে দাও, আরো মিটি দাও। এই রকম সব
বলে বলে থাওয়াতেন, বড়োদের মতো আদর্যত্ব করে। আমরা খাওয়াদাওয়া
করে পায়ের ধুলো নিয়ে চলে আসতুম।

কর্তাদিদিমার একটা মন্ত্রার গল্প বলি, যা শুনেতি। বড়োজ্যাঠামশায়ের বিয়ে হবে। কর্তাদিদিমার শব হল একটি খাট করাবেন ছিজেন্দর আর বউমা শোবে। রাজকিষ্ট মিল্লিকে আমরাও দেখেছি— তাকে কর্তাদিদিমা মংলব মাফিক দব বাংলে দিলেন, ঘরেই কাঠকাটরা আনিয়ে পালঙ্ক প্রস্তুত হল। পালঙ্ক তো নয়, প্রকাণ্ড মঞ্চ। থাটের চার পায়ার উপরে পরী ফুলদানি ধরে আছে; খাটের ছন্ত্রীর উপরে এক শুকপক্ষী ভানা মেলে। রূপকথা থেকে বর্ণনা নিয়ে করিয়েছিলেন বোধ হয়। ঘরজোড়া প্রকাণ্ড ব্যাপার, তাঁর মংলবমাফিক খাট। কত কল্পনা, নতুন বউটি নিয়ে ছেলে ৬ই খাটে খুমোবে, উপরে থাকবে শুকপক্ষী।

কর্তাদিদিমার এক ভাই জগদীশমামা এখানেই থাকতেন; তিনি বললেন, দিদি, উপরে ওটা কী করিয়েছ, মনে হচ্ছে থেন একটা শকুনি ভানা মেলে বলে আছে।

আর, সত্যিও তাই। শুকপাথিকে কল্পনা করে রাছকিট মিল্লি একটা কিছু করতে চেটা করেছিল, দেটা হলে গেল ঠিক জার্মান ঈগলের মতো, ডানামেলা প্রকাণ্ড এক পাঝি।

তা, কর্তাদিদিমা জগদীশমামাকে অমনি তাড়া লাগালেন, যা যা, ও তোরা বুমবি নে। শকুনি কোথায়, ও তো শুক্পক্ষী।

সেই খাট বহুকাল অবধি ছিল, দীপুদাও সেই ঘাটে ঘ্নিয়েছেন। এখন কোথায় যে আছে সেই খাটটি, আগে জানলে ছ্-একটা পরী পায়ার উপর থেকে খুলে আনতুম।

সাত সাত ছেলে কর্তাদিদিমার; তাঁকে বলা হত রত্বগর্তা। কর্তাদিদিমার সব ছেলেরাই কী স্থন্দর আর কী রঙ। তাঁদের মধ্যে রবিকাকাই হচ্ছেন কালো। কর্তাদিদিমা পুব ক্ষে তাঁকে রূপটান সর মন্ত্রদা মাথাতেন। সে কথা রবিকাকাও লিখেছেন তাঁর ছেলেবেলায়। কর্তাদিদিমা বলতেন, সব ছেলেদের মধ্যে রবিই আমার কালো।

সেই কালো ছেলে দেখো জগৎ আলো করে বসে আছেন।

কর্তাদিদিমা আঙুল মটকে মারা ধান। বড়োপিসিমার ছোটো মেয়ে, সে তথন বাচ্ছা, কর্তাদিদিমার আঙুল টিপে দিতে দিতে কেমন করে মটকে ধার। সে আর সারে না, আঙুলে আঙুলহাড়া হয়ে পেকে ফুলে উঠল। জর হতে লাগল। কর্তাদিদিমা ধান ধান অবস্থা। কর্তাদাদামশায় ছিলেন বাইরে—কর্তাদিদিমা বলতেন, তোরা ভাবিদ নে, আমি কর্তার পায়েয় ধূলো মাথায় না নিয়ে মরব না, তোরা নিশ্চিত্ত থাক।

কর্তাদাদামশায় তথন তালহোসি পাহাড়ে, খুব সম্ভব রবিকাকাও সে সময়ে ছিলেন তাঁর সঙ্গে। তথনকার দিনে থবরাথবর করতে অনেক সময় লাগত। একদিন তো কর্তাদিদিমার অবস্থা খুবই খারাপ, বাড়ির সবাই তাবলে আর বুঝি দেখা হল না কর্তাদাদামশায়ের সঙ্গে। অবস্থা ক্রমশই থারাপের দিকে মাচ্ছে, এমন সময়ে কর্তাদাদামশায় এসে উপস্থিত। থবর তনে সোজা কর্তাদিদিমার ঘরে গিয়ে পাশে দাড়ালেন, কর্তাদিদিমা হাত বাড়িয়ে তাঁর পায়ের ধুলো মাথায় নিলেন। ব্যন, আতে আতে সব শেষ।

কর্তাদাদামশার বেরিয়ে এলেন ঘর থেকে। বাজির ছেলেরা অস্ত্যেষ্টিক্রিয়ার যা করবার সব করলেন। সেই দেখেছি দানসাগর প্রাক্ত, রুপোর
বাসনে বাজি ছেয়ে গিয়েছিল। বাজির কুলীন জ্ঞামাইদের কুলীন-বিদেম করা
হয়। ছোটোপিসেমশায় বড়োপিসেমশায় কুলীন ছিলেন, বজো বড়ো রুপোর
ঘড়া দান পেলেন। কাউকে শাল-দোশালা দেওয়া হল। সে এক বিয়াট
বাপার।

আর-এক দিদিমা ছিলেন আমাদের, কয়লাহাটার রাজা রমানাথ ঠাকুরের পুত্রবর্ধ, নৃপেন্দ্রনাথ ঠাকুরের জী। রাজা রমানাথ ছিলেন গারকানাথের বৈমাজের ভাই। সে দিদিমাও খ্ব বৃড়ি ছিলেন। আমরা তাঁর সঙ্গে থ্ব গল্লগুজব করতুম, তিনিও আমাদের দেখাদিদিমা, তিনিও যশোরের মেয়ে। আমি যথন বড়ো হয়েছি মাঝে মাঝে ডেকে পাঠাতেন আমাকে; বলভেন, অবনকে আসতে বোলো, গল করা যাবে। সে দিদিমার সঙ্গে আমার থ্ব জমত। আমি যে জী-আচার সম্বন্ধ একটা প্রবন্ধ লিখেছিলুম তাতে দ্রকারি

নোটগুলি দব ওই দিদিমার কাছ থেকে পাওরা। আমার তথন বিয়ে হয়েছে।
দিদিমা বউ দেথে খুণি; বলতেন, বেশ, থাসা বউ হয়েছে, দেথি কী গয়নাটয়না দিয়েছে। ব'লে নেড়ে-চেড়ে ঘ্রিয়ে-ফিরিয়ে দেখতেন। বলতেন,
বেশ দিয়েছে, কিন্তু তোরা আজকাল এই রকম দেখা-গয়না পরিদ কেম।

আমি বলতুম, দে আবার কী রকম।

দিদিমা বলতেন, আমাদের কালে এ রকম ছিল না, আমাদের দম্ভর ছিল গয়নার উপরে একটি মসলিনের পটি বাঁধা থাকত।

আমি বলতুম, দে কি গয়না ময়লা হয়ে যাবে বলে।

তিনি বলতেন, না, ঘরে আমরা গয়না এমনিই পরত্ম, কিন্তু বাইরে কোথাও যেতে হলেই হাতের চূড়ি-বালা-বাজুর উপরে ভালো করে মসলিনের টুকরো দিয়ে বেঁধে দেওয়াই দম্ভর ছিল তথনকার দিনে। ওই মসলিনের ভিতর দিয়েই গয়নাগুলো একটু একটু ঝক্ঝক্ করতে থাকত। দেখা-গয়না তো পরে বাঈজী নটারা, তারা নাচতে নাচতে হাত নেড়েচেড়ে গয়নার ঝক্মকানি লোককে দেখায়। খোলা-গয়নার ঝক্মকানি দেখানা, ও-সব হচ্ছে ছোটো-লোকি বাগোর।

থ্ব পুরোনো মোগল ছবিতে আমারও মনে হয় ও রকম পাতলা রঙিন কাপড় দিয়ে হাতে বাজু বাঁধা দেখেছি। ওই ছিল তথনকার দিনের দম্বর। এই দেখা-গয়নার গল আমি আর কারো কাছে শুনি নি, ওই দিদিমার কাছেই শুনেছি।

তথনকার মেয়েদের সাজসজ্জার আর-একটা গল্প বলি।

ছোটোদাদামশায়ের আর বিয়ে হয় না। কর্তা ঘারকানাথ ঘোলো বছর বয়দে ছোটোদাদামশায়েক বিলেত নিয়ে য়ান, দেখানেই তার শিক্ষাদীক্ষা হয়। ঘারকানাথের ছেলে, বড়ো বড়ো সাহেবের বাড়িতে থেকে একেবারে ওই দেশী কায়দাকায়নে দোরত হয়ে উঠলেন। আর, কী সমান দেখানে তার। তিনি ফিরে আদছেন দেশে। ছোটোদাদামশায় সাহেব হয়ে ফিরে আদছেন— কী তাবে জাহাজ থেকে নামেন সাহেবি স্কট প'য়ে, বয়্বায়ব দবাই গেছেন গলার ঘাটে তাই দেখতে। তখনকায় মাহেবি সাজ জানো তো? সে এই রকম ছিল না, সে একটা রাজবেশ— ছবিতে দেখো। জাহাজ তখন লাগত বিদিরপুরের দিকে, সেখান থেকে পানসি কয়ে আসতে হত। সবাই

উৎস্থক— নগেন্দ্রনাথ কী পোশাকে নামেন। তথনকার দিনের বিলেড-ফেরড সে এক ব্যাপার। জাহাজঘাটায় ভিড জমে গেছে।

ধৃতি পাঞ্জাবি চাদর গায়ে, পায়ের জরির লপেটা, ছোটোদাদামশার জাহাত্ব থেকে নামলেন। সুবাই তো অবাক।

ছোটোদাদামশায় তো এলেন। স্বাই বিয়ের জন্ত চেইাচরিত্তির করছেন, উনি আর রাজী হন না কিছুতেই বিয়ে করতে। তথন স্বেমাত্র বিলেত থেকে এসেছেন, ওথানকার মোহ কাটে নি। আমাদের দিদিমাকে বলতেন, বউঠান, ওই তো একরত্তি মেয়ের পঞ্চে আমার বিয়ে দেবে তোমরা, আর আমার তাকে পালতে হবে, ও-সব আমার হারা হবে না। স্বাই বোঝাতে লাগলেন, তিনি আর ঘাড় পাতেন না। শেষে দিদিমা খুব বোঝাতে লাগলেন; বললেন, ঠাকুরপো, সে আমারই বোন, আমি তার দেখাশোনা স্ব করব— তোমার কিছুট ভাবতে হবে না, ভুমি গুরু বিয়েটুকু করে ফেলো কোনো স্কমে।

অনেক সাধ্যমাধনার পর ছোটোগাদামশার রাজী হলেন। ছোটোদিদিমা ত্রিপুরাস্কলরী এলেন।

ছোট্ট মেয়েটি, আমার দিদিমাই তার সব দেখাশোনা করতেন। বেনে-র্থোপা বেঁধে ভালো শাড়ি পরিয়ে সাজিয়ে দিতেন। বেনে-র্থোপা তিনি চিরকাল বাঁধতেন— আমরাও বড়ো হরে তাই দেখেছি, তাঁর মাথায় সেই বেনে-র্থোপা। কোথায় কী বলতে হবে, কী করতে হবে, সব শিথিয়ে পড়িয়ে দিদিমাই মাছ্য করেছেন ছোটোদিদিমাকে।

তথ্যকার কালে কর্তাদের কাছে, আজকাল এই তোমাদের মতো কোমরে কাপড় জড়িয়ে হলুদের দাগ নিয়ে যাবার জো ছিল না। গিন্নিরা ছোটো থেকে বড়ো অবধি পরিপাটিরূপে সাজ ক'রে, আতর মেথে, সিঁত্র-আলতা প'রে, কনেটি সেজে, ফুলের গোড়ে-মালাটি গলায় দিয়ে তবে ঘরে ঢুক্তেন।

আজ সকালে মনে পড়ল একটি গল্প— সেই প্রথম স্বদেশী যুগের সময়কার, কী করে আমরা বাংলা ভাষার প্রচলন করলুম।

ভূমিকস্পের বছর দেটা। প্রোভিক্সিয়াল কন্ফারেল হবে নাটোরে।
নাটোরের মহারাজা জগদিন্দ্রনাথ ছিলেন রিদেপনন কমিটির প্রেদিভেট।

আমরা তাঁকে গুণু 'নাটোর' বলেই সন্তায়ণ করতুম। নাটোর নেমন্তর করলেন আমাদের বাড়ির দবাইকে। আমাদের বাড়ির দকে তাঁর ছিল বিশেষ ঘনিষ্ঠতা, আমাদের কাউকে ছাড়বেন না— দীপুদা, আমরা বাড়ির অক্ত সব ছেলেরা, দবাই তৈরি হলুম, রবিকাকা তো ছিলেনই। আরো অনেক নেতারা, ক্যাশনাল কংগ্রেসের চাইরাও গিয়েছিলেন। ন-পিসেমশাই জানকীনাথ ঘোষাল, ডব্লিউ. দি. বোনাজি, মেছোজাচিমশায়, লালমোহন ঘোষ— প্রকাও বক্তা তিনি, বড়ো ভালো লোক ছিলেন, আর কী স্থন্দর বলতে পারতেন কিন্তু বোঁক ড়ই ইংরেজিভে— স্বরেন্দ্র বাড়ুজে, আরো অনেকে ছিলেন— সবার নাম কি মনে আদত্তে এখন।

তৈরি তো হলুম সবাই যাবার জন্ম। ভাবছি যাওয়া-আসা হাদাম বড়ো। নাটোর বললেন, কিছু ভাবতে হবে না দাদা।

ব্যবস্থা হয়ে গেল, এথান থেকে স্পেশাল টেন ছাড়বে আমাদের জন্ম। রওনা হলুম স্বাই মিলে হৈ-হৈ করতে করতে। চোগাচাপকান পরেই তৈরি হলুম, তথনো বাইরে ধৃতি পরে চলাকের। অভ্যেস হয় নি। ধৃতি-পাঞ্জাবি সঙ্গে নিয়েছি, নাটোরে পৌছেই এ-সব খুলে ধৃতি পরব।

আমরা যুবকরা ছিলুম একদল, মহাফুতিতে টেনে চড়েছি। নাটোরের-ব্যবস্থা— রাভায় থাওয়াদাওয়ার কাঁ আয়োজন। কিছুটি ভাবতে হচ্ছে না, দেটশনে দেটশনে থোঁজথবর নেওয়া, তদারক করা, কিছুই বাদ যাচ্ছে না— মহা-আরামে যাচ্ছি। সারাঘাট তো পৌছানো গেল। দেথানেও নাটোরের-চমৎকার ব্যবস্থা। কিছু ভাববারও নেই, কিছু করবারও নেই, সোজা খ্রীমারে-উঠে যাওয়া।

সঙ্গের মোটঘাট বিছানা-কম্বল ?

माটোর বললেন, किছু ভেবো না। সব ঠিক আছে।

আমি বলনুম, আরে, ভাবব না তো কী। ওতে যে ধুতি-পাঞ্চাবি গব-কিছুই আছে।

নাটোর বললেন, আমাদের লোকজন আছে, তারা সরবাবস্থা করবে।

দেখি নাটোরের লোকজনেরা বিছানাবাল্প মোটঘাট সব তুলছে, আর আমার কথা তনে মিটিমিটি হাসছে। মাক, কিছুই যখন করবার নেই, সোজা ঝাড়া হাত-পায় স্থীমারে নির্ভাবনায় উঠে গেলুম। পদ্মা দেখে মহা খুশি আমরা, ছাত আর ধরে না। থাবার সময় হল, ডেকের উপর টেবিল-চেয়ার দাজিয়ে থাবার জায়৸ করা হল। থেতে বদেছি স্বাই একটা লয়া টেবিলে। টেবিলের এক দিকে হোমরাচোমরা টাইরা, আর-এক দিকে আমরা হোকরারা, দীপুদা আমার পাশে। থাওয়া শুরু হল, 'বয়'রা থাবার নিয়ে আগে যাছে শুই পাশে, টাইদের দিকে, ওঁদের দিরে তবে তো আমাদের দিকে ঘূরে আসবে। মারথানে বদেছিলেন একটি টাই; তাঁর কাছে এলে থাবারের ডিশ প্রায় শেষ হয়ে যায়। কটিলেট এল তো সেই টাই ছ-সাতথানা একবারেই তুলে নিলেন। আমাদের দিকে ধথন আসে তথন আর বিশেষ কিছু বাকি থাকে না; কিছু বলতেও পারি নে। পুডিং এল; দীপুদা বললেন, অবন, পুডিং এদেছে, খাওয়া যাবে বেশ করে। দীপুদা ছিলেন থাইয়ে, আমিও ছিল্ম থাইয়ে। পুডিং-হাতে বয় টেবিলের এক পাশ থেকে ঘূরে ঘ্রে ঘেই চাইয়ের কাছে এদেছে, দেখি তিনি অর্ধেকের বেশি নিজের প্রেটে তুলে নিলেন। ওমা, দীপুদা আর আমি মুখ-চাওয়াচাওয়ি করতে লাগল্ম। দীপুদা বললেন, হল আমাদের আর পুডিং থাওয়া!

সন্তিয় বাপু, অমন 'জাইগ্যান্টিক' থাওয়া আমরা কেউ কথনো দেখি নি। ওই রকম থেয়ে থেয়েই শরীরথানা ঠিক রেথেছিলেন ডক্রলোক। বেশ শরীরটা ছিল তাঁর বলতেই হবে। দীপুদা শেষটায় বয়কে টিপে দিলেন, থাবারটা আকে যেন আমাদের দিকেই আনে। তার পর থেকে দেখতুম, তুটো করে ডিশে থাবার আসত। একটা বয় ও দিকে থাবার দিতে থাকত আর-একটা এ দিকে চোথে দেখে না থেতে পাওয়ার জন্ম আর আপদোন করতে হয় নি আমাদের।

নাটোরে তো পৌছানো গেল। এলাহি ব্যাপার লব। কী স্থন্দর
সাজিয়েছে বাড়ি, বৈঠকথানা। ঝাড়লগুন, তাকিয়া, ডালো ডালো দামী
ফ্লদানি, কার্পেটি, সে-সবের তুলনা নেই— যেন ইন্দ্রপুরী। কী আন্তরিক
আদর্যত্ত, কী সমারোহ, কী তার দব ব্যবস্থা। একেই বলে রাজসমানর।
সব-কিছু তৈরি হাতের কাছে। চাকর-বাকরকে সব শিথিয়ে-পড়িয়ে ঠিক
করে রাথা হয়েছিল, না চাইতেই সব জিনিদ কাছে এনে দেয়। পুতি-চাদরও
দেখি আমাদের জন্ম পাট-করা সব তৈরি, বাল্প আর খুলতেই হল না। তথন
ব্যক্ষ, মোটখাটের জন্ম আমাদের ব্যগ্রতা দেখে ওখানকার লোকগুলি কেন
হেসেছিল।

नाटिंदि रललन, रकाशीय चान कदार व्यवनमा, शुकूरत ?

আমি বললুম, না দাদা, সাঁতার-টাতার জানি নে, শেষ্টায় ডুবে মরব। তার উপর যে ঠাগু। জল, আমি ঘরেই চান করব। চান-টান দেরে ধুতি-পাঞ্জাবি পরে বেশ ঘোরাঘুরি করতে লাগলুম। আমরা ছোকরার দল, আমাদের তেমন কোনো কাজকর্ম ছিল না। রবিকাকাদের কথা আলাদা। খাওয়া-দাওয়া, ধুমধাম, গল্প-গুজৰ — রবিকাকা ছিলেন — গানবাজনাও জমত থুব। নাটোরও ছিলেন গানবাঞ্চনায় বিশেষ উৎসাহী। তিনিই ছিলেন রিদেপ্শন কমিটির প্রেসিডেণ্ট। কাজেই ভিনি দৰ ক্যাম্পে ঘূরে ঘুরে থবরা-থবর করতেন; মজার কিছু ঘটনা থাকলে আমাদের ক্যাম্পে এসে থবরটাও দিয়ে বেতেন। খুব জমেছিল আমাদের। রাজস্থথে আছি। ভোরবেলা বিছানায় ভয়ে, তথনো চোণ খুলি নি, চাকর এদে হাতে গড়গড়ার নল গুঁজে দিলে। কে কথন তামাক খায়, কে ছুপুরে এক বোতল দোডা, কে বিকেলে একট ভাবের জল, দব-কিছু নি"খুত ভাবে জেনে নিয়েছিল-- কোথাও বিন্মাত্র ক্রটি হবার জো নেই। খাওয়া-দাওয়ার তো কথাই নেই। ভিতর থেকে রানীমা নিজের হাতে পিঠে-পায়েদ করে পাঠাচ্ছেন। তার উপরে নাটোরের ব্যবস্থায় মাছ মাংস ডিম কিছুই ৰাদ ধায় নি, হালুইকর বলে গেছে বাড়িতেই, নানারকমের মিষ্টি করে দিচ্ছে এবেলা ভবেলা।

ভামি ঘুরে ঘুরে নাটোরের গ্রাম দেখতে লাগল্ম— কোথায় কী পুরোনো বাড়ি ঘর মন্দির। সদে সদে স্বেচ করে বাছি। অনেক স্বেচ করেছি সেবারে, এখনো সেগুলি আমার কাছে আছে। টাইদেরও অনেক স্বেচ করেছি; এখন সেগুলি দেখতে বেশ মঙা লাগবে। নাটোরেরও খুব আগ্রহ, সঙ্গে করে নিয়ে গেলেন একেবারে অন্দর্মহলে রানী ভবানীর ঘরে। সেথানে বেশ স্বন্দর স্বন্দর ইটের উপর নানা কাছ করা। ত্রঁর রাজতে যেখানে যা দেখবার জিনিস ঘুরে ঘুরে দেখাতে লাগলেন। আর আমি স্বেচ করে নিছি, নাটোর তো খুব খুশি। প্রায়ই এটা ওটা স্বেচ করে দেবার জ্ঞাক করমেশও করতে লাগলেন। তা ছাড়া আরো কত রক্ষের বেশ্বাল— শুধু আমি নয়, দলের যে যা খেয়াল করছে, নাটোর তংকগাও তা পূরণ করছেন। ছুতির চোটে আমার দব অন্তুত খেয়াল মাধায় আসত। একদিন খেতে খেতে বলল্ম, কী সন্দেশ খাওয়াছেন নাটোর, টেবিলে আনতে আনতে ঠাঙা হয়ে

ষাচ্ছে। গরম গরম সন্দেশ খাওয়ান দেখি। বেশ গরম গরম চায়ের সচ্চে গরম গরম সন্দেশ থাওয়া যাবে। শুনে টেবিলস্থল সবার হো-হো করে হাসি। ডক্ষুনি ছকুম হল, খাবার ঘরের দরজার সামনেই হালুইকর বসে গেল। গরফ গরম সন্দেশ তৈরি করে দেবে ঠিক খাবার সময়ে।

রাউও টেবিল কন্দারেন্স বসল। গোল হয়ে সবাই বসেছি। মেজোজ্যাঠামশায় প্রিসাইড করবেন। ন-পিদেমশাই জানকীনাথ ঘোষাল রিপোর্ট
লিথছেন আর কলম ঝাড়ছেন; তাঁর পাশে বসেছিলেন নাটোরের ছোটো
তরকের রাজা, মাথায় জরির তাজ, ঢাকাই মসলিনের চাপকান পরে।
ন-পিনেমশায় কালি ছিটিয়ে ছিটিয়ে তাঁর সেই সাজ কালো বৃটিয়ার করে
দিলেন।

আগে থেকেই ঠিক ছিল, রবিকাকা প্রস্তাব করলেন প্রোভিনিয়াল কন্কারেন্দ বাংলা ভাষায় হবে। আমরা ছোকরারা সবাই রবিকাকার দলে; আমরা বলনুম, নিশ্চয়ই, প্রোভিনিয়াল কন্কারেন্দে বাংলা ভাষায় স্থান হওয়া চাই। রবিকাকারে বলনুম, ছেড়ো না, আমরা শেব পর্যন্ত লড়ব এজন্ম। চেই নিয়ে আমাণের বাধল চাইদের সদ্দে। তাঁরা আর ঘাড় পাতেন না, ছোকরার দলের কথায় আমলই দেন না। তাঁরা বললেন, মেমন কংগ্রেদে হয় তেমনি এখানেও হবে সব-কিছুইংরেজিতে। অনেক ভকাভিক্রির পর তুটো দল হয়ে পেল। একদল বলবে বাংলাতে, একদল বলবে ইংরেজিতে। স্বাই মিলে গেলুম প্যাণ্ডেলে। বসেছি সব, কন্কারেন্দ আরম্ভ হবে। রবিকাকার গান ছিল, গান তো আর ইংরেজিতে হতে পারে না, বাংলা গানই হল। 'সোনার বাংলা' গানটা বোধ হয় সেই সময়ে গাওয়া হয়েছিল— রবিকাকাকে জিজ্ঞেদ করে জেনে নিয়ে।

এখন, প্রেসিডেন্ট উঠেছেন স্পীচ দিতে; ইংরেজিতে খেই-না মৃথ খোলা আমরা ছোকরারা যারা ছিলুম বাংলা ভাষার দলে সবাই একসঙ্গে ঠেচিয়ে উঠলুম— বাংলা, বাংলা। মৃথ আর খুলতেই দিই না কাউকে। ইংরেজিতে কথা আরম্ভ করলেই আমরা ঠেচাতে থাকি—বাংলা, বাংলা। মহা মৃশকিল, কেউ আর কিছু বলতে পারেন না। তবুও ওই টেচামেচির মধ্যেই ছ্-একজন ছ-একটা কথা বলতে চেটা করেছিলেন। লালমেহন ঘোষ ছিলেন থোরতর ইংরেজিতুরস্ত, তাঁর মতো ইংরেজিতে কেউ বলতে পারত না, ভিনি ছিলেন

পার্লামেন্টারি বজা- তিনি শেষটার উঠে বাংলার করলেন বজ্তা। কী স্থানর তিনি বলেছিলেন। বেখন পারতেন তিনি ইংরেজিতে বলতে তেমনি চমৎকার তিনি বাংলাতেও বক্তৃতা করলেন। আমাদের উলাদ দেখে কে, আমাদের তো জয়য়য়য়য়ার। কন্দারেন্সে বাংলাভাষা চলিত হল। সেই প্রথম আমরা পাবলিক্লি বাংলাভাষার জন্ম লড়নুম।

যাক, আমাদের তো জিত হল; এবারে প্যাণ্ডেলের বাইরে এসে একটু চা থাওয়া যাক। বাছিতে গিয়েই চা থাবার কথা, তবে ওথানেও চায়ের ব্যবহা কিছু ছিল। নাটোর বললেন, কিন্তু গরম গরম সন্দেশ আজ চায়ের সঙ্গে থাবার কথা আছে যে অবনদা। আমি বলল্ম, সে তো হবেই, এটা হল উপরি-পাওনা, এথানে একটু চা থেয়ে নিই তো আগে। এথনকার মতো তথন আমাদের খাও থাও বলতে হত না। হাতের কাছে থাবার এলেই ভলিয়ে দিতেয়।

চায়ের পেয়ালা হাতে নিয়ে এক চুমুক দিয়েছি কি, চার দিক থেকে তুপ্ত্প ছুপ্তৃপ শল। ও কীরে বাবা, কামান-টামান কে ছুঁড়ছে, বোমা নাকি! না বাজি পোড়াছে কেউ। হাতি থেপল না তো?

ওমা, আবার ত্লতে যে দেখি সব— পেয়ালা হাতে যে যার ডাইনে বাঁয়ে ছলছে, পাওেল ছলছে। বছরমপুরের বৈক্ঠবাবৃ— তিনি ছিলেন খুব গলে, আতি চমৎকার মাহ্য— ডাড়াডাড়ি তিনি প্যাওেলের দড়ি ছ হাতে ছটো ধরে ফেললেন। দড়ি ধরে তিনিও ছলছেন। কী হল, চার দিকে হরিবোল হরিবোল শস্ব। ভূমিকম্প হচ্ছে। যে যেখানে ছিল ছুটে বাইরে এল, ছল্মুল্ ব্যাপার— শাঁথ-ঘন্টা আর হরিবোল হরিবোল ধ্বনিতে একটা কোলাহল বাধল, সেই শুনে বুক দমে গেল। কাঁপুনি আর থামে না, থেকে থেকে কাঁপ্ডেই কেবল ম

কিছুক্ষণ কটিল এমনি। এবারে সব বাড়ি খেতে হবে। রান্তার মাঝখানে হঠাৎ একটা চত্তড়া ফাটল। এই বারান্দাটার মতো চত্তড়া বেন একটা খাল চলে গেছে। অনেকে লাফিয়ে লাফিয়ে পার হলেন, আমি আর লাফিয়ে খেতে সাহস পাই নে। ফাটলের ভিতর থেকে তথনো গরম ধেঁায়া উঠছে। ভন্ত হয় যদি পড়ে যাই কোথায় যে গিয়ে ঠেকব কে জানে। স্বাই মিলে ব্রাধরি করে কোনো রকমে তো ও গারে টেনে তুললে আমাকে। এগোছি

আতে আতে। আত চৌধুরী ছিলেন আমাদের দলেরই লোক, বড়ো নার্ভাস, তিনি হাঁপাতে হাঁপাতে এসে হাত-পা নেড়ে বললেন, ওদিকে যাচ্ছ কোথায়। টেরিবল্ বিজ্নেস, একেবারে দ' পড়েছে সামনে।

আমি বললুম, দ'কী।

তিনি বললেন, আমি দেখে এলুম নদী উপছে এগিয়ে আসছে।

আমি বলনুম, দূর হোকগে ছাই! ভাবনুম কান্ন নেই বাড়ি গিয়ে, চলো সব রেল-লাইনের নিকে, উচু আছে, ডুববে না জলে।

চলতে চলতে এই-দব বলাবলি করছি, এমন সময় লোকজন এশে থবর দিলে, চলুন রাজবাড়ির দিকে, ভন্ন নেই কিছু।

রাস্তায় আসতে আসতে দেখি কত বাড়িঘর ভেঙে ধৃলিসাৎ হয়েছে।
পুকুরপাড়ে বড়ো স্থলর পুরোনো একটি মন্দির ছিল, কী স্থলর কাফকাজ-করা।
নাটোরের বড়ো শথ ছিল দেই মন্দিরটির একটি স্কেচ করে দিই; বলেছিলেন,
অবনদা, এটা তোমাকে করে দিতেই হবে। আমি বলেছিলুম, নিশ্চরই, আজ
বিকেলেই এই মন্দিরটির একটি স্কেচ করব। পথে দেখি সেই মন্দিরটির কেবল
চুড়োটুকু ঠিক আছে, আর বাদবাকি সব গুঁড়িয়ে গেছে। মন্দিরটির উপরে
চুড়োটুকু তাঁটভাঙা কাফকার্থ-করা রাজছত্ত্রের মতো পড়ে আছে। নাটোরের
বৈঠকথানা ভেঙে একেবারে তচ্নচ্। আহা, এমন স্থলর করে সাজিয়েছিলেন
তিনি। ঝাড়লঠন ফুলদানি সব গুঁড়ো গুঁড়ো ঘরময় ছড়াছড়ি। রাজবাড়ির
ভিতরে থবর গেছে আমরা সব প্যাণ্ডেল চাপা পড়েছি, রানীমা কারাকাটি জুড়ে
দিয়েছেন। তাঁকে অনেক ব্রিয়ে ঠাগু করা হয় বে আমরা কেউ চাপা পড়ি
নি, সবাই সশরীরে বেঁচে আছি।

কোথায় গেল গরম সন্দেশ থাওয়া। সেই রাত্রে বাইজীর নাচ হবার কথা ছিল। নাটোর বলেছিলেন এথানে নাচ দেখে ঘেতে হবে— সব জোগাড়যন্তোর করা হয়েছিল। চুলোয় যাকগে নাচ, বৈঠকথানা তো ভেঙে চুরমার।

চার দিকে যেন একটা প্রলয়কাণ্ড হয়ে গেছে। সব উৎদাহ আমাদের কোণায় চলে গেল। কলকাতায় মা আর স্বাই আমাদের জন্ম ভেবে অন্থির, আমরাথ করি তাঁদের জন্ম ভাবনা। অথচ চলে আস্বার উপায় নেই; রেসলাইন ভেঙে গেছে, নদীর উপরের বিজ প্রার্বে অবস্থায়, টেলিগ্রান্দের শাইন নই। তবু কী ভাগিাস আমাদের একটি তার কী করে মার কাছে এমে পৌচেছিল, 'আমরা দব ভালো'। আমরাও তাঁদের একটিমাত্র তার পেলুফ ধে তাঁরাও স্বাই ভালো আছেন। আর-কারো কোনো থবরা-থবর করবার বা নেবার উপায় নেই। কী করি, চলে আস্বার যথন উপায় নেই থাকতেই হচ্ছে ওখানে। নাটোরকে বললুম, কিন্তু তোমার বৈঠকথানা-ঘরে আর চুকছি না। রবিকাকারও দেখি তাই মত, পাকা ছাদের নীচে ঘুমোবার পক্ষপাতী নন। তথনো পাঁচ মিনিট বাদে বাদে দব কেঁপে উঠছে। কথন বাড়িঘর ভেঙে পড়ে ঘাড়ে, মরি আর কি চাপা পড়ে। বললুম, অন্ত কোথাও বাইরে জায়গা করো।

নাটোরের একটা কাছারি বাংলো ছিল একটু দূরে, বেশ বড়োই। ভিতরে চূকে আগে দেখলুম ছাণটা কিসের—দেখি, না, ভয়ের কিছু নেই, ছাণটি খড়ের, নীচে ক্যান্ভাদের চাঁদোয়া দেওয়া। ভাবলুম যদি চাপা পড়ি, না-হয় ক্যান্ভাদ ছিঁড়েফুঁড়ে বের হতে পারব কোনোরকমে। ঠিক হল সেখানেই থাকব, ব্যবস্থাও হয়ে গেল। খাবার জায়গা হল গাড়িবারানার নীচে। তেমন কিছু হয় তো চটু করে বাগানে বেরিয়ে পড়া যাবে সহজেই।

মেজোজ্যাঠামশার অভ্নত লোক'। তিনি কিছুতেই মানলেন না; তিনি বললেন, আমি ওই আমার ঘরেতেই থাকব, আমি কোথাও যাব না। নাটোর পড়লেন মহা বিপদে। এখন কিছু একটা ঘটে গেলে উপায় কী। মেজোজ্যাঠামশায় কিছুতেই কিছু ভনলেন না; শেবে কী করা যায়, নাটোর হকুম দিলেন ছ-সাতজন লোক দিনরাত ওঁর ঘরের সামনে পাহারা দেবে। তেমন তেমন দেখলে যেমন করে হোক মেজোজাাঠামশায়কে পাজাকোলা করে বাইকে আনবে। নয় তো তাদের আরু যাতে যাথা থাকবে না।

চলতে লাগল সেই দিনটা এখনি করেই। এখন, মুশকিল হচ্ছে চানের ঘর নিয়ে। চানের ঘরে চুকে লোকে চান করছে এমন দময়ে হয়তো আবার কাঁপুনি শুক্ত হল; তাড়াতাড়ি গামছা পরে যে যে-অবস্থায় আছে বেরিক্ষে আসেন। এ এক বিভাট। চানের ঘরে কেউ আর চুকতে পারেন না।

দীপুদার একদিন কী হয়েছিল শোনো। কাঁপুনি ত্রুক হয়েছে, তিনি ছিলেন একতলার ঘরে, জানলা দিয়ে বাইরে এক লাকে বেরিয়ে এলেন। ওই তো মোটা শরীর, নীচে ছিল কতকগুলি সোভার বোতল, পড়লেন তারই উপরে। ভাগ্যিদ দেগুলি থালি ছিল নয়তো ফেটেফুটে কী একটা ব্যাপার হত সেদিন। এমনিতরো এক-একটা কাণ্ড হতে লাগল।

ভূমিকম্পের পরিদিন আমরা কয়েকজন মিলে এক জায়গায় বদে গল্প করিছি, এমন সময়ে আমাদেরই বয়দী একজন ভলেটিয়ার দেখি চেঁচাতে চেঁচাতে আদছে, ও মশাই, দেখুনদে। ও মশাই, দেখুনদে।

কী ব্যাপার।

বিলেত-ফেরত সাহেব টাইরা গামছা পরে পুক্রে নেবেছেন। ভূমিকপের ভরে কেউ আর চানের ঘরে চুকে আরাম করে চান করতে ভরদা পান না, কথন হঠাৎ আবার কাঁপুনি শুফ হবে। কয়েকজন দৌড়ে দেখতে গেল, আমরা আর গেলুম না। একটা হাসাহাসির ধুম পড়ে গেল। সাহেবি সাজ মুচল চাঁইদের এখানে এদে। আমাদের ভারি মজা লাগল।

পরদিন থবর পাওয়া গেল, একথানি টেস্ট ট্রেন যাবে কাল। তাতে 'রিস্ক্' আছে। ট্রেন নদীর এ পারে আসবে না, নদী পেরিয়ে ও পারে ট্রেন ধরতে হবে। আমরা সবাই বাবার জন্ম বাত ছিলুম। রবিকাকাও ব্যস্ত হয়ে পড়েছিলেন, বাড়ির জন্ম ওরকম ভাবতে ভাঁকে কথনো দেখি নি— মুথে কিছু বলতেন না অবক্স, তবে থবর পাওয়া গিয়েছিল কলকাতায় বাড়ি ত্-এক জায়গায় ধরে গেছে, তাই সবার জন্মে ভাবনায় ছিলেন থ্ব। আমরাও ভাবছিল্ম, তবে জানি মা আছেন বাড়িতে, কাজেই ভয়ের কোনো কারণ নেই। অন্যাও যাবার জন্মে উদ্গ্রীব হয়ে উঠলেন।

ঘোড়ার গাড়ি একথানি পাওয়া গেল, ঠিকেগাড়ি। তাতে করেই আগতে হবে আমাদের নদীর বিজের কাছ পর্যন্ত। আমরা কয়জন এক গাড়িতে ঠেলাঠেদি করে; দীপুলা উঠে বদলেন ভিতরে, ব্যাপার দেখে আমি একেবারে কোচ-বল্লে চড়ে বদলুম। যাক, সকলে তো নদীতে এসে পৌছলুম। এখন নদী পার হতে হবে। ত্ রকমে নদী পার হওয়া যায়। এক হচ্ছে রেলওয়ে বিজের উপর দিয়ে; আর হচ্ছে, নদীতে জল বেশি ছিল না, হেঁটেই এ পারে চলে আদা। বিজ্বটা ভূমিকম্পে একেবারে ভেঙে পড়ে যায় নি অবশ্রু; কিন্তু লায়গায় জায়গায় একেবারে ঝুর্ঝুরে হয়ে গেছে, তার উপর দিয়ে হেঁটে যাবার ৬য়া হয় না। আমরা ঠিক করলুম হেঁটেই নদী পার হয়। রবিকাকারও ডাই ইচ্ছে। টাইরা ঘাড় বেঁকিয়ে রইলেন— তারা ওই বিজের উপর দিয়েই আাগবেন। আমরা তো জুতো খুলে বগলদাবা করে, পাছামা হাঁটু অবধি

টেনে তুলে বাণ্ বাণ্ করে নদী পেরিয়ে ও পারে উঠে গেল্ম। ও পারে গিয়ে দেখি চাঁইরা তথন ত্-এক পা করে এগোচ্ছেন বিজের উপর দিয়ে। রেলগাড়ি মার ধে বিজের উপর দিয়ে তা দেখেছ তো? একখানা করে কাঠ আর মাঝখানে থানিকটা করে ফাঁক। বার্বারে বিজে, তার পরে ওই রকম থেকে থেকে ফাঁক— পা কোথায় ফেলতে কোথায় পড়বে। চাঁইরা তো ত্-পা এগিয়েই পিছোতে শুরু করলেন। বিজের যা অবস্থা আর এগোতে সাহদ হল না তাঁদের। ঘেই-না চাঁইরা পিছন ফিরলেন, আমাদের এ পারে রব উঠল— প্রেছে, ঘ্রেছে। আরে কা ঘ্রেছে, কে ঘ্রেছে। সবাই ফিদফাদ করছি— চাঁইরা ঘ্রেছে, ঘ্রেছে, ঘ্রেছে। মহামুতি আমাদের। তার পর আর কী, দেখি আন্তে ভারা নদীর দিকে নেমে আসছেন। সাহেবি সাজ তো আগেই ঘুচেছিল, এবার সাহেবিয়ানা ঘুচল। জুতোমোজা খুলে পাণ্ট লুন্ব টেনে তুলতে তুলতে চাঁইরা নদী পার হলেন।

আমরা ঠিক করলুম টেনের প্রথম কামরাটা নিতে হবে আমাদের দথলে। রবিকাকাকে নিয়ে আমরা আর্গে আগে এগিয়ে চললুম। প্রথম কামরায় আমরা বন্ধুবান্ধবরা মিলে যে যার বিছানা পেতে জায়গা জুড়ে নিলুম। দীপুদা হু বেঞ্চের মায়থানে নীচে বিছানা করে হাত-পা ছড়িয়ে লম্বা হয়ে তয়ে পড়ালেন। রবিকাকাও বেঞ্চের এক পাশে বদে কাউকে ওঠানামা করতে দিছেন না পাছে জায়গা বেদগল হয়ে যায়। বৈকুঠবাবু ছিলেন থুব গয়ে মায়্ম তা আগেই বলেছি, তাঁকে নিলুম ডেকে আমাদের কামরায়— বেশ গয় ভনতে ভনতে যাওয়া যাবে। চাঁইদের জন্ম করে আমরা তো খুব খুশি। রবিকাকাও য়ে মনে মনে ওলের উপর চটেছিলেন মুবে কিছুনা বললেও টের পেলুম তা। একজন পাড়াগোঁয়ে সাহেব, রবিকাকার বিশেষ বন্ধু ছিলেন তিনি, খুব চালের মাথায় ঘোরাঘুরি করছেন আর মুথ বেঁকিয়ে বাঁকা ইংরেজিতে থেঁাজ নিছিলেন আমাণের কামরায় জায়গা আছে কি না। রবিকাকা মেন চিনতে পারেন নি এমনি ভাব করে চুপ করে বনে রইলেন। দীপুদা ভয়ে ছিলেন—পিট্পিট্ করে তাকিয়ে দেখে নিলেন কে কুথা কইছে। দেখেই তিনি বলে উঠলেন, আরে, তুই কোখেকে। অমুক জায়গার অমুক না তুই।

আর যায় কোথায়— কোথায় গেল তাঁর চাল, কোথায় গেল তাঁর সাহেবিয়ানা, ধরা পড়ে যেন চুপনে এডটুকু হয়ে গেলেন। তথন রবিকাকাও বলনেন, ও তুমি অনুক, আমি চিনতেই পারি মি তোমাকে।

বেচারি পাড়াগেঁয়ে দাহেবটি কাঁচুমাচু হয়ে যায় আর কি।

ট্রেন ছাড়ল, গল্পগুলবে মশগুল হয়ে মহা আনন্দে দ্বাই বাড়ি ফিরে এল্ম। এইভাবে আমাদের বাংলা ভাষার বিজয়ধাত্রা আমরা শেষ করলুম।

· b

শুইবারে হিন্দুমেলার গল্প বলি শোনো। একটা স্থাশনাল স্পিরিট কী করে তথন জেগছিল জানি নে, কিন্ধ চার দিকেই স্থাশনাল ভাবের চেউ উঠেছিল। এটা হচ্ছে আমার জ্যাঠামশায়দের আমলের, বাবামশায় তথন ছোটো। নবগোপাল মিত্তির আদতেন, দ্বাই বলতেন স্থাশনাল নবগোপাল, তিনিই দর্বপ্রথম স্থাশনাল কথাটার প্রচলন করেন। তিনিই টাদা তুলে 'হিন্দুমেলা' শুক করেন। তথনো স্থাশনাল কথাটার চল হয় নি। হিন্দুমেলা হবে, মেজোজাাঠামশায় গান তৈবি করলেন—

মিলে সবে ভারতসন্তান একতান মনপ্রাণ, গাও ভারতের যশোগান।

এই হল তথনকার জাতীয় সংগীত। স্থার-একটা গান গাওয়া হত দে গানটি তৈরি করেছিলেন বড়োজাঠামশায়—

> মলিন মুখচন্দ্রমা ভারতঃ ভোমারি— রাত্রিদিবা ঝরে লোচনবারি।

এই গানটি বোধহয় রবিকাকাই গেয়েছিলেন হিন্দেলাতে। এই হল আমাদের আমাদের স্বাল হবার পূর্বেকার স্বর; বেন প্রেণিয় হবার আগে ভোরের পাথি ভেকে উঠল। আমরাও ছেলেবেলায় এই-স্ব গান থব গাইজুম।

বড়োজাঠামশায়ের তথনকার দিনের লেখা চিঠিতে দেখেছি, এই নবগোণাল মিজিরের কথা। তিনিই উত্তোগ করে হিন্দুমেলা করেন। গুপ্তরুন্দাবনের বাগানে হিন্দুমেলা হত। নামটা অঙ্কুত, শুনে খোঁজ করে জানলুম, বাগানটার নামে একটা মজার গল্প চলিত আছে।

পূর্বকালে পাথ্রেঘাটার ঠাকুর-বংশেরই একজন কেউ ছিলেন বাগানের

মালিক। প্রায় শতাধিক বছর আগেকার কথা। মা তাঁর বৃড়ি হয়ে গেছেন, বৃড়ি মার শথ হল, একদিন ছেলেকে বললেন, বাবা, বৃন্দাবন দেখব। আমাকে বৃন্দাবন দেখালি নে!

ছেলে পড়লেন মহা ফাঁপরে— এই বৃড়ি মা, বৃন্ধাবনে যাওয়া তো কম কথা নয়, যেতে যেতে পথেই তো কেই পাবেন। তথনকার দিনে লোকে উইল করে বৃন্ধাবনে যেত। আর যাওয়া আদা, ও কি কম সময় আর হালামার কথা, যেতে আদতে ত্-তিন মাদের ধাকা। তা, ছেলে আর কী করেন, মার শথ হয়েছে বৃন্ধাবন দেথবার; বললেন, আছো মা, হবে। বুন্ধাবন তুমি দেখবে।

ছেলে করলেন কী এখন, লোকজন পাঠিয়ে পাণ্ডা পুকত আনিয়ে সেই
বাগানটিকে বুলাবন সাজালেন। এক-একটা পুকুরকে এক-একটা কুণ্ড
বানালেন, কোনোটা রাধাকুণ্ড, কোনোটা খ্যামকুণ্ড, কদমগাছের নাঁচে বেদী
বাঁধলেন। পাণ্ডা বোষ্টম বোষ্টমী ঘারপাল, মায় শুকশারী, নানা রকম
হরবোলা পাথি সব ছাড়া গাছে গাছে, ও দিকে আড়াল থেকে বছরপী নানা
পাথির ডাক ডাকছে, সব যেখানে যা দরকার। যেন একটা ফ্টেজ সাজানো
হল তেমনি করে সব সাজিয়ে, বুলাবন বানিয়ে, মাকে তো নিয়ে এলেন সেখানে
পান্ধি বেহারা দিয়ে।

বৃদ্ধি মা তো খ্ব খুলি বৃদ্ধাবন দেখে। সব কুণ্ডে আন করলেন, কদমগাছ দেখিয়ে ছেলে মাকে বললেন, এই সেই কেলিকদম্ব যে-গাছের নীচে ক্ষণ বাঁশি বাজাতেন। এই গিরিগোবর্ধন। এই কেশীঘাট। রাথাল-বালক সাজিয়ে রাখা হয়েছিল, তাদের দেগিয়ে বললেন, ওই সব রাথাল-বালক গোল চরাছে। এটা ওই, ওটা ওই। বোইম-বোইমীদের গান, ঠাকুরদেবতার মৃতি, এ-সব দেখে বৃদ্রির তো আনন্দ আর ধরে না। টাকাকিড়ি দিয়ে জায়গায় জায়গায় পেরাম করছেন, ওদেরই লোকজন সব সেজেগুল্পে ব্দে ছিল, তাদেরই লাভ।

বৃন্দাবন দেখা হল, যাবার সময় হল। বৃ্ছি বললেন, আচ্ছা বারা, শুনেছি বৃন্দাবন এক মান যেতে লাগে, এক মান আদতে লাগে, তবে আমাকে তোমরা। এত তাড়াতাড়ি কী করে নিয়ে এলে।

ছেলে বললেন, ও-সব ব্যবস্থা করা ছিল মা, সব ব্যবস্থা করা ছিল। পঁচিশ-পঁচিশটে বেয়ারা লাগিয়ে দিলুম পাত্মিতে, হু হু করে নিম্নে এল তোমাকে। এ কী আর যে-সে লোকের আসা। বুড়ি বললেন, তা বাবা, বেশ। তবে বৃন্দাবনে তো শুনেছি এ-রকম বাঞ্চি ঝাড়লঠন নেই। এ-বাড়ি তো আমাদের বাড়ির মতো।

ছেলে বললেন, এ'হচ্ছে মা, গুপ্তগুলাবন। দে ছিল পুরোনো কালের কথা, সে বুলাবন কী আর এখন আছে, সে লুকিয়েছে।

বৃড়ি তো খুণিতে ফেটে পড়েন, ছেলেকে ছ-হাত তুলে আশীবাদ করতে করতে বাড়ি ফিরে এদে কেই পেলেন। সেই থেকে সেই বাগানের নামকরণ হল গুপ্তবন্দাবন।

সেই গুপ্তর্কাবনে হিন্দেলা, আমরা তথন খ্ব ছোটো। ফি বছরে বদস্তকালে মেলা হয়। যাবতীয় দেশী জিনিদ তাতে থাকত। শেষ বেবার আমরা দেখতে গিয়েছিল্ম এখনো স্পষ্ট মনে পড়ে— বাগানময় মাটির মৃতি দাজিয়ে রাথত; এক-একটি ছোট্ট টাদোয়া টাঙিয়ে বড়ো বড়ো মাটির পুতুল তৈরি করে কোনোটাতে দশরথের মৃত্যু, কৌশলা। বসে কাঁদছেন, এই-রকম পোরাণিক নানা গল্প মাটির পুতুল দিয়ে গড়ে বাগানময় দাজানো হত। কী স্থন্দর তাদের সাজাত, মনে হত যেন জীবস্ত। পুকুরেও নানা রকম ব্যাপার। কোনো পুকুরে জীমন্ত দওদাগরের নৌকো, দওদাগর চলেছেন বাণিজ্যে ময়র্বাজান করে, মাঝিমালা নিয়ে। নৌকোটা আবার চলতও মাঝে মাঝে। কোনো পুকুরে কালীয়-দমন। একটা পুকুরে ছিল— সে যে কী করে দশুব হল ভেবেও পাই নে— জল থেকে কমলে কামিনী উঠছে, একটা হাতি গিলছে আর ওগরাছে। দে ভারি মজার ব্যাপার। পুতুল-হাতির ওই ওঠানামা দেখে দকলে অবাক। তা ছাড়া কৃত্তি হত, রায়বেঁণে নাচ হত, বাশবাজি থেলা, আরো কত কী। তাদের আবার প্রাইজ দেওয়া হত।

এই ভো গেল বাইরের ব্যাপার। ঘরের ভিতরেও নানা দেশের নানা জিনিসের এক্জিবিশন— ছবি, থেলনা, শোলার কাজ, শাড়ি, গয়না। মোট কথা, দেশের যা-কিছু জিনিস সবই দেখানে দেখানো হত। সদ্ধেবেলা নানা রকম বৈঠক বসত— কথকতা নাচগান আমোদ-আহ্লাদ সবই চলত। রামলাল চাকর আমাদের ঘরে ঘরে দেখিয়ে নিয়ে বেড়াত। একটা দিল্লির মিনিয়েচার ছিল গোল কাঁচের মধ্যে, এত লোভ হয়েছিল আমার সেটার জন্ম। বেশি দাম বলে কেউ দিলে না কিনে, ত্-চারটা থেলনা দিয়েই ভ্লিয়ে দিলে। কিন্তু আমি কি আর ভলি। কী স্থলর ছিল জিনিয়টি, এখনো আমার মনে পড়ে।

আমরা দাঁড়িয়ে দেখছি বারানা থেকে গাছের সদে একটা মোটা দৃড়ি বাঁধা হরেছে। বল্ডুইন সাহেব, আমরা বলতুম রণ্ডিন সাহেব, দড়ার উপর দিয়ে পায়ে হেঁটে গোলেন; একটা ঢাকার মতে। কী যেন তাও গা দিয়ে ঠেলে ঠেলে গড়িয়ে নিলেন। ঢার দিকে বাহবা রব।

বাঁশবাজির বেদেনী ছিল কয়েকজন মেলাতে; তারা বললে, ও আর কী বাহাত্বরি। ঝাঁদ্ধকাটা জ্তো পরে দড়ার উপর দিয়ে হেঁটে যাওয়া তো সহজ। আমরা থালি পায়ে হাঁটতে পারি। এই বলে বেদেনীরা কয়েকজন পায়ের নীচে গোরুর নিও বেঁদে দেই দড়ার উপর দিয়ে হেঁটে নেচে স্বাইকে তাক্ লাগিয়ে দিলে। কোথায় গেল তার কাছে রভিন সাহেবের রোপ-ওয়াকিং।

এই-সব দেখতে দেখতে তন্মর হয়ে গেছি, এমন মময় চারি দিকে মার-মার মার-মার হৈ-হৈ পালা-পালা রব। যে যেদিকে পারছে কেউ পাঁচিল টপকে কেউ রেলিং বেয়ে ফটকের নীচে গলিয়ে ছুটছে, পালাছে। আময়া ছেলেমাছয়, কিছু ব্রিমা কী ব্যাপার, হকচকিয়ে গেল্ম। রামলাল আমাদের হাত ধরে টানতে টানতে দৌড়ে ফটকের কাছে নিয়ে গেল। ফটক বন্ধ, লোহার গরাদ দেওয়া, খোলা শক্ত। তথনো চার দিকে হড়োছড়ি ব্যাপার চলছে। দলে ছিলেন কেদার মজুমদার— ছোটোদিদিমার ভাই, আময়া বলতুম কেদারদা— আয় ফটকের ওপারে ছিলেন আমবাব্, জ্যোভিকাকামশায়ের শ্বর। অসম্ভব শক্তিছিল তাঁদের গায়ে। কেদারদা ছু-হাতে আমাদের ধরে এক এক এটকায় একেবারে ফটক টপকে ও ধারে আমবাব্র কাছে জিম্মে করে দিছেন।

স্বর্ণবাস ছিল সেকালের প্রাসিদ্ধ বালিজী, তারই জন্ম কী একটা হান্দামার স্ক্রেপাত হয়।

সেই আমাদের হিন্দুমেলাতে শেব বাওয়া। তার পরও কিছুকাল অবধি হিন্দুমেলা হয়েছে, কিন্ধু আমাদের আর বেতে দেওয়া হয় নি। হিন্দুমেলা, সে প্রকাপ্ত ব্যাপার তথনকার দিনে। তার অনেক পরে হিন্দুমেলারই আভাস দিয়ে মোহন-মেলা, কংগ্রেসমেলা, এ মেলা সে মেলা হয়, কিন্ধু অতবড়ো নয়। হিন্দুমেলার উদ্দেশ্যই ছিল ভারতপ্রীতি ও আজকাল তোমাদের যে কথা হয়েছে য়ষ্ট — দেই য়ষ্টর উপর তার প্রতিঠা ছিল। কিন্ধু বাঙালির মা বরাবর হয়, শেষ্টায় মারামারি করে য়ষ্ট কেষ্ট পায়, হিন্দুমেলারও তাই হল।

নব্যুগের গোড়াপত্তন করলেন নবগোপাল মিতির। চার দিকে ভারত,

ভারত—'ভারতী' কাগজ বের হল। বন্ধ বলে কথা ছিল না তথন। ভারতীয় ভাবের উৎপত্তি হল ওই তথন থেকেই, তথন থেকেই সবাই ভারত নিয়ে ভাবতে শিখনে।

তার পর অনেক কাল পরে, বাবামশায় তথন মারা গেছেন, নবগোপাল মিত্তিরের বৃদ্ধ অবস্থা, তথনো তাঁর শথ একটা-কিছু গ্রাশনাল করতে হবে। আমরা তথন বেশ বড়ো হয়েছি, একদিন নবগোপাল মিত্তির এদে উপস্থিত: বললেন, একটা কাণ্ড করেছি, দেশী দার্কাগ পার্টি খুলেছি। ও ব্যাটারাই দার্কাগ দেখাতে পারে, আর আমরা পারি নে, তোমাদের যেতে হবে।

আমি বললুম, দে কী কথা, দেশী সার্কাদ পার্টি! মেম যে ঘোড়ার পিঠে নাচে, দে কোথায় পাবেন আপনি ?

তিনি বললেন, হাা, আমি দব জোগাড়-যন্তোর করেছি, শিথিয়েছি, তৈরি করেছি কেমন দব দেখবে'খন।

গোলুম আমরা নবগোপাল মিন্তিরের দেশী দার্কাদ পার্টিতে। না গিয়ে পারি ? একটা গলিজ জায়গা; গিয়ে দেখি ছোট্ট একথানা তাঁবু কেলেছে, কয়েকথানা ভাঙা বেঞ্চি ভিতরে, আমরা ও আরো কয়েকজন জানাশোনা ভস্তলোক বলেছি। দার্কাদ শুক্ত হল। টুকিটাকি ত্রটা-একটা থেলার পর শেষ হবে ঘোড়ার থেলা দেখিয়ে। দেশী মেয়ে ঘোড়ার থেলা দেখাবে। দেখি কোথেকে একটা ঘোড়া হাড়গোড়-বের-করা ধরে আনা হয়েছে, মেয়ও একটি ভোগাড় হয়েছে, সেই মেয়েক দার্কাদের মেমদের মতো টাইট পরিয়ে সাজানো হয়েছে। দেশী মেয়ে ঘোড়ায় চেপে তো থানিক দৌড়ঝাঁপ করে থেলা শেষ কয়লে। এই হল দেশী সার্কাদ।

নবগোপাল মিত্তির ওই পর্যন্ত করলেন, দেশী সার্কাদ খুলে দেশী মেয়েকে
দিয়ে ঘোড়ার খেলা দেখালেন। কোথায় হিন্দুমেলা আর কোথায় দেশী
সার্কাদ। সারা জীবন এই দেশী দেশী করেই গেলেন, নিজের যা-কিছু
টাকাকাঞ্জি সব ওইতেই খুইয়ে শেষে ভিক্ষেশিক্ষে করে সার্কাদ দেখিয়ের
গেলেন।

সেই শ্রোত চলল। তার অনেক দিন পরে এলেন রামবারু। তাঁরও নবগোপাল মিভিরের মডোই গ্রাশনাল ধাত ছিল। তিনি এসে বললেন, বেলুনে উড়ব, ওরাই কেবল পারে আর আমবা পারব না? ভার আগেই পোলার দাহেব, মন্ত বেলুনবাজ, বেলুন দেখিয়ে নাম করে গেছেন।

গোপাল মুখুজের হলেতে থান থান ভসর গরদ কেটে বেল্ন তৈরি হল, একদিন তিনি উড়লেনও সেই বাঁধা বেল্নে; তার আবার পান্টা জবাব দিলে সাহেবরা খোলা বেল্নে উড়ে। রামবাব্র রোধ চেপে গেল; তিনি বললেন, আমিও উড়ব খোলা বেল্নে, প্যারাস্থট দিয়ে নামব।

আবার দেই গোপাল মৃথ্জের হলেই প্যারাস্থট বেলুন তৈরি হল। গোপাল মৃথ্জের অনেক টাকা খরচ হয়েছিল এই-সব করতে। নারকেলভাঙার বেখানে গ্যাদ তৈরি হয় দেখান থেকে বেলুন ছাড়া হবে, আমরা অনেকেই দেখানে জড়ো হয়েছি। প্রথম বাঙালি বেলুনে উড়ে প্যারাষ্ট দিয়ে নামবে, আমাদের মহা উৎসাহ। সব ঠিকঠাক, বেলুন তো উড়ল, তথনো বাঁধা আছে দড়ির সঙ্গে, কথা ছিল রামবাবু কমাল নাড়লে দড়ি কেটে দেওয়া হবে। খানিকটা উঠে রামবাবু কমাল নাড়লেন, অমনি খটাদ করে দড়ি কেটে দেওয়া হল। বেলুন উপরে উঠছে তো উঠছেই। দেখতে দেখতে বেলুন একেবারে বুঁদ হয়ে গেল। আমরা তো সব গুরু হয়ে দাড়িয়ে আছি, ভাবছি এখনো রামবাবু লাফিয়ে পড়ছেন না কেন। লাখো সাহেবও ছিলেন সেই ভিড়ে— মন্ত সারেন্ডিন্ট— তিনি বললেন আর নামতে পারবেন না রামবাবু, একেবারে কোল্ড ওয়েডের মধ্যে চলে গেছেন, সেখান থেকে জীবন্ত অবস্থাম কিরে আদা সম্ভব নয়।

আমাদের তো স্বার মৃথ চুন। গোপাল মৃথ্ছের টাকা গেল, বেলুন গেল, আবার রামবাবুও গেলেন দেখছি।

ত্রবীন লাগিয়ে দেখভি; দেখতে দেখতে এক সময়ে দেখলুম, রামবাবু ঘেন লাকিয়ে পড়লেন বেলুন থেকে। বেলুন তো আরো উপরে উঠে গেল, আর রামবাবু লাফিয়ে পড়ে পাক খেতে লাগলেন কেবলই, প্যারাস্থট আর খোলে না। আমরা ভাবছি গেল রে, মব গেল এইবার। শৃত্তে পাক খাওয়া মানে ব্যতেই পারো, এক-একবারে পঞাশ-ঘট হাত নেমে আসছেন। এই রকম ত্র-তিনবার পাক খাবার পর প্যারাস্থট খুলল। আমরা দব আনন্দে হাতভালি দিয়ে কমাল উভিয়ে টুপি উভিয়ে ত্হাত তুলে নাচছি— জয় রামবাবৃকী জয়, জয় রামবাবৃকী জয়। সে যা শোভা আমাদের তথন, যদি

বদেখতে হেনে বাঁচতে না। ছপুর রোদ্ছরে ছ-হাত তুলে স্বার নৃত্য । রবিকাকা ছিলেন না দেখানে, তিনি বোধ হয় সে সময়ে অন্ত কোথাও ছিলেন। যাক, আন্তে আন্তে প্যারাস্কট তো নামল। আমরা দৌড়ে গিয়ে রামবাবৃকে ধরে নামিয়ে হাওয়া করে শরবত-টরবত খাইয়ে স্থাহির করি। পরে জিজ্ঞেদ করল্ম, আচ্ছা, বেলুন থেকে লাফিয়ে পড়তে এত দেরি করলেন কেন, ব্রাতে পারেন নি বৃঝি ?

তিনি বললেন, আরে না না, ও-সব না। ব্রতে ঠিকই পেরেছিল্ম, কিন্তু যত বারই লাফিয়ে পড়বার জন্ম দড়ি ধরতে যাই মনের ভিতর কেমন যেন করে ওঠে, হাত সরিয়ে নিই। তার পরে যথন দেখল্ম বেল্ন উঠতে উঠতে এত উপরে উঠে গেছে যে আর কিছুই প্রায় দেখা যায় না তথন সাহসে ভর করে 'জয় মা' বলে লাফিয়ে পড়ল্ম।

যাক, দেশী লোকের থোলা বেলুনে ওড়াও হল, প্যারাস্ট দিয়ে নামাও হল।

এবারে রামবাব্ বললেন, বাঘের সঙ্গে লড়াই করতে হবে। নবগোপালবাব্ বা পারেন নি সেইটে তিনি করলেন। রামবাব্ বললেন, ও-সব নয়, আমি ব্রেয়ল বেম্মল টাইগারের সঙ্গে লড়াই করব।

কোখেকে একটা কেঁদে। বাঘ জোগাড় করে একদিন খেলা দেখালেন শাথুরেঘাটার রাজবাড়িতে। রামবাবু বললেন, সাহেব বেটারা আর কী খেলা দেখার বাঘের, ছু পাশে ছুটো বন্দুক নিয়ে লোহার থাঁচার ভিতরে। আমি দেখার খেলা ভঠালে।

ছোটো একটা থাঁচায় বাঘটাকে আনা হল। রামবাবু বাঘের থেল। দেখালেন; ঘুযোঘাযা চড়চাপড় মেরে কেমন করে বেশ বাগে আনলেন বাঘটাকে। থেলা দেখিয়ে আবার থাঁচায় পুরে দিলেন।

অসীম সাহসী ছিলেন তিনি। ওই বাবের খেলাই তাঁর শেষ কীতি। কিছুদিন বাদে তনি তিনি সন্মাদী হয়ে চলে গেছেন হিমালয়ে। এখনো নাকি তিনি জীবিত আছেন, চক্রমামী না কী নাম নিয়ে হিমালয় পাহাড়ে তপস্তাকরতেন।

এখন থিয়েটারের গোড়াপন্তন কী করে হল শোনো। ছারকানাথ ঠাকুরের থিয়েটার ছিল চৌরন্ধীতে, এখন যেখানে মিদেস-মন্থের গ্রাপ্ত হোটেল। তথন দেশী থিয়েটারের চলন ছিল না মোটেই। একদিন ডিভ্কারসন সাহেব, বোধ হয় আমেরিকান, দেই সাহেব করলে কী, কোনো একটা পাবলিক থিয়েটারে বাঙালিবাবু সেজে বাঙালিদের ঠাটা করে গান করলে। I very good Bengali Babu, গানের প্রথম লাইনটা ছিল এই। তথন অক্ষয় মজুম্দার আর অর্থেন্দ্ মৃত্তিক তুইজনে তার পান্টা জ্বাব দিলে কোরিন্থিয়ান থিয়েটারে, সাহেবদের একেবারে নিকেশ করে দিলে। দেই প্রথম পাবলিক থিয়েটারে আমাদের জানাশোনা এই তুইজন বাঙালি নামেন। অর্থেন্দ্ মৃত্তিক খুব নাম-করা আাইর ছিলেন, বিশেষ ভাবে কমিকে। তার পর তেনেছি, এও চোথে দেথি নি, মাইকেল মধুস্থদনের নাটক শর্মিষ্ঠা অভিনয় হল পাথুরেঘটায়।

এখন আমাদের বাড়ির নাটকের হুচনা এই, বাবামশায় তথন ছোটো।
বাবামশায়, জ্যোতিকাকামশায় ও কৃষ্ণবিহারী সেন এক স্কুলে পড়েন। আট
স্থলেরও প্রথম ছাত্র ওঁরা। আমাদের বাড়ির একতলার একটি কোণের ঘরে
ওঁরা মতলব করেছেন মাইকেলের 'কৃষ্ণকুমারী' অভিনয় করবেন। জ্যাঠামশায়ের কানে গেল কথাটা। উনি ছোটো ভাইকে ভেকে পাঠালেন।
তথনকার দিনে ছোটো ভাই বড়ো ভাই ধুব বেশি কাছাকাছি আদতেন না।
ভা ছোটো ভাই কাছে আদতে বললেন, থিয়েটার করবে সে ভো ভালো,
তবে কৃষ্কুমারী নয়— ও ভো হয়ে গেছে পাথুরেঘাটায়। নতুন একটা-কিছু
করতে হবে। কাগজে বিজ্ঞাপন দাও, যে বছবিবাহ সম্বন্ধ একখানা নাটক
লিথে দিতে পারবে ভাকে পাচশো টাকা পুরস্কার দেওয়া হবে।

পণ্ডিত রামনারায়ণ তর্করত্ব লিখলেন বছবিবাহ নাটক। একখানা দামী শাল ও পাঁচশো টাকা পুরস্কার পেলেন। নাটকের নাম হল 'নব-নাটক'।

দাদামশায় করেছিলেন 'নববাব্বিলাম', তাঁর ছেলে করলেন নব-নাটক। এই দোতলার হলে থিয়েটার হয়। ফ্রেন্ডকিপিথানা যে কোথায় আছে জান্চি নে, তার মধ্যে কে কী পার্ট নিয়েছিলেন সব লেখা ছিল। তবু যতটা মন্দে পড়ে বল্ডি। নট দেজেছিলেন ছোটোপিসেমশায়, নীলকমল মুখোপাধ্যায়। নটা জ্যোতিকাকামশাল। তথনকার থিয়েটারে নট-নটা ছাড়া চলত না। কৌতৃক— মতিলাল চক্রবর্তী, ছোটোপিদেমশায়ের আপিদের লোক ছিলেন তিনি। গবেশবাব, নাটকের নায়ক, যিনি তিন-চারটে বিয়ে করেছিলেন, অক্ষয় মজমদার নিয়েছিলেন দেই পার্ট। গবেশবাবর তিন স্ত্রীর পার্ট নিষেছিলেন বথাক্রমে মণিলাল মুখুজ্জে, ছোটোপিসেমশায়ের ছোটো ভাই. আমাদের মণি থড়ো— বিনোদ গান্থলি— তাঁরা তথন ছোকরা— আর বড়ো স্ত্রী সেজেছিলেন ও-বাডির দার্লা পিলেমশায়। হার্মোনিয়াম বাজাতেন জ্যোতিকাকামশায়। তার আগে হারমোনিয়াম বাজিয়ে গান হয় নি, এই প্রথম হল। নয় রাত্তির ধরে সমানে থিয়েটার হয়েছিল। সাহেবস্থবো, শহরের বড়ো বড়ো লোক স্বাই এসেছিলেন। বাভির মেয়েদের তথন বাইরে বের হবার নিয়ম ছিল না। তখনকার দিনে দত্তরই ছিল ওই। মার কাছে শুনেছি বাবামশায়রা যথন বাগানে বসতেন, কাছাকাছি জানালায় গিয়ে উকি দেওয়া বা দানদানীর স্কুঁকে পড়ে কিছু দেখা, এ-সব ছিল অসভ্যতা। বাইরের পুরুষ বাড়ির মেয়েদের দেখবে এ বড়ো নিন্দের কথা। তা, থিয়েটার হবে হলে, পাশের ঘরে যুলঘুলি দিয়ে বাড়ির মেয়ের। থিয়েটার দেখতেন। তুটি যুলঘুলি মাত্র ছিল সেথানে, তার একটিতে থাটাল জুড়ে বসতেন কর্তাদিদিমা আর-একটি ঘুলঘুলি দিয়ে বাড়ির অতা মেয়ের। ভাগাভাগি করে দেখতেন। নয় রাতির সমানে কর্তাদিদিয়া থিয়েটার দেখেছেন। মা বলতেন, মাকে আবার কর্তাদিদিমা একটু বেশি ভালোবাসতেন, মা ঘশোরের মেয়ে ছিলেন; তার উপরে ছোট বউটি। কর্তাদিদিমা মাকে ভেকে বলতেন, আয়, তুই আমার কাছে বোদ। ব'লে মাকে কোলে টেনে নিয়ে বদিয়ে থিয়েটার দেখাতেন। মা বলতেন, নয় তো আমার থিয়েটার দেখা সম্ভব হত না। সেই মার কাছেই সব বর্ণনা শুনেচি থিয়েটারের। তিনি বলতেন, সে যে কী স্থন্দর নট-নটা হয়েছিল, নট-নটী দেখলেই লোকের চিন্তির হয়ে যেত, কে বলবে যে নটী মেয়ে নয়।

নটা আসল মৃজ্যোর মালা হীরের গয়না পরেছিলেন। সেই নট-নটা আবার তামাসা করে বাগানময় ঘুরে বেড়ালেন।

পাশের বাড়ির চাটুজ্জেমশায় ছিলেন বেজায় গোড়া, তিনি তো রেগে

অতদিনে নিজস্ব কিছু পেলেম আমি! রামলাল আসার পর থেকেই বাড়ির আদিব-কায়দাতে দোরস্ত হয়ে প্রঠার পালা শুরু হল আমার। একজন মে ছোটোকর্ডা আছেন, তাঁর মে একটা মন্ত বাড়ি আছে অনেক মহলা, সেগানে যে পূজার যাত্রা বসে মণ্র কুণ্ডর— এ-সব জানলেম! অমনি না-দেখা বাড়ি না-দেখা মালুখদের দিয়ে পরিচয় আরস্ত হয়ে গেল বাইরেটাতে আর আমাতে! এই সময়টাতেই আরব্য উপন্তাদের এক টুকরোর মতো এই তিনতলার ঘরটার আগের রুখা এবং আগের ছবিটাও পেয়ে গেলাম কার কাছ থেকে তা মনে নেই। এই বাড়িটাকে সবাই ডাকে তথন 'বকুলতলার বাড়ি' বলে। স্তমেছি বাড়ি ছিল আগে একতলা বৈঠকথানা। এর দক্ষিণের বাগানে ছিল মন্ত একটা বকুলগাছ— পাঁচপুরুষ আগে। সেই গাছের নামে বাড়িখানা 'বকুলতলার বাড়ি' বলে চলছে— আমি যথন এসেছি তথনো! এমনি ছেলেবলার চোথে দেখছি যে-মন্ত-হল্টাকে একবারেই ফাঁক, শোনাকথার মধ্যে দিয়ে কল্লনাতে সেই বাল্যকালেই দেখতে পাই হল্বরটাকে স্পজ্জিত, যথন লক্ষ্মী অচলা হয়ে আছেন কর্তার কাছে দিনরাত তথনকার আমলে।

সেই কালের এই হল্— হল্ বনলে ঠিক ভাবটা বোঝায় না— চঙীমণ্ডপ তো নয়ই— বারো দোয়ারী কতকটা আভাদ দেয়— কিন্তু ঠিক বৃঝি যদি ভেবে নিই, একটা মস্ত জাহাজের ডেক, তিনতলার উপরে, জল থেকে তুলে বসিম্নে দেওয়া হয়েছে! প্রমাণের অতিরিক্ত মোটা মোটা লখা লখা কড়ি থাম জানলা দরজা এবং আলো হাওয়া আসবার জত্যে আবগুকের চেয়ে বেশি পরিমাণ কাঁক দিয়ে প্রস্তুত আমাদের এই তিনতলার মাঝের ঘরটা! বাইরেটাকে একটুও না ঠেকিয়ে অথচ বাইরের উংপাত রোদ, বৃষ্টি, লোকের দৃষ্টি ইত্যাদি থেকে সম্পূর্ণ আগলে অন্তৃত কৌশলে প্রস্তুত করে গেছে ঘরখানা কোন্ এক সাহেব মিস্তি— সেই নেপোলিয়ানের আমলের জনেক আগে।

এই সাহেবকে আমি যেন দেখতে পাছি— প্রচুল পরা, বেণী বাঁধা, কাঁদির মতে। মন্ত গোল টুপিটা মাথায়, গায়ে খয়েরী রভের সাটিনের কোট, পায়ে বার্নিশ জ্তো বকলদ দেওয়া, শট প্যাণ্ট, হাটুর উপর পর্যন্ত মোলায় ঢাকা, গলায় একটা দিল্লের কমাল ফ্লের মতো ফার্দিয়ে বাঁধা। দাহেব এদে উপস্থিত আমাদের কর্তার কাছে পাল্কি চড়ে। কর্তা দটকায় তথন তামাক থাছেন হাউদে যাবার পূর্বে। সাহেব মন্ত গোল পাথরের টেবিলে মন্ত একথানা বাড়ির

নকশা মেলে ধরছে, আর একটা পালকের কলমের উলটো দিক নকশার উপরে টেনে টেনে কর্তা সাহেবকে বোঝাচ্ছেন এ-দেশের নাচঘর, বৈঠকথানা, তাওথানা প্রভৃতির সঠিক হিসেব। কর্তা বদে, সাহেব দাঁড়িয়ে। এখন হলে একটা মন্ত বেআদবি ঠেকড, কিন্তু তথন এইটেই ছিল চাল এবং চল। সাহেব-ইঞ্জিনিয়ার তথন লিখত নিজের নাম ইংরিজিতে কিন্তু নিজের পেশাটা লেখা থাকত ক্রন্যর বাংলায়—বেমন 'Mr George Edwards Eves' উপরে, নীচে লেখা 'গৃহনিশ্রাণকর্ত্তা' !

কর্তা ছিলেন ক্রোড়পতি ব্যবসায়ী সন্তদাগর এবং ঐথর্যের সঙ্গে মান-মর্যাদার ইয়ন্তা ছিল না কর্তার। স্কুতরাং তাঁর থাশ মজলিসের স্থানটা কেমনতরো হওয়া উচিত তা যেন সাহেব মিক্সি বুবো নিয়ে করেছিল স্ত্রপাত এই তিনতলার ঘরটার। আলো, বাতাস, জাহাজ, বর— সমস্তকে একটা চমংকার মতলবের মধ্যে সে ঘিরে নিয়ে বানিয়ে গেছে!

এই হল্— ঐথর্বের গৌরবের জোয়ারের চিছ্ ধরে ধরে একতলা থেকে যথন উঠল ক্রমে আশি ফুট উপরে তথন পৃথিবীতে আমি নেই, কিন্তু শোনা-কথার মধ্যে দিয়ে তথনকার ব্যাপার বেন লাই দেখতে পাই !— কর্তার থাশ মজনিস বদেছে রাতের বেলা আমার থেকে চারপুরুষ পূর্বে এই হল্টাতে— দক্ষিণের চিল্লেশফুট ফালিঘরে পড়েছে সাহেবস্থবোর জন্মে রাত্রিভোজের টেবিল আনেক- গুলো। টেবিলের উপরে চীনের বাদন থরেখরে সাজানো। দব বাদনেই সোনার জন্ম করা মন্তিন ফুলের নকশা। প্রত্যেক বাদনে কর্তার নামের তিনটে অক্ষরের সোনালি ছাপ মারা। ঝকঝক করছে ক্রপোর সামানানে মোমবাতি। থানসামা সবাই জরি দেওয়া লাল বনাতের উদি-পরা, কোমরে একথানা করে ক্রমাল।

উত্তরের দিকে একটা বারালা— দেখানে আহারের পর আরামে বদে তামাক খাবার ব্যবস্থা রয়েছে— দেখানটাতে হুঁকোবরদার বড়ো বড়ো দোনা-রুপোর সটকাতে তামাক সেলে প্রস্তুত, বড়ো দি ড়ির উপরে চোবদার খাড়া, আসামোটা হাতে হির যেন পুতৃল! মাহ্মপ্রমাণ উচুতে আম আর রেলিঃ
-বেরা বড়ো হল্— লোকলম্বর থেকে পৃথক-করা উচু জায়গাটা ঝাড়ে, লঠনে, বাতির আলোয় জম্জমাট! ঘরজোড়া প্রকাপ্ত একথানা গালিচা— ঘন লাল আর শারা ফুলের কারিগরি তাতে; ঘরের প্রব্রুকিস্টিম ছটো বড়ো দেওয়ালে

তৃ'থানা বড়ো বড়ো অয়েল পেনটিং— সাহেব ওতাদের আঁকা— বরবেশে এই বংশেরই এক ছেলে আর পেশওয়াজ পরা একটি মেয়ে, ত্'জনেই হীরে মানিক আর কিংথাবে মোড়া। এই এখন বেমন খোট্টাদের বর-সাজ তেমনি ধরনের সাজসজ্জা তু'জনেরই।

গালিচার উপরে মেহগনি কাঠের বাধ-থাবা, বাঘন্থা অভ্নুত গঠনের কোচকেদারা তেপায়া, একটার মতো অল্পটা নয়! জারামে বদার জল্পেই তৈরি এই-সব কোচ কেদারায় দেই দেকালের লাট-বেলাট-সাহেব-সওদাগর ও চৌরঙ্গীর বাদিন্দা— তারা বড়ো বড়ো সটকায় ভামাক টানছে, আর ভয়কার নাচ দেখছে গভীর হয়ে বদে! দব সাহেবই পাউডার মাথানো পরচুলধারী। হাতে কমাল আর নশুদানি! ছ্'সারি উদিপরা ছোকরা ক্রমায়য়ে বড়ো বড়ো পাথার বাতাস দিছে তাদের, আর মজনিসে কপোর সালবোটে সোনাকপার তবক-মোড়া পান বিলি করে চলেছে। আতরদানি গোলাপ-পাশ ফিরিয়ে চলেছে হরকরা তারা।

পাশের একটা থাশকামরা— উত্তর দক্ষিণ ও পুব তিনদিক খোলা—
সেথানে কর্ডার সঙ্গে মুক্বির সাহের ভ্-চারজন বদে। সারি সারি থোলা
জানলার দেখা যার রাতের আকাশ— যেন কারচোপের বৃটি দেওয়া নীল পর্দা
অনেকগুলো। পুবের ক'টা জানলার ফাঁকে ফাঁকে দেখা দেয় থালপারের
নারকেল গাছের সারি, তার উপরে টাদ উঠছে— যেন কানা-ভাঙা সোনারএকটা আবথোরার টুকরো। পশ্চিমের থোলা জানলায় দেখা যাছে সেকালের
সওদাগরি জাহাজের মাস্তলগুলো, গেযাখেযি ভিড় করে দাঁড়িয়ে। উত্তরে—
সেকালের শহর ও বাভির অরণা একটা।

বে-তিনতলার উপর উত্তর-পশ্চিন থেকে বয় গদার হাওয়া, পুব দিয়ে আনে বাদলের ঠাণ্ডা বাতাস, উত্তর জানলায় নীতের থবর আসে, দক্ষিণ বাতায়নে রহে-রহে বয় সমুদ্রের হাওয়া, সেথানটাতে একটা রাত নয়— আরব্য উপল্লাদের অনেকগুলো রাতের মজলিদের আলো, সারিলারি থোলা জানলা হয়ে বাইরে রাতের গায়ে ফেলভ একটার পর একটা সোনালি আভার সোজা টান। আর সমস্ত তিন্তলাটা দেখাত বেন মন্ত একটা নৌকা অনেকগুলো সোনার দাঁড় কালো জলে ফেলে প্রতীকা করছে বন্দর ছেড়ে বার হবার হরুম ও ঘণ্টা। এ বারা তথন আলেপাশের বাড়ির ছাতে

ভিড় করে পাড়িয়ে কর্তার মজনিসের কাওখানা সত্যি দেখেছে তাদের মুখে শোনা কথা।

আমি যথন এসেছি—তথন স্বপ্নের আমল আরব্য উপগ্রাসের যুগ বাংলা দেশ থেকেই কেটে গেছে। বিদ্ধিমচন্দ্রের যুগের তথন আরস্ত। 'গুল্বকাওলী' 'ইন্দ্রমভা', 'হোমার', এ-সব বইগুলো পর্যন্ত সরে পড়বার জোগাড় করেছে—এই সমস্য রামলাল চাকরের সঙ্গে বদে দেখি, তুই দেয়ালে তুই সেই সেকালের ছবির দিকে !—বড়ো বড়ো চোঝ নিম্নে ছবির মাহ্ম্ম তুটি চেয়ে আছে, মুথে ছ'জনেরই কেমন একটা উদাস ভাব ছবির গায়ে আঁকা।। হীরে-মুক্তোর জড়োয়া সাজসজ্জা যেন কড কালের কড দূরের বাতির আলোতে একটু একটু ঝিক্রিক করছে। আমি অবাক হয়ে এগনো এই ছবি দেখি আর ভাবি কী স্থন্যর দেখেন্ডই চিল ভখনকার ছেলেরা মেয়েরা; কী চমৎকার কড গহনায় সাজতে ভালোবাসও ভারা।

কল্পনা নিমে থাকার স্থাবিধ ছিল না তথন, কেননা রামলাল এনে গেছে এবং আমাকে পিটিয়ে গড়বার ভার নিয়ে বনেছে ! ব্রিয়ে-স্থারিয়ে মেরে-ধরে, এ-বাড়ির আদবকামদা-দোরস্ত একজন কেউ করে তুলবেই আমাকে, এই ছিল রামলালের পণ ! ছোটোকণ্ডা ছিলেন রামলালের সামনে মস্ত আদর্শ, কাজেই এ-কালের মতো না করে, অনেকটা সেকেলে ছাঁচে ফেললে সে আমাকে—ছিতীয় এক ছোটোকণ্ডা করে তোলার মতলবে !

ছোটোকর্জা ছুরি-কাঁটাতে থেতেন, কাঞ্জেই আমাকেও রামলাল মাছের কাঁটাতে ভাতের মও গেঁথে খাইয়ে দাহেবী দস্তরে পাকা করতে চলল; ছাহাছে করে বিলেত যাওয়া দরকার হতেও পারে, সেজ্যু দাধ্যমতে। রামলাল ইংরিজির তালিম দিতে লাগল—ইয়েদ নো বেরি-ওয়েল, টেকু না টেকু ইত্যাদি নানা মন্ধার কথা।

কোথ। থেকে নিজেই সে একথানা বাঁণ ছুলে কাগজে কাপড়ে মন্ত একটা জাহাজ বানিয়ে দিলে আমাকে—সেটা হাওয়া পেলে পাল ভরে আপনি দৌড়োয় মাটির উপর দিয়ে। এই জাহাজ দিয়ে, আর ইাদের ভিমের কালিয়া দিয়ে ভূলিয়ে, থানিক বিলিভি শিক্ষা, সওদাগরি-ব্যাবদা, কারিগরি, রামা, জাহাজ-গড়া, নৌকার ছই-বাঁধা ইত্যাদি অনেক বিষয়ে পাকা করে তুলতে থাকল আমাকে রামনাল!

এ-বাড়ি ও-বাড়ি

কেবলই দ্ব পেকে জগংটাকে দেখে চলার অবস্থাটা কথন যে পেরিয়ে গেলেম তা মনে নেই। আমাদের বাড়ির পাশেই পুরোনো বাড়িতে প্রহরে প্রহরে একটা পেটা-দড়ি বাজত বরাবরই। এবং ঘড়ির শব্দটাও এ-তল্লাটের দবার কানে পৌছত, কেবল আমারই কাছে তথন ঘড়ির শব্দ বলে একটা কিছু ছিল না। এমনি বাড়ির মাম্মদেরবেলাতেও— এপারে আমি ওপারে তাঁরা! অপরিচয়ের বেড়া কবে কেমন করে দরল— দেটা নিজেই সরালেম কি রামলাল চাকর এবে প্রেঙে দেলে দিলে সেটা, তা ঠিক করা মুশকিল!

রামলাল আদার পর থেকে অন্দরের ধরাবাঁধা থেকে ছাড়া পেলেম। বাড়ির গোকলা একডলা এবং আতে আতে ও-বাড়িতেও গিয়ে ঘুরিফিরি তথন, চোশ-কাম হাত-পা সমন্তই মুখন আলপাশের পরিচয় করে নিচ্ছে, সে-ব্যেসটা ঠিক কঙ হবে ভা বলা শক্ত — বয়েদের ধার তথন তো বড়ো একটা ধারি নে, কাপেই কত বয়দ হল জানবারও ভাড়া ছিল না! এই যথন অবস্থা, তথন কতকগুলো শব্দ আর রূপ একদঙ্গে, যেন দূরে থেকে এলে আমার সঙ্গে পরিচয় করে নিতে চলেছে দেখি! জুতো, খড়ম, খালি-পা জনে জনে রকম রকম শব্দ দেয়। ভাই ধরে প্রত্যেকের আদা-যাওয়া ঠিক করে চলেছি। দাদী চাকর ে ১ খাপতে. কেউ থাচ্ছে— কাঠের দি ভিতে তাদের এক-একজনের পা এক-একরকম শব্দ দিয়ে চলেছে। এই শব্দগুলো অনেক সময় শান্তি এড়ানোর পংক খুব কাজে আসত। বাবামশায় লাল রঙের চামড়ার খুব পাতলা চটি বাশ্হার করতেন। তাঁর চলা এত ধীরে ধীরে ছিল যে অনেক সময়ে হঠাং সামনে প্রভতেম তার। একদিনের ঘটনা মনে প্রভে। সি ভির পাশেই বাবামশায়ের শয়ন-ঘর, আমি সঙ্গী কাউকে হঠাৎ চমকে দেবার মতলবে ছাখানা দরজার আড়ালে লুকিয়ে আছি, এমন সময়ে দেয়ালে ছায়া দেখে একটা ছংকার भित्य रगमन नात रुख्या रमिथ मामरनर नानामभाय ! अथनकात इहालरमत रही বাবা দাধা কিংবা আর-কোনো গুরুজনের সামনে এসে পড়াটা দোষের নয়, কিছ দেকালে দেটা একটা ভয়ংকর বেদস্কর বলে গণ্য হত। দেবারে আমার कान आभारक ठेकिएय विषय मुनकिरल रक्रतिष्ठिल।

এমনি আর-একটা শব্দ পাথিরা জাগার আগে থেকেই শোবার ঘরে এসে পৌছত। ভোর চারটে রাত্রে, অন্ধকারে তথন চোথ ঘটো কিছুই দেখছে না অথচ শব্দ দিয়ে দেখছি— সহিদ ঘোড়ার গা মলতে শুরু করেছে, শব্দ গুলোকে কথায় তর্জমা করে চলত মন অক্ষকারে— গাধুদনে গাধুদনে, চটপট, হঠাৎ থাটথোট চাবকান পঠাৎ পঠাৎ, গাধুদ গাধুদ খাটিদ খুটিদ চটপট ! এই রকম শহিসে ঘোড়ায়, দহিসের হাতের তেলোতে, ঘোড়ার খুরে মিলে কতকগুলো! শব্দ দিয়ে ঘটনাকে পাক্তি। এমনি একটা গানের কথা আর স্কর দিয়ে পেয়ে যেতেম সময়ে প্রমন্ত্র একজন অন্ধ ভিধারীকে। লোকটি চোথের আড়ালে, কিন্তু গানটা ধরে আমত মে নিকটে একেবারে তিনতলায় উঠে। ভিখারীর গানের একটা ছত্র মনে আছে এখনো— 'উমা গো, মা তুমি জগতের মা, ওমা কি জন্তে তুমি আমায় মা বলেচো! সংগ্ধবেলায় থিড়কির ছুয়োরে একটা মাত্র্য এনে হাঁক দেয়— 'মুশ্কিল আনান' ৷ কথাটার অর্থ উলটো বুবতেম— ভয়ে যেন হাত-পা কুঁকড়ে যেত ; গা ছমছম করত আর সেইদঙ্গে পাকা দাড়ি, লম্বা টুপি, বাগ্গা-ঝোগা কাপড়-পরা,ভুতুড়ে একটা চেহারা এসে সামনে গাড়াত দেখতেম। বেলা তিনটের সময় একটা শব্দ- সেটা হুরেতে মাহুষেতে এক-দক্ষে মিলিয়ে আদত-'চুড়ি চাই, থেলোনা চাই'- এবারে কিন্তু মাহুযটার চেয়ে পরিষ্কার করে দেখতে পেতেম- রঙিন কাচের ফুলদান, গোছাবাঁধা চুড়ি, চীনে-মাটির কুকুর বেড়াল।

বরফওয়ালার হাঁক, ফুলমালির হাঁক এমনি অনেকগুলো হাঁক-ভাক এখন শহর ছেড়ে পালিয়েছে এবং তার জায়গায় মোটরের ভেঁপু, য়াম-গাড়ির হস-হাম, টেলিফোনের ঘণ্টা এমে গেছে শহরে !

কোন্ ব্যেস থেকে দেখাশোনা আরম্ভ, কথনই বা শেষ সে-ছিনেব বেঁচে থাকতে ক্ষে দেখার মুশকিল আছে, তবে জনে জনে দেখাশোনায় প্রভেদ আছে বলতে পারি। আমাদের পুরোনো বাভিতে পেটা-ঘড়িটা বাজছে যথন শুনতে পেলেম তথন তার বাজনের হিসেবের মজাটা দেখতে পেলেম। সকালে উপরো-উপরি ছ'টা, সাতটা, সাড়ে সাতটা বাজিয়ে ঘড়িটা থামত। তার পরে আটটা ন'টা ছ'ফটা ফাঁক। ফের উপরো-উপরি দুশ আর সাড়ে দশ বাজিয়ে স্লান আহার করে যেন ঘুম দিলে ঘড়িটা হুপুরবেলায়। উঠল বিকেলে, চার ও গাঁচ বাজিয়ে! ঘড়ির এই রকম বামথেয়ালি চলার অর্থ তথন বুরতেম না।



জোড়াসাঁকোর ঠাকুরবাড়ি

দকালের ঘড়ি— ঘুন ভাঙাবার জক্তে, দাতটার ঘড়ি উপাদনার জক্তে, সাড়ে দাত হল নান্টার আদার, পুছতে ধাবার ঘড়ি। দশ, আনাহারের ; সাড়ে দশ, ইস্ক্ল ও আপিদের ; চার, বৈকালিক জলখোসের, কাজকর্ম ও কাছারি বন্ধের ; পাঁচ, হাওয়া থেতে থাবার। ঘুনোতে ধাবার ঘণ্টা একটা, দশটা কি ন'টার বোধহর বাজত না— কেননা তথন ঠিক ন'টা রাত্রে কেলা থেকে তোপ দাগা হত আর আনাদের বৈঠকগানায় ঈশ্বরদাদা 'বোম্কালী' বলে এক হংকার দিতেন, তাতেই পেটা-ঘড়ির কাজ হয়ে মেত। বেলা একটার তোপ পড়লেই করকর ঘরঘর ঘড়ির কাবি ঘোরার ধুম পড়ত বাড়িতে, ও-সময়টাতেও পেটা-ঘড়ির দরকারই হত না। এই ঘড়ির ছকুমে দেবি বাড়ির গাড়ি-বোড়া চাকর-বাকর ছেলেমেয়ে সবাই চলে, হাড়ি চড়ে হাড়ি নামে, মান্টারমশাই বই থোলেন বই ব্যক্তরন।

ও-বাড়ির এই পেটা-ঘড়িটাকে এক-একদিন দেখতে চলতেন। পুরোনো বাড়ির উঠানের দাওয়ার উঠতে বাঁ-ধারে একটা থিলেনের মাঝে ঝোলানো থাকত ঘড়িটা। দেখতেন শোভারাম জমাদার দেখানটাতে বদে ময়দা ঠাদছে— চকচকে একটা লোটা হাডের কাছেই রয়েছে, থেকে থেকে সেটা থেকে জল নিয়ে ময়দার ছটিগুলো ভিজিয়ে দিছে আর হৃংহাতের চাপড়ে এক-একথানা মোটা কটি ফমফস গড়ে কেলছে। বেশ কাজ্ চলছে, এমন সময় শোভারাম হঠাৎ কটি-গড়া রেঝে, ঘড়িটাকে মস্ত একটা কাঠের হাতুড়ি দিয়ে ঘা করেক পিটুনি কশিয়ে কাজে বদে গেল। দেখে দেখে আমার ইচ্ছে হত কটি গড়তে লেগে ঘাই; আবার তথনই ঘড়িটা বাজিয়ে নেবার লোভ জনাত। হাতুড়িটায় হাত দেওয়া মাত্র জমাদারজী ধমকে উঠত— নেহি, কর্ডা মহারাজ খাপ্পা হোয়েলা!

কর্তা মহারাজ, কে তিনি, জানবার তারি ইচ্ছে হত। তথন কর্তাদাদামশায় দোতলার বৈঠকথানায় থাকেন, তাঁর ঘরের দরজায় কিন্তুদিং হরকরা তাদি পরে বুকে 'ওয়ার্কদ উইল উইন' আর হাতির পিঠে নিশেন চড়ানো তক্মা ঝুলিয়ে, মোটা ফপোর দোঁটা হাতে টুলে বদে পাহারা দেয়, হাতে একটা পেনদিল-কাটা ছুরি, কর্তাকে সহজে দেখার উপায়্ত নেই।

দেখতেম কর্ত। পাহাড় থেকে ফিরে যে ক'দিন বাড়িতে আছেন সে ক'দিন সব বেন চুপচাপ। দরোয়ান 'হাক্সা, হাক্সা' বলে হাকডাক করতে সাহস পায় না, ফটকে গাড়িধারান্দায় গাড়ি-দোড়া চোকে বেরোয় সোয়ারি নিয়ে ধীরে ধীরে; বাবামশায়, মা, পিসি-পিসে, এ-বাড়ি ও-বাড়ির সবাই যেন সর্বদা তটস্থ। চাকর-চাকরানীদের চেচামেচি ঝগড়াঝাঁটি বন্ধ, স্বাই ফিটফাট হয়ে ঘোরাফেরা করছে যেন ভালোমাহ্র্যটির মতো!

এই-সব দেখেন্দ্রন কর্তার নাম হলে কেমন যেন একট্ ভর-ভয় করত।
কর্তাদাদামশায়কে একবার কাছে গিয়ে দেবে নেবার লোভ, কর্তার সামনাসামনি হয়ে তাঁর ঘরখানা দেখায়ও কৌতৃহল থেকে থেকে জাগত মনে! কর্তার
ঘরে চুকতে সাহসে কুলত না। কিন্তু চুলি চুলি ঘরের দিকে অনেক সময়ে
এগিয়ে থেতেম। দরোয়ান সব সময়ে পেটা-ঘড়িকে পাহারা দিয়ে বসে থাকত
না, দিদ্ধি ঘোঁটার সময় ছিল তার একটা। সেই একদিন-একদিন ঘড়ির সমে
ভাব করতেও এগিয়ে যেতেম। পাছে ধরা পড়ি সেই ভয়ে হাতুড়ি তোলায়
অবসর হত না, ছই হাতে ঘড়িটাকে চাপড় কশিয়ে দিতেম। দড়িতে বাঁধা
ঘড়ি লাটিমের মতো যুয়তে থাকত, যেন একঝাক ভীমকলের মতো শুমরে
উঠত রেগে। ঘড়র শব্দ আক্রিক একটা ভয় লাগাত— কর্তা ব্রি ভনলেন,
দরোয়ান এল ব্রি-বা। ঘড়ির কাছে থাকা নিরাপদ নয় জেনে এক ছুটে
আমাদের তিনভলার ঘরে হাজির হতেম; তার পর সারাক্ষণ যেন দেখতেম
—দরোয়ান কর্তার কাছে আমার নামে নালিশ করছে; সঙ্গে সজে কর্তা
ডাকলে ক্রী ক্রী মিছে কথা বলতে হবে তার ফর্দ একটাও ভৈরি করে চলত
মন তথন।

কর্তামশায় দব সময়ে বাড়িতে থাকেন না— বোলপুরে যান, দিমলের পাহাড়ে যান— আবার হঠাৎ একদিন কাউকে কিছু না বলে কিরে আদেন। হঠাৎ নামেন কর্তা গাড়ি থেকে ভোরে, দরোয়ানগুলো ধড়মড় করে থাটিয়া ছেড়ে উঠে পড়ে, এ-বাড়ি ও-বাড়ি দাড়া পড়ে যায়— কর্তা এদেছেন! এই সময়টায়ও দেখতেম— আমাদের বৈঠকথানায় ছ'বেলা গানের মজলিন থুব আতে চলেছে। কাছারি বদছে নিয়মিত দশটা-চারটে। দক্ষিণের বাগানে বৈকালে বিশ্বের ছ'কোবরদার বড়ো বড়ো য়প্রার আর কাচের সটকাগুলো বার করে দেয় না। বিলিয়ার্ড-জমে আমাদের কেলারদালার ইাক-ডাক একেবারে বন্ধ। যত সব গজীর লোক, তারা প্রোনো বাড়িতে সকাল-সম্বার আদা-যাওয়া করেন— কেউ গাড়িতে, কেউ বা হেঁটে। আমাদের উপর ছকুম

আদে যেন গোলমাল না হয়, কর্তা শুনতে পাবেন। চাকরগুলো কড়া নজর রাথে— থালি পা, কি ময়লা কাপড়ে আছি কিনা। পাঠান কুন্তিগীর ক'জন খুব ক্ষে মাটি মেথে নিয়মিত ক্সলত করতে লেগে যায়। বুড়ো থানসামা গোবিন্দ, দেও ভোরে ভোরে উঠে কর্তার জন্ম ছব আনতে গোয়ালঘরে গিয়ে ঢোকে!

এই গোবিন্দ ছিল কর্তার চাকর। এর একটা মজার কাহিনী মনে পড়ছে, ভোরে উঠে গোবিন্দ কর্তার জন্ম ছব নিয়ে ফিরছে, ঠিক সেই সময় পথ আগলে পাঠান সর্পার হুটো কুন্তি লাগিয়েছে। গোবিন্দ যত বলে পথ ছাড়তে, পাঠান তারা কানই দেয় না। পাঠান নড়ে না দেগে, গোবিন্দ একটু চটে উঠে অথচ গলার স্থর খুব নরম করে বলে— 'পাঠান ভাই, রাস্তা ছাড়ো! শুন্তা, ও পাঠান ভাই! দেখ, পাঠান ভাই, কাঁলের ওপোর ছাগল নাপাতা হাার, হাতে হুধের ঘটে হাার, তুধটা পড়ে যাবে ভো জবাবদিহি করবে কে?'

কর্তা বাড়ি এলে বাড়ি ছুটো চিলেচালা বিমন্ত ভাব ছেড়ে বেশ যেন সজাগ হয়ে উঠত। আবার একদিন দেখতেম কর্তা কখন চলে গেছেন, বাড়ির সেই আগেকার ভাবটা ফিরে এসেছে। দরোয়ান হাঁকাহাঁকি শুক্ত করেছে, আমাদের চীরে মেথরে আর বুড়ো জমাদারে বিষম তকরার বেধেছে। জমাদারে লাঠি নিমে যত বেকৈ ওঠে, ছীরে মেথর ততই নরম হয়। জমাদারের ত্'পা অভিনাে ধরুবে এমনি ভাবটা দেখায়। তখন জমাদারজী রণে ভদ দিয়ে ভদাতে গরেন, ছীরেও নৃক্ ফুলিয়ে বাদায় গিয়ে চুকে তার বউটাকে প্রহার আরভ করে। আবাে তেটামেচি বেধে যায়। ওলিকে দাসীতে দাসীতে বগড়া— তাও শুক্ত হয় অলরে। বৈঠকগানাতে গানের মছলিস কাঁকিয়ে অক্ষরার গলা ছাড়েন। আমানেরও ছটোপাটি আরভ্ত হয়ে যায়। কর্তা না থাকলে বাঁধা চালচোল এমনি আল্গা হয়ে পড়ে যে, মনে হয়, ঘড়িতে হাতুড়ি পিটিয়ে চললেও দরেয়ান কিছু বলবে না! কর্তার গাড়ি ফটক পেরিয়ে যাওয়া মাত্র ইক্কল থেকে ছটি-পাওয়া গোছের হয়ে গড়ত বাড়ির এবং বাডির সকলের ভাবটা।

শীতকালে ধেবারে কর্তাদাদামশার বাড়ি থাকতেন সেবারে মাঘোৎসব থ্ব গৈকিয়ে হত। একটা উৎসবের কথা মনে আছে একটু— সেবারে সংগীতের আয়োজন বিশেষভাবে করা হয়েছিল। হার্ম্বারাবাদ থেকে মৌলাবক্স সেবারে জলতরক্ব বাজনা এবং গান করতে আমন্ত্রিত হন। সকাল থেকে বাড়ি গাঁলা ফুল, দেবদাক-পাতা, লাল বনাত, ঝাড় লঠন, লোকজন, গাড়ি-বোড়াতে গিদগিদ করছে। আমাদের মূথে এককথা— মৌলাবাক্দোর বাজনা হবে। সকাল থেকেই থানিক সিন্দুক, থানিক বাক্দো মিলিয়ে একটা অভুত গোছের মান্থ্যের চেহারা যেন চোথে দেখতে থাকলেম। এথানকার মতো তথন টিকিট হত না—নিমন্ত্রণ-পত্র চলত বোধহয়। ছেলেদের পক্ষে উৎদব-সভাতে হঠাৎ যাওয়া হকুম না পেলেও অসম্ভব ছিল, অথচ মৌলাবাক্দোর গান না অনলেও নয়। কাজেই হুকুমের ক্যু দরবার করতে ছোটা গেল সকালে উঠেই। আমাদের ছোট্যাটো দরবার শোনাতে এবং স্থনে তার একটা বিহিত করতে ছিলেন ও-বাড়ির পিদেনশায়। কিন্তু তাঁর কাছ থেকে সাক্ষ জ্বাব পাওয়া মুশকিল হল দেদিন। 'দেথব—দেপব' বলে তিনি আমাদের বিদায় দিলেন, তার পর সারাদিন তাঁর আর উচ্চবাচ্য নেই।

উৎসবে যাওয়া কি না-যাওয়ার বিষয়ে যথন না-যাওয়াই স্থির হয়ে গেছে
নিজের মনে, তথন রামলাল চাকর এদে বললে—'হুকুম হয়েছে, চটপট কাপড়
ছেড়ে নাও!' এগনো টিকিটের দরবারে ছোকরাদের ও-বাড়ির দরজায় য্থন
য়ূরয়ুর করতে দেথি তথন আমার দেই দিনটার কথাই মনে আদে!

মৌলাবাক্সোকে একটা অভ্তকর্মা গোছের কিছু ভেবেছিলেম—জলতরদ
ও কালোয়াতী গানের ভালোমন্দ বিচারশক্তি ছিলই না তথন কিন্তু
মৌলাবাক্সো দেথে হতাশ হয়েছিলেম মনে আছে। তার চেয়ে গান-বাজনা,
লোকের ভিড়, ঝাড় লঠন, সবার উপরে তিনতলার ঘরে কর্তাদিদিমার দেওয়।
গরম-গরম লুচি, ছোকা, সন্দেশ, মেঠাই-দানা, ঢের ভালো লেগেছিল আমার
মনে আছে।

প্রায় পনেরো-আনা শ্রোতাই তথন মাঘোৎসবের ভোচ্চ আর পোলাও
মেঠাই থেতেই আসত আমার মতো। মস্ত মস্ত মেঠাই, ছোটোথাটো
কামানের গোলার মতো, নিঃশেষ হত দেখতে দেখতে। পরদিনেও আবার
কর্তাদিনিমার লোক এদে একথালা মেঠাই দিয়ে যেত ছেলেদের থাবার জন্মে।

কর্তাদিদিমা আর বড়োমা—শাশুড়ী আর বউ ত্'জনেই সমান চত্ডা লাল-পেড়ে শাড়ি পরে আছেন। বড়োমা-র মাথায় প্রায় আধহাত ঘোমটা, কিন্তু কর্তাদিদিমার মাথা অনেকথানি খোলা—দি ত্র জলজল করছে দেখে ভারি নতুন ঠেকছিল এই মাঘোৎসবে ভোজের বিরাটরকম আয়োজন হত ভিন্তলা থেকে একতলা। সকাল থেকে রাত একটা ছুটো পর্যন্ত থাওয়ানো চলত। লোকের পর লোক, চেনা, অচেনা, আয়পর, যে আমতে থেতে বনে যাছে। আহারের পর বেশ করে হাতম্থ ধুয়ে, পান ক'টা পকেটে লুকিয়ে নিয়ে, মৃথ মৃছতে মৃছতে সরে পড়ছে—পাছে ধরা পড়ে অত্যের কাছে এরা সবাই। মাঘোৎসবের ভোজ আর মেঠাই, অনেকেই থেয়ে বাইরে গিয়ে থাওয়ালাওয়া ব্যাপারটা সম্পূর্ণ অফীকার করেও চলেছে এও আমি স্বকর্ণে ভনেছি, তথনকার লোকের মৃথেও শুনতেম।

মাঘোৎগবের লোকারণ্যের মাঝখানে কর্তাকে পরিন্ধার করে দেখে নেওয়া মৃশকিল ছিল আমার পক্ষে। অনেকদিন পরে একবার কর্তাদাদামশায়কে সামনাদামনি দেখে ফেললেম। সকালবেলায় উত্তরের ফটকের রেলিভগুলোতে পা রেথে ঝুল দিচ্ছি এমন সময় হঠাৎ কর্তার গাড়ি এসে গাড়াল।

লম্বা চাপকান, জোব্দা, পাগড়ি পরে কর্তা নামছেন দেথেই দৌড়ে গিয়ে প্রণাম করে ফেললেম। ভারি নরম একখানা হাতে মাখাটাকে আমার ছুঁয়েই কর্তা উপরে উঠে গেলেন।

বাড়িতে তথন থবর হয়ে পেছে—কভামশায় চীনদেশ থেকে জিরেছেন। আমি যে কর্তাকে দেখে কেলেছি, প্রণামও করেছি, দব আগেই দেটা মায়ের কানে গেল। ময়লা কাপড়ে কর্তার সামনে গিয়ে অন্থায় করেছি বলে একট্ ধ্যকও থেলেম, আর তথনই রামলাল এদে আমাকে ধরে পরিকার কাপড় পরিয়ে ছেডে দিলে।

এই হঠাৎ-দেখার কিছুক্ষণ পরে, কর্তার কাছ খেকে আমাদের স্বার জঞ্জে একটা-একটা চীনের বার্নিশ-করা চমৎকার কোটো এসে পড়ল, তার সঙ্গে গোটাকতক বীরভ্যের গালার খেলনা

আমার বাক্টা ছিল ক্রহীতনের আকার, তার উপরে একটা উড়ক্ত পাথি আঁকা। আর গালার থেলনটো ছিল একটা মন্ত গোলাকার কছপু।

এর পরেই মা আর আমার ছই পিসির জন্তে, হাতির দাঁতের নৌকা আর সাততলা চীনদেশের মন্দির, কর্তার কাছ থেকে বাবামশায় নিয়ে এলেন। চীনের সাততলা মন্দিরটার কী চমৎকার কারিগরিই ছিল! ছোট ছোট ফটা ঝুলছে, হাতির দাঁতের টবে হাতির দাঁতেরই গাছ, মাহুধ সব দাঁতে তৈরী, এক-একতলায় গন্তীরভাবে ষেন ওঠানামা করছে। সেই মন্দিরের একটা-একটা তলা দেখে চলতে একটা-একটা বেলা কেটে যেত আমার। তার পর একট্ বড়ো হয়ে সেটাকে টুকরো-টুকরো করে ভেঙে দেখতে লেগে গেলেম—সেদিনও মন্দিরের তু-একটা টুকরো ছিল বাজে।

এর পরে কর্তাকে দেখেছিলেম ছেলেবেলাতে আর-একবার। ও-বাড়ি থেকে শোভাষাত্রা করে বর বার হল— এখনকার মতো বর-যাত্রা নম— বর চলল খড়খড়ি-দেওয়া মন্ত পালকিতে, আগে ঢাক ঢোল, পিছনে কর্তাকে থিরে আত্মীয় বন্ধুবাদ্ধব, সঙ্গে অনেকগুলো হাতলগ্ঠন আর নতুন রঙ-করা কাপড় পরে চাকর দরোয়ান পাইক। সদর ফটক পর্যন্ত কর্তা সঙ্গে গেলেন, তার পর বরের পালকি চলে গেলে কর্তা উপরে চলে গেলেন— গায়ে লাল ছরির জামে-ওয়ার, পরনে গরদের ধুতি।



বারবাড়িতে

দেকালের নিয়ম অন্থারে একটা বয়েদ পর্যন্ত ছেলেরা থাকতেম অন্ধরে ধরা, তার পর একদিন চাকর এদে দাদার হাত থেকে আমাদের চার্জ ব্বোনিত। কাপড় জুতো জামা বাদন-কোদনের মতো করে আমাদের তোশাথানায় নামিয়ে নিয়ে ধরত; দেখান থেকে ক্রমে দপ্তর্থানা হয়ে হাতে-থড়ির দিনে ঠাকুরঘর, শেষে বৈঠকথানার দিকে আন্তে আন্তে প্রযোশন পাওয়া নিয়ম ছিল।

রামলাল ষতদিন আমার চার্জ বুঝে নেয় নি ততদিন আমি ছিলেম তিন তলায় উত্তরের ঘরে। সেইকালে একবার একটা পূর্বগ্রহণ লাগল— থালায় জল রেখে পূর্ব দেখে একটা পুণ্য কাজ করে কেলেছিলেম দেদিন। মনে পড়ে সেই প্রথম একটা ছাতে বার হয়ে আকাশ দেখলেম— নীল পরিভার আকাশ। তারই তলায় একটা পুকুর— আমাদের দক্ষিণের বাগানের এইটুকুই চোথে পড়ল সেইদিন।

এই দক্ষিণের বাগান ছিল বারবাড়ির সামিল— বাব্দের চলাফেরার স্থান।
এখন ষেনন ছেলেপিলে দাসী চাকর রাস্তার লোক এবং অন্সরের মেরের। পর্যস্ত এই বাগান মাড়িয়ে চলাফেরা করে, দেকালে সেটি হবার জোছিল না!
বাবামশায়ের শথের বাগান ছিল এটা— এখানে পোষা দারেন পোষা ময়্ব—
ভারা কেউ ইট্ছিলেল পুকুরে নেমে মাছ শিকার করত, কেউ প্যাথম ছড়িয়ে
ঘাসের উপর চলাফেরা করত। ভিন-চারটে উড়ে মালিতে মিলে এখানে সব
শথের গাছ আর থাচার পাথিদের ভদবির করে বেড়াভ, একটি পাতা কি ফুল
ছেড়ার ছকুম ছিল না কারো! এই বাগানে একটা মন্ত গাছ-ঘর— দেখানে
দেশ-বিদেশের দামী গাছ ধরা থাকত। পাফুলের মতো করে গড়া একটা
ফোরারা— তার জলে লাল মাছ, সব আফ্রিকা দেশ থেকে আনানো, নীল
পারপাতার তলায় থেলে বেড়াত। বাড়িখানা একতলা দোভলা ভিনতলা পর্যন্ত,
পাথিতে গাছেতে ফুলদানিতে ভাঁত ছিল তখন।

মনে পড়ে দোতলায় দক্ষিণের বারান্দার পুরবিকে একটা মন্ত গামলায় লাল মাছ ঠাদা থাকে, ভারই পাশে তুটো শাদা বরগোশ, জাল-ঘেরা মন্ত থাঁচার মধ্যে দব ছোটো ছোটো পোষা পাথির ঝাঁক, দেওয়ালে একটা ছরিণের শিঙের উপর বসে লাল্বুটি মন্ত কাকাতৃয়া, শিকলি-বাঁধা চীন দেশের একটা কুকুর- নাম তার কামিনী- পাউডার এদেন্দের গম্বে কুকুরটার গা সর্বদা ভূরভুর করে। তথন বেশ একট বড়ো হয়েছি, কিন্তু বৈঠকখানার বারান্দায় ফ্স করে যাবার শাধ্য নেই, সাহস্ত নেই ৷ এখন বেমন ছেলেমেয়েরা 'বাবা' বলে হুট্ করে বৈঠকখানায় এদে হাজির হয় তখন দেটা হবার জো ছিল না ে বাবামশায় যথন আহারের পরে ও-বাড়িতে কাছারি করতে গেছেন সেই ফাঁকে এক-এক দিন বৈঠকখানায় গিয়ে প্ততেম। 'টনি' বলে একটা ভিরিন্ধী ছেলেও এই সময়টাতে পাগি চরি করতে এদিকটাতে আসত। পাথিগুলোকে থাঁচা খুলে উড়িয়ে দিয়ে, জালে করে ধরে নেওয়া খেলা ছিল তার ! টুনিদাহেব একবার একটা দামী পাথি উভিয়ে দিয়ে পালায়। দোবটা আমার ঘাডে পভে। কিন্ত দেবারে আমি টনির বিতে ফাঁস করে দিয়ে রক্ষে পেয়ে যাই। আর-একদিন —সে তথন গর্মির সময়— দক্ষিণ বারান্দাটা ভিজে থসথসের প্রদায় অন্ধকার আর ঠাণ্ডা হয়ে আছে; গামলা ভতি জলে পদ্মপাতার নীচে লাল মাছগুলোর থেলা দেখতে দেখতে মাথার একটা ছব দ্বি জোগাল। যেমন লাল মাছ, তেমনি লাল জলে এরা থেলে বেড়ালেই শোডা পায়! কোথা থেকে খানিক লাল রঙ এনে জলে গুলে দিতে দেরি হল না, জলটা লালে লাল হয়ে উঠল। কিন্তু মিনিট কতকের মধ্যেই গোটা ছুই মাছ মরে ভেসে উঠল দেখেই বারান্দা ছেডে টো টো দৌড— একদম ছোটোপিনির ঘরে ! মাছ মারার দায় থেকে কেমন করে, কিভাবে যে রেহাই পেয়েছিলেম তা মনে নেই, কিন্তু অনেকদিন পর্যন্ত আর দোতলায় নামতে দাহদ হয় নি।

মনে আছে আর-একবার মিস্তি হবার শথ করে বিপদে পড়েছিলেম। বাবামশায়ের মনের মতো করে চীনে মিস্তিরা চমৎকার একটা পাথির ঘর গড়ছে—জাল দিয়ে ঘেরা একটা মেন মন্দির তৈরি হচ্ছে, দেখছি বসে বসে। রোজই দেখি, আর মিস্তির মতো হাতুড়ি পেরেক অস্ত্রশস্ত্র চালাবার অন্ত হাত নিস্পিস করে। একদিন, তখন কারিগর স্বাই টিফিন করতে গেছে, সেই ফাকে একটা বাটালি আর হাতুড়ি নিয়ে মেরেছি ছু-তিন কোপ। ফ্রন্ করে বাঁ হাতের বুড়ো আঙুলের ভগায় বাটালির এক ঘা। থাঁচার গায়ে ছু-চার ফোটা রক্ত গড়িয়ে পড়ল। রক্তী ম্ছে নেবার সময় নেই— তাড়াভাড়ি বাগান থেকে থানিক গুলো-বালি দিয়ে যতই রক্ত থামাতে চলি ততই বেশি

করে রক্ত ছোটে ! তথন দোষ স্বীকার করে ধরা পড়া ছাড়া উপায় রইল না। দেবারে কিন্তু আমার বদলে মিশ্রি ধমক খেলে— যত্ত্বপাতি সাবধানে রাখার হকুম হল তার উপর'! কারিগর হতে গিয়ে প্রথমে যে যা খেরেছিলেম তার ধাগটা এগনো আমার আঙুলের ডগা খেকে মেলায় নি। ছেলেবেলায় আঙুলের যে-মামলায় পার পেরে গিয়োছলেম, তারই শান্তি বোধ হয় এই বয়নে লয়া আঙুলের অঁক তথতে হচ্ছে সাধারণের দ্রবারে।

আর-একটা শান্তির দাগ এখনো আছে লেগে আমার ঠোটে। গুড়গুড়িতে তামাক খাবার ইচ্ছে হল— হঠাৎ কোখা খেকে একটা গাড়ু জোগাড় করে তারই ভিতর খানিক জল ভরে টানতে লেগে গেলাম। ভুড় ভুড় শব্দটা ঠিক হচ্ছে, এমন সময় কি জানি পারের শব্দে চনকে বেমন পালাতে যাওয়া, অমনি শগের হুঁকোটার উপর উলটে পড়া! মেবারে নালমাবব ডাক্তার এসে ভবে নিজার পাই— অনেক বরক আর ধনকের পরে। দেখেছি বখন ছুইমির শান্তি নিজেম শরীরে কিছু-না-কিছু আপনা হতেই পড়েছে, তখন গুক্তনদের কাছ খেকে উপরি আরো ছ্-চার ঘা বড়ো একটা আসত না। যথন ছুইমি করেও অক্ত শরীরে আছি তখনই বেত খেতে হত, নয় তো ধমক, নয় তো অন্দরের কারাবাদ। এই শেবের শান্তিটাই আমার কাছে ছিল ভয়ের— কুইনাইন খাওয়ার চেরে বিযম লাগত।

অন্দরে বন্দী অবহার যে ক'দিন আনার থাকতে হত, দে ক'দিন ছোটোপিনির ঘরই ছিল আমার নিখান কেলবার একটিমাত্র জারগা। 'বিববৃক্ষ'

যইথানাতে শুর্বন্বীর ঘরের বর্ণনা পড়ি আর মনে আদে ছোটোপিনির ঘর।

তেমনি দব ছবি, দেশী পেনটারের হাতে। 'কুফ্ডকান্ডের উইল'-এ যে লোহার

নিন্দুকটা, দেটাও ছিল। কুফ্ডনগরের কারিগরের গড়। গোইলীলার চমংকার

একটি কাচঢাকা দৃশ্য, ভাও ছিল। উলে বোনা পাথির ছবি, বাড়ির ছবি।

এক একথানা খাট— মশারিটা ভার ঝালরের মতো করে বাধা। শক্তলার

ছবি, মধনভশ্যের ছবি, উমার তপস্থার ছবি, কুফ্জীলার ছবি দিয়ে ঘরের

দেওয়াল ভতি। একটা-একটা ছবির দিকে চেমে-চেয়েই দিন কেটে যেত।

এই খরে ক্রম্পুরী কারিগরের আঁকা ছবি থেকে আরম্ভ করে, অয়েল পেনটিং ও

ফালীখাটের পট পর্যন্ত সবই ছিল; ভার উপরেও, এক আলমারি থেলনা।

কালো কাচের প্রমাণসই একটা বেড়াল, শালা কাচের একটা কুকুর, ঠুনকো

একটা মন্ত্র, রঙিন ফুলগনি কত রক্ষের ! সে যেন একটা ঠুনকে। রাজতে গিয়ে পড়তেম ! এ ছাড়া একটা আলমারি, তাতে সেকালের বাংলা-সাহিত্যে যা-কিছু ভালো বই দবই রয়েছে । এই দরের মাঝে ছোটোপিসি বদে বদে সারাদিন পুঁতি-গাঁথা আর সেলাই নিয়েই থাকেন । বাবামশায় ছোটোপিসিকে সাহেব-বাড়ি থেকে দেলাইয়ের বই, রেশন কত কী এনে এনে দিতেন আর তিনি বই দেগে দেথে নতুন নতুন সেলাইয়ের নমুনা নিয়ে কত কী কাজ করতেন তার ঠিক নেই ! ছোটোপিসি এক জোড়া ছোট্ট বালা পুঁতি গেঁথে গঙ়েছিলেন— সোনালি পুঁতির উপরে ফিরোজার ফুল বসানো ছোট্ট বালা ছ'গাছি, সোনার বালার চেয়েও তের স্কন্দর দেখতে।

বিকেলে ছোটোপিদি পায়রা থাওয়াতে বসতেন। ঘরের পাশেই থোলা ছাত: দেখানে কাঠের খোপে, বাঁশের খোপে, পোযা থাকত লককা, দিরাজী, মৃক্ষি কত কী নামের আর চেহারার পায়রা। থাওয়ার সময় ছোটো-পিদিকে ডানায় আর পালকে ঘিরে ফেলত পায়রাগুলো। সে যেন সতিাস্ডিট্ই একটা পাথির রাজত দেখতেম— উচ পাচিল-ঘেরা ছাতে ধরা। বাবামশায়েরও পাথির শথ ছিল, কিন্তু তাঁর শথ দামী দামী থাঁচার পাথির, ময়ুর দারস হাঁস এই সবেরই। পায়রার শথ ছিল ছোটোপিসির। হাটে হাটে লোক যেত পায়র। কিমতে। বাবামশায় তাঁকে তুটো বিলিতি পায়রা এক সময়ে এনে দেন, ছোটোপিদি সে হুটোকে গুঘু বলে স্থির করেন, কিছুতেই পুযতে রাজী হন না। অনেক বই খুলেও বাবামশায় যখন প্রমাণ করতে পারলেন না যে পাথি চুটো ঘ্যু নয়, তথ্ন অগত্যা দে চুটো রটলেজ সাহেবের ওথানে ফেরত গেল। এরই কিছদিন পরে একটা লোক ছোটোপিদিকে এক জোড়া পায়রা বেচে গেল— পাথি হুটো দেখতে ঠিক শাদা লককা, কিন্তু লেজের পালক তাদের ময়্রপুচ্ছের মতো রঙিন। এবার ছোটোপিদি ঠকলেন— বাবামশায় এদেই ধরে দিলেন পায়রার পালকে ময়ুরপুচ্ছ স্বতো দিয়ে সেলাই করা। একটা তুমুল হাদির হররা উঠেছিল দেদিন তিনতলার ছাতে, তাতে আমরাও যোগ **मिया** जिल्ला ।

ঠাকুরপুজো, কথকতা, দেলাই আর পার্ম্বা— এই নিয়েই থাকতেন ছোটোপিদি। একবার তাঁর তিনতলার এই ছাতটাতে, বাড়িস্থদ্ধ দ্বার ফোটো নিতে এক মেম এদে উপস্থিত হল। আমাদেরও ফোটো নেবার কথা, সকাল থেকে সাজগোজের ধুমধাম পড়ে গেল। সেইদিন প্রথম জানলেম আমার একটা হালকা নীঝ মথমলের কোট-প্যান্ট আছে। ভারি জানল হল, কিন্তু গায়ে চড়াবামাএই কোট-প্যান্ট ব্রিয়ে দিল যে আমার মাপে তাদের কাটা হয় নি। এই অভুত সাজ পরে আমার চেহারাটা কারো কারো আলবামে এখনো আছে— রোদের ঝাঁজ লেগে চোথ ছটো পিটপিট ক্রছে, কাপড়টা ছেড়ে ফেলতে পারলে বাঁচি এই ভাব।

কোটো ভোলা আর বাড়ির প্লান আঁকার কাজ জানতেন বাবামশায়। ছইং করার নানা সাজ-সরঞ্জাম, কম্পাস-পেনদিল কত রক্ষের দেখতেম তাঁর খরে। বাবামশায় কাছারির কাজে পেলে তাঁর খরে চুকে সেগুলো নেডে-চেড়ে নিতেম। ঠিক সেই সময় ফার্সি-পড়ানো মৃনশী এসে জুটতেন। কথায় কথায় তিনি আলে, বে, পে, তে, জিম— এমনি ফার্সি অক্ষর আমাদের শোনাতে বদতেন। মৃনশীর ছ-একটা বয়েং এখনো একটু মনে আছে— 'গুলেন্তামাতে বর্ষির জনকো দেখা, না তেরি সে রক্ষ, না তেরি সে ব্ হ্যায়'। আর-একটা বয়েং ছিল সেটা ভুলে গেছি কেবল ধ্বনিটা মনে আছে— কব্তব্ বা কব্তর্ বাক্ বাবাজ! সেকালে ফার্সি-পড়িয়ে হলে কানে শরের কলম আর লুফি না হলে চলত না, মাথাও ঢাকা চাই! ঠিক মনে পড়ে না কেমন সাজটা ছিল মুনশীর।

ডাক্তারবাব্র আসবার সময় ছিল সকাল ন'টা। অহ্বথ থাক বা না থাক, কভকটা সময় বাইরে বদে গল্পগুল্পৰ করে তবে অন্তন্ধ রোগী দেখভেন গিয়ে রোলই। সেথানেও হয়তো এমনি একটা বাঁধা টাইম ছিল ডাক্তারের জল্পে পান জল তামাক ইত্যাদি নিয়ে! আর-এক ডাক্তারদাহেব ছিল বরাদ— তার নাম বেলি—দে রোজ আদত না, কিন্তু যথন আদত তথনই জানতেম বাড়িতে একটা শক্ত রোগ চুকেছে। তথন দেখতুম আমাদের নীলমাধববাব্র মুখটা গল্পীর হয়ে উঠেছে, আর ইংরিজি কথার মাঝে মাঝে থেকে থেকে 'ওর নাম কি' কথাটা অজ্প্র ব্যহার করছেন তিনি; যথা— 'আই থিংক্— ওর নাম কি— ডিজিটিলিশ্ আগে কোয়নাইন— ওর নাম কি— ডিজিটিলিশ্ আগে কোয়নাইন— ওর নাম কি— তিজিটিলিশ্ আগে কোয়নাইন— ওর নাম কি— ইফ ইউ প্রেফার আই দে তক্টার কেলি' ইত্যাদি।

সাহেবছাড়া হয়ে নীলমাধববাবু তাঁকে ডাক্তারই মনে হত না, মনে হত, একেবারে ঘরের মাহ্য আর মজার মাহ্যটি! বাষমুখো ছড়ি হাতে, গলায় চাদর, বুকে মোটা দোনার চেইন, ডাক্তারবাবু ভালোমাহ্যের মতো এনে একখানা বেতের চৌকিতে বসভেন। চৌকিখানা আদত তাঁর সঙ্গে সঙ্গেই আবার দরেও বেত তাঁর দক্ষেই। আমার প্রায়ই অর্থ ছিল না, কাজেই ডাজারের লাঠিটার বাবমূথ কেমন করে কাত হয়ে চাইছে দেইটেই দেশতে পেতেন। ছোটো ছোটো লাল মানিকের চোথ ছটো বাবের—ইচ্ছে হত খুটে নিই, কিঞ্জ ভয় হত—মা আছেন কাছেই গাঁড়িয়ে ডাজারের। এথনকার কালে কত ওয়্রেরই নাম লেথে একটু অর্থেই, তথন সাত্দিন জর চলল তো গালচিনির আরক দেওয়া মিকশ্লার আদত—বেশ লাগত থেতে, আর থেলেই জর পালাত। তিনিদিন পর্যন্ত ওয়্র লেখাই হত না কোনো—হয় সার্পানা, নয় এলাচগানা, বড়ো জোর কিটিং-এর বন্বন্। তিনদিনের পরেও গদি উঠে না গাঁড়াতেম তবে আদত ডাক্রারখানা থেকে রেড মিকশ্লার। গলদা চিংড়ির যি বলে সেটাকে সমস্তটা খাইয়ে দিতে কট পেতে হত মাকে।

এখন নানা রক্ম শৌখিন ওর্ধ বেরিয়েছে, তথন মাত্র একটি ছিল শৌখিন ওর্ধ, যেটা থাওয়া চলত অন্থ না খাকলেও। এই জিনিসটি দেখতে ছিল ঠিক থেন মানিকে গড়া একটি একটি কহীতনের টেকা। নামটাও তার মজার— জ্রুব্ন। এখন বাজারে সে জ্রুব্ন পাওয়া যায় না, তার বদলে ডাক্তারখানায় রাথে যষ্টমধুর জ্রুবিস—থেতে অত্যন্ত বিশাদ। অন্থ হলে তখন ডাক্তারের বিশেষ করমানে আসত এক টিন বিশ্বট আর দমদম মিছরি। এখনকার বিশ্বটিগুলো দেখতে, হয় টাকা, নয় টিকিট। তথন ছিল তারা সব কোনোটা ছলের মতো, কেউ নক্ষত্রের মতো, কতক পাথির মতো। দমদম মিছরিগুলো যেন সোনার থেকে নিভড়ে নেওয়া, রদে ঢালাই করা মোটা ক্রু একটা-একটা।

ভাক্তারের প্রই—ঠন্ঠনের চটি পায়ে, সভ্যত্ত চক্র কবিরান্ত—তিনি তোশাখানা থেকে দপ্তরখানা হয়ে, লাল রঙের বগনী থেকে চটি বিলি করে করে উঠে আসতেন তেতলায় আমাদের কাছে। নাড়ি টিপে বেড়ানোই ছিল তায় একমাত্র কার, কিন্তু নিত্য-কাজ। বুড়ো কবিরাল আমার মাকে মাবলে যে কেন ভাকে তায় কারণ খুঁজে পেতেল না।

আর একটি-ছটি লোক আদত উপরের খরে, তাদের একজন গোবিন্দ পাণ্ডা, আর-একজন রাজবিষ্ট মিস্তি। পাতা আদত কামানো মাথায় নামাবলি জড়িয়ে, কপুরের মালা, জগরাথের প্রাদা নিয়ে। দাদীদের দক্ষে আমরাও খিরে বদতেম তাকে। প্রথমটা দে মেঝেতে খড়ি পেতে গুনে দিত দাসীদের মধ্যে কার কপালে ক্ষেত্তরে যাওয়া আছে, না-আছে। তার পর প্রসাদ বিতরপ করে দে প্রীক্ষেত্রের গর করতে থাকত পট দেখিয়ে। সেই পট, নামাবলি, কপ্রের মালা দব ক'টার রঙ মিলে প্রীক্ষেত্রের সমূল বালি পাথর ইত্যাদির একটা রঙ ধরেছিল মনটা। অল্প কয় বছর হল যথন পুরী দেখলেম প্রথম, তথন সেই-দব রঙগুলোকেই দেখতে পেলেম, যেন অনেক কাল আগে দেখা রঙ। নৌকো, পালকি, মন্দির, বালি, কাপড়— সমস্ত জিনিদ শাদা, হল্দ, কালো ও নীল— চারটি বছকালের চেনা রঙের ছোপ ধরিয়ে রেখেছে!

আর-একজন সাহেব আদত, তার নাম ফ্রারীয়ো। জাতে পতু গীজ ফিরিদ্বী— মিশকালো। বড়োদিনের দিন সে একটা কেক নিয়ে হাজির হত। তাকে দেখলেই ভথোতেম— 'সাহেব আজ তোমাদের কী ?' সাহেব অমনি নাচতে নাচতে উত্তর দিত, 'আজ আমাদের কিসমিদ।' সাহেবের নাচন দেখে আমরাও তাকে থিরে খুব একচোট নেচে নিতেম।

নতুন কিছু পাথি কিছা নিলেমে গাছ কেনার দরকার হলে, বৈকুঠবারুর ডাক পড়ত। দেখতে বেঁটে-থাটে। মান্ত্রটি, মাথার টাক; রাজ্যের পাথি, গাছ আর নিলেমের জিনিসের সংগ্রহ করতে ওন্ডাদ ছিলেন ইনি। তথন আর রিচার্ড টেম্পল ছোটোলাট— ভারি তাঁর গাছের বাতিক। বৈকুঠবারু নিলেমে ছোটোলাটের ডাকের উপর ডাক চড়িরে, অনেক টাকার একটা গাছ আমাদের গাছ-ঘরে এনে হাজির করলেন। ছোটোলাট থবর পেলেন— গাছ চলে গেছে জোড়ার্মাকোর ঠাকুরবাড়িতে। সঙ্গে লটের চাপরাশি পত্র নিয়ে হাজির— ছোটোলাট বাগান দেখতে ইছে করেছেন। উপার কী, মাজনাজ রব পড়ে গেল। আমার মথমলের কোট-প্যাণ্ট আবার নিস্কুক থেকে বার হল। দেজ-গুজে বারানার দাড়িয়ে দেখলেম— বোড়ায় চড়ে ছোটোলাট এলেন। থানিক বাগানে ঘুরে একপাত্র চা থেয়ে বিদায় হলেন। বৈকুঠবাবুর ডেকে-আনা গাছটাও চলে গেল জোড়ার্মাকো থেকে বেলভেডিয়ার পার্কে।

বৈকুঠবাব্র বাদা ছিল পাথুরেঘাটায়, সেধান থেকে নিত্য ছাজিরি দেওয়া চাই এথানে। একবার ঘোর বৃষ্টিতে রান্তাঘাট ভূবে এক-কোমর জল দাঁড়িয়ে যায়। বৈকুঠবাবু গলির মোড়ে আটকা— অত্যের যেথানে হাঁটু-জল বৈক্ঠবাব্ব দেখানে ভ্ব-জন— এত ছোট্ট ছিলেন তিনি। কাজেই একখানা ছোট্ট নৌকা পূক্র থেকে টেনে ভূলে তবে তাঁকে চাকরেরা উদ্ধার
করে জানে। ছোট্ট মান্থটি, কিন্তু ফন্দি গুরত জনেক রকম তাঁর মাখায়।
কত রকমই যে ব্যাবসার মতলব করতেন তিনি তার ঠিক নেই। একবার
বড়ো জ্যাঠামশায় এক বাল্প নিব কিনে আনতে বৈকুঠবাব্কে হুকুম করেন।
তিনি নিলেম থেকে একটা গোকরগাড়ি বোঝাই নিব কিনে হাজির! আরএকবার এক-গাড়ি বিলিতি এদেন্দ এনে হাজির বাবামশায়ের জন্তে। দেখে
স্বাই জ্বাক, হাসির ধুম পড়ে গেল। এই ছোট্ট মান্থইটিকে প্রকাণ্ড শ্বপ্প ছাড়া
ছোট্টখাটো স্বপ্প দেখতে কখনো দেখলেম না শেষ পর্যন্ত। বিচিত্র চরিত্রের সব
মান্থবের দেখা পেনেম তিনতলা থেকে ছাড়া পেয়েই।



অসমাপিকা

উড়ো ভাষায় এদে গেল হাতে-খড়ির খবরটা আমার কানে। কিন্তু রামলাল রেখেছিল পাকা খবর, ঠিক কখন কোন্ তারিখে কোন্ মাদে হবে হাতে-গড়িটা। কেননা এই শুভকাজে তার কিছু পাওনা ছিল। কাজেই সে ঠিক সময় ব্বে, রাত ন'টার আগেই আমাকে খাঁচার মধ্যে বন্ধ করে বললে, 'ঘুমিয়ে নাও, সকালে হাতে-খড়ি, ভোরে ওঠা চাই।'

তৃ'কানের মধ্যে তুটো কথা— 'ভোরে ওঠা,' 'হাতে-থড়ি'— থেকে থেকে মশার মতো বাঁশি বাজিয়ে চলল। আনেক রাত পর্যন্ত ঘূম আসতে দেরি করে দিয়ে, ঠিক ভোরে আমাকে একটু ঘূমোতে দিয়ে পালাল কথা হুটো। পাছে হাতে-থড়ির শুভলয়টা উতরে বায়, রামলালের চেয়েও সজাগ ছিল আমাদের ঠাকুরঘরের বায়্ন! দে ঠিক আজকের একজন ফেন্মন্মান্টারের মতো দিলে ফার্টে বেল। রামলালও বলে উঠল— 'চলো, আর দেরি নেই।'

পাছে দেরি হয়ে পড়ে, সেজতো পা চালিয়ে চলল রামলাল। একতলায় তোশাখানা থেকে নানা গলি-ঘুঁজি সিঁজি উঠোন পেরিয়ে চলতে চলতে দেখছি কাঠের গরাদে-আঁটা একটা জানলা— সেই জানলার ওপারে অক্কার খরের মধ্যে কালো একটা মূঁতি একটা মোটা জালা থেকে কী তুলছে। লোকের শব্দ পেয়ে সে মূঁতিটা গোল ছটো চোখ নিয়ে আমার দিকে দেখতে থাকল। এর অনেক কাল পরে জেনেছিলেম এ-লোকটা আমাদের কালী-ভাণ্ডারী— রোজ এর হাতের কটিই খাওয়ায় রামলাল। কালী লোকটা ছিল ভালো, কিন্তু চেহারা ছিল ভীষণ। আলিবাবার গল্লের তেলের কুপো আর ডাকাতের কথা পড়ি আর মনে পড়ে এখনো কালীর সেদিনের চোথ, গরাদে-আঁটা মর আর মেটে জালা। ভাঁড়ার মর পেরিয়ে এক ছোটো উঠোন— জলেধোওয়া, লাল টালি বিছানো। দেখান থেকে ছাতের-ঘরের ঠাকুর্মরের উত্তর দেওয়াল দেখা যায়, কিন্তু দেখানে পৌছতে সহজে পারি নি। উঠোনের উত্তর-ধারে চার-পাচটা দিঁজি উঠে একটা মর-জোড়া মেটে সিঁজি দোজা দোভালায় উঠেছে। এই দিঁজির গায়েই শালকি নামবার ঘর। দেটা ছাজিয়ে একটা সুকু গলি— একধারে দেওয়াল, অন্তথারে কাঠের বেড়া। গলিটা

পেরিয়ে পেলেম একটা ছাত আর সরু একটা বারান্দা। ভারই একপাশে সারি সারি মাটির উন্থন গাঁথা আছে — তথ জাল দেবার, লুচি ভালবার স্বতন্ত্র স্বতন্ত্র চলি। এই সক্র বারান্দা, সক্র গলির শেষে, চার-পাঁচ ধাপ সিঁডি— অন্ধকার আর গোরতর ঘর্ষর শব্দ-পরিপূর্ণ একটা ছোটো ঘরে নেমে গেছে। ঘরের মেঝেটা থরথর করে পায়ের তলার কাঁপছে টের পেলেম। সেখানে (मथरनम अकड़े। मामी, शांठ घ'शांमा छात्र (माँछ। (माँछ। - (मान घ'शांमा পাথর একটার উপর আর-একটা রেখে, একটা হাতল ধরে ক্রমাগত ঘরিয়ে চলেছে – পাশে তার স্থপাকার করা দোনামুগ। এই ডাল দিয়ে যে ফটি থাই তা কি তথন জানি? দে-ঘরটা পেরিয়ে আর-একটা উঠোনের চক-মিলানো বারান্দা। দেখানে পৌছে একটা চেনা লোক— অমত দাসী— সে একটা শিল আর নোড়ায় ঘষা-ঘষি করে শব্দ তুলছে ঘটর-ঘটর! এক-मर्का की रम भिलात छेभरत एडए निरा थानिक नाए। परम निराम परे। परे, অমনি হয়ে গেল লাল রঙের একটা পদার্থ। অমনি হলুদ, সবুজ, শাদা, কত কী রঙ বাটছে বদে বদে দে— কে জানে তখন সেগুলো দিয়ে কালিয়া. পোলাও, মাছের ঝোল, ডাল, অমল রও করা হয় ভাত থাবার বেলায়। এখান থেকে টালি-খদা ফোকলা একটা মেটে দিঁড়ি ঘুরে ঘুরে ঠাকুর-ঘরের ঠিক দরজায় গিয়ে দাঁডালেম। রামলাল ফ্স করে চটি-জ্তোটা পা থেকে খলে মিয়ে বসলে— 'যাও।'

ঠাকুরঘরের দেওয়ালে শাণা পাছ্রের প্রবেশ; থাটালে থাটালে ছোটো ছোটো সারি সারি কুল্পি; ভারই একটাতে তেল-কালি-পড়া পিলস্তজে পিছ্ম জলছে সকালবেলায়। ঠিক ভারই নীচে, দেওয়ালের গায়ে, প্রায়্ম মছে গেছে এমন একটা বছধারার ছোপ। ঘরের মেঝেয় একটা শাণা চুন-মাথানো দেলকো, আর আমপাতা, ভাব আর সিঁতুর-মাথানো একটা ঘট। পুজার সামগ্রী নিয়ে ভারই কাছে পুকত ব্দে; আর গায়ে নামাবলি জড়িয়ে হরিনামের মালা হাতে ছোটোপিসিমা। ধূপ-ধূনোর খোঁয়ার গকে ভরা ঘরের মধ্যেটায় কী আছে দেখার আগেই আমার চামা জাল। করতে থাকল। ভার পর কে যে সে মনে নেই, মেঝেডে একটা বড়ো ক লিথে দিলে। রামথড়ি হাতের মুঠোয় ধরে দাগা বুলোলেম— একবার, হ্বার, ভিনরার। ভার পরেই শাঁথ বাজল, চাতে-থাড়ও চয়ে গেল।

পুজোর ঘর থেকে একটা বাতাসা চিবোতে চিবোতে ফিরতে থাকলেম এবারে। একেবারে একতলায় যোগেশদাদার দপ্তরে এসে একতাড়া তালপাতা কঞ্চির কলম ও মাটির নতুন দোয়াত নিতে হল, বাড়ির বুড়ো আধব্ড়ো ছোকরা কর্মচারী সবারই পায়ের ধুলো ও আশীর্বাদের সঙ্গে— এও মনে আছে। তার পর সদরে-অন্দরে সবাইকে দেখা দিয়ে কোথায় গেলেম, কী করলেম কিছুই মনে নেই। কিন্তু তার পরদিনই আবার সরম্বতী পুজোয় দোয়াত, কলম, বই, শেলেট রামলাল দিয়ে এল, তা মনে পড়ে কিন্তু। ওকমশায় বলে দেদিনের একটা কেউ আমার মনের খোপে ঘরা নেই হাতে-ধড়ির সকালটার সঙ্গে।

একটা অসমাপিক। ক্রিয়ার মতো এই হাতে-খড়ি ব্যাপারটা। এরই মতো আরো কতকগুলো অসমাপ্ত, কতকটা বায়োস্কোপের টুকরো ছবির মতো, মনের কোনে রয়েছে জমা।

খুব ছোটোবেলার একটা ঘটনার কথা। দেটা শুনে-পাওয়া সংগ্রহ মনের — মা বলতেন— আমাকে নিয়ে কাটোয়াতে যাচ্ছেন ছোটোপিসিমার শুশুর-বাড়ি। পথে ধানক্ষেতের মাঝা দিয়ে পালকি চলেছে। সদ্পের দাসী একগোছা ধানের শীব ভেঙে মাকে দিয়েছে; তারই একটা শীব মা দিয়েছেন আমাকে খেলতে। মা চলেছেন আমানে মাঠ-ঘাট দেখতে দেখতে, বন্ধ পালকির ফাকে চোথ দিয়ে। সেই ফাকে হাতের ধান-শীব মুথের মধ্যে দিয়ে পিয়ে আমার গলায় বেধে দম বন্ধ করে আর কি! এমন সময়—। এ ঘটনা বারবার বলতেন মা, কিন্তু এ ঘটনা কোনো কিছু শ্বতি কি ছবির সদ্পে জড়িয়ে দেখতে পেত না মন। খেন মনের ঘুমন্ত অবস্থার ঘটনা এটা জন্মের পরের, কিন্তু মনের ছাপাথানা খোলার পূর্বের ঘটনা।

পুরোনো বৈঠকথানা-বাড়িটা অনেক অদলবদল জোড়াডাড়া দিয়ে হয়েছে জোড়াগাঁকোর আমাদের এই বসতবাড়িটা। থাপছাড়া রকমের অলি, গলি, দি ড়ি, চোরকুঠরি, কুলুদি ইভ্যাদিতে ভরা এই বাড়ি, থানিক সমাপ্ত থানিক অসমগপ্ত ছবি ও ঘটনার ছাপ আপনা হতেই দিত তথন মনের উপরে। অন্বর-বাড়ি থেকে রামা-বাড়িতে যাবার একটা গলিপুণ; ছোটোখাটো একটা উঠোনের পশ্চিম পায়ে, দক্ষ হটো মেটে দি ডির মাথায়, দোভলার উপর ধরা এই গলিটার পশ্চিম দেওয়ালে পিছুম দেবার একটা কুলুদি।

বাড়ির আর সব কুলুদি ক'টা ছিল মেঝে ছেড়ে জনেক উপরে, ছোটো আমাদের নাগালের বাইরে। কিন্তু এই কুলুদিটা— ঠিক একটি পূর্ণ চন্দ্র যত বড়ো দেখা যায় তত বড়ো— আর সব কুলুদ্ধি থেকে স্বতন্ত্র হয়ে মেঝে থেকে নেমে পড়েছিল। দেখে মনে হত সেটাকে, যেন একটা রবারের পোলা, ভূঁরে পড়ে একটু লাফিয়ে উঠে শ্রে গাড়িয়ে গেছে। লুকোবার জনেকগুলো জায়গা ছিল আমাদের, ভার মধ্যে এও ছিল একটা। ইহ্র যেমন গর্ভে গুটিস্থটি বদে থাকে, তেমনি এক-একদিন গিয়ে বদতেম সকারণে, অকারণেও। পুব-পশ্চিমে দেওয়াল-জোড়া গলি, ছাওয়া দিয়ে নিকোনো। নানা কাজে বান্ত চাকর-দাদী, তারা এই পথটুকু চকিতে মাড়িয়ে যাওয়া-আদা করে—আমাকে দেখতেই পায় না। আমি দেখি ভাদের থালি কালো কালো পায়ের চলাচল।

ঠিক আমার সামনেই একতলার ঘরের একটা মেটে সিঁড়ি একতলার একটা তালাবন্ধ দেকেলে দরজার সামনে পা রেখে, দোতলায় মাথা রেখে, আড় হয়ে পড়ে থাকে— যেন একটা গজগীর দৈত্য আজব শহরের তেল-কালি-পড়া দিংহদার আগলে ঘুম দিচ্ছে এই ভাব। এলা-মাটির উপরে সোঁতা অন্ধকার —তারই দিকে চেম্নে বদে থাকি লুকিয়ে চুপচাপ। বেশিক্ষণ একলা থাকতে হত না, ঘড়ি ধরে ঠিক সময়ে সি'ছির গোড়ায় বিছিয়ে পড়ত রোদ— একথানি সোনায় বোনা নতুন মাত্র খেন। থাকতে থাকতে এরই উপর দিয়ে আগে আদত এক ছায়া, তার পাছে প্রায় ছায়ারই মতো একটি বুড়ি গুটিগুটি। তার লাঠির ঠকঠক শব্দ জানাত যে দে ছায়া নয়, কায়া। এসে চুপ করে বদে যেত তালাবন্ধ কণাটের একণাশে। বদে থাকে তো বদেই থাকে বৃড়ি। সি'ড়ি আড় হল্পে পড়ে থাকে তো থাকেই- নাড়া-শব্দ দেয় না ছ'জনে কেউ। রোদ ক্রমে সরে, একট একট করে আলো এলা-মাটির দেওয়ালগুলোকে সোনার আভায় একটকণের জন্তে উদ্ধলে দিয়ে, মাত্র গুটিয়ে নিয়ে যেন চলে যায়। সেই সময় একটা ভিথিরী, হটো লাঠির উপর ভর দিয়ে যেন বালতে-বালতে এদে বাল বাল-দরজার অন্ত পাশে, হাতে তার একটা পিতলের বাটি। সে বসে থাকে, নেকড়া-জড়ানো থোঁড়া পা একটা সি'ড়িটার দিকে মেলিয়ে গভীর ভাবে। বুড়ো বুড়ি কারো মৃধ্ কণা নেই। কোথা থেকে বড়ো বউঠাকরুনের পোষা বেড়াল 'গোলাপী'—

গামে তিন রঙের ছাপ— মোটা ল্যান্ধ তুলে বৃড়ির গা যেঁ যে গিয়ে বলে মিয়া! বুড়ো ভিথিবী অমনি হাতের লাঠিটা ঠুকে দেয়। বেড়াল দৌড়ে দি ড়ি বেয়ে উপরতলায় উঠে আনে! ঠিক এই সময় শুনি, ঠাকুরঘরে ভোগের ঘন্টা শাঁথ বেজে ওঠে। অমনি দেখি বুড়ো বুড়ি ছুটোতে চলে গেল— ঠিক যেন নেপথে প্রস্থান হল ভালের থিয়েটারে। কুলুন্ধিতে বদে আমি শুনতে থাকলেম কাঁসর বাজছে— ভার পর ··· ভার পর ··· ভার পর ···

একদিন দকালে আমাদের দক্ষিণের বারান্দার দামনে লখা ঘরে চায়ের মঞ্জলিদ বদেছে। পেয়ারী-বাবুচি উদি পরে ফিটফাট হয়ে দকাল থেকে দোতলায় হাজির। আমার দেই নীল মথমলের সেকেণ্ড-হাণ্ড কোট আর শট প্যাণ্টটার মধ্যে পুরে রামলাল আমাকে ছেড়ে দিয়েছে— ঘতটা পারে চায়ের মঞ্চলিদ থেকে দুরে।

কে শানে সে কে একজন— মনে তার চেহারাও নেই, নামও নেই—
সাংহ্ব-হ্ববো গোছের মান্ত্রম্ব, চা থেতে থেতে হঠাই আমাকে কাছে যেতে
ইশারা করলেন। চায়ের হরে চুক্তে মানা ছিল পূর্বে। কাজেই, আমি ধরা
পড়েছি দেথে পালাবার মতলবে আছি, এমন সময় রামলাল কানের কাছে চুপি
চুপি বললে, 'যাও ডাকছেন, কিন্তু দেখো, থেয়ো না কিছু।' সাহস পেলেম,
সোজা চলে গেলেম টেবিলের কাছে, ধেখানে ফটি বিস্কৃট, চায়ের পেয়ালা,
কাচের প্লেট, তথমা-ঝোলানো বাব্টি, আগে থেকে মনকে টামছিল। ভুলে
গেছি তথন রামলালের হকুমের শেষ ভাগটা। ঘরের মধ্যে কী ঘটল তা
একটুও মনে নেই। মিনিট কতক পরে একখানা মাথন-মাথানো পাউরুটি
চিবোতে চিবোতে রেরিয়ে আসতেই আড়ালে কেছারদাদার সামনে পড়লেম।
ছেলেমাত্রকে কেদারদাদার অভ্যাস ছিল 'শালা' বলা। তিনি আমার কানটা
মলে দিয়ে ফিসফিস করে বললেন— 'ঝাং, শালা, ব্যাপ্টাইজ হয়ে গেলি।'
রামলাল একবার কটমট করে আমার দিকে চেয়ে বললে— 'বলেছিলুম্ম না,
থেয়ো না কিছু।'

কী যে অতায় হয়ে গেছে তা ব্ৰতে পারি নে; কেউ পাই করেও কিছু বলে না। দাসীদের কাছে গেলে বলে— 'মাগো, থেলে কী করে?' ছোটো বোনেরা বলে বলে— 'তুমি থেয়েছ, ছোঁব না! বড়োপিসি মাকে ধমকে বলেন— 'ভকে শিখিয়ে দিতে পার নি, ছোটোবউ!'

মে ভদ্রলোক চা থেতে এসেছিলেন তিনি তো গেলেন চলে থাতিরযত্ন পেরে। কেদারদাদাও গেলেন শিক্দারপাড়ার গলিতে। কিন্তু 'ব্যাপ্টাইজ' কথাটা আমার আর কাছ্ছাড়া হয় না। কটিখানা হজম হয়ে যাবার
অনেক ঘণ্টা পরে পর্যন্ত আমার মনে কেমন একটা বিভীবিকা জাগতে থাকল।
কারো কাছে এগোতে সাহস হয় না। চাকরদের কাছে তোশাখানার যাই,
সেখানে দেখি রটে গেছে ব্যাপ্টাইজ হবার ইতিহাস। দপ্তরখানার পালাই,
সেখানে যোগেশদাদা মথুরাদাদাকে ডেকে বলে দেন— আমি 'ব্যাপ্টাইজ'
হয়ে গেছি। এমনি একদিন ছু'দিন কভদিন যায় মনে নেই— একলা একলা
ফিরি, কোখাও আমল পাই নে, শেষে একদিন ছোটোপিসিমা আমায় দেখে
বললেন—'ভোর মুখটা ভকনো কেন রে দু'

মনের ত্বংথ তথন আর চাণা থাকল না—'ছোটোপিসিমা, আমি ব্যাপ্টাইজ হয়ে গেছি।' ছোটোপিদি জানতেন হয়তো 'ব্যাপ্টাইজ' হওয়ার কাহিনী এবং যদি বিনা দোযে কেউ 'ব্যাপ্টাইজ' হয় তো তার উদ্ধার হয় কিনে, তাও তাঁর জানা ছিল। তিনি রামলালকে একটু আমার মাথায় গলাজল দিয়ে আনতে বললেন।

চলল নিয়ে আমাকে রামলাল ঠাকুর্ঘরে। পাহারাওয়ালার লঙ্গে বেমন চোর, সেইভাবে চললেম রামলালের পিছনে পিছনে। রায়া-বাভির উঠোনের প্র-গায়ে, সক্র মেটে সিঁভি বেয়ে উঠে বেতে হয় ঠাকুর-বাভি। এই সিঁভির মাঝামাঝি উঠে, দেওয়ালের গায়ে চৌকো একটা দরজা ফল্ করে খুলে রামলাল বললে—'এটা কি জানো? চোর-কুটরি, পেড্রী থাকে এখানে।'

আর বলতে হল না, সোজা আমি উঠে চললেম দিঁ জি যেখানে নিয়ে যাক ডেবে। থানিক পরে রামলালের গলা পেলেম—'জুতো খুলে দাঁড়াও, পঞ্চাব্যি আনতে বলি।' ভয়ে তথন রক্ত জল হয়ে গেছে। ছোটোপিসি দিয়েছেন ছকুম গঙ্গাজলের; কেন যে রামলাল পঞ্চাব্যির কথা তুলেছে, স্বে-প্রশ্ন করার মতো অবস্থার বাইরে গেছি তথন। মনও দেখছি সেই প্রস্তু লিখে বাকিটা রেখেছে অসমান্ত।

বদত-বাড়ি

মাহবের সন্ধ পেয়ে বেঁচে থাকে বসত-বাড়িটা। যতক্ষণ মাহ্য আছে বাড়িতে, ভূত ভবিয়থ বর্তমানের ধারা বইয়ে ততক্ষণ চলেছে বাড়ি হাব-ভাব চেহারা ও ইতিহাস বদলে বদলে। কালে কালে স্মৃতিতে ভরে, বাড়ি-ম্মৃতির মাঝে বেঁচে থাকে বাড়ির সমস্কটা। বাড়ি ঘর জিনিসপত্র সবই স্মৃতির প্রন্থি ধিয়ে বাঁধা থাকে একালের সঞ্চে। এইভাবে চলতে চলতে, একদিন যথন মাহ্য ছেড়ে যায় একেবারে বাড়ি, স্মৃতির স্ত্রেজাল উর্ণার মতো উড়ে যায় বাতাসে; তথন মরে বাড়িটা যথার্থভাবে। প্রভতত্ত্বের কোঠায় পড়ে জানায় ভর্, সেটা দেশী ছাঁদের না বিদেশী ছাঁদের, মোগল ছাদের না বৌদ্ধ ছাঁদের। তার পর এক্টিন আদে কবি, আনে আটিন্ট। বাঁচিয়ে তোলে মরা ইট কাঠ পাথর এবং ইতিহাস-প্রভত্ত্বের ম্র্ণাখানার নম্বর-ওয়ারি করে ধরা জিনিসপত্রস্তলাকেপ্র ভারা নতুন প্রাণ দিয়ে দেয়। সঙ্গ পাছেছ মাহ্যের, তবে বেঁচে উঠেছে ঘর বাড়ি সবই।

আমি বেঁচে আছি প্রোনোর সকে নতুন হতে হতে; তেমনি বেঁচে আছে এই তিনতলা বাড়িটাও, আজ বার মধ্যে বাসা নিয়ে বসে আছি আমি। আজ বিদ কোনো মারোয়াড়ী দোকানদার পয়সার জোরে দখল করে এ-বাড়িটা, তবে এ-বাড়ির দেকাল-একাল ছই-ই লোপ পেয়ে যাবে নিশ্চয়। যে আসবে, তার সেকাল নয় তয়ু একালটাই নিয়ে সে বসবে এখানে। দক্ষিণের বাগান ফুঁয়ে উড়িরে ওখানে বসাবে বাজার, জুতোর দোকান, বি-য়য়দার আড়ও ও নানা— যাকে বলে প্রফিটেবল—কারখানা, তাই বিদয়ে দেবে এখানে। সেকাল তথন স্বতিতেও থাকবে না।

শ্বতির প্র নদীধারার মতো চিরদিন চলে না, দুরোম এক সদয়। এই বাড়িরই ছেলেমেয়ে— তাদের কাছে আমাদের সেকালের শ্বতি নেই বললেই হয়। আমার মধ্যে দিয়ে সেই শ্বতি— ছবিতে, লেথাতে, গয়ে— যদি কোনো গতিকে তারা পেল তো বর্তে রইল সেকাল বর্তমানেও। না হলে, পুরোনো ঝুলের মতো, হাওয়ায় উড়ে গেল একদিন হঠাৎ কাউকে কিছুনা জানিয়ে!

ঘ রো য়া

Politicity

annuin my

THE WAS SERIOUSE.

nii gened Linda Mala agis and coenus.

211. gened Linda Mala agis and coenus.

312. sund markisi agis an - 21 min yan elalis

and (nea 39 12. minera- man 2 mine 2 markin cum

muni flace 712. san - Men - mis an 7 m 3/m 7/21.

SWIN ALD MS - SWELLER LYS .

2386-

Harring un gring

Political states of the state o

জামার প্রায়ই মনে পড়ে, সে অনেক দিনের কথা, রবিকাকার জনেক কাল জাগেকার একটা ছড়া। তথন নীচে ছিল কাছারিবর, সেথানে ছিল এক কর্মচারী, মহানন্দ নাম, শাদা চূল, শাদা লম্বা দাড়ি। তারই নামে তার সব বর্ণনা দিয়ে মূথে মূথে ছড়া তৈরি করে দিয়েছিলেন, সোমকা প্রায়ই সেটা জাওড়াতেন—

মহানন্দ নামে এ কাছারিধানে আছেন এক কর্মচারী, ধরিরা লেধনী লেধেন পত্রধানি সদা খাড ঠেট করি।

আরো সব নানা বর্ণনা ছিল— মনে আদছে না, সেই থাতাটা খুঁজে পেলে বেশ হত। কী সব মজার কথা ছিল সেই ছড়াটিতে—

হণ্ডেতে ব্যত্তনী হান্ত,
মশা মাছি বাতিবান্ত—
তাকিয়াতে দিয়ে ঠেদ—

ভূলে গেছি কথাগুলো। মহানন্দ দিনরাত পিঠের কাছে এক গির্দা নিয়ে থাতা-পত্তে হিনাবনিকেশ লিথতেন, আর এক হাতে একটা তালপাতার পাথা নিয়ে অনবরত হাওয়। করতেন। রবিকাকাকে বোলো এই ছড়াটির কথা, বেশ মন্ত্রা লাগবে, হয়তো তাঁর মনেও পড়বে।

দেখো, শিল্প জিনিসটা কী, তা বুঝিয়ে বলা বড়ো শক্ত। শিল্প হচ্ছে শথ।
যার সেই শথ ভিতর থেকে এল সেই পারে শিল্প স্থাষ্ট করতে, ছবি আঁকতে,
বাজনা বালাতে, নাচতে, গাইতে, নাটক লিখতে— যা'ই বলো।

একালে ঘেন শথ নেই, শথ বলে কোনো পদার্থই নেই। একালে দবকিছুকেই বলে 'শিক্ষা'। দব জিনিসের দকে শিক্ষা জুড়ে দিয়েছে। ছেলেদের
জগ্য গল লিথরে তাতেও থাকবে শিক্ষার গন্ধ। আমাদের কালে ছিল ছেলেবুড়োর শথ বলে একটা জিনিস, সবাই ছিল শৌথিন সেকালে, মেয়ের।
পর্যন্ত— তাদেরও শথ ছিল। এই শৌথিনতার গল আছে অনেক, হবে আরএক দিন। কত রকমের শথ ছিল এ বাড়িতেই, থানিক দেখেছি, থানিক
ভনেছি। বারা গল্প বলেছেন তারা গল্প বলার মধ্যে যেন সেকালটাকে জীবস্ত
করে এনে সামনে ধরতেন। এখন গল্প কেউ বলে না, বলতে জানেই না।

এথনকার লোকেরা লেথে ইতিহাস। শথের আবার ঠিক রান্তা বা ভূল রান্তা কী। এর কি আর নিম্নকাম্বন আছে। এ হচ্ছে ভিতরকার জিনিস, আপনিই সে বেরিয়ে আসে, পথ করে নেম। তার জন্ম তাবতে হয় না। যার ভিতরে শথু নেই, তাকে এ কথা বুরিয়ে বলা যায় না।

ছবিও তাই— টেকনিক, ফাইল, ও-সব কিছু নয়, আসল হচ্ছে এই ভিতরের শথ। আমার বাজনার বেলায়ও হয়েছিল তাই। শোনো তবে, ভোমায় বলি গল্পটা গোড়া থেকে।

ইচ্ছে হল পাকা বাজিয়ে হব, যাকে বলে ওস্তাদ। এসরাজ বাজাতে স্তক করলুম ওন্তাদ কানাইলাল ঢেরীর কাছে, আমি স্থরেন ও অফদা। শিমলের ওদিকে বাসাবাড়ি নিম্নে ছিল, আমরা রোজ যেতুম সেথানে বাজনা শিথতে। স্থরেনের বিলিতি মিউজিক পিয়ানো দব জানা ছিল, ভালো করে শিথেছিল, সে তে। তিন টপকায় মেরে দিলে। অঞ্চলাও কিছকালের মধ্যে কায়দাগুলো। কন্ত করে নিলেন। আমার আরু, যাকে বলে এসরাজের টিপ, সে টিপ আর দোরত হয় না। আঙ্লে কড়া পড়ে গেল, তার টেনে ধরে ধরে। বারে বারে চেষ্টা করছি টিপ দিতে, তার টেনে ধরে কান পেতে আছি কতক্ষণে ঠিক বে-স্বরটি দরকার সেইটি বেরিয়ে আসবে, হঠাং এক সময়ে খাঁয়া---ও করে শব্দ বেরিয়ে এল। ওন্তাদ হেদে বলত, হাঁ, এইবারে হল। আবার ঠিক না হলে মাঝে মাঝে ছড়ের বাড়ি পড়ত আমার আঙ্লে। প্রথম প্রথম আমি তো চমকে উঠতুম, এ কীরে বাবা। এমনি করে আমার এনরাজ শেখা চলছে, রীতিমতো হাতে নাড়া বেঁধে। ওস্তাদও পুরোদমে গুরুগিরি ফলাচ্ছে আমার উপরে। দেখতে দেখতে বেশ হাত খুলে গেল, বেশ স্থর ধরতে পারি এখন, যা বলে ওন্তাদ তাই বাজাতে পারি, টিপও এখন ঠিকই হয়। ওন্তাদ তো ভারি খুশি আমার উপর। তার উপর বড়োলোকের ছেলে, মাঝে মাঝে পেলামি (मरे, এकट्टे ভिक्टिकि (मर्थारे— अपन भागरतामत उपत नमत (जा अकट्टे থাকবেই। এই পেন্নামি দেবার দম্ভরমতো একটা উৎসরের দিনও ছিল। শ্রীপঞ্চমীর দিন একটা বড়ো রক্ষের জলদা হত প্রস্তাদের বাড়িতে। তাতে তার ছাত্ররা সবাই জড়ো হত, বাইরের অনেক ওতাদ শিল্পীরাও আসতেন। পেদিন ছাত্রদের ওন্তাদকে পেরামি দিয়ে পেরাম করতে হত। আমিও যাবার সময় পকেটে টাকাকড়ি নিয়ে যেতুম। অঞ্চনা স্থরেন গুরা এ-সব মানত না।

এসরাজ বাজাতে একেবারে পাকা হয়ে গেল্ম। চমৎকার টিপ দিতে পারি
এখন। শথ আমাকে এই পর্যন্ত টেনে নিয়ে গেল। আমরা যথন ছোটো
ছিল্ম মহবিদেব আমাদের কাছে গল্প করেছেন— একবার তাঁরও গান
শেখবার শথ হয়েছিল। বিডন দ্বীটে একটা বাড়ি ভাড়া করে ওস্তাদ রেথে
কালোয়াতী গান শিখতেন, গলা সাধতেন। কিন্তু তাঁর গলা তো আমরা
স্তনেছি— দে আর-এক রকমের ছিল, যেন মন্ত্র আওড়াবার গলা, গানের গলা
তাঁর ছিল বলে বোধ হয় না।

যে কথা বলছিলুম। দেখি সেই মামূলি গৎ, সেই মামূলি স্থর বাজাতে হবে বারে বারে। একটু এদিক-ওদিক যাবার জো নেই— গেলেই তো মুশকিল। কারণ, ওই-যে বললুম, ভিতরের থেকে শথ আদা চাই। আমার তা ছিল না, নতুন স্বর বাজাতে পারতুম না, তৈরি করবার ক্ষমতা ছিল না। অথচ বারে বারে ধরাবাঁধা একই জিনিদে মন ভরে না। সেই ফাঁকটা নেই যা দিয়ে গলে যেতে পারি, কিছু সৃষ্টি করে আনন্দ পেতে পারি। হবে কী করে— আমার ভিতরে নেই, তাই ভিতর থেকে এল না সে জিনিস। ভাবলুম কী -হবে ওন্তাদ হয়ে, কালোয়াতী হার বাজিয়ে। আমার চেয়ে আরো বড়ো ওন্তাদ আছেন দব- বাঁরা আমার চেয়ে ভালো কালোয়াতী স্থর বাজাতে পারেন। কিন্তু ছবির বেলা আমার তা হয় নি। বড়ো ওন্তাদ হয়ে গেছি এ কথা ভাবি নি- আমিও তাদের সঙ্গে পালা দেব, ছবির বেলায় হয়েছিল আমার এই শথ। ছবির বেলায় এই শথ নিয়ে আমি পিছিয়ে যাই নি কথনো। বড়োজাঠামশায় একবার আমার ছবি দেখে বললেন, হাা, হচ্ছে ভালো, বেশ, তবে গোটাকতক মান্টারপিদ প্রডিউদ করে। তা নইলে কী হল। এই-দব লোকের কাছ থেকে আমি এইরকম সার্টিফিকেট পেয়েছি। এখন বুঝি 'মান্টার' হতে হলে কভটা সাধনার দরকার। এথনো সেরকম মান্টারপিস প্রভিউদ করবার মতো উপযুক্ত হয়েছি কিনা আমি নিজেই জানি নে। বাজনাটা একেবারে ছেড়ে দিলুম না অবিশ্রিল কিন্তু উৎসাহও আরু তেমন রইল না। বাড়িতে অনেকদিন অবধি সংগীতচর্চা করেছি। রাধিকা গোঁসাই নিয়মমতো আদত। শ্রামস্থলরও এনে যোগ দিলে। শ্রামস্থলর ছিল কর্তাদের व्यामत्नतः। मा वनतन्न, व्यावात ७ क्न, त्यामात्नत मन-पेन था ध्याता শেথাবে। ওকে তোমরা বাদ দাও। আমি বললুম, না মা, ও থাক্,

গানবাজনা করবে। মদ থাব আমরা দে ভয় কোরো না। খামস্থানরও থেকে গেল। রোজ জলদা হত বাড়িতে। রবিকাকা গান করতেন, আমি তথন তাঁর দঙ্গে বদে তাঁর গানের দঙ্গে স্থর মিলিয়ে এসরাজ বাজাত্ম। ওইটাই আমার হত, কারো গানের দলে বে-কোনো স্থর হোক-না কেন, সহজেই বাজিয়ে যেতে পারতম। তথন 'থামথেয়ালি' হচ্ছে। একথানা ছোট্ট বই ছিল, লালরভের मलांहे, शास्त्र इहारहे। मःख्रुत्रन, द्वन श्रुकरहे करत स्वधा यात्र- नाना দেটিকে যত্ত করে বাঁধিয়েছিলেন প্রভাকে পাতাতে একথানা করে শাদা পাতা জড়ে, রবিকাকা গান লিখবেন বলে— কোথায় যে গেল সেই থাতাখানা, ভাতে অনেক গান তথনকার দিনের লেখা পাওয়া যেত। এ দিকে রবিকাকা গান দিগছেন নতুন নতুন, তাতে তথনই স্থর বদাচ্ছেন, আর আমি এদরাজে স্থর ধরছি। দিছুরা তথন দব ছোটো- গানে নতুন স্থর দিলে আমারই ডাক পড়ত। একদিন হয়েছে কী, একটা নতুন গান লিখেছেন, তাতে তথনই স্থর দিয়েছেন- আমি বেমন সঙ্গে সঙ্গে বাজিয়ে যাই, বাজিয়ে গেছি। স্থর-টুর मत्म ताथरण हरत, ७-मन जामातं जारम ना, जा ছाड़ा जा रवशानहे हश नि তথন। পরের দিনে যথন আমায় দেই গানের স্বরটি বাজাতে বললেন, আদি তো একেবারে ভূলে বদে আছি— ভৈরবী, কি, কী রাগিণী, কিছুই মনে আদছে না, মহা বিপদ। আমার ভিতরে তো স্থর নেই, স্থর মনে করে রাখব কী করে। কান তৈরি হয়েছে, হাত পেকেছে, যা শুনি সঙ্গে সঙ্গে বাজনায় ধরতে পারি, এই যা। এ দিকে রবিকাকাও গানে স্থর বদিয়ে দিয়েই পরে ভূলে যান। অন্ত কেউ স্থরটি মনে ধরে রাখে। রবিকাকাকে বললুম, কী যেন স্থরটি ছিল একটু একটু মনে আদছে। রবিকাকা বললেন, বেণ করেছ, তমিও ভলেছ আমিও ভলেছি। আবার আমাকে নতুন করে থাটাবে দেখছি। তার পর থেকে বাজনাতে স্থর ধরে রাখতে অভ্যেদ করে নিয়ে-ছিলুম, আর ভূলে থেতুম না। কিন্তু ওই একটি হার রবিক্লাকার আমি হারিয়েছি— কেউ আর পেলে না কোনোদিন, তিনিও পেলেন না।

গানটা আর আমার হল না। এই দেদিন কিছুকাল আগেই আমি রবি-কাকাকে বল্লুম, দেখো, আমি তো তোমার গান গাইতে পারি না, তোমার স্থর আমার গলায় আদে না, কিন্তু আমার প্রের বদি তোমার গান গাই, তোমার তাতে আপত্তি আছে? ধেমন আর্কিটং — উনি কথা দেন, আমি আ্যাক্টিং করি। তাই ভাবলুম, কথা যদি ওঁর থাকে আর আমার হ্বরে আমি গাই তাতে ক্ষতি কী। রবিকাকা বললেন, না, তা আর আপতি কী। তবে দেখো গানগুলো আমি লিখেছিলেম, হ্বরগুলোও দিয়েছি, দেগুলির উপর আমার মমতা আছে, তা নেহাত গাওই ধদি তবে তার উপর একটু মায়াদয়া রেখে গেয়ো।

দে সময়ে রবিকাকার গানের দঙ্গে আমাদের বাজনা ইত্যাদি খুব জমত। এই একতলার বড়ো ঘরটিতেই আমাদের জলদা হত রোজ। ঘণ্টার জ্ঞান থাকত না, এক-একদিন প্রায় সারারাত কেটে যেত। আমি এসরাজ বাজাতুম, মাটোর বাজাতেন পাথোয়াজ। ওই সময়ে একটা ডামাটিক ক্লাব হয়েছিল, তাতে রবিকাকা আমরা অনেকগুলি প্লে করেছিলুম। সে-দব পরে এক সময় বলব। তবে 'বিসর্জন' নাটক লেখার ইতিহাসটা বলি শোনো। তথন বর্ষা-কাল রবিকাক। আছেন পরগনায়। দাদা অরুদা আমরা কয়জনে, একটা কী নাটক হয়ে গেছে, আর-একটা নাটক করব তার আয়োজন করছি। 'বউ-ঠাকুরানীর হাট'এর বর্ণনাগুলি বাদ দিয়ে কেবল কথাটুকু নিয়ে খাড়া করে তুলেছি নাটক করব। ঝুপ্ঝুপ্রষ্টি পড়ছে, আমরা দব তাকিয়া বুকে নিয়ে এই-সব ঠিক কর্ছি- এমন সময় রবিকাকা কী একটা কাজে ফিরে এসে-(छन। जिनि वलालन, प्राथि की श्रष्ट । थाजांगे निरम्न निर्मित, प्राथि वलालन, ना. ७ ठनत ना- जामि निरम याच्छि थाजांगे, भिनारेम्टर तरम निरथ जानत, তোমরা এখন আর-কিছু কোরো না। যাক, আমরা নিশ্চিন্ত হলুম। এর কিছদিন বাদেই রবিকাকা শিলাইদহে গেলেন, আট-দশ দিন বাদে ফিরে এলেন, 'বিদর্জন' নাটক তৈরি। এই রথীর ঘরেই প্রথম নাটকটি পড়া হল. আমরা সব জড়ো হলুম— তথনই সব ঠিক হল, কে কী পার্ট নেবে, রবিকাকা কী সাজবেন। হ. চ. হ.-র উপর ভার পড়ল স্টেজ সাজাবার, সীন আঁকবার। আমিও তার সঙ্গে লেগে গেলুম। এক সাহেব পেণ্টার জোগাড় করে আনা গ্রেল, সে ভালো সীন আঁকতে পারত, ইলোরা কেভ থেকে থাম-টাম নিয়ে কালী-মন্দির হল। মোগল পেন্টিং থেকে রাজ্যতা হল। কোনো কারণে ডামাটিক क्रांव छेट्ठं शिन, शदत खनदा। তবে অনেক हांनात होका अभा दत्रव शिन। এখন এই টাকাগুলো নিয়ে কী করা বাবে পুরামর্শ হচ্ছে। আমি বলনুম, কী আর হবে, ড্রামাটিক ক্লাবের আদ্ধ করা যাক এই টাকা দিয়ে একটা ভোজ

লাগাও। ধুমধামে ড্রামাটিক ক্লাবের প্রাদ্ধ স্থসম্পন্ন করা গেল — এ হচ্ছে 'থাম-থেয়ালি'র অনেক আগে। ভামাটিক ক্লাবের আছে রীতিমত ভোজের ব্যবস্থা হল, হোটেলের খানা। 'বিনি পয়দার ভোজ'এর মধ্যে আমাদের দেইদিনটার মনের ভাব কিছু ধরা পড়েছে। এই শ্রাদ্ধবাদরে দ্বিজুবাবু নতুন গান রচনা করে আনলেন 'আমরা তিনটি ইয়ার' এবং 'নতুন কিছু করো'। দ্বিজুবারু আমাদের দলে দেই দিন থেকে ভরতি হলেন। এই প্রাদ্ধের ভোজে 'নিয়া -পোলিটান জীম' এমন উপাদেয় লেগেছিল যে আজও তা ভূলতে পারি নি —ঘটনাগুলো কিন্তু প্রায় মুছে গেছে মন থেকে। ওই বিনি পয়সার ভোজের মতোই কাঁচের বাদনগুলো হয়ে গিয়েছিল চকচকে আয়না, মাটনচপের হাড়-গুলো হয়েছিল হাতির দাঁতের চ্যিকাঠি, এ আমি ঠিকই বলছি। এই সভাতেই খামথেয়ালি সভার প্রস্থাব করেন রবিকাকা। সভার সভ্য থাকে-তাকে নেওয়া নিয়ম ছিল না, কিংবা সভাপতি প্রভতির ভেজাল ছিল না। ভালো কতক পাকা থামথেয়ালি তারাই হল মজলিশী সভা, বাকি সবাই আসতেন নিমন্তিত হিসেবে। প্রত্যেক মজলিণী সভ্যের বাডিতে একটা করে মাদে মাদে অধিবেশন হত। নতুন লেগা, অভিনয়, কত কী হত তার ঠিক নেই, সঠিক বিবরণও নেই কোথাও। কেবল চোঁতা কাগজে ঘটনাবলীর একটু একটু ইতিহাস টোকা আছে।

বাজনার চর্চা আমি অনেকদিন অবধি রেখেছিলুম। এক সময়ে দেখি ভেঙে গেল। স্পৃষ্ট মনে পড়ছে না কেন। খ্যামহন্দর চলে গেল, রাধিকা গোঁশাই সমাজে কাজ নিলে, আর আসে না কেউ, দিহু তথন গানবাজনা করে, কলকাতায় প্রেগ, মহামারী, তার পরে এল স্বদেশী হজুগ। ঠিক কিসে যে আমার বাজনাটা বন্ধাহল তা মনে পড়ছে না।

তথন এক সময়ে হঠাং দেখি সবাই স্থাদেশী ছছুগে মেতে উঠেছে। এই স্থাদেশী ছছুগটা যে কোথা থেকে এল কেউ আমরা তা বলতে পারি নে। এল এইমাত্র জানি, আর তাতে ছেলে বুড়ো মেয়ে, বড়োলোক মুটে মজুর, সবাই মেতে উঠেছিল। সবার ভিতরেই যেন একটা তাগিদ এসেছিল। কিন্তু কে দিলে এই তাগিদ। সবাই বলে, হকুম আয়া। আরে, এই হকুমই বা দিলে কে, কেন। তা জানে না কেউ, জানে কেবল—হকুম আয়া। তাই মনে হয়্ন এটা সবার ভিতর থেকে এপেছিল— রবিকাকাকে ভিজেদ করে

দেখতে পারো, তিনিও বোধ হয় বলতে পারবেন না। কে দিল এই তাগিদ, কোখেকে এল এই স্বদেশী হুছুগ। আমি এখনো ভাবি, এ একটা রহস্ম। বোধ হয় ভূমিকম্পের °পরে একটা বিষম নাড়াচাড়া— সব ওলোটপালোট হয়ে গেল। বড়ো-ছোটো মূটে-মজুর দব যেন এক ধাকায় জেগে উঠল। তথনকার স্বদেশী যুগে এখনকার মতো মারামারি ঝগড়াঝাঁটি ছিল না। তখন স্বদেশীর একটা চমৎকার ঢেউ বয়ে গিয়েছিল দেশের উপর দিয়ে। এমন একটা ঢেউ যাতে দেশ উর্বরা হতে পারত, ভাঙত না কিছু। স্বাই দেশের জন্ত ভারতে শুরু করলে— দেশকে নিজস্ব কিছু দিতে হবে, দেশের জন্ম কিছু করতে হবে। আমাদের দলের পাণ্ডা ছিলেন রবিকাকা। আমরা দব একদিন জুতোর দোকান খুলে বদলুম। বাড়ির বুড়ো সরকার খুঁতথুঁত করতে লাগল, বলে, বারুরা ওটা বাদ দিয়ে লদেশী কঞ্ন-না- জুভোর দোকান খোলা, ও-দ্ব কেন আবার। মন্ত দাইনবোর্ড টাঙানো হল দোকানের সামনে— 'স্বদেশী ভাণ্ডার'। ঠিক হল স্বদেশী জিনিস ছাড়া আর কিছ থাকবে না দোকানে। বলু খুব থেটেছিল— নানা দেশ ঘুরে যেথানে যা স্বদেশী জিনিদ পাওয়া যায় — মায় পায়ের আলতা থেকে মেয়েদের পায়ের জুতো দব-কিছু জোগাড় করেছিল, তার ওই শথ ছিল। পুরোদমে দোকান চলছে। শুধু কি দোকান— জায়গায় জায়গায় পল্লীসমিতি গঠন হচ্ছে। প্লেগ এল, দেবাদমিতি হল, তাতে দিন্টার নিবেদিতা এদে যোগ দিলেন। চারি দিক থেকে একটা দেলফ স্থাক্রিফাইদের ও একটা আত্মীয়তার ভাব এসেচিল স্বার মনে।

পশুপতিবাবুর বাড়ি যাছি, মাতৃভাগ্রার স্থাই হবে — ত্যাশনাল ফণ্ড — টাকা তুলতে হবে। ঘোড়ার গাড়ির ছাদের উপর মস্ত টিনের ট্রান্ধ, তাতে সাদা রঙে বড়ো বড়ো অক্ষরে লেথা — মাতৃভাগ্রার। সবাই টাদা দিলে — একদিনে প্রায় পঞ্চাশ-ষাট হাজার টাকা উঠে গিয়েছিল মায়ের ভাগ্যারে। অনেক সাহেবস্থবোও ব্যাপার দেখতে ছুটেছিল, তারাও টুপি উড়িয়ে বন্দেমাতরম্ রব তুলেছিল থেকে থেকে। তারা পুলিদের লোক কি খর্রের কাগজের রিপোর্টার তা কে জানে।

রামকেষ্টপুরের রেলের কুলিরা থবর দিলে, বাবুরা যদি আদেন আমাদের কাছে তবে আমরাও টাকা দেব। আমরা রবিকাকা দবাই ছুটলুম। তথন বর্ধাকাল— একটা টিনের ঘরে আমাদের আডো হল। এক মৃহরি টাকা গুণে
নিলে। অভটুকু টিনের ঘরে তো মিটিং হতে পারে না। রুপ্ রুপ্ বৃষ্টি
পড়ছে— বাইরে দারি দারি রেলগাড়ির নীচে শতরঞ্জি বিছিয়ে বক্তা হচ্ছে
আর আমি ভাবছি— এই দমন্ত্রেই যদি ইঞ্জিন এদে মালগাড়ি টানতে শুক করে তবেই গেছি আর কি। এই ভাবতে ভাবতে একটা কুলি এদে থবর দিলে দত্যিই একটা ইঞ্জিন আসছে। স্বাই হুড়দাড় করে উঠে পড়লুম।
শ-খানেক টাকা সেই কুলিদের কাছ থেকে পেয়েছিল্ম।

ভূমিকশ্লের বছর দেটা, নাটোর গেলুম সবাই মিলে, প্রোভিন্মিরাল কনফারেন্স হবে। নাটোর ছিলেন রিসেপশন কমিটির প্রেসিডেণ্ট। সেথানে রবিকাকা প্রস্তাব করলেন, প্রোভিন্মিয়াল কন্ফারেন্স বাংলা ভাষায় হবে-বঝবে সবাই। আমরা ছোকরারা ছিল্ম রবিকাকার দলে। বলল্ম, হা। এটা হওয়া চাই যে করে হোক। তাই নিয়ে চাঁইদের সঙ্গে বাধল— তাঁর। কিছুতেই খাড় পাতেন না। চাঁইরা বললেন, যেমন কংগ্রেসে হয় সব বজ্ঞা-টক্ততা ইংরেজিতে তেমনই হবে প্রোভিন্মিয়াল কন্টারেন্দে। প্যাণ্ডেলে গেলম, এখন যে'ই বক্ততা দিতে উঠে দাঁড়ায় আমরা একসঙ্গে চেঁচিয়ে উঠি. বাংলা, বাংলা। কাউকে আর মুধ খুলতে দিই না। ইংরেজিতে মুথ খুললেই 'বাংলা' 'বাংলা' বলে চেঁচাই। শেষটায় চাঁইদের মধ্যে অনেকেই বাগ মানলেন। লালমোহন ঘোষ এমন ঘোরতর সাহেব, তিনি ইংরেজি ছাড়া কখনো বলতেন না বাংলাতে, বাংলা কইবেন এ কেউ বিশ্বাস করতে পারত না— তিনিও শেষে বাংলাতেই উঠে বক্তৃত। করলেন। কী ফুলর বাংলায় বক্তৃতা করলেন তিনি, যেমন ইংরেজিতে চমৎকার বলতে পারতেন বাংলা ভাষায়ও তেমনি। অমন আর শুনি নি কখনো। যাক, আমাদের তো জন্মজন্মকার। বাংলা ভাষার প্রচলন হল কনফারেনে। সেই প্রথম আমরা বাংলা ভাষার জন্ম লডলম। ভূমিকম্পের যে গল্প বলব তাতে এ-সব কথা আরো খোলসা করে শুনবে।

আমি আঁকলুম ভারতমাতার ছবি। হাতে অন্নবন্ধ বরাভন্ধ এক জাপানি আর্টিন্ট দেটিকে বড়ো করে একটা পতাকা বানিমে দিলে। কোথায় যে গেল পরে পতাকাটা, জানি নে। যাক বিকাকা গান তৈরি করলেন, দিল্লর উপর ভার পড়ল, যে দলবল নিয়ে সেই পতাকা ঘাড়ে করে সেই গান গেয়ে গেয়ে চোরবাগান ঘুরে টাদা তুলে নিয়ে এল। তথন সব খদেশের

কাজ খনেশী ভাব এই ছাড়া আর কথা নেই। নিজেদের সাজসজ্জাও বদলে ফেললুম। এই সাজসজ্জার একটা মজার গল বলি শোনো।

তথনকার কালে ইঞ্চবঙ্গদমাঞ্জের চাঁই ছিলেন সব— নাম বলব না তাঁদের, মিছেমিছি বন্ধমান্ত্র্যদের চটিয়ে দিয়ে লাভ কী বলো। তথনকার কালে ইঙ্গবঙ্গসমাজ কী রকমের ছিল ধারণা করতে পারবে খানিকটা। একদিন সেই ইঙ্গবঙ্গসমাজে একটা পার্টি হবে. আমাদেরও নেমন্তর। কী দাছে যাওয়া যায়। রবিকাকা বললেন, সব ধৃতি-চাদরে চলো। পরলুম ধৃতি-পাঞ্জাবি, পায়ে দিলুম শুঁড়তোলা পাঞ্জাবী চটি। এখন খালি পায়ে কী করে যাই। চেয়ে দেখি রবিকাকার পায়ে মোজা, আমরাও চটপট মোজা পরে নিলুম। যাক, মোজা পরে যেন অনেকটা নিশ্চিস্ত হওয়া গেল, তথনকার দিনে মোজা ছাড়া চলা, দে একটা ভয়ানক অসভ্যতা। আমি, দাদা, সমরদা ও রবিকাকা সেজেগুলে तक्ता हलाम, नवाई आमता मत्म भाग ভावछि, देशवास्त्र किलास की तक्म অভ্যর্থনা হবে, ভেবে একটু একটু হৎকম্পত হচ্ছে। কিছু দূর গেছি, দেখি রবিকাকা হঠাৎ এক-এক টানে ছ-পায়ের মোলাছটো খুলে গাড়ির পাদানিতে ছ ए एक किलन। जामारमंत्र वनतनन, जात त्यां जा तकन, ७ थूल एक ला; আগাগোড়া দেশী সাজে যেতে হবে। আমরাও তাই করলুম, সেই গাড়িতে বদেই যার যার পা থেকে মোজা খুলে ফেলে দিলুম। পার্টি বেশ জমে উঠেছে, এমন সময়ে আমরা চার মৃতি গিয়ে উপস্থিত। আমাদের সাজসজ্জা দেখে স্বার মূথ গন্তীর হয়ে গেল, কেউ আর কথা কয় না। অনেকে ছিলেন আমাদের বিশেষ বন্ধ- আমাদের পরিবারের বন্ধ। কিন্তু স্বাই গভীর মুখে ঘাড় সোজা করে রইলেন, আমাদের দিকে ফিরে চাইলেন না আর। রবিকাকা চুপ করে রইলেন, কিছু বললেন না। আমরা বলাবলি করলুম একট চোথ টিপে. রেগেছে, এরা খুব রেগেছে দেখছি। রেগেছে তো রেগেছে, কী **আ**র করা যাবে— আমরা চুপ, দব-শেষের বেঞ্চিতে বদে রইলম। পার্টির শেষে কী একটা অভিনয় ছিল, দিল্ল দেজেছিল বুদ্ধদেব, তা দেখে বাড়ি ফিরে এলুম। পরে खरनिह उँता नाकि थूर ठाउँ शिरप्रहिलन, रालाइन, এ की तक्य रात्रात, এ কী অসভ্যতা, লেডিজদের সামনে দেশী সাজে আসা, তার উপর খালি পায়ে, মোজা পর্যন্ত না, ইত্যাদি দব। দেই-যে আমাদের ভাশনাল ডেুদ নাম হল, তা আর ঘূচল না। কিছুকাল বাদে দেখি বাইরেও স্বাই সেই সাজ ধরতে আরম্ভ

করেছে। এমন-কি, বিলেতফেরতারা ফেমে ফ্রমে ধুতি পরতে শুক করনে।
শামাদের কালে বিলেতফেরতাদের নিষম ছিল ধুতি বর্জন করা। আমাদের
তো আর-কিছু ছিল না, ছিল কেবল মোজা, তাও সেই যে মোজা বর্জন
করলুম আর ধরি নি কখনো। দেখো দিকিনি, এখনো বোধ হয় রবিকাকা
মোজা পরেন না। তাশনাল ড্রেস নাম হল কংগ্রেস থেকে। রবিকাকা
বলনেন কংগ্রেসকে ভাশনালাইজ করতে হবে। কলকাতায় সেবার কংগ্রেস
হয়, দেশ-বিদেশের নেতারা এমেছিলেন খনেকেই। কর্তাদের শথ হল,
এইখানেই সেই অভিথি-অভ্যাগতদের একটা পার্টি দিতে হবে। ঠিক হল
স্বাই তাশনাল ড্রেস আসবে। আমি বলি, সে কী করে হবে। রবিকাকা
বললেন, না, তা হতেই হবে। তিনি নিমন্ত্রপারে ছাণিয়ে দেওয়ালেন: all
must come in national dress। তাতে একটা বিষম হৈ-চৈ পড়ে গেল
ইল্পবল্পনাজের চাইদের মধ্যে।

তখনকার সেই স্বদেশী যুগে ঘরে দরে চরকা কাটা, তাঁত বোনা, বাড়ির গিন্ধি থেকে চাকরবাকর দাসদাসী কেউ বাদ ছিল না। মা দেখি একদিন ঘড়বড় করে চরকা কাটতে বসে পেছেন। মার চরকা কাটা দেখে হ্যাভেল সাহেব তাঁর দেশ থেকে মাকে একটা চরকা আনিয়ে দিলেন। বাড়িতে তাঁত বসে গেল, খটাখট শব্দে তাঁত চলতে লাগল। মনে পড়ে এই বাগানেই স্থতো রোদে দেওরা হত। ছোটো ছোটো গামছা ধুতি তৈরি করে মা আমাদের দিলেন— সেই ছোটো ধৃতি, হাঁটুর উপর উঠে যাচ্ছে, ভাই প'রে আমাদের উৎসাহ কত।

একদিন রাজেন মরিকের বাড়ি থেকে ফিরছি, পল্লীসমিতির মিটিঙের পর, রাস্তার মোড়ে একটা মূটে মাথা থেকে মোট নামিয়ে সেলাম করে হাতে পরসাকিছু গুঁজে দিলে, বললে, আজকের রোজগার। একদিনের দ্ব রোজগার স্বদেশের কাজে দিয়ে দিলে। মূটেমজ্রদের মধ্যেও কেমন একটা ভাব এসেছিল স্বদেশের জন্ম কিছু করবার, কিছু দেবার।

রবিকাকা একদিন বললেন, রাথীবন্ধন-উৎসব করতে হবে আমাদের, সবার হাতে রাথী পরাতে হবে। উৎসবের মন্ত্র অনুষ্ঠান সব জোগাড় করতে হবে, তথন তো তোমাদের মতো আমাদের আর বিধুশেগর শান্ত্রীমশায় ছিলেন না, ক্ষিতিমোহনবাবুও ছিলেন না কিছু-একটা হলেই মন্ত্র বাৎলে দেবার। কী করি,

থাকবার মধ্যে ছিলেন ক্ষেত্রমোহন কথক ঠাকুর, রোজ কথকতা করতেন আমাদের বাভি, কালো মোটাদোটা তিলভাগ্রেখরের মতো চেহারা। তাঁকে गिरा धतन्म, ताशीवसन-उरमत्वत अकृती अकृतान वार्तन पिर्ट इत। जिनि थुद थुनि ७ छैश्मारी रुद्ध छैर्रलन, दनलन, व आमि नीजिए जूल (मद, পাঁজির লোকদের দঙ্গে আমার জানাশোনা আছে, এই রাথীবন্ধন-উৎসব পাজিতে থেকে যাবে। ঠিক হল সকালবেলা স্বাই গন্ধায় স্থান করে স্বার হাতে রাখী পরাব। এই সামনেই জগনাথ ঘাট, সেখানে যাব- রবিকাকা वललन, मुवाई (इंटि याव, शाफिरयाफ। नग्न। की विश्रम, आमात आवात হাঁটাহাঁটি ভালো লাগে না। কিন্তু রবিকাকার পালায় পড়েছি, তিনি তো किছ अन्तर्यन ना। को आंत्र कति— (इंटि स्थए र यथन इत्त, চाकतरक বললুম, নে দব কাপড়-জামা, নিয়ে চল দলে। তারাও নিজের নিজের গামছা निरंत्र ठनन चारन, मनिव ठांकत अकमान मव चान रहत। त्रध्ना रुन्म मवारे গঙ্গাঝানের উদ্দেখ্যে, রাস্তার তুধারে বাভির ছাদ থেকে আরম্ভ করে ফুটপাথ অবধি লোক দাঁড়িয়ে গেছে—মেয়েরা থৈ ছড়াচ্ছে, শাঁক বাজাচ্ছে, মহা ধুমধাম— যেন একটা শোভাষাত্রা। দিয়ত ছিল দঙ্গে, গান গাইতে গাইতে রাস্তা দিয়ে মিছিল চলল—

> বাংলার মাটি, বাংলার জল, বাংলার বায়ু, বাংলার ফল—_ ´ পুণা হউক, পুণা হউক, পুণা হউক হে ভগবান॥

এই গানটি সে সময়েই তৈরি হয়েছিল। ঘাটে সকাল থেকে লোকে লোকারণা, রবিকাকাকে দেখবার জন্ম আনাদের চার দিকে ভিড় জমে গেল। আন সারা হল— সঙ্গে নেওয়া হয়েছিল এক গাদা রাখী, সবাই এ ওর হাতে রাখী পরালুম। অন্তরা যারা কাছাকাছি ছিল তাদেরও রাখী পরানো হল। হাতের কাছে ছেলেমেয়ে যাকে পাওয়া যাছে, কেউ বাদ পড়ছে না, স্বাইকে রাখী পরানো হছে। গলার ঘাটে সে এক ব্যাপার। পাথুরেঘটা দিয়ে আসছি, দেখি বীক্ মলিকের আহাবলে কতকগুলো সহিস্ ঘোড়া মলছে, হঠাং রবিকাকারা হ'া করে কেঁকে গিয়ে ওদের হাতে রাখী পরিয়ে দিলেন। ভাবলুম রবিকাকারা করলেন কী, ওরা যে ম্দলমান, ম্দলমানকে রাখী পরালে—এইবারে একটা মারপিট হবে। মারপিট আর হবে কী। রাখী

পরিয়ে আবার কোলাক্লি, সহিসগুলো তো হতভং, কাগু দেখে। আসছি, হঠাৎ রবিকাকার খেয়াল গেল চিৎপুরের বড়ো মসজিদে গিয়ে সবাইকে রাখী গরাবেন। হুকুম হল, চলো সব। এইবারে বেগতিক— আমি ভাবলুম, গেলুম রে বাবা, মসজিদের ভিতরে গিয়ে মুসলমানদের রাখী পরালে একটা রক্তারজি ব্যাপার না হয়ে যায় না। তার উপর রবিকাকার খেয়াল, কোথা দিয়ে কোথায় খাবেন আর আমাকে ইাটিয়ে মারবেন। আমি করলুম কী, আর উচ্চবাচ্য না করে ঘেই-না আমাদের গলির মোড়ে মিছিল পৌছানো, আমি সট্ করে একেবারে নিজের হাতার মধ্যে প্রবেশ করে হাঁফ ছেড়ে বাঁচলুম। রবিকাকার ধেয়াল নেই— সোজা এগিয়েই চললেন মসজিদের দিকে, সক্ষে ছিল দিয়, স্রেন, আরো সব ভাকাব্রো লোক।

এ দিকে দীপুদাকে বাড়িতে এদে এই থবর দিলুম, বললুম, কী একটা কাণ্ড হয় দেখো। দীপুদা বললেন, এই বে, দিছও গেছে, দারোয়ান দারোয়ান, যা শিগগির, দেখ কী হল— বলে মহা টেচামেচি লাগিয়ে দিলেন। আমরা সব বদে ভাবছি— এক ঘণ্টা কি দেড় ঘণ্টা বাদে রবিকাকার। সবাই দিরে এলেন। আমরা স্বেনকে দৌড়ে গিয়ে জিজ্ঞেদ করলুম, কী, কী হল সব তোমাদের। স্বায়ন মেন কেটে কেটে কথা বলে, বললে, কী আর হবে, গেলুম মদজিদের ভিতরে, মৌলবী-টোলবী যাদের পেলুম হাতে রাখী পরিয়ে দিলুম। আমি বললুম, আর মারামারি। স্ববেন বললে, মারামারি কেন হবে— ওরা একটু হাদলে মাত্র। যাকৃ, বাঁচা গেল। এথন হলে—এথন যাওতো দেখি, মদজিদের ভিতরে গিয়ে রাখী পরাও তো— একটা মাথা-ফাটাফাটি কাণ্ড হয়ে যাবে।

তথন পুলিদের নজর যে কিছুই নেই জামাদের উপরে, তা নয়। একবার জামাদের উপরের দোতলার হলে একটা মিটিং হচ্ছে, রাথীবদ্ধনের আগের দিন রাত্তিরে, উৎসবের কী করা হবে তার আলোচনা চলছিল। সেদিন ছিল বাড়িতে অরন্ধন, শান্ত্র থেকে সব নেওয়া হয়েছিল তো! মেয়েরা সেবারে দেশ-বিদেশ থেকে ফোঁটা রাথী পাঠিয়েছিল রবিকাকাকে। হ্যা, মিটিং তো হচ্ছে— তাতে ছিলেন এক ডেপুটিবাব্। আমাদের সে-সব মিটিঙে কারো আসবার বাধা ছিল না। খুব জোর মিটিং চলছে, এমন সময়ে দারোয়ান থবর দিলে, পুলিস সাহেব উপর আনে মাঙ্ডা।

দব চুপ, কারো মৃথে কোনো কথা নেই। রবিকাকা দারোয়ানকে বললেন, যাও, পুলিদ দাহেবকে নিয়ে এদো উপরে।

ভেপ্টিবাব্র অভ্যেস ছিল, দব সময়ে তিনি হাতের আঙ্লগুলি নাড়তেন আর এক ছুই তিন করে জপতেন। তাঁর কর-জপা বেড়ে গেল পুলিস সাহেবের নাম গুনে। তাড়াতাড়ি উঠে পড়ে বললেন, আমার এথানে তো আর থাকা চলবে না। পালাবার চেষ্টা করতে লাগলেন, বেড়ালের নাম গুনে যেমন ইছুর পালাই-পালাই করে। আমি বললুম, কোথায় যাছেন আপনি, সিঁড়ি দিয়ে নামলে তো এখুনি সামনাসামনি ধরা পড়ে যাবেন। তিনি বললেন, তবে, তবে— করি কী উপায় ? আমি বললুম, এক উপায় আছে, এই ডুসিং-কমে চুকে পড়ে ভিতর থেকে দরজা বন্ধ করে থাকুন গে। ভত্রলোক তাড়াভাড়ি উঠে তাই করলেন—ডুসিং-কমে চুকে দরজা বন্ধ করে দিলেন। রবিকাকা মুখ টিপে হামলেন। দারোয়ান ফিরে এল— জিজ্ঞেদ করলুম, পুলিস সাহেব কই। দারোয়ান বললে, পুলিস সাহেব সব পুহুকে চলা গয়া। পুলিস জানত দব, আমাদের কোনো উপত্রব করত না, যে যা সিটং করতাম—পুলিস এদেই খোঁজখবর নিয়ে চলে যেড, ভিতরে আরে আসত না কথনো।

বেশ চলছিল আমাদের কাজ। মনে হচ্ছিল এবারে যেন একটা ইন্ডাট্রিয়াল রিডাইভাল হবে দেশে। দেশের লোক দেশের জন্ম ভারতে শুরু
করেছে, দবার মনেই একটা তাগিদ এসেছে, দেশকে নতুন একটা-কিছু দিতে
হবে। এমন সময়ে সব মাটি হল যথন একদল নেতা বললেন, বিলিতি জিনিদ
বয়কট করো। দোকানে দোকানে তাদের চেলাদের দিয়ে ধরা দেওয়ালেন,
কেন কেউ না গিয়ে বিলিতি জিনিদ বিনতে পারে। রবিকাকা বললেন, এ
কী, যার ইচ্ছে হয় বিলিতি জিনিদ বারহার করবে, যার ইচ্ছে হয় করবে
না। আমাদের কাজ ছিল লোকের মনে আন্তে আন্তে বিখাদ চুকিয়ে
দেওয়া— জারজবরদন্তি করা নয়। মাড়োয়ারি দোকানদার এসে হাতেপায়ে ধরে অনেক টাকা দিয়ে এ বছরের বিলিতি মালগুলো কটাবার ছাড়
চাইলে। নেতারা কিছুতেই মানলেন না। রবিকাকা বলেছিলেন এদের
এক বছরের মতো ছেড়ে দিতে— মিছেমিছি দেশের লোকদের লোকদান
করিয়ে কী হবে। নেতারা সে স্পরামর্শে কর্ণপাত করলেন না। বিলিতি
বর্জন শুল, বিলিতি কাপড় পোড়ানো হতে লাগল, পুলিদও ক্রেমে নিজমুতি

ধরল। টাউন হলে পাবলিক মিটিঙে খেদিন হুরেন বাঁড়ুজে বয়কট ডিক্লেগার করলেন রবিকাকা তখন থেকেই স্পষ্ট বুঝিয়ে দিলেন, তিনি এর মধ্যে নেই।

গেল আমাদের স্বদেশী যুগ ভেঙে। কিন্তু এই যে স্বদেশী যুগে ভাবতে
শিথেছিলুম, দেশের জন্ম নিজস্ব কিছু দিতে হবে, সেই ভাবটিই ফুটে বের হল
আমার ছবির জগতে। তথন বাজনা করি, ছবিও আঁকি— গানবাজনাটা
আমার ভিতরে ছিল না, সেটা গেল— ছবিটা রইল।

ছবি দেশীমতে ভাবতে হবে, দেশীমতে দেখতে হবে। রবিবর্ষাও তো দেশীমতে ছবি এ কৈছিলেন, কিন্তু বিদেশী ভাব কাটাতে পারেন নি, দীতা দীড়িয়ে আছে ভিনাদের ভঙ্গীতে। সেইবানে হল আমার পালা। বিলিতি পোর্টেট আঁকত্ম, ছেড়েছুড়ে দিয়ে পট পটুয়া জোগাড় করল্ম। যে দেশে যা-কিছু নিজের নিজের শিল্প আছে, দব জোগাড় করল্ম। যত রকম পট আছে দব স্টাভি করল্ম, দেই খাতাটি এখনো আমার কাছে।

তার পর দেশীমতে দেশী ছবি আঁকতে শুক্ত করলুম। এক-এক সময়ে এক-একটা হাওয়া আদে, ধীরে ধীরে আপনিই চালিয়ে নিয়ে যায়। দড়িদড়া ছিঁড়ে বাঁপিয়ে পড়লুম, নৌকো দিলুম খুলে প্রোতের মুখে। বিলিতি আটদ্র করে দিয়ে দেশী আটি ধরলুম। তার পর হুদেশী যুগ, দেশের আবহাওয়া, এ-সব হুচ্ছে স্থবাতাদ। দেই স্থবাতাদ ধীরে ধীরে নৌকো এগিয়ে নিয়েচলল।

দেখি আমাদের দেশী দেবদেবীর ছবি নেই। নন্দলালদের দিয়ে আমি তাই নানান দেবদেবীর ছবি আঁকিয়েছি। আর্ট স্টুডিয়ো থেকে যা-সব-দেবদেবীর ছবি বের হত তথন! আমি বলল্ম নন্দলালকে, আঁকো যমরাজ, অগ্নিদেবতা, আরো দব দেবতার ছবি, থাকুক এক-একটা 'ক্যারেক্টার' লোকের: চোথের দামনে। আমার আবার দেবতার ছবি ভালো আদে না, যা রুক্ষচরিত্র করেছিল্ম তাও ভিতর থেকে ওটা কী রকম থেলে গিয়েছিল ব'লে। নায়তো আমার ভালো দেবদেবীর ছবি নেই। তা নন্দলালরা বেশ কতকগুলো দেবতার ছবি এঁকে গিয়েছে, লোকেরা নিয়েছেও তাঁ। ছবি আঁকবার আমার আর-একটা মূল উদ্দেশ্ড ছিল যে, ছবি আঁকা এমন সহজ করে দিতে হবে যাতে সব ছেলেমেয়েরা নির্ভয়ে এঁকে যাবে। তথন আর্ট শেথা ছিল মহা ভয়ের: ব্যাপার। সেটা আমার যনে লেগেছিল। তাই ভেবেছিল্ম এই ভঙ্ক

ঘোচাতে হবে, ছবি আঁকা এত সহজ করে দেব। কারণ এটা আমি নিজে অন্তভ্র করেছি আমার ভাষার বেলায়। রবিকাকা আমাকে নির্ভয় করে দিয়েছিলেন। তা. আমিও ছবি আঁকার বেলায় নির্ভয় তো করে দিল্ম, দিয়ে এখন আমার ভয় হয় যে কী করলুম। এখন যা-সব নির্ভয়ে ছবি আঁকা শুক করেছে, ছবি এ কৈ আনছে— এ যেন সেই ব্রন্ধার মতো। কী যেন একটা গল্ল আছে যে বন্ধা একবার কোনো একটি রাক্ষস তৈরি করে নিজেই প্রাণভয়ে অম্বর, রাক্ষ্ম তাঁকে থেতে চায়। ভাবি, আমার বেলায়ও তাই হয় বা। আমার ছবির মূল কথা ছিল, ওই আর্টকে নিজের করতে হবে. পার ?— দহজ করতে হবে। আমি তো বলি যে আটের তিনটে স্তর তিনটে মহল আছে—একতলা, দোতলা, তেতলা। একতলার মহলে থাকে দাসদাসী ভারা দব জিনিদ তৈরি করে। ভারা দাভিদ দেয়, ভালো রামা করে দেয়, ভালো আদবাব তৈরি করে দেয়। ভারা হচ্ছে দার্ভার, মানে ক্র্যাক্ট্নম্যান— ভারা একতলা থেকে সব-কিছু করে দেয়। দোতলা হচ্ছে বৈঠকথানা। দেখানে থাকে ঝাডলর্গন, ভালো পর্দা, কিংথাবের গদি, চার দিকে দব-কিছ-ভালো ভালো জিনিদ, যা তৈরি হয়ে আদে একতলা থেকে দোতলার বৈঠকথানায় দে-দব লাজানো হয়। দেখানে হয় রদের বিচার, আদেন দব বড়ো বড়ো রসিক পণ্ডিত। সেথানে সব নটীর নাচ, ওন্তাদের কালোয়াতি গান, রদের ছড়াছভি-- শিল্পদেবতার দেই হল খাদ-দরবার। তেতলা হচ্ছে অন্দরমহল, মানে অন্তরমহল। দেখানে শিল্পী বিভোর, দেখানে সে মা হয়ে শিল্পকে পালন করছে, দেখানে দে মক্ত, ইচ্ছেমত শিশু-শিল্পকে দে আদর করছে, সাজাচ্ছে।

আটের আছে এই তিনটে মহল। এই তিনটি মহলেরই দরকার আছে।
নীচের তলার ক্যাফ্ট্স্মানেরও দরকার, তারা দব জিনিদ তৈরি করে দেবে
দোতলার জন্ত। তালো রামা করে দেবে, নয়তো দোতলায় তুমি রিদিকজনদের
ভালো জিনিদ থাওয়াবে কী করে। দোতলায় হয় রদের বিচার। আর
তেতলায় হচ্ছে মায়ের মতো শিশুকে পালন করা। গাছের শিক্ড বেমন থাকে
মাটির নীচে, আর ডালের ডগায় কচি পাতাটি যেমন হাত বাড়িয়ে থাকে
আলোবাতাদের দিকে, তেতলা হচ্ছে তাই। এখন দেখতে হবে কাদের কোন্
তলায় ঠাই। সব মহলেই জিনিয়াদ তৈরি হতে পারে, জিনিয়াদের ঠাই-

হতে পারে। এইভাবে যদি দেখতে শেখ তবেই সব সহজ হয়ে যাবে। এই বে রবিকাকা আজকাল ছোটো ছোটো গল্প লিখছেন, এ হছে ওই তেতলার অন্তরমহলের ব্যাপার! উনি নিজেই বলেছেন সেদিন, এখন আমি খ্যাতি-অখ্যাতির বাইরে। তাই উনি অন্তরমহলে বদে আপন শিশুর সঙ্গে খেলা করছেন, তাকে আদর করে সাজিয়ে তুলছেন। সেখানে একটি মাটির প্রদীপ মিট্মিট করে জলছে, ছটি রূপকথা— এ স্বাই ব্রুতে পারে না।

ব্যাপার। আমি তাই এক-এক সময়ে ভাবি, আগে যে যত্ন নিয়ে ছবি আঁকভুম এখন আমি সেই যত্ন নিয়েই পুতুল গড়ছি, সাজাচ্ছি, তাকে বসাচ্ছি কত দাবধানে। নন্দলালকে ছিজেদ করলুম, এ কি আমি ঠিক করছি। দেদিন আমার পুরোনো চাকরটা এসে বললে, বাবু, আপনি এ-সব ফেলে দিন। দিনরাত কাঠকুটো নিয়ে কী যে করেন, স্বাই বলে আপনার ভীমরতি হয়েছে। আমি বললুম, ভীমরতি নয়, বাহাজুরে বলতে পারিস, ত্-দিন বাদে তো তাই স্থব। তাকে বোঝালুম, দেখ্, ছেলেবেলায় যথন প্রথম মায়ের কোলে এসেছিলুম তথন এই ইট কাঠ ঢেলা নিয়েই থেলেছি, আবার ওই মায়ের কোলেই শেষে ফিরে যাবার বয়দ হয়েছে কিনা, ভাই আবার সেই ইট কাঠ চেলা নিয়েই খেলা করছি। নন্দলাল বললে, তা নয়, আপনি এখন তুরবীনের উল্টো দিক দিয়ে পৃথিবী দেখছেন। কথাটা আমিই একদিন একে বলেছিলম, স্বাই তুর্বীনের সোজা দিক দিয়ে দেখে, কিন্তু উন্টো পিঠ দিয়ে দেখো দিকিনি, কেমন মজার খুদে খুদে সব দেখায়। ছেলেবেলায় আমি আর-এক কাণ্ড করতুম— হাতের উপর ভর দিয়ে মাথা নীচের দিকে পা হুটো উপরের দিকে তুলে পায়ের নীচে দিয়ে গাছপালা দেখতুম, বেড়ে মজা লাগত।

নন্দলাল তাই বললে, আপনিও এখন ছুৱবীনের উল্টো দিকে দিয়েই স্ব-কিছু দেখছেন।

এই তুরবীনের উল্টো পিঠ দিয়ে দেখা, এও একটা শথ 🎼 🧦

þ

সেকালে শথ বলে একটা জিনিস ছিল। স্বার ভিতরে শথ ছিল, স্বাই ছিল শৌথিন। একালে শৌথিন হতে কেউ জানে না, জানবে কোথেকে। ভিতরে শথ নেই যে। এই শথ আর শৌথিনতার কতকগুলোগল বিল শোনো।

উপেক্সমেহন ঠাকুর ছিলেন মহা শৌখিন। তাঁর শথ ছিল কাপড়চোপড়
সাজগোজে। সাজতে তিনি খুব তালোবাসতেন, ঝতুর সঙ্গে রঙ মিলিয়ে সাজকরতেন। ছয় ঝতুতে ছয় রঙের সাজ ছিল তাঁর। আমরা ছেলেবেলায়
নিজের চোথে দেখেছি, আশি বছরের বুড়ো তখন তিনি, বসন্তকালে হলদে
চাশকান, জরির টুপি মাথায়, সাজসজ্জায় কোথাও একটু জাট নেই, বের
হতেন বিকেল বেলা হাওয়া থেতে। তাঁর শথ ছিল ওই, বিকেল বেলায়
দেজেগুজে আয়নার সামনে বাঁড়িয়ে গিরিকে ডেকে বলতেন, দেখো তো গিরি,
ঠিক হয়েছে কিনা। গিরি এমে হয়তো টুপিটা আর-একটু বেঁকিয়ে দিয়ে,
গোঁকজোড়া একটু মৃচড়ে দিয়ে, ভালো করে দেখে বলতেন, হাা, এবায়ে
হয়েছে। গিরি সাজ 'আাঞ্ছড' করে দিলে তবে তিনি বেড়াতে বের হতেন।
তিনি যদি আঞ্ছড না করতেন তবে সাজ বদল হয়ে যেত। রোজ এই
বিকেলের সাজটিতে ছিল তাঁর শথ। দাদামশায়ের শথ ছিল বোটে চড়েবেড়ানো। পিনিস তৈরি হয়ে এল— পিনিস কী জান, বজরা আর পানসি,
পিনিস হচ্ছে বজরার ছোটো আর পানসির বড়ো ভাই— ভিতরে সব সিজের
গিনি, চার দিকে আরামের চুড়োস্ত।

ফি রবিবারেই শুনেছি দাদামণার বন্ধু-বাদ্ধব ইয়ার-বক্সী নিয়ে বের হতেন— সঙ্গে থাকত গাতা-পেন্সিল, তাঁর ছবি আঁকার শথ ছিল, ছ-একজোড়া তাসও থাকত বন্ধু-বাদ্ধবদের থেলবার জন্তা। এই জগরাথ ঘাটে পিনিস থাকত, এথান থেকেই তিনি বোটে উঠতেন। পিনিসের উপরে থাকত একটা দামামা, দাদামশারের পিনিস চলতে শুক্ক হলেই সেই দামামা দকড় দকড় করে পিটতে থাকত, তার উপরে হাতিমার্ক। নিশেন উড়ছে পত পত করে। ওই তাঁর শথ, দামামা পিটিয়ে চলতেন পিনিসে। ওই বোটেতে খ্ব যথন তাদথেলা জমেছে, গল্পদল্প বৃদ্ধ, উনি করতেন কী, টপাস করে খানক্ষেক তাদ নিয়ে সঙ্গায় ফেলে দিতেন, আর হো-হো করে হানি। বন্ধুরা টেটিয়ে উঠতেন, করলেন কী, রঙের তাস ছিল বে। তা আর হয়েছে কী, আবার এক ঘাটে নেমে নতুন তাম এল। ওই মলা ছিল তাঁর। তাঁর স্বে প্রায়ই থাকতেন কবি ঈশর গুপ্ত। অনেক ফর্মাসী কবিভাই ঈশ্বর গুপ্ত লিখেছেন সে সম্মা। ঈশ্বর শুপ্তর ওই

গ্রীমের কবিতা দাদামশায়ের ফরমাশেই লেখা। বেজায় গরম, বেলগাছিয়া বাগামবাজিতে তথন, ডাবের জল, বরফ, এটা-ওটা খাওয়া হচ্ছে— দাদামশাই বললেন, লেখা তো ঈশ্বর, একটা গ্রীম্মের কবিতা। তিনি লিখলেন—

> प्त कल प्त कल वांचा प्त कल प्त कल, कल प्त कल प्त वांचा कलप्त वल्।

দাদামশায়ের আর-একটা শথ ছিল ঝড় উঠলেই বলতেন ঝড়ের ম্থে পাল তুলে দিতে। সঙ্গীরা তো ভয়ে অস্থির—অমন কাজ করবেন না। না, পাল তুলতেই হবে, হুন্ন হয়েছে। সেই ঝড়ের মুথেই পাল তুলে দিয়ে পিনিস ছেড়ে দিতেন, ডোবে কি উল্টোয় সে ভাবনা নেই। পিনিস উড়ে চলেছে ছছ করে, আর তিনি জানালার ধারে বসে ছবি আঁকছেন। একেই বলে শথ।

দাদামশায়ের যাত্রা করবার শণ, গান বাঁধবার শথ— নানা শথ নিয়ে ভিনি থাকতেন। ব্যাটারি চালাতেন, কেমিব্রির শথ ছিল। আর শৌথিনতার মধ্যে ছিল ছটো 'পিয়ার্মাণ' জাঁর বৈঠকথানার জন্ম। বিলেতে নবীন ম্থুজেকে লিখলেন— বাবাকে বলে এই ছটো যে করে হোক জোগাড় করে পাঠাও। তিনি লিখলেন, এখানে বড়ো থরচ, গভর্নার বড়ো ক্লোজ-ফিল্টেড হয়েছেন। তবে দরবার করেছি। ত্কুমও হয়ে গেছে, কার-টেগোর কোম্পানির জাহাল যাছে, তাতে তোমার ছটো 'পিয়ার্মাণ' আর ইলেকট্রিক বাাটারি থালাদ করে নিয়ো।

কানাইলাল ঠাকুরের শথ ছিল পোশাকি মাছে। ছেলেবেলা থেকে শথ পোশাকি মাছ থেতে হবে। বামুনকে প্রায়ই হুকুম করতেন পোশাকি মাছ চাই আজ। সে পুরোনো বামুন, জানত পোশাকি মাছের ব্যাপার, জনেকবারই তাকে পোশাকি মাছ রানা করে দিতে হয়েছে। বড়ো বড়ো লালকোর্তাপরা চিংড়িমাছ সাজিয়ে সামনে ধরল, দেখে ভারি খুনি, পোশাকি মাছ এল।

জগমোহন গাস্থলি মশায়ের ছিল রানার আর থাবার শথ। হরেক রক্মের রানা তিনি জানতেন। পাকা রাধিয়ে ছিলেন, কি বিলিতি কি দেশী। গায়ে যেমন ছিল অগাধ শক্তি, থাইয়েও তেমনি। ভালো রানা আর ভালো থাওয়া নিয়েই থাকতেন তিনি দকাল থেকে সদ্ধে ইন্ডিক। অনেকগুলো বাটি ছিল ভার, দকাল হলেই ভিনি এ বাড়ি ও বাড়ি ঘরে ঘরে একটা করে বাটি পাঠিয়ে দিতেন। ধার ঘরে ঘা ভালো রান্না হত, একটা তরকারি ওই বাটিতে করে আসত। সব ঘর থেকে যথন তরকারি এল তথন থোঁজ নিতেন, দেখ্
তো মেথরদের বাঞ্তিত কী রান্না হয়েছে আজ। সেথানে হয়তো কোনোদিন ইাসের ভিমের বোল, কোনোদিন মাছের ঝোল— তাই এল থানিকটা বাটিতে করে। এই-সব নিয়ে ভিনি রোজ মধ্যাহুভোজনে বসতেন। এমনি ছিল তাঁর রান্না আর খাওয়ার শথ। এইরকম সব ভোজনবিলাদী শয়নবিলাদী নানা রকমের লোক ছিল তথনকার কালে।

কারো আবার ছিল ঘৃড়ি ওড়াবার শথ। কানাই মলিকের শথ ছিল ঘুড়ি ওড়াবার। ঘুড়ির সঙ্গে পাঁচ টাকা দশ টাকার নোট পর পর গেঁথে দিয়ে ঘুড়ি ওড়াতেন, হুতোর প্যাচ থেলতেন। এই শথে আবার এমন 'শক্' পেলেন শেষটায়, একদিন ঘথাসর্বস্থ খুইয়ে বসতে হল তাঁকে। সেই অবস্থায়ই আমরা তাঁকে দেখেছি, আমাদের কুকুরছানাটা পাগিটা জোগাড় করে দিতেন।

ওই ঘুড়ি ওড়াবার আর-একটা গল শুনেছি আমরা ছেলেবেলার, মহথিদেব, তাঁকে আমরা কর্তাদাদামশার বলকুম, তাঁর কাছে। তিনি বলতেন, আমি তথন ডালহৌদি পাহাড়ে যাজি, তথনকার দিনে তো রেলপথ ছিল না, নৌকো করেই থেতে হত, দিল্লী কোটের নীচে দিয়ে বোট চলেছে— দেথি কেলার বৃহুজের উপর দাঁড়িয়ে দিলীর শেষ বাদশা খুড়ি ওড়াছেন। রাজ্য চলে যাছে, তথনো মনের আনন্দে মুড়িই ওড়াছেন। তার পর মিউটিনির পর আমি কানপুরের কাছে— সামনে সব সশস্ত্র পাহারা— শেষ বাদশাকে বন্দী করে নিয়ে,চলেছে ইংরেজরা। তাঁর মুড়ি ওড়াবার পালা শেষ হয়েছে।

কর্তাদাদামশায়েরও শথ ছিল এক কালে পায়রা পোষার, বাল্যকালে যথন স্কুলে পড়েন। তাঁর ভাগনে ছিলেন ঈথর মুখুজ্জে— তাঁর কাছেই আমরা পেকালের গল্প শুনেছি। এমন চমংকার করে তিনি গল্প বলতে পারতেন, যেন সেকালটাকে গল্পের ভিতর দিয়ে জীবন্ত করে ধরতেন আমাদের দামনে। দেই ঈথর মুখুজ্জে আর কর্তাদাদামশায় স্কুল থেকে কেরবার পথে রোজ টিরিটিবাজারে বেতেন, ভালো ভালো পায়রা কিনে এনে পুরতেন। আমাদের ছেলেবেলায় একদিন কী হয়েছিল ভার একটা গল্প বলি শোনো, এ আমাদের নিজে চোথে দেখা। কর্তাদাদামশায় তথন রুছে। হয়ে গেছেন, বোলপুর না শুরগনা থেকে কিরে এদেছেন। বাবা তথন স্বয়ে মারা গেছেন, ভাই বোধ হয়

আমাদের বাডিতে এদে সবাইকে একবার দেখেলনে যাবার ইচ্ছে। বললেন, कुम् हिनी-का हिनी दक थरत हाउ आमि आमहि। थरत अल, कर्डामभाय আদবেন, বাড়িতে হৈ-হৈ রব পড়ে গেল। আমার তথন নয় কি দশ বছর বয়স। আমাদের ভালো কাপড-জামা পরিয়ে শিথিয়ে পডিয়ে দাঁড করিয়ে দিলেন, যেন কোনোরকম বেয়াদপি ছুষ্টুমি না করি। চাকর-বাকররাও দাজপোশাক পরে ফিটফাট, একেবারে কার্যাদোরস্ত। বাড়িঘর ঝাড়পোঁছ নাজানো-গোডানো হল। আজ কর্ডাদাদামশায় আদ্বেন। দকাল থেকে ঈশরবাবু দদরি-টদরি পরে এলেন আমাদের বাড়িতে। সতর বছরের বুড়ো সেজেওজে, কানে আবার একটু আতরের ফায়া গুঁজে তৈরি। নিয়ম ছিল তথনকার দিনে পুজোর দময় ওই-দব দাজ পরার। দকাল থেকে তো ঈশ্বরবাব এদে বদে আছেন- আমরা বলনুম, তুমি আর কেন বদে আছ দেজেগুছে। কর্তাদাদামশায় তোমাকে চিনতেই পারবেন না। তিনি বললেন, হাা, চিনতে পারবেন না ৷ ছেলেবেলায় একদঙ্গে স্কুলফেরত কত পায়রা কিনেছি, ত্বজন পায়রা পুষেছি। আমাকে চিনতে পারবেন না, বললেই হল। দেখো ভাই, cদথো। आमत्रा वलनूम, जुमिरे एमध्य निरम्ना, एम ছেলেবেলাকার কথা कि आत উনি মনে করে রেথেছেন। এখন উনি মহর্ষিদেব, পায়রার কথা ভূলে বনে আছেন। কর্তাদাদামশায় তো এলেন। বড়োপিসেমশায়, ছোটোপিদেমশায় मुद्रजाद कार्ड माँ पिराइडिलन। जिनि वनलन, तक, त्याराम ? नीनकमन ? বেশ বেশ, ভালো তো? উপরে এলেন কর্তাদাদামশায়। আমরা সব বারান্দার এক পাশে দাঁড়িয়ে ছিলুম, আত্তে আত্তে এদে ভক্তিভরে পেলাম করলুম- জিজ্ঞেদ করলেন, এরা কে কে। পিদেমশায়রা পরিচয় করিয়ে দিলেন, এ গগন, এ সমর, এ অবন। সব ছেলেকে কাছে ডেকে মাথায় হাত निया जानीवीन करालन। একে একে नवार जामाइ, भागा कराइ। मुख ঈশ্বরবাবর মূথে কথাটি নেই। হঠাৎ কর্তাদাদামশায়ের নজর পড়ল ঈশ্বরবাবুর উপরে। এই-যে ঈথর-- ব'লে ছ হাতে তাকে বুকে জাপটে ধরে কোলাকুলি। त्म को लोक की वात थारम ना। वनलन, मन आहर के थत, आमता कुल পালিয়ে টিরিটিবালারে পায়রা কিনতে যেতুম, মনে আছে ? আরে, সেই ঈশ্বর তুমি- ব'লে এক বুড়ো আর-এক বুড়োকে কী আলিখন! অনেক দিন পরে দেখা তুই বাল্যবন্ধতে, দেখে মনে হল যেন তুই বালকে কথা হচ্ছে

শ্বমনি গলার স্বর হয়ে গেছে আনন্দ-উচ্ছাদে। ঈশ্বরবাব্র আফলাদ আর ধরে না, কর্তাদাদামশায়ের আলিঞ্চন পেয়ে। তার পর কর্তাদাদামশায় মা-পিদিমাদের দক্ষে দেখাদাক্ষাৎ করে তো চলে গেলেন। এতক্ষণে ঈশ্বরবাব্র ব্লি ফুটল; বললেন, দেখলে, বলেছিলে না উনি চিনবেন না আমাকে — দেখলে তো ? ঠিক মনে আছে পায়রা-কেনার গয়। তোমাদের তো আলাপ করিয়ে দিতে হল, আর আমাকে — আমাকে তো উনি দেখেই চিনে ফেললেন।

কর্তাদাদামশায়ের এক সময়ে গানবাজনার শথ চিল, জানো ? ভনবে সে পল্ল? বলব ? আচ্ছা, বলি। তখন প্রগনা থেকে টাকা আদত কল্সীতে করে। কলদীতে করে টাকা এলে পর দে টাকা সব ভোডা বাঁধা হত। টাকা গোনার শব্দ আর এখন শুনতে পাই না, ঝন ঝনু রুপোর টাকার শব্দ । এখন সব নোট হয়ে গেছে। কর্তার 'পার্দোনাল' খরচ, সংসার খরচ, অমক থরচ, ও-বাজির এ-বাজির থরচ থেখানে যা দরকার ঘরে ঘরে ওই এক-একটি তোড়া পৌছিয়ে দেওয়া হত, তাই থেকে খরচ হতে থাকত। এখন এই-বে আমার নীচের তলার সিঁভির কাছে বেখানে ঘডিটা আছে, সেখানে মন্ত পাথরের টেবিলে সেই টাকা ভাগ ভাগ করে তোড়া বাঁধা হত। এ-বাড়ি ছিল তথন বৈঠকথানা। এ-বাড়িতে থাকতেন ধারকানাথ ঠাকুর, জমিদারির কাজকর্ম তিনি নিজে দেখতেন। কর্তাদাদামশায় তথন বাড়ির বড়ো ছেলে। মহা শৌথিন তিনি তথন, বাভির বজো ছেলে। ও-বাডি থেকে রোজ দকালে একবার করে দারকানাথ ঠাকুরকে পেনাম করতে আসতেন— তথনকার দস্তরই ছিল ওই; সকালবেলা একবার এসে বাপকে পেলাম করে যাওয়া। ছোকরা-বয়দ, দিব্যি স্থন্দর ফুটফুটে চেহারা, দে-সময়ের একটা ছবি আছে রথীর কাছে. দেখো। বেশ সলমা-চুমকি-দেওয়া কিংখাবের পোশাক পরা তথন কর্তাদাদামশায় যোলো বছরের— সেই বয়সের চেহারার সেই ছবিটা পরে মাঝে মাঝে দেখতে পছন্দ করতেন, প্রায়ই জিজ্ঞেন করতেন আমাকে, ছবিটা যত্ন করে রেপেছ তো -एएथा, नहें क्लादा ना रवन।

যে কথা বলছিলুম। তা, কর্তাদাদামশার তো খাচ্ছেন বৈঠকথানার বাপকে পেরাম করতে। থেখানে তোড়া বাঁধা হচ্ছে সেধান দিয়েই যেতে হত। সঙ্গে ছিল হরকরা— তথনকার দিনে হরকরা সঙ্গে শত্মে থাকত জ্বির তকমাপরা, হরকরার সাজের বাহার কত। এই যে এখন আমি এখানে এসেছি, তথনকার

কাল হলে হরকরাকে ওই পাশে দাঁড়িয়ে থাকতে হত, নিয়ম ছিল তাই। কর্ডাদাদামশায় তো বাপকে পেরাম করে দিরে আসছেন। সেই ঘরে, ষেধানে
দেওয়ানজি ও আর-আর কর্মচারীরা মিলে টাকার তোড়া ভাগ করছিলেন,
সেধানে এদে হরকরাকে ছতুম দিলেন— হরকরা তো ছ-হাতে ছটো ভোড়া নিয়ে
চলল বাব্র পিছু পিছু। দেওয়ানজিরা কী বলবেন— বাজির বড়ো ছেলে, চুপ
করে তাকিয়ে দেখলেন। এখন, হিদেব মেলাতে হবে— দ্বারকানাথ নিজেই সব
হিদাব নিতেন তো। ছটো তোড়া কম। কী হল।

আজে বড়োবাবু-

ও, আচ্ছা—

এখন ছ-তোড়া টাকা কিদে খরচ হল জানো ? গানবাজনার ব্যবস্থা হল পুজার সময়। ছেলেরা বাড়িতে আমোদ করবে পুজার সময়। খুব গানবাজনার তখন চলন ছিল বাড়িতে। কুমোর এদে ঘরে ঘরে প্রতিমা গড়ত; দাদামশায় কুমোরকে দিয়ে ফরমাসমত প্রতিমার মুখের নতুন হাঁচ তৈরি করালেন। এখনো আমাদের পরিবারের যেখানে যেখানে পুজো হয় দেই ছাঁচেয়ই প্রতিমা গড়া হয়।

কর্তাদাদামশায়ের কালোয়াতি গান শেখবার শথ ছিল, দে তে। আগেই বলেছি। তিনি নিজেও আমাদের বলেছিলেন, আমি পিয়ানো শিথেছিল্ম ছেলেবেলায় দাহেব মান্টারের কাছ থেকে তা জানো ?

আমর। তাঁর গানবাজনা শুনি নি কথনো, কিন্তু তাঁর মহ আওডানো শুনেছি। আহা, দে কী স্থন্দর, কী পরিষ্কার উচ্চারণ, দেশবে চারি দিক যেন গম্পম্করত।

কর্তাদাদামশায়ের নাক ছিল দারুণ। আমরা তাঁর কাছে বেত্ম না বড়ো বেশি, তবে কথনো বিশেষ বিশেষ দিনে পেরাম করতে বেতে হলে হাত-পা ভালো করে দাবান দিরে ধুয়ে, গায়ে একটু হৃগদ্ধ দিয়ে, মুঝে একটি পান চিবোতে চিবোতে যেতুম। পাছে কোনোরকম ভামাক-চুকটের গদ্ধ পান। আমাদের ছিল আবার ভামাক খাওয়া অভান। একবার কী হয়েছে, পার্কস্রীটের বাড়িতে বাপ-ছেলেতে আছেম—উপরের ভলায় থাকেন কর্তাদালামশায়, নীচের তলায় বড়ো ছেলে বিজেক্রনাথ ঠাকুর। বড়ো-জ্যাঠামশায় তথন পাইপ থেকেন। একদিন বড়োজ্যাঠামশায় নীচের তলায় চানের ঘরে

পাইপ টানছেন। উপরের ঘরে ছিলেন কর্তাদাদামশার শুরে, টেচিয়ে উঠলেন, এ-ই! চাকর-বাকরের নাম ধরে কথনো ডাকতেন না, 'এ-ই' বলে ডাকলেই সব ছুটে ঘেত। তিনি বললেন, গাঁজা খাছে কে। চাকররা তো ছুটোছুটি করতে লাগন বাড়িময়, থোঁজ খোঁজ, শেষে দেখে বড়োজ্যাঠামশায়ের ঘর থেকে গন্ধ বেজছে। এদিকে বড়োজ্যাঠামশায় তো এই-সব শুনে ভক্তান জানালা দিয়ে পাইপ-তামাক সব ছুঁড়ে একেবারে বাইরে ফেলে দিলেন। কর্তাদাদামশায় মথন থবর পেলেন, বললেন, ছিজেন্দর তামাক খাবেন, তা খান-না, তবে পাইপ-টাইপ কেন। ভালো তামাক আনিয়ে দাও।

কর্তাদাদামশায় মহাঁষ হলে কী হবে— এ দিকে শৌথিন ছিলেন খুব। কোথাও একটু নোংরা সইতে পারতেন না। স্ব-কিছু পরিভার হওয়া চাই। কিছুদিন বাদে-বাদেই তিনি ব্যবহারের কাপড়জামা ফেলে দিতেন, চাকররা দেওলো পরত। কর্তাদামশায়ের চাকরদের যা সাজের ঘটা ছিল একেবারে ধোপ-দোরত্ত স্ব সাজ।

কর্তাদাদামশায় কথনো এই বৃদ্ধকালেও তোয়ালে দিয়ে গা রগড়াতেন না, চামড়ায় লাগবে। দেজত মদলিনের থান আদত, রাথা থাকত আলমারির উপরে, তাই থেকে কেটে কেটে দেওয়া হত, তারই টুকরো দিয়ে তিনি গা রগড়াতেন, চোথ পরিছার করতেন। চাকররা কত সময়ে দেই মদলিন চ্রি করে নিয়ে নিজেদের জামা করত। দীপুদা বলতেন, এই বেটারাই হচ্ছে কর্তাদাদামশায়ের নাতি, কেমন মদলিনের জামা পরে ঘুরে বেড়ায়, আমরা এক টুকরোও মদলিন পাই না— আমরা কর্তাদাদামশায়ের নাতি কী আবার। দেখছিদ না চাকর-বেটাদের দাজের বাহার ?

ঈশ্ববাব্ গল্প করতেন, একবার কর্তামণায়ের শণ হল, কল্পতক হব। রব পড়ে গেল বাড়িতে, কর্তাদাদামশায় কল্পতক হবেন। কল্পতক আবার কী। কী ব্যাপার। দারা বাড়ির লোক এদে ওঁর দামনে জড়ো হল। উনি বললেন, ঘর থেকে যার যা ইচ্ছে নিয়ে যাও। কেউ নিলে ঘড়ি, কেউ নিলে আয়না, কেউ নিলে টেবিল— যে যা পারলে নিয়ে যেতে লাগল। দেখতে দেখতে ঘর থালি হয়ে গেল। সবাই চলে গেল। ঈশ্ববাব্ বললেন, ব্যলে ভাই, তোমার কর্তাদাদামশায় তো কল্পতক হয়ে থালি ঘরে এক বৈতের চৌকির উপর বসে রইলেন।

এ তো গেল শোনা গল্প। এইবারে শোনো কর্তাদাদামশাল্পের গল্প যা আমাদের আমলের।

তার পর থেকে বরাবর কর্তাদাদামশায় ওই বেতের চৌকিতেই বসতেন আমরাও দেখেছি তিনি সোজা হয়ে বেতের চৌকিতে বদে আছেন। পায়ের কাছে একটি মোড়া, কথনো কথনো পা রাখতেন তার উপরে। আর পাশে থাকত একটা তেপায়া— তার উপরে একথানি হাফেজের কবিতা, এই বইথানি পড়তে উনি খব ভালোবাদতেন- আর একখানি ব্রাহ্মধর্ম। কর্তালাদামশায়ের পাশে একটি ছোটো পিরিচে থাকত কিছু ফুল- কথনো কয়েকটি বেলফুল, কথনো জুঁই কখনো শিউলি— গোলাপ বা অন্ত ফুল নয়— ওই রকমের শুল্র কয়েকটি ফুল, উনি বলতেন গন্ধপুষ্প। বড়োপিসিমা রোজ সকালে কিছু ফুল পিরিচে করে তাঁর পাশে রেখে যেতেন। আর থাকত একথানি পরিষ্ঠার ধোপ-দোরন্ত ক্রমাল। যথন শরবত বা কিছু থেতেন, থেয়ে ওই কমাল দিয়ে মুথ মুছে নীচে ফেলে দিতেন— চাকররা তলে নিত কাচবার জন্ত, আবার আর-একথানা পরিকার ক্ষমাল এনে পাশে রেথে দিত। আমরা যেমন ক্মাল দিয়ে মুথ মুছে আবার পকেটে রেখে দিই, তাঁর তা হবার উপায় ছিল না, ফি বারেই পরিষ্কার কমাল দিয়েই মুখ মূছতেন। আর থাকত ছু পাশে থানকয়েক চেয়ার অভ্যাগতদের জন্ত। আরাম করে গা এলিয়ে দিয়ে বিশ্রাম করতে বা কৌচে বদতে কথনে। তাঁকে আমরা দেখি নি, রবিকাকাও বোধ হয় তাঁকে কখনো কোঁচে বদতে দেখেন নি। তবে আমি ভধু একবার দেখেছিলুম— দে অনেক আগের কথা, তখন তাঁর প্রোঢ় অবস্থা, বাইরে বাইরেই বেশি ঘুরতেন, মাঝে মাঝে ধখন আসতেন তথন দক্ষিণ দিকের ওই পাশের দোতলায়ই তিনি থাকতেন। আমাদের এ পাশের পুবের জানলা দিয়ে মুখ বের করে দেখা নাহসে কলোত না, শরীরের মাপত থড়খড়ি ছাড়িয়ে মাথা উঠত না, একদিন জানালার থড-খডির ভিতর দিয়ে দেখি— থাওয়াদাওয়ার পর কর্তাদাদামশায় বলেছেন কৌচে - হরকরা কিছুদিং এদে গড়গড়া দিয়ে গেল। কর্তাদাদামশায়ের তথন কালে।

मा জি গালের ছ পাণ দিয়ে ভোলা। মদলিনের জামার ভিতর দিয়ে গায়ের গোলাপী আভা ফুটে বেকচেছ। মন্ত একটে আলবোলা, টানলেই তার বুল্বুল্ বুল্বুল্ শব্দ আমরা এ-বাজি থেকেও শুনতে পেতৃম। ওই একবার আমি দেখেছিল্ম ওঁকে কৌচে-বদা অবস্থায়।

একটা ছবি ছিল তাঁর, বোধ হয় এখনো আছে রণীর কাছে— কালো দাড়ি ওই ছবিতে ছিল, গায়ে বেশ দামি শাল, তপনকার কথা অন্ত রকম। এই দাড়ির আবার মজার গল্প আছে, এই গল্প ইশরবাবুর কাছে গুনেছি আমরা। ঈশরবাবু বলতেন, জানো ভাই, কর্তামশায়ের দাড়ির ইতিহাদ ? জানো কোথেকে এই দাড়ির উৎপত্তি ? এই, এই আমি, আমার দেখাদেথি কর্তামশাল্প দাড়ি রাথলেন।

দে কী রকম।

তোমার দাদামশায়, নববাব্বিলাগ যাত্রা করাবেন, বাড়ির আত্মীয়-স্বন্ধন লবাইকে নামতে হবে দেই যাত্রাতে— সবাই কিছু-না-কিছু সাজবে। আমাকে বললেন, ঈথর, তোমাকে দরোয়ান সাজতে হবে। প্রচুলো-টুলো নয়, আলল গোঁফ-দাড়ি গজাও।

তথন দাড়ি রাথার কোনো ফ্যাশান ছিল না, স্বাই গোঁক রাথতেন কিন্তু
দাড়ি কামিয়ে ফেলতেন। আর সত্যিও তাই— পুরোনো আমলের সব ছবি
দেখাে কারো দাড়ি নেই, স্বার দাড়ি কামানো। কর্তাদামশায়েরও দাড়িকামানো ছবি আছে। আমি বর্ধমানে রাজার বাড়িতে দেখেছি। বর্ধমানের
রাজা তাঁকে গুরু বলতেন। তারও একটা গল্প আছে— এও আমাদের
দ্বীপরবাব্র কাছে শোনা। একবার বর্ধমানের রাজা এসেছেন এখানে গুরুকে
ধাণাম করতে। তথনকার দিনে বর্ধমানের রাজা আসা মানে প্রায় লাটসাহেব
আসার মতো, সোরগোল পড়ে যেত। রাজাকে দেখবার জন্ত রাখ্যার ছ ধারে
শোক জমে গেছে, আশেণাশের মেয়েরা ছাদে উঠেছে। এখন রাজাকে নিয়ে
ভিন ভাই, কর্তাদাদামশায়, আমার দাদামশায় আর ছোটোদাদামশায় ছেতলার
ছাদে এ ধারে ও ধারে ঘ্রে বেড়াছেন। ঈশ্রবাব্ বলতেন— তা, আমরা তো
দীচে খোরাঘ্রি করছি— শুনি দ্বাই বলাবলি করছে— এ দের ফরে দেখিয়ে
দিকে কেন্ট বলছে এটা রাজা, কেন্ট বলছে ওইটাই রাজা।

ঈশরবাব্ বলতেন, তার পর জানো ভাই, আমি তো দাড়ি গছাতে ত্রুক করলুম, মাঝখানে দি থি কেটে দাড়ি ভাগ করে গালের ছ দিক দিয়ে কানের পাশ অবধি তুলে দিই। সেই আমার দেখাদেথি কর্তামশায় দাড়ি রাখলেন। কর্তামশায়ের ঘেই-না দাড়ি রাখা, কী বলব ভাই, দেখতে দেখতে সবাই দাড়ি রাখতে ত্রুক করলে, আর কর্তামশায়ের মতো সোনার চশমা ধরল। দেই থেকে দাড়ি আর দোনার চশমার একটা চাল ত্রুক হয়ে গেল। শেবে ভোকরারা প্রযন্ত লাড়ি আর চশমা ধরলে। এবার ব্যালে তো ভাই কোখেকে এই দাড়ির উৎপত্তি ? এই বলে ঈশ্রবাব্ খ্ব গর্বের দঙ্গে বৃকে হাত দিয়ে নিজেকে দেখাতেন।

কর্তাদাদামশায়ের দ্ব-প্রথম চেহারা আমার মনে পড়ে আমার অতি বাল্য-কালে দেখা। ত বাড়ির মাঝখানে যে লোহার ফটকটি, স্কালবেলা একলা-একলা দেই ফটকটির লোহার গরাদে গা ঢুকিয়ে একবার ঠেলে এ দিকে পানছি, একবার ঠেলে ওই দিকে নিচ্ছি, এইভাবে গাড়ি-গাড়ি থেলা করছিলুম। সেই সময়ে কর্তাদাদামশায় এলেন, একথানি ফার্ফ ক্লাদ ঠিকেগাড়িতে ৷ উনি যথন আদতেন কাউকে থবর দিতেন না, ওই রকম হঠাৎ এদে পড়তেন। স্কালবেলা বাড়ির স্বাই তথনো ঘুমোচ্ছে। এর আগে আমরা তাঁকে কথনো দেখি নি। গাড়ির উপরে কিশোরী বদে, কিশোরী পাঁচালি পড়তেন, নেমে দরজা খলে দিলে কর্তাদানামশায় গাড়ি থেকে नामलन । लक्षा भूकव, भाषा दिन । वाफिएक माफा भएफ राजन, मवाहे किछ, আমার গাভি-গাভি থেলা বন্ধ হয়ে গেল— ফটকের পাশে দাঁভিয়ে তাঁকে দেখতে লাগলুম, দারোয়ানদের দঙ্গে। বাজির দরকার কর্মচারী দ্বাই এদে তাঁকে পেল্লাম করছে, আমার কী খেয়াল হল, আমিও দেই ধলোকাদামাথা জামা-কাপড়েই ছুটে গিয়ে পায়ে এক পেনাম। কর্তাদান্বাদ্ধ আমার মাথায় ছ-তিনবার হাত চাপড়া দিয়ে আশীর্বাদ করলেন। তার পরে আমি তো এক দৌড়ে একেবারে মার কাছে চলে এলম। মা ভনে তো আমাকে বকতে লাগলেন-জাঁা, তুই কোনু দাহদে গেলি, এই রকম বেশে ধুলোকাদা মেথে ! চাকরও দাবড়ানি দেয়, ভাবলুম কী একটা অভায় করে ফেলেছি। এই তাঁর প্রথম মৃতি আমার মানস্পটে। আর-একবার আরো: কাছ থেকে তাঁকে দেখেছি, দিহুর অন্নপ্রাশন কি পইতে উপলক্ষে। লাক

চেলির জোড় পরা আচার্যবেশে দালানে নেমে গিয়ে মন্ত্র পাঠ করছেন, ষেমন ১১ই মাথে আগে করতেন। এই তিন চেহারা তাঁর, আর-এক চেহারা দেখেছি একেবারে শেষকালে।

ঐশর্য দহত্তে তাঁর বিতৃষ্ণার একটি গল্প আছে। শৌথিন হলেই যে ঐশর্যের উপর মমতা বা লোভ থাকে তা ময়। শৌথিনতা হচ্ছে ভিতরের শথ থেকে। কর্তাদাদামশায়ের সেই গল্লই একটি বলি শোনো। শ'বাজারের রাজবাড়িতে জলদা হবে, বিরাট আয়োজন। শহরের অর্ধেক লোক জমা হবে দেখানে: যত বড়ো বড়ো লোক, রাজ-রাজ্ঞা, সকলের নেমন্তন হয়েছে। কর্তাদাদামশায়দের বিষয়সম্পত্তির অবস্থা থারাপ- ওই যে-সময়ে উনি পিতথাণের জন্ম সব-কিছু ছেড়ে দেন তার কিছুকাল পরের কথা। শহরময় গুজব রটল, বড়ো বড়ো লোকেরা বলতে লাগলেন—দেখা যাক এবারে উনি কী দাজে আদেন নেমন্তর রক্ষা করতে। বাভির কর্মচারিরাও ভাবছে, তাই তো। গুজবটি বোধ হয় কতাদাদামশায়ের কানেও এসেছিল। তিনি করমটাদ জন্তবীকে বৈঠকথানায় ভাকিয়ে আনালেন বিশ্বেদ দেওয়ানকে দিয়ে। কর্মচাঁদ জ্বরী সেকালের খুব পুরোনো জহুরী, এ বাড়ির পছন্দমাফিক সব অলংকারাদি করে দিত বরাবর। কর্তাদাদামশায় তাকে বললেন, একজোড়া মর্থমলের জ্বতোয় মুক্তো দিয়ে কাজ করে আনতে। তথনকার দিনে মথমলের জুতো তৈরি করিয়ে আনতে হত। করমটাদ জহুরী তো একজোড়া মথমলের জতো ছোটো ছোটো দানা দানা মুক্তো দিয়ে স্থন্দর করে সাজিয়ে তৈরি করে এনে দিলে। এখন জামা-কাপড়-কী রকম দাজ হবে। সরকার দেওয়ান দবাই ভাবতে শাল-দোশালা বের করবে, না দিল্লের জোববা, না কা ৷ কর্তাদাদামশায় তুকুম দিলেন-ও-সব কিছু নয়, আমি শাদা কাপড়ে যাব। তথনকার দিনে কাটা কাপড়ে মজলিসে যেতে হত, ধুতি-চাদরে চলত না। জলসার দিন কর্জাদাদামশায় শাদা আচকান জোড়া প্রলেন, মায় মাথার মোড়াদা পাগড়িট অবধি শাদা, কোথাও জরি-কিংথাবের নামগন্ধ নেই। আগাগোড়া ধুব ধুব করছে বেশ, পায়ে কেবল দেই মুক্তো-বদানো মথমনের জুতোজোড়াটি। সভান্তলে স্বাই জরিজরা-কিংথাবের রঙচঙে পোশাক পারে হীরেমোতি ধে শতথানি পারে ধনরত্ব গলায় ঝুলিয়ে, আদর জমিয়ে বলে আছেন- মনে মনে खावशाना हिल. त्रिश यादव घातकानात्थत छाल की मात्व व्यापन। मांचारल গম্ণম্ করছে, এমন সময়ে কর্তাদাদামশায়ের সেথানে প্রবেশ। সভাস্থল নিজক, কর্তাদাদামশায় বসলেন একটা কোচে পা-ছ্থানি একটু বের করে দিয়ে। কারো মূথে কথাটি নেই। শ'বাজারের রাজা ছিলেন কর্তাদাদামশায়ের বন্ধু, তাঁর মনেও একটু যে ভয় ছিল না তা নয়। তিনি তথন সভার ছেলেছোকরাদের কর্তাদাদামশায়ের পায়ের দিকে ইশারা করে বললেন, দেখ্ তোরা দেখ্, একবার চেয়ে দেখ্ এ দিকে, একেই বলে বড়োলোক। আমরা যা গলায় মাথায় য়ুলিয়েছি ইনি তা পায়ে রেগেছেন।

কর্তাদাদামশার থব হিদেবী লোক ছিলেন। মহর্ষিদেব হয়েছেন বলে বিষয়দম্পত্তি দেখবেন না তা নয়। তিনি শেষ পর্যন্ত নিজে সব হিসেবনিকেশ নিতেন। রোজ তাঁকে দব রকমের হিদেব দেওয়া হত। কর্তাদাদামশায় নিজে আমাদের বলেছেন যে তাঁকে রীতিমত দপ্তরখানায় বদে জমিদারির কাজ সব শিথতে হয়েছে। তিনি যে কতবড়ো হিসেবী লোক ছিলেন তার একটি গল বলি, তা হলেই বুঝতে পারবে। একবার যথন উনি শিমলে পাহাড়ে, বাড়িতে কোনো মেয়ের বিবাহ। উনি শিমলেয় বসে চিঠি লিখে সব বিধিব্যবস্থা দিচ্ছেন। দেই চিঠি আমরাও দেখেছি। তাতে না লেখা ছিল এমন বিষয় ছিল না। কোথায় চাঁলোয়া টাঙাতে হবে, কোথায় অতিথি-অভাগতদের বদবার জায়গা করা হবে, কোথায় লোকজনের খাওয়াদাওয়া হবে, দালানের কোন জায়গায় বিয়ের আদর হবে, কোন দিকে মুথ করে বর কনে বদবে, পাশে দপ্তপদীর দাতথানা আদন কী ভাবে পাতা হবে, অমুক বরকে আদরে আনবে, অমৃক কনেকে আদরে আনবে—খুঁটিনাটি কিছুই বাদ ছিল না। নিখু ভভাবে দব ব্যবস্থা লিখে দিয়েছেন, এত দব লিখে শেষটায় আবার লিখেছেন যে সপ্তপদী-গমনের পর ওই সাতথানা আসন মছনদ ও ঝাড় ছটো বিবাহ-অন্তর্গানের পর বাভির ভিতরে যাবে। বাদরে দে-দব দাজিয়ে দেওয়া হবে, বর কনে তার উপর বদবে।

কর্তাদাদামশার লোকদের খাওয়াতে থুব ভালোবাদতেন, আর বিশেষ করে তার ঝোঁক ছিল পায়েদের উপর। ছোটোপিদেমশায়ের কাছে গর শুনেছি, তিনি বলতেন কর্তামশায়ের নামনে বদে খাওয়া সে এক বিপদ। প্রথমত কিছু তো ফেলবার জো নেই— অপর্যাপ্ত পরিবেশন করা হবে, দব তো পরিষার করে থেতে হবে। দে তো কোনোরক্মে মারা হত, কিন্তু তার পরে যথন

-পায়েদ আদত তথমই বিপদ। পায়েদ বাদ দিলে চলবে না, পায়েদ থেতেই হবে, নইলে থাওয়া শেষ হল কী। এই পায়েদেরও আবার একটা মভার গল্প আছে, এও আমার জোটোপিদেমশায়ের কাচে শোনা।

প্রথম দলে বাঁরা আদ্ধ হয়েছিলেন, দীক্ষা নেওয়ার পর তাঁদের স্বাইকে কর্তাদাদামশায় উ-লেখা মাঝে-ক্লবি-দেওয়া একটি করে আটে দিয়েছিলেন। ছোটোপিদেমশায় ছিলেন প্রথম দলের। তিনি প্রায়ই আমাদের দে গল্ল বলে বলতেন, জানিদ আমি আটে-পরা আদ্ধা। কর্তাদাদামশায় তথনকার দিনে নিয়ম করে এই দলকে নিয়ে বাগানে যেতেন। সেথানে সকালে আন করে উপাননাদি হত। বাম্ন-চাকর সঙ্গে যেত, গাছতলায় উন্থন খুঁড়ে রামাবামা হত। কেউ কেউ শথ করে নিজেরাও রাঁধতেন। এইভাবে সারা দিন কাটিয়ে আসতেন। এ একেবারে নিয়ম-বাঁধা ছিল। প্রায়ই তাঁরা আমাদের চাপদানির বাগানে। সকালে উপাননাদি হ্বার পর রায়ার আয়োজন চলছে। কর্তাদাদামশায় বললেন, পায়েদটা আমি রায়া করব; আমি পায়্সাম পরিবেশন করে থাওয়ার স্বাইকে।

ঘড়া ঘড়া ছধ, থালাভর। মিষ্টি এল। কর্তাদাদা তো পায়েদ রামা করলেন।
দবাই থেতে বদেছেন, দব থাওয়া হয়ে গেছে, পায়েদ পরিবেশন করা হল।
কর্তাদাদামশায়কেও পায়েদ দেওয়া হয়েছে। এখন, দবাই একটু পায়েদ মুখে
দিয়েই হাত গোটালেন, মুখে আর তেমন তোলেন না। কর্তাদাদামশায়
দামনে, কেউ কিছু বলতেও পায়েন না। মাঝে মাঝে পায়েদ একটু একটু
মুখেও তুলতে হয়। কর্তাদাদামশায় জিজেদ করলেন, কী, কেমন হয়েছে
পায়েদ, ভালো হয়েছে তো?

স্বাই ঘাড নাডলেন, পায়েস চমংকার হয়েছে।

তাঁদেরই মধ্যে কে একজন বলে ফেললেন, আজে, ডালোই হয়েছে, তবে একট ধেনামার গন্ধ।

কর্তাদাদামশার বললেন, ধোঁয়ার গন্ধ হয়েছে তোঁ ওইটিই আমি চাইছিল্ম, আমি আবার পায়েনে একটু বোঁয়াটে গন্ধ পছন্দ করি কিনা।

পায়েদটা কিন্তু আদলে রালা করবার সময় ধরে গিয়েছিল। কর্তাদাদামশায়

এই রকম তামাশাও করতেন মাঝে মাঝে। রবিকাকারও এই রক্ষ তামাশা করবার অনেক গল্ল আচে।

কর্তাদাদামশায় নিজেও তুথ ক্ষার পায়েদ এই-সব থেতে বরাবরই ভালোবাসতেন। শেষ দিকেও দেখেছি, বড়ো একটা কাঁচের বাটি ছিল দেটা ভরতি তিনি ঘন জাল-দেওয়া তথ থেতেন রোজ। একাদন কী করে বাটিটা ভেঙে যায়। বভোপিদিমা তথন তাঁর দেবা করতেন, তিনি বাজার থেকে যত রকমের কাঁচের বাটিই আনান, কর্তাদাদামশায়ের পছন্দ আর হয় না। ঠিক তেমনটি আর পাওয়া যাছে না কোথাও। কোনোটা হয় বড়ো, কোনোটা হয় ছোটো। ঠিক দেই মাপের চাই। আবার পাতলা কাঁচের হলেও চলবে না। একবার কর্তাদাদামশায়ের শরবত থাবার কাঁচের গ্রাসটি ভেঙে যায়। দীপুদা শথ করে সাহেবি দোকান অসলার কোম্পানি থেকে পাতলা কাঁচের গ্লাদ এক ডজন কিনে আনলেন কর্তাদাদায়শায়ের শরবত থাবার জন্ম। কর্তাদাদামশায় বললেন, এ কী গ্লাদ। শরবৎ থাবার সময়ে আমার দাঁত লেগেই ८४ ८७८७ घाटत । दम भाग ठलन मा— की भूगाई वक विश ८ भटन । তার পর বোষাই থেকে চার দিকে গোল-গোল পল-তোলা পুরু বোষাই গ্রাস এল, তবে কর্তাদাদামশার তাতে শরবৎ থেয়ে খুশি। বড়োপিরিমা একদিন আমাকে বললেন, অবন, তুই তো নানা জায়গায় ঘুরিদ, দেখিদ তো, কোথাও ঘদি ওরকম একটি বাটি পাস বাবামশায়ের তথ থাবার জন্ত। একদিন গেলুম-আমার জানাশোন। কয়েকটি লোক নিয়ে মুগিহাটায়। ভাবলুম বিলিতি জিনিস তো কর্তাদাদামশায়ের পছন্দ হবে না, দেশীও তেমন ভালো নেই— মুগিহাটায় গিয়ে থোঁছ করলম পাশিয়ান কাঁচের বাটি আছে কি না। ভাবল্ম, ওরকম জিনিস কর্তাদাদামশায়ের পছন্দ হতে পারে। বেশ নতুন ধরনের হবে। পেথানকার লোকেরা বললে, আমাদের কাছে তো সে-সব জিনিস থাকে না। ভারা আমাকে নিয়ে গেল চীনেবাজারের গলিতে এক নাথোদা স্তদাগরের বাড়িতে। গলির মধ্যে বাড়ি বঝতেই পার কেমন, ঢকল্ম তার ঘরে। ঢকে মনে হল যেন আরব্য উপস্থানের সিম্ধবাদের ঘরে চুকলুম, এমনিভাবে ঘর সাজানো। ঘরজোড়া ফরাশ পাতা, ধব্ধব্ করছে, চার দিকে বেলিং-দেওয়া চওড়া মঞ্, তাতে বদে ছ'কো খায়। গভগভা ও নানা বক্ষের টুকিটাকি জিনিস, খুব যে मांभी किছ जा नयु, किन्न की अन्तर जादर माजाता नर। लाकि जानद-

অভার্থনা করে ফরাশে নিয়ে বসালে, চা খাওয়ালে। চা টা খাওয়ার পর তাকে-বললম, একটি বেলোয়ারি বড়ো বাটি কর্তার ছম্ব থাবার জন্ম দিতে পারো? সে वनल, आइकान ट्या (म-मव शुरदात्ना जिनिम ध मिक आरम ना वर्छा, তবে আমার গুলোমবরটা একবার দেখাতে পারি, যদি কিছু থাকে। গুলোমঘর খুলে দিলে, যেমন হয়ে থাকে গুদোমঘর, হরেক জিনিসে ঠাদা- তার মধ্যে হঠাৎ নজুৱে পুড়ল একটি বেশ বড়ো পাশিয়ান ক্রিস্টেলের বাটি, শাদা ক্রিস্টেলের উপর গোলাপী ক্রিকেলের ফুলের নকশা। চমৎকার বাটিটা, ঠিক যেমনটি চেয়েছিলুম। তার আরে৷ হুটো ক্রিন্টেলের দ্বিনিদ ছিল, একটা হুঁকো আর একটা গোলাপপাশ, সুবুল্ন রঙ নুবুদুর্বোর মতো, তার উপরে সোনালি কাজ করা। পর ক্রটাই নিয়ে এলুম। ভাবলুম, কর্তাদাদামশায় আর এ-ছটো দিয়ে কী করবেন— তাঁর বাটির কল্যাণে আমারও হুটো জিনিস পাওয়া হবে। বড়ো বাটিটি পিসিমার পছন্দ হল; বললেন, এইবার বোধ হয় ঠিক পছন্দ করবেন, কাল থবর পাবে। প্রদিন ভাই হল, বাটিটি পেয়ে কণ্ডাদাদামশায় ঘুব খুশি, আর বললেন- এ হুঁকো আর গোলাপপাশ আমার দরকার নেই, তুমিই নাও গে। বড়ো চমংকার জিনিদ হুটো, অনেকদিন ছিল আমার কাছেই। তা. ওই বাটিটিতে উনি শেষকাল পর্যস্ত রোজ ত্বধ থেতেন। তিনি আমাদের মতো বাটির কানা এক হাতে ধরে হুধ থেতেন না। বড়োপিসিমা ছধের বাটি নিয়ে এলেই অঞ্জলি পেতে তু হাতের মধ্যে রাটিটি নিয়ে মুথে তুলে ত্বশ্ব পান করতেন। বাটির নীচে একটা গ্রাপকিন দেওয়া থাকত— যাতে হাতে গরম না লাগে। যথন মেয়ের কাছ থেকে অঞ্জলি পেতে বাটিটি নিতেন-কী স্থন্দর শোভা হত। তাঁর হাত ত্বথানিও ছিল বেশ বড়ো বড়ো; ভাই হাতের মাপদই বাটি নইলে তাঁর ভালো লাগত না। কর্তাদাদা-মশায়ের গোক রোজ গুড থেত। বড়োপিদিমার উপরেই এই ভার ছিল, রোজ তিনি গোরুকে গুড থাওয়াতেন। গোরু গুড় থেলে কী হবে? গোরুর দ্বধ মিষ্টি হবে। দীপুদা বলতেন, দেখছিদ কাণ্ড, আমরা গুড় থেতে পাই নৈ একটু লুচির সঙ্গে, আর কর্তাদাদামশায়ের গোফ দিব্যি কেমন রোজ গাদা গাদা গুড় থাছে। আমি নাতি হয়ে জন্মেও কিছুই করতে পারলুম না। দীপুদার কথা ছিল দব এমনিই, বেশ রদালো করে কথা বলতেন।

কভাদাদামশায় এ দিকে আবার পিটপিটেও ছিলেন খুব। একবার তাঁর-

শরীর থারাপ হয়েছে, সাহেব ডাক্তার এসেছেন দেখতে, ডাক্তার সপ্তার্স, তিনি আমাদের ফ্যামিলি ডাক্তার। ডাক্তার এদে তো দেখে শুন গেলেন। যাবার সময়ে কর্তাদাদামশায়ের সঙ্গে শেক্হ্যাপ্ত করে গেলেন হৈমন যান বরাবর। কর্তাদাদামশায়ও 'থ্যাক্ত্ ইউ ডাক্তার' ব'লে হাত বাড়িয়ে দিলেন। এ হচ্ছে দস্তর, ভক্ততা, এ বাদ যাবার জো নেই। ডাক্তারপ্ত য়র থেকে বেরিয়ে গেলেন, আমরা দেখি কর্তাদাদামশায়ের হাত আর নামে না। যে হাত দিয়ে শেক্হ্যাপ্ত করেছিলেন সেই হাতথানি টান করে বাইরে ধরে আছেন হাতের পাঁচটা আঙ্লু ক্রাক করে। দীপুদা বললেন, হল কী। কর্তাদাদামশায়ের হাত আর নামে না কেন, শক-টক লাগল নাকি। চাকররা জানত, তারা তাড়াতাড়ি কিংগার-বোলে করে জল এনে কর্তাদাদামশায়ের হাতের কাছে এনে ধরতেই ভার মধ্যে আঙ্লু ভ্বিয়ে ভালো করে ধুয়ে তোয়ালে দিয়ে বেশ করে মুছে তবে ঠিক হয়ে বসলেন।

কর্তাদাদামশারের কী হুম্দর শরীর আর স্বাস্থ্য ছিল তার একটা গল্প বলি শোনো।

একবার বখন উনি চুঁচড়োর বাগানবাড়িতে, হঠাৎ কী যেন ওঁর খুব কঠিন অস্থ হয়। এখানে আনবার সাধ্য নেই এমন অবস্থা। এ-বাড়ি থেকে সবাই রোজ বাওয়া-আসা করছেন। ডাক্তার নীলমাধ্য আরো কে কে কর্ডাদাদামশায়ের দেখাশোনা করছেন, চিকিৎনাদি হচ্ছে। হতে হতে একদিন কর্ডাদাদামশায়ের অবস্থা খুব থারাপ হয়ে পড়ে। এমন থারাপ যে ডাক্তাররা আশা ছেড়ে দিয়ে নীচের তলায় এনে বলে রইলেন। শেষ অবস্থা, এ-বাড়ির বড়োরা স্বাই শেখানে— আমরা ছেলেমাছ্ম, আমাদের যাওয়া বারণ। কর্ডাদাদামশায়ের থাটের চার পাশে স্বাই দাড়িয়ে। কী করে যেন দে সময়ে আবার কর্ডাদাদাশায়ের থাটের মশারিতে আগুন ধরে ষায়— বাতি থেকে হবে হয়তো। ন-পিসেমশাই জানকীনাথ সেই মশারি টোনে ছি'ড়ে খুলে ফেলে অল্ল মশারি টাভিয়ে দেন। কর্ডাদাদামশায় তথন অসান অবস্থায় বিছানায় পড়ে আছেন। স্বাই তো দাড়িয়ে আছে, আর আশা নেই। এমন সয়য়ে ভৌর-রাভিরে, যে সময়ে উনি রোজ উঠে উপাসনা করতেন, কর্তাদাদাশায় এক ঝটকায় দোজা হয়ে উঠে বসলেন বিছানার উপরে। উঠে বসেই বললেন, শাস্ত্রীকে ভাকো।

প্রিয়নাথ শাস্ত্রী কাছেই ছিলেন, ছুটে সামনে এলেন।

কর্তাদাদামশায় তাঁকে বললেন, ব্রাহ্মধর্ম পড়ো।

সবাই একেবারে থ। শাস্ত্রীমশায় বাল্লধর্ম পড়তে লাগলেন। কর্তাদাদামশায় দেই দোলা বদে বদেই তা ভনতে লাগলেন, আর দেইসঙ্গে আন্তে
আন্তে উপাসনা করতে লাগলেন। সবাই বুঝল এইবারে তিনি চালা হয়ে
উঠেছেন। উপাসনার পরে ডাক্লার এসে নাড়ী টিপলেন, নাড়ী চন্বন্ করে
চলছে; কর্তাদাদামশায় একেবারে সহজ অবস্থা লাভ করেছেন। ডাক্লার
নীলমাধব নিজে আমাদের বলেছেন, এ রকম করে বেঁচে উঠতে দেখি নি
কখনো। সেকাল হলে এ রকম অবস্থায় কৃষীকে গলামাআ করিয়ে ছ-তিন
আঁজলা ভল মুখে দিতে না দিতেই শেষ হয়ে ঘেত সব। এ যেন মরে গিয়ে
ফিরে আদা। পরে কর্তাদাদামশায়ের মুখে আময়া গল্ল ভনেছি, তা বোধ
হয় উনি লিখেও গেছেন যে, এক সয়য়ে ওঁর মনে হল ওঁর উপরে আদেশ হয়
'বেভামার কাজ এখনো বাকি আছে'।

দে যাত্রা তো তিনি কাটিয়ে উঠলেন, কিছুকাল বাদে ডাক্তাররা বললেন ছাওয়া বদল করতে। কোথায় যাবেন। ওঁর আবার বরাবরের কোঁকে পাহাডে যাবার, ঠিক হল দাজিলিঙে যাবেন। সব জোগাড-যন্তোর হতে লাগল। দীপদা वनत्नन, चामि धकना भारत ना, कर्जामामामात्यत धर भर्तीत, या उपा-मामा, হালামা কত. শেষটায় উনি ওধানেই দেহ রাখন, আমিও দেহ রাখি। ভাক্তার শীলমাধব সঙ্গে গেলেন। আরো ত-চারজন কারা-কারাও সঙ্গে ছিল। দাজিলিঙে গিয়ে উনি কী থেতেন যদি শোন, দীপুদার কাছে দে গল্প খনেছি। এই এক দিন্তা হাতে-গভা কটি, এক বাটি অভহত ডাল, আর একটি বাটিতে গাওয়া বি গলানো। দেই কটি ডালেতে ঘিয়েতে জ্বড়ে তিনি মুখে দিতেন। এই তাঁর অভোষ। দীপুদা বলতেন, আমি তো ভয়ে ভয়ে মরি ওঁর খাওয়া দেখে, কিন্তু ঠিক হজম করতেন সব। নেমে ধর্মন এলেন কর্তালামশায়, লাল টক্টক করছে চেহারা, স্বাস্থাও চমৎকার। কে বলবে কিছুকাল আগে তিনি-মরণাপন্ন অস্ত্রথে ভূগেছিলেন। পার্ক স্ত্রীটে একটা খব বড়ো বাভি নেওয়া হয়েছিল, দাজিলিং থেকে নেমে সোজা সেখানেই উঠলেন কিন্তু বাড়িতে খনেক দিন ছিলেন। তার পর কী একটা হয়, বাজিওয়ালা বোধ হয় বাডিটা অন্ত লোকের কাছে বিক্রি করে দেয়, ভাড়াটে উঠে যাবার জন্ত ভাগিদ দিতে थात्क, कर्जानामभाग्न वललन, जात लाहात्वे वाफि नग्न, जामि निरकतः

বাড়িতেই ফিরে যাব। দীপুদার উপরে ভার পড়ল তাঁর জন্ম তেতলার ঘর দাজিয়ে রাথবার। দীপুদা মহা উৎদাহে দাহেবি দোকান থেকে দামী দামী আদবাবপত্র, ভালো ভালে। পর্দা ফুলদানি দব আনিয়ে চমৎকার করে তো ধর সাজালেন। আমাদের ছিল একটা গাড়ি, ভিক্টোরিয়া নাম ছিল দেটার। কোচম্যানটাকে ভালো করে বুঝিয়ে দেওয়া হল, খেন খুব আত্তে আত্তে গাড়ি চালায়, যেন ঝাঁকুনি না লাগে। ঘোড়াগুলো আতে আতে দপাদ দুপাদ করে চলতে লাগল – দেই গাড়িতে কর্তাদাদামশায়, সঙ্গে দীপুদা, বড়োজ্যাঠামশায় ভিলেন। কর্তাদাদামশায় এলেন, প্রিয়নাথ শাস্ত্রী মশায়ও ছিলেন কাছে, কাউকে ধরতে ছুঁতে দিলেন না, নিজেই হেঁটে সোজা উপরে উঠে এলেন। এদেই তাঁর প্রথমে নজরে পড়েছে; বললেন, চালু বারান্দা, ঢাল বারান্দা আমার কোথায় গেল, এই যে ঘরের সামনে ছিল। ভূমিকম্পে ফেটে গিয়েছিল ছ-এক জায়গা, রবিকাকা ভয়ে সে বারান্দা নামিয়ে टक्टलिছिलन। कर्जानामभाग्न वल्यान, अन्तिस्यत द्वान्छत व्यानर दय परत, পদা টাঙিয়ে দাও। বড়ো বড়ো ক্যানভাদ জাহাজের ভেকের মতে। ঘরের সামনে টাঙানো হল। দেখতে লাগল যেন মস্ত একটা শিবির পড়েছে তেতলার উপরে। ঘরে ঢুকলেন, ঢুকে- জানলায় দরজায় ছিল দামী দামী বাহারের कार्टिन दशानारना— धरत अक हारन हिंदछ दक्रता मिरलन। वनरानन, अ-नय নেটের পর্দা ঝুলিয়েছ কেন ঘরে, মশারি-মশারি মনে হচ্ছে। সারা ঘরে এই-সব ঝুলিয়েছ, ঘরে মশা-ফশা হবে, ব'লে ত্ৰ-একটা পর্দা পটাপট ছি ডতেই দীপুদা তাড়াতাড়ি দব পর্দ। খুলে বগলদাবা করলেন। তার পর কর্তাদাদামশায় ঘরের চার দিকে দেখে বললেন, এ-দব কী- এ-দব তুমি নিয়ে গিয়ে তোমাদের বৈঠকথানায় দাজাও, এ-দৰ আদবাবের আমার দরকার নেই। রাথলেন ভ্র একটা ছবিতে আঁকা গির্জের মধ্যে ঘড়ি, টং টং করে বাজ্ত, বড়ো একটা চৌকো ছবির মতো ব্যাপার। সেইটি রইল ঘরে আর রইল তাঁর দেই নিতা-ব্যবহারের থেতের চৌকি ও মোড়া। আর তেতলার ছাদের উপর শারি শারি মাটির কলদী উপুড় করিয়ে রাখা হল ছাদের ভাত নিবারণের জন্ম। দীপুদা আর কী করেন; বললেন, ডালোই হল, মাঝ থেকে আমার কতকগুলো ভালো ভালো জিনিস হয়ে গেল। তিনি ভালো করে সে-সব किनिम्भराखात निषय देवर्रकथाना माजात्मन। मीभूमा ভाति थूमि, श्राप्तर ম্মামাদের সে-সব আগবাবপত্র দেখিয়ে বলতেন, কণ্ঠাদাদামশায়ের দেওয়া এ-সব।

কর্তাদাদামশার শেষদিন পর্যন্ত ওই ঘরেই ছিলেন। বড়োপিসিনা তাঁর সেবা করতেন। তিনি জানতেন কর্তাদাদামশায়ের গছন্দ-অপছন্দ। আহা, বেচারি বড়োপিসিমা, বিধবা ছিলেন তিনি, কী নিথুত সেবা, আর কী ভালোবাদা বাপের জন্ত — অমন আর দেখা যায় না। সে সময়ে আমি কর্তাদাদামশায়ের কয়েকটি ছবি ওঁকেছিল্ম। শনী হেস ইটালি থেকে আটিট হয়ে এলেন, তিনিও কর্তাদাদামশায়ের ছবি আঁকলেন। তার পর অনেক দিনকাটল, অনেক কাওই হল। কর্তাদাদামশায় আছেন উপরের ঘরেই। সারা বাড়ি যেন গম্গম্ করছে, এমনিই ছিল তাঁর প্রভাব। এখন যেমন বাড়িতে রবিকাকা থাকলে চার দিক তাঁর প্রভাবে সরগরম হয়ে ওঠে, চার দিকে একটা অভয়, আলো ছড়ায়, তেমনি কর্তাদাদামশায়েরও চার দিকে যেন দব্দপা ছড়াত।

কর্তাদাদামশায়ের চতুর্থ রূপ যা আমার মনে ছাপ রেথে গেছে, আর এই হল তাঁর শেষ চেহার। কয় দিন থেকে কর্তাদাদামশায়ের শরীর থারাপ, বাঁ দিকের পাজরার নীচে একট্ট-একট্ট বাথা। সোজা হয়ে বদতে পারেন না— বাঁ দিকে কাত হয়ে বদতে হয়। ডাজাররা বললেন, একটা আাব্দেদ কর্ম করেছে, অপারেশন করতে হবে। দীপুদা ইন্ভ্যালিড চেয়ার, প্রকাণ্ড শ্র্নভ্যালিড কৌচ, কিনে নিয়ে এলেন সাহেবি দোকান থেকে। কৌচটা চামড়া দিয়ে মোড়া, এক হাত উঁচু গদি, দেই কৌচেই কর্তাদাদামশায় মারা মান। তিনি বরাবর দক্ষিণ দিকে পা করে জতেন। আমাদের আবার বলে, উত্তর দিকে মাথা দিয়ে গুতে নেই, কিন্তু কর্ডাদাদামশায়েক দেখেছি তার উন্টো। দক্ষিণ দিকে পা নিয়ে গুতেন, মুথে হাতয়া লাগবে। দীর্ঘ পুরুষ ছিলেন, অত বড়ো লখা কোচটিতে তো টান হয়ে গুতেন— এতথানি হাটু অবধি পা বেরিয়ে থাকত কৌচ ছাড়িয়ে।

অগারেশন হল। ভিতরে কিছুই পাওয়া গেল না; ভাজাররা বললেন, কোল্ড অ্যাবদেন। যাই হোক, ছাজাররা তো বুকে ব্যাভেজ বেঁধে দিয়ে চলে গেলেন। কর্তাদাগমশায় রোজ সকালে স্থাদশন করতেন। ঘরের সামনে প্রদিকের ছাদে গিয়ে বসতেন, স্থাদশন করে কিছুক্ষণ চুপচাপ বদে পরে ঘরে

চলে আসতেন। পরদিন আমরা ভাবলুম, তাঁর বুঝি আছ স্থাদর্শন হবে না। সকালে উঠে এ-বাড়ি থেকে উকিয়ু কি মারছি; দেখি ঠিক উঠে আসছেন কর্তাদামশায়। রেলিং ধরে নিজেই হেঁটে হেঁটে এলেন, চাকররা পিছন-পিছন চেয়ার নিয়ে এল। কর্তাদাদামশায় সোজা হয়ে বসলেন, স্থাদর্শন করে কিছুক্ষণ চুপচাপ বলে উপাদনা করে নিভাকার মতো ঘরে চলে গেলেন। এই স্থাদনান কোনোদিন তাঁর বাদ যায় নি। মৃত্যুর আগের দিন অবধি তিনি বাইরে এদে স্থাদর্শন করেছেন।

নে দময় কর্তাদাদাশার প্রায়ই বড়োপিদিমাদের বলতেন, তিনি স্বপ্ন দেখেছেন, দেবদ্তরা তাঁর কাছে এদেছিলেন। প্রায়ই এ স্বপ্ন তিনি দেখতেন। বড়োপিদিমা ভাবিত হলেন, একদিন আমাকে বললেন, অবন, এ তো বড়ো মৃশকিল হল, বাবামশার প্রায় রোজই স্বপ্ন দেবদ্তরা তাঁকে নিতে এদেছিলেন। আমরাও ভাবি, তাই তো, ভবে কি এ ধারা আর তিনি উঠবেন না।

দেদিন দকাল থেকে পিটির পিটির বুষ্টি পড়ছে। দীপুদা এদে বললেন, কর্তাদাদানশায়ের অবস্থা আজ খারাপ, কী হয় বলা যায় না: ভোমরা তৈরি ८थरका। आश्रीयुष्यक्रम, कर्जानानामभारयुत एइल्लास्ययुत्रा, नवारे थवत रभरय যে যেথানে ছিলেন এদে জড়ো হলেন। কর্তাদাদামশায়ের অবস্থা থারাপের দিকেই যাচ্ছে, ডাক্তাররা আশা হেডে দিলেন। আমরা ছেলেরা স্বাই বাইরে বারান্দায় দাঁড়িয়ে আছি, এক-একবার দরজার ভিতরে উকি মেরে দেখছি। কর্তাদাদামশাম স্থির হয়ে বিছানায় খ্যে আছেন। তার ছেলেমেয়েরা এক-এক করে শামনে থাচ্ছেন। রবিকাক। শামনে গেলেন, বড়োপিদিমা কর্তালালা-মশায়ের কানের কাছে মুখ নিয়ে বললেন, রবি, রবি এমেছে। তিনি একবার একট চোথ মেলে হাতের আঙল দিয়ে ইশারা করলেন রবিকাকাকে পাশে বদতে। কর্তাদামশায়ের কোঁচের ভান পাশে একটা জলচৌকি ছিল, রবিকাকা সেটিতে বদলে কর্তাদাদামশায় মাথাটি যেন একটু হেলিয়ে দিলেন রবিকাকার দিকে, ভান কানে যেন কিছু শুনতে চান এমনি ভাব। বড়োপিসিমা বুঝতে পারতেন; তিনি বললেন, আজু সকালে উপাদনা হয় নি, বোধ হয় তাই ভনতে চাচ্ছেন, তুমি বান্ধর্য প্রড়ো রবিকাকা তাঁর কানের কাছে মুখ নিয়ে আন্তে আন্তে পড়তে লাগনেন

অসংশা মা সদ্পমন্ত ।

তমশো মা জ্যোতিৰ্পনত্ত ।

মুত্যোধাসূতং গমন্ত ।
আবিবাৰীৰ্ম এধি ।

কক্ষে সভে দক্ষিণং মূথং
তেন মাং পাহি নিত্যৰ ।

রবিকাকা যত পড়েন কর্তাদাদামশায় আরো তাঁর কান এগিয়ে দিতে থাকলেন। এমনি করে থানিক বাদে মাথা আবার আন্তে আন্তে সরিয়ে নিলেন; ভাবটা থেন, হল এবারে। বড়োপিসিমা বাটিতে করে হধ নিয়ে এলেন, তথনো তাঁর ধারণা খাইয়ে-দাইয়ে বাপকে স্কন্ধ করে তুলবেন। অতি কপ্তে এক চামচ হধ থাওয়াতে পারলেন। তার পর আর কর্তাদাদামশায়ের কোনো পরিবর্তন নেই, তার হয়ে তার রইলেন, বাইরের দিকে স্থিরদৃষ্টে তাকিয়ে। এইভাবে কিছুকাল থাকবার পর হ-তিন বার বলে উঠলেন, বাতাস! বড়োপিসিমা হাতপাথা নিয়ে হাওয়া করছিলেন, তিনি আরো জোরে হাওয়া করতে লাগলেন। কর্তাদাদামশায় ওই কথাই থেকে থেকে বলতে লাগলেন, বাতাস! বাতাস!

আমরা দবাই বারান্দা থেকে দেখছি। দীপুদা আগেই সরে পড়েছিলেন। তিনি বললেন, আমি আর দেখতে পারব না। কর্তাদাদানশায় 'বাতাদ বাতাদ।' বলতে বলতেই এক সমরে বলে উঠলেন, আমি বাড়ি যাব। বেই-না এ কথা বলা, বড়োপিদিমার ছ চোখ বেয়ে জল গড়াতে লাগল। ব্রি-বা এইবারে সভ্যিই তাঁর বাড়ি যাবার সময়হয়ে এল। থেকে থেকে কর্তাদাদানশায় ওই কথাই বলতে লাগলেন। সে কী হয়র, যেন মার কাছে ছেলে আবদার করছে 'আমি বাড়ি যাব'। বেলা তখন প্রায় বিপ্রহর; ঘড়িতে টং ইং করে ঠিক যখন বারোটা বাজল সঙ্গে কর্তাদাদানশায়র শেষ নিখাপ পড়ল। বেন সভ্যিই মা এসে তাঁকে তুলে নিয়ে গেলেন। একটু খাসকষ্ট না, একটু বিক্তাতি না, দক্ষিণ মুথে আলোর দিকে তাকিয়ে থাকতে থাকতে থেন ব্রিমে পড়লেন।

খবর পেয়ে দেখতে দেখতে শহরস্ক লোক জড়ো হল। শাশানে নিয়ে মাবার ভোড়জোড় হতে লাগল। এই-সব হতে হতে তিনটে বাজল। ততক্ষণে কর্তাদাদাশায়ের দেহ হয়ে পেছে যেন চন্দনকাঠের সার। তগন ওই একটিই পুরোনো ঘোরানো দিঁড়ি ছিল উপরে উঠবার। আমরা বাড়ির ছেলেরা দবাই মিলে তাঁর দেহ ধরাধরি করে তো অতিকটে দেই ঘোরানো দিঁড়ি দিয়ে নীচে নামালুম। শাদা ফুলে ছেয়ে গিয়েছিল চার দিক। দেই ফুলে সাজিয়ে আমরা তাঁর দেহ নিয়ে চললুম শ্রশানে, রাস্তায় ফুল আবীর ছড়াতে ছড়াতে। রাস্তায় ছ্বারে লোক ভেঙে পড়েছিল। আন্তে আন্তে চলতে লাগলুম। দীপুদা ঠিক করলেন, নিমতলার শ্রশানঘাট ছাড়িয়ে থোলা জায়গায় গলার পাড়ে কর্তাদামশারের দেহ দাহ করা হবে। এ পারে চিতে সাজানো হল চন্দন কাঠ দিয়ে, ও পারে স্থান্ত, আকাশ দেদিন কী রকম লাল হয়েছিল— ঘেন দিঁত্বগোলা।

রবিকাকার। মুথাগ্নি করলেন, চিতে জ্বলে উঠল। একটু ধোঁয়া না, কিছু না, পরিকার আগুন দাউ দাউ করে জ্বলতে লাগল, বাতাদে চন্দনের সৌরভ ছড়িয়ে গেল। কী বলব তোমাকে, দেই আগুনের ভিতর দিয়ে জনেকক্ষণ অবধি কর্তাদামশায়ের চেহারা, লখা গুয়ে আহ্নে, ছায়ার মতো দেখা যাচ্ছিল। মনে হচ্ছিল যেন লক্লকে আগুনের শিথাগুলি তাঁকে স্পর্শ করতে ভয় পাছে। তাঁর চার দিকে সেই আগুনের শিথা যেন ঘূরে ঘূরে নেচে বেড়াতে লাগল। দেখতে দেখতে সেই শিথা উপরে উঠতে এক সময়ে দশ্ করে নিবে গেল, এক নিখাদে সব-কিছু মুছে নিলে। ও পারে শুর্য তথ্য অন্ত গেল।

g

দেকালের কর্ডাদের গল্প জনলে, এবারে দিছিমাদের গল্প কিছু শোনো। জামার নিজের দিছিমা, গিরীজনাথ ঠাকুরের পরিবার, নাম যোগমায়া, তাঁকে আমি চোথে দেখি নি। তাঁর গল্প জনেছি— মা, বড়োপিদিমা, চোটোপিদিমা— কাদমিনী, কুম্দিনীর কাছে। বড়োপিদিমা বলভেন, আমার মার মতো জমন ক্রণনী সচরাচর আর দেখা ষায় না। কী রঙ, ষাকে বলে সোনার বর্ণ। মা জল থেতেন, গলা দিয়ে জল নামত পাই যেন দেখা যেত; পাশ দিয়ে চলে গেলে গা দিয়ে যেন পারগন্ধ ছড়াত। দিদিমার কিছু গয়না আমার কাছে আছে এখনো, দিখি, হীরেমজো-দেওয়া কানবাগটা। মা

পেয়েছিলেন দিদিযার কাছ থেকে। দিদিমার একটি সাতনরী হার ছিল, কী স্থলর, হুগ্গো-প্রতিমার গলায় বেমন থাকে সেই ধরনের। মা সেটিকে মাঝে মাঝে দিন্দুক থেকে বের করে আমাদের দেখাতেন; বলতেন, দেখ্, আমার শান্তড়ির খোদবো ভাঁকে দেখ।

আমরা হাতে নিয়ে তাঁকে তাঁকে দেগতুম, সভিটে আতরচলনের এমন একটা স্থান্দ ছিল ভাতে। তথনো থোদ্বো ভূরত্ব করছে, সাতনরী হারের দঙ্গে বেন মিশে আছে। দেকালে আভর মাথবার খুব রেওয়াজ ছিল, আর তেমনই দব আভর। কতকাল ভো দিদিমা মারা গেছেন, আমরা তথনো হই নি, এতকাল বাদে তথনো দিদিমায়ের থোদ্বো তাঁর হারের সোনার ছুলের মধ্যে পেতুম। দেই হারটি মা স্থনয়নীকে দিয়েছিলেন। ছোটোপিসিমার বিয়ে দিয়েই দিদিমা মারা বান।

একবার দিদিমার অহণ হয়। তথন ছ-জন ফামিলি ডান্ডার ছিলেন আমাদের। একজন বাঙালি, নামজালা ডি. গুপ্ত; আর একজন ইংরেজ, বেলী সাহেব। এই ছ-জন বরাদ ছিল, বাড়িতে কারো অহণ-বিস্থথ হলে জাঁরাই চিকিংনাদি করতেন। বেলী সাহেবের তথনকার দিনে ডান্ডার হিদেবে খ্ব নামডাক ছিল, তার উপরে ছারকানাথ ঠাকুর-মশায়ের ফামিলি ডান্ডার তিনি। রাজা দিয়ে বেলী সাহেব বের হলেই ছু পাশে লোক দাঁড়িয়ে যেত ওমুধের জন্ত। জাঁর গাড়িতে সব সময় থাকত একটা ওমুধের বায়, গরিবদের তিনি অমনিই দেখতেন, ওমুধ বিতরণ করতে করতে রাজা চলতেন। ডা দিদিমার অহুথ, বেলী সাহেব এলেন, সদ্দে এলেন ডি. গুপ্তও, দিদিমার অহুথধা ব্বিয়ের দেবার জন্ত।

দিদিমা বিছানার শুয়ে শুয়েই কাছে আনিয়ে দাদীকে দিয়ে মাছ তরকারি কাটিয়ে কুটিয়ে দেওয়াতেন, ছেলেদের জন্ম রামা হবে। বেলী দাহেব দাদীকে শালায় হাত ধোবার জন্ম একটা জলের ঘটি আনতে বললেন। দাদী বেলী মাহেবের আড়বাংলাতে ঘটিকে শুনেছে বঁটি। দে ভাড়াভাড়ি মাছকাটা বঁটি নিয়ে এদে হাজির। বেলী সাহেবে চেঁচিয়ে উঠলেন, ও মা লো, বঁটি নিয়ে শাপনার দাদী এল, আমার গলা কাটবে নাকি!

मानी एडा এक ছুটে পनायन, जात दननी नारहद्वत दश-दश करत शानि।
अर्थानहे जिन गरताया हिलन।

বেলী দাহেব দিদিমাকে ভো ভালো করে পরীক্ষা করলেন। ডি. গুপ্তকে বললেন দিদিমাকে ব্রিয়ে দেবার জন্ত বে, তিনি একটু এনিমিক হয়েছেন। বললেন, দোভয়ারীবাব্, মাকে তাঁর অস্থটা বাংলায় ভালো করে ব্রিয়েদিন।

দোওয়ারীবাবু দিদিমাকে ভালো করে বেলী সাহেবের কথা বাংলায় তর্জমা করে বোঝালেন, 'বেলী সাহেব বলিতেছেন, আপনি কিঞিৎ বিরক্ত হইয়াছেন।' ভিনি 'এনিমিক' এর বাংলা করলেন 'বিরক্ত'।

দিদিমা বললেন, দে কী কথা, উনি হলেন আমাদের এতদিনের ডাক্তার, আমি ওঁর উপরে বিরক্ত কেন হব। সাহেবকে ব্ঝিয়ে দিন— না না, সে কী কথা, আমি একটুও বিরক্ত হই নি।

দোওয়ারীবার্ যতবার বলছেন 'আপনি কিঞিৎ বিরক্ত হইয়াছেন' দিদিমা ভতই বলেন, আমি একটুও বিরক্ত হই নি। মিছেমিছি কেন বিরক্ত হব, আপনি সাহেবকে বুঝিয়ে দিন ভালো করে।

এই রক্ম কথাবার্ডা হতে হতে বেলী সাহেব জিজ্জেদ করলেন, কী হয়েছে, ব্যাপার কী, মা কী বলছেন। জ্যাঠামশায় তথন স্কুলে পড়েন, ইংরেজি বেশ ভালো জানতেন— তিনি বেলী সাহেবকে ব্রিয়ে দিলেন গোওয়ারীবার্ এনিমিকের তর্জমা করছেন— বিরক্ত হইয়াছেন। তাই মা বলছেন যে তিনি একটুও বিরক্ত হন নাই। এই শুনে বেলী সাহেবের হো-হো করে হাদি। জ্যাঠামশায়কে বললেন, মাকে ভালো করে ব্রিয়ে দাও তিনি একটু রক্তহীন হয়েছেন। বলে, দোওয়ারীবার্র দিকে কটাক্ষপাত করলেন; বললেন, তৃমি বাংলা জানো না দোওয়ারীবার্ব পত্তক্ষেপ সমস্তার মীমাংসা হয়।

এঁড়েদহের বাগানে দিদিমার মৃত্যু হয়। তাঁকে আমরা দেখি নি, ছবিও নেই— শুধু কথার তিনি আমাদের কাছে আছেন, পুরোনো কথার মধ্য দিয়ে আমরা তাঁকে পেয়েছি।

কর্তাদিদিমাকে দেখেছি। তাঁর ছবিও আছে, তোমরাও তাঁর ছবি দেখেছ। ফোটো দিন-দিন মান হয়ে বাচ্ছে এবং বাবে, কিন্তু তাঁর সেই পাকা-চুলে-সিঁত্র-মাথা রূপ এখনো আমার চোখে জনজন করছে, মন খেকে তা মোছবার নয়। তিনি ছিলেন যশোরের মেয়ে, তখন এই বাড়িতে যশোরের মেয়েই বেশির ভাগ আদতেন। তাঁরা স্বাই কাছাকাছি বোন সম্পর্কের থাকতেন; তাই তাঁদের নিজেদের মধ্যে বেশ একটা টান ছিল। আমার মা এলেন, শেষ এলেন রথীর মা; ওই শেষ ষশোরের মেয়ে এলেন এ বাড়িতে। মা প্রায়ই বলতেন, বেশ হয়েছে, আমাদের ষশোরের মেয়ে এল। এই কথা যথন বলতেন তাতে যেন বিশেষ আদর মাথানো থাকত।

কর্তাদিদিমাও রূপদী ছিলেন, কিন্তু ওই ছবি দেখে কে বলবে। ছবিটা থেন কেমন উঠেছে। দীপুদা ওই ছবি দেখে বলতেন, আচ্ছা, কর্তাদাদামশায় কী দেখে কর্তাদিদিমাকে বিয়ে করেছিলেন হে।

তথন ১১ই মাঘে থুব ভোজ হত— পোলাও, মেঠাই। সে কী মেঠাই, যেন এক-একটা কামানের গোলা। থেয়েদেয়ে সবাই আবার মেঠাই পকেটে করে নিয়ে যেত। অনেক লোকজন অতিথি-অভাগতের ভিড় হত সে সময়ে। আমরা ছেলেমাত্ম, আমাদের বাইরে নিমন্তিতদের সক্ষে গাবার নিয়ম ছিল না। বাড়ির ভিতরে একেবারে কর্তাদিদিনার খরে নিয়ে খেক আমাদের। সঙ্গে থাকত রামলাল চাকর।

আমার স্পষ্ট মনে আছে কর্তাদিদিমার দে ছবি, ভিতর দিকের ডেডলার
যরটিতে থাকতেন। ঘরে একটি বিছানা, সেকেলে মণারি সর্জ রঙের, পান্ধের
কাজ করা মেঝে, মেঝেতে কার্পেট পাতা, এক পাশে একটি পিদিম জলছে—
বাল্চরী শাড়ি প'রে শালা চুলে লাল সিঁতুর টক্টক্ করছে— কর্তাদিদিমা বদে
আছেন ভক্তপোশে। রামলাল শিথিয়ে দিত, আমরা কর্তাদিদিমাকে পেনাম
করে পাশে দাঁড়াতুম; ভিনি বলতেন, আয়, বোদ বোদ।

এতকালের ঘটনা কী করে যে মনে আছে, স্পষ্ট যেন দেখতে পাচ্ছি, বলো তো ছবি এঁকেও দেখাতে পারি। এত মনে আছে বলেই এখন এত কষ্ট বোধ করি এখনকার সঙ্গে তুলনা করে।

কর্তাদিদিমা রামলালের কাছে সব তন্ত্র করে বাজির খবর নিতেন। তিনি ডাকতেন, ও বউমা, ওদের এখানেই আমার সামনে জারগা করে দিতে বলো।

বউমা হচ্ছেন দীপুদার মা, আমরা বলতুম বড়োমা। সেই ঘরেই এক পাশে আমাদের জন্ত ছোটো ছোটো আদন দিয়ে জায়গা হত। কর্তাদিদিমার বড়োবউ, লাল চওড়া পাড়ের শাড়ি পরা— তথনকার দিনে চওড়া লালপেড়ে শাড়িরই চলন ছিল বেশি, মাথায় আধ হাত ঘোমটা টানা, পায় আলতা, বেশ ছোটোখাটো রোগা মান্ত্র্যটি। কয়েকথানি লুচি, একটু ছোঁকা, কিছু
মিটি যেমন ছোটোদের দেওয়া হয় তেমনি ছ হাতে ছ্থানি রেকাবিতে সাজিয়ে
নিয়ে এলেন। কর্তাদিদিমা কাছে বসে বলতেন, বউঁমা, ছেলেদের আরো
খানকয়েক লুচি গরম গরম এনে দাও, আরো মিটি দাও। এই রকম সব
বলে বলে থাওয়াতেন, বড়োদের মতো আদর্যত্ব করে। আমরা খাওয়াদাওয়া
করে পায়ের ধুলো নিয়ে চলে আসতুম।

কর্তাদিদিমার একটা মন্ধার গল্প বলি, যা শুনেতি। বড়োজ্যাঠামশায়ের বিয়ে হবে। কর্তাদিদিমার শথ হল একটি খাট করাবেন ছিজেন্দর আর বউমা শোবে। রাজকিষ্ট মিল্লিকে আমরাও দেখেছি— তাকে কর্তাদিদিমা মংলব মাফিক লব বাংলে দিলেন, মরেই কাঠকাটরা আনিয়ে পালঙ্ক প্রস্তুত্বল। পালঙ্ক তো নয়, প্রকাণ্ড মঞ্চ। থাটের চার পায়ার উপরে পরী ফুলদানি ধরে আছে; থাটের ছত্ত্রীর উপরে এক শুক্রপক্ষী ভানা মেলে। রূপকথা থেকে বর্ণনা নিয়ে করিয়েছিলেন বোধ হয়। ঘরজোড়া প্রকাণ্ড ব্যাপার, তাঁর মংলবমাছিক খাট। কত কল্পনা, নতুন বউটি নিয়ে ছেলে ৬ই থাটে মুমোবে, উপরে থাকবে শুক্রপক্ষী।

কর্তাদিদিমার এক ভাই জগদীশমামা এখানেই থাকতেন; তিনি বললেন, দিদি, উপরে ওটা কী করিয়েছ, মনে হচ্ছে খেন একটা শকুনি ভানা মেলে বলে আছে।

আর, সত্যিও তাই। শুকপাথিকে কল্পনা করে রাছকিট মিল্লি একটা কিছু করতে চেটা করেছিল, দেটা হয়ে গেল ঠিক জার্মান ঈগলের মতো, ডানামেলা প্রকাণ্ড এক পাঝি।

তা, কর্তাদিদিমা জগদীশ্মামাকে অমনি তাড়া লাগালেন, যা যা, ও তোরা বুঝবি নে। শকুনি কোথায়, ও তো শুক্পক্ষী।

সেই থাট বহুকাল অবধি ছিল, দীপুদাও সেই ঘাটে ঘুমিয়েছেন। এথন কোথায় যে আছে সেই থাটটি, আগে জানলে ছ্-একটা পরী পায়ায় উপর থেকে খুলে আনতুম।

সাত সাত ছেলে কর্তাদিদিমার; তাঁকে বলা হত রত্বগর্তা। কর্তাদিদিমার সব ছেলেরাই কী স্থন্দর আর কী রঙা তাঁদের মধ্যে রবিকাকাই হচ্ছেন কালো। কর্তাদিদিমা থুব ক্ষে তাঁকে রূপটান সর মন্ত্রদা মাথাতেন। সে কথা রবিকাকাও লিথেছেন তাঁর ছেলেবেলায়। কর্তাদিদিমা বলতেন, সব ছেলেদের মধ্যে রবিই আমার কালো।

সেই কালো ছেলে দেখো জগৎ আলো করে বসে আছেন।

কর্তাদিদিমা আঙুল মটকে মারা যান। বড়োপিসিমার ছোটো মেয়ে, সে তথন বাচ্ছা, কর্তাদিদিমার আঙুল টিপে দিতে দিতে কেমন করে মটকে যায়। সে আর সারে না, আঙুলে আঙুলহাড়া হয়ে পেকে ফুলে উঠল। জর হতে লাগল। কর্তাদিদিমা যান যান অবস্থা। কর্তাদামশায় ছিলেন বাইরে—কর্তাদিদিমা বলতেন, তোরা ভাবিদ নে, আমি কর্তার পায়ের ধুলো মাথায় না নিয়ে মরব না, তোরা নিশ্চিত্ত থাকু।

কর্তাদাদামশার তথন তালহোসি পাহাড়ে, খুব সম্ভব রবিকাকাও সে সময়ে ছিলেন তাঁর দক্ষে। তথনকার দিনে থবরাথবর করতে অনেক সময় লাগত। একদিন তো কর্তাদিদিমার অবস্থা খুবই খারাপ, বাড়ির স্বাই ভাবলে আর বুঝি দেখা হল না কর্তাদাদামশায়ের সঙ্গে। অবস্থা ক্রমণই খারাপের দিকে মাচ্ছে, এমন সময়ে কর্তাদাদামশায় এসে উপস্থিত। থবর জনে সোজা কর্তাদিদিমার ঘরে গিয়ে পাশে দাড়ালেন, কর্তাদিদিমা হাত বাড়িয়ে তাঁর পায়ের গুলো মাথায় নিলেন। ব্যস্, আতে আতে সব শেষ।

কর্তাদাদামশার বেরিয়ে এলেন ঘর থেকে। বাজির ছেলেরা অস্ত্রেষ্টিক্রিয়ার যা করবার সব করলেন। সেই দেখেছি দানদাগর প্রাক্ত, রুপোর
বাসনে বাজি ছেয়ে গিয়েছিল। বাজির কুলীন জামাইদের কুলীন-বিদেয় করা
হয়। ছোটোপিদেমশায় বজোপিদেমশায় কুলীন ছিলেন, বজো বজো রুপোর
ঘড়া দান পেলেন। কাউকে শাল-দোশালা দেওয়া হল। সে এক বিয়াট
ব্যাপার।

আর-এক দিদিমা ছিলেন আমাদের, কয়লাহাটার রাজা রমানাথ ঠাকুরের পুত্রবর্, নৃপেন্দ্রনাথ ঠাকুরের স্ত্রী। রাজা রমানাথ ছিলেন ঘারকানাথের বৈমাজেয় ভাই। সে দিদিমাও খুব বৃড়ি ছিলেন। আমরা ভাঁর লক্ষে খুব গল্লগুজব করতুম, তিনিও আমাদের দেখাদিদিমা, তিনিও ফ্লারের মেয়ে। আমি যথন বড়ো হয়েছি মাঝে মাবে ডেকে পাঠাতেন আমাকে; বলভেন, অবনকে আদতে বোলো, গল্ল করা যাবে। সে দিদিমার লক্ষে আমার খুব জ্মত। আমি যে স্ত্রী-আচার সম্বন্ধে একটা অবন্ধ লিখেছিলুম তাতে দ্রকারি

নোটগুলি সব ওই দিনিমার কাছ খেকে পাওয়া। আমার তথন বিয়ে হয়েছে।
দিনিমা বউ দেখে খুশি; বলতেন, বেশ, থাসা বউ হয়েছে, দেখি কী গয়নাটয়না দিয়েছে। ব'লে নেড়ে-চেড়ে ঘ্রিয়ে-ফিরিয়ে দেখতেন। বলতেন,
বেশ দিয়েছে, কিন্তু তোরা আছকাল এই রকম দেখা-গয়না পরিদ কেন।

আমি বলতুম, দে আবার কী রকম।

দিদিমা বলতেন, আমাদের কালে এ রকম ছিল না, আমাদের দম্বর ছিল গয়নার উপরে একটি মুসলিনের পটি বাঁধা থাকত।

আমি বলতুম, দে কি গয়না ময়লা হয়ে যাবে বলে।

তিনি বলতেন, না, ঘরে আমরা গয়না এমনিই পরত্ম, কিন্তু বাইরে কোথাও যেতে হলেই হাতের চুড়ি-বালা-বাজুর উপরে ভালো করে মসলিনের টুকরো দিয়ে বেঁধে দেওয়াই দপ্তর ছিল তথনকার দিনে। ওই মসলিনের ভিতর দিয়েই গয়নাগুলো একটু একটু ঝক্ঝক্ করতে থাকত। দেখা-গয়না তো পরে বাঈজী নটারা, তারা নাচতে নাচতে হাত নেড়েচেড়ে গয়নার ঝক্মকানি লোককে দেখায়। খোলা-গয়নার ঝক্মকানি দেখানো, ও-স্ব হচ্ছে ছোটো-লোকি বাগার।

খ্ব প্রোনো মোগল ছবিতে আমারও মনে হয় ও রকম পাতলা রভিন কাপড় দিয়ে হাতে বাজু বাঁধা দেখেছি। ওই ছিল তথনকার দিনের দম্বর। এই দেখা-গয়নার গল্প আমি আর কারো কাছে শুনি নি, ওই দিদিমার কাছেই শুনেছি।

তথনকার মেয়েদের সাজসজ্জার আর-একটা গল্প বলি।

ছোটোদাদামশায়ের আর বিয়ে হয় না। কর্তা বারকানাথ যোলো বছর বয়দে ছোটোদাদামশায়েক বিলেত নিয়ে য়ান, দেখানেই তাঁর শিক্ষাদীক্ষা হয়। ছারকানাথের ছেলে, বড়ো বড়ো সাহেবের বাড়িতে থেকে একেবারে ওই দেশী কায়দাকাছনে দোরস্ত হয়ে উঠলেন। আর, কী সম্মান দেখানে তাঁর। তিনি ফিরে আদছেন দেশ। ছোটোদাদামশায় সাহেব হয়ে ফিরে আদছেন— কী তাবে জাহাজ থেকে নামেন সাহেবি স্বট প'য়ে, বয়্বায়ব স্বাই গেছেন গলার ঘাটে তাই দেখতে। তখনকায় সাহেবি সাজ জানো তো? সে এই রকম ছিল না, দে একটা রাজবেশ— ছবিতে দেখো। জাহাজ তখন লাগত খিদিরপুরের দিকে, দেখান খেকে ধানসি কয়ে আদতে হত। সবাই

উৎস্থক— নগেন্দ্রনাথ কী পোশাকে নামেন। তথনকার দিনের বিলেড-ফেরড কে এক ব্যাপার। জাহাজঘাটায় ভিড় জমে গেছে।

ধৃতি পাঞ্জাবি চাদর গায়ে, পায়ের জরির লপেটা, ছোটোদাদামশায় জাহাজ থেকে নামলেন। সবাই তো অবাক।

ছোটোদাদামশায় তো এলেন। স্বাই বিষের জন্ত চেষ্টাচরিতির করছেন, উনি আর রাজী হন না কিছুতেই বিয়ে করতে। তথন স্বেমাত্র বিলেত থেকে এন্দেছেন, ওথানকার মাহ কাটে নি। আমাদের দিদিমাকে বলতেন, বউঠান, ওই তো একরত্তি মেয়ের সঙ্গে আমার বিষে দেবে তোমরা, আর আমার তাকে পালতে হবে, ও-স্ব আমার হারা হবে না। স্বাই বোঝাতে লাগলেন, তিনি আর হাড় পাতেন না। শেবে দিদিমা খুব বোঝাতে লাগলেন; বললেন, ঠাকুরপো, সে আমারই বোন, আমি তার দেখাশোনা স্ব করব— তোমার কিছুটি ভাবতে হবে না, তুমি গুরু বিষেটকু করে ফেলো কোনো ক্লমে।

অনেক সাধ্যসাধনার পর ছোটোগানামশায় রাজী হলেন। ছোটোদিনিমা ত্রিপুরাঞ্চলত্রী এলেন।

ছোট্ট মেয়েট, আমার দিদিমাই ভার সব দেখাশোনা করতেন। বেনে-থোঁপা বেঁধে ভালো শাভি পরিয়ে সাজিয়ে দিতেন। বেনে-থোঁপা তিনি চিরকাল বাঁধতেন— আমরাও বড়ো হয়ে তাই দেখেছি, তাঁর মাথায় সেই বেনে-থোঁপা। কোথায় কী বলতে হবে, কী করতে হবে, সব শিথিয়ে পড়িয়ে দিদিমাই মাছব করেছেন ছোটোদিদিমাকে।

তথনকার কালে কর্তাদের কাছে, আঞ্চকাল এই তোমাদের মতো কোমরে কাপড় জড়িয়ে হলুদের দাগ নিয়ে যাবার জো ছিল না। গিনিরা ছোটো থেকে বড়ো অবধি পরিপাটিরূপে সাজ ক'রে, আতর মেথে, সিঁছুর-আলতা প'রে, কনেটি সেজে, ফুলের পোড়ে-মালাটি গলায় দিয়ে তবে ঘরে ঢুকতেন।

আজ সকালে মনে পড়ল একটি গল্প— সেই প্রথম খনেশী মুগের সময়কার, কী করে আমরা বাংলা ভাষার প্রচলন করলুষ।

স্থাকিস্পের বছর সেটা। প্রোভিন্মিরাল কন্দারেল হবে নাটোরে।
নাটোরের মহারাজা জগদিন্দনাথ ছিলেন রিদেপনন কমিটির প্রেদিন্ডেট।

আমরা তাঁকে শুধু 'নাটোর' বলেই সন্তাবণ করতুম। নাটোর নেমন্তর করলেন আমাদের বাড়ির দবাইকে। আমাদের বাড়ির সঙ্গে তাঁর ছিল বিশেষ ঘনিষ্ঠতা, আমাদের কাউকে ছাড়বেন না— দীপুদা, আমরা বাড়ির অন্ত সব ছেলেরা, দবাই তৈরি হলুম, রবিকাকা তো ছিলেনই। আরো অনেক নেতারা, ন্যাশনাল কংগ্রেসের টাইরাও গিয়েছিলেন। ন-পিদেমশাই জানকীনাথ ঘোষাল, ডব লিউ. দি. বোনাজি, মেজোজাঠামশায়, লালমোহন ঘোষ— প্রকাও বক্তা তিনি, বড়ো ভালো লোক ছিলেন, আর কী ফুলর বলতে পারতেন কিন্তু বোঁক গুই ইংরেজিভে— ক্রেক্স বাড়ুক্তে, আরো অনেকে ছিলেন— দবার নাম কি মনে আদতে এখন।

তৈরি তো হলুম দবাই যাবার জন্ম। ভাবছি যাওয়া-আদা হাদাম বড়ো। নাটোর বললেন, কিছ ভাবতে হবে না দাদা।

ব্যবস্থা হয়ে গেল, এখান থেকে স্পোশাল ট্রেন ছাড়বে আমাদের জ্ঞা। রওনা হলুম সবাই মিলে হৈ-হৈ কয়তে কয়তে। চোগাচাপকান পরেই তৈরি হলুম, তখনো বাইরে ধৃতি পরে চলাকের। অভ্যেস হয় নি। ধৃতি-পাঞ্চাবি সঙ্গে নিয়েছি, নাটোরে পৌছেই এ-সব খুলে ধৃতি পরব।

আমরা যুবকরা ছিলুম একদল, মহাছুতিতে ট্রেনে চড়েছি। নাটোরের-ব্যবস্থা— রাস্তায় থাওয়াদাওয়ার কাঁ আয়োজন। কিছুটি ভাবতে হচ্ছে না, স্টেশনে স্টেশনে থোঁজথবর নেওয়া, তদারক করা, কিছুই বাদ থাচ্ছে না— মহা-আরামে থাচ্ছি। নারাঘাট ভো পোঁছানো গেল। দেথানেও নাটোরের-চমৎকার ব্যবস্থা। কিছু ভাববারও নেই, কিছু করবারও নেই, দোজা খ্রীমারে-উঠে যাওয়া।

দঙ্গের মোটঘাট বিছানা-কম্বল ? নাটোর বললেন, কিছু ভেবো না। সব ঠিক আছে।

আমি বলনুম, আরে, ভাবব না তো কী। ওতে যে ধৃতি-পাঞ্জাবি সব-কিছই আছে।

नारिहात वललन, आमारमत रलाकजन आर्छ, छात्रा नेव वावश कत्रत।

দেখি নাটোরের লোকজনেরা বিছানাবাল্প মোটবাট সব তুলছে, আর আমার কথা ভনে মিটিমিটি হাসছে। বাক, কিছুই যথন করবার নেই, সোজা ঝাড়া হাত-পায় স্থামারে নির্ভাবনায় উঠে গেলুম। পদ্মা দেখে মহা খুশি আমরা, ছুতি আর ধরে না। ধাবার সময় হল, ডেকের উণর টেবিল-চেয়ার সাজিয়ে থাবার জায়ৢগা করা হল। থেতে বদেছি সবাই একটা লম্বা টেবিলে। টেবিলের এক দিকে হোমরাচোমরা টাইরা, আর-এক দিকে আমরা ছোকরারা, দীপুদা আমার পাশে। ধাওয়া শুক হল, 'বয়'রা থাবার নিয়ে আগে বাছে শুই পাশে, টাইদের দিকে, ওঁদের দিয়ে তবে তো আমাদের দিকে ঘুরে আসবে। মারাথানে বদেছিলেন একটি টাই; তাঁর কাছে এলে থাবারের ভিশ প্রায় শেষ হয়ে যায়। কটিলেট এল তো সেই টাই ছ-সাতথানা একবারেই তুলে নিলেন। আমাদের দিকে ধখন আসে তখন আর বিশেষ কিছু বাজি থাকে না; কিছু বলতেও পারি নে। পুডিং এল; দীপুদা বললেন, অবন, পুডিং এদেছে, থাওয়া যাবে বেশ করে। দীপুদা ছিলেন থাইয়ে, আমিও ছিল্ম খাইয়ে। পুডিং-হাতে বয় টেবিলের এক পাশ থেকে ঘুরে ঘুরে ঘেই গেই টাইয়ের কাছে এদেছে, দেখি তিনি অর্থেকের বেশি নিজের প্লেটে তুলে নিলেন। ওমা, দীপুদা আর আমি মুখ-চাওয়াচাওয়ি করতে লাগল্ম। দীপুদা বললেন, হল আমাদের আর পুডিং থাওয়া!

সন্তিয় বাপু, অমন 'জাইগান্টিক' থাওয়া আমরা কেউ কথনো দেখি নি। ওই রকম থেয়ে থেয়েই শরীরথানা ঠিক রেখেছিলেন ডল্লাক। বেশ শরীরটা ছিল তাঁর বলতেই হবে। দীপুদা শেষটায় বয়কে টিপে দিলেন, থাবারটা আকে যেন আমাদের দিকেই আনে। তার পর থেকে দেখতুম, তুটো করে ডিশে থাবার আসত। একটা বয় ও দিকে থাবার দিতে থাকত আর-একটা এ দিকে চোথে দেখে না থেতে পাওয়ার জন্ম আর আপ্যান্য করতে হয় নি আমাদের।

নাটোরে তো পৌছানো গেল। এলাহি ব্যাপার লব। কী স্থন্দর সাজিয়েছে বাড়ি, বৈঠকখানা। ঝাড়লগ্রন, তাকিয়া, তালো তালো দামী ফুলদানি, কার্দেটি, সে-সবের তুলনা নেই— যেন ইন্দ্রপুরী। কী আন্তরিক আদর্মত্ব, কী স্মারোহ, কী তার স্ব ব্যবস্থা। একেই বলে রাজস্মানর। স্ব-কিছু তৈরি হাতের কাছে। চাকর-বাকরকে স্ব শিথিয়ে-পড়িয়ে ঠিক করে রাঝা হয়েছিল, না চাইতেই স্ব জিনিস কাছে এনে দেয়। পুতি-চাদরও দেখি আমাদের জ্ঞা পাট-করা স্ব তৈরি, বাল্প আরু ব্লতেই হল না। তথন ব্যক্ষ, মোটখাটের জ্ঞা আমাদের ব্যগ্রতা দেখে ওখানকার লোকগুলি কেন হেসেছিল।

नाटिंदि रललन, कार्थाय चान कद्राय खरनमा, शुकूदर ?

আমি বললুম, না দাদা, সাঁতার-টাতার জানি নে, শেষ্টায় ডুবে মরব। তার উপর যে ঠাণ্ডা জল, আমি ঘরেই চান করব। চান-টান সেরে ধৃতি-পাঞ্জাবি পরে বেশ ঘোরাঘুরি করতে লাগলুম। আমরা ছোকরার দল, আমাদের তেমন কোনো কাজকর্ম ছিল না। রবিকাকাদের কথা আলাদা। খাওয়া-দাওয়া, ধমধান, গল্প-গুজৰ— রবিকাকা ছিলেন— গানবাজনাও জমত থুব। নাটোরও ছিলেন গানবাজনায় বিশেষ উৎসাহী। তিনিই ছিলেন রিদেপশন কমিটির প্রেসিডেণ্ট। কাজেই তিনি দব ক্যাম্পে ঘূরে ঘুরে থবরা-খবর করতেন; মজার কিছু ঘটনা থাকলে আমাদের ক্যাম্পে এসে খবরটাও দিয়ে বেতেন। খুব জমেছিল আমাদের। রাজস্বথে আছি। ভোরবেলা বিছানায় শুয়ে, তথনো চোণ খুলি নি, চাকর এদে হাতে গড়গড়ার নল গুঁজে দিলে। কে কথন ভামাক খায়, কে ছুপুরে এক বোতল দোড়া, কে বিকেলে একটু ভাবের জল, দব-কিছু নি খুত ভাবে জেনে নিয়েছিল— কোথাও বিলুমাত্র ক্রটি হবার জো নেই। খাওয়া-দাওয়ার তো কথাই নেই। ভিতর থেকে রানীমা নিজের হাতে পিঠে-পায়েদ করে পাঠাচ্ছেন। তার উপরে নাটোরের ব্যবস্থায় মাছ মাংস ডিম কিছুই ৰাদ ধায় নি, হালুইকর বলে গেছে বাড়িতেই, নানা রকমের মিষ্টি করে দিচ্ছে এবেলা ভবেলা।

আমি ঘুরে ঘুরে নাটোরের গ্রাম দেখতে লাগল্ম— কোথায় কী পুরোনো বাড়ি ঘর মন্দির। সঙ্গে সঙ্গে স্বেচ করে বাচ্ছি। আনক স্কেচ করেছি সেবারে, এখনো দেগুলি আমার কাছে আছে। টাইদেরও আনক স্কেচ করেছি; এখন সেগুলি দেখতে বেশ মঙ্গা লাগবে। নাটোরেরও খুব আগ্রহ, সঙ্গে করে নিয়ে গেলেন একেবারে অলরমহলে রানী ভবানীর ঘরে। সেথানে বেশ ফুলর ফুলর ইটের উপর নানা কাছ করা। ওর রাজত্বে যেখানে যা দেখার জিনিম ঘুরে ঘুরে দেখাতে লাগলেন। আর আমি স্কেচ করে নিচ্ছি, নাটোর তো খুব খুণি। প্রায়ই এটা গুটা স্কেচ করে দেবার জ্ঞা করমাশও করতে লাগলেন। তা ছাড়া আরো কত রক্ষের পেয়াল— শুরু আমি নয়, দলের যে যে খেয়াল করছে, নাটোর তংক্ষণার তা প্রণ করছেন। ফুতির চোটে আমার সব অভুত খেয়াল মাধায় আমত। একদিন খেতে খেতে বললুম, কী সন্দেশ খাওয়াছেন নাটোর, টেবিলে আনতে আনতে ঠাণ্ডা হয়ে

যাচ্ছে। গরম গরম দক্ষেশ থাওয়ান দেখি। বেশ গরম গরম চায়ের সঙ্গে গরম গরম দন্দেশ থাওয়া যাবে। শুনে টেবিলম্বন্ধ সবার হো-হো করে হাসি। ভক্ষুনি হকুম হল, খাবার ঘরের দরজার সামনেই হালুইকর বসে গেল। গরফ গরম দন্দেশ ভৈরি করে দেবে ঠিক খাবার সময়ে।

রাউও টেবিল কন্দারেন্দ বসল। গোল হয়ে সবাই বসেছি। মেজোজ্যাঠামশায় প্রিসাইভ করবেন। ন-পিসেমশাই জানকীনাথ ঘোষাল রিপোর্ট
লিথছেন আর কলম ঝাড়ছেন; তাঁর পাশে বসেছিলেন নাটোরের ছোটো
ভরকের রাজা, মাথায় ভরির তাজ, ঢাকাই মসলিনের চাপকান পরে।
ন-পিনেমশায় কালি ছিটিয়ে ছিটিয়ে তাঁর সেই সাজ কালো বৃটিদার করে
দিলেন।

আগে থেকেই ঠিক ছিল, রবিকাকা প্রস্তাব করলেন প্রোভিনিয়াল কন্কারেক বাংলা ভাষায় হবে। আয়য়া ছোকয়ারা সবাই রবিকাকায় দলে; আয়য়া বলন্ম, নিশ্চয়ই, প্রোভিনিয়াল কন্কারেকে বাংলা ভাষায় ছান হওয়া চাই। রবিকাকারেক বলন্ম, ছেড়ো না, আয়য়া শেষ পর্যন্ত লড়ব এজয়। সেই নিয়ে আয়াদের বাধল চাইদের সদে। তাঁরা আয় ঘাড় পাতেন না, ছোকরার দলের কথায় আয়লই দেন না। তাঁরা বললেন, ঘেমন কংগ্রেদে হয় তেমনি এখানেও হবে সব-কিছু ইংরেজিতে। অনেক ভলাতকির পর লুটো দল হয়ে পেল। একদল বলবে বাংলাতে, একদল বলবে ইংরেজিতে। স্বাই মিলে গেল্ম প্যান্ডেলে। ব্দেছি সব, কন্কারেক্স আয়ম্ভ ছবে। রবিকাকায় গান ছিল, গান তো আয় ইংরেজিতে হতে পারে না, বাংলা গানই হল। 'সোনার বাংলা' গানটা বোধ হয় সেই সময়ে গাওয়া হয়েছিল— রবিকাকাকে জিজ্ঞেদ করে জেনে নিয়ো।

এখন, প্রেসিডেন্ট উঠেছেন স্পীচ দিতে; ইংরেজিতে খেই-না মৃথ খোলা আমরা ছোকরারা যারা ছিলুম বাংলা ভাষার দলে সবাই একসঙ্গে ঠেচিয়ে উঠলুম— বাংলা, বাংলা। মৃথ আর খুলতেই দিই না কাউকে। ইংরেজিতে কথা আরম্ভ করলেই আমরা ঠেচাতে থাকি—বাংলা, বাংলা। মহা মৃশকিল, কেউ আর কিছু বলতে পারেন না। তবুও ওই টেচামেচির মধ্যেই ছ্-একজন ছ-একটা কথা বলতে চেটা করেছিলেন। লালমেহন ঘোষ ছিলেন ঘোরতর ইংরেজিত্বন্ত, তাঁর মতো ইংরেজিত্বন্ত, পারত না, ভিনি ছিলেন

পার্লামেন্টারি বক্তা— তিনি শেষটার উঠে বাংলার করলেন বক্তৃতা। কী স্থন্দর তিনি বলেছিলেন। ধেমন পারতেন তিনি ইংরেজিতে বলতে তেমনি চমৎকার তিনি বাংলাতেও বক্তৃতা করলেন। আমার্দের উল্লাম দেখে কে, আমাদের তো জয়য়য়য়য়য় । কন্ফারেন্সে বাংলা ভাষা চলিত হল। সেই প্রথম আমরা পাবলিক্লি বাংলা ভাষার জয় লড়লুম।

যাক, আমাদের তো জিত হল; এবারে প্যাণ্ডেলের বাইরে এসে একটু চা থাওয়া যাক। বাড়িতে গিয়েই চা থাবার কথা, তবে ওথানেও চায়ের ব্যবস্থা কিছু ছিল। নাটোর বললেন, কিন্তু গরম গরম সন্দেশ আজ চায়ের সঙ্গে থাবার কথা আছে যে অবনদা। আমি বলল্ম, সে তো হবেই, এটা হল উপরি-পাওনা, এথানে একটু চা থেয়ে নিই তো আগে। এথনকার মতো তথন আমাদের থাও থাও বলতে হত না। হাতের কাছে থাবার এলেই তলিয়ে দিতেম।

চায়ের পেয়ালা হাতে নিয়ে এক চুমুক দিয়েছি কি, চার দিক থেকে ছুপ্তুপ ছুপ্তুপ শক্ষ। ও কীরে বাবা, কামান-টামান কে ছুঁড়ছে, বোমা নাকি! না বাজি পোড়াছে কেউ। ছাতি থেপল না তো ?

ওমা, আবার ত্লছে যে দেখি সব— পেরালা হাতে যে যার ডাইনে বাঁরে ছুলছে, পাাওেল ছুলছে। বছরমপুরের বৈকুণ্ঠবাবু— তিনি ছিলেন খুব গঙ্গে, আতি চমৎকার মাছ্য— তাড়াভাড়ি তিনি পাাওেলের দড়িছ হাতে ছুটো ধরে ফেললেন। দড়ি ধরে তিনিও ছুলছেন। কী হল, চার দিকে হরিবোল হরিবোল শঙ্কা। ভূমিকম্প হচ্ছে। যে বেখানে ছিল ছুটে বাইরে এল, ছল্মুলু ব্যাপার— শাঁথ-ঘন্টা আর হরিবোল হরিবোল ধ্বনিতে একটা কোলাহল বাধল, সেই ভুনে বুক দমে গেল। কাপুনি আর থামে না, থেকে থেকে কাপছেই কেবল।

কিছুক্ষণ কটিল এমনি। এবারে সব বাড়ি খেতে হবে। রাস্তার মাঝখানে হঠাৎ একটা চঙড়া ফাটল। এই বারান্দাটার মতো চঙড়া ঘেন একটা থাল চলে গেছে। অনেকে লাফিয়ে লাফিয়ে পার হলেন, আমি আর লাফিয়ে খেতে সাহস পাই নে। ফাটলের ভিতর থেকে তথনো গরম ধোঁয়া উঠছে। ভদ্ম হয় যদি পড়ে যাই কোখায় যে গিয়ে ঠেকব কে জানে। সবাই মিলে ধ্রাধরি করে কোনো রকমে ভো ও পারে টেনে তুললে আমাকে। এগোছিছ

স্মান্তে আন্তে। আশু চৌধুরী ছিলেন আমাদের দলেরই লোক, বড়ো নার্ভান, তিনি হাঁপাতে হাঁপাতে এদে হাত-পা নেড়ে বললেন, ওদিকে যাচ্ছ কোথায়। টেরিবল্ বিজ্নেদ, একেবারে দ' পড়েছে সামনে।

আমি বললুম, দ' কী।

তিনি বললেন, আমি দেখে এলুম নদী উপছে এগিয়ে আদছে।

আমি বলনুম, দূর হোকগে ছাই! ভাবনুম কান্ন নেই বাজি গিয়ে, চলো স্ব রেল-লাইনের দিকে, উঁচু আছে, ডুববে না জলে।

চলতে চলতে এই-দব বলাবলি করছি, এমন সময় লোকজন এদে খবর দিলে, চলুন রাজবাড়ির দিকে, ভন্ন নেই কিছু।

রাস্তায় আসতে আসতে দেখি কত বাড়িঘর তেওে ধৃলিসাৎ হয়েছে।
পুকুরপাড়ে বড়ো স্থলর পুরোনো একটি মন্দির ছিল, কী স্থলর কাফকাজ-করা।
নাটোরের বড়ো শথ ছিল দেই মন্দিরটির একটি স্কেচ করে দিই; বলেছিলেন,
অবনদা, এটা তোমাকে করে দিতেই হবে। আমি বলেছিলুম, নিশ্চয়ই, আফ
বিকেলেই এই মন্দিরটির একটি স্কেচ করব। পথে দেখি সেই মন্দিরটির কেবল
চুড়োটুকু ঠিক আছে, আর বাদবাকি সব গুঁড়িয়ে গেছে। মন্দিরটির উপরে
চুড়োটুকু তাঁটভাঙা কাফকার্থ-করা রাজছত্তের মতো পড়ে আছে। নাটোরের
বৈঠকথানা ভেঙে একেবারে তচ্নচ্। আহা, এমন স্থলর করে দাজিয়েছিলেন
তিনি। ঝাড়লঠন ফুলদানি সব গুঁড়ো গুঁড়ো ঘরময় ছড়াছড়ি। রাজবাড়ির
ভিতরে খবর গেছে আমরা সব প্যান্ডেস চাপা পড়েছি, রানীমা কারাকাটি জুড়ে
দিয়েছেন। তাঁকে অনেক ব্রিয়ে ঠাণ্ডা করা হয় যে আমরা কেউ চাপা পড়ি
নি, সবাই সশরীরে বেঁচে আছি।

কোথায় গেল গরম সন্দেশ থাওয়া। সেই রাত্রে বাঈজীর নাচ হবার কথা ছিল। নাটোর বলেছিলেন এথানে নাচ দেবে যেতে হবে— সব জোগাড়যন্তোর করা হয়েছিল। চুলোয় যাকগে নাচ, বৈঠকথানা তো ভেঙে চুরমার।

চার দিকে যেন একটা প্রলয়কাও হয়ে গেছে। সব উৎদাহ আমাদের কোথায় চলে গেল। কলকাভায় মা আর সবাই আমাদের জন্ম ভেবে অস্থির, আমরাও করি তাঁদের জন্ম ভাবনা। অথচ চলে আসবার উপায় নেই; রেললাইন ভেঙে গেছে, নদীর উপরের বিজ্প রুবরুরে অবস্থায়, টেলিগ্রাদের লাইন নই। তবুকী ভাগ্যিদ আমাদের একটি তার কী করে মার কাছে এদে পৌচেছিল, 'আমরা সব ভালো'। আমরাও তাঁদের একটিমাত্র তার পেলুফ ধে তাঁরাও সবাই ভালো আছেন। আর-কারো কোনো থবরা-থবর করবার বা নেবার উপায় নেই। কী করি, চলে আসবার মধন উপায় নেই থাকতেই হচ্ছে ওধানে। নাটোরকে বললুম, কিন্তু তোমার বৈঠকথানা-বরে আর চুকছি না। রবিকাকারও দেখি তাই মত, পাকা ছাদের নীচে ঘুমোবার পক্ষপাতী নন। তথনো পাচ মিনিট বাদে বাদে সব কেঁপে উঠছে। কথন বাড়িঘর ভেঙে পড়ে ঘাড়ে, মরি আর কি চাপা পড়ে। বললুম, অন্ত কোথাও বাইরে জায়গা করো।

নাটোরের একটা কাছারি বাংলো ছিল একটু দূরে, বেশ বড়োই। ভিতরে চুকে আগে দেখলুম ছাদটা কিদের— দেখি, না, ভয়ের কিছু নেই, ছাদটি থড়ের, নীচে ক্যান্ভাদের টাদোয়া দেওয়া। ভাবলুম যদি চাপা পড়ি, না-হয় ক্যান্ভাদ ছিঁড়েফুঁড়ে বের হতে পারব কোনোরকমে। ঠিক হল দেখানেই থাকব, ব্যবস্থাও হয়ে গেল। খাবার জায়গা হল গাড়িবারানার নীচে। তেমন কিছু হয় তো চটু করে বাগানে বেরিয়ে পড়া যাবে দহজেই।

মেজোজাঠামশার অভ্ত লোক'। তিনি কিছুতেই মানলেন না; তিনি বললেন, আমি ওই আমার ঘরেতেই থাকব, আমি কোথাও যাব না। নাটোর পজলেন মহা বিপদে। এখন কিছু একটা ঘটে গেলে উপায় কী। মেজোজাঠামশায় কিছুতেই কিছু ভনলেন না; শেবে কী করা যায়, নাটোর হুকুম দিলেন ছ-সাভজন লোক দিনরাত ওঁর ঘরের সামনে পাহারা দেবে। তেমন তেমন দেখলে যেমন করে হোক মেজোজাঠামশায়কে পাজাকোলা করে বাইরে আনবে। নয় তো তাদের আর ঘাতে মাথা থাকবে না।

চলতে লাগল সেই দিনটা এখনি করেই। এখন, মুশকিল হচ্ছে চানের ঘর নিয়ে। চানের ঘরে চুকে লোকে চান করছে এমন দময়ে হয়তো আবার কাঁপুনি শুরু হল; তাড়াতাড়ি গামছা পরে যে বে-অবস্থায় আছে বেরিয়ে আসেন। এ এক বিভাট। চানের ঘরে কেউ আর চুকতে পারেন না।

দীপুদার একদিন কী হয়েছিল শোনো। কাঁপুনি শুরু হয়েছে, তিনি ছিলেন একতলার ঘরে, জানলা দিয়ে বাইরে এক লাফে বেরিয়ে এলেন। ওই তো মোটা শরীর, নীচে ছিল কতকগুলি সোভার বোতল, পড়লেন তারই উপরে। ভাগ্যিস সেগুলি থালি ছিল নম্বতো ফেটেফুটে কী একটা ব্যাপার হত সেদিন। এমনিতরো এক-একটা কাণ্ড হতে লাগন।

ভূমিকম্পের পরিদিন আমরা কয়েকজন মিলে এক জায়গায় বদে গল্প করিছি, এমন সময়ে আমাদেরই বয়দী একজন ভলেটিয়ার দেখি চেঁচাতে চেঁচাতে আদছে, ও মশাই, দেখুনদে। ও মশাই, দেখুনদে।

কী ব্যাপার।

বিলেত-ফেরত সাহেব টাইরা গামছা পরে পুক্রে নেবেছেন। ভূমিকম্পের ভরে কেউ আর চানের ঘরে চুকে আরাম করে চান করতে ভরদা পান না, কথন হঠাৎ আবার কাঁপুনি ভক্ত হবে। কয়েকজন দৌড়ে দেখতে গেল, আমরা আর গেলুম না। একটা হাদাহাসির ধুম পড়ে গেল। সাহেবি সাজ মুচল টাইদের এখানে এদে। আমাদের ভারি মজা লাগল।

পরদিন থবর পাওয়া গেল, একথানি টেস্ট ট্রেন যাবে কাল। তাতে 'রিস্ক্' আছে। ট্রেন নদীর এ পারে আসবে না, নদী পেরিয়ে ও পারে ট্রেন ধরতে হবে। আমরা সবাই বাবার জন্ম বাত ছিলুম। রবিকাকাও ব্যস্ত হয়ে পড়েছিলেন, বাড়ির জন্ম ওবিজ ভাবেত ওাঁকে কথনো দেখি নি— মুথে কিছু বলতেন না অবশ্রু, তবে খবর পাওয়া গিয়েছিল কলকাতায় বাড়ি ত্-এক জায়গায় ধসে গেছে, তাই সবার জন্মে ভাবনায় ছিলেন খুব। আমরাও ভাবছিল্ম, তবে জানি মা আছেন বাড়িতে, কাজেই ভয়ের কোনো কারণ নেই। অন্যরাও যাবার জন্মে উদ্গ্রীব হয়ে উঠলেন।

যোড়ার গাড়ি একথানি পাওয়া গেল, ঠিকেগাড়ি। তাতে করেই আগতে হবে আমাদের নদীর বিজের কাছ পর্যন্ত। আমরা কয়জন এক গাড়িতে ঠেলাঠেদি করে; দীপুলা উঠে বদলেন ভিতরে, ব্যাপার দেখে আমি একেবারে কোচ-বল্লে চড়ে বদলুম। থাক, সকলে তো নদীতে এসে পৌছলুম। এখন নদী পার হতে হবে। তুরকমে নদী পার হওয়া যায়। এক হচ্ছে রেলওয়ে বিজের উপর দিয়ে; আর হচ্ছে, নদীতে জল বেশি ছিল না, হেঁটেই এ পারে চলে আদা। বিজ্ঞা ভূমিকম্পে একেবারে ভেঙে পড়ে যায় নি অবশ্ব; কিন্তু লায়গায় জায়গায় একেবারে বুর্বুরে হয়ে গেছে, তার উপর দিয়ে হেঁটে যাবার ৬য়া হয় না। আমরা ঠিক করলুম হেঁটেই নদী পার হব। রবিকাকারও ডাই ছিছে। চাইরা ঘাড় বেঁকিয়ে রইলেন— তারা ওই বিজের উপর দিয়েই

টেনে তুলে ঝণ্ ঝণ্ করে নদী পেরিয়ে ও পারে উঠে গেল্ম। ও পারে গিয়ে দেখি চাঁইরা তথন ত্-এক পা করে এগোচ্ছেন বিজের উপর দিয়ে। রেলগাড়ি মার ধে বিজের উপর দিয়ে তা দেখেছ তো? একখানা করে কাঠ আর মাঝখানে থানিকটা করে ফাঁক। বর্বারে বিজ, তার পরে ওই রকম থেকে থেকে ফাঁক— পা কোথায় ফেলতে কোথায় পড়বে। চাঁইরা তো ত্-পা এগিয়েই পিছোতে শুরু করলেন। বিজের যা অবস্থা আর এগোতে সাহদ হল না তাঁদের। ঘেই-না চাঁইরা পিছন ফিরলেন, আমাদের এ পারে রব উঠল— প্রেছে, ঘ্রেছে। আরে কা ঘ্রেছে, কে ঘ্রেছে। সবাই ফিদফাদ করছি— চাঁইরা ঘ্রেছে, ঘ্রেছে, ঘ্রেছে। মহামুতি আমাদের। তার পর আর কী, দেখি আন্তে ভারা নদীর দিকে নেমে আসছেন। সাহেবি সাজ তো আগেই ঘুচেছিল, এবার নাহেবিয়ানা ঘুচল। জুতোমোজা খুলে পাণ্ট লুন্ব টেনে তুলতে তাইরা নদী পার হলেন।

আমরা ঠিক করল্ম টেনের প্রথম কামরাটা নিতে হবে আমাদের দথলে। রবিকাকাকে নিয়ে আমরা আর্গে আগে এগিয়ে চলল্ম। প্রথম কামরায় আমরা বন্ধবাদ্ধবরা মিলে যে যার বিছানা পেতে জায়গা জড়ে নিল্ম। দীপুদা হ বেঞ্চের মাঝধানে নীচে বিছানা করে হাত-পা ছভিয়ে লম্বা হয়ে তয়ে পড়লেম। রবিকাকাও বেঞ্চের এক পাশে বন্দে কাউকে ওঠানামা করতে দিছেন না পাছে জায়গা বেদ্ধল হয়ে য়য়। বৈকুঠবাব ছিলেন খুব গয়ে মায়্য তা আগেই বলেছি, তাঁকে নিল্ম ডেকে আমাদের কামরায়— বেশ গয় ভমতে ভমতে যাওয়া যাবে। চাঁইদের জন্ম করে আমরা তো খুব খুশি। রবিকাকাও য়ে মনে মনে ওদের উপর চটেছিলেন মুবে কিছু না বললেও টের পেল্ম তা। একজন পাড়াগেয়ে সাহেব, রবিকাকার বিশেষ বন্ধ ছিলেন তিনি, খুব চালের মাধায় বোরাম্রি করছেন আর মুব বেকিয়ে বাঁকা ইংরেজিডে বেগাজ নিছিলেন আমাদের কামরায় জায়গা আছে কি না। রবিকাকা মেন চিনতে পারেন নি এমনি ভাব করে চুপ করে বনে রইলেন। দীপুদা তয়ে ছিলেন—পিট্পিট্ করে তাকিয়ে দেখে নিলেন কে কথা কইছে। দেখেই তিনি বলে উঠলেন, আরে, তুই কোখেকে। অমুক জায়গার অমুক না তুই।

আর যায় কোথায়— কোথায় গেল তাঁর চাল, কোথায় গেল তাঁর সাহেবিয়ানা, ধরা পড়ে যেন চুপনে এডটুকু হয়ে গেলেন। তথন রবিকাকাও বলনেন, ও তুমি অনুক, আমি চিনতেই পারি নি তোমাকে।

বেচারি পাড়াগেঁয়ে সাহেবটি কাঁচুমাচু হয়ে যায় আর কি।
টেন ছাড়ল, গল্পগুলবে মশগুল হয়ে মহা আনন্দে সবাই বাড়ি ফিয়ে এলুম।
এইভাবে আমাদের বাংলা ভাষার বিজয়বাঝা আমরা শেষ করলুম।

6

শুইবারে হিন্দুমেনার গল্প বলি শোনো। একটা গুশনাল ম্পিরিট কী করে তথন জেগছিল জানি নে, কিন্ধ চার দিকেই গুশনাল ভাবের চেউ উঠেছিল। এটা হচ্ছে আমার জ্যাঠামশায়দের আমলের, বাবামশায় তথন ছোটো। নবগোপাল মিত্তির আদতেন, দ্বাই বলতেন গুশনাল নবগোপাল, তিনিই দর্বপ্রথম গ্রাশনাল কথাটার প্রচলন করেন। তিনিই টাদা তুলে 'হিন্দুমেলা' শুক করেন। তথনো গ্রাশনাল কথাটার চল হয় নি। হিন্দুমেলা হবে, মেজোজাাঠামশায় গান তৈরি করলেন—

মিলে সবে ভারতসন্তান একতান মনপ্রাণ, গাও ভারতের যশোগান।

এই হল তথনকার জাতীয় সংগীত। জার-একটা গান গাওয়া হত দে গানটি তৈরি করেছিলেন বড়োজাাঠামশায়—

> মলিন মুখচন্দ্রমা ভারত, ভোমারি— রাত্রিদিবা ঝরে লোচনবারি।

এই গানটি বোধহয় রবিকাকাই গেয়েছিলেন হিন্দুমেলাতে। এই হল আমাদের আমলের সকাল হবার পূর্বেকার স্থর; বেন স্থোদন্ন হবার আগে ভোরের পাঝি ভেকে উঠল। আমরাও ছেলেবেলার এই-স্ব গান থুব গাইজুম।

বড়োজাঠামশায়ের তথনকার দিনের লেখা চিঠিতে দেখেছি, এই নবগোণাল মিজিরের কথা। তিনিই উত্তোগ করে হিন্দুমেলা করেন। গুপ্তরুন্দাবনের বাগানে হিন্দুমেলা হত। নামটা অঙ্কুত, শুনে খোঁজ করে জানলুম, বাগানটার নামে একটা মজার গল্প চলিত আছে।

পূর্বকালে পাণ্রেঘাটার ঠাকুর-বংশেরই একজন কেউ ছিলেন বাগানের

মালিক। প্রায় শতাধিক বছর আগেকার কথা। মা তাঁর বৃড়ি হয়ে গেছেন, বৃড়ি মার শথ হল, একদিন ছেলেকে বললেন, বাবা, বৃন্দাবন দেখব। আমাকে বৃন্দাবন দেখালি নে!

ছেলে পড়লেন মহা ফাঁপরে— এই বৃড়ি মা, বৃন্ধাবনে মাওয়া তো কম কথা নয়, যেতে যেতে পথেই তো কেই পাবেন। তথনকার দিনে লোকে উইল করে বৃন্ধাবনে যেত। আর যাওয়া আদা, ও কি কম সময় আর হালামার কথা, যেতে আদতে ত্-তিন মাদের ধাকা। তা, ছেলে আর কী করেন, মার শথ হয়েছে বৃন্ধাবন দেখবার; বললেন, আছো মা, হবে। বৃন্ধাবন তৃমি দেখবে।

ছেলে করলেন কী এখন লোকজন পাঠিয়ে পাণ্ড। পুকত আনিয়ে শেই বাগানটিকে বুন্দাবন সাজালেন। এক-একটা পুকুরকে এক-একটা কুণ্ড বানালেন, কোনোটা রাধাকুণ্ড, কোনোটা খ্যামকুণ্ড, কদমগাছের নাঁচে বেদী বাঁধলেন। পাণ্ড। বোষ্টম বোষ্টমী ঘারপাল, মায় শুকশারী, নানা রকম হরবোলা পাথি লব ছাড়া গাছে গাছে, ও দিকে আড়াল থেকে বছরূপী নানা পাথির ডাক ডাকছে, সব যেথানে যা দরকার। যেন একটা স্টেজ সাজানো হল তেমনি করে লব সাজিয়ে, রুন্দাবন বানিয়ে, মাকে তো নিয়ে এলেন সেখানে পাভি বেহারা দিয়ে।

বুড়ি মা তো খুব খুণি বুন্দাবন দেখে। সব কুণ্ডে স্থান করলেন, কদমগাছ দেখিয়ে ছেলে মাকে বললেন, এই দেই কেলিকদম্ব যে-গাছের নীচে ক্ষফ বাশি বাজাতেন। এই গিরিগোবর্ধন। এই কেশীঘাট। রাথাল-বালক দাজিয়ে রাখা হয়েছিল, তাদের দেখিয়ে বললেন, ওই দব রাথাল-বালক গোল চরাছে। এটা ওই, ওটা ওই। বোইম-বোইমীদের গান, ঠাকুরদেবতার মৃতি, এ-দব দেখে বুড়ির তো আনন্দ আর ধরে না। টাকাকড়ি দিয়ে জায়গায় জায়গায় পেরামা করছেন, ওদেরই লোকজন দব সেজেগুলে ব্দে ছিল, তাদেরই লাভ।

বুন্দাবন দেখা হল, যাবার সময় হল। বুড়ি বললেন, আচ্ছা বাবা, শুনেছি বুন্দাবন এক মাদ যেতে লাগে, এক মাদ আদতে লাগে, তবে আমাকে তোমরা এত তাড়াতাড়ি কী করে নিয়ে এলে।

ছেলে বললেন, ও-প্রবাবস্থা করা ছিল মা, স্বব্যবস্থা করা ছিল। পঁচিশ-পঁচিশটে বেয়ারা লাগিয়ে দিল্ম পান্ধিতে, হু-হু করে নিম্নে এল তোমাকে। এ কী আর যে-সে লোকের আসা। বুড়ি বললেন, তা বাবা, বেশ। তবে বুন্দাবনে তো গুনেছি এ-রকম বাঞ্চি ঝাডলঠন নেই। এ-বাড়ি তো আমাদের বাড়ির মতো।

ছেলে বললেন, এ হড়েছ মা, গুপ্তা;ন্দাবন। সে ছিল পুরোনো কালের কথা, সে বুন্দাবন কী আর এখন আছে, সে লুকিয়েছে।

বৃড়ি তো খুণিতে ফেটে পড়েন, ছেলেকে ছ-হাত তুলে আশীবাদ করতে করতে বাড়ি ফিরে এদে কেই পেলেন। সেই থেকে সেই বাগানের নামকরণ হল গুল্তবনাবন।

দেই গুপ্তবৃদ্ধাবনে হিন্দুমেলা, আমরা তথন খুব ছোটো। ফি বছরে বদস্তকালে মেলা হয়। যাবতীয় দেশী জিনিস তাতে থাকত। শেষ বেবার আমরা দেখতে গিয়েছিলুম এগনো স্পষ্ট মনে পড়ে— বাগানময় মাটির মূতি দাজিয়ে রাথত; এক-একটি ছোট্ট চাঁদোলা টাঙিয়ে বড়ো বড়ো মাটির পুতুল তৈরি করে কোনোটাতে দশরথের মৃত্যু, কৌশল্যা বসে কাঁদছেন, এই-রকম পোরাণিক নানা গল্প মাটির পুতুল দিয়ে গড়ে বাগানময় সাজানো হত। কী স্কন্দর তাদের সাজাত, মনে হত যেন জীবস্ত। পূর্রেও নানা রকম ব্যাপার। কোনো পূক্রে জীমন্ত সভ্যাগরের নৌকো, সভ্যাগর চলেছেন বাণিজ্যে ময়র-পঙ্মি নৌকো করে, মাঝিমালা নিয়ে। নৌকোটা আবার চলতও মাঝে মাঝে। কোনো পূক্রে কালীয়-দমন। একটা পুক্রে ছিল— সে যে কী করে সম্ভব হল ভেবেও পাই নে— জল থেকে কমলে কামিনী উঠছে, একটা হাতি গিলছে আর ওগরাছে। দে ভারি মন্তার ব্যাপার। পুতুল-হাতির ওই ওঠানামা দেখে সকলে অবাক। তা ছাড়া কৃত্তি হত, রায়বেঁশে নাচ হত, বাঁশবাজি থেলা, আরো কত কী। তাদের আবার প্রাইজ দেওয়া হত।

এই ভো গেল বাইরের ব্যাপার। ঘরের ভিতরেও নানা দেশের নানা জিনিসের একজিবিশন— ছবি, থেলনা, শোলার কাজ, শাড়ি, গয়না। মোট কথা, দেশের যা-কিছু জিনিস সবই সেথানে দেখানো হত। সদ্ধেবেলা নানা রকম বৈঠক বসত— কথকতা নাচগান আমোদ-আহ্লাদ সবই চলত। রামলাল চাকর আমাদের ঘরে ঘরে দেখিয়ে নিয়ে বেড়াত। একটা দিল্লির মিনিয়েচার ছিল গোল কাঁচের মধ্যে, এত লোভ হয়েছিল আমার সেটার জন্ম। বেশি দাম বলে কেউ দিলে না কিনে, ত্-চারটা খেলনা দিয়েই ভুলিয়ে দিলে। কিন্তু আমি কি আর ভুলি। কী স্থলর ছিল জিনিয়টি, এখনো আমার মনে পড়ে।

আমর। দাঁড়িয়ে দেখছি বারান্দা থেকে গাছের সদে একটা মোটা দড়ি বীধা হরেছে। বল্ডুইন সাহেব, আমরা বলতুম রণ্ডিন সাহেব, দড়ার উপর দিয়ে পায়ে হেঁটে গেলেন; একটা চাকার মডো কী যেন তাও গা দিয়ে ঠেলে ঠেলে গড়িয়ে নিলেন। চার দিকে বাহবা রব।

বাঁশবাজির বেদেনী ছিল কয়েকজন মেলাতে; তারা বললে, ও আর কী বাহাহরি। ঝাঁজকাটা জুতো পরে দড়ার উপর দিয়ে হেঁটে যাওয়া তো সহজ। আমরা থালি পায়ে হাঁটতে পারি। এই বলে বেদেনীরা কয়েকজন পায়ের নীচে গোলর নিও বেঁদে দেই দড়ার উপর দিয়ে হেঁটে নেচে স্বাইকে তাক্ লাগিয়ে দিলে। কোথায় গেল তার কাছে রভিন সাহেবের রোণ-ওয়াকিং।

এই-দব দেখতে দেখতে তন্ম হয়ে গেছি, এমন সময় চারি দিকে মার-মার মার-মার হৈ-হৈ পালা-পালা রব। যে যেদিকে পারছে কেউ পাচিল টপকে কেউরেলিং বেয়ে ফটকের নীচে গলিয়ে ছুটছে, পালাছে। আমরা ছেলেমাছ্য, কিছু বৃদ্ধি না কী ব্যাপার, হকচকিয়ে গেল্ম। রামলাল আমাদের হাত ধরে টানতে টানতে দৌড়ে ফটকের কাছে নিয়ে গেল। ফটক বদ্ধ, লোহার গরাদ দেওয়া, খোলা শক্ত। তথনো চার দিকে হড়োছড়ি ব্যাপার চলছে। দক্ষে ছিলেনকেদার মজ্মদার— ছোটোদিদিমার ভাই, আমরা বলতুম কেদারদা— আর ফটকের ওপারে ছিলেন আমবার, জ্যোতিকাকামশায়ের শুন্তর। অসন্তব শক্তি ছিল তাদের গায়ে। কেদারদা ছ-হাতে আমাদের ধরে এক এক এটকায় একেবারে ফটক টপকে ও ধারে আমবারুর কাছে জিম্মে করে দিছেন।

স্বর্ণবাঈ ছিল দেকালের প্রাদিদ্ধ বাঈদ্ধী, তারই জন্ম কী একটা হাঙ্গামার স্তরণাত হয়।

নবযুগের গোড়াপত্তন করলেন নরগোপাল মিতির। চার দিকে ভারত,

ভারত—'ভারতী' কাগজ বের হল। বন্ধ বলে কথা ছিল না তথন। ভারতীয় ভাবের উৎপত্তি হল ওই তথন থেকেই, তথন থেকেই স্বাই ভারত নিম্নে ভাবতে শিখনে।

তার পর অনেক কাল পরে, বাবামশায় তথন মারা গেছেন, নবগোপাল মিত্তিরের বৃদ্ধ অবস্থা, তথনো তাঁর শথ একটা-কিছু ক্যাশনাল করতে হবে। আমরা তথন বেশ বড়ো হয়েছি, একদিন নবগোপাল মিত্তির এসে উপস্থিত: বললেন, একটা কাণ্ড করেছি, দেশী দার্কাগ পার্টি খুলেছি। ও ব্যাটারাই সার্কাগ দেখাতে পারে, আর আমরা পারি নে, তোমাদের যেতে হবে।

আমি বলনুম, দে কী কথা, দেশী সার্কাদ পার্টি! মেম যে ঘোড়ার পিঠে নাচে, দে কোথায় পাবেন আপনি ?

তিনি বললেন, হাা, আমি দব জোগাড়-যস্তোর করেছি, শিথিয়েছি, তৈরি করেছি কেমন দব দেগবে'খন।

গেলুম আমরা নবগোপাল মিন্তিরের দেশী দার্কাদ পার্টিতে। না গিয়ে পারি ? একটা গলিজ জায়গা; গিয়ে দেখি ছোট্ট একথানা তাঁবু কেলেছে, কয়েকথানা ভাঙা বেঞ্চি ভিতরে, আমরা ও আরো কয়েকজন জানাশোনা ভস্তলোক বদেছি। দার্কাদ শুরু হল। টুকিটাকি ত্টো-একটা থেলার পর শেষ হবে ঘোড়ার থেলা দেখিয়ে। দেশী মেয়ে ঘোড়ার থেলা দেখাবে। দেখি কোখেকে একটা ঘোড়া হাড়গোড়-বের-করা ধরে আনা হয়েছে, মেয়ও একটি জোগাড় হয়েছে, দেই মেয়েক দার্কাদের মেমদের মতো টাইট পরিয়ে সাজানো হয়েছে। দেশী মেয়ে ঘোড়ায় চেপে তো থানিক দৌড়ঝাঁপ করে থেলা শেষ করলে। এই হল দেশী সার্কাদ।

নবগোপাল মিত্তির ওই পর্যন্ত করলেন, দেশী সার্কাস খুলে দেশী মেরেকে দিয়ে ঘোড়ার খেলা দেখালেন। কোথায় হিন্দুমেলা আর কোথায় দেশী সার্কাস। সারা জীবন এই দেশী দেশী করেই গেলেন, নিজের যা-কিছু টাকাকভি সব ওইতেই খুইয়ে শেষে ভিক্ষেশিক্ষে করে সার্কাস দেখিয়ের গেলেন।

সেই স্রোত চলল। তার অনেক দিন পরে এলেন রামবারু। তাঁরও নবগোপাল মিভিরের মতোই গ্রাশনাল ধাত ছিল। তিনি এসে বললেন, বেলুনে উড়ব, ওরাই কেবল পারে আর আমবা পারব না? তার আগেই স্পেলার সাহেব, মন্ত বেলুনবাজ, বেলুন দেখিয়ে নাম করে গেছেন।

গোপাল মৃথুচ্ছের হলেতে থান থান ভদর গরদ কেটে বেলুন তৈরি হল, একদিন তিনি উড়লেনও সেই বাঁধা বেলুনে; তার আবার পান্টা জবাব দিলে সাহেবরা থোলা বেলুনে উড়ে। রামবাব্র রোখ চেপে গেল; তিনি বললেন, আমিও উড়ব থোলা বেলুনে, প্যারাস্কৃট দিয়ে নামব।

আবার সেই গোপাল মৃথ্জের হলেই পারাস্থট বেলুন তৈরি হল। গোপাল মৃথ্জের অনেক টাকা থরচ হয়েছিল এই-সব করতে। নারকেলডাঙার বেখানে গ্যাস তৈরি হয় সেখান থেকে বেলুন ছাড়া হবে, আমরা অনেকেই সেখানে জড়ো হয়েছি। প্রথম বাঙালি বেলুনে উড়ে প্যারাষ্ট্র দিয়ে নামবে, আমাদের মহা উৎসাহ। সব ঠিকঠাক, বেলুন তো উড়ল, তথনো বাঁধা আছে দড়ির সঙ্গে, কথা ছিল রামবাবু কমাল নাড়লে দড়ি কেটে দেওয়া হবে। খানিকটা উঠে রামবাবু কমাল নাড়লেন, অমনি খটাদ করে দড়ি কেটে দেওয়া হল। বেলুন উপরে উঠছে তো উঠছেই। দেখতে দেখতে বেলুন একেবারে বুঁদ হয়ে গেল। আমরা তো সব গুরু হয়ে দাড়িয়ে আছি, ভাবছি এখনো রামবাবু লাদিয়ে পড়ছেন না কেন। লাখো সাহেবও ছিলেন সেই ভিড়ে— মন্ত সায়েভিন্ট— তিনি বললেন আর নামতে পায়বেন না রামবাবু, একেবারে কোল্ড ওয়েভের মধ্যে চলে গেছেন, সেখান থেকে জীবন্ত অবস্থাম ফিরে আগা সম্ভব নয়।

আমাদের তো দ্বার মৃথ চুন। গোপাল মৃথুজ্জের টাকা গেল, বেলুম গেল, আবার রামবাবুও গেলেন দেখছি।

ত্রবীন লাগিয়ে দেখভি; দেখতে দেখতে এক সময়ে দেখলুম, রামবাবু দেম লাফিয়ে পড়লেন বেলুন থেকে। বেলুন তো আরো উপরে উঠে গেল, আর রামবাবু লাফিয়ে পড়ে পাক খেতে লাগলেন কেবলই, প্যারাস্থট আর খোলে না। আমরা ভাবছি গেল রে, দব গেল এইবার। শুরে পাক খাওয়া মানে ব্যতেই পারো, এক-একবারে পঞাশ-খাট হাত নেমে আসছেন। এই রকম হ্-তিনবার পাক খাবার পর প্যারাস্থট খুলল। আমরা দব আনদে হাততালি দিয়ে কমাল উভিয়ে টুপি উভিয়ে হ্-হাত তুলে নাচছি— জয় রামবাবুকী জয়, তথন, খিদ

বদেখতে হেনে বাঁচতে না। ছপ্র রোক্তরে ত্-হাত ত্লে স্বার নৃত্য । রবিকাকা ছিলেন না সেথানে, তিনি বোধ হয় সে সময়ে অন্ত কোথাও ছিলেন। যাক, আন্তে আন্তে প্যারাস্কট তো নামল। আমরা দৌড়ে গিয়ে রামবাবৃক্তে ধরে নামিয়ে হাওয়া করে শরবত-টরবত থাইয়ে স্থান্তর করি। পরে জিজ্ঞেদ করল্ম, আচ্চা, বেলুন থেকে লাফিয়ে পড়তে এত দেরি করলেন কেন, ব্ঝতে পারেম নি বৃঝি ?

ভিনি বললেন, আরে না না, ও-সব না। ব্যতে ঠিকই পেরেছিল্ম, কিন্তু যত বারই লাফিয়ে পড়বার জন্ম দড়ি ধরতে যাই মনের ভিতর কেমন যেন করে ওঠে, হাত সরিয়ে নিই। তার পরে যথন দেখল্ম বেল্ন উঠতে উঠতে এত উপরে উঠে গেছে যে আর কিছুই প্রায় দেখা যায় না তথন সাহসে ভর করে 'জয় না' বলে লাফিয়ে পড়লুম।

যাক, দেশী লোকের খোলা বেলুনে ওড়াও হল, প্যারাজ্ট দিয়ে নামাও হল।

এবারে রামবাব্ বললেন, বাঘের সঙ্গে লড়াই করতে হবে। নবগোপালবাব্ স্বা পারেন নি সেইটে তিনি করলেন। রামবাব্ বললেন, ও-সব নয়, আমি সুরেল বেদল টাইগারের সঙ্গে লড়াই করব।

কোখেকে একটা কেঁদে। বাঘ জোগাড় করে একদিন থেলা দেখালেন পাথুরেঘাটার রাজবাড়িতে। রামবাবু বললেন, সাহেব বেটারা আর কী থেলা দেখার বাঘের, ছু পাশে ছুটো বন্দুক নিয়ে লোহার থাচার ভিতরে। আমি দেখাব থেলা থোলা উঠানে।

ছোটো একটা থাঁচায় বাঘটাকে আনা হল। রামবারু বাবের থেলা শেখালেন; ঘুযোঘাযা চড়চাপড় মেরে কেমন করে বেশ বাগে আনলেন ধাঘটাকে। থেলা দেখিয়ে আবার থাঁচায় পুরে দিলেন।

অসীম সাহসী ছিলেন তিনি। ওই বাবের খেলাই তার শেষ কীতি।
কিছুদিন বাদে তনি তিনি সন্মাদী হয়ে চলে গেছেন হিমালয়ে। এথনো নাকি
তিনি জীবিত আছেন, চক্রস্বামী না কী নাম নিয়ে হিমালয় পাহাড়ে তপস্তা
ক্রেছেন।

এখন থিয়েটারের গোড়াপন্তন কী করে হল শোনো। ছারকানাথ ঠাকুরের থিয়েটার ছিল চৌরলীতে, এখন যেখানে মিদেস-মঞ্চের প্রাপ্ত হোটেল। তথন দেশী থিয়েটারের চলন ছিল না মোটেই। একদিন ডিভ্কারসন সাহেব, বোধ হয় আমেরিকান, সেই সাহেব করলে কী, কোনো একটা পাবলিক থিয়েটারে বাঙালিবাবু সেজে বাঙালিদের ঠাটা করে গান করলে। I very good Bengali Babu, গানের প্রথম লাইনটা ছিল এই। তথন অক্ষয় মজুমদার আর অর্থন্দু মৃত্তি তৃইজনে তার পান্টা জ্বাব দিলে কোরিন্থিয়ান থিয়েটারে, সাহেবদের একেবারে নিকেশ করে দিলে। সেই প্রথম পাবলিক থিয়েটারে আমাদের জানাশোনা এই তৃইজন বাঙালি নামেন। অর্থেন্দু মৃত্তি খ্ব নাম-করা জ্যাক্টর ছিলেন, বিশেষ ভাবে কমিকে। তার পর জনেছি, এও চোথে দেখি নি, মাইকেল মধুস্থদনের নাটক শমিষ্ঠা অভিনয় হল পাথুরেঘটায়।

এখন আমাদের বাড়ির নাটকের হুচনা এই, বাবামশায় তথন ছোটো।
বাবামশায়, জ্যোতিকাকামশায় ও কৃষ্ণবিহারী সেন এক স্কুলে পড়েন। আর্ট
স্কুলেরও প্রথম ছাত্র ওঁরা। আমাদের বাড়ির একতলার একটি কোণের ঘরে
ওঁরা মতলব করেছেন মাইকেলের 'কৃষ্ণকুমারী' অভিনয় করবেন। জ্যাঠামশায়ের কানে গেল কথাটা। উনি ছোটো ভাইকে ডেকে পাঠালেন।
তথনকার দিনে ছোটো ভাই বড়ো ভাই খুব বেশি কাছাকাছি আসতেন না।
ভা ছোটো ভাই কাছে আসতে বললেন, থিয়েটার করবে সে তো ভালো,
তবে কৃষ্ণকুমারী নয়— ও তো হয়ে গেছে পাথুরেঘাটায়। নতুন একটা-কিছু
করতে হবে। কাগজে বিজ্ঞাপন দাও, যে বছবিবাহ সম্বন্ধ একখানা নাটক
লিথে দিতে পারবে তাকে পাঁচলো টাকা পুরস্কার দেওয়া হবে।

পণ্ডিত রামনারায়ণ তর্করত্ব লিখলেন বছবিবাহ নাটক। একখানা দামী
শাল ও পাঁচশো টাকা পুরস্কার পেলেন। নাটকের নাম হল 'নব-নাটক'।

দাদামশায় করেছিলেন 'নববাব্বিলাম', তাঁর ছেলে করলেন নব-নাটক। এই দোতলার হলে থিয়েটার হয়। ফেজকপিখানা যে কোথায় আছে জানিয় নে, তার মধ্যে কে কী পার্ট নিয়েছিলেন দব লেখা ছিল। তবু যতটা মন্দে পড়ে বল্ডি। নট দেজেছিলেন ছোটোপিসেমশায়, নীলকমল মুখোপাধ্যায়। ন্টী জ্যোতিকাকামশাল। তথনকার থিয়েটারে নট-নটী ছাড়া চলত না। কৌতৃক— মতিলাল চক্রবর্তী, ছোটোপিদেমশায়ের আপিদের লোক ছিলেন তিনি। গবেশবাবু, নাটকের নায়ক, যিনি তিন-চারটে বিয়ে করেছিলেন. অক্ষয় মজুমদার নিয়েছিলেন দেই পার্ট। গবেশবাবুর তিন স্ত্রীর পার্ট নিয়েছিলেন বথাক্রমে মণিলাল মুখুজ্জে, ছোটোপিসেমশায়ের ছোটো ভাই, আমাদের মণি থড়ো— বিনোদ গাঙ্গলি— তাঁরা তথন ছোকরা— আর বড়ো স্ত্রী সেজেছিলেন ও-বাডির দারদা পিদেমশায়। হারমোনিয়াম বাজাতেন জ্যোতিকাকামশায়। তার আগে হারমোনিয়াম বাজিয়ে গান হয় নি, এই প্রথম হল। নয় রাত্তির ধরে সমানে থিয়েটার হয়েছিল। সাহেবস্কবো, শহরের বড়ো বড়ো লোক স্বাই এসেছিলেন। বাভির মেয়েদের তথ্ন বাইরে বের হবার নিয়ম ছিল না। তখনকার দিনে দম্ভরই ছিল ওই। মার কাছে শুনেছি বারামশায়র। যথন বাগানে বসতেন, কাছাকাছি জানালায় গিয়ে উকি দেওয়া বা দাদদাদীর ঝুঁকে পড়ে কিছু দেখা, এ-সব ছিল অসভ্যতা। বাইরের পুরুষ বাড়ির মেয়েদের দেখবে এ বড়ো নিন্দের কথা। তা, থিয়েটার হবে হলে, পাশের ঘরে যুলঘুলি দিয়ে বাড়ির মেয়ের। থিয়েটার দেথতেন। তুটি যুলঘুলি মাত্র ছিল সেথানে, তার একটিতে খাটাল জুড়ে বসতেন কর্তাদিদিমা আর-একটি ঘুলঘুলি দিয়ে বাড়ির অতা মেয়ের। ভাগাভাগি করে দেখতেন। নয় রাতির সমানে কর্তাদিদিমা থিয়েটার দেখেছেন। মা বলতেন, মাকে আবার কর্তাদিদিমা একট বেশি ভালোবাসতেন, মা ধশোরের মেয়ে ছিলেন; তার উপরে ছোট্ট বউটি। কর্তাদিদিমা মাকে ডেকে বলতেন, আয়, তুই আমার কাছে বোদ। ব'লে মাকে কোলে টেনে নিয়ে বসিয়ে থিয়েটার দেখাতেন। মা বলতেন. নয় তো আমার থিয়েটার দেখা সম্ভব হত না। সেই মার কাছেই সব বর্ণনা শুনেছি থিয়েটারের। তিনি বলতেন, দে বে কী স্থন্দর নট-নটী হয়েছিল, নট-নটী দেখলেই লোকের চিত্তির হয়ে খেত, কে বলবে যে নটী মেয়ে নয়।

নটা আসল মৃজ্যোর মালা হীরের গয়না পরেছিলেন। সেই নট-নটা আবার তামাসা করে বাগানময় ঘুরে বেড়ালেন।

পাশের বাড়ির চাটুজ্জেমশায় ছিলেন বেজায় গোড়া, তিনি তো রেগে

অধির। বলেন, এ কী ব্যাপার, মেয়ের। বাগানে ঘুরে বেড়াচ্ছে! আর তো মান থাকে না, বলো গিয়ে ও-বাড়িতে। তাঁকে যত বোঝানো হয় যে ও-বাড়ির জ্যোতিদাদা মেয়ে দেজেছে, তিনি বলেন, আমি অচকে দেখেছি মেয়ের। ঘূরে বেড়াচ্ছে বাগানে।

জ্যোতিকাকা ছিলেন পরম স্থন্দর পুরুষ। নটী সাজবেন, সকাল থেকে বাড়ির মেয়েরা বিভূনি করছে, চুল আঁচড়ে দিছেে গোলাপ তেল দিয়ে, বাড়ির পিদিমারাই সাজিয়ে দিয়েছিলেন ভিতর থেকে।

আর-একদিন নটা থিয়েটারের ভিতরে বদে হারমোনিয়াম বাজাচ্ছেন, এমন সময় বেলী পাহেব চুকেছেন গ্রীনকমে কাকে বেন অভিনদন করতে। চুকেই তিনি পিছু হটে এলেন, বললেন— জেনানা আছেন ভিতরে। শেষে বথন জানলেন জ্যোতিকাকামশায় নটা সেজে বদে বাজাচ্ছেন তথন হাসির ধুম পড়ে গেল। বলেন, কী আশ্চর্য! একটুও জানবার জো নেই, ঠিক যেন জেনানা বলে ভুল হয়।

সিনও বেখানে বেমনটি দ্বকার, পুকুরবাট, রাতা, স্টেজ-আর্ট বতটুকু
রিয়ালিন্টক হতে পারে হয়েছিল। একটা বনের দৃশু ছিল, বাবামশায়ের ছিল
বাগানের শথ, আগেই বলেছি। অন্ধকার বনের পথ, বাবামশায় মালীকে দিয়ে
চুপি চুপি অনেক জোনাক পোকা জোগাড় করিয়েছিলেন, সেই বনের সিন
এলেই বাবামশায় অন্ধকার বনপথে জোনাক পোকা মুঠো মুঠো করে ছেডে
দিতেন ভিতর থেকে। মা বলতেন, সে ষা দৃশু হত। বাবামশায় অমনি
করে কাইনাল টাচ দিয়ে দিতেন।

আমি তথন হই নি, দাদা বোধ হয় ছয় মাসের। আর কয়েকটা বছর আগে জন্মালে ভোমাকে এই থিয়েটার সম্বন্ধে শোনা গল্প না বলে দেখা গল্পই বলতে পারত্য। বাড়ির জলসা শেব হয়ে তথনো গল্প চলছে নব-নাটক সম্বন্ধে আমাদের আমলে। সেই গল্পের মধ্যে একটা গান আমার এথনো মনে পড়ে শ্রীনাথ জ্যাঠামশায় স্বর ধিয়েছিলেন তাতে—

মন যে আমার কেমন করে। বলি কারে, বলি কারে।

'বিরহিণী বউ ঘাটে জল আনতে গিয়ে গাইছে।

দেই থিয়েটারে নবীন মৃথুজ্জে মশাল্পের ঘন্টা দেওয়ার একটা মঞ্জার গল্প

चाहि। थिराविदित लाकका चांमरन, नांडित चछाछ मन एहलए वक
कक्षमन छेनत वक- वक्षेत । जांत छेनर छात छिल घछी नांकानात । ननीननात्

निर्माल मांगामांत्र, छात छेनर छात छिल घछी नांकानात । वक्षिम स्राह्म की, थिरावित स्रष्टक, ननीमनात् मम्मण्य घर्षी नांकानात । वक्षिम स्राह्म हिंगीताल मांगामांत्र, छात छेनर विद्या प्राह्म । हेन्छे तक्षा स्लाह्म प्राह्म विद्या हिंगीत होत्र प्राह्म विद्या होत्र होत्र होत्र होत्र होत्र होत्र होत्र हिंगीत होत्र हिंगीत होत्र होत्र होत्र होत्र हिंगीत होत्र होत्र होत्र होत्र हिंगी हिं

শেষে জ্যাঠামশায় অনেক বুঝিয়ে তাঁকে ঠাণ্ডা করলেন।

অক্ষম মন্ত্রণার প্রায়ই আগতেন ইণানীং দীপুদার কাছে। তাঁর কাছে গল্প আনছি। তিনি বলতেন, জানো ভাই, থিয়েটার তো হচ্ছে, শহরে হৈ-হৈ ব্যাপার। রাস্তা দিয়ে আগছি একদিন, এক বৃদ্ধ আমাকে ধরে পড়লেন; বললেন, যে করে হোক আমাকে একথানা টিকিট দিন। আমি বৃদ্ধ হয়েছি, থিয়েটারের এত নাম শুনছি, হারমোনিয়াম বাজনা হবে, আমাকে একথানা টিকিট লোগাড় করে দিতেই হবে। কী আর করি, তাঁকে তো একথানা টিকিট দিল্ম কোনোমতে জোগাড় করে। তিনি এদে থিয়েটার দেখে গেলেন, আর কোনো সাঙাশক নেই।

তার পরদিন রাস্তা দিয়ে থেলো ছঁকো টানতে টানতে আসছি, পথে সেই বৃদ্ধের সঙ্গে দেখা; তিনি নিমতলার ঘাটে সকাল বেলা গদ্ধামান করে দিরছেন। আমি বলনুম, কেমন দেখলেন থিয়েটার। বৃদ্ধ একেবারে টেটিয়ে উঠলেন; বললেন, যা যা, তোর ম্থদর্শন করতে নেই যোষা, পাপিষ্ঠ কোথাকার, সকালবেলা গদ্ধামান করে তোর ম্থদর্শন করতে হল; মরে যা, সরে যা, কথা কবি নে। এই বলে যা-তা ভাষায় আমাকে গালাগালি দিতে লাগলেন। আমি তো তেবে পাই নে কী হল। বৃদ্ধ

বললেন, পাপিষ্ঠ, শেষটায় বউটাকে মেরে ফেললি, তোর নরকেও স্থান হবে না।

থিয়েটারে ছিল গবেশের এক বউ গলায় দড়ি দিয়ে মারা যায়। বৃদ্ধ তথনো দেই অভিনয়ে মশগুল হয়ে আছেন, ভাবছেন সত্যিই গবেশবাব্ বউকে মেরে ফেলেছে। মার মুখেও শুনেছি যে অভিনয় দেখে স্ত্যি বলে ভ্রম হত।

ভার পর আমাদের ছেলেবেলায় ষেটুকু মনে পড়ে—'কিঞ্চিৎ জ্লাষোগ', যাতে একটা পার্ট ছিল পেক্ষরামের, জ্যোতিকাকার লেখা। বাবামশায়ও ভাতে ছিলেন। ভার একটা গান আর হাসির হর্রা আমার এখনো কানে ভাদতে—

> ও কথা আর বোলো না, আর বোলো না, বলছ বঁগু কিনের বোঁকে— ও বড়ো হানির কথা, হানির কথা, হানবে লোকে, হাঃ হাঃ হাঃ হানবে লোকে ।

দে কী হাসির ধুম ! প্রাণগোলা হাসি, আজকের দিনে অমন হাসি বড়ো
'মিস' করি । হাসতে জানে না লোকে । উাদের ভিতরে অনেক ছংথ,
সংসারের জালাযন্ত্রণা ছিল মানি, কিন্তু হাসতেন যথন—ছেলেমান্থের মতো
প্রাণখোলা হাসি । শুনে মনে হত খেন কোনো ছংথ কখনো পান নি ।
তার পরে আসবে আমাদের কথা ।

ь

তথনকার কালের নাটকের শুজ্রপাতের কথা তো বলেছি, নাট্যজ্ঞগতে ওথন দানবন্ধু মিত্তিরের প্রতাপ। তাঁর 'নীল-দর্পণ' প্রদিদ্ধ নাটক। সেই নাটক হবার পর থেকেই নীলকর সাহেবরা উঠে গেল। পাদ্রী লং সাহেব তার ইংরেজী অনুবাদ করে জেলে যান আর কী। মকদ্দ্যা, মহা হাদাযা। শেষে কালী সিং, যিনি বাংলায় মহাভারত লিখেছিলেন, তিনি লক্ষ টাকা জামিনে লং সাহেবকে ছাড়িয়ে আনেন। সে অনৈক কাণ্ড। তার পর দীনবন্ধু মিত্তিরের 'সধবার একাদনী', আরো অনেক নাটক, সে-সব হয়ে তাঁর পালা

শেষ হয়ে গেল। কালী দিংছের 'হতুম পেঁচার নকশা', টেকটাদের 'আলালের ঘরের হলাল' প্রোনো সমাজকে চতুদিক থেকে আঘাত করছে। বঙ্কিম তথন সাহিত্যজগতে উদীয়মান লেখক। তখন গ্রাশনাল আর বেদল হুটো পাবলিক স্টেজ হয়ে গেছে।

এলেন নাট্যজগতে জ্যোতিকাকামশায়। 'অশ্রমতী' নাটক লিথেছেন, থিয়েটার হবে পাবলিক স্টেজে বাইরের লোক দিয়েই। আমার বয়স তথন পাঁচ কি ছয়, চাকর কোলে করে নিয়ে বেড়ায়। তথনকার ত্-এক বছর কত তফাত, বাছতির সময় কিনা বয়সের। থিয়েটারে শরংবাবু সত্যিকার ঘোড়ায় চেপে স্টেজে উঠলেন। সে এক আশ্রুর্য ব্যাপার তথন, একটা ছল্লোড় পড়ে গেছে চারি দিকে। নানা রকম গল্লই কানে আসে, চোথে আর দেখতে পাই নে। পড়বারও তথন ক্ষমতা হয় নি যে বইটা পড়ে গল্ল শুনব। নানা রকম এটা ওটা কানে আসছে, আর আশ্রুর্য হয়ে য়াছিছ। মাঝে মাঝে মার কাছে গল্ল শুনি, এই রকম সব ব্যাপার হচ্ছে। অশ্রুমতী অভিনয় হল, বাভির মেয়েয়া কেউ দেখতে পেলেন না। তথন পাবলিক স্টেজে গিয়ে মেয়েয়া দেখবে, এ দন্তর ছিল না। কী করা যায়। বাবামশায় বললেন, পুরো বেলল থিয়েটার এক রাতের জন্ত ভাড়া নেওয়া হোক। কেবল আমাদের বাড়ির লোকজন থাকবে সেদিন। আ্যাক্টাররা ছাড়া বাইরের লোক আর-কেউ থাকবে না।

দেখতে পাব। কালীকেষ্ট ঠাকুরের ছুই মেয়েও ছিলেন আমার পাশে। বড়ো ছয়েও এই দেদিনও দেই থিয়েটার দেখার গল্প হত আমাদের; বলতেন, মনে আছে আমাদের থিয়েটার দেখা? আমি বলি, মনে নেই আবার— যা চিমটি কেটেছিলে পাশে বদে।

বদে আছি, ডুপদিন পড়ল, তাতে আঁকা ইউলিসিসের যুদ্ধানা। রাজপুত্রর নৌকোতে চলেছে, জলদেবীদের সদে যুদ্ধ হচ্ছে, পিছনে পাহাড়ের সার— গ্রীক-যুদ্ধের একটা কপি। কোনো সাহেবকে দিয়ে আঁকিয়েছিল বোধ হয়, প্রকাশু সেই ছবি। নৌকো থেকে গোলাপ ফুলের মালা ঝুলছে, কী ভালো যে লাগছে, তমায় হয়ে দেবছি।

দিন উঠল। তামশা মন্ত্রী ইয়া লখা দাড়ি, রাজপুত্র, হন্তবৃদ্ধ, তলোয়ারের স্বক্ষকানি, হাদিকারা— ভূবে গেছি তাতে।

অভিনয় হচ্ছে, সঙ্গে সঙ্গে কথা মুখন্থ হয়ে যাছে। মলিনা সেজেছিল স্থকুমারী দত্ত। কেজ-নাম ভিল গোলাপী, সে যা গাইত। বুড়ো বন্ধসক্ত তনেছি তার গান, চমংকার গাইতে পারত। মিটি গলা ছিল তার, অমন বড়ো পোনা যায় না। আর কী অভিনয়, এক হাতে পিদিমটি ধরে শাড়ির আঁচল দিয়ে ঢাকতে ঢাকতে আদহে, যেন ছবিট— এখনো চোধে ভানছে। পুখীরাল আর মলিনার গান, এখনো কানে বাজছে সে স্থর—

এ স্থ-বসন্তে সই কেন লো এমন আপন-হারা বিবশা—

ওইটুকু ছেলের মন একেবারে তোলপাড় করে দিলে। ভীল সদার সেজে-ছিলেন অক্ষয় মজুমদার। 'এ চেনী বৃড়ি' বলে বখন অশ্রমতীর খুঁতি ধরে আদর করছে, তা ভ্লবার নয়। আর ভীলদের মতো সেজে, মাথায় পালক ভাঁজে তীরধহক নিয়ে দে যা নাচলেন, আর গাইলেন—

> কাায়,শা কাহারোরা মাল বিস্করে, আল বিস্কু মাল বিস্কু মাল বিস্কু রে। দিনকো মারে মছলি, রাতকো বিস্কু মাল, শার প্যায়,শা দেকুদারী কিয় জিয়া কি জঞ্জাল।

এই বলে অক্ষয়বাবুর নৃত্য, এই নৃত্যতেই ছোটো ছেলের মন একেবারে জয় করে নিলেন। সেই থেকে আমি তাঁকে কমিক অভিনয়ে গুরু বলে মেনে নিল্ম। আমি নিজে চিরকাল কমিক পার্টই নিত্ম, অভিনয়ে তাই আমার ভালো লাগত। রবিকাকাও বেছে বেছে যাতে একটু কমিক ভাব আছে দেই-সব পার্ট আমাকে দিতেন। আ্যাকৃটিং মনটায় সেই অক্ষয়বাব্ ছায়াপাত করলেন। আমিও অভিনয় করবার সময় অক্ষয়বাব্র কথা অরণ করে তাঁর নকল করি।

অশ্রমতীও বেশ ভালো অভিনয় করেছিল। প্রতাপ াদংহের অভিনয়, বাদশার ছেলে সেলিমের অভিনয়, দব বেন সত্যিসত্যিই রূপ নিম্নে ফুটে উঠছে, অভিনয় বলে মনেই হচ্ছে না। অশ্রমতীর অগ্নিপ্রবেশ, সেলিমকে বিদায় দিছে—

> প্রেমের কথা আর বোলো না আর বোলো না, আর বোলো না, ক্ষমো গো ক্ষমো, ছেড়েছি সব বাসনা। ভালো থাকো, হথে থাকো হে, আমারে দেখা দিয়ো না, দেখা দিয়ো না। নিবানো অনল ছেলো না॥

ছ ছ করে আমার চোথ দিয়ে জল গড়াছে। অশ্রমতীর এই গানে দব মাত করে দিলে। এই গানটায় হার দিয়েছিলেন জ্যোতিকাকা, ইটালিয়ান ঝি ঝিট। রিবিকাকাও কয়েকটা গানে তথন হার দিয়েছিলেন বোধ হয়। বিলিতি হুরে বাংলা গান, এখন মজা লাগে ভাবতে। কোখেকে যে হার দব জ্ঞোগড় করেও ছিলেন। এই-সব গুরু হার দেখছি, অন্ত জগতে চলে গেছি। অশ্রমতী নাটকে না ছিল কী! আর কী রোম্যান্টিক সব ব্যাপার! মূথে কথাটি নেই, স্থির হয়ে দেখছি, হঠাং একটা ভারগায় খটকা লাগল।

অভিনয় প্রায় শেষ হয়ে এসেছে, অশ্রমতী বেশ ভালো অভিনয়ই করেছিল, কিন্তু ওমা, তার পায়ের দিকে চেয়ে দেখি বকলস-দেওয়া বানিশ-কর।
ছুডো! অশ্রমতী হল রাজপুত রমণী, তার পায়ে এ ভুড়ো কী! তবে তো
এ আদল নয়, ওই একটুথানি সাজের খুঁতে এত বে ইলিউশন সব ভেঙে
গেল।

এই প্রথম আমার ফেজে দেখা নাটক। তার পর বাড়ি এনে আমর।

ছেলেরা কয়েক দিন অবধি কেবলই অশ্রমতীর নাটক করছি নীচের বড়ো ঘরটিতে। কথাগুলো দব ৬ই এক দিনের দেখাতেই মৃথস্থ হয়ে গিয়েছিল।

জ্যোতিকাকামশায়ের 'দরোজিনী' নাটকের যাত্রা হয়েছিল, যাত্রাওয়ালারা দেই যাত্রা করে। আমাদের বাড়ির উঠোনে একদিন যাত্রা দেখানো হয়েছিল। আমার মনে আছে, চিতোরের পদ্মিনী আগুনে ঝাঁপ দিচ্ছে—

> অল অল্ চিতা, থিগুণ ধিগুণ আগুনে মঁণিবে বিধনা বালা।

আর ভৈরবী যথন তু হাত তুলে থাড়। হাতে 'মায় তুঁথাহু' বলে বের হত তথন আমাদের ব্কের ভিতর গুরু গুরু করে উঠত। জ্যোতিকাকামশায়ের সরোজিনী নাটকের পদ্মিনীর অগ্নিপ্রবেশের ছবি আর্ট স্টুডিয়ো থেকে লিথোগ্রাফ প্রিণ্ট হয়ে বেরিয়েছিল, ঘরে ঘরে সেই ছবি থাকত। দাদামশায়ের থেকে যাত্রা শুরু হয়ে হেরিছেল, ভ্যোতিকাকামশায়ে এসে ঠেকল। তথন জ্যোতিকাকামশায় মাট্যজগতে অন্বিতীয়, অপ্রতিহত প্রতাপ তার বইয়ের। বাজার ছেয়ে গিয়েছিল তার বইয়ের বইয়ে। জায়গায় জায়গায় তার নাটক অভিনয় হত। রবিকাকা তথন কোথায়। তথনো তিনি আসরে করে পান নি।

আমাদের বাড়িতে নাটকের প্রথম ইভিহাদ হল— নব-নাটকের বেলা জাত্য লোকে বই লিখলেন, জামাদের বাড়ির লোকে প্লে করলেন। অশুমতীর বেলা আমাদের বাড়ির লোকে বই লিখলেন, বাইরের লোকে প্লে করলেন। তার পরে হল রবিকাকার আমলে আমাদের ঘরের লোক লিখলেন, আমরাই ঘরের ছেলেমেরেরা অভিনয় করলুম। এবারে আমবে দে গল্ল।

2

প্রথম বাজিতে প্লে আরম্ভ হল জ্যোতিকাকামশায়ের প্রহদন 'এমন কর্ম আর করব না', 'কিঞ্চিৎ জলমোগ' ইত্যাদি। জ্যাঠামশায় পার্ট নিমেছিলেন। সভ্যসিদ্ধুর। 'যানময়ী'ও হয়েছিল। মানময়ী দে কার লেখা ভা মনে নেই, কিন্তু গানের স্থর জ্যোতিকাকার দেওয়া, ইংরেজি রক্ষের। এই স্থরের অনেক আভাস বালীকি-প্রতিভাতিও আছে। তথন ওই রক্ষ ছোটোগাটো

প্রহদনই হত বাড়িতে বড়োদের নিমে। ছোটোরা তার ধারে কাছে ঘেঁষতে পারত না। এ-বাড়ির খড়গড়ি টেনে দীপুদার নীচের বৈঠকথানা বেশ দেখা থার। আমরা দেই খড়গড়ি টেনে মাঝে মাঝে দেখতুম, মা-পিসিমারাও রাত-বিরেতে এদে আমাদের দঙ্গে ঘোগ দিতেন। রাত্রির অন্ধকারে কে আর আমাদের দেখতে পাচ্ছে।

বঙ্কিমবাবুও আদতেন দে সময়ে। একদিন দেখি বঙ্কিমবাবু মাধায় পাকানো চাদরের পাগড়ি বেঁধে লাঠি ঘূরিয়ে কী বেন করছেন। আর তাঁর চেহারাও ছিল অতি স্থলর। ওই তাঁর এক রূপ আমার মনে আছে। ও-সব ছিল নিছক বৈঠকথানার ব্যাপার।

তার পর ওঁরা বাত্মীকিপ্রতিভা অভিনয় করলেন, তথন বাড়ির মেয়েদের ডাক পড়ল। অত্কে ছেলে দালানো হল। প্রতিভাদিদি সরস্বতী সাজলেন, রিবিকাকা সাজলেন বাত্মীকি অযি। সারদাপিদেমশায়, কেদারদাদা, অক্ষরবার, এরা সব দেছেছিলেন বড়ো বড়ো ডাকাত। থেকে থেকে বাত্মীকিপ্রতিভা অভিনয় হয়। আমরা আর দেখতে পাই নে— ওই যে বলন্ম, ছোটোদের বড়োদের কাছে ঘেঁববার হকুম ছিল না।

একদিন বাবামশায় পাটি দেবেন, থাওয়া-দাওয়া হবে, লোকজনদের নেমস্তর্ম করা হয়েছে, তাতে বাল্মীকিপ্রতিভাও অভিনয় হবে। মহা ধুমধাম। তেতলার ছাদ চার দিকে রেলিং আর পিলপে দেওয়া, ঘেরা, তারই উপরে চালা বেঁধে স্টেজ তৈরি হল। তথন তো ইলেকট্রিক বাতি ছিল না, গ্যাদের বাতির ব্যবহা হয়েছে। সমাজ থেকে হারমোনিয়াম আনা হল। আমরা দকাল থেকে সারদাপিদেমশায়কে ধয়েছি একবার আমাদের জন্ম দরবার করতে, অভিনয় দেথব। নারা দিন তাঁর পিছু পিছু যুরছি, ও-বাড়ির বারান্দায় পিদেমশায়কে দেথলেই এ-বাড়ি থেকে ছ হাত কচলে আমাদের আবেদন আনাই। তিনি বলেন, হবে হবে। এই কয়তে কয়তে অনেক কটে প্রায় বিকেলবেলা পেয়ে গেলুম অয়্মতি। সারদাপিদেমশায় বললেন, হয়েছে, ডামাদের দরথান্ত মঞ্রব হয়েছে, আজ-দেথত পাবে তোমরা।

আমাদের উৎসাহ দেখে কে। সরলা তথন ছোটো, সে আমাদের দলেই। আসরা বিকেল থেকে আমা-কাপড় পরে তৈরি হয়ে আছি, বিকেলের ক্যাথাবার কোনো রক্ষে একটু মুধে দিলুম। তথন কি আমাদের থিদেতে টার দিকে মন আছে। অভিনয় হবে রাভ সাতটা-আটটার সময়ে, আমরা ছয়টা থেকে তৈরি হয়ে আছি। হবি তোহ, ছয়টার পর থেকেই হঠাং ঝঞ্চাবাত, দাকণ ঝড় শুরু হল। আর দক্ষে সঙ্গে দে কী বৃষ্টি, মনে হল ঘেন বাড়ি পড়ে বায় আর কী। থোল খোল, পাল-দড়িদড়া কাট, ফেঁজ পড়ে যায় দুশোভারাম দারোয়ান দড়িদড়া কাটতে গিয়ে পাল-চাপা পড়ল। গ্যাসের চাবি আর কেউ বন্ধ করতে পারে না, ঝড়ে বৃষ্টিতে সব একাকার। ঘণ্টা তৃই চলল অমনি, আমরা ভো হতাশ হয়ে পড়লাম। হল আর আমাদের অভিনয় দেশা।

রৃষ্টি থামলে সেই দড়িদড়া এনে নীচের বড়ো ঘরে স্টেন্স বাঁধা হল, বারান্দায় হল খাবার ব্যবস্থা। আমাদের কি বের হতে দেয় আর। মনের ছুংখে কী আর করি, এত করে দরখান্ত মঞ্জুর হয়েছিল, গেল সব পণ্ড হয়ে। সে রাত্তে হল কিন্তু শেব পর্যন্ত বাল্লীকিপ্রতিতা-অভিনয়, অতিথিরাও এলেন, খাওয়া-দাওয়া করলেন। সবই হল, কেবল আমাদের কপালেই অভিনয় দেখা হল না।

সব চুকেবৃকে গেছে, অভিধিরা সবাই চলে গেছেন। এথন, দেখা গেল হারমোনিয়াম ভতি জল, কাঠ ফেঁপে তার বেঁকে সব একাকার। বেশ বড়ো হারমোনিয়াম ছিল হুথাক-ওয়ালা। উপরের থাকে পিয়ানো, নীচের থাকে অর্গান। জ্যোতিকাকা এক হাতে পিয়ানো বাজাতেন, এক হাতে অর্গান। সেই হারমোনিয়ামটা আনা হয়েছিল সমাজ থেকে, এখন উপায় ? বাবামশায় জ্যোতিকাকামশায়দের ভয় হল সমাজের হারমোনিয়াম খারাপ হয়ে গেছে, কর্তা শুনলে আর রক্ষে নেই। তথন তারা সব বড়ো বড়ো, তর্ও কর্তাক্ষেকত ভয় সমীহ করতেন দেখে।

কী উপায়। বাবামশায় বললেন, দেখো কর্তার কানে যেন না যায় কথাটা।

পরদিনই বাবামশার হেরল কোম্পানির থেকে আর-একটা সেইরক্ষ হারমোনিয়াম কিনে এনে সমাজে দিয়ে তবে নির্ভয় হলেন। সেই হারমোনিয়াফ এখনো আছে সমাজে।

তথন 'এমন কর্ম আর করব না' আর 'বাল্মীকিপ্রতিভা' এই দুটো অভিনয় থেকে থেকে হত। একবার ওটা একবার এটা। সেবার মেজোজাঠামশায় বিলেত থেকে ফিরে অসেছেন, বাল্লীকিপ্রতিভা অভিনয় হবে। এবারে একটু অদল-বদল হয়ে গেল। হ. চ. হ. এলেন সেবারে, তাঁর উপরে ভার পড়ল স্টেজ সাজাবার। কোখেকে হুটো তুলোর বক কিনে এনে গাছে বদিয়ে দিলেন, বললেন, ক্রোক্তিমিগুন হল। থড়ভরা একটা মরা হরিণ বনের এক কোণে দাঁড় করিয়ে দিলেন, সিন আঁকলেন কচুবনে বক্ত বরাহ লুকিয়ে আছে, মুখটা একটু দেখা যাছে। সেটা বরাহ কি ছাগল ঠিক বোঝা যায় না। আর বাগান থেকে বটের ভালপালা এনে লাগিয়ে দিলেন। রবিকাকা 'জীবনম্বভি'তে পুক্রধারে যে বটগাছের কথা লিখেছেন তা পড়েছ তো ? সেই বটগাছ আধ্বানা হয়ে গেল বারে বারে বাল্লীকিপ্রতিভার স্টেজের সাজ জোগাড়ে। যথনই স্টেজ হত, বেচারা বটগাছের উপরে কোপ, তার পরে যেটুকু বাকি ছিল একদিন বড়ে সেটুকুও গেল পুন-দিকের আকাশ শৃত্য করে।

এই রক্ম তথনকার স্টেজ, আর রবিকাকা তাতে প্লে করেছেন। ভেবে দেখো কাণ্ডটা। তার পর বালীকিপ্রতিভার গান একটু ভেঙেটেঙে 'কালমুগয়া' হল। জ্যোতিকাকা সাজলেন রাজা দশরথ, রবিকাকা অগুম্নি, ঋতু অন্ধ্যনির ছেলে। এই কালমুগয়াতে প্রথম বনদেবীর পার্ট শুক্ত হয়। ছোটো ছোটো মেয়ে যারা গাইতে পারে তারা বনদেবী দেজে স্টেজে নামত, ঘুরে ঘুরে গান করত। তথন নাচ-টাচ ছিল না তোমাদের মতো হুম্দাম্ করে। ওই হাত-ম্থ নেড়ে গান পর্যন্তই। দেবারে জ্যোতিকাকামশালের স্তিট্রকারের একটা পোনা হরিণ বের করে দেওয়া হল স্টেজে। তথনো স্টেজস্কায় আমাদের হাত পড়েনি।

রবিকাকার বিয়ে আর হয় না; সবাই বলেন 'বিয়ে করো— বিয়ে করো
এবারে', রবিকাকা রাজী হন না, চূপ করে ঘাড় হেঁট করে থাকেন। শেষে
ঙাকে ভো সবাই মিলে ব্বিয়ে রাজী করালেন। রথীর মা ঘণোরের দেয়ে।
ডোমরা ছানো ত্র নাম মুণালিনী, তা বিয়ের পরে দেওয়া নাম। আগের
নাম কী একটা স্করী না তারিণী দিয়ে ছিল, মা তাই বলে ডাকভেন।
কেলে বেশ নামটি ছিল, কেন যে বদল হল। খ্ব স্ভব, যডদ্র এথন ব্বি,
ক্বিকাকার নামের সঙ্গে মিলিয়ে মুণালিনী নাম রাখা হয়েছল।

গায়ে হলুদ হয়ে গেল। আইবুড়োভাত হবে। তথনকার দিনে ও-বাড়ির

कार्ता (इ.स. १ व्याप्त १

বিষে বোধ হয় জোড়াদাঁকোতেই হল, ঠিক মনে পড়ছে না। বাদিবিষের দিন ধবর এল সারদাপিদেমশায় মারা গেছেন। বাদ্, সব চুপচাপ, বিবাহের উৎসব ঠাণ্ডা। কেমন একটা ধাকা পেলেন, সেই সময় থেকেই রবিকাকার সাজসক্ষা একেবারে বদলে গেল। শুধু একথানা চাদর গায়ে দিতেন, বাইয়ে যেতে হলে গেফয়া রঙের একটা আলথালা পরতেন। মাছমাংস ছেড়ে দিলেন, মাথায় লখা লখা চুল রাথলেন। সেই চুল সেই সাজ আবার শেষে কত নকল করলে ভোকরা কবির দল।

রবিকাকাকে প্রায়ই পরগনায় খেতে হত। নতুনকাকীমাও মারা গেলেন, জ্যোতিকাকামশায় ফ্রেমোলজি শুরু করলেন, লোক ধরে ধরে মাধা দেখেন আর ছবি আঁকেন। কিছুকাল আমাদের নাটক অভিনয় দব বন্ধ। এ খেন একটা অধ্যায় শেষ হয়ে গেল।

ইতিমধ্যে আমরা বড়ো হয়েছি, স্কুল ছেড়েছি, বিয়েও হয়েছে। আমার আর সমরদার বিয়ের দিন রথী জন্মায়। তার পর এক ডাুমাটিক ক্লাব স্পষ্ট করা পেল। রবিকাকা খাদ বৈঠকে বাউনিং পড়ে আমাদের শোনান, হেম্ম ভট্ট রামায়ণ পড়েন। সাহিত্যের বেশ একটা চর্চা হত। নানা রক্ষের এ বই সে বই পড়া হয়।

একবার ড্রামাটিক ক্লাবে 'অলীকবাবু' অভিনয় হয়। অলীকবাবু জ্যোতিকাকামশামের লেখা, ফরাদী গল্প, মোলেয়ারের একটা নাটক থেকে নেওয়া। সেই ফরাদা গল্প উনি বাংলায় রূপ দিলেন। অত তোপাক। লিখিয়ে ছিলেন, কিন্তু ফরাদী ছায়া থেকে মুক্ত হতে পারেন নি। নয়তো रश्मिनी कि आंभारनंद रमत्यद त्यादा ? अथनकांद्र काल शल शख्य हिन, দেকালে অদন্তব। এই অবস্থায় আমরা যথন প্লে করি রবিকাকা তে! অনেক व्यमन-वमन करत मिरा छ। एतामी भन्न थिरक मुक्त करानन। अरेथानरे रन রবিকাকার আর্ট। আর করলেন কী, হেমাঙ্গিনীর প্রার্থীর সংখ্যা বাডিয়ে দিলেন। আগে ছিল এক অলীকবাবুই নানা সাজে গুরে-ফিরে এসে বাপকে ভূলিয়ে হেমাঞ্চিনীকে বিয়ে করে। রবিকাকা সেখানে অনেকগুলো লোক এনে ফেললেন। তাতে হল কী, অনেকগুলো ক্যারেক্টারেরও সৃষ্টি হল। হেমালিনীকে রাখলেন একেবারে নেপথ্য। তা ছাড়া তথন মেয়েই বা কই অ্যাকটিং করবার। তাই হেমালিনীকে আর বেরই করলেন না। সেবারে লেখায় কতকগুলো এমন মজার 'ডায়লগ' চিল, সেই ফে'ছ-কপির পিচনেই উনি লিখেছিলেন বাড়তি অংশটুকু। ভারি অন্তুত অন্তুত ভায়লগ দব। অলীকবাবু বলছেন এক জায়গায়, একেবারে তাঁহা তাঁহা লেগে বাবে। তাঁহা তাঁহা মানে কী তা তো জানি নে, কিন্ত ভারি মজা লাগত ভনতে। আরো ককে সব এম নিকেবে। কথা চিল।

তা, অভিনয় তো হবে, রয়েল থিয়েটারের সাহেব-পেটারকে বলে বলে পছন-মাফিক সিন আঁকালুম। স্টেজ থাড়া করা গেল। নাট্যজগতে সাহিত্যজগতে সেই আমরা এক-এক মৃতি দেখা দিলুম। রবিকাকা নিলেন অলীকবাব্র পাট, আমি বজহুর্লভ, অকলা মাড়োয়ারি দালাল। রবিকাকার ওই তো কুন্দর চেহারা, মুথে কালিরুলি মেথে চোখ বসিয়ে দিয়ে একটা অভ্যন্ত হতভাগা ছোঁড়ার বেশে স্টেজে তিনি বেরিয়েছিলেন। হেসোনা, আমাকে আবার পিননী দানীর পাটও নিতে হয়েছিল! আমার ব্রজহুর্লভের পাট ছিল খুব একটা ববাটে বুড়োর। হেমাদিনীকে বিয়ে করতে আগছে একে এক। আমি, মানে ব্রজহুর্লভ, তাদেরই একজন! গায়ে দিয়েছিলুম

নীল গাজের জামা— আমার ফ্লশখার সিত্তের জামা ছিল সেটা— তথনকার চলতি ছিল ওই রকম জামার। সোনার গার্ড-চেন বৃকে, কুঁচিয়ে ধৃতির কোঁচাটি কালাটাদবাব্র মতো বৃক-পকেটে গোঁজা যেন একটি ফুল, হাতে শিঙের ছড়ি ঘোরাতে ঘোরাতে ফেঁজে চৃকলুম। একট্-একট্ মাংলামি ভাব। এখন সেই পার্টে আমার একটা গান ছিল, রবিকাকার দেওয়া স্থর—

আগে কী জানি বল
নারীর প্রাণে সন্ন গো এত।
কীদাব মনে করি
ছি ছি সবি, কাঁদি তত।

কোখেকে যে ও গান জোগাড় করেছিলেন তা উনিই জানেন। আমার গলায় ও স্থর এল না। আমি বললুম, ও আমি গাইতে পারব না, ও স্থর আমার গলায় আমার না। রবিকাকা বললেন, তবে তুমি নিজেই যা হয় একটা গাও, কিন্তু এই ধরনের হবে। আমি বললুম, আছা, সে আমি ঠিক করব'খন। রাধানাথ দত্ত বলে একটি লোক প্রায়ই এখানে আসতেন, মদটদ থাওয়া অভ্যেস ছিল তাঁর। তাঁর মূথে একটা গান তনতুম, জড়িয়ে জড়িয়ে গাইতেন আর ছড়ি বুরিয়ে চলতেন। আমি ভাবলুম এই ঠিক হবে, আমিও মাথায় চাদর জড়িয়ে ছড়ি ঘোরাতে ঘোরাতে রাধাবারর হবহু নকল করে ক্টেজে চকে গান ।

আয় কে তোৱা যাবি লো সই আনতে বারি সরোবরে।

ধরলুম---

এই ছই লাইন গাইতেই চারি দিক থেকে হাতভালির উপর হাতভালি। রাধা-বাবুর মুথ গন্তীর। সবাই খুব বাহবা দিলে। রবিকাকা মহা খুদি; বলেন, বেড়ে করেছ অবন, ও গানটা যা হয়েছে চমৎকার! আর সভ্যিই আমি খুব ভালো অভিনয় করেছিলুম।

এই নাটকেই প্রথম দেই গানটি হয়, রবিকাকা তৈরি করে দিলেন, আমরা অভিনয়ের পর সবাই স্টেচ্ছে এদে শেষ গানটি করি-—

> আমরা লক্ষীছাড়ার দল ভবের পদ্মপত্রে জন সদা করন্থি টলোমল।

ানের দলে দলে নাচও চলেছিল আমাদের। কী যে জমেছিল অভিনয় তা কী বলব। কিন্তু ওই রাধানাথের গানই হল আমাদের কাল। রাধানাথ দত্ত গেলেন থেপে! তিনি বাড়ি বাড়ি, এমন-কি আমার খণ্ডরবাড়ি পর্যন্ত গিয়ের রটালেন যে ছেলেরা দব বড়োদের নকল করে তামাশা করেছে। দবাই অহবোগ-অভিযোগ আনতে লাগলেন। এ তো বড়ো বিপদ হল। কী করে তাদের বোঝাই যে আমরা কেউ আর-কারো নকল করি নি। তারা কিছুতেই মানতে চান না। আমাদের মন গেল থারাপ হয়ে। রবিকাকা বললেন, দরকার নেই আর ডামাটিক রাবের, এ তুলে দাও। পরের প্লে 'বিদর্জন' হবে, মব ঠিক, পার্ট আমাদের মুখন্থ, দিন আকা হয়ে গেছে। ইতিমধ্যে ডামাটিক রাব তুলে দেওয়া হল। ডামাটিক রাব তো উঠে গেল, রেথে গেল কিছু টাকা। আমাদের তথন এই-দব কারণে মন থারাপ হয়ে আছে, আমি বলন্ম দেই টাকা দিয়ে ভোজ লাগাও। হল ডামাটিক রাবের আছে, রীতিমত ভোজের আয়োজন, সে-দব গল তো তোমাকে আগেই বলেছি। এই হল ডামাটিক প্রাব্র জন্মেন্ডার ইতিহান।

তার পর মেজোজাঠামশায়ের পার্টি, আমরা 'রাজা ও রানী' অভিনয় করেছিলুম। আর কী থাওয়ার ধুম এক মাদ ধরে। পার্ট দব তৈরি হয়ে গেছে, তবু আমরা রিহার্দেল বন্ধ করছি না থাওয়ার লোভে। আমি তথন থাইয়ে ছিলুম খুব। বিকেলের চা থেকে থাওয়া শুক হড, রাত্রের ভিনার পর্যন্ত থাওয়া চলত আমাদের, আর দলে দঙ্গে রিহার্দেলও চলত। দেবদন্ত দেবেদ্ ছিলেন মেজোজ্যাঠামশায়, স্থামতা নেজোজ্যাঠাইমা, রাজা রবিকাকা, ত্রিবেদী অক্ষয় মন্থ্যদার, ক্মার প্রমণ চৌধুরী, ইলা প্রিয়দা, দেনাপতি নিতৃদা— যেমনি লখা চওড়া ছিলেন ফেজে চুকলে মনে হত যেন মাথায় ঠেকে যাবে। আর, আমরা অনেকেই ছোটোখাটো পার্ট নিয়েছিলুম জনতা, দৈল, নাগরিক, এই-দরের। আমার ছয়-ছয়টা পার্ট ছিল ভাতে। মেজোজ্যাঠাইমা ডিমেতে রাভিতে ফেটিয়ে এগ্লিপ তৈরি করে রাথতেন থাবার জ্লু, পাছে আমাদের গলা ভেঙে যায়। আমার দরকার হত না এগ্লিপ থারার, অফদার থেকে থেকেই গলা খুদ খুদ করত। বলতেন, অব্ন, গলাটা কেমন করছে, আর ছেরে কিরে কেবল এগ্লিপই থাছেন।

गां ज़िरातानाम राधेक राँथा रन। धक बां जित्त एक बिरार्सन राष्ट्र,

ম্বের লোকই সব জ্বমা হয়েছে। পরের দিন অভিনয় হবে। মেজোজাচিমশায়ের মেজাজ তো, মুথে যা আদত টপাদ করে বলে ফেলতেন। এখন,
অক্ষয়বাব বিবেশীর পাট করছেন, ড্রেদ রিহার্দেলে বেশ ভালোই করছিলেন।
কিন্তু মেজোজাচীমশায়ের পছন্দ হল না, মেরে দিলেন তিন ভাড়া— এ কি
কমিক হচ্ছে!

সব চূপ, কারো মূথে কথা নেই, আমরাও থ। মেজোজাঠামশায়ের'
মূথের উপরে কথা বলে কার এত সাহস।

রণিকাক। আমাদের ফিদফিদ করে বললেন, দেখলে মেছদার কাণ্ড;-হল এবারের মতো অভিনয় করা।

অক্ষরবার্র মুথে ঝোড়া নামল। কথা নেই, মুণ নিচু করে বদের রইলেন। থানিক বাদে মেজোজ্যাঠাইমা বললেন, তা, তুমি ওঁকে বলে দাও-না কীরকম করতে হবে। কাল অভিনয় হবে, আজ যদি এ রকম বন্ধ হয় তা হলে চলবে কী করে। তথন অক্ষরবাব্ও বললেন, হাঁা, তাই বলো কী করে অভিনয় করতে হবে, আমি তাই করছি। এই বলে রবিকাকার দিক্তে চাইলেন, রবিকাকা একটু চোথ টিপে দিলেন। তিনি আবার বললেন, আমি ব্রতে পারছিল্ম বে ঠিক হচ্ছিন না, তা তুমি আমাকে দেখিয়ে দাও, আমি নাহয় আবার করছি এই পাট। অক্ষরবাব্ অতি বিনীত ভাব ধারণ করলেন। মেজোজ্যাঠাইমা রবিকাকা সবাই ব্রলেন, ব্যাপার স্থবিধের নয়,

অক্ষরবার্ এবারে কিছু থদাবেন।
মেনোজাাঠামশায় বললেন, করো তা হলে আবার গন্তীর হয়ে পার্ট করো,
এ তো আর হাসিতামাশা নয়।

আবার সেই দিন শুফ হল। আমাদের যাদের সেই দিনে পার্ট ছিল—রবিকাকা আমরা— উঠলুম; দবার পার্ট যে যেমন করি ভাই করে গেলুম। অক্ষরবাব থুব গণ্ডীর মুখে কেন্ডেছ চুকলেন; পার্ট বলে গেলেন আগাগোড়া, ভাতে না দিলেন কোনো আগাক্দেন্ট না কোনো ভাব বা কিছু। দোছা গন্তীর মুখে গড়গড় করে কথা কয়ে গেলেন। দিহেটকে লেজ কেটে দিলে বেঁায়া ভেঁটে দিলে যেমন হয় ত্রিবেদীর পার্ট ঠিক সেই রূপে দেখা দিল।

মেজোজ্যাঠাইম। মেজোজ্যাঠামশাইকৈ বললেন, তুমি কেন বলতে গেলে, এর চেয়ে আগেই তো ছিল ভালো। অক্ষরবাব বললেন, আমি সাধ্যমত করেছি, এবার তা হলে আমাকে: বিদেয় দাও, বুড়ো হয়ে গেছি, ছেলেছোকরা কাউকে দিয়ে না-হয় এই পার্ট-করাও। বলে আমার দিকে চাইতেই আমি হাত নেড়ে বারণ করল্ম। লোভ বেছিল না ব্রিবেদীর পার্ট করতে তা নয়, হয়তো দিলে ভালোই করতে পারতুম।

অক্ষরবাবু বললেন, আর এখানে রোজ যাওয়া-আসায় আমারও তোও একটা থরচা আছে, আমি আর পারি নে।

কী আর করা যায় এথন, এই একদিনের মধ্যে তো নতুন লোক তৈরি করা সম্ভব নয়। সেই রাত্রে অক্ষয়বাবু নগদ পঞ্চাশ টাকা পকেটে ক'রে— বর্ষা নেমেছে শীত শীত ক'রে একথানা গায়ের চাদর ঘাড়ে ক'রে— বাড়িফিরলেন।

সেবার রাজা ও রানী অভিনয় থুব জমেছিল। স্বাই যার ঘার ঘার পার্ট অভি চমৎকার করেছিলেন। লোকের যা ভিড়হত। আমার মন থুঁত থুঁত করত বাইরে থেকে দেখতে পেতৃম না বলে। ছটা পার্ট ছিল আমার, একটা পার্ট করে পরের দিনে আবার তক্ষ্মি ভঙ্গমি সাজ বদল করে আর-একটা পার্ট করতে আমার গলদ্ঘর্ম হয়ে যেত। তার উপরে আবার যথন একট্ট দাড়াতুম, স্বরেক্স বাঁডুজ্জের ভাই জিতেন বাঁডুজ্জে কুন্তিগীর, বিরাট শরীর, মহা পালোয়ান, সে আমার স্বক্ষে ভর দিয়ে অভিনয় দেখত— আমার ঘাড়বাথা হয়ে গিয়েছিল।

একদিন আবার আর-এক কাও— অভিনয় হচ্ছে, হতে হতে ডুপদিন-প্রুবি তে। পড়্ একেবারে মেজোজ্যাঠাইমার মাধার উপরে প্রায়। রবিকাকা ভাড়াভাড়ি মেজোজ্যাঠাইমাকে টেনে স্বিয়ে আনেন। আর একটু হলেই হয়েছিল আর কী!

রাজা ও রানী বোধ হয় আর অভিনয় হয় নি। পরে, এমারেত থিয়েটার: রাজা ও রানী নিয়েছিল। পাবলিক আাক্টার আাক্টেস অভিনয় করে। গিরিশ ঘোষ ছিলেন তথন তাতে, দে আবার এক মজার ঘটনা। এখন, আমাদের যখন রাজা ও রানী অভিনয় হয় দে সময়ে একদিন কী করে পাবলিক আাক্টেসরা ভদলোক সেজে অভিনয় দেখতে চুকে পড়ে। আমরা কেউ কিছু জানি নে। আমরা তো তথন সব ছোকরা, বুঝতেই পারি নি কিছু। তারা তো সব দেখেতেনে গল। এখন পাবলিক স্টেজে রাজা ও রানী অভিনয়

করবে, আমাদের নেমন্তর করেছে। আমরা তো গেছি, রানী স্থমিতা স্টেজে এল, একেবারে মেজোল্লাঠাইমা। গলার স্থর, অভিনয়, সাজসজ্জা, ধরনধারণ, কবহু মেজোল্লাঠাইমাকে নকল করেছে। মেরেদের আরো অনেকের নকল করেছিল, রবিকাকাদের নকল করতে পারবে কী করে। ছেলেদের পাট ততটা নিতে পারে নি। কিন্তু মেজোল্লাঠাইমার স্থমিত্রাকে যেন সশরীরে এনে বসিয়ে দিলে। অন্তত ক্ষমতা আ্যাক্টেগদের, অবাক করে দিয়েছিল।

রিহার্দেলেই আমাদের মন্তা ছিল। বিকেল হতে না হতেই রোজ टमरकाक्यांश्रीमभारम् त तािक गांख्या, वाख्या-मांख्या श्रम्थकव. तिहार्शन, देह-देह. ওইতেই আমাদের উৎসাহ ছিল বেশি। অভিনয় হয়ে গেলে পর আমাদের আর ভালো লাগত না। কেমন ফাঁকা ফাঁকা ঠেকত সব। তথন 'কী করি' কী করি' এমনি ভাব। রবিকাকা তো থেকে থেকে প্রগনায় চলে থেতেন, আমরা এথানেই থাকি- আমাদেরই হত মুশ্কিল। আর, কত রকম মজার মজার ঘটনাই হত আমাদের রিহার্সেলের সময়ে। সেবারে 'রাজা ও রানী'র রিহার্দেলের সময় আমাদের জমেছিল 'সব চেয়ে বেশি। ছেলেবড়ো সব জমেছি সেই অভিনয়ে। অনেক জনতার পার্ট ছিল। বলেছি তো আমাকেই ছ-ছটা পার্ট নিতে হয়েছিল, অত লোক পাওয়া যাবে কোথায়। জগদীশ মামা ছিলেন, তাঁরও উৎসাহ লেগে গেল। জগদীশ মামা ভারি মজার মান্ত্র ছিলেন, স্বারই তিনি জগদীশ মামা। এই জগদীশ মামা, কী রক্ম লোক ছিলেন শোনো। তাঁর দাদা ব্রজরায় মামা, তিনিও এথানেই থাকতেন, তিনি তবু একট চালাক-চতর। তিনি ছিলেন ক্যাশিয়ার। একবার কর্তাদাদামশায় ব্রঙ্গরায় মামাকে ফরমাশ করলেন, ভালো ভালমিছরি নিয়ে এদো। কর্তাদাদা-মশায়ের আদেশ, ব্রজমামা তথুনি বাজারে ছুটলেন টাকাকড়ি প্কেটে নিয়ে। 'তিন দিন আর দেখা নেই।

কর্তাদিদিমা ভাবছেন, ভাইয়ের কী হল। কর্তাদাদামশায়েরও ভাবনা হল, তাই তো তিন দিন লোকটার দেখা নেই, সঙ্গে টাকাকড়ি আছে, কিছু বিপদআপদ ঘটল না কি। তথনকার দিনে নানা রকম ভয়ের কারণ ছিল।
পুলিদে খবর দিলেন। পুলিদ এদিক-এদিক খোঁজখবর করছে। এমন সময়ে
তিন দিন বাদে ব্রজরায় মামা মুটের মাথায় করে মন্ত এক তালমিছরির কুঁদো
এনে উপস্থিত।

এখন হয়েছে কী, ব্ৰজরায় মামা বাজারে ভালো তালমিছরি খুঁজতে খুঁজতে কিছুতেই মনের মতো ভালো তালমিছরি পান না, বাজারেরই কেউ একজন বুঝি বলেছে যে বর্ধমানে ভালো মিছরি পাওয়া যাবে। ব্রজরায় মামা দেখান থেকেই সোজা টিকিট কেটে বর্ধমান চলে গেছেন, সেখানে গিয়ে এ-গাঁ ও-গাঁ ঘুরে তিন দিন বাদে মিছরির কুঁলো এনে হাজির। কর্তাদাদামণায় হাদবেন কি কাদবেন ভেবে পান না। সেই ব্রজরায় মামার ছোটো ভাই জগদীশ মামা, বুঝে দেখো ব্যাপার।

তা 'রাজ। ও রানী'র রিহার্দেল চলছে, রবিকাকা মেজোজাঠাইমা সবাই '
ধরলেন, জগদীশ মামা তুমিও নেমে পড়ো। একজনই ঘুরেফিরে আসার চেয়ে
নতুন নতুন লোকের নতুন নতুন ক্যারেক্টার থাকবে। আমিও খুব উৎসাহী।
বললুম, খুব ভালো হবে। জগদীশ মামা বললেন, না দাদা, ভূলেটুলে যাব
শেষ্টায়। আমি বললুম, কিছু ভূল হবে না, সমন্ত্রমত আমি ভোমাকে থোঁচা
দেব, পিছন থেকে ৰঙ্গে দেব, তুমি ভেবো না।

यथन खनजात गर्या इं ि कथा, व्यावधानि नाहिन वनर्ण हर बनिन मामात । तिकाका व्यावत वर्षा वर्षा करत निर्ध मिलन । व्यावत ठांरक तिहार्मन रम्खान्य । कथा हर्ष्ण्य जन्मजात प्रदा करवात व्यक्ष जन्मण मामात कर्मा कथा हर्ष्ण्य जन्मण यामा वन्तरन रय 'ठा व्यावनात शेष्ठितन या वर्णन ।' दांच तिहार्मिन ममा हर्ण्य व्यावना थांकर कर्मण मामा शां मुंबह कत्ररूष थारकन । यर्क खरक वर्णन, 'रम्प्या रूण छाहे, किक हर्ष्ण्य किना, कृत्व याष्ट्रि मा रूण शेष्ठ वर्णन, व्याव दांचह तिहार्मिन छेत कथा कग्राप्त वन्तात ममग्र हर्ण्य प्रदात वर्णा राष्ट्र मा वर्णन राष्ट्र स्वाव वर्णन वर्ण

রোজই এই কাণ্ড হতে লাগল। আর সেই জনতার দিনে আমাদের সেধা হাদি! শেষে কোনো রকম করে শেষ পর্যস্ত তাঁকে পার্ট মুপস্থ করানো গেল, কিন্ত পাঁচজনের পাঁচের চন্দ্রবিদ্ তাঁর মুখে আসত না, বলতেন, 'তা পাঁচজনে যা বলেন।' তিনি আবার আমাদের গভীর তাবে জিজ্ঞেদ করতেন, কেমন হল দাশা! আমরা বলতুম, অতি চম্ব্রার, এমন আর কেউ করতে পারত না। তিনি তো মহা খশি।

রিহার্দেলে দে বা দব মজা হত আমাদের। রিহার্দেল ছেড়ে প্লেডে আর আমাদের জমত না। যেমন ছবি আঁকা, বতক্ষণ ছবি আঁকি আনন্দ পাই, ছবি হয়ে গেল ভো গেল। এও তাই। রবিকাকা তাই পর পর একটা ছেড়ে আর-একটা লিখেই থেতেন। আমরা তো দিনকতক স্টেক্তেই ঘরবাড়ি করে কেলেছিলুম। প্লাটফর্ম পাতা থাকত, রোজ ছপুরে তাকিয়া পাথা পানতামাক নিয়ে দেখানেই আথড়াবাড়ির মতো দবাই কাটাতুম। মণগুল হয়ে থাকতুম দ্রামতে। সে যে কী কাল ছিল। তথন রবিকাকার রোজ নতুন নতুন সপ্টে।

তার পর এই বাড়িতেই ত্রিপুরার রাজা বীরচন্দ্র মাণিক্যকে 'বিসর্জন' নাটক দেখানো হয়, পুরানো দিন তৈরি ছিল দেই-সব থাটিয়েই। আমাদেরও পার্ট মুখছ ছিল। রবিকাকা পার্ট নিয়েছিলেন রঘুণতির, অরুদা জয়দিংহের, দাদা রাজার, অপর্ণা এ বাড়িরই কোনো মেরে মনে নেই ঠিক। বালক বালিকা, তাতা আর হাসি, বোধ হয় বিবি আর স্থরেন, তাও ঠিক মনে প্রভাৱন।

এইখানে একটা ঘটনা আছে। রবিকাকাকে ও রকম উত্তেজিত হতে কথনো দেখি নি। এথন, রবিকাকা রঘুপতি দেজেছেন, জয়িদংহ তো বুকে ছোরা মেরে মরে গেল। স্টেজের এক পাশে ছিল কালীমুঁতি বেশ বড়ো, মাটি দিয়ে গড়া। কথা ছিল রঘুপতি দ্র দ্র বলে কালীর মৃতিকে ধানা দিতেই, কালীর গায়ে দড়াদড়ি বাঁধা ছিল, আমরা নেপথা থেকে টেনে মৃতি সরিয়ে নেব। কিন্তু রবিকাকা করলেন কী, উত্তেজনার মৃথে দ্র দ্র বলে কালীর মৃতিকে নিলেন একেবারে হু হাতে তুলে। অত বড়ো মাটির মৃতি হু হাতে উপরে তুলে ধরে স্টেজের এক পাশ থেকে আর-এক পাশে হাঁটতে হাঁটতে একবার মারখানে এদে থেমে গেলেন। হাতে মৃতি তথন কাঁপছে, আমরা ভাবি কী হল রবিকাকার, এইবারে ব্রি পড়ে যান মৃতিদমেত। তার পর উইমের পাশে এসে মৃতি আন্তে আন্তে নামিয়ে রাখলেন। তথনো রবিকাকার উত্তেজিত অবস্থা। আনো তো তাঁকে, অভিনরে কী রকম এক-এক সময়ে উত্তেজনা হয় তাঁর। আমরা ভিজ্ঞেদ করলুম, কী হল রবিকাকা তোমার।

উনি বললেন, कौ आनि की देन, ভাবলুম মৃতিটাকে তুলে একবারে

উইংসের ভিতর ছুঁড়ে ফেলে দেব। উত্তেজনার মুখে মৃতি তো তুলে নিলুম, ছু ড়তে গিয়ে দেখি ও পাশে বিবি না কে ষেন হারমোনিয়াম বাজাচ্ছে; এই ামাটির মৃতি চাপা পড়লে তবে আর রক্ষে নেই— হঠাৎ সামলে তো নিলুম, কিন্ত কোমর ধরে গেল।

তার পর অতি কটে এ পাশে এদে রবিকাকা কোনোরকম করে মৃতি নামান। দেই কোমরের ব্যথায় মাদাবধি কাল ভুগেছিলেন।

এর পরে দব শেষে হল 'থামথেয়ালী'। ছামাটিক ক্লাব নিয়ে নানা হাঙ্গামা হওয়ায় এবারে রবিকাকা ঠিক করলেন বেছে বেছে গুটিকতক খেয়ালী সভ্য ্নেওয়া হবে, অন্তান্তরা থাকবেন অভ্যাগত হিসাবে। নাম কী হবে, রবিকাকা ভাবছেন 'থেয়ালী দভা' 'থেয়ালী দভা'। আমি বললুম, নাম দেওয়া ধাক খামথেয়ালী। রবিকাকা বলনেন, ঠিক বলেছ, এই সভার নাম দেওয়া যাক খামথেয়ালী। ঠিক হল প্রত্যেক সভাের বাডিতে মানে একটা খামথেয়ালীর খান মঙ্গলিদ হবে, পার দভ্যেরা তাতে প্রত্যেকেই কিছু না কিছু পড়বেন। প্রত্যেক অধিবেশনের শেষে রবিকাকা একটা থাতায় নিজের হাতে বিবরণী লিখে রাথতেন। সেই থাতাটি আমি র্থীকে দিয়েছি, দেখো তাতে অনেক জিনিস পাবে।

থাদ মজলিদের কর্মসূচী যতটা মনে পড়ে এইভাবে লেথা থাকত, একটা -নমুনা দিছিছ—

3000

ন্থান জোডাসাঁকো।

নিমন্ত্ৰণকৰ্তা- শ্ৰীবলেল্ৰনাথ ঠাকুর।

অমুষ্ঠান। শ্রীগগনেন্দ্রনাথ কর্তৃক 'অরসিকের স্বর্গপ্রাপ্তি' আর্তি। শ্রীরবীন্দ্রনাথ কর্তৃক 'কাধিত পাৰাণ' ও 'মানভঞ্জন' নামক গল্প পাঠ। গোঁদাইজির গান ও ওাঁহার দাদার সংগত। •গীতবাগ ।

আহার ৷ ধ্পধনা রম্মনটোকি সহযোগে তাকিরা আশ্রয় করিয়া রেশ্মবস্তু-মৃত্তিত জলটোকিতে -জলপান |

অভ্যাগতবর্গ। এীযুক্ত চিত্তরপ্রন দাশ গ্রীযুক্ত অতুলপ্রদাদ দেন শীবুক্ত অমিরনাথ চৌধুরী শীযুক্ত ক্ৰবীন্দ্ৰাণ ঠাকুৰ শ্রীযুক্ত অরুণেক্রনাথ ঠাকুর

অভাগত আরে। অনেকেই ছিলেন— শ্রীযুক্ত উমাদাস বন্দ্যোপাধ্যায়, প্রীযুক্ত সতীশরঞ্জন দাস, প্রীযুক্ত মনোমোহন ঘোষ, প্রীযুক্ত মহিমচন্দ্র বর্মা, প্রীযুক্ত করুণাচন্দ্র দেন, প্রীযুক্ত নীরদনাথ মুখোণাধ্যায়। এঁরা অনেকেই নিমন্ত্রিত হিদেবে আসতেন।

থাস মজলিসে আহারও আমাদের এক-এক বার এক-এক ভাবে সাজিয়ে দেওয়া হত। কোনো বার 'ফরাসে বসিয়া প্রেটপাত্রে মোগলাই খানা', কথনো 'টেবিলে জলপান', কোনো বার বা 'সাদাসিদে বাংলা জলপান'।

এই খামথেয়ালীর যুগে আমাদের বেশ একটা আর্টের কাস্চার চলছিল।
নিমন্ত্রণপত্তও বেশ মজার ছিল। একটা স্লেট ছিল, সেটা পরে দারোয়ানরা
নিয়ে রামনাম লিখত, সেই স্লেটটিতে রবিকাকা প্রত্যেক বারে কবিতা লিখে
দিতেন, সেইটি সভার সভ্য ও অভ্যাগতদের বাড়ি বাড়ি যুরত। ওই ছিল
ধামথেয়ালীর নেমন্তর পত্ত। নেমন্তরের কয়েকটি কবিতা এখনো আমার মনে
আছে।

প্রাবণ মাসের ১৩ই তারিথ শনিবার সন্থাবেলা সাড়ে সাত ঘটিকায় থায়থোলীর মেলা । সভ্যগণ জোড়াসাকোর করেন অবরোহণ বিময়বাকো নিবেদিতে প্রীরঞ্জনীমোহন।

আর-একবার ছিল— এ থেকেই ব্রুতে পারবে আমাদের থান-মজলিনে কী কী:
কাজ হত—

শুন সভ্যগণ যে বেখানে থাকো,
সভা খামধেরাল স্থান ক্রোড়াসাঁকো।
বার রবিবার রাত সাড়ে সাত,
নিমন্ত্রণকর্তা সমরেন্দ্রনাথ।
তিনটি বিষয় যরে পরিস্থার্থ—
দাসা ভূমিকম্প, পুণা-স্তাাকার্য।
এই অনুরোধ রেথো খামধেরালী,
সভাস্থলে এদো ঠিক puxukually।

আরো সব বেড়ে মজার কবিতা ছিল-

এবার
খামখেরালীর সভার
অধিবেশন হবার
স্থান কিছু দূরে
সেই আলিপুরে।
নির্মল সেন
সবে ডাকিছেন।
শনিবার রাভ
ফিক সাতে।

পাড়াও, আরো একটা মনে পড়ছে। দেখো তো, কথায় কথায় কেমন সব মনে আদছে একে-একে। কে জানত আমার আবার এও মনে থাকবে। সেবার এখানেই হয় থামথেয়ানীর অধিবেশন, এই জোড়াদাঁকোতেই—

> এতজ্বান্য নোটি কিবেশন খামধেয়ালীর অধিবেশন চোঠা আবণ শুভ দোমবাব জোড়াইাকো গলি ৬ নধার। ঠিক ঘড়ি ধরা রাত সাড়ে সাত সত্যপ্রসাদ কহে জোড়া হাত। বিনি রাজী আবা যিনি গররাজী অনুষ্ঠহ করে লিখে দিন আজই।

এই-সব কাণ্ডকীতি আমাদের হত তথা। আমাকে রবিকাকা বললেন, অবন, তোমাকেও কিছু লিখতে হবে। কিছুতেই ছাড়েন না। আমি গামথেয়ালীতে প্রথম পড়ি 'দেবীপ্রতিমা' বলে একটা গল্প। পুরোনো 'গেরতী'তে যদি থেকে থাকে থোঁজ করলে পাওয়া যেতে পারে। রবিকাকা আমাকে প্রায়ই বলতেন, অবন, তোমার সেই লেখাটি কিছু বেশ হয়েছিল।

রবিকাকাও দে-সময় অনেক গল্প কবিত। থামথেয়ালীর জন্ত লিখেছিলেন।
দেই থামথেয়ালীর সময়েই 'বৈকুঠের থাতা' লেথা হয়। থামথেয়ালীতে পড়া
চল, ঠিক হল আমরা অভিনয় করব। কেদার হলেন রবিকাকা, মতিলাল
চঞ্চবর্তী সাজলেন চাকর, দাদা বৈকুঠ, নাটোরের মহারাজা অবিনাশ, আমি
সেই তিনকড়ি ছোকরা। ওই সেবারেই আমার অভিনয়ে থুব নাম হয়।

তথন আরো মোটা লয়-চওড়া ছিলুম অথচ ছোকরার মতো চট্পটে, মুথেচোথে কথা; রবিকাকা বললেন, অবন, তুমি এত বদলে গেলে কী করে।

একটা বোভাদ-খোলা বড়ো ছিটের জামা পায়ে, পানের পিচ্কি বৃক্ময়।
মা বলতেন, তুই এমন একটা হতভাগা-বেশ কোখেকে পেলি বলু তো!
এক হাতে দন্দেশের ঝুড়ি, আর-এক হাতে খেতে খেতে ফেঁজে চুকছি,
রবিকাকার দঙ্গে দমানে দমানে কথা কইছি, প্রায় ইয়াকি দিছি খুড়োভাইপোতে। প্রথম প্রথম বড়ো দংকোচ হত, হাজার হোক রবিকাকার
দঙ্গে ও-রকম ভাবে কথা বলা, কিন্তু কী করব— অভিনয় করতে হচ্ছে যে।
কথা তো দব মুখহ ছিলই, তার উপর আরো বানিয়ে টানিয়ে বলে খেতে
লাগল্ম। রবিকাকা আর থৈ পান না। আমাদের সেই অভিনয় দেখে
গিরিশ বোষ বলেছিলেন, এ-রকম আাক্টার দব বিদ আমার হাতে পেতুম
ভবে আওন ছিটিয়ে দিতে পারতুম।

একদিন রবিকাকা পার্ট ভুলে গেছেন, ফেঁছে চুকেই এক দিন বাদ দিয়ে 'কী ছে তিনকড়ি' বলে কথা শুক কৃরে দিলেন। আমি চুপিচুপি বলি, বাদ দিলে যে রবিকাকা, প্রথম দিনটা। তা, তিনি কেমন করে বেশ সামলে গেলেন।

জ্যোতিকাকা করেছিলেন আরো মভার— পার্ক খ্রিটে কী একটা প্লে হচ্ছে, ক্টেছে ঢুকেছেন, ঢুকে নিজের পার্ট ভূলে গেছেন। তিনি সোভা উইংসের পাশে গিয়ে সকলের সামনেই জিজ্ঞেন করলেন, কী হে, বলে দাও-না আমার পার্টটা কী ছিল, ভূলে গেছি যে।

এই তো গেল নানা ইতিবৃত্ত।

কিছুকাল বাদে থামথেয়ালীও উঠে যায়। কেন যে উঠে যায় তার একটা গল্পও আছে। বলব ভোমাকে সব ? কী জানি শেষে না আবার বন্ধুমাহ্য কেউ কেউ কুল হন। যাক গে, নাম বলব না কাল্পরই, গল্প জনে রাখে। আমার আর কয়িদিন, যা-কিছু আমার কাছে আছে সব তোমার কাচে জমা দিয়ে যাই। অনেক কথাই কেউ জানে না, আমি চলে গেলে আর জানবার উপায়ও থাকবে না। দরকার মনে করো যদি জানিয়ো ভাদের, আমি তোমার কাছে বলেই থালাদ; এর পর তোমার যা ইছে কোরো।

কী বলছিলুম যেন, থামথেয়ালী উঠে থাবার কথা, কেন উঠে গেল। বলি শোনো। এখন, কথা ছিল যে প্রত্যেক সভাের বাড়ি এক-একবার খামথেয়ালীর ঝাদ মছলিদ হবে। মছলিদে কী কী পড়া হবে, কী ভাবে থাওয়ানা, কে গান করবে, বাজনা ইভাাদি দব-কিছুরই ভার সেই দভাের উপরেই দেবারকার মতাে থাকে। তা, প্রায় দবারই বাড়ি একটা করে অধিবেশন হয়ে গেছে, শেষবার আমাদের এক ইয়ং বিলেত-ফেরত ব্রুর বাড়িতে মছলিদ হবার পালা, তিনি তাঁর এক রায়েন্টের বাগানবাড়ি নিলেন কলকাতার বাইরে। আমাদের নেমস্তর করলেন। মছলিদে থেয়ালীদের তাে যেতেই হবে, সেই বাগানবাড়িতে আমরা দবাই গেলুম। গিয়ে দেখি কোনাে কিছুরই ব্যবহা নেই। কত দিনের বর্কঘর, তারই হ্-একটা ঘর খুলে দিয়েছে — ভাপদা গল্প, নােরা। আমরা দব বাইরে বাগানে পুকুরপাড়ে এদে বদল্ম। সেথানেই কিছু গানবাজনা পড়ান্তনাে হল। রাতও দেখতে দেখতে বেশ হয়ে এল, কিন্তু থাবার আরে আনে না। বদে আছি তাে বদেই আছি। এক-একবার না পেরে ছ্-একজন উঠে গিয়ে বাগানের মালীকে জিজেদ করছি, কী রে, আর কত দেরি ?

ভারা বলে, 'এই হচ্ছে, হল বলে'। এই হচ্ছে হল বলে আর থাবার তৈরি হয় না কিছুতেই। মহা মুশকিল, রাভ বেড়ে চলেছে, পেট সবার থিদেয় টো টো করছে। এই করতে করতে শেবটায় খাবার এল, ডাক পড়ল আমাদের। উঠে গেল্ম ভিতরে। আমি আশা করেছিল্ম বিলেভ-ফেরত বয়ু, বেশ প্যাট-জ্যাট বাওয়াবে বোধ হয়। দেখি লৃচি আর গাঁঠার ঝোল এই সব করেছে। তাও বা রায়া, বোধ হয় রাস্তার মূলিবানা থেকে বাম্ম ধরে আনা হয়েছিল। সে বা হোক, কোনোমতে কিছু কিছু মুখে দিয়ে স্বাই উঠে পড়ল্ম। রাভ তথন প্রায় বারোটা। সেবারকার মজলিদ খতদ্র ডিপ্রেসির ব্যাপার হতে হয় ভাই হয়েছিল। ফিটন গাড়িতে চড়ল্ম, রবিকাকা বললেন, 'ছাদ খুলে দাও।' গাড়ির ছাদ খুলে দেওয়া হল। আকাশে তথন শান টাদ উঠেছে, ঠাঙা হাওয়া ঝির বির করে বইছে। ফিটন চলতে লাগল, আমরাও ইাফ ছেড়ে বাঁচল্ম। রবিকাকা বললেন, না, এ একটু বেশিরকম শামগেয়ালী হয়ে যাডেছ, এ-রক্ষ করে চলবে না।

সেই থেকে কমিটি স্টে হল। কমিটির উপর ভার পড়ল, ভারাই দব কৈ করে দেবে মন্ত্রলিসে কী হবে না হবে। কমিটি মানেই ভো ডাক্তার ভাকা। আমরাও কমিটর হাতে ভার দিয়ে আন্তে আন্তে যে যার দরে পড়ল্ম। এইভাবে ওটা চাপা পড়ে গেল। নইলে অনেক কাল হয়েছিল, দে-সময়ে রবিকাকার ভালো ভালো বই বেরিয়েছিল। তার পর ভূমিকম্প, স্বদেশী হলুগ; আমি চলে গেল্ম আর্ট স্কুলে, রবিকাকা চলে গেলেন বোলপুরে, সব যেন ছত্তজ্ঞ হয়ে গেল। ভার অনেক কাল পরে এই লাল বাড়িতে 'বিচিত্রা'র স্পষ্ট হয়।

5 0

এইবারে বড়ো বালীকিপ্রতিভার গল্প শোনো। বড়ো বসছি এইজন, ও-রকম
মহা ধুমধামে বালীকিপ্রতিভা হয় নি আর। রবিকাকা তথন আমাদের
দলের হেড, সাজপোশাক স্টেজ জাঁকবার ভার আমাদের উপরে। এই সেবার
থেকেই ও-সব কাল আমাদের হাতে পেলুম। তার কিছুকাল আগে একবার
বালীকিপ্রতিভা নাটক করে আদিরাল্পসমাজের জন্ম এক পত্তন টাকা ডোলা
হয়ে গেছে। বেশ কয়েক হালার টাকা উঠেছিল এই নাটক করে।

তা, এবারে কর্তাদাদামশায়ের কী থেয়াল হল, লাটসাহেবের মেম লেডী ল্যান্সভাউনকে পার্টি দেবেন, হুকুম হল বাল্মীকিপ্রতিভা অভিনয় হবে।

বড়োরাও তাতে বোগ দিয়েছিলেন; মেজোজাঠামশায় ছিলেন, জ্যোতি-কাকামশায় ছিলেন। মেজোজাঠামশায় তথন থাকেন বির্ন্নিতলার বাড়িতে। দেখানেই আমাদের রিহার্দেল হবে। তিনি নিলেন রিহার্দেলের ভার। আমাদের মহা কুতি। মেজোজাঠামশায়ের বাড়িতে রিহার্দেল মানেই তো ধাওয়ার ধুম। থাইয়েও ছিল্ম তথন ধুব তা তো জানোই, বিকেল হতে না হতে সবাই ছুট্তুম মেজোজাঠামশায়ের বাড়ি। চা ও খাবার একপেট থেয়ে তার পর রিহার্দেল শুক্ত হত।

রবিকাকা দেজেছেন বাল্লীকি, আমরা সব ডাকাত, অক্ষরবার দ্বা-সর্দার, বিবি লক্ষ্মী, প্রতিভাদিদি সরস্বতী, অভি হাতবাঁধা বালিকা। জোর বিহার্দেন চলচে।

সেখানে একদিন একটা কাপ্তেন এসেছিল, কাবুলীদের নাচ দেখালে। সে কী জবরদন্ত শরীর তাদের; টেনিস খেললে, তা এমন মার মারলে বল একেবারে গির্জে টপ্তেক চলে গেল। তারা নেচেছিল খোলা ভলোয়ার ঘুরিয়ে কাব্ল দেশের হাজারী নাচ। এই বেমন ভোমাদের সাঁওতাল নাচ আর কি, দেইরকম ওটা ছিল কাবুলী নাচ।

আমাদের তো রিহার্গেল তৈরি, সময়ও হয়ে এসেছে। যত সব সাহেব-হবো, লাটসাহেবের মেম আসবে। আমরা সাজব ডাকাত। মেজোজাঠা-মশায় বললেন, ও হবে না, থালি গায়ে ডাকাত সাজা হবে না।

কী করা ধার। আমি বললুম তা হলে ৩ই হাজারীদের মতো সাজ করা
যাক। স্বাই থূশি, বললেন, এ ঠিক হবে। ডাকো দরজী। আগে ছিল
ডাকাতদের থালি গা, বুকে সক্ষ শালুর ফেটি। দরজী এসে আমাদের সাজ
করতে লাগল, কার্লীদের মতো গায়ে সেই রকম পাঞ্জাবি, পা অবধি কার্লী
পাজামা। আমাদের মহা উৎসাহ, ভাবছি এবারে আমরা ডাকাত সেজে
দেখাব স্বাইকে, ডাকাত কাকে বলে।

নহা সমারোহে স্টেজ সাজানো হল। নিতৃদা নিলেন স্টেজ সাজাবার জার। অনেক কারিকুরি করলেন তিনি স্টেজ। মাটি দিয়ে উঠোনের থানিকটা অর্ধচন্দ্রাকরে ভরাট করলেন। সেই থেকে সেই চাতালটা রয়ে গেছে। বটগাছ তো আগেই সাবাড় হয়েছিল, যা ছিল কিছু বাকি এনে পুঁতলেন, বনজন্দল বানালেন সেই মাটিজে। স্টেজে সত্যিকার রৃষ্টি ছাড়া হবে, দোতলার বারান্দা থেকে টিনের নল সোজা চলে গেছে স্টেজের ভিস্করে। নানারকম দড়িদড়া বেঁধে গাছপালা উপরে ঝুলিয়ে রাথা হয়েছে, দিন বুঝে সেগুলি নামিয়ে দেওলা হবে। পদ্মবন, শোলার প্রাক্ত্রন, পদ্মপাতা বানিয়ে নেটের মতো পাতলা গজের পদি প্র-প্র চার-পাঁচটা তারে ঝুলিয়ে রাথা হয়েছে। প্রথমটা বেশ ঝাপসা কুয়াশার মতো দেখাবে, পরে এক-একটা পদা উঠে যাবে, ও-পাশ থেকে আত্তে আত্তে আলো ফুটবে আর একটু একটু করে পদ্মবনে সরস্বতী ক্রমণ প্রকাশ পাবে।

তথন এ-রকম ইলেকট্রিক বাতি ছিল না, গ্যাস বাতি, কার্বন লাইটের ব্যবস্থা হল। লাল সবুজ মথমলের পর্দা দিয়ে স্টেজ সাজানো হল। এটা সেটা কিছুই বাদ নেই। কর্তাদাদামশায়ের খরচ— মনের ক্রথে জিনিসপত্তর আনিয়ে সাজানো গোছানো গোছে।

ও দিকে আবার বিরাট পার্টি। লাটদাহেবের মেম, দেদার দাহেব-স্থবো ও বড়ো বড়ো মান্তগণ্য লোক দ্বাইকে নেমস্তম করা হয়েছে। নীচে দেউজ, উপরে দোতলার ছাদে 'দাপার' হবে, কত রকমের খাবারের আয়োজন, বরফের পাহাড় হয়ে গেছে। মেজোজ্যাঠামশায়, জ্যোতিকাকা, সারদা পিদেমশায় তাঁরা দব রইলেন অভিথিদের খাওয়া দেখাশোনার ভার নিয়ে, রবিকাকা রইলেন আমাদের নিয়ে।

অভিনয়ের দিন এল; সব-কিছু তৈরি, নিতৃদা স্টেজ ম্যানেজার, আমাদের সাজদজ্লা তৈরি, কাবলী ইজের পরা, কোথায়ও না গা দেথা ধার, একেবারে নতুন সাজ। লখা জোকা-টোকা পরে রবিকাকাও তৈরি, গলার চেনে বাঁধা শক্ষ ঝুলছে, শৃঙ্গবাদন করে ডাকাত ডাকবেন, সব ঠিকঠাক। অভিথিঅভ্যাগতরাও এদেছেন সব। অভিনয় শুক্ত করবার সময় হল। আমাদের ধে বুক একটু গুরুত্বর না করেছে এমন নয়। রবিকাকাও থেমন একটু উত্তেজিত হয়ে পড়েন এ-সব ব্যাপারে, আমাকে বললেন, দেখো তো কেমন লোকজন হয়েছে বাইরে।

আমি তো কাঁচুমাচু করছি, কী দরকার দেখবার. হয়তো ঘাবড়ে যাব।

শ্ববিকাকা বলছেন, আঃ, দেখোই না পদাটা একটু ফাঁক করে, কী রকম
লোকজনের ভিড হয়েছে দেখো।

স্টেজের ভিতর থেকেই এ-সব কথা হচ্ছে আমাদের। আমি আর কী করি, পর্নাটা আতে আত্তে একটু ফাঁক করে দেখি কী, ওরে বাবা! টাকে টাকে সারা উঠোন ভরে গেছে যে। যত সব সাহেবদের শাদা শাদা মাথা একেবারে চকচক করছে। বৃক তৃক্তৃক করতে লাগল। আমি বললুম, এ না দেখলেই ভালো হত রবিকাকা। রবিকাকাও বললেন, তাই তো।

এ দিকে সময় হয়ে গেছে, আন্ত চৌধুরী উইংদের এক পাশে প্রোগ্রাম হাতে লাভিয়ে, পিয়ানো হারমোনিয়াম নিয়ে ভ্যোতিকাকামশায়, বিবি বসে, সিম উঠলেই বালাতে শুরু করবেন। প্রথম দিনে ছিল সবার আগে ডাকাছের স্পার অক্ষয়বার্ এক পাশ থেকে একটা হংকার দিয়ে স্টেভে চুকবেন। পিছু পিছু দিতীয় ডাকাত আমি, এই ছটি কমিক দয়া, পরে একে-একে অক্তডাকাভরা চুকবে। সব ঠিক; ঘন্টা বাজল, বনদেবীরা ঘুরে ঘুরে গান করে গেল।

দিন উঠল। এখন অক্ষরবাব্র পালা, তিনি কেন জানি না, পাশ থেকে স্টেক্তে না চুকে ও-পাশ দিয়ে ঘুরে নারখান দিয়ে ভিতর থেকে 'রী-রে-রে' বলে হাঁক দিয়ে খেই ভেড়ে বেরিরেছেন, নিতুদা অনেক-সব দড়িদড়ার কীতি করেছিলেন বলেছি, এখন ভারই একটা দড়িতে অক্ষরবাব্র গলা গেল বেধে। কিছুতেই আর খোলে না, কেমন যেন আটকে গেছে। যভই মাধার কানিদেন, উহু, দড়ি খোলে না। মহা বিপদ, আমি পিছন খেকে আন্তে ডান্ডে দড়িটা তুলে দিভেই অক্ষরবার্ এক লাফে স্টেজের সামনে গিয়ে গান ধরনেন—

আঃ বেঁচেছি এখন।
শর্মা ওদিকে আর নন।
গোলেমালে ফাঁকতালে দেসটকেছি কেমন
মা—ফু সটকেছি কেমন।

এই গান গাইতেই, আর ভার উপর অক্ষয়বাবুর গলা, চারদিক থেকে হাততালি পড়তে লাগল। প্রথম গানেই এবারে মাং।

ভার পর বৃষ্টি হল স্টেজে, আর সঙ্গে সঙ্গে গান

त्रिम किम यन धन दत्र वत्रव

পিছনে আয়না বিষে নানারকম আলো ফেলে বিহাৎ দেখানো হছে, সঙ্গে সঙ্গে কড়কড় করে আমি ভিতর থেকে টিন বালাছি, হুটো দংগল ছিল, দংগল জানো তো? কুন্তিগিররা কুন্তি করে, লোহার ভাণ্ডার হু-পাশে বড়ো বড়ো লোহার বল, নিজুলা দোতলায় ছাদ থেকে কেই দংগল হুটো গড়গড় করে এ-ধার থেকে ও-ধার গড়াতে লাগলেন। সাহেব মেমরা তো মহা থুনি, হাততালির পর হাততালি পড়তে লাগল। যতদূর রিয়ালিটিক করা যায় ভার চুড়ান্ত হয়েছিল।

এখন দহ্যরা চ্কবে। আগেই তো বলেছি স্টেছে মাটি ভরাট করে গাছের ডাল পুঁতে দেওয়া হয়েছিল। এখন, বৃষ্টিতে দব কালা হয়ে গেছে। দালা স্টেজে চুকেই তো দপাদ করে পা পিছলে পড়ে গেলেন। পড়ে গিয়ে আর উঠলেন না, ওথানেই হাত-পা একট্ তুলে বেঁকিয়ে ওইভাবেই পোল দিয়ে রইলেন। আমরাও আশেপাশে দব যে যার পোল দিয়ে বয়ল্ম, ল্টের জিনিদ ডাগ হবে। দিয়্কেও সেবারে নামিয়েছিল্ম। দিয় তথন ছোটো, ওর একটা পোবা ঘোড়া ছিল, রোজ ঘোড়ায় চড়ত। সেই ঘোড়ার পিঠে আমাদের পুটের মাল বোঝাই করে দিয় স্টেজে এল। আমরা দব লুটের মাল ভাগ

করলুম, একজন আবার গিয়ে ঘোড়াকে একটু ঘাসটাসও থাওয়ালে। সে কী আ্যাকটিং যদি দেখতে। তার পর চলল আমাদের মদ থাওয়া, থালি শৃত্ত মাটির ভাঁড় থেকে মদ ঢালা-ঢালি করছি, গান হচ্ছে—

তবে ঢাল্ হ্বা, ঢাল্ হ্বা, ঢাল্ ঢাল্।

আর থালি ভাঁড় ম্থের কাছে ধরে চক্ চক্ করে হাওয়া পান করছি। এই-সব করে কালীমৃতির কাছে আমাদের নাচ। এই তথন সেই থোলা তলোয়ার ছোরা ঘ্রিয়ে কাবুলীদের নাচ নেচে দিলুম আমরা। এই নাচ আমরা রিহার্দেলে কম কষ্ট করে শিথেছিলুম ? মেজোজ্যাঠামশার ছড়ি হাতে দাঁড়িয়ে থাকতেন। গান গেয়ে নাচতে নাচতে হয়রান হয়ে পড়তুম তবুও থেমে যাবার জো নেই, থেমেছি কী মেজোজ্যাঠামশায় পিছন থেকে ছড়ি দিয়ে থোঁচা মারতেন। মহা মৃশকিল, যে-জায়গায় থোঁচা মারতেন পিঠটা পাটা একটুরগড়ে নিয়ে আবার উদ্বাম নৃত্য জুড়ে দিতুম। আর কী গান সেই নাচের দক্ষে বেঝ দেখো—

কালী কালী বলো রে আজ—
বলো হো, হো হো, বলো হো, হো হো,
বলো হো।
নামের জোরে সাধিব কাজ…
হাহাহা হাংবাহাহা।

সবাই মিলে টেচিয়ে গান ধরেছি আর সংক্ষ সংক্ষ ছ-তিনটে অর্গান প্রাণপণে টিপে বাজানো হচ্ছে, আর ওই উদাম নৃত্য — থোলা আদল তলামার স্বিয়ে। কারো যে নাক কেটে যায় নি কী ভাগ্যিদ। কী হাততালি পড়তে লাগল, এন্কোর এন্কোর চার দিক থেকে। কিন্তু ওই জিনিদ কি আর ছ-বার হয়।

হাতবাধা বালিকাকে আনা হল, অভি গান গাইলে,

হা, কী দশা হল আমার ! কোথা গো মা করণাময়ী, অরণ্যে প্রাণ যার গো। মুহুর্তের তরে মা গো, দেখা দাও আমারে— জনমের মতো বিদায়।

সাহেবরা এ-সব ভত বোঝে না, বাঙালি যার। ছিলেন কেঁদে ভাসিয়ে দিলেন।

বাল্মীকি স্টেছে চুকে শাঁথ ফুঁকে ভাকাতদের ভাকবেন। স্টেছে চুকে শাঁথ ফুঁকতে যাচ্ছেন, চোথে সোনার চশমা চকচক করছে। আমি বলি, ও রবিকাকা, চশমা, ভোমার চোথে চশমা রয়েছে যে। রবিকাকা তাড়াতাড়ি মুথ ফিরিয়ে চশমা খুলে নিলেন।

ক্রোঞ্মিথুন শিকার করব, এবারে আর তুলোর বক এনে বসানো হয় নি।
বৃদ্ধি ধুলেছে, ক্রোঞ্মিথুন দেখানোই হল না, অদৃত্যে রয়ে গেল। সঞ্চীদের
েতেকে ডেকে বলছি।

দেখ দেখ, ছুটো পাখি বসেছে গাছে। আয় দেখি চুপি চুপি আয় রে কাছে।

দে একেবারে আন্তে আন্তে পা টিপে টিপে এগচ্ছি, বোঝো তো স্টেজে ওইটুকু হাঁটতে ক-সেকেওেরই বা কথা কিন্তু মনে হত যেন সময় আর কাটে না। ধন্ধকে তীর লাগিয়ে টানাটানি করতে করতে থেই বলা

আরে, ঝট করে এইবারে ছেডে দে রে বাণ,

সঙ্গে সংস্থা স্থানির ভীর ছোঁড়া— অভিয়েক্সের মধ্যে কী খুশির ঢেউ। স্বাই উচ্ছ্সিত হয়ে উঠল। পাঁকাটির ভীর নানা দিকে ছড়িয়ে পড়ল, থালি ক্রোঞ্চিথ্নই বধ হল না। আর আমাদের দে কী গান,

> এই বেলা সবে মিলে চলো হো, চলো হো,… নাজা শিঙা খন ঘন, শব্দে কাঁপিৰে বন।

বন তো কাঁপত না, আমাদের গানের চীৎকারে পাড়াস্থদ্ধ লোক জ্মাট বাঁধত দরজার সামনে, ভাবত হল কী এদের।

আকাশ কেটে যাবে, চমকিবে পশুপাধি সবে,

কিন্তু পাথি তথন কোথায়, আমাদের গানের এক-এক হুংকারে সাহেবদের -টাক চমকে উঠত। আমরা 'হো হো হো হো' শব্দে মেতে উঠতুম।

অক্ষরবাবুর তো ওই ভূঁড়ি, তার উপর আরো গোটা ছই বালিশ পেটের উপর চাপিয়ে ফেটি জড়িয়ে ইয়া ভূঁড়ি বাগালেন। আমরা গান করতুম,

> বনবাদাড় সব খেঁটেঘুঁটে আমরা মরি থেটে খুটে, তুমি কেবল পুটেপুটে পেট পোরাবে ঠেসেঠুদে!

বলে খুব আচ্ছা করে সবাই মিলে চার দিক থেকে অক্ষয়বাবুর ভুঁড়িতে ঘূষি

মারতুম। অক্ষরবাবৃত্ত থেকে থেকে ভূঁড়িটা বাড়িয়ে দিতেন। সে বা ব্যাপার!

বাল্মীকি দল ছেড়ে চলে গেছে, ডাকাত-সর্দার অক্ষয়বার্ গান ধরলেন, রান্তা মহারাদ্যা কে জানে, অফিট রাজাধিরাত্ত।

আমার দিকে তাকিয়ে বললেন, 'তুমি উজির', আর-একজনের দিকে তাকিয়ে বললেন, 'কোতোমাল তুমি', আর অভিয়েশের সাহেবয়বোদের আঙুল দিয়ে দেখিয়ে বললেন, 'ওই টোড়াগুলো বর্কমান্ধ', বলে স্টেজে এক ঘূর্ণিপাক। আমি ভাবছি, করেন কী অক্ষয়বাব্। ভাগিয়ে সাহেবয়া বাংলা জানে না; তাই তারা অক্ষয়বাব্র গানের প্রতি লাইনে হাততালি দিয়ে হাছে।

দস্যু-দর্দার বদলেন রাজাধিরাজ হয়ে হাত-পা ছড়িয়ে, আমাদের দিকে হাত নেডে পা দেখিয়ে বললেন,

> পা ধোৰার জল নিয়ে আয় বট্, কর ভোরা সব যে যার কাজ।

বললেন স্র করে,

জানিস না কেটা আমি !

আমরা বললুম,

দের দের জানি— ঢের ঢের জানি—

ভারি ফুতি আমাদের, দস্থা-সর্দারকে মানছি নে, উলটে আরো বকছি,
ধুব তোমার লবাচওড়া কথা।
নিতান্ত দেখি তোমার কভাত ডেকেছে।

সে বা অভিনয়; অমন আর হয় নি, কথনো হবেও না। ভাকাতের দল সেবারে স্টেজ মাৎ করে দিয়েছিল, স্টেজে ডাকাত চুকলেই হল একরার, চাকি দিক থেকে অভিয়েন্স উৎসাহে হাতভালি দিয়ে, এন্কোর বলে, সে এক কাণ্ড।

অক্ষরবাব দেবার যা ভাকাত দেজেছিলেন, লাটদাহেবের মেম তাঁর খুক প্রশংলা করলেন। বললেন, এ-রক্ম আকেটার যদি আমাদের দেশে যার তকে খুব নাম করতে পারে। অক্ষরবাবুর কী দেমাক, একেবারে বুক দশ হাক্ত ফুলে উঠন। প্রায়ই আমাদের বলতেন, লেডি ল্যান্সডাউন আমার কথা। বলেছেন যে He is my man জানো তা, এ কি চালাকি নাকি।

তার উপর রবিকাকার গান, আর তাঁর তখনকার গলা, যথন গাইতেন,

এ কী এ, এ কী এ, স্থির চপলা। কিরণে কিরণে হল সব দিক উজলা।

সব লোক একেবারে স্তব্ধ হয়ে যেত।

লক্ষ্মী দেছে বিবি যথন লাল আলোতে গেঁজে চুকত, আহা দে যে কী স্থন্ধর দেখাত। সরস্থতীর বেলায় থাকত সব শাদা— শাদা শোলার পদ্মফুলের মধ্যে শুদ্র সাজে প্রতিভাদিদি যথন বীণা হাতে বদে থাকতেন প্রথমে
স্বাই ভেবেছিল মাটির প্রতিমা। সেও যে কী শোভা কী বলব তোমাকে।
ক্ষ্প্রীচের ভিমের থোলা দিয়ে শথ করে একটি ছোটো সেভার বানিয়েছিল্ম,
দেটা রুপোলি রাংতা দিয়ে মুড়ে বীণা হয়েছিল। আমার সে সেভারটি ওই
করে করেই গেল। তা সেই বীণাটি হাতে নিয়ে প্রতিভাদিদি বদে থাকতেন,
শেষ্টায় উঠের বিকাকার হাতে বীণা দিয়ে বলতেন.

এই নে আমার বীণা, দিন্দু তোরে উপহার— যে গান গাহিতে সাধ, ধ্বনিবে ইহার তার।

সে কথা সভিত্য সভিত্তই ফলল ওঁর জীবনে।

55

'ভগ্রহদয়' লেখা চুক্কিয়ে রবিকাকা সেই দবে বিলেত থেকে ফিরেছেন। স্যোতিকাকামশায় থাকেন তথন ফরাশডাঙার বাগানে। আমরা থাকি চাঁপদানির
বাগানে। এই হুই বাগান আমাদের ছুই পরিবারের। আমরা তথন ছোটো ছোটো ছেলে। এক-একদিন বেড়াতে বেতুম ফরাশডাঙার বাগানে থেমন ছেলেরা যায় ব্ডোদের সঙ্গে। সেই একদিনের কথা বলছি।

তথন মাসটা কী মনে পড়ছে না, খুব সন্তব বৈশাধ। আমের সময়।
বসে আছি বাগানে। খুব আম-টাম ধাওয়া হল। বীতিমত পেটের সেবা
করে তার পর গান। জ্যোতিকাকামশায় বললেন, 'ববি, গান গাও।' গানহলেই রবির গান হবে। আমি তথন সাত-আট বছরের ছেলে। রবিকাকারু
দশ বছরের ছোটো। ওঁর তথন সতেরো বছর। সেই গানটা হল—

ভরা বাদর মাহ ভাদর শৃক্ত মন্দির মোর।

গলার ধারে, জ্যোতিকাকামশায় হারমোনিয়াম বাজাচ্ছেন, প্রথম দেই গান ভ্রনল্ম, দে-হর এথনো কানে লেগে রয়েছে। কী চমৎকার লাগল। গান হতে হতে সদ্ধে হল, মেঘ উঠল। গলার উপর কোরগরী মেঘ। নতুনকাকীমা বললেন, 'মার না, এবারে ছেলেদের নিয়ে রগুনা দাও।'

ঘোড়ার গাড়িতে আদতে আদতে কী রাড়, কী রুট। 'চেরেট' গাড়ি, নতুন রকমের। আনরা কটি ছেলে, বাবামশায় আর বড়োগিসেমশায়। গাড়িটা ছিল কতকটা টঙ্গা গোছের। গ্রাপ্ত ট্রাস্ক রোডে মড়মড় করে একটা ডাল ভেঙে পড়ল গাড়ির সামনে। ওটা গাড়ির উপর পড়লে রবিকাকার গান-শোনা সেই প্রথম এবং শেষ হত আর আমারও গল্প বলা ওইথানেই থেমে খেত। বাল্যকালে ধথন স্বরবোধ হয় নি, তথন সেই গান শুনে ভালোলেগছিল। 'ভরা বাদর' গাইবার সঙ্গে সঙ্গেরের বর্হার সঙ্গে সভিকার বর্হা নামল।

দেদিন আর ফিরবে না। তার পর গানের পর গান শুনেছি, দেই প্রথম দিন থেকে আজ পর্যন্ত ওঁর কত গানই শুনেছি। যৌবনের পাথি চলে গেছে, আর-এক পাথি এনেছে। তিনি লিথেছেন— আমি চলে যাব, নতুন পাথি আদবে। কিন্তু নতুন পাথি আর আদবে না! একলা মাহ্যবের কঠে হাজার পাথির গান। আমার এখনো মনে হয় তাঁর দব রচনার মধ্যে— লেখাই বলো, ছবিই বলো— সব চেয়ে বড়ো হচ্ছে তাঁর গানের দান।

কথার দলে হার রবিকাকার মতো কেউ মেলাতে পারে নি। রহ্মদংগীতের : সবগুলো হার ওঁর নিজস্ব হার নয়। 'মায়ার খেলা'র মতো অপেরা আর হয় নি। আমি সেদিন রথীকে বলেছিলুম, 'মায়ার খেলা কর-না আর- একবার।' রথী বললে, 'লোকে বলে ওতে কেবলই 'লত'।' আমি বললুম, 'ও-রকম লোক তোমাদের দলে যদি কেউ থাকে তাকে বিদেয় করে দিয়ো।' 'মায়ার খেলা'য় তিনি প্রথম হারকে পেলেন, কথাকেও পেলেন। বোধ হয় 'দিবদমিতি'র সাহাখ্যার্থে ওটি রচিত হয়, ওতে তাঁর নিজের কথার দক্ষে হরের পরিণয় অভ্ত হম্পাই হয়ে উঠেছে। ওথানে একেবারে ওঁর নিজস্ব হার। ক্রেপেরা-জগতে ওটি একটি অম্বা জিনিম। কিছ হায়, যে ও-সব গান গাইবে

সে মরে গেছে। সেই পাথির মতো আমাদের ছোটো বোনটি চলে গেছে। এখনো 'মায়ার থেলা'র গান যদি কাউকে গাইতে শুনি, তার গলা ছাপিয়ে কতদূর থেকে আমাদের সেই বোনটির গান যেন শুনি।

সে-স্বরে যে পাথি গাইত দে পাথি মরে গেছে। কে গাইবে। অভির গলায় ওই স্বর যা বদেছিল! তার গলার timbre অভ্ত ছিল। প্রতিভা-দিদিও গেয়েছেন, কিন্তু ও-রকম নয়। গান ভানে তবে 'মায়ার থেলা' বুঝতে হয়।

ওঁর গান শুনলে এখনো আমার মনে খে কী ভাবের উদয় হয় তা ওঁরই । একটি গানের একটি ছত্ত্বে বলছি :

পূর্ণচালের মায়ার আজি ভাবনা আমার পথ ভোলে।

25

সেই খামখেয়ালীর যগে রবিকাকাকে দেখেছি, তাঁর তথন কবিতের ঐশ্বর্য ফটে বের হচ্ছে। চার দিকে নাম ছড়িয়ে পড়ছে। বাড়িতেও ছিলেন তিনি সবার আদরের। বাবামশায় যথন সভায় মজলিশে 'রবির একটা গান হোক' বলতেন দে যে কী স্নেহের হুর ঝরে পড়ত। তথন রবিকাকার গাইবার গলা কী ছিল. চার দিক গ্মগ্ম করত। বাড়িতে কিছু-একটা হলেই তথন 'রবির গান' নইলে চলত না। আমরা ছিলুম দব রবিকাকার আ্যাডমায়ারার। জ্যোৎসারাতে ছাদে বদে রবিকাকার গান হত। দে-দব দিন গেছে। কিন্ত ছবি চোথের উপর ভাগে, স্পষ্ট দেখতে পাই, এখনো সে-সব গানের স্থর কানে লেগে আছে খেন। আমাদের ছেলেবেলায় দেখেছি বাবামশায়ের আমলে বাডিতে তথন 'বিৰজ্জনসমাগম' বলে একটা সভা বসত। তাতে জ্ঞানীগুণীরা আদতেন, সভার নাম দেখেই বুঝতে পারছ। প্রতিভাদিদির ওস্তাদী গান হত। আমরা ফুল লতা দিয়ে দোতালার হল-ঘর সাজাতুম। সেইখানেই সভা হত। বাবামশায় তথন আমাদের উপর ওই-সব ছোটোখাটো কাজের ভার দিতেন। সভার নাম আমাদের মূথে ভালো করে আসত না, আমরা নাম দিয়েছিল্ম 'বিহ্যুতজন সমাগ্ম' সভা ির্যুনন্দন ঠাকুর একবার প্রতিভাদিদিকে তানপুরে বকশিশ দিয়েছিলেন

এখনো মনে আছে সভায় বাবা বলতেন, জ্যোতি, তুমি ভোমার হার'মোনিয়াম বাজাও, রবি, ভোমার সেই গানটা করো—'বলি ও আমার
'গোলাপবালা'। ওই গানটি তথন দবার থুব পছন্দ ছিল। থেকে থেকে ছকুম
'হত, 'গোলাপবালা'র গানটা হোক।

কিন্ত বক্তা ঈশ্বরবাব, তিনি একেবারে রবিকাকার উন্টো। তিনি বলতেন, কী কবিতা লেখে রবিবাব, চল, চল, বল, বল, ও কি কবিতা। আর একে কী গান বলে, 'বলি ও আমার পোলাপবালা'। হাঁা, গলা হচ্ছে দোমবাব্র বেমনি গলা তেমনি গান গায় বটে। রবিবাবু আবার কী গান গায়।

ঈধরবাব্কে আর আমরা বাগ মানাতে পারি নে। হুড়ো গোপাল মন্ত ওন্তাদ, তিনিও শেষটায় স্বীকার করেছিলেন রবিকাকার গানে কিছু আছে। কিন্তু ঈবরবাব্কে আর পেরে উঠছি না। তথন আমরা ছিল্ম রবিকাকার গানের কবিতার প্রম ভক্ত; কেউ কিছু সমালোচনা করলে কোমর বেঁধে লাগতুম, তাদের বুঝিয়ে ঘাড় কাত করিয়ে তবে ছাড়তুম।

তথন বন্ধবাদী দ্বাধনী কাগজ বের হত। ঈশ্বরবার্ বন্ধবাদী দেখতে পারতেন না; বলতেন, বন্ধবাদী আবার একটা কাগজ, ইংলিশম্যান পড়ো। ইংলিশম্যান কাগজ ধারকানাথের আমলের, আথের নাম ছিল হরকরা, তিনিই বের করে গেছেন।

তথন সেই বন্ধবাদীতে শশধর তর্কচ্ডামণি, কালীপ্রদন্ন কাব্যবিশারদ ও
চন্দ্রনাথ বস্থ এই তিনজন লোক রবিকাকার কবিতা গল্প নিয়ে খুব লেখালেথি
করতেন, তকাতি হিত। তথনকার কাগজগুলিই ছিল ওইরক্ম দব খোঁচাখুঁচিতে ভরা। রবিকাকা ওঁরা তথন একটা কাগজ বের করেন যাতে
কোনোরক্ম গালাগালি বাগড়াবাটি থাকৰে না। থাকবে ভাধুভালো কথা,
কাগজের নাম বড়োজ্যাঠামশায় দিলেন 'হিতবাদী'। সেই সময়েই 'সাধনা'য়
বের হল রবিকাকার 'হিং টিং ছট' নামে কবিতাটি।

আমরা ঈশরবাবৃকে গিয়ে বললুম, দেখো তো এই কবিতাটি কেমন হয়েছে, একবার পড়ে দেখো, একে কবিতা বলে কি না। এই বলে আমরাই তাঁকে কবিতাটি পড়ে শোনাই। সেই কবিতাটি অনে ঈশরবাবু ভারি খুশি; বললেন, এটা লিখেছে ভালো হে, এতদিনে হয়েছে ছোকরার, হ্যা একেই বলে লেখা।

এইবার ঈশ্বরবাবৃত পথে এলেন।

তা রবিকাকার লেথা দেশের লোক অনেকেই অনেককাল অবধি ব্যাত না, উন্টে গালাগালি-দিয়েছে। দেদিনও বখন আমি অস্থের পর স্তীমারে বেড়াই, তখন তো আমি বেশ বড়োই, এক ভজলোক বললেন, রবিবাবু যে কী লেখেন কিছু বোঝেন মশায় ? রবিকাকা বিলেত খেকে আসার পর দেখি তেমন আর কেউ উচ্চবাচ্য করে না। হয় কী, বড়ো একটা গাছের উপর হিংদে, দেটা হয়। বন্ধুভাগ্য ধেমন ওঁর বেশি, অবন্ধুও কম নয়।

ভা, দেই থামথেয়ালীর সময় দেখেছি, কী প্রোডাকশন ওঁর লেথার, আর কী প্রচণ্ড শক্তি। নদীর ষেমন নানা দিকে ধারা চলে যায়, তাঁর ছিল তেমনি। আমাদের মতো একটা জিনিস নিয়ে, ছবি হচ্ছে তো ছবি নিয়েই বলে থাকেন নি। একদক্ষে সব ধারা চলত। কংগ্রেস হচ্ছে, গানবাজনা চলেছে, নাচও দেখছেন, সামাক্ত আমোদ-আহলাদ-আনন্দও আছে, আটেরও চর্চা করতেন তথন। ওই সময়ে আমাকে মাইকেল এজেলার জীবনী ও রবিবর্মার কোটোগ্রাফের আলবাম দিয়েছিলেন।

খেয়াল গেল ছোটোদের ফুল করতে হবে। নীচের তলায় ক্লাস-ঘর সাজানো হল বেঞ্চি দিয়ে, ঝগড়ু চাকর ঝাড়পীছ করছে, ঘণ্টা জোগাড় হল, ক্লাস বসবে। কোখেকে মান্টার ধরে আানলেন। কোথায় কী পাওয়া যাবে, রবিকাকা জানতেনও সব। হাজাভাবে কিছু হবার জো নেই, যেটি ধরছেন নিযুঁতভাবে ফ্লাম্পাম করা চাই। ছেলেদের উপযোগী বই লিখলেন, আমাকে দিয়েও লেখালেন। ওই সময়েই 'ক্লীরের পুতুল' 'শক্তলা' ওই-সব বইগুলি লিখি। নানা জায়গা থেকে বাল্যগ্রন্থ আানালেন।

প্রকাণ্ড ইন্টেলেক্ট, অমন আমি দেখি নি আর। বটগাছ বেমন নানা ডালপালা ফুলফল নিয়ে আপনাকে প্রকাশ করে রবিকাকাও তেমনি বিচিত্র দিকে ফুটে উঠলেন। বেটা ধরছেন এমন-কি ছোটোখাটো গল্প, তাতেও কথা কইবার জো নেই, সব-কিছু এক-একটি সম্পদ। লোকে বলে একাপিরিয়েল নেই, কল্পনা থেকে লিখে গেছেন, তা একেবারেই নয়। লোকে ধামধেয়ালীর মুগে থাকলে বুবতে পারত।

মাথায় এল ত্থাশনাল কলেজ কী করে করা যাবে। তারক পালিত দিলেন লক্ষ টাকা, খদেনী যুগের টাকাও ছিল কিছু, তাই দিয়ে বেঙ্গল টেকনিক্যাল ইন্টিটিউট নামে কলেজ খোলা হল। তাতে তাঁত চলবে, দেশলাইয়ের কারথানা আরো দব-কিছু থাকবে।

কলেজ চলছে, মাঝে মাঝে কমিটির মিটিং বসে।

এখন, এক কমিটি বদল বউবাজারের গুখানে একটি বাড়িতে। রবিকাকা গৈছেন, জ্বামরাও গেছি, ভোট দিতে হবে তো মিটিঙে। দার্ গুরুদাদ বাড়ুজ্জে সভার প্রেসিডেন্ট, ইচ্ছে করেই ওঁকে করা হয়েছে, তা হলে অগড়াঝাটি হবে না নিজেদের মধ্যে। কোনো প্রস্তাব হলে উনি ছ্-পক্ষকেই ঠাণ্ডা রাথছেন। রবিকাকা সেই মিটিঙে প্রস্তাব করলেন এমন করে কলেজের কাজ চলবে না। প্র্যাক্টিক্যাল ট্রেনিঙের দ্বকার। ছ-সাডটি ছেলেকে খরচ দিয়ে বিদেশে ভাষণায় ভাষণায় পার্টিয়ে সব শিথিয়ে তৈরি করে আনা হোক।

খুবই ভালো প্রভাব। প্রাাকটিকাাল ট্রেনিঙের খুবই প্রয়োজন, নয় তো চলছে না। সে মিটিঙে আর-এক জন পান্টা প্রভাব করলেন, তিনি এখন নামজালা প্রফেনার, 'তার দরকার কী মশায়। বই আনান, বই পড়ে ঠিক করে নেব।'

শেষে সেই প্রতাবই রইল। আমরা সব অবাক। রবিকাকা চুপ। এই রকম সব ব্যাপার ছিল তথন। রবিকাকার স্থীমের ওই দশা হত। বাধা-পেয়েছেন অনেক, অন্তার ভাবে। সেই সময় থেকেই বোধ হয় ওঁর মনে মনে ছিল যে নিজেদের একটা-কিছু না করলে হবে না। শান্তিনিকেজনে ব্রহ্ম হর্ম আশ্রমে রবিকাকা নিজের মনের মতো ফ্রি স্কোপ পেলেন। জমিজমা পুরীর বাড়ি এমন-কি কাকীমার গায়ের গয়না বিক্রিকরে শান্তিনিকেজনে সব ঢেলে দিয়ে কাজ ভক্ত করনেন।

30

বিরজিতলায় মেজোজাঠামশান্ত্রের বাড়িতে 'মায়ার থেলা' অভিনয় হয় দ 'বাল্মীকিপ্রতিভা'র পরে এই 'মায়ার থেলা', যা দেখে মন নাড়া দিয়েছিল।

'রাজা' অভিনয় প্রথম বোধহয় এই বাড়ির উঠোনেই হয়। আমরা তাতে কী সেজেছিলুম মনে পড়ছে না। টেজ ডেকোরেশন আমরাই: করেছি।

একবার 'শারদোৎসবে' প্রস্পা্টারকে ফেজে নামিয়েছিলুম, তা জানো নাঃ

ব্ঝি । এক অভূত ব্যাপার হয়েছিল। রবিকাকা আমরা স্বাই আছি। দেখি থেকে থেকে আমরা পার্ট ভূলে যাচ্ছি। ভয় হয় রবিকাকা কথন ধ্বনকে টমকে বসবেন। রবিকাকাও দেখি মাঝে মাঝে আটকে যান। পার্ট আর মুখস্থ হয় না।

রবিকাকাকে বললুম, বয়স হয়ে গেছে পার্ট্ মনে রাখতে পারি নে, প্রম্প টার পাশ থেকে কী বলে শুনতেও পাই নে সব সময়। শেষে স্টেল্ডে নেমে বিপদে পড়ব, প্রম্প টারকে স্টেল্ডে নামানো যাম না ?

রবিকাকা বললেন, দে কী কথা! আমি বললুম, দেখোই-না, বেশ মজাই হবে।

প্রম্প টারদের বলন্ম, মশায়, স্টেজে আমাদের সঙ্গে সঙ্গে পুরতে হবে।
তারাও বললে, দে কী মশায়! আমি বলন্ম, আমি সব ঠিক করে সাজিয়ে
গুজিয়ে দেব, ঠিক মানিয়ে যাবে। ভয় নেই কিছু। নয়তো শেষে পাট্
ভূলে রবিকাকার তাড়া থেয়ে এই বয়দে একটা সিন করি আর কী। তা
হবে না, তোমাদেরও নামতে হবে।

হুইজন প্রম্পাটার নামবে। তাদের করল্ম কী, বেশ নীলচিটে কালচিটে পাতলা কাপড়ের বোরখার মভো গেলাপ পরিয়ে মাথা থেকে পা পর্যস্ত দিলুম ঢেকে। চোথের আর মুখের জায়গাটা একটু ফাঁক রাখল্ম অবিছি। হাতে দিলুম বড়ো একটা বাঁলের ডাগু। সোনালি ফপোলি কাগজ দিয়ে চজাের মতাে লাগিয়ে দিলুম সেই ডাগুাতে। যেমন মিউজিক স্ট্যাপ্ত হয় সেই রকম—যেন জীবস্ত মিউজিক স্ট্যাপ্ত বাইরে থেকে দেখতে হল। ভিতর দিকে রইল বইয়ের পাতা হতাে দিয়ে আটকাানা।

এখন, এই ভাণা হাতে নিয়ে ছইজন প্রস্প্টার ত্-পাশ থেকে ক্টেজের স্থাাক্টারদের পিছনে ঘূরে ঘূরে প্রস্প্ট করে দিতে লাগল। আমাদের বড়ো স্থবিধা হয়ে গেল, আর ভূল নেই, অভিনয় চলল।

বেশ হয়েছিল তাদের দেখতে, অনেকটা ব্যাকগ্রাউণ্ডের সঙ্গে মিশে গিয়েছিল, অল্ল অল্ল দেখাও বাচ্ছে পাতলা কাপড়ের ভিতর দিয়ে কালো দৈত্য-দানবের মতো পিছনে ঘোরাঘুরি করছে আর ক্টেজ্রও বেশ মানিয়ে গিয়েছিল। কী একটা অভিনয় ছিল ঠিক মনে পড়ছে না। ব্রথী বা নন্দলালকে জিজ্ঞেদ কোরো, বলে দিতে পারবে।

এখন, অভিনয় তো হল, আমাদের আর কোনো অস্থিধ। নেই, থেকে থেকে কথনো আমরা প্রশ্প টারের কাছে যাছি, তারাও থেকে থেকে আমাদের পিছনে এনে পার্ট বলে দিয়ে যাছে। রবিকাকাও দেখছি মাঝে মাঝে যাড় কাত করে মাথা হেলিয়ে ভনে নিচ্ছেন আর অভিনয় করছেন। অভিনয়ের পরে জানাশোনার মধ্যে যারা অভিনয় দেখেছিলেন তাঁদের জিজ্ঞেদ করল্ম, কেমন লাগল।

ভারা বললে, অতি চমৎকার, আর ও-হটো কালো কালো দৈত্যদানবের মতো পিছনে পিছনৈ ঘুরছিল, ও কী মশায়।

আমি বললুম, প্রস্প্টার! কিছু ভনতে পেয়েছিলেন কি।

তাঁরা বললেন, কিছু না কিছু না, অতি রহস্তজনক ব্যাপার হুটো মৃতি, আমরা আরো ভাবছিলাম পিছনে দৈত্যদানব আর সামনে আপনারা ইত্যাদি ইত্যাদি।

তাঁরা অনেকে অনেক কিছু ভেবে নিয়েছিলেন। বেড়ে হয়েছিল সেবারে ৪ই প্রম্প্ টারদের ব্যাপার। প্রম্প্ টাররা বললে, বেড়ে তো হল আপনাদের, আর আমরা থলের ভিতর ঘেমে ঘেমে সারা।

'কান্তনী' জোড়াদাঁকোর বাড়িতেই হয়, তাতে আমি, দাদারা দবাই পার্ট্
নিয়েছিলুম। শান্তিনিকেতনের ছোটো ছোটো ছেলেরাও ছিল। দেউল
সাজিয়েছিলুম দোলাটোলা বেঁধে। বাঁকুড়া ছাঁডিকের জন্ম টাকা তুলতে হবে,
যত কম থরচ হয় তারই চেইা। ব্যাকগ্রাউওে দেওয়া হল দেই বাল্মীকিপ্রতিভার নীল রঙের মথমলের বনাত, দেখতে হল যেন গাঢ় নীল রঙের রাতের
আকাশ পিছনে দেখা থাচ্ছে। বটগাছ তো আগেই দাবাড় হয়ে গিয়েছিল,
বাদামগাছের ভালপালা এনে কিছু-কিছু এখানে-ওখানে দিয়ে দেউর সাজানো
হল। সেই বাদামগাছও এই এবারে কাটা পড়ল। বাঁশের গায়ে দড়ি ঝুলিয়ে
দোলা টানিয়ে দিলুম। উপরে একটু ডালপাতা দেখা যাচ্ছে, মনে হতে লাগল
যেন উচু গাছের ভালের সঙ্গে দোলা টানানো হয়েছে। তখন নন্দলালদের
হাতেও একটু একটু স্টেজ সাজাবার ভার ছেড়ে দিই, জায়গায় জায়গায়
বাৎলে দিই কোথায় কী দিতে হবে আর শেষ টাচটা দিই আমি নিজের
হাতে। তই শেষ টাচ ঝেড়ে দিতেই আর-এক রপ খুলে যেত। সেই
গল্পই একটা বলি শোনো। এই ফেঁজ সাজানো এ কি আর ছ-দিনের

কথা। কবে থেকে কত এক্স্পেরিমেণ্ট করে তবে আঙ্গকের এই গাডিয়েছে।

একবার 'শারদোংশবে' তো ওই রকম করে সেউল সাজানো হল, পিছনে দেওয়া হল নীল বনাভটি, তথন থেকে ওই নীল বনাভই টানিয়ে দেওয়া হত সেউলের ব্যাকগ্রাউণ্ডে। প্রকাণ্ড একটা শোলার ছত্র ছিল বেশ ঝিক্ঝিকে আসামের অত্র দেওয়া। সেইটিই এক পাশে টানিয়ে দেওয়ালুম। বেশ নীল রঙের আকাশের গায়ে ছত্রের রঙটি চমৎকার দেখাতে লাগল। রবিকাকার তেমন পছন্দ হল না; বললেন, রাজছ্ত্র কেন আবার। বেশ পরিকার ঝরঝরে স্টেজ্ থাকবে। বলে সেটিকে খুলে দিলেন।

মনটা থারাপ হয়ে গেল। একদিন ভ্রেস রিহার্সেল হবে, কোন্ সিনে কোন্
লাইট আন্তে আন্তে মিলিয়ে যাবে, কোন্ লাইট আবার ধীরে ধীরে ফুটে উঠবে
রথী আর কনক সব লিখে নিলে। সেবারে অভিনয়ে লাইটের উপর বিশেষভাবে নজর দেওয়া হয়েছিল। এখন, সেই ভ্রেস রিহার্সেল হবে, মনটা তো
আমার থারাপ হয়ে আছে, শথ করে রাজছত্র টানালুম সেটা পছন্দ হল না
কারো। বসে বসে ভাবতি।

নন্দলালকে বললুম, নন্দলাল, নীল রঙের বনাতের উপরে চাঁদ দিতে ছবে। নন্দলাল বললে, তা হলে চাঁদ এঁকে দেব কাপড়ের উপরে ?

আমি বলন্ম, না, চাঁদ আঁকবে কী। স্তিয়কার চাঁদ চাই। শরৎকালের আকাশ ভাতে প্রতিপদের চাঁদ চাই আমার।

নন্দলাল আর ভেবে পায় না।

আমি বলনুম, যাও মালীর দোকান থেকে ক্লোলি কাগজ নিয়ে এলো। নন্দলাল তথুনি তু-সিট ক্লোলি কাগজ নিয়ে এল।

বললুম, কাটো, বেশ বড়ো করে একটি প্রতিপদের চাঁদ কাঁচি দিয়ে কাটো, আর গুটি তুই-তিন তারা।

নন্দলাল বেশ বড়ো করে চাঁদ ও গুটি ছুই-ভিন তারা ক্রপোলি কাগজের সিট থেকে কেটে নিয়ে এল।

আমি বললুম, যাও বেশ ভালো করে আঠা লাগিয়ে আকাশের গায়ে সেঁটে দাও। ভালো করে দিয়ো, শেষে যে আধথানা টাদ ঝুলে পড়বে আকাশের গা থেকে তা যেন না হয়।

নন্দলালকে পাঠিয়ে মন হৃষ্থির হল না। নিজেই গেলুম দেখতে ঠিকমক লাগানো হয় কি না।

নন্দলালকে বললুম, এখন কাউকে কিছু বোলো না। আজ রান্তিরে ধখন ডেস রিহার্সেল হবে তখন সবাই দেখবে।

ভার পর ভেঁজেতে নীল পর্দার উপরে যথন লাইট পড়ল, যেন সভ্যিকার: আকাশট। স্বাই একেবারে মুগ্ধ।

নন্দলালকে বলন্ম, নন্দলাল, দেখে নাও।

কী চমৎকার দেখাচ্ছিল। শেষ টাচ, এক চাঁদ আর গুটি ছুই ঝক্ঝকা। সেই চাঁদ ডাকঘরেও আছে, ফোটোতে দেখতে পাবে।

সেইবার ফান্তনীতে আমি সেজেছিল্ম শ্রুতিভূষণ। শান্তিনিকেতন থেকে ছোটো ছোটো ছেলেরাও এসেছিল বলেছি। ওখান থেকে গানটান কোনোরকম তৈরি করে আনা হত, আসল রিহার্দেল এথানেই হত আমাদের নিয়ে। থ্ক জমে উঠেছে রিহার্দেল। মণি গুপ্তও ছিল এথানে দলের মধ্যে। দেখি ওর কোনো পার্ট্ নেই।

বলল্ম, তুই ও নেমে পড় অভিনয়ে—

की भार्षे (ए छत्र। यात्र।

বললুম, আমার চেলা দেজে চুকে পড়। বলে তাকেও নামিয়ে দিলুম।
সে আমার পুথিটুথি নজির ভিবে আসন এই-সব নিয়ে চুকে পড়ল। ছোট ছেলেট, গোলগাল মুখখানা, লাল চেলি পরিয়ে গলায় পৈতে ঝুলিয়ে নন্দলাল সাজিয়ে দিয়েছিল। বেশ দেখাছিল।

আমি পরেছিল্ম ভঁড়ভোলা চটি, গায়ে নামাবলী, যেমন পণ্ডিভদের সাজ, গরদের ধৃতি, তা আবার কোমর থেকে ফস্ফস্ করে থ্লে যায়। নন্দলালকে বলন্ম লম্বা একটা দড়ি দিয়ে কোমরে ধৃতিটা ভালো করে বেঁধে দাও, দেথে। যেন খুলে না যায় আবার স্টেজের মাঝথানে। কাপড়ের ভাবনাই ভাবব, না অভিনয়ের কথা ভাবব। আচ্ছা করে কোমরে লখা দড়ি তো জড়িয়ে নিয়ে তৈরি হয়ে নিলুম। মণীক্রভ্যণ থেকে থেকে নভির ডিবেটা এগিয়ে দিত—আচ্ছা করে মন্থি নাকে দিয়ে দে যা অভিনয় করেছিল্ম।

রবিকাকা সেজেছিলেন অন্ধ বাউল। পিয়ার্সনকেও দেবার সেনাপতি সাজিয়ে নামানো হয়েছিল। তখন এক মেমনাহেব শান্তিনিকেতনে কিছু কাল



'काधनी' जिल्लाम जवनीसनाथ

ছোটোদের পড়াতেন, প্যালেন্টাইন না কোথা থেকে এদেছিলেন। রবিকাকাকে বলনুম, তাঁকেও নামিয়ে দাও। অভিনয়ে সাহেব আছে তার একটা মেম-সাহেবও থাকবে, বেশ হবে।

রবিকাকা বললেন, ও কী করবে।

আমি বললুম, কিছু করবার দরকার কী, মারে মাঝে স্টেজে এদে অত অনেকের মতো ঘোরাফেরা করে থাবে। রবিকাকাকে বলে তাকেও নামিয়ে নিলুম। প্রতিমারা মেমসাহেবকে সাজিয়ে দিলে। আমি বললুম, বেশি কিছু বদলাতে হবে না, ওদের দেশে যেমন মাথায় ক্রমাল বাঁধে সেই রকমই বেঁধে একট্-আধট্ট সাজ বদলে দিলেই হবে।

অভিনর থুব জমে উঠেছে। আমি শ্রুভিভ্রণ সেজে বাঁকা সাপের মতো লাঠি হাতে, তোমার দাদা মুকুলেরই দেওয়া দেটি, লাঠির মুখটা কেটে আবার সাপের মতে। করে নিয়েছিলুম, সেই লাঠি হাতে ছেলেছোকরাদের ধমকাছিছ।

'গুলো দথিন হাওয়া' গানের দলে ছেলেরা খুব দোলনায় ছুলছে। কেউ
আবার উঠতে পারে না দোলনাতে, নেহাত ছোট, তাকে ধরে দোলনাতে
বসিয়ে দিই। থুব নাচ গান দোল এই-সব চলছে।

শেষ গান হল 'দবার রঙে রঙ মিশাতে হবে।' সেই গানে নানা রঙের আলোতে সকলের একদদে হলোড় নাচ। আমি ছোটো ছোটো ছোলেগুলোকে কোলে নিয়ে পুঁথিপত্র নভির ভিবে হাতে, নামাবলী যুরিয়ে নাচতে লাগলুম। মেমদাহেবও নাচছে। রবিকাকার ভয়ে দে বেচারী দেখি স্টেজের দামনে আদছে না, সবার পিছনে পিছনে থাকছে। আমি তার কাছে গিয়ে এক হাতে কোমর জড়িয়ে ধয়ে স্টেজের দামনে এনে তিন পাক ঘুরিয়ে দিলুম ছেড়ে, মেমদাহেবের কোমর ধয়ে বল্ নাচ নেচে। অভিয়েলের হো হোলদের মধ্যে ডুপদিন পড়ল।

'ডাকঘর' অভিনয় হবে, স্টেজে দরমার বেড়ার উপর নন্দলাল খুব করে আলপনা আঁকলে। একথানা খড়ের চালাঘর বানানো হল। তক্তায় লাল রঙ, ঘরে কুলুন্দি, চৌকাঠের মাথায় লতাপাতা, ঠিক বেখানে বেয়নটি দরকার থেন একটি পাড়াগেঁয়ে ঘর। সব তো হল। আমি দেখছি, নন্দলালই সব করলে। সেই নীল পর্দার চাঁদ ডাক্ঘরেও এল। মাঝে মাঝে আমাকে জিজ্জেদ করে, আমি বলি বেশ হয়েছে। নন্দলালের সাধ্যমত তো স্টেজকে পাড়াগেঁয়ে ঘর বানালে। তার পর হল আমার ফিনিশিং টাচ।

আমি একটা পিতলের পাথির দাঁড়ও এক পাশে ঝুলিয়ে দেওয়াল্ম।
নদলাল বললে, পাথি ?

আমি বললুম, না, পাঝি উড়ে গেছে শুরু দাঁড়টি থাক্।

দেখি দাঁড়টি গল্পের আইভিয়ার সঙ্গে মিলে গেল। স্বংশবে বলল্ম, এবাঞে এক কাজ করো তো নন্দলাল। মাও, দোকান থেকে একটি খুব রঙচঙে পট নিয়ে এগে। তো দেখি। নন্দলাল পট নিয়ে এল। বলল্ম, এটি উইঙের গায়ে আঠা দিয়ে পট মেরে দাও।

বেমন ওটা দেওয়া, একেবারে ঘরের রূপ খুলে গেল। সত্যিকার পাড়া-বেগয়ে ঘর হল। এতক্ষণ মনে হচ্ছিল যেন সাজানো-গোছানো। এ-সক কিনিশিং টাচ আমার প্রজিতে থাকত। এই রকম করে আমি নন্দলালদের শিথিয়েছি।

ভাকদরে আমি হয়েছিলুম মোড়ল। ও-রকম মোড়ল আর কেউ সাজতে পারে নি। তথন মোড়ল সেজেছিলুম, সেই মোড়লি করেই চলেছি এখনো।

এই ক্টেজ সাজানো দেখো কতভাবে হত, এই তো কয়েক রকম গেল।

তার-একবার শারদোংসবে বক উড়িয়ে দিলুম ব্যাক-প্রাউত্তে। নদলালদের
বললুম, একটা কাপড়ে খড়িমাটি প্রলেপ দিয়ে নিয়ে এসো।

ওরা কাপড়ে খড়িমাটির প্রলেপ দিয়ে টান করে ধরল। আমি এক দার বক এঁকে দিলুম ছেড়ে। তারা ডাকতে ডাকতে স্টেজের উপর দিয়ে খেতে লাগল।

দালানের সামনে দেবার 'শারদোৎসব' হয়।

ভথন অভিনয়ে এক-একজনের সাজসজ্জাও এমন একটু অণল-বদল করে দিতুম যে, সে অন্ত মানুষ হয়ে যেত। রবিকাকার দাড়ি নিম্নে কম মৃশকিলে পডেচি ? শোনো সে গল।

এখন, রবিকাকার যত দাড়ি পাকছে সেই পাকা দাড়িকে কালো করতে আমাদের প্রাণ বেরিয়ে যাছে। কোনো রক্তম করে তো দাড়িতে কালো রঞ সাগিয়ে অভিনয়ে কাজ মারা হত কিন্তু অভিনয়ের পরে রাভিরে সেই কালো রঙ ওঠানো সে এক ব্যাপার। তেদলিন তেল মেথে সাবান দিয়ে ঘনে ঘনে তার রঙ ওঠাতে হয়। আমার চুলে বে শালা রঙ একটু-আথটু লাগিয়ে কাঁচা-পাকা চুল করা হত তাই ধুয়ে পরিন্ধার করাই আমার পক্ষে অসম্ভব হত। আমি তো কালিঝুলি মাথা অবস্থায়ই এসে ঘুমিয়ে থাকতুম। কে আবার রান্তির বেলা ওই ঝঞাট করে। কিন্তু রবিকাকার তো তা হবার জো নেই।

দেবার 'তপতী' অভিনয় হবে— রবিকাকা দেজেছেন রাজা। সাজগোজ রবিকাকা বরাবর যতথানি পারেন নিজেই করতেন। পরে আমরা তাতে হাত লাগাতুম।

তপতীর ডেুদ রিহার্দেল হবে। স্থরেন, রথী ওরা বাক্সভাতি রঙ কালি এনেছে। রবিকাকা তা থেকে কয়েকটা কালো রঙ তুলে নিয়ে চুকলেন ডেুদিং ক্ষমে। নিজেই ধাজি কালো করবেন।

খানিক বাদে বেরিয়ে এলেন মূখে গালে দাড়িতে কালিঝুলি মেথে।
ছোটো ছেলে লিখতে গেলে ষেমন হয়। আমি বলল্ম, রবিকাকা, এ
করেছ কী।

রবিকাকা বললেন, কেন, দাড়ি বেশ কালো হয়েছে তো।

আমি বললুম, দাড়ি কালে। হবে বলে কি তোমার মুখও কালে। হয়ে যাবে নাকি।

এখন, রবিকাক। করেছেন কী, আচ্ছা করে গালের উপর কালো রঙ ঘবেছেন— তাতে দাড়ি কালো হয়েছে বটে, নঙ্গে দঙ্গে গালের চামড়া ও মথের চার দিক কালো হয়ে অতি বিচ্ছিরি একটা ব্যাপার হল দেখতে।

আমি বলন্ম, এ চলবে না— না-হন্ন শাদা দাড়ি থাকবে তাও ভালো, অল্প বন্ধসে কি লোকদের চুল পাকে না ? এ রাজারও অল্প বন্ধসেই চুল পেকেছে— ভাতে হন্নেছে কী। তাবলে ভোমার মৃথ কালো হন্নে যাবে— ও হবে না। প্রতিমাও বললে, রোজ এই রাভিরে জল বাঁটাবাঁটি করে শেষে বাবামশানের একটা অস্থ্য-বিস্থা করবে।

ডেল রিহার্দেল তো হল। রাভিরে শুরে শুরে ভারছি কী করা যায়।
স্কালে উঠে প্রতিমাকে বলনুম, তোরা মেয়েরা যে অনেক সময়ে মাথার
কালো রভের গভের কাপড় দিস— তাই গভংগনেক আনা দেখি। ওই-যে
মেমসাহেবরা চূল আটিকাবার জন্তে পরে। পাতলা, অনেকটা চূলেরই মতো

দেখতে লাগে দ্ব থেকে। সেই কাপড় তো এল— আমি অভিনয়ের আগে রিকাকাকে বললুম, ভূমি আজ আর রঙ মেখো না দাড়িতে। আমি তোমার দাড়ি কালো করে দেব। বলে, সেই কাপড় বেশ করে কেটে দাড়িতে গেলাপের মতো লাগিয়ে কানের ত্-পাশে বেঁধে দিলুম। গোঁকেও ওই রকম করে থানিকটা কাপড় লাগিয়ে মুখের কাছটা কেটে দিলুম। স্বাই বললে, কেমন হবে দেখতে। আমি বললুম, ভেবো না— স্টেজে আলো পড়লে এ সিক্ট দেখাবে।

সত্যি, হলও তাই, স্টেজ থেকে যা দেখাল, সবাই অবাক। বললে এ চমৎকার কালো দাড়ি হয়েছে। রবিকাকারও আর কোনো ঝঞ্চাট রইল না— অভিনয়ের পরে কাপড়ের গেলাপটি খুলে ফেললেই হল।

বহুকাল অবধি স্টেজ সাজাবার ও অভিনয় বারা করবে তাদের সাজিয়ে দেবার কাজ আমাদের হাতেই ছিল— এখন না-হয় তোমরা নিয়েছ সে-সব কাজ। আর-একবার কী একটা অভিনয়ে— এই তোমাদের কালেরই ব্যাপার, যাতে বাল্লদেব তাওব নেচেছিল— সেই স্টেজেরই ঘটনা বলি শোনো। বাল্লদেবক দেশ থেকে আনানো হয়েছিল তাওব নাচের জন্ম। তার পর কী কারণে যেন তাকে নাকচ করে দেওয়া হয়।

এখানে তো দলবল এসেছে অভিনয় হবে, স্কেল তৈরি হল— মহাধ্মধানে। ক্টেজে রাজবাড়ির ফ্রন্ট হবে— থিলেন-টিলেন দেওয়া, স্টেজ আকিটেক্ট ফ্রেন শান্তিনিকেতন থেকেই কাঠের ফ্রেম তৈরি করে আনিয়ে ফিট-আপ করেছে। এখন তাতে কাপড় লাগিয়ে রঙ দেবে। নেপালের রাজা বোধ হয় সেবার অভিনয় দেখতে এসেছিলেন।

আমি বলনুম, করেছ কী। কাপড় লাগিয়েছ, ভিতর থেকে আলো দেখা যাবে যে!

কী করা যায় !

বললুম, দরমা নিয়ে এদো।

বেখান থেকে আলো দেখা যায় সেখানে দ্বমা লাগিয়ে দেওয়ালুম। এখন কাপড়ে রঙ করবে কী করে। একদিনে কাপড়ে মাটি লাগিয়ে রঙ দিলে শুকোবে কেন। তখন আবার বর্ধাকাল— দিনরাত বৃষ্টি হচ্ছে। খানিক শুকোবে থানিক শুকোবে না— দে এক বিভিগিচ্ছি ব্যাপার হবে দেখতে। তাই তো, এখন উপায়। বললুম, স্টেজের মাপ নিয়ে যাও— বড়ো বড়ো পিদ্বোর্ড কিনে এনে কাঠের ফ্রেমের উপর লাগিয়ে দাও। অভিনয় হবে সন্ধেতে— দকালে এই-দব কাও হচ্ছে। প্রোদিনিয়াম (Proscenium) ঠিক না হলে তো হবে না। নন্দলালকে বললুম, আজ আর এবেলা বাড়ি যাব না— এথানেই আমাকে একটু তামাক-টামাকের বন্দোবস্ত করে দাও।

দোকান থেকে পিস্বোর্ড এল, কাঠের ফেমে লাগানো হল। বলল্ম, বেশ করে গোলাপি রঙ থানিকটা গুলে দাও।

বড়ো বড়ো তুলি দিয়ে দেই রঙ পিস্বোর্ডের উপর লাগিয়ে দিয়ে স্থরেনকে বলল্ম, এবারে এদিক-ওদিকে কিছু লাইন কাটো। চমৎকার গোলাপি পাথরের প্রোদিনিয়াম তৈরি হয়ে গেল। আমি বলল্ম, বাং, দেখো তো এবার। কাদা দিলে তার উপরও জাকা চলত বটে কিন্তু সাত দিনেও

বাড়ি ফিরে এলুম— ওদিকে তো ওই-সব হচ্ছে— বাস্থদেব দেখি ম্থ ভিকিন্নে ঘোরাঘূরি করছে। আমি রবিকাকাকে গিয়ে বললুম, আছা বাস্থদেব তো ভালোই নাচে, তবে ওকে ভোমরা এবারে নাচতে দিছু না কেন।

রবিকাকা বললেন, না, ও যেন কীরকম নাচে, এদের দঙ্গে মেলে না—
তথার ও যা কালো, স্টেজে মানাবে না।

আমি বললুম, আচ্ছা আমার হাতে ছেড়ে দাও এক রাত্তিরের জন্ত। আশা
-করে এদেছে, আমি সাজিয়ে দিই— যদি ভালো না লাগে পরে নাকচ করে
-দিয়ো।

রবিকাকার তো মত নিয়ে এলুম। আমাদের ছেলেবেলায় সেই 'বাল্মীকি-প্রতিভা' দেখবার দরবার মনে পড়ল। বাহ্মদেবকে বললুম, দরবার মঞ্জ হয়ে পেছে, ঠিক তিনটের সময় আমাকে খবর দিয়ো— আমি ভোমাকে সাঞ্জিয়ে দেব। সে তো খুব খুশি।

ইতিমধ্যে আমি থাওয়াদাওয়া করে বিশ্রাম করে উঠতে তিনটার সময় বাহদেব এল। বাহদেবকে নিয়ে গেল্ম বেখানে নুনলাল স্বাইকে দাজাচ্ছে। স্বার সাজ তৈরি। নুনলাল আমাকে বললে, তা হলে বাহদেবকে একটু হলদে রউত্ত মাধিয়ে দিই। আমি বললুম, অমন কাজও কোরো না। ওকে শাদা রঙই দাও আর হলদে মাথাও, ভিতর থেকে নীল আভা বের হবেই। থানিক গেরিমাটি আনো। দব গায়ে মাথাবার দরকার নেই— জায়গায় জায়গায় বেথানে কথে কালো আছে দেখানে দেখানে লাগিয়ে দাও।

নন্দলাল বাস্থাদেবের হাঁটুতে কছইতে বাড়ে এথানে ওথানে বেশ করে গেরিমাটির গুঁড়ো ঘবে লাগিয়ে দিলে। কালো রঙের উপরে গেরি লাগাতে দিবিয় যেন একটা আভা দুটে উঠতে লাগল। এইটুকু করে দিয়ে আমিন্দলালকে বলল্ম, এবারে একটু চোথ ভুক টেনে ওকে ছেড়ে দাও। বেশ করে মালকোঁচা ধুতি পরিয়ে মাথায় একটা পটকা, গলায় একটু গয়না এই-সব একটু-আধটু দিয়ে মাজিয়ে দেওয়া গেল।

সেদিন অভিয়েন্দের খুব ভিড়, কোথায় বাস। স্কৃতির বাড়ির সামনেন নীচের তলায় একটু থিলেনমতো আছে। নন্দলাল আমার সঙ্গে। সেথানেই ছজনে কোনোমতে জায়গা করে চৌকির চেয়েও আরামে বদে রইলুম।

বাতি জনল, নিন উঠল। বাহুদেব যথন স্টেজে চুকল— কী বলব তোমাকে— মনে হল বেন ব্রোঞ্জের মৃতিটি। মনে ভয় ছিল বাহুদেব এবার কী করে. শেবে না রবিকাকার ভাড়া থেতে হয়।

অফ সব নাচ কানা সেদিন। বাস্থদেবের নাচে সবাই আশ্চর্য হয়ে রইল— বেন ব্রোঞ্জের নটরাজ জীবস্ত হয়ে ক্টেজে নেচে দিয়ে গেল। তথু রঙ-মাথালেই ক্টেজে থোলভাই হয় না। রঙ মাথানোর হিনেব আছে। তগবান-দন্ত চামড়াকে বাঁচিয়ে তবে রঙ মাথাতে হয়। এ কি সোনার উপর গিল্টি-ক্রা— থোদার উপর থোদকারি ? ঘার যা রঙ তা রেথে সাজাতে হয়।

অভিনয়ের পরে রবিকাকাকে বলনুম, এই বাহুদেবকে না নামালে তোমাদের প্লে জমতই না।

এখন দেখো সাজের এক টু অদলবদলে জিনিসটা কতথানি তফাত হয়।

'নটীর পূজা'তে আমরা ছিলুম না। তখন ওরা স্বাই পাকা হয়ে:
গেছে— আমরা দেখবার দলে। রবিকাকা তার কিছুকাল আগে বিলেভ
থেকে ফিরে এসেছেন। আমাকে দাদকে ফিরে এসে আরবী জোকা
দিলেন।

সেদিন অভিনয়ে অনেকেই আসবেন— লাটসাহেবের মেমও ব্ঝি:

আদবেন। রবিকাকা আমাদের বললেন, তোমরা ভালো করে সেজে এলো।

আমরা রবিকাকার দেওয়া দেই আরবী জোবনা পরে ঘারে নাঁড়িয়ে আছি অতিথি রিসিভ করতে।

'নটার পূজা' অভিনয় হল— নন্দলালের মেয়ে পৌরী নটা সেজেছে। ও যথন নটা হয়ে নাচল দে এক অভূত নাচ। অমন আর দেখি নি। ডুপ' পড়তেই ভিতরে গেলুম। গৌরীকে বলনুম, আল্ল যে নাচ তুই দেখালি; এই' নে বকশিশ। বলে রবিকাকার দেওয়া সেই জোকা গা থেকে খুলে দিয়ে দিলুম। ওকে আর কিছু বললুম না— নন্দলালকে বললুম, তোমার মেয়ে আল্ল আগুন স্পর্শ করেছে, ওকে সাবধানে রেখো।

তার পরে আর-একবার দেখেছিলুম যথন 'তপতী' হয়েছিল। অমিতা তপতী দেজে অগ্নিতে প্রবেশ করছে। মেও এক অভূত রূপ। প্রাণের ভিতরে গিয়ে নাড়া দেয়। আমি 'তপতী'র সমস্ত ছবি এঁকে রেথে-ছিলুম।

পরে যত অভিনয়ই হয়েছে আজকাল, অমন আর দেখলুম না— দে সতি।
কথাই বলব।

ভাই ভো একবার রবিকাকাকে বললুম, করলে কী রবিকাকা, ঘরের পিদিম নিভিয়ে ফেললে. এখন বাইরের পিদিম জালিয়ে কী করবে।

রবিকাকা বললেন, তা আর কীকরাধায়, চিরকালই কি আর ঘরের পিদিম জলে।

38

দেখো মনে সব থাকে। সেই ছেলেবেলা কবে কোন্কালে দেখেছি রাজেন মিলিকের বাড়িতে নীলে শাদায় নকশা কাটা প্রকাণ্ড মাটির জালা, গা-ময় ফুটো, উপরে টানিয়ে রাখত। ভিতরে চোঙের মতো একটা কী ছিল তাতে থাবার দেওয়া হত। পাথিরা সেই ফুটো দিয়ে আসত, খাবার থেয়ে আর-এক ফুটো দিয়ে বেরিয়ে বেরিয়ে বেত। অবাধ স্বাধীনতা, চুকছে আর বের হছে। মালুবের মনও তাই। স্বতির প্রকাণ্ড জালা, তাতে অনেক ফুটো। সেই ফুটো দিয়ে স্বতি চুকছে আর বের হছে। জালা খুলে বদে আছি, কতক বেরিয়ে গেছে

কতক চুকছে কতক রয়ে গেছে মনের ভিতর, ঠোকরাছে তো ঠোকরাছেই, এ না হলে হয় না আবার। আঠেরও তাই। এই ধরো-না বিশ্বভারতীর রেকর্জ, রবিকাকা কোথায় গেলেন, কী করলেন, সব লেখা আছে; কিন্তু তা আঠ নয়, ও হচ্ছে হিসেব। মাহ্ম হিসেব চায় না, চায় গল্প। হিসেবের দরকার আছে বৈকি, কিন্তু ওই একটু মিলিয়ে নেবার জন্ম, তার বেশি নয়। হিসেবের থাতায় গল্পের থাভায় এইখানেই তফাত। হিসেব থাকে না মনের ভিতরে, ফুটো দিয়ে বেরিয়ে যায়, থাকে গল্প। সেই ঘরোয়া গল্পই বলে বেলম তোমাকে।



VISVA-BHARATI

PRATISTHATA-ACHARYA RABINDRANATH TAGORE

ACHARYA ABANINDRANATH TAGORE



SANTINIKETAN: BENGAL, INDIA.

मुंदर, माट्टर, क्रिका: नं बाक्षा मा खिं कारी मा माट्टिक कारी मा निकास मान्त्र के माट्टिक कारी मान्यिक कारी मान्य कार्या स्था मान्य के कारी मान्य कार्या स्था मान्य कार्या मान्य कार्या मान्य कार्या मान्य कार्या मान्य कार्या मान्य कार्या मान्य मान्

المراد روي . في على دريو . وي معرود في المراد المر

The my my or

57.876 JJT-

জোড়াদাঁকোর ধারে

Polity

তোমাদের এথানে আজ বর্ষামদল হবে ? আমাদেরও ছেলেবেলা বর্ষামদল হত। আমরা কী করত্ম জানো ? আমরা বর্ষাকালে রথের সময়ে তালপাতার তেঁপু কিনে বাজাতুম; আর টিনের রথে মাটির জগদাথ চাপিয়ে টানতুম, রথের চাকা শব্দ দিত ঝন্ ঝন্, যেন সেতার নৃপ্র সব একসদে বাজছে। আকাশ ভেঙে বৃষ্টি পড়ত দেখতে পেতুম, থেকে থেকে মেঘলা আলোকে রোদ পরাতে। টোপাই শাড়ি— কী বাহার খুলত ! তবে শোনো বলি একটা বাদলার কথা।

সন্ধে হতে ঝড়জল আরম্ভ হল, সে কী জল, কী ঝড়! হাওয়ার ঠেলায় জোড়াদাঁকোর তেতালা বাড়ি যেন কাঁপছে, পাকা ছাত ফুটো হয়ে জল পড়ছে । সব শোবার ঘরে। পিদিম জালায় দানীয়া, নিবে নিবে মায় বাতাসের জোরে। বিছানাপত্তর গুটিয়ে নিয়ে দানীয়া আমাদের কোলে করে দোডলায় নাচঘরে এনে শোয়ালে। বাবা মা, পিদি পিসে, চাকর দানী, ছেলেপুলে, সব এক ঘরে এক কোণে আমাকে নিয়ে আমার পদ্ম দানী কটর কটর কলাইভাজা চিবোচ্ছে, আমাকে ছ্-একটা দিচ্ছে আর ঘ্ম পাড়াছে, চুপি চুপি ছড়া কাটছে—
য়ম্তা ঘুমায়; গাল চাপড়াছে আমার, পা নাচাছে নিজের ছড়া কাটার তালে তালে।

- ও দিকে শোঁ। শোঁ। শাস করছে বাইরের বাতাস; এক-একবার নড়েচড়ে উঠছে বড়ো ঘরের বড়ো বড়ো কাঠের দরজাগুলো। থানিক ঘ্মিয়ে থানিক জেগে কাটল ঝড়ের রাত। সকালে কাক পাথি ডাকে না, আকাশ ফরসা হয় না। মাছের বাজারে মাছ আদে নি, পান-বাফই পান আনে নি। শানী পরামানিক এসে থবর দেয়, শহরের রাস্তায় হয়েছে এক-কোমর জল।
- ও দিব্য ঠাকুর, আজ কী রানা ?— 'ভাডে ভাত থিচুড়ি' বলে থুন্তি হাতে চলে যায় রানাবাড়ির দিকে। কেরাঞ্চি গাড়ি চলল না আদিদের দিকে, গোরুর গাড়িতে ব্যাঙ্কের ছাতার নীচে বদে ব্যাঙ্কের বড়োবাবুরা সরকারী কাজে যাচ্ছেন। সিদিদের পুকুর ভেনে মাছ পালিয়েছে, পাড়ার কোক ধরে ধরে ভেছে থাছে। হিন্ধু মেথর এসে খবর দিভেই বেরিয়ে পড়ল বিপ্নে চাকর ছোটো ডিভি বেয়ে শহরের অলিগলিতে ফিরতে কাগজের নৌকো চলল আমাদের

ভেমে— এ গাছ ঘূরে, ও বাগানে ভূবে-যাওয়া গোল চকর ঘূরে, একটানা স্রোতে পড়ে চলতে চলতে ফটকের লোহার শিকে ঠেকে উলটে পড়ল কাদায়-জলে-লট্পট্ একগোছা বিচিলির লঙর ফেলে।

ঈশরদাদা থোঁড়াতে খোঁড়াতে লাঠি ঠক্ঠকিয়ে ভিগুথানায় এসে হাঁকলেন 'বিশ্বেশর!' 'ঘাই'— বলে বিশ্বেশর হ'কো করে হাতে দিতেই— 'শনির সাত, মঙ্গলে তিন, আর সব দিন দিন' বলতেই হঁকো শন্ধ দিতে থাকল— চূপ চূপ, ছুপ ছুপ, রুপুর রুপ। তথন বর্ধাকাল পড়লে সত্যি রুষ্টিরাড় আকাশ ভেঙে খড়ের চাল, থোলার চাল, ছুটো করে আসত, এ দেখেছি। ডালে চালে থিচুড়ি চেপে যেত। মেঘ করলেই শহর বাজার ডুবত জলে, পুরুরের মাছ উঠে আসত রামাবাড়ির উঠানে, খেলা করতে করতে ধরা পড়েভাঙ্গা হরে যেত কথন বুঝতেই পারত না।

ফুটো ছাত্ত, ভাত্তে ভাত্ত, ভাজ, মাছ।

দাত রাত দাত দিন ঝমাঝম্। মটর ভাজি, কড়াই ভাজি, ভিজে ছাতি। বে দিকে চাও ভিজে শাড়ি ভিজে কাপড় পরদা টেনে হাওয়ায় হলছে, তারই তলায় তলায় থেলে বেড়ানো সারাদিন। সঙ্গে থেকে কোলা ব্যাঙে বাজি বাজায়, রাজ্যের মশা ঘরে সেঁধোয় টাকাংদিং টাকাংদিং মশারি ঘিরে। দাসী চাকর সরকার বরকার সবার মাথায় চড়ে গোলপাতার ছাতা— শোলার টুপি ওয়াটারঞ্জ রেনকোট ছিল না; ছিল ছেলেব্ড়ো মিলে গানগল, বাবু ভায়ে মিলে খোশগল— আর কত কী মজা, আঠারো ভাজা, জিবেগজা। গুড়গুড়িক্ ফরসি দাহুরীর বোল ধরত গুড়ুক ভুডুক।

২

এখানে দেখি ছোটো ছেলেরা হো-হো করে স্থলে যায় আসন থাতা বই ছাতে বুকে জড়িয়ে নিয়ে। কত ফুতি তাদের। এমন স্থল আমার ছেলেবেলায় পেলে আমিও বৃদ্ধি-বা একটু-আঘটু লেথাপড়া শিথলেও শিথতে পারতুম। বাড়ির কাছেই নর্মাল স্থল। কিন্তু হলে হবে কী ? নিজের ইচ্ছেয় কোনোদিন যাই নি স্থলে। পালিয়ে পালিয়ে বেড়াই মাজ পেটে বাথা, কাল মাথাধরার ছুতো— রেহাই নেই কিছুতেই। স্থলে বাবার জন্ত গাড়ি আদে গেটে। চীৎকার

কালাকাটি- ধাব না, কিছুতেই ধাব না। চাকররা জোর করে গাড়িতে তুলবেই তুলবে। মনে হয় গাড়ির চাক। ছটো বুকের উপর দিয়ে চলে যাক শেও ভালো, তবু স্থুলে যাব না। মহা ধ্বস্তাধ্বস্তি, অভটুকু ছেলে পারব কেন তাদের সঙ্গে ? আমার কারায় ছোটোপিদিমার এক-একদিন দ্যা হয়, বলেন. 'ও গুরু, নাই-বা গেল অবা আজ কুলে।' রামলালকে বলেন, 'রামলাল, আজ আর ও স্কলে যাবে না, ছেড়ে দে ওকে।' কোনো কোনো দিন তাঁর কথায় ছাড়া পাই। কিন্তু বেশির ভাগ দিনই চাকররা আমায় ত হাতে ধরে ঠেলে গাড়ির ভিতরে তুলে দিয়ে দরজা বন্ধ করে দেয়। গাড়ি চলতে শুরু করে, কী **পার** করি, জোরে না পেরে বন্দী অবস্থায় তু চোথের জল মূছে গুম হয়ে বদে থাকি। স্কুল ভালো লাগে না মোটেই। ভালো লাগে গুণু স্কুলে একটি ঘরে কাচের আলমারিতে তোলা একথানি থেলনার জাহাজ আর গোটাকয়েক নানা আকারের শহ্ম। বেশির ভাগ সময় কাচের আলমারির সামনে বদে বদে শেগুলো দেখি। জানো ? আমার ছবি আঁকার হাতেথড়ি হয় সেইথানেই, ওই নর্মাল স্থলেই। আর কোনো বিভের হাতেথড়ি তো হল না, তরু ভাগ্যিদ ওই হাতেখড়িটুকু হয়েছিল। তাই-না তোমাদের এথনো একটু ছবি-টবি এঁকে দিয়ে খুশি রাখতে পারি। নয় তো আর কারো কোনো কাজেই লাগতম না আমি। এখন শোনো তবে সেই হাতেখডির গল।

একটি মেটে কুঁজো, একটি মেটে গ্লাদ, ছবির হাতেখড়ি আমার এই ছুটি

কিয়ে। বলদুম তো, আমি তথন নর্মাল স্থলে, পড়াগুনা করি বলব না, মাগুয়াআমা করি। পাশেই বড়ো ছেলেদের ক্লাদ, দেই ক্লাদের জানলার ধারে গিয়ে

সময়-সময় বসে থাকি। বোতল বোতল লাল নীল জ্বল নিয়ে মান্টারমশায়

চালাচালি করেন; লাল হয় নীল, নীল হয় লাল, মাঝে নাঝে লাল নীল ছৢইই

উবে যায়, বোতলে পড়ে থাকে ফিকে রঙের জল থানিকটে, চেয়ে চেয়ে দেখি,
ভারি মজা লাগে। কেমিয়াবিছা শেখানো হয়ে গেলে আসেন সাতক্ডিবার্

ডুইং মান্টার। একটা মোটা কাগজে বড়ো বড়ো করে আঁকা একটি মেটে কুঁজো

৬ মাদ, সেইটের্বলো বোর্ডের গায়ে ঝুলিয়ে কিয়ে ছেলেদের বলেন, দেখে

পেথে আঁকো এবারে। ছেলেরা ভাই আঁকে থাতার পাতায়। মান্টার খুরে খুরে

শবার কাছে গিয়ে দেখেন। এখন, সেই ক্লানে আছে আমাদের পাশের গলির

ভূলু। একসকেই স্থলে যাঙয়া-আসা করি। তাকে ধরে পড়লুম, 'কী করে কুঁজো

আর প্লাস আঁকতে হয় আমায় শিবিষে দে ভাই।' তার কাছে কুঁজো প্লাস আঁকা শিথে ভারি ফুঁতি আমার। যথন-তথম স্থবিধে পেলেই কুঁজো প্লাস আঁকি। বড়ো মজা লাগে কুঁজোর ম্থের গোল রেখাট যথন টানি। মন একেবারে কুঁজোর ভিতরে কুয়োর তলায় ব্যাঙের মতো টুপ করে ডুব দিতে চায়। আর সেই কাচের আলমারির প্লীম জাহাজ— তাতে চড়ে বসে মন কাপ্রেন হয়ে খেতে চায় দাত সমৃদ্র তেরো নদীর পার। কী থেলার জাহাজই ছিল সেটি— পালমাস্তল, দড়িদড়া, যেখানকার যা হবহু আসল জাহাজের মতো।

ভূলু আমায় প্রায়ই বলে, 'ভালো করে লেখাণড়া কর্— দেখবি এই ভাহাজটিই ভূই প্রাইজ পেরে যাবি।' কিন্তু লেখাণড়ায়ই যে মন বদে না আমার, তা প্রাইজ পাব কোথেকে ? কোনো আশা নেই জানি, তব্ও লোভ স্থমনে এক-আধটা প্রাইজ পেতে। কিন্তু কোনোবার কোনো-কিছুরই জন্ত প্রাইজ আর পেকেম না নর্মাল স্কলে।

একবার প্রাইজ বিতরণের সময় এল, ইন্থুলে ছিল একটা মন্ত বড়ো ঘর আগাগোড়া গালারি-নাজানো: এক পাশে আছে খানকয়েক চেয়ার ও একটা টেবিল। রোজ ক্লান আছে হবার আগে ছোটোবড়ো দব ছেলেরা সেই ঘরে জড়ো হই। রেজিন্টার খুলে মান্টার একে একে নাম হাঁকেন; আমরা বলি, 'প্রেজেন্ট স্থার, আ্যাব্সেন্ট স্থার।' নাম ডাকা সারা হলে শুরু হয় জিল। গালারিছে বদে ছিল্ম, উঠে নাড়াই এবার। মান্টার হেঁকে চলেন, 'দক্ষিণ হন্ত উত্তোলন— অন্থলি সঞ্চালন।' অমনি আমাদের পাঁচ-পাঁচ দশটা অন্থলি থব থব করে কাঁগতে থাকে ঘেন কচি কচি আমপাতা নড়ছে হাওয়াতে। তার পর পদক্ষেণ; ডান পাবাঁ পা তুলে বেকিতে খুব খানিকটে ধুপ্থাপ ঠকে যার যার ক্লাদে যাই।

সেই বড়ো ঘর সাজানো হয়েছে প্রাইজ বিতরণের দিনে, টেবিলের উপরে লাল ফিডেয় বাঁধা গাদা গাদা চটি মোটা সোনালি ফপোলি নানা রঙের বই। সামনে একসারি চেয়ার— বিশিষ্ট লোকেরা বসবেন তাতে। আমরাও সকলে হাজির গালারিতে অনেক আগে থেকেই। প্রাইজ-বিতরণের আগে জিতেন বাঁদুজে কৃষ্টি দেখালেন— লোহার শিক্ল ছি জলেন, লোহার বড়ো বড়ো বল ছুঁড়ে লুফে নিলেন। মন্ত পালোমান তিনি।

এবার প্রাইজ বিভরণ হবে। গোপালবাবু হেডমাস্টার, টাকমাথা, ঘাড়ের কাছে একটু একটু চল, অনেকটা এই এগনকার আমার মতোই ; তবে রঙ তাঁর আরো পরিন্ধার। গম্ভীর মান্ত্র ; কামিয়ে জুমিয়ে ফিট্ ফাট হয়ে গলায় চাদর ঝুলিয়ে এসে বদলেন চেয়ারে। ছেলেরা কেউ বুরুক না-বুরুক এই-সব উপলক্ষে তিনি ইংরেজিতেই বক্ততা করেন। তিনি তাঁর লখা ইংরেজি বক্ততা শেষ করলেন। তার পর এইবারে একজন মান্টার উঠে যার। প্রাইজ পাবে তাদের নাম পড়ে যেতে লাগলেন। ছেলেদের নাম ডাকা হতেই তারা টেবিলের কাছে গিয়ে দাঁড়ায়, হেড়মান্টারমশায় তাদের হাতে লাল ফিতেয় বাঁধা প্রাইজ তুলে দেন। এক-একটি প্রাইজ দেওয়া হয় আর আমরা হাততালি দিয়ে উঠি যে যত জোরে পারি। হাতভালির ধুম কী! লাল হয়ে উঠল হাতের ভেলো তবু থামি নি। দেবার অনেকেই প্রাইজ পেলে; তার মধ্যে ভুলু পেলে, সমরদাও একটা পেয়ে গেলেন for good conduct : চেয়ে চেয়ে দেখি আর ভাবি, এইবার বুঝি আমার নাম ভাকবে, আমাকে এমনি একটা-কিছুর জন্ম হয়তো প্রাইজ দিয়ে দেবে। কান পেতে আছি নাম শোনবার জন্ত ; শেষ প্রাইজটি পর্যস্ত দেওয়া হয়ে গেল, কিন্তু আমার কানে আমার নাম আর পৌচল না। প্রাইজ-বিতরণ হয়ে গেলে মান্টার উঠে পড়লেন, ছেলেরা হৈ-হৈ করে বাইরে এল; আর আমি তথন হ চোথের জলে ভাসছি। ভুলু সান্থনা দেয়, 'আরে, তাতে কী হয়েছে, ভালে৷ করে পড়াশুনো কর, সামনের বারে ভালে৷ প্রাইজ ঠিক পাবি তুই। 'দে কথায় কি মন ভোলে । না-পাওয়া মণ্ডার জল্ল বাচচ বেজিটা যেমন হয়ে থাকে আমারও মনটার তেমনি দশা হয়। চোথের ধারা গড়াতেই থাকে, থামে না আর। শেষে ভুলু বললে, 'প্রাইজ চাদ তুই, এই কথা ·তো? আচ্চা এই নে'— বলে থাতা থেকে একটুকরো শাদা কাগন্ধ ছি°ড়ে তাতে খদ্থদ্ করে কী দব লিখে আমার হাতে দিলে। আমি তাতেই খুশি। কাগজের টুকরোটি যত্নে ভাঁজ করে পকেটে রেথে চোথের জল মৃছে বাড়ি এলেম। বৈঠকখানায় বাবামশায় পিলেমশায় দ্বাই বলে ছিলেন। বললেন, 'দেখি কে কী প্রাইজ পেলি।' সমরদা তাঁর প্রাইজ লালফিতে-বাঁধা টিকিট-মারা সোনালি বই দেখালেন। আমি বললুম, 'আমিও প্রেছি।' পিদেমশার ामतम् , 'करे, तमि।' शखीत्रভाবে পকেট থেকে ভাঁজকরা শাদা কাগজটুকু বের ·गरत जारित मामरन रमरन धरनम। छन्रिभानरे रमि एमरथ काँता रहा-रहा

করে হেদে উঠলেন। তথন ব্রল্ম, ভূল্টা আমায় ঠকিয়েছে। এমন রাগ হল তার উপরে! রাভিরে থাওয়াদাওয়া দেরে তাড়াতাড়ি ঘ্মিয়ে পড়ল্ম। সকালে ঘুম ভেঙে দেখি প্রাইজ না-পাওয়ার হুঃখু আর একটুও নেই।

তা লেখাপডায় মন বদবে কি? তোমাদের মতো তো গাছের ছায়ায় খোলা হাওয়ায় বদে পভতে পাই নি কখনো। স্কলের ওই পাকা-দেয়াল-দেরা বন্ধ ঘরের ভিতরে দম থেন আটকে আনে আমার। যতক্ষণ পারি ঘরের বাইরেই ঘোরাফেরা করি। স্কুলের পাশে খাম মল্লিকের বাড়ি, তাদের বাড়ির একটি মেয়ে পড়তে আদে আমাদের স্কলে, ইজের-চাপকান প'রে, বেণী ঝুলিয়ে। ভাদের বাজিতে একটা পোষা কালো ভাল্লক চরে বেড়ায় সামনের বাগানে, **८मथा यात्र, हेकून एथरक नैाफ़िश्च नैाफ़िश्च छाञ्चक रम्यि। हेकूनपरवं वाहेरव या-**কিছ দবই আমার কাছে ভালো লাগে। ইন্ধলের গেটের কাছে রাস্তা। নানারকম লোক যাচ্ছে আসতে, তাদের আনাগোনা দেখি। এইরকম দেখতে দেখতে একদিন যা কাণ্ড! কাবলিওয়ালার রাগ দেখেছ কথনো? গেটের কাছে কতগুলি কাবুলিওয়ালা রোজই বদে থাকে আঙুর বেদানা নিয়ে। টিফিনের भभग्न (ছলেরা কিনে থার। সেদিন হয়েছে কি, বড়োছেলেদের মধ্যে কে একজন বৃথি এক কাবুলিকে বলেছে 'বেইমান'। আর যায় কোথায়। দেখতে দেখতে সব কয়টা কাবুলি উঠল রুথে, দরোয়ান বুদ্ধি করে তাড়াভাড়ি লোহার ফটকটা দিলে বন্ধ করে। বাইরে কাবলি, ভিতরে ছেলের দল: রাস্তা থেকে পছতে লাগল টপাটপ কাবলি বেদানা। মাথার উপরে যেন একচোট শিলাব্রষ্টি হয়ে গেল। জানো তো, মারপিট দেখলে আমি থাকি বরাবরই সবার পিছনে। শিশুবোধে চাণক্যশ্লোক মনে পড়ে— ন গণস্থাগ্রতো গচ্ছেং। তা, বাপু, দভিট কথাই বলব। আমি ওই পিছনে থেকেই ফাটা বেদানাগুলো ফাঁকতালে কুড়িয়ে কুড়িয়ে থেতে লাগলুম। সেদিনের ঝগড়ায় জিত হল বটে আমারই। কিন্ত ইন্ধুলের ছুটির পর বাড়ি ফিরতে হবে; কাবুলিওয়ালার ভন্ন যায় না। পালকির ভিতরে বদে আচ্ছা করে দরজা বন্ধ করে অতি ভয়ে ভয়ে বাড়ি ফিরি শেষে।

নর্মাল স্ক্লের এক-এক পণ্ডিভের চেহার। খনি দেখতে তে। ব্রুতে কেমন পণ্ডিত সব ছিলেন তাঁরা। আমাদের পড়ান লগ্নীনাথ পণ্ডিত, চেহারা তাঁর ঠিক ধেন মা হুর্গার অন্তর। মস্ত বড়ো মাথা, কালো কুচকুচে গায়ের রঙ, বোয়ান্স

মাছের মতো চোথছুটো লাল টকটক করছে। তাঁর কাছে পড়ব কী? যতক্ষণ ক্লাদে থাকি শিশুমন কাঁপে বলির পাঁঠার মতো। কোনোরকমে ছুটির ঘণ্টা পড়ে গেলে হাঁফ ছেড়ে বাঁচি। তার পর পড়ি মাধব পণ্ডিতের কাছে। বাংলা সংস্কৃত পড়ান; অতি অমায়িক ভটচাচ্ছি চেহারা, ঠিক যেন শিশুবোধের চাণক্য পণ্ডিতের ছবিখানি— মস্ত টিকি। সেই সময়ে একবার দিনে তারা উঠল, হঠাৎ ইস্কুল ছুটি হয়ে গেল। ছুটে সুবাই বাইরে এলম। ইস্কুলেএকটা টেলিস্কোপ ছিল, তাই নিয়ে তারা দেখতে ঠেলাঠেলি লেগে গেল। দেই মাধব পগুতের কাছে পড়ি 'পত্র পততি', এমনি দব নানা দাধুভাষার বুলি। দেখান থেকে হেডমান্টারের হাতে-পায়ে ধরাধরি করে অতিকট্টে উঠলুম তো হরনাথ পণ্ডিতের কেলাদে। তাঁর চোয়ালছটো কেমন অন্তত চওছো, আর শক্ত রক্ষের। কথা যথন বলেন চোয়ালছটো ওঠে পড়ে, মনে হয় যেন চিবোচ্ছেন কিছ। তাঁর কাছে পড়লুম কিছুদিন। এই করতে করতে তিনটে শ্রেণী উঠে গেছি। এইবার মাস্টারমশায়ের হাতে পড়ার পালা। এখন দেই শ্রেণীতে আসেন এক ইংরেজি পভাবার মান্টার। তিনি এক ইংলিশ বীভার লিখে বই ছাপিয়ে তা পাঠ্যপুত্তক করিয়ে নিয়েছিলেন। সেই বই আমাদের পড়তে হয়। একদিন হয়েছে কি--- ক্লানে ইংরেজির মান্টার আমাদের পড়ালেন p-u-d-d-i-n-g---পাডিং। আমার মাথায় কী বৃদ্ধি থেলে গেল, ফলে উঠলুম, 'মান্টারমশায়, এর উচ্চারণ তো পাডিং হবে না, হবে পুডিং, আমি যে বাড়িতে এ জিনিদ রোল খাই।' মান্টার ধমকে উঠলেন, 'বল পাভিং।' আমি বলি, 'না, পুভিং।' তিনি যত বলতে বলেন পাডিং, আমি আমার বুলি ছাড়িনে। বারে, আমি পুডিং থাই যে, পাডিং বলতে যাব কেন ? মাস্টার গোঁ ধরলেন, পাডিং वनारवनरे। जामि वरल ठानि शुष्टिः। वाकि ছाला व शास वरम रमस्य की হয় কাণ্ড। এই করতে করতে ক্লাদের ঘণ্টা শেষ হল। শান্তি দিলেন চারটের পর এক ঘণ্টা 'কন্ফাইন'। ইন্ধুল ছুটি হয়ে গেল; বাড়ির গাড়ি নিয়ে রাম্কাল অপেক্ষা করছে দরজার দামনে। কিন্তু 'কনফাইন', এক ঘণ্টার আগে ষেতে পারি নে। মান্টার নিজের বৈকালিক সেরে এলেন। ঘরে তুকে বললেন, 'এবারে বল পাডিং।' উত্তর দিলেম, 'পুডিং।' বেমন শোনা, টানাপাথার भिष् ि पिरा राज प्रति। तिर्ध 'ज्य ता वा प्राप्त (कार्त कार्व ता ? वन एक राव ভোকে পাডিং। দেখি কেমন না বলিস। বলে স্পাস্প জোড়া বেত

লাগালেন পিঠে। বেতের ঘারে পিঠ হাত লাল হয়ে গেল— তথনো বলছি পুডিং। রামলাল ব্যস্ত হয়ে বারে বারে দরজায় উকি দিয়ে দেখে, এ কী কাণ্ড হছে! ষা হোক, বাজি এলাম। ছোটোপিসিমা বললেন, 'কী ব্যাপার ?' রামলাল বললে, 'আমার বাবু আজ বড্ড মার বেয়েছেন।' আমিও জামা খুলে পিঠ দেখালুম, হাত দেখালুম। দড়ির দাগ বদে গিয়েছিল হাতে! বাবামশায় তৎক্ষণাৎ নর্মাল স্কুল থেকে নাম কাটাবার হুকুম দিলেন; বললেন, 'কাল থেকে ছেলেরা বাড়িতে পড়বে।' চুকে গেল ইস্কুল ষাবার ভয়; জোড়া বেত থেয়েছাড়া পেলুম। এক 'পাডিং'-এই ইংরেজি বিছে শেষ। পরদিন থেকে বাড়িতে বাবামশায়ের মান্টার ষতু ঘোষাল আমায় পড়াবার ভার নিলেন।

v

এখন কুলে যাওয়া বন্ধ হয়ে নামকটো সেপায়ের কী বিপদ হল শোনো। ফুলে যাওয়া থেকে তো নিন্তার পেলুম, ভাবলুম, বেশ হল, এবার বড়োদের মতোই বৃঝি আমি স্বাধীন হয়ে গেলুম। বা ইচ্ছে তাই করতে পারব, সানের জন্ত, ভাত থাবার জন্ত চাকররা আর তাড়া দেবে না। নিয়ম্মত চলবারও দরকার হবে না। লয় পুলোর ছুট, গরমের ছুট পেলে খেমন আনন্দ হয় তেমনি আনন্দে দিন কাটবে বৃঝি। কবে স্কুল খুলবে সে ভয়ও নেই। এই-সব ফুভিতেই মাতলুম।

किश्व छ्मिन पर्छ ना प्राउटि पिथि, खमा, छ। एछ। नम्म। यह पायान माम्नीत वाफ्रिएडरे थार्कन ; कि ममरम पेफ्रिएड वमरू रुघ छीत काछ। मम्नी वाक्रिलरे निक्त निकार । ज्ञान करत प्राय निष्ठ रुघ ठिने । प्राय-प्राय पृत्यूत् कि । प्रान हम्मि । ज्ञान करत प्राय निष्ठ रुघ ठिने । प्राय-प्राय पृत्यूत् कि । प्रान हम्मि । छ। ज्ञान हम्म । छत्त भागे रुप्त । एउप छिल्म रवन प्रायम् । हमिन । छत्त ममस कि दि तक्षा । छ। ज्ञात रुग्न ना। प्रायम का माम्मि । छोक्त ना मामि । छोक्त ना मामि । छोक्त ना मामि । छोक्त ना पर्या कि प्रायम ना, ह्मि करत प्राप्त कार्य वाख । ज्ञान समक प्रायम । प्राप्त वाख । ज्ञान समक प्रायम । वाख प्राप्त वाख । ज्ञान समक प्रायम । वाख प्राप्त वाख । ज्ञान समक प्राप्त । वाख प्राप्त । वाख प्राप्त वाख । ज्ञान समक प्राप्त । वाख प्त । वाख प्राप्त । वाख प्

আগে অন্দরে দেতে পারতুম যথন-তথন। আজকাল সেই-যে চাকররা সকালবেলা আমায় বের করে আনে অন্দর থেকে, সারাদিনে আর ভিতরে চুকবার হুকুম নেই, তব্ তু-এক ফাঁকে চুকে পড়ি অন্দরে। মা ব্যস্ত ছোটোভাইকে নিয়ে। স্থনয়নী বিনয়িনী ছোটোবোন— তাদের সঙ্গে থেলতে থেলতে থেলতে থেলনা একটা ভেঙে গেল কি তারা কাঁদতে শুকু করে দিলে, 'আঁটা, অবনদাদা আমাদের পুতুল ভেঙে দিলে।' অমনি তাড়া লাগায় আমায় সকলে, 'তুই এথানে কেন? যা বাইরে যা। সেথানে গিয়ে থেলা কর্।' তাড়া থেয়ে বাইরে চলে আসি। বাইরে এদে ভাবের লোক আর পাই নে কাউকে। স্বাই দেখি তাড়া লাগায়, ধ্মক দেয়।

বাবামশায়ের ছিল পোষা একটি কাকাতুয়া গোলাপি রঙের। বারান্দার দেয়ালে টাঙানো হরিণের শিঙের উপর বদে থাকে, কী স্থন্দর লাগে দেখতে। সকালবেলা মা পান সাজেন; মার কাছে গিয়ে পানের বোঁটা থায়। ছোটোপিদিনার কাছে ছোলা থায়; আবার এদে শিঙের উপর উঠে বদে। ভাবলুম এবার মায়ুম ছেড়ে পশুপাথির সঙ্গেই ভাব করা যাক। এই ভেবে কাকাতুয়ার কাছে গিয়ে দাঁড়াতেই ঝুঁটি তুলে গায়ের পালক ফুলিয়ে দে এল তেড়ে আমায় ঠোক্রাতে। ভাব করা থাকুক পড়ে, ছুটে পালিয়ে বাঁচি সেথান থেকে। তার ভানার তলায় তলায় বাবামশায় নিজের হাতে পাউভার মাথান। পাউভার মেথে দে মেমনাছেব হয়ে ঝুঁটি বাগিয়ে বদে থাকে। গুমোর কী ভার, দে করবে আবার আমার সঙ্গে ভাব। ভয়ে আর দে দিক দিয়েই যাই নে।

বাবামশায়ের আদরের কুকুর কামিনী। কী তার আদরমত্বের ঘটা! কামিনীর জন্ম আলাদা চাকর মেথর। তাকে যথন সাবান দিয়ে পরিকার করে স্নান করিয়ে, গায়ে পাউভার মাথিয়ে, পরিপাটি করে আঁচড়ে দিঁথি কেটে, সাজিয়ে-গুজিয়ে ছেড়ে দেয়, আর কামিনী ঘূর্যুর্ করে ঘ্রে বেড়ায়, যেন বাড়িয় রে'দি মেয়েটি। বাড়ির ছেলে আমাদেরও অত আদরমত্ব হয় না, য়ত হয় কামিনীর। সেই কামিনীর কাছে যাই। সে আমায় তোয়াকাই করে না, লেজ নেভে চলে যায় বাবামশায়ের ঘরের দিকে।

ছোট্ট ছোট্ট একজোড়া পোষা বাঁদরও আছে বাবামশায়ের। কত তাদের আদরই বা। এেট ঈন্টার্ন হোটেল থেকে বাঁদরের জন্ত স্পোল লাল টুক টুকে চেরি আদে চিনি-মাধানো। বাবামশায় একটি একটি করে ওই চেরি গাওয়ান তাদের। দেখে হিংসেয় জলে মরি। ভাবি ওই চেরিগুলো নিজেরা যদি থেতে পাই, আঃ! তাঁর শথের হরিণও আছে একটি, নাম গোলাপি। গোলাপির কাছে গেলে মালী আদে হৈ-হৈ করে।

দেখা এমন আমার কণাল! পশুপাধির কাছেও পাতা পাই নে! ৩ই একটু যা আদর পাই ছোটো পিসিমার কাছে। মারে মারে তাঁর ঘরে আমায় এছেকে নেন। দেগানে কথকতা হয় রোজ। মাইনে-করা মহিম কথক আছেন। বদে শুনি থানিক। কিন্তু তাও আর কতক্ষণই-বা! মহা মুশকিল, একলা একলা সময় আর কাটে না। মনের তৃঃথে ভাবি এর চেয়ে বেশ ছিলুম স্কুলেই। গাড়িতে ওঠবার আগেই যত কারাকাটি, উঠেই সব ঠাওা হয়ে যেত। গাড়িচলত গলির মোড় ঘুরে। সেই শিবমন্দির, কাঁসরঘণ্টা, লোকজন, দোকানপাট রান্তার তৃ দিকে দেখতে দেখতে বেশ বেতুম। তব্ও তো বাইরের জগৎ দেখতে পেতুম কিছুটা; এখন কোন্ ব্যঞ্জানায় পড়লুম! ফটক পেরিয়ে ও দিকে যাবারই আর উপায় নেই। খোলা ফটক আগলে বদে আছে মনোহর সিং দরোরান দেউরিতে। মনে পড়ে স্কুলের সামনে প্রভাগের লভেঞ্চনের দোকান। চেয়ে নিয়ে ছোট্ট ছোট্ট হলদে লাল সব্জ লজেঞ্ব থেতুম। চাইলেই ছ্টি-একটি হাতে ওঁজে দিত প্রতাপ।

আর মনে পড়ে সমবয়দীদের কথা। তাদের নিয়ে হটোপাটি করেও মন্দ
ছিলুম না। আমারই মতো ডানপিটে ছেলেও ছিল একটি-ছুট। একটির কথা
বলি, স্কুলে যেতে তারও ছিল বেজায় আপতি। যাবার সময় হলেই সে
পালিয়ে বেড়ায়। একদিন স্কুলে বাবার সময় হয়েছে; সে এ দিকে করেছে কা
বাড়ির পাশেই এক শিবমন্দির, তার ভিতরে চুকে কাপড়জামা খুলে অন্ধকার
ঘরে কালো পাথরের শিবকে জড়িয়ে ধরে বসে রইল। ছেলেটির রঙও কালো,
শিবের কালোয় তার কালোয় মিশে গেল। চাকরবাকররা আর খুঁজে ভাকে
পায় না। মহা হৈ-চৈ। শেষে কে একজন শিবের মাথায় জল ঢালতে পিয়ে
তাকে আবিভার করলে। সেই-দব সদীর কথা মনে পড়ে, আর মন থারাপ
হয়ে যায়।

নর্মাল স্কুলের বাড়িটিও ছিল কেমন রহস্তমন্ত্র। প্রকাণ্ড রাজবাড়ি; ভাতে কত অলিগলি, অন্দিদন্দি, এথানে ঘর, ওথানে থিলেন-দেওয়া বারান্দা, মোটা -মোটা থাম; তারই গায়ে দিনের আলো পড়ে চক্চক্ করত। ঘূরে ঘূরে -দেখতুম এই-সব। কোথায় গেল আমার সেই নর্মাল ক্লা! বহুকাল পর এই সেদিন কোন্ এক সিনেমাতে দেখলুম সেই বাড়ির ছবি। দেখে ভারি মজা লাগল। যাক সে কথা। এখন আমার একলা থাকার গল্লটাই বলি।

সকালবেলাটা লেখাপড়ায় যদিও কোনোমতে কেটে যায়, তুপুর আর কাটে না। দাদারা চলে যান স্কুলে, বাবামশায় যান কাছারিতে। ফার্দি পড়াবার মুনশি আদেন: তু-চারটে আ লে বে পড়িয়ে চলে যান। এই মুনশিই দাঁড়িয়ে দেয়ালে নিজের ছায়ার দঙ্গে লড়াই করতেন। একদিন লড়াই করতে গিয়ে রোথের মাথায় ছায়াতে যেমন চুঁ মারা অমনি মুনশির কপাল ফেটে রক্তপাত। চাকররাও তাদের তোযাখানায় গল্পজন করে। বৈঠকখানা শোনশান, একলা আমি দেখানে পড়ে থাকি। থেকে থেকে দাদাদের ডেকদোর ঢাকা তলে দেখি ভিতরে কী আছে। নেড়েচেড়ে দেখে আবার তেমনি দব ঠিকঠাক রেখে দিই। প্রাণে ভয়, যদি জানতে পারেন হয়তো বকুনি দেবেন। বাবামশায়ের টেবিলটা দেখি। কতরকম রঙ তার উপরে সাজানো। একটা ক্রিস্টালের কলমদানি চিল. ঠিক বেন সমূত্রের ঝিমুক একটি। সেইরকম নকশায় গোলবাগানে ফোয়ারা তৈরি করিয়েছিলেন বাবামশায়। এথনো তা আছে; সেদিন যথন গেলুম জোড়াসাঁকোয়, দেখি বাগানের স্ব-কিছু ভেঙে কেটে নই করে ফেলেছে, একটি গাছও বাকি রাথে নি: কিন্তু ফোয়ারাটি তেমনি আছে দেখানে, ফটিক জলে ভতি। বাবামশায়ের টেবিলে দেই কলমদানিতে কলম সাজিয়ে রাথা হয়েছে। দেটাতে একবার হাত বুলোই, আবার এদে খ্রে থাকি। তাও কোথায় শুয়ে থাকতুম জানো ? বিলিয়ার্ড টেবিলের নীচে। মাকড্সার জাল, খুলো বালি কত কী সেখানে। শুয়ে শুয়ে দেখি মাথার উপরে রালছে সে-দব। শোবার জায়গা আমার ওই রকমেরই। ছেঁড়া মাতরের উপরে, কৌচ-টেবিলের তলায় তলায়, চুকে ভয়ে থাকি। ঠিক খেন একটা জানোয়ার। বৃদ্ধিও কতকটা আমার তেমনি। তবে একলা থাকার গুণ আছে একটা। দেখতে ভনতে শেখা খায়। ওই অমনি করে একলা থাকতে থাকতেই চোধ আমার দেখতে শিথল, কান শব্দ ধরতে লাগল। তথন থেকেই কত কী বস্ত, কত কী শব্দ যেন মন-হরিণের কাছে এনে পৌছতে লেগেছে। মানুষ পশুপাধি সঙ্গী খেলেম না কাউকেই। ওই অত বড়ো বাড়িটাই তথন আমার দলী হয়ে উঠল, নতুন রূপ নিয়ে আমার

কাছে দেখা দিতে লাগল। এখানে ওখানে উকিবুঁকি দিয়ে তথন বাড়িটার **শঙ্গে আমার পরিচয় হচ্চে। জোডার্টাকোর বাডিকে যে কত ভালোবেদেছি**। বলি যে, ও বাড়ির ইটকাঠগুলিও আমার সঙ্গে কথা কয়, এত চেনাপরিচয় তাদের দঙ্গে; তা, ওই তথন থেকেই তার শুরু। পড়ে আছি; দেখছি, ঘরের কোথায় কোথায় কানিশেব ছায়া পড়েছে, কোথায় টিকটিকিটা পোকা ধরবার জন্ত ওং পেতে আছে, চডুইপাখি ছোটু কুলঙ্গিতে বাদা বাঁধছে। আবার কোথায় কোন উচতে ছাদের উপরে লোহার শিকে এক চিল বসে আছে, তাকে দেখছি তে। দেখছিই। এক সময়ে সে চিঃ-ঃ-ঃ করে হুটো চক্কর থেয়ে উড়ে গেল। আবার কথনো-বা চেয়ে থাকতুম দামনে শাদা দেওয়ালের দিকে, ও পাশের উত্তরের খড়খড়ি ফাঁক দিয়ে দিনের আলো এসে পড়েছে তাতে: বাইরে মান্তব Cट्टॅं यात्र, छात्राणिक ठटल यात्र पदतत क्षिकटत दमग्राटनत भा निरम्न । त्रिक्षिन धक-একথানি ছবির মতো তারা আলোর রাস্তা ধরে চলতে চলতে অন্ধকারে মিলিয়ে ষায়। এই ছবি-দেখা রোগ আমার এখনো আছে, দিনে তুপুরে ঘরের ভিতরে বদে বদে ছবি দেখি। কাল ছপুরে কৌচে বদে বিমোচ্ছি। বাইরের তালগাছের ছায়া এসে পড়েছে দেয়ালে, পাতাগুলি নডছে হাওয়াতে, পিছনের আকাশে শাদা মেঘ— ঠিক যেন চাঁদের আলোর ছবি একটি। তথনো দব দেখতম, একমনে দেখতুম। এই দেখতে ধধন আরম্ভ করলুম তখন আর একলা থাকতে ধারাপ লাগত না।

এ দিকে আবার নানারকম শব্দও আদে কানে, হুপুর হতেই গলির মোড়েশক হল ঠং ঠং, 'বাদন চাই, বাদন হু' শব্দ চলে গেল দূরে। তার পরে এল 'চুড়ি চাই, থেলনা চাই ?' প্রায়ই মায়েদের মহলে তাদের ডাক পড়ে, ঝুড়ি ঝুড়ি নানা রঙের কাচের চুড়ি সাজিয়ে বদে এদে। এক রক্মের মজার থেলনা থাকে তাদের ঝুড়িতে; টিনের এডটুকু এডটুকু মাছ আর চুষকের কাঠি। মাছটি জলে ভাসিয়ে চুমকের কাঠি দিয়ে টানলেই মাছও সব্দে সব্দে জলের উপর চলভে থাকে। এমন লোভ হয় এই থেলনার জন্ম। বাড়ির অন্ম সব ভেলেমেয়েরা প্রায়ই পায় সেই থেলনা, আমি পাই ক্রচিং কথনো। আমাকে কেউ যে থেয়ালই করে না তেমন। তার পর বেলা পড়ে এলে গরমের দিনে বরফওয়ালা হেকে যায়, 'বরিফ, বরিফ চাই, বরিফ— কুলপি বরিফ!' জ্যোভিকাকামশায় লিথেছিলেন একটা গান—

'বরিফ বরিফ' ব'লে
বরক্তয়ালা যান।
গা ঢালোরে, নিশি আগুয়ান।
'বেল ফুল বেল খুল'
ঘন হাঁকে মানীকুল—

সন্ধ্যাবেলার শব্দ হচ্ছে ওই বেলফুল। 'বেলফুল চাই বেলফুল' হাঁকতে হাঁকন্তেশক গলির এ দিক থেকে ও দিক চলে যায়। তাদের ডেকে বেলফুল কেনে দাসীরা, মালা গাঁথেন মেয়েরা।

ভব্দক্ষেবেল। মৃশকিল-আসান আসে থিড়কির দরজায় চেরাগ হাতে, লম্বা দাড়ি, পিদিম জলছে মিট্মিট্ করে। বারান্দা থেকে দেখি তার চেহারা। দোর-গোড়ায় এনেই হাঁক দেয়, 'মৃশকিল আসান! মৃশকিল আসান!' দপ্তরে বরাল্থাকে, মৃশকিল-আসান এলেই তাকে চাল প্যসা যা হয় দিয়ে দেয়; সে আবার হাঁক দিতে দিতে চলে যায়।

আরো একটি শব্দ, দেটি এখনো থেকে থেকে কানে বাজে। তুপুরের সব ষথন শোন্শান, কোনো দাড়াশব্দ নেই কোথাও, তথন শব্দ কানে আদে 'কু-য়ো-র ঘটি তোলা'। মনে হয় ঠিক যেন অভ্ত কোন্ একটি পাথি ডেকে চলেছে। রাত্তিরে বিছানায় শুয়ে জানলা দিয়ে দেখি ঘনকালো তেঁতুল গাছের মাথা। দাসীরা বলে, বংশের সকলের নাড়ী পোঁতা আছে তার তলায়। মাঝে মাঝে ছাতের উপরে ভোঁদড় চলে বেড়ায়, সেই চলার শব্দে গল্প তিরি হয় মনের ভিতরে; বহ্দদভিত, জটেব্ড়ি কাশছে। জটেব্ড়ি সত্যিই ছিল, লাঠি ঠক্ করে আগত; ময়্রে তার চেথে উপড়ে নিয়েছিল। 'ক্ষীরের পুতুল'-এবে ষষ্টাবৃড়ি এঁকেছি ঠিক সেইরকম ছিল দে দেখতে।

ও দিকে নীচে রাত দশটার পর নন্দ ফরাদের ঘরে নোটো থোঁড়ার বেহালা শুরু হয়। একটাই স্থর, অনেক রাত্তির অবধি চলে একটানা। বেহালা যেন স্থরে এক ছই মুখস্থ করছে— এক, ছই, তিন, চার; এক, ছই, তিন, চার। ওই থেকে পরে আমি একটা যাত্রার স্থর দিয়েছিলুম। বাবাম্শায়ের বৈঠক ভাঙলে নন্দ ফরাদের ঘরে বৈঠক বদে— ছিকু মেখর, নোটো থোঁড়া, আরো অনেকের। ভোরবেলা বাড়ির সামনে ঘোড়া মলে টপ্টপ্ঠপ্ঠপ্। কাকপক্ষী ডাকার আগে এই শুরু শুনেই ঘুম ভাঙে আমার। রোজ মুমোবার আগে আর মুমা প্তেঙে এই হৃটি শব্ধ শুনি— বেহালার এক, হৃই, তিন, চার। আর ঘোড়া মলার টপ্টপ্ঠপ্ঠপ্।

তথন এক-একটা সময়ের এক-একটা শব্দ ছিল। এখন দেই শব্দ আর নেই, সব মিলিয়ে খেন কোলাহল চার দিকে। ট্যাক্সির ভোঁ-ভোঁ, দোকানদারের চীৎকার, রাস্তার হট্টগোল, এ-সবে ঘরের কোণেও কান পাতা দায়। তার উপরে জুটেছে আজকাল মাথার উপরে উড়োজাহাজের ঘড়্ঘুদানি, রেডিওর ভন্তনানি, আরো কত কী। তেভালার চাদে জ্যোতিকাকামশায়ের পিয়ানোর স্বর, রবিকার গান, জারিমশায়ের হাসির ধমক, কোথায় চলে গেল সে-সব!

তা, সেই সময়ে তুপুরে বৈঠকখানাতেই এক্দিন আমি আবিজার করলুম 'লগুন নিউজে'র ছবি। বাঁধানো 'লগুন নিউজ' পড়ে ছিল এক কোনায়। সব-কিছু দেঁটে দেঁটে দেখতে গিয়ে বইয়ের ভিতরে ছবির সন্ধান পেলুম। সে কতরকম কাগু-কারথানার ছবি, নিবিট মনে বসে বসে দেখি। এক্দিন ঘোষাল মান্টার এসে চুকলেন সেই ঘরে। দিবিয় ভূঁ ড়িদার চেহারা তাঁর; থালি গায়ে যথন আনেন, তেল-চুক্চকে ভূঁ ড়িটি ঠিক ঘেন পিতলের হাঁড়া একটি। তিনি ঘরে চুকে বললেন 'দেখি কী দেখছ'— বলে আমার হাত থেকে বইগুলি নিয়ে গাতা উলটে উলটে দেখতে লাগলেন। দেখতে দেখতে, একটা পাতায় আছে ফরাসী রানীর ছবি, তিনি নেই ছবিটি সামনে রেখে হাতজোড় করে তিনবার মাথায় ঠেকালেন। তার পর থেকে দেখি রোজই তিনি স্নানের পর ফরাসী রানীর ছবি বের করে তিনবার পেরাম করেন। কারণ আর বুঝি নে কিছু। দেবদেবীর ছবি এ নয়, তবে কেন এত পেরামের ঘটা। শেষে বড়দাকে একদিন জিজ্ঞেদ করি, 'এর মানে কী বলো-না।' বড়দা হেদে বললেন, 'এহা, তা বুঝি জানিদ নে পু ঘোষালমশায়কে ছিজ্ঞেদ করেছিল্ম যে। ডিনি বললেন এই ফরাসী রানী তাঁর স্বীর মতো দেখতে। ভাই রোজ তিনি প্রই ছবিকে পেরাম করেন।'

8

সেদিন কে যেন আমায় বললে, 'আপনি বৃথি ছেলেবেলায় খুব গান আর ছবি-আঁকার আবহাওয়ায় বড়ো হয়েছেন ?' বলন্ম, মোটেও তা নয়। কী আবহাওয়ার ভিতর দিয়ে বড়ো হয়েছি জানতে চাইছ ? শোনো তবে।

ছবি গান ছিল বৈকি বাড়িতে। বাবামশায়ের শথ ছিল ছবি আঁকার;

জ্যোতিকাকামশায়ও ছবি আঁকতেন, পোর্ট্রেট আঁকবার ঝোঁক ছিল তাঁর ; কিন্তু ছবি দেখা তো দ্রের কথা, আমরা কি তাঁদের ঘরে চুকভে পেরেছি কথনো ?

গানবাজনাও হত। তথনকার দিনে মাইনে-করা গাইয়ে থাকত বাড়িতে। কেই বিষ্ণু ছিল তুই মাইনে-করা গাইয়ে। তুর্গাপুজায় আগমনী বিজয়া তথন গাইত তারা— শোনো নি কথনো ? ভারি মিটি সে-সব গান। ওস্তাদি গানের মজলিশও বদত বৈঠকখানায় রোজ সন্ধেবেলা। তথনকার নিয়মই ছিল ওই। পাড়াপড়িশি বন্ধুবাদ্ধব আদতেন বৈঠকি গান শুনতে। নটায় ভোপও পড়ত, মজলিশও ভেঙে যে যার ঘরে যেতেন। দূর থেকে যেটুকু শুনতুম কিছুই ব্রুতুম না তার।

তবে হাঁ।, গান হত ও-বাড়িতে, তেতলার ছাদে নতুনকাকিমার ঘরে।
এক দিকে জ্যোতিকাকামশায় পিয়ানো বাজাচ্ছেন, আর-এক দিকে রবিকা
গাইছেন। সেই অল্লবয়সের রবিকার গলা, সে ঘেমন হার তেমনি গান। মাত
করে দিতেন চার দিক। এ বাড়ি থেকে ভনতুম আমি কান পেতে। ভাই বলি,
গান তবু শুনেছি আমি ছেলেবেলায়, কিন্তু ছবি দেখি নি মোটেও।

ছবি বা দেখেছি তা আমার ছোটোপিসিমার ঘরে। ছুটির দিন ছপুরবেলা ছোটোপিসিমার ঘরের দরজায় একটু উকিরু কি মারতেই তাঁর নজরে পড়ি, তিনি জাকেন, কে রে, অবা ? আয় আয় ঘরে আয়। কী হৃদ্দর ঘরটি তাঁর। কভ-রকমের ছবি! দেশী ধরনের অয়েল-পেন্টিং! শীরফের পায়েদ ভক্ষণ— সামনে নৈবেল্প দাজিয়ে মুনি চোধ বুজে ধ্যানে বদে আছেন, চুপি চুপি রুফ হাত ভ্রিরে পায়েদটুরু তুলে মুখে দিছেন, হবহু কথকঠাকুরের গল্পের ছবি; শকুন্তলার ছবি— তিনটি মেয়ে বনের ভিতর দিয়ে চলেছে, শকুন্তলা বলে ব্রুত্ম না, তবে ভালো লাগত দেখতে; মদনভশ্মের ছবি— মহাদেবের কণাল ফুঁড়ে বাঁটার মতো আগুন ছুটে বের হছে; সরোজিনী নাটকের ছবি; কাদম্বার ছবি— রাজপুত্র পুকুরধারে গাছতলায় ঘোড়া বেঁধে শিবমন্দিরের দাওয়ায় বুসে আছে। কে জানে তথন দেটা কাদম্বার ছবি! এমন কত সব ছবি। কেইনগরের পুত্রই-বা কত রক্মের ছিল সেই ঘরে। চেয়ে চোরা দেখতে বেলা কাটে। মেবেতে ঢালা-বিছানায় বুকে বালিশ দিয়ে বিসে ছাটোপিসিমা পান থান, সেলাই করেন। ও বাড়িতে বেলা তিনটের ঘন্টা পড়ে। গুপিদাসী চুল বাঁধার বাক্স,

মাছর নিয়ে আদে। ছোটোপিসিমা উঠে উচ্-পাঁচিল-ঘেরা ছাদে গিয়ে চ্ল বাধতে বদেন, পোষা পায়রাগুলো খোপ থেকে বেরিয়ে এসে ছোটোপিসিমাকে থিরে ঘাড় নেড়ে বকম বকম বকে বকে নাচ দেখায়। ছোটোপিসিমা আমার হাতে মুঠো মুঠো দানা দেন; ছভিয়ে দিই, তারা চক্তর বেঁধে কুভিয়ে কুভিয়ে থেয়ে উড়ে বদে ছাদের কানিশে দারি সারি। পড়স্ত রোদ তাদের ভানায় , ভানায় ঝক্মক্ করে। কোনো কোনো দিন বা দেখি ঘূণি হাওয়ায় লাল ধূলো পাক খেয়ে খেয়ে উড়ে গেল। বাইরের ছবিও দেখি। আবার খেলাধুলোর শেষে ঘরের কোনায় সদ্ধেবলা পিতলের পিলম্বজের উপর পিদিম জলে, ভারই কাছে টিকটিকি নড়েচড়ে পোকা ধরে, তাও দেখি চেয়ে অনেকক্ষণ। এইরকম ঘর-বাইরের কত কী ছবি দেখতে দেখতে বেড়ে উঠেছি।

ভিতর দিকটা দেখবার কৌত্হল আমার ছেলেবেলা থেকে আছে। বন্ধ 'ধরের ভিতরটা, ঘেরা বাগানের ভিতরটা, দেখতে হবে কী আছে ওথানে। থেলনা, দম দিলে চলে, চাকা ঘোরে; দেখতে চাই ভিতরে কী আছে। এই দেদিন পর্যন্তও ছেলেদের থেলনা নিয়ে খুলে খুলে আবার মেরামত করেছি। ছেলেদের থেলনা হাতে নিলেই মা বলতেন, 'ওই রে, এবারে গেল জিনিসটা, ভিতর দেখতে গিয়ে ভাঙবে ওটি।' তা ছেলেবেলায় একবার 'ভিতর' দেখতে গিয়ে কী কাওই হয়েছিল শোনো।

বড়োমা থাকেন তেতলার একটি ঘরে। তাঁরও নানারকম পাথি পোষার শথ। পোষা টিয়ে, পোষা লালমোহন হীরেমোহন। লালমোহনের দাঁড়টি আগাগোড়া ঝক্ঝক্ তক্তক্ করছে দোনালি রঙে। ঘরের একপাশে এক-আলমারি-বোঝাই থেলনা; দে-সব তাঁর শথের থেলনা, কাউকে ধরতে ছুঁতে দেন না। অনেক করে বললে কথনো একটা-ছটো থেলনা বের করে নিজের হাতে দম দিয়ে চালিয়ে দেন মেঝেতে; আবার তুলে রাথেন। দেই বড়োমার অরে যেতে হত একটি ঘোরানো দিঁ ড়ি বেয়ে। বরাবর তেতলার চিলে-ছাদ অববি উঠে গেছে দেই গোল দিঁ ড়ি। তারই মাঝামাঝি এক জায়গায় মাটির একটি হাত-দেড়েক কেইম্ভি, তাকের উপর ধরা। আমার লোভ সেই মাটির কেইটির উপর। একদিন ছপুরে দেই দিঁ ড়ি বেয়ে উঠে বড়োমার কাছে দরবার করন্ম, 'আমাকে মাটির কেইটি দেবে ?' বড়োমা থানিক ভেবে বললেন, 'চাম ? তা নিয়ে যা। ভাঙিদ নে।' বুড়ি দানী তাক থেকে কেইটি পেড়ে আমার হাতে

দিলে। আমি দেটি বগলদাবা করে তরতর করে নীচে নেমে এলুম। দাদাদেরও নজর ছিল মৃতিটির উপর, কেউ পান নি। তাঁদের দেখালুম 'দেখো, তোমরা তো পেলে না, আমি কেমন পেরে গেছি।' দাদারা বললেন, 'হং, ওর ভিতর কী আছে জানিদ নে তো ? এই টেবেলটির উপরে চড়ে মৃতিটি ফেলে দে নীচে, দেখবি আশ্চর্য জিনিদ বের হবে এর ভিতর থেকে।' দাদাদের অবিশ্বাদ করতে পারলেম না। মৃতির ভিতরের 'আশ্চর্য' দেখবার লোভে তাড়াতাড়ি উচ্ টেবিলটায় উঠে দিলেম কেইকে মাটিতে এক আছাড়। 'আশ্চর্য' তো দেখা দিল না, মাটির পূত্ল ভেঙে টুকরো টুকরো হয়ে ছড়িয়ে পড়ল ঘরময়। তথন আমার কারা, দাদারা হো-হো করে হেনে হাততালি দিয়ে চম্পট।

সেই ভিতর দেখার কোতৃহল আজও আমার ঘুচল না। ছবি, তার ভিতরে কী আছে খুঁজি। নোড়ামুড়িতে খুঁজি, কাঠ-কুটরোতে খুঁজি। নিজের আর অত্যের মনের ভিতরে খুঁজি, কী আছে না-আছে। খুঁজি, কিছু পাই না-পাই এইরকম থোঁলাতেই মলা পাই। হাত আমার তথন ভালো করে পেন্দিল ধরতে পারে না, ছবি আঁকা কাকে বলে জানি নে; কিন্তু ছবি দেখতে ভাবতে শিখি সেই পিদিমার ঘরে বদে।

মার ঘরে আমরা চুকতে পাইনে। মার ঘর একেবারে আলাদাধরনে সাজানো। মার শোবার ঘর তৈরি হচ্ছে। রাজমিত্রি লেগে গেছে; বাবামশায়ের পাছন্দমত মেনেতে নানা রঙের টালি পাথর বসানো হচ্ছে, আছে আছে বাই সেথানে। ঠুক্ঠাক, মিত্রিরা নকশা মিলিয়ে গাথর বসায়; অবাক হয়ে দেখি। কথনো-বা ছ্-একটা পাথর চেয়ে আনি। দেখতে দেখতে একদিন ঘর তৈরি হয়ে গেল। বাবামশায় নিজের হাতে সে ঘর সাজালেন। চমৎকার সব পালিশ-করা দামি কাঠের আসবাবপত্র, কাটা কাচের নানারক্ষম ফুলদানি। একটি ফুলদানি মনে পড়ে ঠিক যেন পল্লকোরকটি— কাচের গোল-হাতি, কভ কী। দেয়ালে দামি দামি অয়েল-পেন্টিং, চারি দিকে নানা জাতের অক্তিড, সে একেবারে অন্তরকমের সাজানো ঘর। আমার কিন্তু ভালো লাগে বেশি ছোটোপিসিমার ঘরথানিই। বিজ্ঞমবাব্র হর্ষম্পীর ঘরের যে বর্ণনা, যেথানে যে জিনিসটি, হবছ আমার ছোটোপিসিমার ঘরের সঙ্গে মিলে যায়। অত বড়ো বাড়ির মধ্যে আমার শিশুমনকে খুব টান্ড তেওঁলার উপর আকাশের কাছাকাছি ছোটোপিসিমার ঘর।

আর-একটা জায়গা, সেটি আমার পরীস্থান। দেখো, যেন জনে হেলো না। আমার পরীস্থান আকাশের পারে ছিল না। ছিল একতলায় সি'ডির নীচে একটা এ দৈ। ঘরের মধ্যে। দেই ঘর সারা দিনরাত বন্ধ'থাকে, গুয়োরে মন্তঃ ভালা। ৩২ পেতে বদে থাকি দকাল থেকে. বড়ো দি ভিত্র তলায় দোরগোড়ায়। নন্দ করাস আমাদের তেলবাতি করে, তার হাতে সেই তালাবন্ধ ঘরের চাবি। শে এনে সকালে তালা খোলে তবে আমি চকতে পাই দেই পরীস্থানে। সেখানে কী দেখি, কাদের দেখি ? দেখি কর্তাদের আমলের পুরোনো আদবাবপত্রে ঠাদা দে বর। কালে কালে ক্যাশান বদল হচ্ছে, নতুন জিনিদ ঢুকছে বাড়িতে, প্রোনোরা স্থান পাচ্ছে আমার দেই প্রীস্থানে। কত কালের কত রক্ষের পরোনো ঝাড়-লর্থন, রঙবেরঙের চিনেমাটির বাতিদান, ফুলদানি, কাচের ফাস্কুদ, আরো কত কী। তারা যেন পুরাকালের পরী— তাকের উপর সারি সারি চুপ্চাপ, ধুলো গায়ে, ঝুল মাকড়শার জাল মুড়ি দিয়ে বদে আছে ; কেউ-বা মাথার উপরে কভি থেকে ঝলছে শিকল ধরে। ঘরের মধ্যেটা আবছা অন্ধকার। কাচমোড়া খুলখুলি থেকে বাইরের একটু হলদে আলো এদে পড়েছে ঘরে। দেই আলোয় তানের গায়ে থেকে থেকে চমক দিচ্ছে রামধছর দাত রঙ। আঙ্ ল দিয়ে একটু ছু লেই টুংটাং শব্দে ঘর ভরে যায়। মনে হয়, যেন সাতরঙা সাত-পরীর পায়ে যুঙ্র বাজছে। সেই রঙবেরঙের পরীর রাজতে ঢকে এটা ছুই ওটা। ছুঁই, একে দেখি তাকে দেখি, কাউকে-বা হাতে তুলে ধরি, এমন সময়ে নন্দ ফরাস তার তেলবাতি সেরে হাঁক দেয়, 'বেরিয়ে এসো এবারে, আর নয়, কাল হবে।' তালাচাবি পড়ে যায় দে দিন-রাতটার মতো আমার পরীরাজত্বের । কেনিব

সেই ষেবার মৃক্লের স্থলে রবিকার ছবি এক্জিবিশন হয়. আমি দেখতে গেছি; অমিয় বললে, 'আমায় গুরুদেবের ছবি ব্বিয়ে দিন।' বললুম, দেখো বাপু, খুড়ো-ভাইপোর কথা কাগজে যদি বের না কর তবে এলো আমার দক্ষে। তাকে নিয়ে ঘুরে ঘুরে ছবি দেখাতে লাগলুম। তা গুইখানেই একটি ছবি দেখি; ছোট্ট ছবিখানা, কলম দিয়ে আঁকা— একটি ছেলে, পিছনে অনেক-গুলো লাইনের আঁচড়। ছেলেটি লাইনের আলে আর জদলে আটক পড়ে থ হয়ে দাঁভিয়ে আছে। বলন্ম অমিয়কে, 'দেখো, এ কি আর সবাই ব্যতে পারে গ' পরীশ্বানে চুকলে আমার অবশ্বা হত ঠিক তেমনি। এখন যথন দেখি

ছোটো ছেলেরা এনে আমার পুতুলের ঘর কাচমোড়া আলমারির সামনে ঘূর্ঘুর্ করে, মনে পড়ে আমিও একদিন প্রায় এদেরই বয়সে আমার পরীরাজত্বর ছয়োরে এমনিভাবে হাঁড়িয়ে থাকতুম।— ও অভিজিৎ, রঙ-টঙ নিয়ে অত হাঁটাহাঁটি কোরো না, বিপদ আছে। এই রঙ-করা নিয়ে আমার ছেলেবেলায় কী কাও হয়েছে জান না তো?

আমাদের দোতলার বারানায় একটা জলভতি বড়ো টবে থাকে কতকগুলো লাল মাছ, বাবামশায়ের বড়ো শথের সেগুলো। রোজ সেই টবে ভিন্তি দিয়ে পরিকার জল ভতি করা হয়। একদিন ছপুরে লাল মাছ দেখতে দেখতে হঠাৎ আমার থেয়াল হল, লাল মাছ, তার জল লাল হওয়া দরকার। যেমন মনে হওয়া কোখেকে থানিকটে মেজেটা না কী রঙ জোগাড় করে এনে দিলুম সেই মাছের টবে গুলো। দেখতে দেখতে আমার মতলব সিদ্ধি। লাল জলে লাল মাছ কিলবিল করতে থাকল। দেখে অন্ত থেলা থেলতে চলে গেলাম। বিকেলে শুনি নালীর চীংকার। জলে লাল রঙ গুললে কে । মাছ যে মরে ভেসে উঠেছে। বাবামশাই বললেন, 'কার এই কাছ ।' সারদা পিসেমশায় বলে উঠলেন, 'এ আর কারো কাজ নয়, ঠিক গুই বোদেটের কাজ।' বোদেটে কথাটি চীনে গিয়ে সারদা পিসেমশায় শিথে এসেছিলেন। চীনের থেতাব সেইবারই প্রথম পেলুম; তার পর থেকে সবার কাছে গুই নামেই বিখ্যাত হলুম। রঙ গুলে আমি গুইরপ থেতাব পেয়েছিলেম। অভিজ্ঞিৎ, বুর্ব-শুনে আমার রঙের বায়ে হাত দিয়ো। না হলে থেতাব পেয়ে ব্যায়ব।

আঃ হাং, আবার আমার পুতুল গড়বার হাতুড়ি বাটালি নিয়ে টানাটানি কর কেন? হির হও, শোনো আর-একটা মজার কথা। ছেলেবেলায় তোমার বয়সে মিস্তি হবার চেটা করেছিল্ম একবার। বাবামশায়ের পাথির থাঁচা তৈরি হছে। থাঁচা তো নয়, ধেন মলির। বারালা জুড়ে সেই থাঁচা, ভিতরে নানারকম গাছ, পাথিদের ওড়বার যথেই জারগা, জল থাবার হুলর ব্যবহা, সব আছে ভাতে। চীনে মিস্তিরা লেগে গেছে কাজে; নানারকম কাঞ্চকাজ হছে কাঠের গায়ে। সারা দিন কাজ করে তারা টুক্টাক্ টুক্টাক্ হাতুড়ি বাটালি চালিয়ে; হুপুরে থানিককণের জত্যে টিফিন থেতে বায়, আবার এসে কাজে লাগে। আমি দেখি, শথ বায় অমনি করে বাটালি চালাতে। একদিন, মিস্তিরা থেমন রোজ বায় তেমনি থেতে গেছে বাইরে, এই কাকে আমি বনে হাতুড়ি বাটালি

নিয়ে যেই না মেরেছি কাঠের ওপর এক ঠেলা, এই দেখো সেই দাগ, বাটালি একেবারে বাঁ হাতের বুড়ো আঙুলের মাঝ দিয়ে চলে গেল অনেকটা অবধি। তথনি আমি বুড়ো আঙুল চ্যতে চ্যতে দে ছুট সেগান থেকে। মিপ্লিরা এদে কাজ করতে যাবে, দেখে কোঁটা কোঁটা রক্ত সে জায়গায় ছড়ানো। কী ব্যাপার, কে কী কাটল দ জানা কথা, বোফেটে ছাড়া এ আর কারোর কাজ নয়। বাবামশায় ডেকে বললেন, 'দেখি তোর আঙুল।' আমি তো ভয়ে জড়োলতো, না জানি আজু কী ঘটে যায় আমার কণালে।

কতরক্ম তৃষ্টবৃদ্ধিই জাগত তথন মাথায়। বাবামশায়ের আছে পোষা ক্যানারি, থাঁচাভরা। শথ গেল তাদের ছেড়ে দিয়ে দেখতে হবে কেমন করে ওড়ে। টুনিদাহেব, এক ফিরিদ্ধি ছোঁড়া, আসে প্রায়ই বাবামশায়ের কাছে প্রিরামপুর থেকে। পাথির শথ ছিল তার। মাঝে মাঝে স্থবিধেমত ছ-একটি দামি পাথিও সরায়। সেই সাহেব একদিন এসেছে; তাকে ধরে পড়লুম, 'দাও-না ক্যানারি পাথির থাঁচা খুলে। বেশ উড়বে পাথিগুলো। জাল আছে এথানে, আবার ওদের ধরা যাবে।' অনেক বলা-কওয়ার পর সাহেব তো দিলে থাঁচার দরজা খুলে। ফুর্ ফুর্ করে পাথিগুলো সব বেরিয়ে পড়ল— থাঁচা থেকে বাইরে, মহা আনন্দ। এবার তাদের ধরতে হবে, টুনিদাহেব জাল ফেলছে বারে বারে, কিছুতেই তারা ধরা দেয় না। শেষে দে তো জাল-টাল ফেলে দিয়ে চম্পট; ধরা পড়লুম আমি। এইরকম সব ইচ্ছে ছেলেবয়দে হত। ইচ্ছে হল কাঠবেড়ালির চলা দেখব, থরগোশের লাক দেখব, অমনি তাদের ঘরের দরজা খুলে দিতুম বাইরে বের করে। ইচ্ছে হত তো, করব কী, কী বলো জভিজিৎ প

ওকি ও, স্থাভাত, সোয়েটার এঁটে এসেছ এরই মধ্যে ? আমানের ছেলেবেলায় কাতিক মাসের আগে গরম কাপড়ের সিন্দুকই খুলত না ম্যালেরিয়া হলেও। সাদাসিধে ভাবেই মায়্য হয়েছি আমরা। তথন এত উলের ফ্রক, শার্টমাট, সোয়েটার, গেঞ্জি, মোজা পরিয়ে তুলোর হাঁদের মতো সাজিয়ে রাখবার চাল ছিল না। খুব শীত পড়লে একটা জামার উপরে আর-একটা শানা জামা, তার উপরে বড়োজোর একটা বনাতের ফতুয়া, এই পর্যন্ত। চীনেবাড়ির জুতো কথনো কচিৎ তৈরি হয়ে আসত— তা সে কোন্ আলমারির চালে পড়ে থাকত খবরই হত না, খেলাতেই মন্ত।

রাত্রে ঘুমোবার আগে দাসীয়া আমাদের থানিকট। তথ থাইয়ে মশারির

ভিতরে ঠেলে দিয়ে থাবড়ে থ্বড়ে গুইয়ে চলে যেত। তাদেরও আবার निष्कामत अकरी एक हिल। बाजिबर्यना मानीबा नव अकमत्म राम, वाबानाम একটা লম্বা দোলনা ছিল, তাতে বদে গল্পগুলব হাসিতামাশা করত। আন্দির্ডি আদত রাত্রে, দে যা চেহারা তার— কপালজোড়া সি হুর, লাল টক্টক্ করছে, গোল এত্ত বড়ো মুখোশের মতো মুখ, ষেন আহলাদী পুতুলকে কেউ কালি মাথিয়ে ছেড়ে দিয়েছে। দেখতে যদি তাকে রাত্তিরবেলা। সেই আন্দির্ডি দক্ষিণেশ্বর থেকে আসত মায়েদের শ্রামা-সংগীত শোনাতে, আর পয়সা নিতে। তার গলার স্থর ছিল চমৎকার। সে ধথন চাঁদের আলোতে বারান্দার দোলনাতে চুল এলিয়ে বদে দাসীদের সঙ্গে গল্প করত, মশারির ভিতর থেকে ঝাপসা ঝাপসা দেখে মনে হত, যেন সব পেত্রী, গুজুগুজু ফুস্ফুস করছে। তথন ওই একটা শব্দ ছিল দাসীদের কথাবার্তার— গুজ্গুজ্ ফুস্ফুস্। বেশ একটু স্পষ্ট স্পষ্ট কানে আগত। ঘুমই হত না। মাঝে মাঝে আমি কুঁই কুঁই করে উঠি, পর্বাদী ছুটে এদে মশারি তুলে মুথে একটা গুড়-নারকেলের নাড়ু, তাদের নিজেদের খাবার জন্মেই করে রাখত, সেই একটি মুথে গুঁজে দেয়; বলে, 'ঘুমো।' নারকেল-নাডুটি চ্ষতে থাকি। পল্লাদী গুনু গুনু করে ছড়া কাটে আর পিঠ চাপড়ায়; এক সময়ে ঘুমিয়ে পড়ি। তার পরে এক ঘুমে রাত কাবার। তুমি তো অম্বকার রাত্রে রান্তায় ভূতের ভয় পাও; আমার পদ্মদাসী আর আন্দির্ড়িকে দেখলে কীকরতে জানি নে। হুজনের ঠিক এক চেহারা। আন্দির্ড়ি ছিল কালোরঙের আহলাদী পুতৃল, আর আমার পদ্মদাদী ছিল যেন আগুনে বলদানো পদ্মফুল।

ভালো লাগত আমার তুজনকেই। তাই ভাবের কথা এখনো মনে পড়ে। কেই আমাকে মাহ্য করা পদ্মদানীর শেষ কী হল শোনো। একদিন সকালে দাড়িয়ে আছি ভেতলায় সিঁড়ির রেলিং ধরে; সিঁড়ি বেয়েও তথনো নামতে পারি নে দোতলায়। আমি দাড়িয়ে দেখছি তো দেখছিই। মন্ত বড়ো সিঁড়ির ধাপ ঘূরে ঘূরে নেমে গেছে অন্ধন্ধার পাতালের দিকে। এমন সময়ে শুনি লেগছে মুটোপুটি রগড়া পদ্মদানীতে আর মা'র রসদাসীতে দোতলায় সিঁড়ির চাতালে এই হতে হতে দেখি রসদাসী আমার পদ্মদানীর চূলের মুঠি ধরে দিলে দেয়ালে মাথাটা ঠুকে। ফটাদ করে একটা শব্দ শুনল্ম। তার পরেই দেখি পদ্মদানীর নাথা মুখ বেয়ে রক্ত গড়াচ্ছে। এই দেখেই আমার চীৎকার, 'শামার দাসীকে

মেরে ফেললে, মেরে ফেললে। পদ্দাদাসী আমার কারা শুনে মৃথ তুলে তাকালে। আলুথালু চূল, রক্তমুখী চেহারা, চোধ ছুটো কড়ির মতো শাদা। তার পর কী হল মনে নেই। থানিক পরে পদ্দাদাী এল, মাথায় পটি বাঁধা। আমায় কোলে নিয়ে ছুধ খাইয়ে দিয়ে চলে গেল। সেই যে আমার কাছ থেকে গেল। আর এল না। শুনলুম দেশে গেছে।

তথন গরমি কালটা অনেকেই গন্ধার ধারে বাগানবাড়িতে গিয়ে কাটাতেন।
কোনগরের বাগানে বাবামশায় ধাবেন, ঠিক হল। মা পিদিমা দবাই ধাবেন;
সঙ্গে যাব আমি আর দমরদা। দাদা থাকবেন বাড়িতে; বড়ো হয়েছেন, স্কুলে
যান রোভ, বাগানে গেলে পড়ান্ডনোর ক্ষতি হবে। আমার আনন্দ দেখে কে।
কাল দকালবেলায় যাব, কিন্তু রাত পোহায় না। খুমোব কী, দারা রাত ধরে
ভাবছি কখন ভোৱ হয়।

বাবানশার ওঠেন রোজ ভোর চারটের সময়ে। উঠে হাতম্থ ধ্য়ে সিঁ ডির উপরে ঘড়ির ঘরে বদে কালী সিংহের মহাভারত পড়েন, সদে থাকেন ঈশ্বরবার। ওই একটি সময়ে আমরা বাবামশায়ের কাছে যেতে পেতুম। চাকররা আমাদের ভোর না হতে তুলে হাতম্থ ধুইয়ে নিয়ে আমত বাবামশায়ের কাছে। তিনি পড়ভেন, আমাদের ভনতে হত। এই গল্ল শোনা দিয়ে শিক্ষা ভক্ত করেছি ভখন। কোনো-কোনোদিন ভালো লাগে গল্ল ভনতে, কোনোদিন ঘৄয়ে চোথ জড়িয়ে আসে। মাঝে মাঝে বাবামশায় খানিকটা পড়ে সমরদাকে পড়তে দেন। বলেন, 'নাও, এবার তুমি পড়ো।' সমরদা সেই মন্ত মোটা মহাভারতের বই হাতে নিয়ে বেশ গড় গড় করে পড়ে যান। আমাকে কিন্ত বাবামশায় কোনোদিন বলতেন না পড়তে। বললে কী মুশকিলেই পড়ত্ম তখন বলো তো। এখন কোনগরে তো যাওয়া হবে— কত দেরি কয়েছিল দেদিন সকালটা আসতে। যেমন রামলাল ডাকা 'ওঠো', অমনি তড়িঘড়ি বিছানা থেকে লাফিয়ে পড়ে ভাড়াভাড়ি হাতম্থ ধুয়ে ইজের কামিজ বদলে তৈরি হয়ে নিলুম। লোকজন আগেই চলে গেছে বাগানে। এবার আমরা যাব। শায়া জুড়িঘোড়া জোভা মন্ত ফিটন দাড়ালো দেউড়িতে ভোর পাচটায়। আমরা উঠলুম তাতে।

বাবামশায় বসলেন পিছনের সিটে, আমাদের বিদিয়ে দিলেন সামনেরটায়।
ছু পাশে বসলেন আরো ছুজন, পাছে আমরা পড়ে যাই। বেকালের গাড়িগুলির
ছু পাশ থাকত খোলা— একটুতেই পড়ে ধাবার সম্ভাবনা। মা পিসিমা আগেই

রওনা হয়েছেন বন্ধ আপিদগাড়িতে। আমাদের ফিটনের পিছনে ছই-ছই সহিস হাকছে পঁইন পুইম; ঘোড়া পা ফেলছে টগ্ৰগ্টগ্ৰগ্। গাড়ি চলতে লাগল জোডাসাঁকোর গলির মোডে শিবমন্দির পেরিয়ে। বড়ো রাস্তার তেলের আলোগুলি তথনো জনছে, চার দিক আবছা অন্ধকার। ঘুমন্ত শহরের মধ্যে দিয়ে গন্ধার উপরে হাওডার পুলের মথে এলম। দর থেকে দেখি পুলের উপরে উঁচু ছটো প্রকাণ্ড লোহার চাকা, তার আর্থেক দেখা ঘাচ্ছে। হাওড়ার পুল দেখি শেই প্রথম, আমি তো ভয়ে মরি। ওই চাকা দুটোর উপর দিয়েই গাড়ি যাবে নাকি ? যদি গাড়ি পড়ে যায় গড়িয়ে গন্ধায় ? যতই গাড়ি এগোয় ততই ভয়ে ত হাতে গাড়ির গদি শক্ত করে ধরে আঁটদাঁট হয়ে বসি, শেষে দেখি গাড়ি ওই চাকা হুটোর মাঝখান দিয়ে চলে গেল। চাকা হুটোর মাঝখানে যে অমনি . সোজা রান্তা আছে গাড়ি যাবার, তা ভাবতেই পারি নি আমি তথন। হাওড়ার পুলের অপর মুখে টোলঘর পেরিয়ে এগিয়ে বেতে লাগলুম, বড়ো বড়ো গাছের নীচ দিয়ে, গাঁয়ের ভিতর দিয়ে— গাঁগুলি তথনো জাগে নি ভালো করে, মাকডশার জালের মতে। ধে ায়ার মধ্যে দিয়ে অস্পষ্ট দেখা যাচ্ছে। তার মাঝ দিয়ে চলেছি আমরা। কথনো-বা থেকে থেকে দেখা যায় গন্ধার একট্থানি; ভাবি বৃঝি এনে গেলুম বাগানে। আবার বাঁক ঘুরতেই গদা ঢাকা পড়ে গাছের ঝোপের আড়ালে। শালকের কাছাকাছি এনে কী স্কন্মর পোড়ামাটির গন্ধ পেলুম। এখনো মনে পড়ে কী ভালো লেগেছিল সেই সোঁদা গন্ধ। সেদিন গেলুম ওই রান্তা দিয়েই বালিতে; কিন্তু দেই চমৎকার পল্লীগ্রামের স্থপন্ধ পেলম না। সেই শালকেকে চিনতেই পারলম না। শহর থেন পাডাগাঁকে চেপে মেরেছে। - আন্দেপাশে গলিঘুঁজি, নর্দমা। মাঝরাস্তায় ঘোড়া বদল করে আবার অনেকক্ষণ ধরে চলতে চলতে পৌছলম স্বাই কোরগরের বাগানে। তথন মোটরগাড়ি ছিল না যে এক ঘণ্টায় পৌছে দেবে শহর থেকে বাগানে। দে ভালো ছিল, ধীরে ধীরে কত কী দেখতে দেখতে যেতম। গাঁয়ের মেয়েরা পুকুরদাটে গাঁ হতে নেমেছে, পাঠশালায় চলেছে ছেলেরা দক দক লাল রাস্তা বেয়ে, মাঝে মাঝে এক-একথানা হাটুরে গাড়ি চলে যাচ্ছে আমাদের গাড়ি বাঁচিয়ে শহরের দিকে। কোন এক বুড়োমাত্বৰ ঘরের দাওয়ায় উবু হয়ে হুঁকো টানছে। মূদির দোকানে মৃদি ঝাঁপ তুলছে। বাঁশঝাড়ে সকালের আলে। ঝিলমিল করছে; একটি ছুটি পাঁডকাক ডাকছে সেখানে। রথতলায় রখটা খাডা রয়েছে। এমনি কত কী

স্থানর স্থানর দুখা। হঠাং দেখা দিল ধানখেতের প্রকাণ্ড সবৃজ্ঞা, তার পরই কোংরতের ইটখোলা— দেখানে পাছাড়ের মতো ইটের পাঁজায় আগুন ধরিয়েছে, তা থেকে ধোঁয়া উঠছে আন্তে আন্তে আকাশে। তার পরই কোনগরের বাগান আমাদের। ছ-থাক চালুর উপরে শাদা ছাট্ট বাছিখানি। উত্তর দিকে মস্ত ছাতার মতো নিচু একটি কাঁঠালগাছ। বাগানবাড়ির সামদে দাঁড়িরে বুড়ো চাটুজ্জেমশাই— শাদা লখা পাকা দাড়ি, মাথায় রুটি বাধা, হাতে একটি গেটেবাশের লাঠি, ধব্ধবে গায়ের রঙ্জ, বেন মুনিঝ্যি। আমাদের কোলে করে গাড়ি থেকে নামিয়ে নিলেন।

গন্ধার পশ্চিম পারে আমাদের কোরগরের বাগান, ও পারে পেনিটির বাগান, জ্যোতিকাকামশায় দেখানে আছেন। কোনোদিন এপার থেকে বাবামশায়ের পানিসি বায়, কোনোদিন-বা ওপার থেকে জ্যোতিকাকামশায়ের পানিসি আসে; এমনি যাওয়া-আসা। বন্দুকের আওয়াজ করে সিগ্নেলে কথা বলতেন তাঁয়া। একবার আমায় দাঁড় করিয়ে আমায়, কাঁধের উপর বন্দুক রেথে বাবামশায় বন্দুক ছোঁড়েন, কোরগরের বাগান থেকে ও পারে। জ্যোতিকাকামশায় বন্দুকের আওয়াজে তার সাড়া দেন। কানের কাছে বন্দুকের ওড়ুম অড়ুম আওয়াজ—ভালি চলে বায় কানের পাশ দিয়ে, চোথ বুজে শক্ত হয়ে দাঁড়িয়ে থাকি। বাবামশায়ের ভয়ে টুঁশয়টি করি নে। আদলে আমায় সাহদী করে ভোলাইছিল তাঁর উদ্দেশ্য; কিন্তু তা হতে পেল না।

বাবামশান্ত্রের গাঁতারেও থুব আনন্দ। গাঁতরে তিনি গদা পার হতেন। আমাকেও গাঁতার শেথাবেন: চাকরনের গুকুম দিলেন, তারা আমার কোমরে গামছা বেঁধে জলে ছুঁড়ে ছুঁড়ে দেয়। গাঁতার দেব কি, ভয়েই অধির। কোনো-রকম করে আঁচড়ে পাঁচড়ে পাড়ে উঠে পড়ি।

একটি ভারি স্থন্দর ছোট্ট টাটুঘোড়ার গাড়ি। সেটি ছিল ছোটোলাট সাহেবের মেমের; নিলামে কিনেছিলেন বাবামশার। সে কি আমাদের জন্তে পূ মোটেও তা নয়। কিনেছিলেন মেয়েদের জন্তে; স্বনয়নী বিনয়িনী গাড়িতে চড়ে বেড়াবে। কোলগরে সেই গাড়িও বেত আমাদের জন্তে। ছোট্ট টাটুঘোড়ার গাড়িতে চড়ে আমরা রোজ সকালে বেড়াতে খাই। বাগানের বাইরেই কুমোর-বাড়ি— চাকা ঘুরছে, দলে সন্দে খুরি গেলাদ তৈরি হচ্ছে। ভারি মজা লাগত দেখতে; ইচ্ছে হত ওদের মতো চাকা ঘুরিয়ে অমনি খুরি গেলাদ তৈরি করি।

মাঝে মাঝে বড়ো ছুড়িঘোড়া হাঁকিয়ে আসেন উত্তরপাড়ার রাজা। আমার টাটুঘোড়া ভয়ে চোথ বুজে রান্তার পাশে এসে দাঁড়ায়। জুড়িগাড়ির ভিতরে বদে বৃদ্ধ ডেকে জিজ্জেন করেন, 'কার গাড়ি যায়? কার ছেলে এরা?' চোথে ভালো দেখতে পেতেন না। সঙ্গে যারা থাকে তারা বলে দেয় পরিচয়। জনে তিনি বলেন, 'ও, আচ্ছা আচ্ছা, বেশ, এসেছ তা হলে এখানে। বোলো একদিন যাব আমি।' তাঁর জুড়িঘোড়া টগ্বগ্ করতে করতে ভীরের মতো পাশ কাটিয়ে চলে যায়— আমার ছোট্ট টাটুঘোড়া তার দাশটের পাশে থাটে। হয়ে পড়ে। দেখে রান্তার লোক হাদে। যেমন ছোট্ট বাবু তেমনি ছোট্ট গাড়ি, ছোট ঘোড়াটি— দহিদটি থালি বড়ো ছিল, আর সঙ্গের রামলাল চাকরটি।

কোনগরে কী আনন্দেই কাটাতুম। দেখানে কুলগাছ থেকে রেশমি গুটি জোগাড় করে বেড়াতুম তুপুরবেলা। প্রজাপতির পারে স্থতো বেঁধে ওড়াতুম ঘুদ্ধির মতো। সম্বেবেলা বাবামশায়, মা, সবাই, ঢালুর উপরে একটি চাতাল ছিল, তাতে বদতেন। আমরা বাগানবাড়ির বারান্দার সিঁড়ির ধাপে বনে থাকতম গন্ধার দিকে চেয়ে— দামনেই গন্ধা। ঠিক ওপারটিতে একটি বাঁধানো ঘাট; তিনটি লাল রভের দরজা -দেওয়া একতলা একটি পাকা ঘর। চোথের উপর স্পষ্ট ছবি ভাদছে; এখনো ঠিক তেমনি এঁকে দেখাতে পারি। চেয়ে থাকি সেই ঘাটের দিকে। লোকেরা চান করতে আসে; কথনো-বা একটি হুটি মেয়ের মুখ দরজা খুলে উকি মারে, আবার মুখ সহিয়ে দরজা বন্ধ করে দেয়। আর দেখি তরতর করে গন্ধা বয়ে চলেছে। নৌকো চলেছে পরপর—কোনোটা भाज जुल, दकारनां है। शीरत, दकारनां है। न्या टकारत छ-छ करत। यानिन भनात উপরে যেঘ করত দেখতে দেখতে আধবানা গঙ্গা কালো হয়ে যেত, আধবানা গঙ্গা শাদা ধব্ধব্ করত: দে কী যে শোভা! জেলেডিঙিগুলো দব তাড়াতাড়ি খাটে এদে লাগত ঝড ওঠবার লক্ষণ দেখে। গন্ধা হয়ে যেত থালি। যেন একথানা কালো-শাদা কাপড় বিছানো রয়েছে। এই গন্ধার দৃশ্য বড়ো চমৎকার লাগত। গলার আর-এক দৃত্য, দে আন্যাতার দিনে। দলের পর দল নৌকো বজরা, তাতে কত লোক গান গাইতে গাইতে, হলা করতে করতে চলেছে। ভিতরে ঝাড়লঠন জনছে, তার আলো পড়েছে রাতের কালো জলে। রাত জেগে খড়খড়ি টেনে দেখতুম, ঠিক খেন একথানি চলত ছবি।

এমনি করে চলত আমার চোথের দেখা সারাদিন ধরে। রাত্তে যথন

বিছানায় যেতুম তথনো চলত আমার কল্পনা। নানারকম কল্পনায় ভূবে থাকত মন; স্পষ্ট যেন দেখতে পেতৃম পব চোধের সামনে। খুড্থড়ির সামনে ছিল কাঁঠালগাছ। জ্যোৎস্না রাভির, চাঁদের আলোয় কাঁঠালতলায় ছায়া পড়েছে ঘন অন্ধকার! দিনের বেলায় চাটুজেনশায় বলেছিলেন, আল রাভিরে কাঁঠালতলায় কাঁঠবেড়ালির বিয়ে হবে। রাত জেগে দেখছি চেয়ে, কাঁঠালতলায় যেন সভি্য কাঁঠবেড়ালির বিয়ে হচ্ছে, খুদে খুদে আলোর মশাল জালিয়ে এল তাদের বর্ষাত্রী বরকে নিয়ে, মহা হৈ-চৈ, বাছ্মভাও, দৌড়োদোড়ি, হল্মুলু ব্যাপার। সব দেখছি কল্পনায়। কাঁঠালতলায় যে জোনাকি পোকা জনতে তা তথন জ্ঞান নেই।

সেই দেবার কোন্নগরে আমি কুঁড়েঘর আঁকতে নিথি। তথন একটু আধটু পেন্সিল নিয়ে নাড়াচাড়া করি, এটা ওটা দাগি। বাগান থেকে দেখা ষেত কয়েকটি কুঁড়েঘর। কুঁড়েঘরের চালাটা যে গোল হয়ে নেমে এসেছে তা তথনই দক্ষ্য করি। এর আগে আঁকতুম কুঁড়েঘর— বিলিতি ডুইং-বইয়ে যেমন কুঁড়েঘর আঁকে। দাদাদের কাছে শিখেছিল্ম এক সময়ে। বাংলাদেশের কুঁড়েঘর কেমন তা সেইবারই জানলুম, আর এ পর্যন্ত ভুল হল না।

কোরগরে কতরকম লোক আসত। এক নাপিত ছিল, সে পোষা কাঠবেড়ালির ছানা দিড; থালি বাবৃইয়ের বাসা ছোগাড় করে এনে দিত।
কোনোদিন বছরূপী এসে নাচ দেখাত। কত মজা। কিছু কিছু পড়াওনোও
করতে হত, ভধু থেলা নয়। গোকুলবাবু পড়া নিতেন আমাদের, বাংলার
ইতিহাস মুখছ করাতেন। টেবিলের উপরে একটি কাচের গেলাসে আফিমের
বড়ি ভিজ্ঞছে, জলটা লাল হয়ে উঠেছে; ওদিকে মা, ওঁরা বারান্দার বাইরে ছোটো
চালাঘরে রামা করছেন। বাবামশায়েরা কাঁঠালতলায় গল্পগুল করছেন, চৌকি
পেতে বসে। আমরা মুখছ করছি বাংলার ইতিহাসে সিরাজদৌলার আমল।
একদিন রীতিমত প্রশ্ন লিখে বাবামশায়ের সামনে আমাদের পরীক্ষা দিতে হল;
সেই পরীক্ষার জানো আমি ফার্ফ প্রাইজ পেয়ে গিয়েছিল্ম স্মর্লাকে টেকা
দিয়ে, চালাকি নয়। পেয়েছিল্ম মন্ত একটা বিলিতি অর্গ্যান বাজনা, এখনো
তা আছে আমার কাছে। গানও শিবেছিল্ম তথন একটি ওই ব্ডো চাটুজ্জেন

হার হর সাহেব বেলাকর্, আমি গাই দৌব, তুই বাছুর ধর্।

ওটি শিষ্ট বাছুর, গুঁতোয় নাকো— কান ঘুটো ওর মৃচড়ে ধর্। হায় রে সাংহব বেলাকর্॥

এই আমার প্রথম গান শেখা। ব্লাক্টয়র সাহেব রোজ ঘোড়ায় চড়ে বেড়িয়ে ফেরবার সময় গয়লাবাড়ি গিয়ে গয়লানীর কাছে এক ণো করে হ্ধ বেতেন। পাড়ার লোকে এই দেখে তাঁর নামে গান বেঁধেছিল।

¢

ভোড়াদাঁকোর হুটো স্বভন্ত বাড়িই তো এখন দেখছ? আদল জোড়াদাঁকোর বাড়ি এবার বুঝে দেখো। দে ছেলেবেলার জোড়াদাঁকোর বাড়ি তো আর নেই। হুটো বাড়ির একটা তো লোপাট হয়ে গেছে, একটা আছে পড়ে। আগে ছিল ছু-বাড়ি মিলিয়ে এক বাড়ি, এক বাগান, এক পুকুর, এক পাঁচিলে ঘেরা, এক ফটক প্রবেশের, এক ফটক বাইরে যাবার। যেমন এই উত্তরায়ণ, এক ফটক— ভিতরে উদয়ন, কোগার্ক, শ্রামলী, পুনশ্চ, উদীচী, সব মিলিয়ে এক বাড়ি, জোড়াদাঁকোর বাড়িও ছিল তেমনি। এক কর্তা ঘারকানাথ, তার পর দেবেজ্বনাথ, তার পর রবীক্রনাথ— এই তিন কর্তা পর পর।

অনেকগুলো ঘর, অনেকগুলো মহল, অনেকথানি বাগান জ্ডে ছই বাড়ি
নিলিয়ে একবাড়ি ছিল ছেলেবেলার জোড়াগাঁকোর ঠাকুরবাড়ি। এ বাড়ি ওবাড়ি বলতুম ম্থে, কিন্তু ছেলেবুড়ো চাকরবাকর সবাই আনতুম মনে, ত্থান বাড়ি
এক বাড়ি। কারণ, এক কর্তা ছিল; একই নম্বর ছিল, ৬ নং ঘারকানাথ ঠাকুরের
গলি। একই ফটক ছিল প্রস্থান-প্রবেশের। দেই একই তালাভাঙা লোহার থোলা
ফটক; তার এক ধারে একটি ব্ডো নিমগাছ, তার কোটরে কোটরে পাপছ্মা,
টুনটুনি পাথিদের বাসা; আর-এক ধারে একটি মাত্র গোলকটাপার গাছ, আগায়
ফুল গোড়ায় ফুল ফুটিয়ে। এই ফটককে খামমিত্রি মাবোৎসবের দিনে লোহার
কিরীট পরাত; তাতে আলোর শিথায় জলত 'একমেবাছিতীয়ন্'। ভ্রোড়াগাকো
নাম ছিল বাড়ির, ছটো বাড়িও ছিল বটে, কিন্তু ওই তুই সাকোর তলা দিয়ে যে
এক নদীর স্রোত বইত; সে দিন আর নেই, সে বাড়িও আর নেই।

এক ঘন্টা পড়ত ও-বাড়িতে সকাল ছটায়। এ-বাড়িতে উঠতুম সেই শন্ধ তনে চাকর-দানী, ছেলে-মেয়ে, মনিব, দবাই। সাতটার ঘন্টা পড়ত, তথন যে ষার কাজে লাগতুম। এমনি নটা দশটা সাড়ে-দশটা বাজল, কাছারি খুলল, আমরা থেরেদেয়ে স্থলে গেল্ম। তার পর আবার ঘণ্টা পুড়ত বেলা তিনটেয়। স্থলের গাড়ি ফিরত, বৈকালিক জলমোগের ব্যবস্থা হত, হাওয়া থেতে যাবার জত্যে গাড়ি জোড়া হত, আমরা খেলা জ্ড়তুম বাগানে ছুটোছুটি। এমনি চলত নটা পর্যন্ত। এই এক ঘণ্টার শব্দ হুটো বাড়ির সব লোককে যেন চালাছে। রাত নটায় ঘণ্টা বাজত নিজার সময় এল এই কথা জানিয়ে। এই ছিল তখন। ছুমি কি ভাবছ সামাল্র বাড়ি ছিল । হারিয়ে যাবার ভয় হত এ-ঘর খুরে আগতে। তখনকার দিনে মহল ভাগ করে বাস করার প্রথা ছিল। মোটামুটি বড়ো ভাগ ছিল অন্দরমহল আর বারমহল; তার ভিতরে আবার ছোটো ছোটো ভাগ— বারাবাড়ি, গোলাবাড়ি, পুজোবাড়ি, গোয়ালবাড়ি, আহ্বাবনাড়ি, এমনি কত বাড়ি। তার মধ্যে আবার কত ঘর ভাগ— ভিপ্তিখানা, তোশাখানা, বার্তিখানা, নহবতখানা, দপ্তরখানা, কাছারিখানা, স্থল্ব, নাচ্যর, দরদালান, দেউড়ি; যেন অনেক খানাখন নিয়ে একটা ভয়াট ছুড়ে একখানা ব্যাপার।

তেওলায় অন্দরমহল, দোওলায় বারান্দা। একওলার দ্বিল-পশ্চিম দিকে দপ্তরখানা, দ্বিল-পূব দিকে ছোটোপিনেমশায়ের আপিন্দর। তিনি লম্বা-একটা থাতায় ভায়েরি লিথেই যাছেন— পাশে গিয়ে দাঁড়াই, একবার তাকিয়ে আবার লেখায় মন দেন। বলেন, 'কী, এদেছিল? আছো।' বলে একম্ঠোপাতলা পাতলা লঙ্গেগ্রুদের মতো ওয়েফার হাতে দিয়ে বিদেয় করেন, বলেন, 'দেখিন, খান নে যেন।'

মাঝখানে যে বড়ো হলঘরটা সেটা তোশাখানা। তোশাখানা চাকরদের আড়োঘর। বাবামশায়ের গোবিন্দ চাকর তোশাখানার সর্দার। অন্ত চাকররা তাকে ভয় করে চলে। দাদার গদাধর চাকর— এমন বজ্জাত দে, তাকে যা ভয় করি সবাই! দারুণ প্রহার করে আমাদের। চেহারাও তেমনি, নর্মাল স্কুলের লক্ষ্মীনারায়ণ পতিতের মতো ভীষণ। বাড়ির পুরানো চাকর। একবার দেশে গেল, আর ফিরে এল না। কী হল গদার, সে আসছে না কেন? গদাবলেই ডাকত স্বাই তাকে। শোনা গেল মারা গেছে দে; বুড়ো হয়েছিল, মাঠেই মরে পড়ে ছিল, শেয়াল তাকে থেয়ে সাফু করে ফেলেছে। শিশুমন, তার দৌরাজ্বতেই অস্থির ছিল সারাক্ষণ, মনে মনে ভাবলুম, বেশ হয়েছে, যেমন আমাদের মারত, আপদ পছে।

সমরদার চাকর হুর্গাদাস। আমার রামলাল, ভালোমাহ্য সে। প্রদাসী চলে ঘেতে রামলাল বুহাল হয় আমার কাজে। রমানাথ ঠাকুরের থাস চাকর ছিল আগে। তিনি চাকর রাথতেন নরম হাত দেথে। গায়ে তেল মাথাতেন বোধ হয়; কড়া হাত গায়ে লাগলেই ধমকে উঠতেন, 'বাং যাং, এ যেন গায়ে থড়রা মাজছে।' রামলালের হাত ছিল নরম। কী কারণে তাকে ছেড়ে দিয়েছিলেন জানি নে; বোধ হয় দেশে গিয়ে ফিরতে দেরি করেছিল। যা হোক, আমি তো পড়লুম তার চার্জে। সব ছেলেদের একটি করে চাকর থাকে। তারাই যেন মার্গার। আদবকায়দা শেথায়, চোঝে চোঝে রাথে। কারণ, ছেলেরা কিছু করলে দোঘ চাকরদেরই। চাকরদের কাছেই জিম্মে থাকেছেলেদের এক-একজনের এক-একটি আলমারি, তাতে যার যার কাপড়জামা, থালাবাদন, ব্যবহারের যাবতীয় বস্ত। চাবিও থাকে চাকরদের কাছেই। দরকারমত বের করে দেয়, আবার ধুয়ে মুছে দাফ করে তুলে রাথে। তুধ থাবার বাটিও থাকে বাড়ির ভিতরে দানীর কাছে।

তোশাখানা তথু চাকরদের থাকবার জন্তে, বেয়ারারা থাকে জন্ত দিকে। ঘরের উদ্ভরে দক্ষিণে তু দিকে তু সারি আলমারি কাপড়ে বাসনে বোঝাই। পুবে পশ্চিমে কয়েকথানা বড়ো বড়ো তক্তা পাতা, তক্তার মার্যথানে একটি করে বাল্ম বাসনা। ভালা খুলে দেখি, তাদের থেলার দাবার ছক, তাস, আয়না, চিরুনি, এই-সব নানা জিনিসপত্রে ভরা। সেই তক্তার উপরেই মাহর বালিশ বিছিয়ে তারা ঘুমোয়। আবার কোনো-কোনোদিন দেখি, বাবান্মশায়দের বৈঠক ভাঙলে তারা ফিটফাট বাবু সেজে কপোর ট্রেতে করে সোভা লেমনেভ থায়, রুপোর পেয়ালায় চা পান করে। বাবুদের আড্ডা ভাঙলে তাদের আড্ডা ভরু হয়।

সে বয়সে চাকরদের তোশাখানায় যখন-তথনই যেতে পারি, সেখানে যাবার আমার ফ্রী লাইসেল, কেউ বারণ করে না। রামলাল বলে, 'এনেছ? আছো, থাকো এখানেই।' তাদেরই তেল-চিটচিটে বালিশ মাথায় দিরে তথ্য পড়ি। পাশে রামলাল বসে বাবামশায়ের ধুতি পাট করে দেখি, দেখতে দেখতে ধুতি চুনট করে যখন ছেড়ে দেয় ফুলের মতো ছড়িয়ে পড়ে।

তোশাথানার পাশে উত্তর দিকটায় ভিত্তিথানা। চানের ঘরে যেতে হয় ভিত্তিথানার ভিত্তর দিয়ে, বড়ো হয়েছি, নাতে পড়েছি; এথন তে। আর বারান্দায় বদে হাতম্থ ধুলে চলবে না। চাকর ভরিবত শেথাছে। সকালে উঠে চানের ঘরে গিয়ে হাতম্থ ধোরা অভ্যেদ করতে হছে। একটিই চানের ঘর নীচে। দাদারা চুকছেন এক-এক করে। তাঁদের শেষ না হলে তো আর আমি চুকতে পারি নে। অপেক্ষা করছি ভিত্তিখানায়। খুব ভোরেই উঠতে হয় আমাদের। বদে বদে দেখছি।

বিশেশর হুঁ কোবরদার, কোন্ রাত থাকতে গুঠে সে। বাবামশায়ের বৃদ্ধ্বরোরা আর বিশেশর এই হুজনে ওঠে দকলের আগে। বাবামশায়ের ছিল খুব ভোরে গুঠা অভ্যেদ। বলেছি ভো, তিনি কত ভোরে উঠে হাতমুখ ধুয়ে রামায়ণ পড়তে বসতেন। বৃদ্ধু উঠে বাবামশায়ের ঘর খুলে দিত, বিশেশর ফরিদ সাজিয়ে নিয়ে উপস্থিত করত। তা দেই ভিণ্ডিখানার বদে দেখছি, একপাশে ঘারকামাথ ঠাকুরের আমলের পুরোনো একটা টেবিল, খানকয়েক ভাঙা চেয়ার। টেবিলের উপরে বিহেবিয়াদের একটা ছবি, দাউদাউ করে আগুল উঠছে মুখ দিয়ে। ভামাক সাজবার ঘর, আগুনের ছবি থাকবে দেখানে। পুরোনো কালের ভালো আয়েলপেন্টিং। অত ভালো আয়েলপেন্টিং ওরকম করে ফেলে রেথেছিল, তখন অতটা মূল্য বৃঝি নি। তা, বিশেশর ভো সেই টেবিলের উপরে ধুয়ে মুছে পরিকার করে সারি সারি ফরিদি সাজিয়ে রেথেছে। দিনরাত সে ওই ভিণ্ডিখানাভেই থাকে, সময়মত ভাষাক বদলে বদলে দেয়। তার কাজই ভাই।

এই বিশেশরই আমাদের তামাক খেতে শিথিয়েছে; বড়ো হয়েছি—
বিশেশর গিয়ে মার কাছ থেকে অনুমতি নিয়ে এল। বললে, 'বাবুরা বড়ো
হয়েছেন, তামাক না থেলে চলবে কেন ?' মা বললেন, 'তা, ওরা থেতে চায়
তো থাওয়া।' বাড়ির বাবুরা তামাক না থেলে তারও যে চাকরি থাকে না।
নানারকম করে সেজে আমাদের তামাক অভ্যেস ধরিয়েছে, প্রথম দিন তো
একবার নল টেনেই কেশে মরি। সে আবার শেথায়, 'এ রকম করে আতে
আতে টাহন। অমন তড়াক করে টানলে তো কাশি উঠবেই।

তা ওই ভিত্তিথানাও ছিল একটা দম্ভরমত আড্ডার জারগা। মণিথুড়ো, নিরুদাদা, ঈথরবাব, বাড়ির বড়ো ছেলেরা যারা ভাষাক থাওয়া দবে শিথছেন, সকলেই থুরে ফিরে আদতেন। ঈথরবাব প্রতিদিন সকালে বাবামশায়ের কাছে বদে রামায়ণ পড়া শোনেন। বামায়ণ শেষ হয়ে গেলে বুড়ো একটি লাঠি হাতে নিয়ে ঠকাদ ঠকাদ্ করে সিঁড়ি দিয়ে নেমে আদেন নীচে ভিত্তিথানায়। এসেই একটা ভাঙা চৌকিতে বদে বলেন, 'বিশেষর।' বিশেষরের তৈরিই থাকে সব। 'এই-যে বাবু' বলে হুঁকোটি হাত বাড়িয়ে ধরলে। ঈশরবাবু তা হাতে নিয়ে ফক্ ফক্ করে কমেকবার ধুঁয়ো ছেড়ে ছুঁকোটি ফিরিয়ে দিয়ে পকেট থেকে কমাল বের করে তা থেকে একটি পয়না বিশেষরের হাতে দিয়ে বলেন, 'এই নাও।' বিশেষর দেটি পকেটে রাখে। ঈশরবাবু খোঁড়াতে থোঁড়াতে চলে মান বাজারে। সন্দেবেলা যথন উপরে উঠে আসেন ভিগুখানা হয়ে, বিশেষর তথন আবার সেই একটি পয়দা ফেরত দেয় তাঁকে, তিনি তা কমালে বেঁধে রাখেন। রোজই দেখি, এক পয়দার লেন-দেন চলে ঈশরবাত্ বিশেষরেতে। এর মানে কী, কে জানে তবন। সকালে ঈশরবাবু চলে গেলে আসেন মণিগুড়ো। 'কই বাবা বিশেষর, আছে কিছু ?' আজে, ইয়া ইয়া, নিন-না, এখনো আছে এতে।' বলে ঈশরবাবুর সেই ছুঁকোটি তার হাতে তুলে দেয়। তিনি আবার ফক্ ফক্ করে থানিক ধুঁরো ছাড়েন।

এই মণিথুড়ো আর বিশ্বেখরে একবার কেমন লেগেছিল শোনো। এখন, সামনে পুজো এসে গেছে, আর বেশি দেরি নেই। মণিখুড়ো বাবামশায়ের কাছে পার্বণী চেয়ে নিয়ে শথ করে বাছার থেকে একজোড়া কালো কুচ্কুচে বার্নিশ করা জুতো কিনে এনেছেন, পাথে দিয়ে পুজো দেখতে যাবেন। কাগজে মোড়া জ্তোজোড়া এনে ভিত্তিখানার এক কোনায় গুঁজে রেখে দিলেন- কী জানি চাকরবাকর কেউ যদি সরিয়ে ফেলে, এই ভয়। বিশেশর ঘরেই ছিল, দেখলে ব্যাপারটা— বাবু কী যেন এনে রাখনেন কোণে। মণিখুড়ো ভো জুভো রেখে তামাক থেয়ে চলে গেলেন অক্ত কাজে। বিশেশর এই ফাঁকে জুতোজোড়া বের করে নিয়ে সেই ঘরেই আর-এক কোণে লুকিয়ে রেখে দিলে। এ দিকে মণিখুড়ো ফিরে এসে জুতো আর পান না, ঘরের এ দিক ও দিক খুঁজে সারা, কোথাও জুতো নেই। বিশেষরকে জিজ্ঞেদ করেন, দে বলে, 'কী জানি বাবু, আমি एशि नि ७-मर। आमि शांकि आमात काटल राख। তবে की क्रान्नन, य आधन খেয়েছে তাকে কয়লা ওগরাতেই হবে। জুতো বাবে কোথায় ?' মণিখুড়ো বলেন, 'সে তো বুঝলুম, কিন্তু কে নিলে জুতোজোড়া ? শর্থ করে আনলুম পুজো দেখৰ বলে !' বিশ্বেশ্বর সে-সব কথায় কানই দেয় না মণিথুড়ো তাকে ভাকে আছেন। প্রদিন স্কালবেলা বিশেশর রোজকার মতে। বাবামশায়ের জন্ত ভামাক সাজতে; মণিথুড়ো এক কোনায় হ'কে হাতে বসে। বিশেশর কিসের

'জন্ত ঘেই-না একট ঘরের বাইরে গেছে, টেবিলের উপর ছিল সারি সারি কপোর মুখনল সাজানো, মণিখুড়ো তা থেকে বাবামশায়ের মুখনলটা সরিয়ে ফেললেন। 'বিশেধর ঘরে চুকল। মণিখুড়ো ও দিকে বদে হুঁকো হাতে ধোঁয়া ছাড়ছেন আর আতে আতে এ দিক ও দিক চাইছেন। বিশেশর তো তামাক সেজে গড়গড়ার নল গোলাপ জল দিয়ে, কাঠি দিয়ে, খুঁচিয়ে খুঁচিয়ে সাফ করে, মুখনল -পরাতে যাবে- মৃথনল নেই ! কী হবে এখন ? বিশ্বেশরের চক্ষুস্থির। কে নিলে বাবুর ফরসির মুখনল। অন্থির হয়ে খুঁজে বেড়াতে লাগল। এ দিকে বাবামশারের তামাক খাবার সময় হয়ে এসেছে। ঠিক সময়ে তামাক দিতে ্না পারলে মহা মুশকিল। মণিখুড়োকে জিছেন করে; তিনি বলেন, 'কই বাবা, দেখি নি কিছ। আমি তো এখানে বদে সেই থেকে হুঁকো থাছি। তবে কী জান, বে আগুন থেয়েছে তাকে কয়লা ওগরাতেই হবে। ভেবে কী করবে ? . এই দেখো-না কাল আমার কুভোজোড়াটি কেমন লোপাট হয়ে গেল। খুঁজে 'দেখো, পাবে হয়তো – যাবে কোথায় নল?' বিশেশর বললে, 'হ্যা, হ্যা, তা হলে খুঁজে দেখি। আপনার জুতোই বা ঘাবে কোথায় ?' বলে ঘরের এ কোনায় ও কোনায় খুঁজতে খুঁজতে এক জায়গা থেকে কাগজে-মোড়া জুভো বের করে - আনলে, বললে, 'বাবু, এই-যে আপনার জ্বতো পাওয়া গেছে।' মণিথুড়ো -বললেন, 'ওই-যে, ওই কোনায় তোমার মুখনল চক্চক্ করছে।' বিশেশর ভাড়াতাড়ি জুতো ফেরত দিয়ে মুখনল নিয়ে বাঁচে।

দেউভিতে দরোগানদের বৈঠক। মনোহর সিং বুড়ো দরোগান— মন্ত ক্ষা চওড়া, ফরসা গায়ের রঙ, ধব্ধব্ করছে শালা লাড়ি। সকালে সে এক দিকে থালি গায়ে লুজি পরে বলে দই দিয়ে দাড়ি মাজে, আর চার দিকে অন্ত দরোগানরা কুন্তি করে, ডায়েল উাজে। এক পাশে এক দরোগান একটা মন্ত গয়েরখরী থালাতে একতাল আটার মাঝখানে গর্ত করে তাতে থানিকটা মি চেলে মাথতে থাকে। সে এক পর্ব সকালবেলার দেউভিতে। এ দিকে মনোহর সিং দই দিয়ে দাড়িই মাজছে বলে বলে। ঘণ্টাখানেক এইভাবে মেজে বাঁ হাতে ছোট্ট একটি টিনের আয়না ম্বের সামনে ধরে, একরকম কাঠের চিফনি থাকত তার মুটতে গোজা, সেই চিফনি দিয়ে দাড়ি বেশ করে আচড়ে কাপড় জামা পরে কোমরে কেট বেঁধে, এক পাশে প্রকাণ্ড কাঠের সিন্দুক, তাতে তেওঁদ দিয়ে দোজাহু হয়ে যবন বলে ছ উক্তে ছ হাত রেথে, কী বলব, ঠিক যেন

-পাঞ্জাবকেশরী বদে আছে ঢাল-ভলোয়ার পাশে নিয়ে। শুভবেশ ভার, গলায় ন্মাটা মোটা আমডার আঁটির মতো সোনার করি, হাতে বালা, কোমরে গোঁজা বাঁকা ভোজানি, দে ছিল দেউড়ির শোভা। পশ্মের মতো শাদা লম্বা দাড়ি কী স্থন্দর লাগত। ছেলে-বদ্ধি-- দেখেই একদিন কী ইচ্ছে হল, হাত দিয়ে ধরে দেখব তা। বেই-নামনে হওয়াখপ করে গিয়ে তার দাভি চেপে ধরলম সুঠোর মধ্যে। মনোহর সিং অমনি গর্জন করে কোমরের ভোজালিতে হাত দিলে। আমি তো দে ছুট একেবারে দোতলায়। ভয়ে আর নামি নে একতলায়। প্রাণের ভিতর ধুক্ ধুক্ করছে, কী জানি কী অভায় বুঝি করে क्टिलिश । अरात आभाग महतायानिक क्टिंग्टें क्लिता । उकियुं कि मिरे, মনোহর দিং আমায় দেখতে পেলেই গর্জন করে ওঠে, আর আমার ভয়ে প্রাণ শুকিরে বায়। রামলাল আমায় শিথিয়ে দিলে, 'দাড়িতে হাত দিয়ে তমি ভারি দোষ করেছ। যাও, হাত জোড করে দরোয়ানজির কাছে ক্ষমা চেয়ে এদো। শেষে একদিন দেউভিতে গিয়ে ভয়ে ভয়ে অতি কাতর ভাবে হু হাত জোড করে কচলাতে কচলাতে বললুম, 'এ দরোয়ানজি, মাপ করো, আমার কন্তর হয়ে গেছে। আর এমন কাজ কথনো করব না।' মনোহর দিং মিটির মিটির হেদে ভারী গলায় বললে, 'আর করবে না তো? ঠিক ? আচ্চা, যাও।' মনোহর সিং-এর ক্ষমা পেয়ে তবে আমার ত্রাস কাটে, দোতলা থেকে নামতে পেরে ं वैं। हि ।

দেউড়িতে মাঝে মানারকম মজার কাও হত। একবার কে একজন এল, দে বাজি রেথে এক মন রসগোলা থেতে পারে। ঘোষাল ছিলেন থাইয়ে লোক। তিনি শুনে বললেন, 'আমিও থাব।' যে হারবে দশ টাকা দও দেবে। এ-বাড়ির ও-বাড়ির বত দরোয়ান এদে ভিড় করল দেউড়িতে। আমরাও ছেলেপিলেরা, গাড়িবারালায় ছিল সারি সারি গাড়ি সাজানো, কেউ তাতে উঠে, কেউ পাদানিতে দাড়িয়ে দেখতে লাগল্ম। মনোহর সিং-এর সামনে বদে গিয়েছে ছ্জন রসগোলা থেতে। ও দিকে এক পাশে মস্ত কড়াইয়ে হালুইকর এসে চাপালে রস; তাতে গরম গরম রসগোলা তৈরি হতে লেগেছে। একজন সমানে তাদের পাতে দেই রসগোলা তুলে দিছে, অগ্ররা গুনছে। ঘোষাল থেয়েই চলেছেন। যত রসগোলাই তার পাতে দেওয়া হয় নিরেট ভূঁড়িতে ভলিয়ে যায়। থেতে থেতে যথন বোলো গণ্ডা রসগোলা থাওয়া হয়েছে তথন

ঘোষাল ছপ্ ছপ্ করে হেঁচকি তুলতে লাগলেন। দেওয়ানজি ঘোগেশদাদা বললেন, 'আর নয়, ঘোষাল, হেঁচকি তুলে ফেললে, তোমারই হার হল।' ঘোষালমশায় হেরে দশ টাকা গুনে দিয়ে উঠে পড়লেন। অন্ত লোকটা শেষ অবধি পুরো পরিমাণ রসগোলা খেয়ে আধ কড়াই রস চুমুক দিয়ে টাকা ট'াকে গুলে চলে গেল।

হোলির দিনে এই দেউড়ি গম্গম্ করত; লালে লাল হয়ে যেত মনোহর দিং-এর শাদা দাড়ি পর্যন্ত। ওই একটি দিন তার দাড়িতে হাত দিতে পেতৃম আবির মাথাতে গিয়ে। দেদিন আর দে তেড়ে আদত না। এক দিকে হত দিদ্ধি গোলা; প্রকাণ্ড পাত্রে কয়েকজন সিদ্ধি ঘুঁটছে তো ঘুঁটছেই। ঢোল বাজছে গামুর গুমুর 'হোরি হ্যায় হোরি হ্যায়', আর আবির উড়ছে। দেয়ালে ঝুলোনো থাকত ঢোল, হোরির ছ-চার দিন আগে তা নামানো হত। বাবামশায়েরও ছিল একটি, সবুজ মথমল দিয়ে মোড়া লাল স্থভোর বাঁধা— আগে থেকেই ঢোলে কী সব মাথিয়ে ঢোল তৈরি করে বাবামশায়ের ঢোল বেত বৈঠকখানায়, দরোয়ানদের ঢোল থাকত দেউডিতেই। হোরির দিন ভোরবেলা থেকে দেই ঢোল গুরুগম্ভীর স্থরে বেজে উঠত; গানও কী দব গাইড, কিন্ত থেকে থেকে ওই 'হোরি হ্যায় হোরি হ্যায়' শব্দ উঠত। বেহারাদেরও দেদিন ঢোল বাজত: গান হত 'থচমচ থচমচ', বেন চড়াইপাথি কিচির কিচির করছে। আর দরোয়ানদের ছিল মেঘগর্জন; বোঝা যেত যে, হ্যা, রাজপুত-পাহাড়ীদের আভিজাত্য আছে তাতে। নাচও হত দেউড়িতে। কোখেকে রাজপুতানী নিয়ে আসত, সে নাচত। বেশ ভদ্র রক্ষের নাচ। আমরাও দেখতুম। বেহারাদের নাচ হত, পুরুষরাই মেয়ে দেজে নাচত, দে কিরকম অভুত বীভৎস ভঙ্গির, ছু হাত তুলে ছু বুড়ো আঙুল দেখিয়ে ধেই ধেই নাচ-আর ওই এক খচমচ খচমচ শন্ধ। উড়েরাও নাচত দেদিন দক্ষিণের বাগানে লাঠি খেলতে খেলতে। বেশ লাগত। উড়েদের নাচ আরম্ভ হল্লেই আমরাও ছুটতুম 'চিভাবাড়ি' দেখতে।

দোতলায় বাবামশায়ের বৈঠকথানায়ও হোলির উৎসব হত। সেথানে যাবার'

হকুম ছিল না। উকিয়ুঁকি মারতুম এ দিক ও দিক থেকে। আধ হাত উচু:

আবিরের ফরাদ। তার উপরে পাতলা কাপ্ড বিছানো। তলা থেকে লাল
আভা মুটে বের হচ্ছে। বন্ধুবান্ধব এমেছেন অনেক— অক্ষরবাবু তানপুরা হাতে

বদে, খামস্থানসভ আছেন। ঘরে ফুলের ছড়াছড়ি। বাবামশায়ের সামনে গোলাপভলের পিচকারি, কাচের গড়গড়া, তাতে গোলাপছলে গোলাপের পাপড়ি মেশানো, নলে টান দিলেই ছলে পাপড়িগুলো প্র্যামান করে। সেবার এক নাচিয়ে এল। ঘরের মাঝখানে নন্দ ফরাদ এনে রাখলে মস্ত বড়ো একটি আলোর ডুম। নাচিয়ে ডুমটি ঘুরে ঘুরে নেচে পেল। নাচ শেষ হল; পায়ের তলায় একটি আলপনার পল্ন আঁকা। নাচের তালে তালে পায়ের আঙুল দিয়ে চাদরের নীচের আবির দরিয়ে সরিয়ে পায়ের পায়ের আলপনা কেটে দিলে। অভুত দে নাচ।

বৈঠকখানা আর দেউড়ির উৎসব, এ ত্টোর মধ্যে আমার লাগত ভালো রাজপুত দরোয়ানদের উৎসবটাই। বৈঠকখানায় শথের দোল শৌথিনভার চ্ডান্ত— সেথানে লট্কানে-ছোপানো গোলাপি চাদর, আতর, গোলাপ, নাচ, গান, আলো, ফুলের হুড়াহুড়ি। কিন্তু সভ্যি দোল-উৎসব করত দরোয়ানরাই—উদ্ধপ্ত উৎসব, সব লাল, চেনবার জো নেই। সিদ্ধি গেয়ে চোথ হুটো পর্যন্ত সবার লাল। দেখলেই মনে হত হোলিখেলা এদেরই। শথের খেলা নয়। ঘেন যায়ারজ্বের হোলি খেলতে জানে, এ তাদেরই থেলা, কৃত্তিম কিছু নেই। দেখলে না দেদিন গাঁওভালদের উৎসব ? কৃত্তিমভা ঘেদতে পায় না সেথানে। তারা মনের আনন্দে উৎসব করে, আনন্দে নাচে গায়, ভাতে ভারা মেতে যায়। বৈঠকখানার উৎসব ছিল কৃত্তিম, ভাই ভা ভালো লাগত না আমার।

দেউ জি আর বৈঠকথানায় ছিল এইরকম দোল-উৎসব, আর আমাদের জক্ত আমত টিনের পিচকারি। ওইতেই আনন্দ। টিনের পিচকারি বালতি-ভরা লাল জলে জুবিয়ে, মাকে সামনে পাচ্ছি পিচকারি দিয়ে রঙ ছিটিয়ে দিচ্ছি আর তারা চেঁচামেচি করে উঠছে, দেখে আমাদের ফুতি কী। বাড়ির ভিতরে দেদিন কী হত জানি নে, তবে আমাদের বয়েমে থেলেছি দোলের দিনে— আবির নিয়ে এ-বাড়ি ও-বাড়ির অন্সরে চুকে বড়োদের পায়ে দিতুম, ছোটোদের মাধায় মাধাতুম। বড়োদের রঙ মাধাবার হকুম ছিল না, তাঁদের ওই পা পর্যন্ত পৌছত আমাদের হাত।

এই তো গেল দোলপূর্ণিমার কথা। এথন আর-এক কথা শোনো। বাবা-মশায়ের সমশের কোচোয়ান, আন্তাবলবাড়ির দোভনার নহবতথানায় থাকে। তিনটে বাজলেই সে বেরিয়ে এসে বদে আন্তাবলের ছাদে থাটিয়া পেতে, ফ্রন্সি হাতে; ঠিক একটি ফুলদানির মতো ফরদি ছিল তার। আকেল দহিদ ভামাক নেজে ফরসি এনে হাতে দেয়, তবে সে তামাক খায়। সহিসরা ছিল তার চাকর; সব কাজ করে দিত, নিজের হাতে সে কিছু ক্রত না। দূর থেকে দেখছি, সমশের আয়েদ করে ফরদি হাতে খাটিয়ায় বদে তামাক থাচেছ, আকেল সহিদ তার বাবরি চুল বাগাচ্ছে, ঘণ্টাথানেক ফাঁপিয়ে ফাঁপিয়ে চুল আঁচডাবার পর একটি আয়না এনে সামনে ধরলে। সমশের বাদশাহী কায়দায় বাঁ হাতে আয়নাটি ধরে মুখ বুরিয়ে ফিরিয়ে দেখে গোঁফ মুচড়ে আয়না ফেরত দিয়ে উঠল। ঘরে গিয়ে চড়িদার জরিদার বুক-কাটা কাবা পরে পা বের করে দিতে আর-একজন সহিদ ভঁড়তোলা দিলির লপেটা তার পায়ে গুঁজে দিল। আর-এক সহিদ মাথার শামলাটা ত হাতে এনে দামনে ধরল, দমশের পাগড়িটা মাথার উপর থাবড়ে বদিয়ে হাতিমার্কা তকমার দিকটা উচু করে দিলে। অক্ত সহিদ ততক্ষণে লখা চাবুকটা নিয়ে এদে দাঁড়িয়েছে। সমশের চাবুক হাতে নিয়ে এবারে দোতলা থেকে নামল মাটির সিঁ জি দিয়ে। নীচে ঘোড়া ঠিক করে রেথেছে সহিসর!— গুধের মতে। শাদা জড়ি। দেই জড়িঘোড়া গাড়িতে জোতবার আগে থানিক ছুটিয়ে ঠিক করে নিতে হত। বেথানে রবিকার লালবাড়ি দে জায়গা জোড়া ছিল গোল চন্ধর প্রাচীরঘেরা। এক পাশে ছোট্ট একটি ফটক। সহিসরা ঘোড়া হুটো চকরে চুকিয়ে ফটক বন্ধ করে দিল। সমশের লখা চার্ক হাতে প্রাচীরের উপর উঠে গাড়িয়ে বাতাসকে চাবুক লাগালে— শট। সেই শব্দ পেয়ে ঘোড়া তটো কান খাড়া করে গোল চকরে চকর দিতে শুরু করলে। একবার করে ঘোড়া ঘুরে আদে আর চাবুকের শব্দ হয় শট্ শট্। যেন দার্কাদ হচ্ছে। এইরকম আধ ঘণ্টা ঘ্রিয়ে সমশের কোচোয়ান চাবুক আকেল সহিসের হাতে ছেড়ে দিয়ে মামল। আঞ্চল গাড়ি বের করলে— ঝক্ঝক্ ভক্তক্ করছে গাড়ির ঘোডার রূপো-পিতলের শিকলি-সাজ। গাড়িতে জুড়ি জোতা হলে পর সমশের কোচবারে উঠে হাতা গুটারে দাঁড়াতেই সহিদ রাশ তুলে দিলে তার হাতে। রাশ ধরবার কায়দা কী ছিল সমশের কোচোয়ানের, দশ আঙ্জলের ভিতরে কেমন কাষ্ট্রা করে ধরত। দেই রাশে একবার একট টান দিতেই বড়ো বড়ো ত্রটো ঘোডা তড় বড় করে এসে গাড়িবারান্দায় চকল। গাড়িবারান্দায় চুকতেই যে পুরু কাঠের পাটা পাতা থাকত দেটা শব্দ দিলে একবার হুডুহুম্। যেন জানান দিলে গাভি হাজির। বাবামশায় হাওয়া থাবার জল্প তৈরি হয়ে গাড়িতে

চাপলেন। গাড়ি চলল গাড়িবারানা ছেড়ে। সমশের তথনো দাঁড়িয়ে রাশ হাতে কোচ-বাল্মে। কাঠথানা চারথানা চাকার চাপে আর হ্বার শব্দ দিলে হড়ুহ্ম্ হড়ুহ্ম্। ধপাদ্ করে এতক্ষনে সমশের কোচোয়ান কোচবাল্মে জাঁকিয়ে বদল বেন সিংহাদনে বদলেন আর-এক লক্ষোরের নবাব।

আমাদের ছিল রাম্ কোচোয়ান। জাতে হিন্দু, কিন্ধ লুদ্ধি পরত সে। কোচোয়ান হলেই লুদ্ধি পরতে হবে, এই সে জানত। ছোট্ট একটি ফিটন গাড়ি, আমরা তাতে চড়ে বিকেলে চন্ধরে ঘুরে বেড়াত্ম— হাওয়া থাওয়া হয়ে বেড। বেশির ভাগ স্থনয়নী বিনয়িনী চড়ত সেই গাড়িতে।

আন্তাবলে কতরকম দৃশ্য দেখবার ছিল— কত লোকের, এ বাবুর, ও বাবুর গাড়ি-ঘোড়া থাকত দেখানে। বেচারামবাবু আসতেন বঁড়ানে বেহালা থেকে বুধবারে বুধবারে দাদাদের রাজধর্ম পড়াতে। তাঁর গাড়িটিও ষেমন ঘোড়াটিও ছিল তেমনি ছোট়। আমরা বলাবলি করতুম, 'এইটুকু গাড়ির ভিতরে বেচারামবাবু ঢোকেন কেমন করে? এ ছিল এক বড়ো সমস্তা আমাদের কাছে। দ্র থেকে গাড়ি আনছে দেথেই চিনতুম— ওই আদছেন বেচারামবাবু, ওই-যে তাঁর গাড়ি দেখা যায়। তথন জ্যোতিকামশায় কোখেকে পুরোনো একটা মরচে-ধরা বয়লার কিনেছেন, 'দরোজিনী' স্তীমারে বদানো হবে। বয়লারটা পড়ে থাকে গোলচকরে। একদিন বেচারামবাবু এদেছেন; দাদাদের পড়িয়ে বাড়ি ফিরে যাবেন, ঘোড়া আর খুঁজে পান না। ঘোড়া গেল কোথায়, দেথ দেথ! ঘোড়া হারিয়ে গেছে। বেচারামবাবৃ হতভষ। অনেক থোজার্থু জির পর দেখা গেল ঘোড়া বয়লারের ভিতর চুকে গির হয়ে দাড়িয়ে। ঘোড়াটা ঘাস থেতে থেতে কথন বয়লারের ভিতরে চুকে গেছে আর বের হতে পারছে না। শেষে সহিদ লেজ ধরে তাকে বের করে বয়লারটার ভিতর থেকে।

নহবতথানার নীতে ফটকের পাশেই নন্দ ফরাদের ঘর। ঘরের সামনেই কুয়ো, অনেক কালের পুরোনো, কলের জল হওয়ার আগেকার। কুয়োর পাশে মস্ত সবজিবাগান, খুব নিচ্ পাঁচিল-ঘেরা। তার পশ্চিমে ভাগবত মালী আর বেহারাদের মর এক সারি। তার উত্তর-ধারে গোয়াল, গোয়ালের পুব কোণে মস্ত একটা গাড়িখানা। গাড়িখানার গায়ে পাহাড়ের মতে। উচ্ বিচালির ভূপ, তার উপরে মেথরদের ছাগলছানাগুলি লাফিয়ে লাফিয়ে বেড়ায়। আমরাও উঠতে চেষ্টা করি মাঝে মাঝে। সেটি থেকে একট্য পুরে বাড়িয় ঈশান কোণে বিরাট

একটা তেঁতুলগাছ, সে যে কত দিনের কেউ বলতে পারে না। দৈত্যের হাতের মতো তার মোটা মোটা কালো ভাল। এ-বাড়িতে ও-বাড়িতে যত ছেলেমেয়ে জয়েছি তাদের দবার নাড়ি পোতা ছিল ওই গাছের তলায়। সেই তেঁতুলগাছের ছায়ায় ছিল্ল মেররছের ঘর। তাদের তিন পুরুষ ওথানে বসবাদ করছে আমাদের দরে। তাদের ঘরের পিছনে জোড়াগাঁকোর বাড়ির উত্তর দিকের পাঁচিল; তার গায়ে তিনটে বড়ো বড়ো বাদাম গাছ, যেন শহরের আর-সববাড়ি আড়াল করে মাথা তুলে উত্তর ছয়ার পাহারা দিছে। চাকররা সেই বাদামগাছ থেকে আমাদের জ্ঞা পাতবাদাম কুড়িয়ে আনে। উত্তর-পশ্চিম দিকটা কথায় বোঝাতে হলে তিন-চারটে পাড়ার নাম করতে হয়— মালীপাড়া, গোয়ালপাড়া, ডোমপাড়া, এমনি, তবে ঠিক ছবিটা বোঝাতে পারি। আন্তাবলে যেন ছিল সমশের কোচোয়ান কর্তা, একতলায় নন্দ ফরাদ, মালীপাড়ার রাধানালী, গোয়ালপাড়ার রাম গয়লা, তেমনি ডোমপাড়ায় ছিল্ল থেবরের একাধিপত্য। এই এক-এক পাড়ায় এক-এক অধিকারীর কথা বলতে গেলে অনেক কথা বলতে হয়। ছই-একটা বলি শোনো।

নন্দ ফরাদের দরবারের বর্ণনা তো দিয়েছি। সমশের কোচোয়ানের কথাকতে তা হল। দরোয়ান-বেহায়াদের দেলের কথা, মালীদের 'চিতাবাড়ি' তা ও বলেছি। এবারে বলি তবে ছিক মেথরের চরিত্র। তাদের ঘর খোলা দিয়েছাওয়া; বাদামতলায় কাত হয়ে পড়েছে ঝড়ে জলে। সায়াদিনমান তেঁতুল গাছের ছায়াতেই ঢাকা দেই কোণটা; রয়দ পড়তে দেখি নে। হ্যাংলা কুকুরছানাগুলোর ডাক এসে পৌছয় দে দিক থেকে কানে। কুকুরের তাড়া থেয়ে হাঁদ মুরগি থেকে থেকে কাঁ্যা-কাঁ্য চীৎকার ছাড়ে। সেই ছায়ায় অন্ধকারে ছিল মেথরের ঘরের দাওয়া দেখা য়ায়। এক ধারে একটা জলের জালা, আধখানা তার মাটিতে পোঁতা। সেই ঠাওা জলের কাজের শেষে ছিল মেথর চান করে দেখি। কালো তার রঙ। তারি শৌথন ছিল ছিল মেথর। কালো হলেও ছিলর চেহারা ছিল বেশ; কোঁকড়া কোঁকড়া চূল, মুথের কাট-কোটও ফুন্দর। বিলিতি মদ খাওয়া তার অভ্যেস ছিল। দেশি মদ ছুঁত না। বিলিতি মদ থেলেই তার মুথে ফর্ ফর্ করে গরম গরম ইংরেজি গালাগাল বের: হয়্ম— ড্যাম ইউ রাজেল। ইংরেজি বুলি জনলেই বোরা বেত লোকটা 'থেয়েছে'। বাড়ি রাখাণাট পরিপাটি রাথা কাজিছিল তার। সামনের রান্ডা মাটি দিয়ে.

करन राम राम धुरनात छेनरत ज्यानमा और फिरन खाँगे। फिरा, जरन राष्ट्र থেলিয়ে দিলে। রান্তা ঝাঁটানোর আর্টিন্ট্ তাকে বলা যেতে পারে। একদিন হল কী, বাড়িরই কে বেন ডেকেছে ছিককে। দরোয়ান গেছে ডাকতে। সে ছিল মউজে; যে মেথরটা ছকুম শুনবে দে তথন তো নেই, ইংরেজি-বলি-বলা আর-একটা মান্তব তার মধ্যে বদে আছে। দরোয়ান বেই-না কাছে গিয়ে তাকে ডাক দিয়েছে অমনি ভিক্ল শুক্ত করেছে ইংরেজিতে গালাগালি। কিছতেই আর তাকে থামানো যায় না। তখন দরোয়ানও হিন্দি বুলিতে তেরিমেরি করে ষেমন লাঠি তোলা- বাদ, দাহেবের অন্তর্গান। ছিক্ল মেথরের মধ্যেকার ভেতো বাঙালিটা হঠাৎ ফিরে এনে দরোয়ানজির পায়ে ধরতে চায়, 'মাপ করে। দরোয়ানজি, ঘাট হয়েছে।' 'আরে, ছুঁয়ো মং, ছুরো মং' ব'লে দরোয়ান যত পিছোর ছিক্ষ তত এগিয়ে আদে। শেবে দরোয়ানের রণে ভঙ্গ দিয়ে পলায়ন. জাত যাবার ভয়ে। ছিকর বৃদ্ধি দেখে আসরা অবাক। দরোয়ান মেথরে এ প্রহদন প্রায়ই দেখতুম আর হাদতুম। ছিলর আর-এক কীতির কথা ছোটো-পিদেমশায় বলতেন, 'জানিদ ? মলিকবাড়িতে বিয়ের মজলিশে গেছি। দেখি শিমলের ধতিচালর জতোযোজা পরে ফিটবাব সেজে ছিফটা মজলিশের এক भितक वरम महेका होनाइ, आमारक एएएथई एम हन्लाहे।'

বাবুমানি কায়দায় দোরন্ত ছিল ছোটো বড়ো থানসামা চাকর পর্যন্ত সবাই জোড়াসাঁকোর বাড়ির। ভদ্রলোক কেউ বাড়িতে এলে থাতির করে বদাতে জানত। এখন সেরকম চাকরবাকর ছুর্লভ। নতুন চাকররা পুরানো চাকরদের হাতে কিরকম ভাবে কায়দাকাল্পন তরিবত শিখত দেখো। বাবামশায়ের ছোটো বেয়ারা মাল্রাজী। নতুন এসে দে একদিন লুকিয়ে বাবামশায়ের গেলাদে বরফজল থেয়েছে। ব্ছুর নজরে পড়ে গেছে তার দে বেয়াদিব। বাবুর গেলাদে বরফজল থাওয়া! বদাও পঞ্চায়েত, দাও দও। বেয়ারা কেঁদেই অস্থির। বদল পঞ্চায়েত বেয়ারাদের মহলে। অনেক রাত পর্যন্ত চলল ভকাতকি। একটা ভোজের টাকা দিয়ে, মাথা নেড়া করে, টিকি রেখে তবে উন্ধার পায় মে। এই রীতিমত দঙ্কের টাকাটা কার কাছ থেকে এদেছিল বলতে পার? বাবামশায়ের কাছেই হোড়াটা নিজের দোষ স্বীকার করে কেঁদেকটে এই টাকাটা বার করেছিল। চাকরদের বাবুমানি শিক্ষার থবচা বাবুদেরই বহন করতে হত। বৃদ্ধ বেয়ারা ভালোমাল্যৰ হলেও বাবুর জিনিসপ্রের বিষয়ে খুব ছ'শিয়ার

ছিল। যার রুমালে ল্যাভেণ্ডারের গন্ধ পাবে নিয়ে বাবামশায়ের আলমারিভে তলে রাখবে। মণিখুড়োর কমাল নিয়ে একদিন এইরকম তলে রেখেছে; বলে, 'এতে বাবুর থোদবো আছে ষে।' মণিথুড়ো বলেন, 'তা, বাবুর কাছ থেকেই চেয়ে নিয়ে খোদবো ক্রমালে মাথিয়েছিলম আমি— ক্রমালটা আমারই। ধোপা-বাভির নম্বর দেখো।' বৃদ্ধ তথন দেই রুমাল ফিরিয়ে দেয় মণিখুড়োকে। বড়ো বিশ্বাদী বেয়ার। ছিল, এমন আজকাল আর দেখা যায় না। বাবামশায়ের কোনো জিনিস কথনো এ-দিক ও-দিক হতে পারত না। কেমন সরল বিখাসী ছিল বুদ্ তা বলছি। একবার বাবামশায় গেছেন ইংরেজি থিয়েটারে; আঙ্লে হীরের আংটি- বনস্পতি হীরে, খুব দামী : আর হাতে একটি লাঠি, তার মাথায় কাট গ্লানের একটি লম্বা এসেলের শিশি, শথের লাঠি ছিল সেটি! বাবামশায় ফিরে এদে লাঠি আংটি বুদ্ধুর হাতে দিয়ে শুয়ে পড়েছেন। কয়দিন পর আংটি দপ্তরখানায় পাঠানো হবে, হীরেটি নেই। নেই তো নেই; কতদিন ধরে থোঁজা-র্থ জি, কোথায় যে পড়েছে তার পান্তা পাত্রা গেল না। গরমিকাল এদে গেল। এই সময়ে বাবামশায় যেমন ফিবছর ওকবার করে আলমারি খালি করেন ভেমনি থালি করছেন- বাবামশায় হাতের কাছে জামা কাপড যা পাচ্ছেন সব টেনে টেনে ফেলছেন, যে যা পাচ্ছে নিয়ে নিচ্ছে। থালি করতে করতে আলমারিতে বাকি রইল মাত্র কয়েকটি শাদা ধৃতি আর পাঞ্চাবি। তার তলা থেকে বের হল সেই হারানো হীরে ! বাবামশায় দেটি হাতে নিয়ে বললেন, 'বুদ্ধ, এই তে দেই হীরে। তুই এথানে রেখে দিয়েছিল, আর এর জন্ত কেত থোঁজার্থ জি হচ্ছে।' বৃদ্ধনলে, 'ডা, আমি কি জানি ওটি হীরে ? দকালে ঘরে কুড়িয়ে পেলুম, ভাবলুম ঝাড়ের কাচ। তুলে রেথে দিলুম।

এইবার শোনো রানাবাড়ির গল্প। পলির ভিতরে ছোট্ট ঘর, অমৃত দাসী সেই ঘরে বসে জাতায় সোনামূলের ডাল ভাঙে আর বাটনা বাটে। এবারে মথন বাড়ি ভাঙে, দেখেই চিনল্ম— আরে, এই তো সেই অমৃত দাসীর ঘর, ছেলেবেলায় সেথানে গিয়ে দাড়িয়ে দাড়িয়ে দিবিইমনে তার ডাল ভাঙা দেখতুম। সোনার বর্ণ সোনামূলের ডাল জাতার চারি দিক দিয়ে সোনার ঝরনার মতো ঝরে পড়ত। মাঝে মাঝে অমৃত দাসী একমুঠো ডাল হাতে তুলে দিত, বলত, 'ধাবে থোকা? থাও, এই নাও।' অল্ল অল্ল করে সেই ডাল ম্থে ফেলে চিবতুম, বেশ লাগত। সেই ঘরটি আর জাতাটি, সারাজীবন তাই নিমেই কেটেছে; ভাক্ল

মিউজিক ছিল জাতার ঘড়্ঘড়ানি। সোনামৃগ আর বাটনার হলুদের জল ভেসে মাছে, কাপড়েও লেগেছে, সোনাতে হলুদে মাথামাথি। এখনো মনে হয় তার কথা; হৃঃথিনী একটি বুড়ির ছবি চোথে ভাসে।

বাসনমাজানি এল ছপুরে, বাসন মেজে রেথে গেল যার যার দোরে, সোনার মতো বক্বক্ করছে। ত্ব জাল দেবার দাসী ত্ব জাল দিচ্ছে; ত্বের ফেনা তুলছে তো তুলছেই। জাল দিয়ে বাটিতে বাটিতে ত্ব ভাগ করে রাথছে। তার পর দিবাঠাকুর হাতা বেড়ি দিয়ে রানায় ব্যস্ত। ও দিকটায় আর যেতৃম না বড়ো।

রানাবাড়ির ঠিক উপরে ঠাকুরঘর। দেখানে ছোটোলিদিয়া ব'দে, মহিম-কথক কথকতা করছেন, দিংহাদনে ঠাকুর অলকাতিলকা প'রে মাথায় রুপোর মুকুট দিরে। এখনো দে-দবই আছে, কেবল ছোটোলিদিয়া নেই, মহিন-কথক নেই। দেখানে হত পুরাপের গল্ল। দেখান থেকে নেমে এদে ছোটোলিদিয়ার মরে ছবি দেখতুম। একটু আগে যা শুনে আদতুম উপরে, নীচে তারই ছবি সব চোথে দেখতুম। দেই পুরাপের পুঁথি কিছু এখনো আছে আমার কাছে, ছেলেরা দেদিন কোন্ কোনা থেকে বের করলে। দেখেই চিনলুম, এ যে মহিম-কথকের পুঁথি, এক-একটি পাতা পড়ে যেতেন কথক-ঠাকুর আর এক-একটি ছবি যেন চোথের সামনে ভেসে উঠত। লাল বনাত একথানা গায়ে দিয়ে বসতেন পুঁথি পড়তে, হাতে রুপোর আংটির বক্ষকানি এখনো দেখতে পাই। আঁকতে শিথে দে ছবি একথানা আংটির বক্ষকানি এখনো দেখতে পাই। আঁকতে শিথে দে ছবি একথানা একৈওছিল্ম।

বাবামশায়ের সকালে মজলিশ বসত দোতলার দক্ষিণের বারান্দায়।
দক্ষিণের বাগানে ভাগবত মালী কাজ করে বেড়াত। বাবামশায়ের শথের
বাগানের মালী, নিজের হাতে তাকে শিথিয়ে পড়িয়ে তৈরি করেছিলেন।
যেখানে যত ত্মূল্য গাছ পাওয়া যায় বাবামশায় তা এনে বাগানে লাগাডেন,
বাগান সম্বন্ধে নানা রক্মের বই পড়ে বাগান করা শিথেছিলেন, ওই ছিল তার
প্রধান শথ। কী স্থন্দর সাজানো বাগান, গাছের প্রতিটি পাতা যেন ঝক্ঝক্
করত। হটিকাল্চারের এক লাহেব বললেন, এ দেশে টিউলিপ ফুল ফোটে না,
ভারা অনেক চেষ্টা করে দেখেছেন। বাবামশায় বললেন, 'আছ্ডা, আমি
ফোটাব।' বিলেত থেকে সেই ক্লের গেড় আনলেন, নানা-রক্মের সার দিলেন

গাছের গোড়ায়; কাচের না কিদের ঢাকা দিলেন উপরে। বাবামশায়ের উদ্ভিদ্বিতা সম্বন্ধে বড়ো বড়ো বই এথনো নীচের তলায় আলমারি-ঠাসা। কত বই দেশ-বিদেশ থেকে আনিয়ে পড়েছেন। গাছ সম্বন্ধে যে বইটি তিনি দর্বদা পড়তেন, সোনার জলে বাঁধানো, সরজ চামড়ায় মোড়া, যেন কত মূল্যবান একটি কবিতার বই। বড়ো হয়ে খুলে দেখি, দেটি হার্পার কোম্পানির নানারকম ফল ফুল গাছের সচিত্র ভালিকা। তা, টিউলিপের গেঁড় লাগানো হল, ভাগবত মালীকে শিথিয়ে দিলেন, রোজ তাতে কী করবে, কী করে ষত্ন নিতে হবে। তিনিও নিজে এদে একবার ত্বার করে দেখে যান। একদিন সেই ফুল ফুটল-একটি ফুল। ফুল ফুটেছে, ফুল ফুটেছে! ওই একটি ফুলের জন্ম বাড়িতে হৈ-চৈ পড়ে গেল। স্বাই আনে দেখতে। বে ফুল ফোটে না এই দেশে সেই ফুল ফুটল শেষে। বাবামশায় খুব খশি। ফুল ফোটাতে শথ হয়েছিল, ফুল ফুটল। হটিকালচারের সাহেব খবর শুনে ছুটে এলেন। তিনি অবাক। কত চেষ্টা করেও তাঁরা পারেন নি। বললেন, 'একজিবিশনে দেখাতে হবে।' শিগগিরই হটিকাল-চারের একজিবিশন হবে। ভাগবত রঙিন চাদর বেঁধে পরিস্কার ধৃতিজামা পরে তৈরি হয়ে এল, তাকে দিয়ে ফুল পাঠানো হল। একজিবিশনে দেই ফুলটির জন্ত একটি সোনার মেডেল পেলেন বাবামশার। সেই সোনার মেডেল আর একটি গাছকাটা কাঁচি ভাগবতকে তিনি বকশিশ দিলেন। বললেন, 'নে মেডেলটা তুইই গলায় ঝোলা।' মেডেলটা দিয়ে এক সময়ে হয়তো সে ছেলের গয়না গড়িয়ে দিয়েতিল, কিন্তু কাঁচিটি কথনো ছাড়ে নি। আমাদের কতবার বলত, 'বাবুর দেওয়া এই কাঁচি।'

সেদিন বড়ো মজা লাগল। এই কিছুদিন আগের কথা। জোড়াসাঁকোর বাড়িতে বারান্দার বসে আছি। ভাগবত মরে গেছে জনেক দিন আগে, তার ছেলে এখন বাগানে কাজ করে। বাগানের কোনার ছিল করবীগাছ। ছোটো ছেলে বাপের হাতের সেই কাঁচি নিয়ে তার ডাল ছাঁটবার চেটা করছে, কিছুতেই আর সামলাতে পারছে না, হাত আগডালে পৌছয় না তার। গাছের ডালপাতা হাওয়াতে তুলে তুলে ছেলেটিকে জাপটে ধরছে, কাঁচি হাতে সে তার ভিতরে আটকা পড়ে অম্বির। বসে আমি মজা দেখছি আর হাসছি। মোহনলাল শোভনলাল যাছিল দেখান দিয়ে, তাদের বলল্ম, 'ওরে দেখ, মজা দেখ, ভাগবতের ছেলে তার বাপের লাগানো গাছের সদে কেমন খেলা করছে দেখ, ১

ংঘন ছাই ছেলের চূল কাটবে নাপিত, ছেলে মাখা ঝাঁকুনি দিয়ে হেলিয়ে ছলিয়ে
নাপিতকে নান্তানাবৃদ করে দিছে। বলে দে ওকে, গাছের ভাল কাটবার
দরকার নেই। ও গাছ অমনি থাকুক। বাপের গাছের সঙ্গে ছেলে থেলা
করছে দেখে ভারি ভালো লেগেছিল।

ছেলেবেলায় বাবামশায়ের শবের বাগানে কেউ আমরা চ্কতে পেতৃম না, ভাগবত মালীর দাপটে। আমরা ছেলেরা কজন মিলে এক পাশে নিজেদের বাগান বানিয়ে নিয়েছিলুম। ছোট্ট বাগানটি, বাবামশায়ের দেখাদেখি একটা আয়গায় ইটপাথর হুড়ো করে এবানে ভবানে ঘাদের চাপড়া বনিয়ে পাহাড়ের অহকরণ ক'রে, মাঝে মাটি খুঁড়ে, একটা গোল মাটির গামলা বনিয়ে ভাতে জল ভ'রে, টিনের হাঁল মাছ ছেড়ে চ্ছককাঠি দিয়ে টানি— সেই হল আমাদের গোলপুকুর। বিকেলে ইঙ্কুল থেকে সব ছেলে ফিরে এলে তথন আবার স্বাই একসঙ্গে হয়ে খেলাধুলো করি। সারাদিন একলা থাকার পর ওই সময়টুকু বড়ো আনন্দে কাটত আমার।

বিকেল হতেই বাগানে বাবামশায়ের কুরসি করিদ পড়ে। ভাগবত ফোয়ারা ছেড়ে দেয় ; সভি্যকার হাঁদ মাছ ফোয়ারার জলে ভেদে বেড়ায় । বাবামশায় নীচে নেমে এসে বসেন বাগানে। পড়িশি কালাটাদবার, মাথায় ব্লব্লির ঝুঁটির মতো একটু চুল, বুকে একটি ফুল গুঁজে, গলায় চুনট-করা চাদর ঝুলিয়ে, বানিশ-করা জ্তো প'রে, ছিপ্ছিপে ছড়ি ঘোরাতে ঘোরাতে হেলেগুলে আসেন বাগানের মজলিশে। ফি শনিবার আপিদ-ছুটির পর মতিলালবার চলে আসেন বাবামশায়ের কাছে। মাছ ধরার খ্ব ঝোঁক ছিল তাঁর। বাবামশায় বলতেন, 'এই-যে লালমোতি এসেছ, ছিপ্টিপ্ ঠিক আছে তো ?' লালমোতি বলেই ডাকতেন তাঁকে। ও দিককার বড়ো পুরুরে লালমোতি প্রায়ই মাছ ধরতেন। বাবামশায়ও বসে যেতেন মাছ ধরতে কোনো-কোনাদিন। ওই সেই পুরানো পুরুর যার ও পারে প্রকাণ্ড বট গাছল— রবিকার 'জীবনম্মতি'তে আছে লেখা। ছেলেবেলায় যা ভয় পেতুম বট গাছটাকে। গল্প জনতুম চাকরদানীর কাছে ছটেবুড়ি প্রস্লাভিত্য কত কী আছে ওখানে।

তা যাক, তথন সেই বিকেলবেলাও দিকে বাগানে জমত বাবামশায়ের আদর, এ দিকে আমাদের হত ইন্ধূল-ইন্ধূল থেলা। এ-বাড়ি ও-বাড়ির মাঝে বে গলিটকু কাছারিঘরের সামনে, সেই আরগাটকুই আমাদের থেলার জায়গা।

কোখেকে একটা ভাগ্না বেঞ্চি জোগাড করে ভাতে সবকটি ছেলে ঠেমাঠেসি করে বসি, দীপুদা মান্টার। গলির মোডে সেই সময়ে হাঁক দিতে দিতে ভিতরে আন্দে: চিনেবাদাম, গুলাবি রেউডি, ঘগ নিদানা, লক্ষেঞ্জন, কত কী— 'খায়-দায় পাখিটি বনের দিকে আঁখিটি', বেঞ্চিতে ব'লে ব'লে সেই দিকেই নজর আমাদের। কতক্ষণে গুলাবি রেউডি চিনেবাদাম-গুয়াল। আদে। দেউডির কাছে যেমন তারা এসে দাঁড়ায়, দে ছুট ইস্কুল-ইস্কুল খেলা ছেডে। দীপুদা ভাঙা কাঠের চেয়ারে বনে গন্ধীর স্করে বলেন, 'পড় দ্বাই।' পড়া আরু কী, কোলের উপর ঠোড়া রেখে তা থেকে চিনাবাদাম বের করে ভাঙ্জি আর থাচ্ছি; দীপুদার হাতেও এক ঠোঙা, তিনিও থাছেন। এই হত আমাদের পড়া-পড়া খেলা। একদিন আবার প্রাইজ-ডিট্রিবিউশন হল। কে প্রাইজ দেবে? উপরে বারান্দায় পায়চারি^{*} করছেন রবিকা। তিনি আদতেন না বড়ো আমাদের থেলায় যোগ দিতে। শ্মান বয়সের ছেলেও তো থাকত এই থেলায়। কিন্তু তিনি ওই তথন থেকেই কেমন একলা-একলা থাকতেন, একলা পায়চারি করতেন। সেথান থেকেই মাঝে মাঝে দেখতেন দাঁভিন্নে, নীচে আমরা পেলা করছি। গিয়ে ধরলুম তাঁকে, 'আমাদের ইক্ষলে প্রাইজ-ডিপ্রিবিউশন হবে, তোমার আদতে হবে।' রবিকা একট হেলে নেমে এলেন, প্রাইজ-ডিপ্তিবিউশন হল। চিনেবাদাম গুলাবি-রেউড়ির ঠোঙা। প্রাইন্ডের পরে আবার তিনি দাঁড়িয়ে বক্ততাও দিলেন একটি থুব শুদ্ধভাষায়। আহা, কথাগুলো মনে নেই, নয়তো বডো মজাই পেতে-তোমরা।

কালে কালে দেই জোড়াসাঁকোর বাড়ির কত বদলই না হল। আমাদের কালেই সেই তোশাথানা হয়ে গেল ডামাটিক ক্লাবের নাট্যশালা। ভিত্তিথানাম টেবিল পড়ত, থাওয়াদাওয়া হত। দগুরখানা হল গ্রীন্কম। দেউড়ি তো উঠেই গেল, ভেঙেচুরে লমা মর উঠল। থামথেয়ালির বৈঠক বদত দেখানে। একবার 'বৈকুঠের থাতা' অভিনয় হল, বাড়ির ছেলেদের দিয়ে ক্রিয়েছিলুম, গাড়িবারান্দায় মনোহর সিং-এর দোল-উংসব হত যেথানে সেইখানে মন্ত স্টেজ তৈরি হল— ঘোড়াস্থদ্ধ গাড়ি সোজা এমে চুকল স্টেজ। টং টং করে আপিস-ছেরত অবিনাশবাব্ নামলেন এসে। ব্যাপার দেখে অভিয়েক্স একেবারে স্বাক্ষ

কত অভিনয় কত থেলা ক'রে, কত স্বথহুংথের দিন কাটিয়ে, সেই জোড়া-

সাঁকোর বাড়ি মাড়োয়ারি ধনীকে বেচে বের হতে হল যেদিন আমার নিজের ছেলেপিলে বউঝি নিয়ে, সেদিন সেই তেঁতুলতলায় মেথরের নাতি নাতনি নাতবত কেবল তারাই এসে আমায় িবরে কারা জুড়লে। তাদের ওইথানেই জন্ম, ওইথানেই মৃত্য়। দেশ ঘর বলে আর-কিছু নেই। বলে, 'এখন উপায় কী হবে বাব্ ?' আমাদের তুলে দিলে কোথায় যাব ?' আমি বলি, 'চল্ আমার সঙ্গে বরানগরে, সেইখানে তোদের ঘর বেঁবে দেব। তোরা থাকবি, কাজ করবি, যেমন করছিলি এইখানে।' সেই পুরোনো কালের তেঁতুলতলার মায়া ছাড়তে পারলে না। আজও সেখানে তারা রয়ে গেছে কি না কে

কী স্থাপর স্থানই ছিল, কী স্থাপর হাওয়াই বইত ওইটুকথানি জোড়া-সাঁকোর বাড়িতে। ওথানের মায়ায় যে শুধু আমিই পড়েছিলেম তা নয়, চাকরদাদী কর্মচারী ছেলেব্ড়ো দবাই। এই একটি কথা বলি, এ থেকেই ব্রে নাও। মনোরঞ্জনবাব্ যশোরের কুটুষ; কাছারিতে কান্ধ করে, বাতে একটি পা পদ্। তেঁতুলতলায় কর্মচারীদের বাসস্থান, তারই একটি ছোট্ট খরে তিনি থাকেন। পেন্শন হবে-হবে, পড়ল বুড়ো নির্ঘাত রোগে। থবর পেয়ে ছুটি দেখতে বুড়োকে— ছোট্ট ঘর, একটি মাত্র দরজা জাল-দেওয়া, দেয়ালে আর কোনো পথ নেই যে হাওয়া রোদ আনে। ব্রল্ম বুড়োর দিন ফুরোবে

'কেমন আছে? একথানা ভালো ঘরে যেথানে হাওয়া রোদ পাও দেই ঘরে যাও।'

'আজে, বেশ আছি এথানে। ছ্-এক দিনের মধ্যেই দেরে উঠে কাছারিতে যাব।'

বলি, 'বাদাবাড়িটা একবার তদারক করে যাই।' ঘ্রতে ঘ্রতে দেখি, পায়রার খোপের মতো একটিমাত্র ভাঙা দেওয়ালের গায়ে জালবদ্ধ দরজার ধারে মনোরঞ্জনবার্ গোটা গোটা অক্ষরে থড়ি দিয়ে লিখে রেখেছেন 'মনোরঞ্জনকারাগার'। ঘরে এলেম। তার পরদিন তনি মনোরঞ্জনবার্র মনোরঞ্জনকারাগারবাস শেষ হয়ে গেছে। কী বস্ত জোড়ার্সাকোর গাড়ি ব্রে দেখো। কারাগার হলেও দে মনোরঞ্জন। জোড়ার্সাকোর পারে ধরা 'মনোরঞ্জনকারাগার'।

পলতার বাগান মনে প'ছে ছঃখও পাছিছ আনন্দপ্ত পাছিছ। কতই-বা বরেস তথন আমার। বেশ চলছিল, হঠাৎ একদিন সব বন্ধ হয়ে গেল, মরে মরে তালা পড়ল। বড়োপিদেমশায় ছোটোপিদেমশায় আমাদের স্বাইকে নিয়ে বোটে রগুনা হলেন। দায়ণ ঝড়, নৌকা এ-পাশ ও-পাশ টলে, ডোবে ব্ঝি-বা এইবারে। বড়োপিসিমা ছোটোপিসিমা আমাদের ব্কে আঁকড়ে নিয়ে ডাকডে লাগলেন, 'হে হরি! হে হরি!' এলুম আবার জোড়াগাঁকোর বাড়িতে। দোতলার নাচম্বরে ছিল জ্যাঠামশায়ের বড়ো একথানি অয়েলপেটিং, বসে আছেন সামনের দিকে চেয়ে। ছোটোপিসিমা বড়োপিসিমা আছড়ে পড়লেন সেই ছবির সামনে, 'গালা, এ কী হয়ে গেল আমাদের!'

অভুত কাণ্ড। যেন চলতে চলতে হঠাৎ দামনে একটা দেয়াল পড়ে গেল; সব কিছ থেমে গেল, যড়িটা পর্যস্ত। বড়ো হয়ে যথন গেলুম পলতার বাগানে, দেখি. বাবার দেই শোবার ঘর ঠিক তেমনি সান্ধানো আছে, একটু নড্চড্ েনেই— দেয়ালে ঘড়িটি ঠিক কাঁটায় কাঁটায় স্থির, বাবামশায়ের মৃত্যুর সময়টি তথনো ধরে রেথেছে। ঘরজোড়া মেঝেতে শাদা গালচে, তার নকশাটা যেন পাথরের চাতালে ফুল পাত। হাওয়ায় খনে পড়েছে। দেয়ালে বেলোয়ারি কাচে রঙিন সব ফলের মালা, বাতিনেবা গোলাপি রঙের ফটিকের ঝাড়, দেয়ালগিরি, পর্দা, সবই যেন তথনো একটা মহা আনন্দ-উৎসব হঠাৎ শেষ হয়ে যাওয়ায় ুষ্লান বিশৃঞ্জল রূপ ধরে রয়েছে। মা দেখানকার কোনো জিনিদ আনতে দেন নি। কিন্তু সেই ঘড়িটি দেবারে আমি নিয়ে আদি, এখনো আছে বেলঘরিয়ার বাভিতে। আশ্চর্য ঘডি— কেমন আপনি বন্ধ হয়ে যায়। দেদিনও বন্ধ হয়ে গেল অলকের মা যেদিন চলে গেলেন, ঠিক জায়গায় কাঁটার দাগ টেনে। चनकता ठावि द्यातात्र, पछि ठटन ना। चनकरक वनन्म, 'अ पछि द्याता हूँ म ্নে, তোদের হাতে বিগড়ে যাবে। আমার সঙ্গে ওর অনেক কালের ভাব। আমি জানি ওর হাড়হন ; আমার কাছে দে দেখি নামিরে। বড়িট নামিরে এনে দিলে কাছে। আমি তাতে হাত দেবা মাত্র ঘড়ি নতুন করে আবার -চলতে লাগল। বছকালের জিনিস, অনেক মৃত্যুর সময় রেখেছে এ ঘড়ি। মাসির গল্পে পড় নি এ ঘড়ির কথা ? দিয়েছি গল্পে ঢুকিয়ে ! এখন আমার হয়েছে ওই-— গল্পের মধ্যে ধরে রাখছি আমার আগের জীবন আর আজকের জীবনেরও কথা।

একটি ভাই ছিল'আমার— সকলের ছোটো, দেখতে রোগা টিগ্রটিঙে, বড়ো
মায়াবী মৃথধানি। আমরা ছিলুম তার কাছে পালোয়ান। একটু হুমকি
দিলেই ভয়ে কেঁদে ফেলত। বাবামশায় খুব ভালোবাসতেন তাকে, আদর
করে ডাকতেন 'র্যাট'। তার জক্ত আসত আলাদা চকোলেট লজেঞুস, বাবামশায় নিজের হাতে তাকে খাওয়াতেন। মা এক-এক সময়ে বলতেন, এত
লজেঞুস খাইয়েই এর রোগ সারে না। বাবামশায়ের 'রাট' ছিল তাঁর
গোলাপি হরিপেরই সামিল, এত আদর যত্ন। হরিপেরই মতো স্থানর চোধ
ছটো ছিল তার।

এখন, দেই ভাই মারা বেতে বাবামশায়ের মন গেল ভেঙে। বললেন, 'এই জোড়াসাঁকোর বাড়িতে আর থাকব না।' পলতায় তথন সবে বাগান কিনেছেন, সবাইকে নিয়ে জোড়াসাঁকোর বাড়ি ছেড়ে উঠলেন গিয়ে দেখানে। চারি দিকে ঝোপঝাড়, মাঝে বিরাট একটা ভাঙা বাড়ি— এ দেয়াল সে দেয়াল বেয়ে জল প'ড়ে ছ্যাতলা ধরে গেছে। বড়োপিসিমা বললেন, 'ও গুয়, এ কোথায় নিয়ে এলি? এথানে থাকব কী করে?' বাবামশায় বললেন, 'এই দেখো-না দিদি, কদিনেই সব ঠিক করে কেলছি।' মাঝে ছিল ছ্থানি বড়ো হল্, পাশে ছোটোবড়ো নানা আকারের ঘর, ওরই মধ্যে যে কয়টি বাদযোগ্য মর পেলেন তাতেই পিসিমারা সব গুছিয়ে নিয়ে বসলেন। এ দিকে লোকলেগে গেল চার দিক মেরামত করতে। বাবামশায়ের ইঞ্জিনিয়ার ছিল জক্ষর সাহা। বাবামশায় নিজের হাতে গ্লান করে করে জক্ষর সাহার হাতে দেন, তিনি আবার গ্লান নেথে দেখে ডা তৈরি করান। সেই থাডাটি আমি রেখে দিয়েছি. পলতার বাগানের গ্লান তাতে ধরা আছে।

দেখতে দেখতে সমন্ত বাগানের চেহারা গেল ফিরে। ফোয়ারা বদল, ফটক তৈরি হল, লাল রাস্তা এ কেবেঁকে ছড়িয়ে পড়ল। বন হয়ে উঠন উপবন। পুরোনো যে বাড়িটা ছিল দেটা হল বৈঠকখানা। সেখান থেকে হাত-পঞ্চাশেক দ্রে অন্তরমহল উঠল। বৈঠকখানা থেকে বেরিয়েই একটি তারের গাছ্যর—নানারকম গাছ, অকিড ফুল, তারই মাঝে নানা স্থাতের পাথি ঝুলছে। দেখান থেকে লাল রাস্তাটি, থানিকটা এগিয়ে ফোয়ারা বদানো হয়েছে মাঝখানে,

তা ঘিরে চলে গেছে একেবারে অন্দরমহলে। বাবামশায় বিকেল হলে মাঝে মাঝে এদে বদেন ফোয়াবার ধারে। ফোয়াবাটির মাঝে একটি কচি ছেলের ধাতুমূতি আকাশের দিকে হাত তলে। উচ হয়ে ফোয়ারা থেকে জল পড়ছে, আশে-পাশে পাথিরা গাইছে, ফুলের স্থবাদ ভেদে আদছে; তারই মাঝে বাবামশায় ব'লে। মস্ত বড়ো একটা ঝিল তৈরি হল এক পালে। যথন কাটা হত দেখতম মাঝে মাঝে মাটির স্বস্ত দাঁডিয়ে আছে পর পর। শ'য়ে শ'য়ে লোক মাটি -কাটছে, রাডিতে করে এনে ফেলছে পাড়ে। সেই ঝিল একদিন ভরে উঠল তলা থেকে ওঠা নতুন জলের লহরে। দলে দলে হাঁদ চরে বেড়ায়। ঝিলের এক পাভে প্রকাণ্ড একটি বট গাছ, তলায় দারদ সারসী, মহার মহারী, রুপোলি শোনালি মরাল দলে দলে থেলা করে। তার ও দিকে হরিণবাগান; পালে পালে হরিণ এক দিক থেকে আর-এক দিকে ছটে বেডাচ্ছে। তার ও দিকে মাঠভরা ভেডার পাল: তার পর গেল গোরু মোব, ঘোডা, তার পর হল শাক্ষরজি ভরিতরকারি নানা ফমলের খেত। এই গেল এক দিকের কথা। আর-এক দিকে ফুলের বাগান, বাগানে স্থন্দর স্থন্দর থাঁচা। সে কী থাঁচা, বেন এক-একটি মন্দির: সোনালি রঙ, তাতে নানা জাতের রঙবেরঙের পাথি. দেশ বিদেশ থেকে আনানো, বাবামশায়ের বড়ো শথের। বাগানের পরে থেলার মাঠ। তার পর আম কাঁঠাল লিচ পেয়ারার বন; তার পর আরো -कछ की, मत्न (तहे मन। नागान (छ। नम्न, धकछ। उलाउँ। (खक् टिं ति है ति दश्यक जात ज करत विकाणित मिरलत पाँठ जनिव किन रम्हे -বাগানের দৌড।

সেই তরাট ত্-মাদের মধ্যেই বাবামশার দাজিয়ে ফেললেন। অনেক মৃতির ফর্মাশ হল বিলেতে। একটা বোঞ্জের ফোরারার অর্ডার দিলেন, পছল্পমত নিজের হাতে এঁকে। পুকুরপাড়ে বোধ হয় বদাবার ইচ্ছে ছিল। ফোরারাটি থেন একগোছা ঘাদ: তেমনি রঙ, দ্ব থেকে দেখলে স্তিয়কারের ঘাদ বলেই ভ্রম হয়। তথনকার দিনে ইন্ডিয়ান আট বলে তো কিছু ছিল না, বিলিতি আটেরই আদের হত সবধানে। পরে আমরা দেখি টি. টম্দনের দোকানে বিলেত থেকে তৈরি হয়ে এদেছে দেই কোয়ারা আর ছটি মাহ্যপ্রমাণ ক্রীতদাদীর ধাতুম্ভি, বাবামশারের ফ্রাশি জিনিদ। ইন্টারভাশভাল এক্জিবিশন হয়, নেথানে তা দাজানো হলা। প্রত্যেকটি ঘাদের মৃথ দিয়ে কোয়ারা

ছুটছে তালগাছ সমান উঁচু হয়ে। ছ হালার টাকা শুরু সেই ফোয়ারাটির দাম। সেই এক্জিবিশন থেকে ফোয়ারাটি ও মৃতিকৃটি কোন্ দেশের এক রাজা কিনে নিলেন। তালো তালো ফুলদানি, কাচের ফুলের তোড়া, দেখলে তাক লাগে। জ্যাঠামশায় এলেন পলতার বাগানে; বাবামশায় ঘুরে ঘুরে তাঁকে সব দেখাতে লাগলেন। দেখতে দেখতে বাবামশায়ের ঘরে এলেন। সেই ঘরে চুকে জ্যাঠামশায় বললেন, বাং শুহু, তোমার মালী তো চমৎকার তোড়া বেঁধেছে। যাবার সময়ে আমাকে এমনি একটি তোড়া বেঁধে দিতে বোলো। বাবামশায় বললেন, 'এ কাচের ফুল বড়দা, তুমি ব্রাতে পার নি ?' জ্যাঠামশায়ের তখন হো হো করে হাসি, 'আমি আছ্যা ঠকেছি তো।। একট্ও ব্রতে পারি নি।'

বাবামশার প্রায়ই কলকাতায় বেতেন, নানারকম জিনিদপতর কিনে নিয়ে আদতেন। একদিন এলেন এক ঝাঁক হাঁদ নিয়ে, ঠিক যেন চিনেমাটির থেলনার কাঁদ; মুঠোর মধ্যে তা পোরা যায়, শাদা ধব্ধব্ করছে। দেই হাঁদগুলি নিয়ে ছেড়ে দেওয়ালেন ঝিলে; থেলা করতে থাকবে, দেইথানেই বাদা বাঁধবে, বাচা পাড়বে জলের কিনারায় ঘাদের বোপে। পরদিন ভোরে গেছেন হাঁদগুলিকে থাওয়াতে; দেখেন একটি হাঁদও বেঁচে নেই, ঝিলের জলে রাশ রাশ শাদা পালক ছেঁড়া পদ্মের পাপড়ির মতো ভাদছে। ছোটোপিনিমা বলনেন, 'তোর যেমন কাও, অভটুকু-টুকু হাঁদগুলোকে এমনি ছেড়ে রাথে? রাতারাতি শেয়ালে দব থেয়ে গেছে।'

আর-একবার মনে আছে, বাবামশায় বদে আছেন ফোয়ারার ধারে। অন্ধরমহলের দামনে বড়ো বড়ো প্যাকিং বাক্স এদেছে, চাকররা খুলছে হাতৃড়ি বাটালি
দিয়ে। প্রায়ই নানা জায়গা থেকে এইরকম প্যাকিং বাক্স আদে বাবামশায়ের
ফর্মাশি জিনিদে ভরা। তিনি কাছে বদে চাকরদের দিয়ে তা থোলান; আমার
খুব ভালো লাগে দেখতে কী বের হয় বাক্সপ্রলা থেকে। চাকরদাদীদের এড়িয়ে
কথনো কথনো দেখনে গিয়ে দাঁড়াই। তা, দেদিন বের হল বাক্স থেকে হটি
কাচের ছ্লদানি, একটি গোলাপি ভাঁটার উপর টিউলিপফুল, ছুলে শিশির পড়ছে
কোঁটা কোঁটা, ছ পাশে হুটি দোনালি পাতা উঠে ছ দিকে ছড়িয়ে পড়েছে। মার
চুল বাঁধবার গোল একটি আয়না ছিল, পরে মা দেটি অলকের মাকে দিয়ে দেন।
তিনি মতদিন ছিলেন তাতেই মুখ দেখেছেন। প্রথম দেই আয়নার ষা ছর্দশা;
থামার ঘরে এনে রেথে দিয়েছে, তার দামনে চুল আঁচড়াতে থাই, কেমন করে

ওঠে মন। বলি, 'আর কেন, নিয়ে যা একে এ ঘর থেকে।' সেই আয়নার সামনে থাকত টিউলিপফুলের ফুলগানিটি, বরাবর দেখেছি তা। মাঝে একবার এক চাকর সেটি বাজারে নিয়ে গেছে বিক্রি করতে। আর-একটি চাকর থোঁজ পেয়ে তাড়াতাড়ি উন্ধার করে আনে। আমি বললুম, 'ও পাফল, এটা যতে তুলে রাখো। এ কী জিনিস, তা তোমরা ব্রবে না, মা চূল বাঁধতে বসতেন, টিউলিপফুলের ছায়া আর মার ম্থের ছায়া এই ভ্টি ছায়া পড়ত আয়নাতে।' এখনো যেন দেখতে পাই সেই ছবি। সোনালি পাতা ছটি এখনো তেমনি ঝক্রক্ করছে। আমার বালাস্থতিতে এই টিউলিপফুল ও আয়নার কাহিনী আরো স্পাই লেখা আছে। আর অন্ত ফুলগানিটি ছিল ক্যাক্ড্ চায়না, সব্জ রঙ, তার গায়ে হাতে-আঁলা নীল হল্দ ছটি পাঝি আর লতাপাতা কয়েকটি। ভারি স্কলর সেই ফুলগানিটি, থাকত বাবামশায়ের আয়নার টেবিলে। সেটি গেল শেষটার বউবাজারে, কী হল কে জানে!

বাবামশায় তো এমনি করে বাগানবাড়ি ঘর সালাছেন। আমরা ছোটো, কিছু তেমন জানি নে, বৃঝি নে। থাকতুম অন্দরমহলে। মাঝে মাঝে ঈশ্বরবাব্ বেড়াতে নিয়ে থেতেন গলার ধারে বিকেলের দিকে। রাজাঘাট তথন ছিল না তেমন। এথানে ওখানে মড়ার মাথার খুলি। চলতে চলতে থমকে দাঁড়াই। ঈশ্বরবাব্ বলেন, 'ছুঁয়ো-টুয়ো না, ভাই, ও-সব।' আমরা একটা ডাল বা কঞ্চি নিয়ে খুলিগুলি ঠেলতে ঠলতে গলায় ফেলে দিয়ে বলি, 'যা, উন্নার পেয়ে গেলি।' ওই ছিল এক খেলা। ছ বেলা হেটেই বেড়াতুম।'

সেই সময়ে পলতার বাগানে একবার ঠিক হয়, দাদা বিলেতে যাবেন। দাজ-পোশাক দব তৈরি করবার ফর্মাশ গেল কলকাতায় দাহেব দজির দোকানে। বাবামশায় বললেন, 'মেজদা আছেন বিলেতে, গগন বিলেত যাক। দতীশ আছে জর্মনিতে, সমর দেখানে যাবে।' আমাকে দেখিয়ে বড়োপিনিমাকে বললেন, 'ও থাকুক এখানেই। আমার দকে ঘুরবে, ইণ্ডিয়া দেখবে, জানবে।' তথন থেকেই দকলে আমার বিভেব্দির আশা ছেড়ে দিয়েছিলেন। ব্রেছিলেন, ভ-সব আমার হবে না। বিদেশ তো যাওয়াই হল না, এ দেশেও আর বাবামশায়ের দলে ঘোরা হয় নি। তবে বাবামশায় ফে বলেছিলেন, 'ইণ্ডিয়া দেখবে জানবে', তা হয়েছে। ভারতবর্ষের যা দেখেছি চিনেছি তিনি থাকলে খুশিংহতন দেখে।

পলতার বাগানে মাদু ছয়েক কেটেছে; বাগান সাজানো হয়েছে। বিনয়িনীর বিষের ঠিকঠাক, এবারে জামাইষ্টার দিন পাত্র দেখা হবে। বাবামশায়ের ইচ্ছে হল বন্ধবান্ধব স্বাইকে বাগানে ডেকে পার্টি দেবেন। আয়োজন শুরু হল, বেখানে যত আগ্রীয়প্তজন বন্ধবান্ধব সাহেবস্থবো, কেউই বাদ রইল না। কেবল আদতে পারেন নি একজন, বলাই দিংহ, বারামশায়ের ক্লাসফ্রেণ্ড। শেষ বয়েদ অবধি তিনি যখনই আদতেন, দুঃখ করতেন; বলতেন, 'কেন গেলুম না আমি ? শেষ দেখা দেখলুম না।' যাক দে কথা। এখন, বিরাট আয়োজন হল। এত লোক আদবে, ত্ব-তিন দিন থাককে, বুঝতেই পারো ব্যাপার। দিকে দিকে তাঁবু পড়ল। কেক-মিপ্তান্নে ফুলে-ফলে আতর-গোলাণে ভরে গেল চার দিক। নাচগানেরও ব্যবস্থা হয়েছে। আমরা ঘোরাঘুরি করছি অন্দরমহলে। বাবুচি থানদামা টেবিল ভরে স্থাণ্ড উইচ আইদক্রিম দাজাচ্ছে। ছেলেমারুব, থাবার দেখে লোভ সামলাতে পারি নে। ঘুরে ফিরে দেখানেই যাই। নবীন বার্চি এটা দেটা হাতে তুলে দেয় ; বলে, 'ঘাও যাও, এখান থেকে মরে পড়ো।' চলে স্মানি, আবার যাই। এমনি করে আমাদের সময় কটিছে। ও দিকে বৈঠক-খানায় শুরু হয়েছে পার্টি, নাচগান। রবিকা, জ্যাঠামশায় ওঁরাও ছিলেন: রবিকার গান হয়েছিল। প্রথম দিন দেশী রক্ষের পার্টি হয়ে গেল। ছিতীয় দিন হল সাহেৰস্থবোদের নিয়ে ডিনার পাটি। আমাদের নীলমাধব ডাক্তারের ছেলে বিলেতফেরত ব্যারিস্টার নন্দ হালদার সাহেব টোস্ট্ প্রস্তাবের পর গ্লাদ শেষ করে বিলিতি কায়দা-মাফিক পিছন দিকে গ্রাদ ছুঁড়ে ফেলে দিলেন। অমনি সকলেই আরম্ভ করে দিলেন গ্লাদ ছুঁড়ে ফেলতে। একবার করে গ্লাদ শেষ হয় আর তা পিছনে ছুঁড়ে ফেলছেন ঝনুঝন শব্দে চার দিক মুথরিত করে। মনে আছে, খানসামারা বধন লাইন করে করে সাজাচ্ছিল কাচের গ্লাদ-গোলাপি আভা, থ্ব দামি। প্রদিন স্কালে যখন ঝাঁটপাট শুক্র হল গোলাপের পাপড়ির দঙ্গে গোলাপি কাচের টুকরে। স্থূপাকার হয়ে বাইরে চলে গেল। ছ-তিনদিন পরে পার্টি শেষ হল, বাবামশায় নিজে দাঁড়িয়ে সকলের থোঁজখবর নিয়ে সব ব্যবস্থা করে অতিথি-অভ্যাগত আত্মীয়ম্বজন বন্ধবান্ধব সকলকে হাসিমুথে বিদার দিলেন। অন্তর্মহলে মা পিসিমা ব্যস্ত আছেন জামাইয়্ডীর তৰ পাঠাতে।

এমন সময়ে থবর হল বাবামশায়ের অস্থ্য । এত হৈ-চৈ হতে হতে কেমন

একটা ভয়ংকর মাতক্বের ছায়া পড়ল সবার ম্থে-চোথে চলায়-বলায়। পিসেমশাইরা ছুটলেন ওর্ধ আনতে, ডাক্তার ডাকতে; নীলমাধববার্ হাঁকছেন, 'বরক আন, বরফ আন।' দাসদাসীরা গুজ গুজ ফিস্ফাস্ করছে এখানে ওথানে। জৈ। ঠ মাদ; ঝড়ের মেঘ উঠল কালো হয়ে, শৌ-শো বাতাস বইল। ভোরের বেলা দাসীরা আমাদের ঠেলে তুলে দিলে, 'যা, শেষ দেখা দেখে আয়।' নিয়ে গেল আমাদের বাবামশায়ের ঘরে। বিছানায় তিনি ছট্ফট কয়ছেন। পাশ থেকে কে একজন বললেন, 'ছেলেদের দেখতে সেমেছিলে। ছেলেরা এসেছে দেখো।' শুনে বাবামশায় ঘাড় একটু তুলে একবার তাকালেন আমাদের দিকে, তার পর ম্থ ফিরিয়ে নিলেন। মাথা কাত হয়ে পড়ল বালিশে। বড়োপিসিমা ছোটোপিসিমা টেচিয়ে উঠলেন, 'একি, এ কী হল! কাল-জৈাট এল য়ে, কাল-জৈাট।'

দেই দিন থেকে ছেলেবেলাটা যেন ফুরিয়ে গেল।

9

তার পর গেল বেশ কিছুকাল। একদিন বিয়ে হয়ে গেল, সঙ্গে সংস্কে জীবনের ধরন-ধারণ ওঠাবদা সাজগোজ সব বদলে গেল। এথন উদটো জামা পরে ধুলো-পায়ে ছুটোছুটি করবার দিন চলে গেছে। চাকরবাকররা 'ছোটোবাবু মশার' বলে ডাকে, দরোয়ানরা 'ছোটো হছুর' বলে দেলাম করে। হু বেলা কাপড় ছাড়া অভ্যেস করতে হল, শিমলের কোঁচানো ধৃতি পরে ফিট্ফাট হয়ে গাড়ি চড়ে বেড়াতে বেতে হল, একটু-মাধটু আতর ল্যাভেণ্ডার গোলাণও মাখতে হল, ভাকিয়া ঠেস দিয়ে বসতে হল, গুড়গুড়ি টানতে হল, ভেদ্বেট বৃট এঁটে থিয়েটার বেতে হল, ভিনার খেতে হল, এক কথায় মানাদের বাড়ির ছোটোবাবু সাজতে হল।

বাল্যকালটাতে শিশুমন কী সংগ্রহ করলে তা তো বলে চুকেছি অনেকবার অনেক জায়গায়, অনেকের কাছে। যৌবনকালের যেটুরু সঞ্চয় মন-ভোমরা করে গেছে তার একটু-একটু স্বাদ্ধরে দিয়েছি, এখনো দিয়ে চলেছি হাতের আঁকা ছবির পর ছবিতে। এ কি বোঝো না ? পদ্মপত্তে জলবিন্দুর মতো সে-সব স্থের দিন গেল। তার স্বাদ্ধ পাত নি কি ওই নামের ছবিতে আমার ? প্রসাধনের বেলায় জোড়াগাঁকোর বাড়িতে অন্তর্মহলে যে স্থান্তর মুধ সব, যে ছবি সংগ্রহ

করলে মন, আমার 'কনে নাজানো' ছবিখানিতে তার অনেকথানি পাবে। স্থেবর-স্বপ্ন-ভাঙানো বে দাহ দেও দঞ্চিত ছিল মনে অনেক দিন আগে থেকে। স্থেবর নীড়ে বাদা করেছিলেম, তবেই তো আঁকতে শিথে সে মনের সঞ্মধরেছি 'নাজাহানের মৃত্যুশ্যা' ছবিতে।

্বাল্যে পুতৃল থেরার বন্ধসের সঞ্চয় এই শেষ বন্ধসের যাত্রাগানে, লেখায়, টুকিটাকি ইট কাঠ কুড়িয়ে পুতৃল গড়ায় বে ধরে মাচ্ছি নে তা ভেবো না। সেই বাল্যকাল থেকে মন সঞ্চয় করে এসেছে। তথনই যে সে-সব সঞ্চয় কাজে লাগাতে পেরেছিলেম তা নয়। ধরা ছিল মনে। কালে কালে সে সঞ্চয় কাজে এল; আনার লেখার কাজে, ছবি আঁকার কাজে, গল্প বলার কাজে, এমনি কত কী কাজে তার ঠিক নেই। এই নিয়মে আমার জীবনবাত্রা চলেছে। আমার সঞ্চয়ী মন। সঞ্চয়ী মনের কাজই এই— সঞ্চয় করে চলা, ভালো মন্দ টুকিটাকি কত কী। কাক বেমন অনেক মূল্যবান জিনিস, ভাঙাচোরা অতি বাজে জিনিসও এক বাদায় ধরে দেয়, মন-পাথিটও আমার ঠিক সেইভাবে সংগ্রহ করে চলে মা-তা। সেই-সব সংগ্রহ তৃমি হিসেব করে গুছিয়ে লিখতে চাও লেখা, আমি বলে খালাদ।

রোজ বেলা তিনটে ছিল মেয়েদের চূলবাঁধার বেলা। কবিত্ব করে বলতে হলে বলি, প্রদাধনের বেলা। আমাদের অন্দর ও রালাবাড়ির মাঝে লখা ঘরটার বিছিয়ে দিত দাদীরা চূদবাঁধার আয়না মাহ্র আরো নানা উপকরণ ঠিক দময়ে। মা পিদিমারা নিজের নিজের বউ ঝি নিয়ে বদতেন চূল বাঁধতে।

বিবিজ্ বলে এক গহনাওয়ালী হাজির হত সেই সময়ে— কোন্ নতুন বউয়ের কানের মৃক্তোর হুল চাই, কোন্ মেয়ের নাকের নাকছাবি চাই, পৌণায় সোনারুপার ফুল চাই, তাই জোগাত। চুড়িওয়ালী এসে ঝুড়ি খুলতেই তুল্তুলে হাত সব নিস্পিস্ করত চুড়ি পরতে। ছোটো ছোটো রাংতা দেওয়। গালার চুড়ি, কাচের চুড়ি, কত কৌশলে হাতে পরিয়ে দিয়ে চলে থেত সেপরসা নিয়ে। চুড়ি বেচবার কৌশলও জানত। চুড়ি পরাবার কৌশলও জানত। কোন্ রভের পর কোন্ চুড়ি মানাবে বড়ো চিত্রকরীর মতো ব্রত তার হিসেব সেই চুড়িওয়ালী। বোইমী আসত ঠিক সেই লময়ে ভক্তিত্ত্বের পান শোনাতে। তোমরা বিজ্ঞবার্র নভেলে মেন্সব ছবি পাও সেন্সব ছবি স্বাধতে দেখেছি আমি খুব ছেলেবেলায়। এখনো চুড়িপরানো ছবি আঁকতে

সেই শিশুমনের সংগ্রহ কাজ দের। হাতের চুড়িগুলি আঁকতে কোন্ রঙের পর কোন্ রঙের টান দিতে হবে জানি, সেজল আর ভাবতে হয় না। তুমি ষে সেদিন বললে, গাঁওতালনীদের খোঁপা আপনি কেমন করে ঠিকটি এঁকে দিলেন? খোঁপার কত রকম প্যাচ সেই চুল বাঁধার ঘরে বসে শিশুদৃষ্টি শিশুমন ধরেছিল।

মা বদে আছেন কাঠের তক্তপোশে, দাসীরা চুল বেঁধে দিছে ছোটো ছোটো বউ-মেরেদের। সে কড রকমের চুল বাঁধার কায়দা, বোঁপার ছাঁদ। বোইমী বদে গাইত, 'কানড়া ছান্দে কবরী বান্ধে।' সেই কানড়া ছান্দে বোঁপা বাঁধত বদে পাড়াগাঁরের দাসীরা। তোমরা বোঁপা তো বাঁধো, জানো সে বোঁপা কেমন? মোচা বোঁপা, কলা বোঁপা, বিবিয়ানা বোঁপা, পৈঁচে ফাঁস, মন-ধরা খোঁপার ফাঁস, কত তার বর্ধনা দেব! কত-বা এঁকে দেখাব! এইবার আসত ফুল এয়ালী কলাপাতার মোড়কে ফুলমালা হাতে। সেই ফুলমালা নিজের হাতে জড়িয়ে দিতেন মা খোঁপায় বোঁপার। সন্ধেতারা উঠে বেত, চাঁদ উঠে বেত।

সংশ্ব হলেই গোঁপে তা দিয়ে দক্ষিণের বারান্দায় বলে আল্নেমি করি— মতিবাবু আনেন, আমহন্দর আনেন। আমি বদি কোনোদিন ম্যাণ্ডোলিন নিয়ে, কোনোদিন-বা এদ্রাজ নিয়ে। মতিবাবু শিবের বিয়ের পাঁচালী গান—

তোরা কেউ যাদ নে ওলো ধরতে কুলো কুলবালা।

মহেশের ভূতের হাটে এ-সর ঠাটে সক্ষেবলা।

মে ন্নাণ ধরেছিদ তোরা, চিত্ত-উন্নত্ত-করা,

চাল-খেন ধরায় ধরা, ধৌণায় যেবা বকুলমালা।

এইরকম বকুলমালা জুঁইমালায় সাজানো দে-বয়দের দিনরাতগুলো আনন্দে কাটে। মা রয়েছেন মাধার উপরে, নির্ভাবনায় আছি।

ভূবনবাই বলে একটা বৃড়ি আসত। মা তাকে বউদের গান শোনাতে বলতেন। স্থীসংবাদ, মাথুর গাইত সে এককালে আমার ছোটোদাদামশায়ের আমলে—

তোৱা যাদ নে যাদ নে যাদ নে দুটী।
পোলে কথা কৰে না সে নৰ ভূপতি।
যদি যাবি মুমুপুৰে
আমার-কথা কোদ নে তারে—
বুদ্দে, তোরে ধরি করে, রাধ এ মিনতি।

কোকলা দাঁতে তোতলা তোতলা হুরে সে এই গান গেলে মরেছে। কিন্তু সেই বুজি ষেটুকথানি ধরে গেছে আমার মনে, দেই বস্তুটুকুও যে আমার ক্ষণনীলার কোনো ছবিতে নেই তা মনে কোলো না।

নান্নীবাই শুনেছি এক কালে লক্ষেরের খুব নামকরা বাইজি ছিল; কপোর থাটে শুত, এত ঐথর্য। সর্বপ্ত খুইয়ে সে আসে ভিথিরির মতো; পাচিল-বেরা গোল চকরের কাছে বসে গান গায়. এ-বাড়ি গু-বাড়ি থেকে কিছু টাকাপয়দা যা পায় নিয়ে চলে যায়। ব্জোবয়েসেও চমৎকার গলা ছিল তার, এখনকার অনেক ওস্তাদ হার মেনে যায়।

প্রীজানও আদে। দেও বুড়ো হরে পেছে। চমংকার গাইতে পারে। মাকে বলল্ম, 'না, একদিন ওর গান শুনব।' মা বললেন প্রীজানকে। সে বললে, 'আর কি এখন তেমন গাইতে পারি! বাবুদের শোনাভূম গান, তথন গাইতে পারভূম। এখন ছেলেদের আদরে কী গাইব?' মা বললেন, 'তা হোক, একদিন গাও এদে, ওরা শুনতে চাইছে।' প্রীজান রাজি হল, একদিন সারারাতব্যাপী প্রীজানের গানের জলসার বন্ধুবান্ধবদের ডাক দেওয়া পেল। নাটোরও ছিলেন ভার মধ্যে। বড়ো নাচমরে গানের জলদা বদল। প্রীজান গাইবে চার প্রহরে চারটি গান। প্রীজান আরম্ভ করল গান। দেখতে সে স্কল্মর ছিল না মোটেই; কিন্তু কী গলা, কোকিলকণ্ঠ যাকে বলে। এক-একটা গান শুনতে তিন প্রহর রাত্রি কাবার। এবারে শেষ প্রহরের গান। বাতিগুলো দব নিবে এদেছে, একটমাত্র মিট্মিট্ করে জলছে উপরে। ঘরের দরজাগুলি বন্ধ, চারি দিক নিশুর যে যার আমরা স্থির হরে বনে। প্রীজান ভোরাই ধরলে। গান প্রার জারগার আমরা স্থির হরে বনে। প্রীজান ভোরাই ধরলে। গান শেষ হল, মরের শেষ বাতিটি নিবে গেল— উষার আলো উকি দিল নাচম্বরের মধ্যে।

কানাড়া আর ভৈরবীতে শ্রীন্থান দিন্ধ ছিল।

আর-একবার গান শুনেছিলুম। তথন আমি দস্তরমত গানের চর্চা করি।
কোথায় কে গাইদ্রে-বাজিয়ে এল গেল দব খবর আদে আমার কাছে। কাশী
থেকে এক বাইজি এদেছে, নাম সরস্বতী, চমৎকার গায়। শুনতে হবে। এক
রাত্তিরে ছ শো টাকা নেবে। শ্রামস্থলরকে পাঠালুম, খাগু, দেখো কত কমে
রাজি করাতে পারো।' শ্রামস্থলর গিয়ে অনেক বলে কয়ে তিনশো টাকায়

রাজি করালে। শ্রামস্থন্দর এদে বললে, 'তিনশো টাকা ভার গানের জন্ত, আর ছটি বোতল ব্রাণ্ডি দিতে হবে।' ব্রাণ্ডির নামে ভয় পেলেম, পাছে মার আপতি হয়। খ্রামস্থন্দর বললে, 'ব্রাপ্তি না থেলে সে গাইতেই পারে না।' তোডভোড সব ঠিক। সরস্বতী এল সভায়। স্থলকায়া, নাকটি বডিপানা, দেখেই চিভির। नाटिंदि तलन, 'व्यवनमा, करत्र की । जिन्दा होका जल मिल ?' इटि गान গাইবে সরস্থতী। নাটোর মৃদক্ষে সংগত করবেন বলে প্রস্তুত। দশটা বাজল. গান আরম্ভ হল। একটি গানে রাত এগারোটা। নাটোর মদঙ্গ কোলে নিয়ে স্থির। সরস্বতীর চমৎকার গলার স্বরে অত বড়ো নাচ্যরটা রমরম করতে ধাকল, কী স্বরদাধনাই করেছিল সরস্বতীবাই। আমরা সব কেউ তাকিয়া বুকে, কেউ বুকে হাত দিয়ে শুর হয়ে বদে। এক গানেই আদর মাত। গানের রেশে তথনো সবাই মগ্ন। সরস্বতীবাই বললে, 'আউর কুছ ফর্মাইয়ে।' গান ভান তাকে ফর্মান করবার সাহস নেই কারো। এ ওর মূথের দিকে তাকাই। শেষে খ্রামস্থনরকে বলল্ম, 'একটা ভজন গাইতে বলো, কাশীর ভজন খনেছি বিখাত। ' সে একটি সকলের জানা ভজন গাইলে, 'আও তো ব্ৰজচললাল।' সব শুন্তিত। আমি তাডাতাড়ি তার ছবি আঁকলুম, পাশে গানটিও লিথে রাধলম। গান শেষ হল, দে উঠে পডল। তথানা গানের জন্ম তিনশো টাকা দেওয়া যেন সার্থক মনে হল।

এমনিতরো নাচও দেখেছিলুম, দে আর-একবার। নাটোরের ছেলের বিয়ে, নাচগানের বিরাট আয়োজন। কর্ণাট থেকে নাম-করা বাইজি আনিয়েছেন। খ্ব ওতাদ নাচিয়ে মেয়েটি। এদেছে ভার দিদিমার সঙ্গে। বৃজি দিদিমা কালকাবিন্দের শিয়া। সভায় বদেছে স্বাই। বৃজিটির সঙ্গে নাতনিটিও চুকল; বৃজি পিচনে বদে রইল, মেয়েটি নাচলে। চমৎকার নাচলে, নাচ শেষ হতে চার-দিকে বাহবা রব উঠল। আমার কী পেয়াল হল, এই বৃজির নাচ দেখব। নাটোর তনে বললেন, 'অবনদা, তোমার এ কী পছল।' বলল্ম, 'তা হোক, শথ হয়েছে বৃজির নাচ দেখবার। তৃমি তাকে বলো, নিশ্চয়ই এই বৃজি খ্ব চমৎকার নাচে।' নাটোর বৃজিকে বলে পাঠালে। বৃজি প্রথমটায় আপতি করলে, দে বুড়ো হয়ে পেছে, পারসজ্জাও কিছু আনে নি মধে। বলল্ম, 'কোনো দরকার নেই, তুমি বিনা সাজেই নাচো।' বৃজি নাতনিকে নিয়ে ভিতরে গেল। ওদের নিয়ম, সভায় এক নাচিয়ে উপহিত ধাকলে আর-একজন নাচে না। থানিক

পরে বৃড়ি নাতনির পাঁরছোর পরে উড়নিটি গায়ে জড়িয়ে সভায় ঢুকল। একজন
সারেঙ্গিতে স্বর ধরলে। বৃড়ি সারেঙ্গির সঙ্গে নাচ আরম্ভ করলে। বলব কী, সে
কী নাচ! এমনভাবে মাটিতে পা ফেলল, মনে হল, যেন কার্পেট ছেড়ে তৃ-তিন
আঙুল উপরে হাওয়াতে পা ভেসে চলেছে তার। অভ্ত পায়ে চলার কায়দা;
আর কী ধীর গতি! জলের উপর দিয়ে হাঁটল কি হাওয়ার উপর দিয়ে বোঝা দায়। বৃড়ির বৃড়ো মুথ ভুলে গেলুম, নৃত্যের সৌন্দর্য তাকে স্ক্রেরী
করে দেখালে।

আর-একবার রাণ্ট্ নাহেব, উড্রফ সাহেব, আমরা করেকজন দেশীসংগীতের অফুরাগী মিলে মাদ্রাজ থেকে একজন বীনকারকে আনিয়েছিল্ম। সপ্তাহে সপ্তাহে রাত নটার পরে আমাদের বাড়িতে সেই বীনকারের বৈঠক বসত। সাহেব-স্বোদের জন্ত থাকত কমলালেব্র শরবত, আইস্ক্রিম, পান-চূক্টের ব্যবস্থা। রাত্তিরে শহরের গোলমাল যথন থেমে আসত, বাড়ির শিশুরা ঘুমিয়ে পড়ত, চাকরদের কাজকর্ম সারা হত, চার দিক শান্ত, তথন বীণা উঠত বীনকারের হাতে। কাইজারলিঙ ও একবার এলেন সে আসরে। বীনকার বীণা বাজিয়ে চলেছে, পাশে কাইজারলিঙ স্থির হয়ে চোথ বুজে ব'লে, চেয়ে দেখি বাজনা শুনতে শুনতে তার কান গাল লাল টক্টকে হয়ে উঠল। স্বরের ঠিক রঙাট ধরল সাহেবের মনে। ঝাড়া একটি ঘণ্টা পূর্ণচন্দ্রিকা রাগিণীটি বাজিয়ে বীনকার বীন রাথলে। মজলিস ভেঙে আর কারো মুথে কথা নেই, আন্তে আর্থতে সব্ যে যার বাড়ি ফিরে গেলেন।

ь

জোড়াগাঁকোর বাড়ির দোতলার দক্ষিণের বারান্দা— পুরুষাহুজ্নে আমাদের আমদরবার, বদবার জায়গা; প্রকাণ্ড বারান্দা, পূব থেকে পশ্চিমে বাড়িদমান লম্বা দৌড়া। তারই এক-এক খাটালে এক-একজনের বদবার চৌকি, সে চৌকি নড়াবার জো ছিল না। ঈশরবাব্র এক, নবীনবাব্র এক, ছোট্টোপিসেমশায়ের এক, বড়োপিসেমশায়ের এক, বড়োপিসেমশায়ের এক, নগেনবাব্র এক, কালাটাদবাব্র এক, অক্ষরবাব্র এক, বৈহুঠবাব্র এক, বাবামশায়ের এক— এমনি সারি দারি চৌকি ছ দিকে। এঁরা সকলেই এক-এক চরিজ, এঁরা অনেকে বাইরের হয়েও একেবারে জোড়াসাঁকোর মরের মতো ছিলেন। বাবামশায়ের পোষা কাকাতুয়ার পর্যন্ত একটা

খাটাল ছিল, দেয়ালে নিজের স্থান দখল করে বসে থাকত, সেও যেন এক দভাদদ। দকাল-বিকেল আড্ডার জায়গা ছিল ওই বারান্দা, চিরকান দেথে এসেছি। গুড়গুড়ি ফরসি হুঁকো বৈঠকে দাজিয়ে দিতুঁ চাকররা। কাছারির কাজও চলত দেখানে, দেওয়ান আদত, আদত বয়ত্ম, পারিষদ। গান, খোদগল্ল, হাসি, কত কী হত। দেখেছি, ঈশরবাব্ নবীনবাব্ ওঁরা যে যাঁর জায়গায় হুঁকো খাছেন, বাবামশায় আছেন ইজিচেয়ারে বসে, ডুইংবোর্ড্ কোলে প্লান আঁকছেন। বারান্দায় জোড়া জোড়া থাম, তার মাঝে মাঝে বড়ো বড়ো খাটাল, প্রধারে একটা বড়ো থিলেন, পশ্চিমধারে তেমনি আর-একটা— সত্তর-আশি ফুট লখা, চওড়াও অনেকটা।

ঈশ্ববার আদতেন বোজ দকালে লাঠি ঠকাদ্ ঠকাদ্ করতে করতে। হাতে ক্মালে-বাঁধা কচি আম, কোনোদিন-বা আর-কিছু, মা নতুন বাজারে উঠেছে। বাজারে বে ঋতুতে যা-কিছু নতুন উঠবে এনে দিতে হবে, এই ছিল তাঁর সঙ্গে বাবামশায়ের কথা।

নিত্য বাঁরা আদতেন আমদরবারে, তাঁদের কথা তো বলেইছি, অহারা কেউ এলে তাঁদেরও বদানো হত ওথানে। আদিস যাবার আগে পর্যন্ত দক্ষিণের বারান্দায় তাঁদের দরবার বসত। তার পর দক্ষিণের বারান্দা থালি— যে যার বাজি চলে গেলেন, বাবামশায় উঠে এলেন, বিশেশর ফরিদ গুড়গুড়ি ভুলে নিলে। আমরা তথন চুকতুম দেখানে; নবীনবাবু হয়তো তথনো বদে আছেন, তাঁকে ধরতুম ফ্যান্দি কেয়ারে নিয়ে যেতে হবে, ইডেন গার্ডেনে বেজিয়ে আনতে হবে। বাবামশায়ের দরবারে আমাদের দরথাত পেশ করতে হবে, তিনি হকুম দেবেন ভবে যেতে পারব। আমাদের হয়ে নবীনবাবুই দে কাজটা করেনে।

পুজোর সময় দক্ষিণের বারান্দায় কত রকমের ভিড়। চীনেমান এল, জুতোর মাপ দিতে হবে। আমাদের ডাক পড়ত তথন দক্ষিণের বারান্দায়। থবরের কাগজ ভাঁজ করে সরু ফিতের মতো বানিয়ে চীনেমান পায়ের মাপ নিত, এথনো তার আঙু লগুলো দেখতে পাছি। দরজি এল, ঈথরবাব ইাকলেন, 'হুহে, ভন্তাগর এসেছে, এসো এসো ভাইসব, মাপ দিতে হবে গায়ের।' কিতে খুলে দাঁড়িয়ে দরজি; মোটা পেট, গায়ে শাদা জামা, মাথায় গঘুজের মতো টুপি; সে আমাদের পুতুলের মতো ঘুরিয়ে ফিরিয়ের মাপ নিয়ে ছেড়ে দিতে ঈশ্রবাবৃত্

উঠে এগিয়ে এদে দাঁড়ালেন, 'আমারও গায়ের মাণটা নিয়ে নাও, একটা কদরী— পুজা আদছে' বলে বাবামশায়ের দিকে তাকান। বড়োবাজায়ের পাঞ্জারী শালওয়ালা বলে আছে নানারকম জরির ফুল দেওয়া ছিট, কিংথাবের বস্তা খুলে। বাবামশায়ের পছল্পত কাণড় কটা হলে অমনি নবীনবাব্ বলতেন, 'বাবা, আমার নলিনেরও একটা চাপকান হয়ে যাক এই সঙ্গে।'

আতরওয়ালা এনে হাজির, গেব্রিয়েল সাহেব: আমরা বল্তম ভাকে গিব্রেল শাহেব— একেবারে থাদ ইছদি— যেন শেক্সপিয়রের মার্চেন্ট অব ভেনিদের শাইলকের ছবি জ্যান্ত হয়ে নেমে এদেছে জোড়াসাঁকোর দক্ষিণের বারান্দায় ্ইস্তাম্বল আত্তর বেচতে— হুবহু ঠিক তেমনি দাজ, তেমনি চেহারা। গিব্রেল সাহেবের চিলে আচকান, হাতকাটা আন্তিন, সক্ষ সক্ষ একসার বোডাম ঝিক ঝিক করতে: ঔরঙ্গভেবের ছবিতে এঁকে দিয়েতি দেরকম। দে স্থাতর বেচতে এলেই ঈশ্বরবার অক্ষাবার স্বাই একে একে খড়কেতে একট তুলো জড়িয়ে বসতেন 'দেখি, দেখি, কেমন আতর', ব'লে আতরে ডুবিয়ে কানে গুঁজতেন। পুজার সময় আমাদের বরাদ ছিল নতুন কাপড়, দিল্বের ক্মাল। সেই ক্মালে টাকা বেঁধে রমানাথ ঠাকুরের বাড়িতে পুজোর সময় যাত্রাগানে প্যালা দিতুম। বলি নি ব্ঝি দে গল্প হবে, সব হবে, সব বলে যাব আন্তে আন্তে। নন্দ ফরাদের ফরাস-খানার মতো পুরোনো গুদোমঘর বয়ে বেড়াচ্ছি মনে। কত কালের কত জিনিদে ভরা দে ঘর, ভাঙাচোরা দামি-অদামিতে ঠাসা। যত পারো নিয়ে যাও এবারে— হালকা হতে পারলে আমিও যে বাঁচি।— হ্যা, সেই শিল্পের রুমাল গিবেল সাহেবই এনে দিত। আর ছিল বরাদ সকলের ছোটো ছোটো এক-এক শিশি আতর।

কত রকম লোক আসত, কত রকম কাগু হত ওই বারাদায়। একবার নাইক্রমোপ এসেছে বিলেত থেকে, প্যাকিং বাল্ল খোলা হছে। কী ঘাস দিয়ে যেন তারা প্যাক করে দিয়েছে, বাল্ল খোলা মাত্র বারাদা স্থান্ধে ভরপুর। 'কী ঘাস, কী ঘাস' বলে মুঠো মুঠো ঘাস ওথানে বারা ছিলেন স্বাই পকেটে প্রনেন। বাড়ির ভিতরেও গেল কিছু, মেয়েদের মাথা ঘবার মসলা হবে। মাইক্রমোপ রইল পড়ে; ঘাস নিয়েই মাডামাতি, দেখতে দেখতে সব ঘাস গেল উড়ে। আমিও এক ফাঁকে একটু নিলুম, বছদিন স্বাধি পকেটে থাকত, হাতের মুঠোয় নিয়ে গদ্ধ ভঁকতুম।

ভার পর আর-একবার এল ওই বারান্দায় এক রাক্ষ্য, কাঁচা মাংস থাবে।
সকাল থেকে যহ মান্টার ব্যস্ত, আমাদের ছুটি দিয়ে দিলেন রাক্ষ্য দেখতে।
'দেখবি আয়, দেখবি আয়, রাক্ষ্য এদেছে' বলে ছেলের দল গিয়ে ছুটল্ম
সেখানে। মা পিনিমারাও দেখছেন আড়ালে থেকে খড়খড়ির ফাঁক দিয়ে। ছেলে
ব্জে সবাই সমান কৌত্হলী। রাবণের গল্পড়েছি, সেই দেশেরই রাক্ষ্য।
কৌত্হল হচ্ছে দেখতে, আবার ভয়-ভয়ও করছে। 'এসেছে এসেছে, আসছে
আসছে' রব পড়ে গেল। বাবামশায়ের পোষা খরগোদ চয়ে বেড়াছে বারালায়
—কেদারলা টেচিয়ে উঠলেন, 'থরগোমগুলিকে নিয়ে যা এখান থেকে, রাক্ষ্য
থেয় ফেলবে।' শুনে আমরা আরো ভীত হচ্ছি, না জানি কী। থানিক পয়ে
রাক্ষ্য এল, মাহ্য— বিশেখরের মডোই দেখতে রোগাণ্টকা অভি ভালোমাহ্য
চেহারা— দেখে আমি একেবারে হতাশ। চাকররা একটা বড়ো গয়েশরী
থালাতে গোটা একটা পাঠা কেটে টুকরো টুকরো করে নিয়ে এল রামা্যর
থেকে। দেই মান্সের নৈবেছ সামনে দিতেই থানিকটা হ্নন মেথে লোকটা
হাপ্ হাপ্ করে সব মান্য থেয়ে টাকা নিয়ে চলে গেল। দেই এক রাক্ষ্য
দেখেছিলেম ছেলেবেলায়, কাঁচাথোর।

সেকালের লোকদের ছোটো-বড়ো স্বারই এক-একটা চরিত্র থাকত। অক্ষরবার্ আদতেন ফিট্রুট বার্টি দেজে। তাঁর কথা তো অনেক বলেছি আগের দ্ব গালে। দে সময়ে ফ্যাশান বেরিয়েছে বুকে মড়মড়ে-পেলেট-দেওয়া চোড ইন্টিরি-করা শার্ট, ভাই গায়ে দিয়ে এদেছেন অক্ষয়বার্। কালো রঙ ছিল তাঁর, বাবরি চুল, গোঁকে তা, কড়ে আঙুলে একটা আগেট। গানও গাইতেন মাঝে মাঝে, থ্ব দরাজ গলা ছিল। গান কিছু বড়ো মনে নেই, স্বরটাই আছে কানে এথনো বড়ো বড়ো রাগরাগিণীর— আমি তথন কড্টুকুই-বা, ছয়-দাত বছর বয়দ হবে আমার। এখন, অক্ষয়বার্ তো বদে আছেন চৌকিতে দেই নতুন ফ্যাশানের পেলেট দেওয়া শার্ট গায়ে দিয়ে। আমি কাছে গিয়ে অক্ষয়বার্র বুকের মড়মড়ে পেলেটে হাত বোলাতে বোলাতে বলল্ম, 'অক্ষয়বার্, এ ম্যোদি গড়খড়ি লাগিয়ে এদেছেন।' বেমন বলা বারানার্শ্ব মকলের হো-হো হাদি, 'শাদি গড়খড়ি।' হাদি জনে ভাবল্ম কী ছানি একটা অপরাধ করে ফেলেছি। টোটা দৌড় দেখান থেকে। বিকেলে আবার তনি, দেই আমার ধ্যাদি গড়খডি গরার কথা নিয়ে হাদি হছে স্বাইকার।

দরঙ্গি, চীনাম্যান, তারাও এক-একটা টাইপ; তাই চোথের সামনে স্পষ্টতাদের দেবতে পাই এখনো। ঈশরবাব্ শিবিয়ে দিয়েছিলেন চীনে ভাষা, 'ইরেন
দে পাগলা, উড়েন'দে পাগলা, কা দো।' ভাবটা বোধ হয়, জুতো এ পায়েও
গলাই, ও পায়েও গলাই, তু পায়েই লাগে ক্ষা। চীনাম্যান এলেই আমরা
চীনেম্যানকে দিরে দিরে ওই চীনে ভাষা বলতুম, আর দে হাদত।
ঢিলেটালা পালামা, কালো চায়নাকোট গায়ে, ঠিক তার মতোই টাক-টিকিতে
দেলে এক চীনেম্যানরূপে বেরিয়েছিলুম 'এমন কর্ম আর করব না'
প্রহদনে।

শ্রীকঠবাবু আদতেন। এই এখানকার রারপুর থেকে ঘেতেন মাঝে মাঝে কলকাতার কর্তানশারের কাছে। বুড়োর চেহারা মনে আছে, পাকা আমটির মতো গায়ের রঙ, জরির টুপি মাথায়। গাইতেন চৌকিতে বদে 'ব্রদ্ধরণাহি কেবলন্' আর 'পুণ্যপুঞ্জন ঘদি প্রেমধনং কোহপি লভেং'। আমরাও হু হাত তুলে গাইতুম, 'কোহপি লভেং কোহপি লভেং'। মেদিন শুনল্ম ৭ই পৌষে ছাতিমতলায় এই গান। শুনেই মনে হল শ্রীকঠবাবুর মুথে ছেলেবেলায় শেথা গান। যাট-সত্তর বছর পরে এই গান শুনে মনে পড়ে গেল দেই দক্ষিণের বারালায়-শ্রীকঠবাবু গাইছেন, আমরা নাচছি। ছোট্ট একটি সেভার থাকত সঙ্গে, সেইটিবাজিয়ে আমাদের নাচাতেন। বড়ো ভালোবাসতেন ভিনি ছোটো ছেলেদের। কর্তামশায়ের সঙ্গে তার খুব ভাব ছিল। তাঁঃই বাড়িতে আমতে মাঝপথে তিনি বিশ্রাম নিতেন ওই ছাতিমতলায়। দেটশন থেকে পালকি করে এদে এইখানে নেমে বিশ্রাম নিয়ে তবে বেতেন রায়পুর সিংহিদের বাড়ি। বড়ো ভালোজগেছিল কর্তামশায়ের ছাতিমতলাটি। ভাই তিনি এথানে নিজের একটি আশ্রম প্রতিষ্ঠা করবার কল্পনা করেছিলেন। এ সমস্তই ছিল তথন শ্রীকঠবাবুর দেবলে।

তথনকার দিনে গুরুজনদের নান কী দেগতুন। আমদরবার বদেছে, থবর এল, কালীকৃষ্ণ ঠাকুর পাথুরেঘাটা থেকে দেখা করতে আসছেন। জনে কী ব্যস্ত স্বাই। তোল্ তোল্, হুঁকো কলকে সব তোল্, সরা এখান থেকে এ-সব। বাবামশায় চ্কলেন ঘরে, পরিষ্ণার জামাকাপড় পরে তৈরি। গুরুজন আসছেন, জালোমান্থয সেজে স্বাই অপেকা করতে লাগলেন। ছোটো ছেলেদের মতোগ্রুজনকে ভয় করতেন তাঁরা; গুরুজনরা এলে সমীহ করা, এটা ছিল।

কর্তামশায় এদেছিলেন, বলেছি তো সে গল্প— তাড়াহুড়ো, দেউড়ি থেকে উপর পর্যন্ত ঝাড়পোছ, যেন বর আসছেন বাড়িতে।

জোড়াগাঁকোর বাড়ির দক্ষিণ বারান্দার আবহাওয়া, এ যে কী জিনিদ !
দেই আবহাওয়াতেই মাথ্য আমরা। এ-বাড়ির যেমন দক্ষিণের বারান্দা
ও-বাড়িরও তেমনি দক্ষিণের বারান্দা। পিসিমাদের মুখে শুনতুম, ও-বাড়ির
দক্ষিণের বারান্দায় বিকেলে যথন দাদামশায়ের বৈঠক বসত তথন ভূঁই আর
বেলফুলের স্থান্ধে সমস্ত বাড়ি পাড়া তর্হয়ে যেত। দাদামশায়ের শথ, বসে
বদে ব্যাটারি চালাতেন। জলে টাকা ফেলে দিয়ে তুলতে বলতেন। একবার
এক কাবুলিকে ঠকিয়েছিলেন এই করে। জলে টাকা ফেলে ব্যাটারি চার্জ
করে দিলেন। কাবুলি টাকা তুলতে চায়, হাত খুয়ে এ দিকে ও দিকে বেঁকে
মায়, টাকা আর ধরতে পায়ে না কিছুতেই। তার পর জ্যাঠামশায়ের আমলে
তিনি বসলেন সেথানে। রুফকমল ভট্টার্যার্গ, বড়ো বড়ো পতিত ফিলজফায়
আসতেন। স্পপ্রপ্রমাণ পড়া হবে, এ বারান্দা থেকে ছুটলেন বারামশায়রা সে
বারান্দায়। থেকে থেকে জ্যাঠামশায়ের হাসির ধ্বনি পাড়া মাত করে দিত।
সে হাসির ধুম আমরাও কানে শুনতুম।

তার পর আমাদের আমলে যখন বাড়ির দক্ষিণের বারান্দায় বৈঠকে বদবার বয়ন হল তথন সেকালের বারা ছিলেন— মতিবাব, অক্ষয়বাব, ঈয়রবাব, নবীন-বাব— আর দাদামশায়ের বৈঠকেরএকটি বুড়ো, কী মুখুজ্যে,নামটা মনে আদছে না, তাঁর ছবি আঁকা আছে, চেহারা গান গলার স্বর সব ধরা আছে মনে, নামটা এরই মধ্যে হারিয়ে গেল— তিনি গাইতেন দাদামশায়ের বৈঠকথানায়, মাঝে আমাদেরও গান শোনাতেন, দাদামশায়ের গল্প বলতেন— এই তিনকালের তিন-চারটি বুড়ো নিয়ে আমরা তিন ভাই বৈঠক অমালেম।

দেই দক্ষিণের বারান্দাতেই ঠিক তেমনি হুঁকো কলকে ফরসি সাজিয়ে বনি । বাবামশার যেথানে বদতেন দেখানে দাদা বসে ছবি আঁকেন, একটু তকাতে আমি বসি পূবের বড়ো থিলেনের ধারে, তার পর বদেন সমরদা। আমাদের বৈঠকেও সেইরকম শালওরালা আসে, নতুন নতুন বন্ধুবাদ্ধর আসে। সামনের বাগানে সেই-সব গাছ; দাদামশায়ের হাতে পৌতা নারকেল গাছ,কাঁঠাল গাছ। বাবামশায়ের শথের বাগানে দেই ফোরারায় জল ছাড়ে, সেই ভাগবত মালী, সর দেখা যায় বারান্দায় বদে। বিকেন্দ্রে পাথর-বাধানো গোল চাতালে বসি,

কাচের ফরসিতে দেই গোলাশজলে গোলাপপাণড়ি মিশিয়ে তামাক টানি।
কাল বদলেও যেন বদলায় নি, তিন পুক্ষের আবহাওয়। থানিক-থানিক বইছে
তথনো দক্ষিণের বারান্দায়। ডুামাটিক ক্লাবের প্রাদ্ধ হবে, সেই বারান্দায়
লম্বা ভোজের টেবিল পড়ল। লম্বা উদি পরে সেই নবীন বাব্চি সেই বিশ্বেশ্বর
হুঁকোবরদার দেখা দিল, সেই-সব পুরোনো ঝাড়লগুনের বাতি জ্বলল, প্লেট
য়াস মাজানো হল। তিন পুক্ষের সেই-সব গানের স্কর এসে মেশে আবার
নতুন নতুন গানের সঙ্গে, রবিকার গানের সঙ্গে, বিজ্বাব্র গানের সঙ্গে।

আবো হান আমলে যথন আমরা আর্টিন্ট হয়ে উঠেছি, আর্ট সোসাইটির মেমর হয়েছি, বড়ো বড়ো সাহেবহুবো জল ম্যাজিস্টেট লাট আসেন বাড়িতে—কমলালেবুর শরবত, পান তামাক, বেলছুলে ভরে যায় সেই দক্ষিণের বারান্দা। বারান্দার পাশের বড়ো স্টু ভিয়োতেই বীনকারের বীণা গভীর রাত্রে থেমে যায়ন্দাইকে শুরু করে দিয়ে। আবার যথন বাড়িতে কারো বিয়ে, লৌকিক্তা পাঠাতে হয়, মেয়েরা থালা সাজিয়ে দেয়; সেই সওগাতের থালায় থালায় ভরে যায় সেই লখা বারান্দা।

তোমরা ভাব দরের ভিতরে স্টুডিয়োতে বলে ছবি আঁকতুম, তা নয়।
বারালার এক দিকে আমি আর-এক দিকে ছাত্ররা বলে যেত। মুসলমান ছাত্রআমার শমিউজ্জ্মা এক দিকে আসন পেতে বলে সারা দিন ছবি আঁকে,
সন্ধ্যা হলে মন্ধান্থা হয়ে নামান্ধ পড়ে নেয় ওই বারালাতেই। অবারিত
হার দক্ষিণের বারালায়; স্বাই আসছে, বসছে, ছবি আঁকছি, গান চলছে,
গল্পও হছে। এমনি করেই ছবি এঁকে অভ্যন্ত আমি। অবিনাশ পাগলা সেও
আনে, কত রক্ম বৃদ্ধক্ষি দেখাতে লোক আনে। একদিন একটা লোক ফ্র্রান্থের গেলাপের গন্ধ বাড়িময় ছড়িয়ে চলে গেল। বারালা যেন একটা জীবস্ত
মিউজিয়াম। নানা চরিত্রের মাহুব দেখতে রাস্তায় বেরোতে হত না, তারা
আপনিই উঠে আসত সেখানে।

পূর্ণ ম্থ্জে, মাথায় চূল প্রায় ছিল না, চাঁচাছোলা নাক-ম্থের গড়ন। তিনি মারা থাছেন; মাকে বলে পাঠালেন, 'মা, আমি গলাযাত্রা করব।' মা আমাদের বললেন, 'বন্দোবস্ত করে দে।' আমরা বন্দোবস্ত করে দিলুম। মারা গেলে খেভাবে নিয়ে খায় সেইভাবে বাঁপের খাটিয়া এনে তাঁকে তাতে শুইয়ে নিয়ে চলল। তেতলা থেকে মা'রা দাঁড়িয়ে দাঁড়িয়ে দেখছেন, দোতলার বারান্য থেকে

আমরা ও দেখছি — বৃড়ো খাটিয়ায় শুয়ে সজ্ঞানে চার দিকে তাকাতে তাকাতে চলেছেন উপরে মাকে দেখতে পেয়ে ত্ হাত জুড়ে প্রণাম জানালেন— বাড় নেড়ে ইপিতে আমাদের জানালেন, 'বাচ্ছি, ভাই-সব!' সরকার বরকার কাঁধে করে নিয়ে গেল তাঁকে 'হরি বোল' দিতে দিতে। এ-সবই দক্ষিণের বারান্দ। থেকে দেখতুম, যেন বজ্মে বদে এক-একটি সিন দেখছি। পরেশনাথের মিছিল গেল, বিয়ের শোভাষাত্রা গেল, আবার পূর্ণ মুখুজ্জেও গেল।

মতিবাব, তাঁর ছবি তো দেখেছ, দাদা এ কৈছেন— চেয়ারের উপর পা তুলে বদে বুজ়ো ভ কো থাকেন। ছ কো থেয়ে থেয়ে গোঁফ হয়ে গিয়েছিল সোনালি রঙের। সকালে হয় আর্টের কাজ, সন্ধের আসর জমাই মতিবাবুকে নিয়ে, গানের চর্চা করি। আমি ম্যাণ্ডোনিন বা এসরাজ বাজাই, তিনি পাঁচালি বা শিবের বিয়ে গেয়ে চলেন। বড়ো সরেশ লোক ছিলেন। ছেলের বিয়েতে আটিচালা বাঁধতে হবে, মতিবাবু ছাড়া আর কেউ সে কাজ পারবে না। শহরের কোথায় বেলাথায় ঘুয়ে কাকে কাকে ধরে নকশামাফিক আটিচালা বাঁধাবেন এক পাশে বনে বুড়ো তামাক টানতে টানতে। এই মতিবাবু মরবার পরও দেখা দিয়েছিলেন, নে এক আশ্রুগ গ্রা

ভাবছি, এবারও ব্রি আগের মতোই হঠাৎ একদিন এসে উপস্থিত হবেন; দকালে বসে আছি বারানায়, একটা লোক ধীরে ধীরে এদে বাগানে ঢুকল, দেখি মতিবার্। চাকরদের বলল্ম, 'গুরে, দেখ্ দেখ্, মতিবার্ আগছেন, তামাক-টামাক ঠিক রাখ্।' চাকররা ছুটে নেমে গেল নীচে, দেখলে কোথাও কেউ নেই। বলল্ম, 'আমি নিজের চোখে স্পষ্ট দেখল্ম দিনের বেলা, তিনি বাগান দিয়ে হেঁটে দেউড়িতে আগছেন। নিশ্চন্নই তিনি হবেন, খুঁজে দেখ্, যাবেন কোথায় আর।' কিন্তু তাঁকে আর পাওয়া পেল না খুঁজে। ত্-চারদিন বাদে তাঁর ছেলে এসে জানালে, মতিবার্র গঙ্গালাভ হয়েছে। ভাবি, তাঁরও কি

দক্ষিণের বারান্দার মায়া, কী বুড়ো কী ছেলে, কেউ ছাড়তে পারে মি। সিশ্বরাব্ আদতেন, ছেলেবেলার ছারকানাথের আমলের ভাহাজের মতো প্রকাণ্ড একটা কৌচে বদে তাঁর কাছে সম্বেবেলায় গল্ল শুনেছি সেকালের কর্তাদের। ঠিক দেই ভাষগায় তাঁর দেই চৌকি থাকবে, একটু নাড়ালে উপপূস্ করতেন। আমরা কোনো-কোনোদিন ছুটুমি করে দে জায়গা দথল করলে বলতেন, 'ভাই, আমার জায়গাতে কেন?' অত কোনো চৌকি তাঁর পছন্দ ময়। নিজের চৌকিতে 'আং' ব'লে বদে পড়তেন, দে যে কত আরামের 'আং'। আমতে বেতে বাগানের লখা ঘাদে পা পুঁছে আদতেন, দেই ছিল তাঁর পাপোশ। দেই সিশ্বরাব্ অস্থে পড়লেন। আশি বছরে চৌব কাটালেন, চৌব ভালো হল, শ্বরের কাগজ পড়লেন। একদিন বললেন, 'জান ভাই ? আমার একটা ক্ষের দাঁত উঠছে।' কুট পেরিয়ে গেছে, ভারি ফুভি। নবীনবাব্র বাড়িতে পড়ে আছেন। মধের মাঝে যাই, তাঁকে দেবে আদি। তিনি বলেন, 'ভালো আছি, ভাই, এই কালই গিয়ে বদব তোমাদের বারান্দায়।' শেষ দিনও বলেছিলেন, 'কালই যাব দেখানে।' আর ঈশ্বরবাব্র আদতে হল না।

পূর্ণবাব্র মতে। ঈশ্বরবাবৃকে নিয়ে গেল, দেখল্ম দক্ষিণের বারান্দায় ধাড়িয়ে। তাঁর বাঁশের লাঠিটি আমায় দিয়ে গিয়েছিলেন। পুরানে। লাঠিঃ তার মাখায় একটি স্থাড়ি বসানো, নিজেই শথ করে লাগিয়ে নিয়েছিলেন। ছেলেবেলায় স্থাড়িটি টেনে খুলতে যেতৃম; তিনি বলতেন, 'গুলোনা ভাই, খুলোনা। লাঠিয় ভিতরে একটি ময়্ব আছে, ছিপি খুললেই বেরিয়ে বাবে।' ম্শিদাবাদের গেটে বাশের দরোয়ানি লাঠি, নাটকে দরোয়ান সাজতে হত তাঁকে, তথন ওই লাঠি

কাজে লাগত। দেই তিনিই বলেছিলেন, 'লাম ভাই? এ বাড়িতে দাড়ির' প্রচলন এই আমা হতেই।' সেই লাঠিটি দিয়ে দাদার একটি ছবিতে ফেম' করেছিলুম পরে।

নবীনবাবৃও ছিলেন বড়ো মজার লোক। বাজি রেথে চলস্ক মেল-ট্রেন থামিয়ে চাকরি পোয়ালেন। বাতে পঙ্গু হয়ে শুয়ে আছেন; চোর ঘরে চুকে সব জিনিদপত্তর নিয়ে গেল চোথের সামনে দিয়ে, নড়বার শক্তি নেই, চেচিয়েই সারা। স্ত্রীর সঙ্গে একটু ঝগড়াঝাঁটি হলেই চাকর প্রেমলালকে ডাকতেন, 'মানার ছুরিটা নিয়ে এনো, গলায় দেব। এ প্রাণ আর রাথব না।' চাকর বেশ শানানো ছুরি এনে হাজির করলে বলতেন, 'ওটা কেন? আমার সেই আম-কাটা ভোঁতা ছুরি নিয়ে এনো।' এমন কত মজার মজার ঘটনা সব। ভিনিও একদিন চলে গেলেন।

মার বড়ে। নাতি, দাদার বড়ো ছেলে গুপুর বিয়ে হল। দক্ষিণের বারালা ঝাড়ে লঠনে আটিচালায় মতিবাবু একেবারে গন্ধর্বনগর করে সাজিয়ে দিলেন। নাচে গানে থিয়েটারে জম্জমাট হয়ে উঠল বারমহল, অলবমহল, নাচমর, বাগান, দক্ষিণের বারালা, সারা জোড়াসাঁকোর বাড়িটাই।

তার পর কলকাতায় গেগ এল, ভূমিকপ্প এল। তেতলা বাড়ি ছেড়ে গেলুম চৌর দিতে। দেইখানে গুপু মেনিন্জাইটিল রোগে চলে গেল আমার মায়ের কোলে মাথা রেখে। মা তার ছোট্ট বউকে বৃকে নিয়ে কেঁদেছিলেন, 'আমার লব প্রোনো শোক আজ আবার নতুন করে বৃকে বাজল রে।' ফিয়ে এলুম আবার দেই দক্ষিণের-বারান্দা-ভন্নালা জোড়াদাকোর ধারের বাড়িতে।

মন্ত ঝড়থাওয়া জাহাজ যাত্রী নিয়ে ফিরে এদে লাগল বনরে। মার মন থারাপ। কী করে তাঁদের মন শান্ত হয় সকলেরই এই ভাবনা। মা আবার ভাবছেন, আমরা কী করে সান্ত্রনা পাই। দিন যায় এইভাবে। দীনেশবাব্ এলেন দে মময়ে, তিনি একদিন এনে উপস্থিত করলেন ক্ষেত্রনাথ চূড়ামণিকে। ঠিক হল রীতিমত ভাগবত-কথা শুনব। মাকে বলে বন্দোবন্ত করা গেল। কথকের বেদী পাতা গেল নাচঘরে। কথকঠাকুর বেদী জনিয়ে বদলেন।ছেলেব্ড়ো, চাকর-দানী, কর্মচারী, আত্মীয়-বন্ধু দ্বার কাছে থবর রটে গেল—কথকতা হবে। চলল কণকতা মামের পর মাদ। খুব জনিয়ে তুললেন ক্ষেত্রনাথ কথক। যেন ভিলভাওপ্রক্ত মহাদেব্টি, নধর কালো দেহ। চিকের

আড়ালে মা বদে শোনেন গুপুর বিধবা বউকে কোলের কাছে নিয়ে। ক্ষেত্রনাথ কথকের বলার ধরন চমৎকার, গলাও ছিল স্থমিষ্ট। দক্ষিণের বারান্দার গায়ে নাচঘরটা তথন অন্তমিতমহিমা গন্ধর্বনগরের মতো মান শোভা ধারণ করেছে। তারই মধ্যে ক্ষেত্রনাথ কথক মায়ের মনের অবস্থামুখায়ী এক-একটি কথা ভাগবত থেকে বলে চলেছেন, এইভাবে গেল প্রায় এক বছর।

ভার পর রবিক। একদিন পরগনা থেকে ফিরে এসে বললেন, 'শিব্
কীর্তনিয়াকে এনে গান শোনাও। ছোটো বউঠানের ভালো লাগবে,
ভোমাদেরও ভালো লাগবে, ওরকম আমি আর শুনি নি।' রবিকা ডেকে
পাঠালেন তাকে, এল শিব্ কীর্তনিয়া। সে যা জমালে। কীর্তনিয়া ছিল
বটে, কিন্তু সে ছিল সত্যিই আর্টিটি। তার ছবি আছে, দাদা এঁকেছিলেন।
মোটাদোটা চেহারা, ভাবছি এই চেহারায় কেমন করে রাখালবালকদের
পোষ্ঠলীলা গাইবে। কিন্তু সে যগন 'ওহে ওহে' বলে হুর আরন্ত ক'রে, 'আবা
আবা' ব'লে রাগালবালক হয়ে গান ধয়লে ভগন আবাক্। অনেক দিন চলেছিল
পান, মাথুর থেকে আরম্ভ করে সমন্ত কুফলীলা শুনিয়েছিল সে।

সেই সময় ক্ষেত্রনাথ কথকের ছুটি হয়ে গেল। তিনি বলে গেলেন 'রবিবাবু এসে আমার জমাট আসরটা ভেঙে দিলেন।' আমার কাছ থেকে একটি ছবি তিনি নিয়েছিলেন চেয়ে। তারই বর্ণনামত এঁকেছি পল্লছলের উপর দাঁড়িয়ে বালক কৃষ্ণ। তিনি বলেছিলেন পুজো করবেন। তাঁর সঙ্গে সেই ছবি কানীতে গেল। তার পর তিনি মারা যাবার পর সে ছবি হাত ফিরতে ফিরতে কোথায় বেল জানি নে। সেদিন দেখি কোন্ এক কাগজে তা ছাপিয়েছে।

তার পর একদিন মাও গেলেন। দাদাও গেলেন জোড়ানাঁকোর বাড়ি শৃত্য করে।

ক্রমে জামার দক্ষিণ বারান্দার জলসা বদ্ধ হল। লক্ষ্ণোতে গিয়েছিলুম রবিকার সদে। গোমতীর উপরে বাদশার আমদরবারের ভগ্নস্থপে বসে মনে পড়ত আমার দক্ষিণের বারান্দার আডা। তার পর ধখন সতি।ই সেই দক্ষিণের বারান্দা প্রায় ভগ্নস্থপে পরিণত হয়েছে তখনো মায়া ছাড়তে পারি নি। ভাই বন্ধু সদ্দী ছাত্র সব চলে গেছে, অভবড়ো থালি বাড়ির সেই দক্ষিণ বারান্দায় ক্রমা বসে আমি পুতুল গড়ি, বৈচিত্রাহীন জীবনে ভইটুকু বৈচিত্রা আছে তথনো।

এমন সময় একদিন ফেলাবতী এদে হাজির। কোথা থেকে উঠে এল এতটুকুন মেয়েটি, নেড়াভোলা চেহারা; বললুম, 'কে তুই ?'

'আমি ফেলা।'

'ও, ফেলা, তা এদো।'

দেখে বড়ো আনন্দ হল। যথন ফেলে-দেওয়া জিনিদ নিয়ে ঘাঁটা**ঘাঁটি** করছি, নতুন রূপ দিচ্ছি, তথন এল ফেলাবতী আমার। বলন্ম, 'কোখেকে আদিদ? ঘর কোথায়?'

বললে, 'এই এখান থেকেই।' বলে রান্তার মোড়ের দিকটা দেখালে! 'কে আছে ভোর የ'

'মা আছে।'

'কী নাম ?'

'कोमनी।'

'বাপের নাম কী ?'

'বসস্থা'

ভাবছি, এ কোন ফেলা এল। মনে হল না— সে মাহুব। বলনুম, 'কী চাই ভোর ?'

'আমি এখানে বলে খেলা করি নে একট ?'

'ভা বেশ ভো, কর্ তুই থেলা। বলি, ফেলা, একটা সন্দেশ থাবি ?' 'জা থাব।'

রাধুকে বলি, 'রাধু, আমার ফেলার জন্তে সন্দেশ নিয়ে আয় একটা।'

দে মৃথ বাঁকিয়ে চলে যায়। একটা সন্দেশ আর মাটির গেলাদে জল এনে
দেয়। কেলা সন্দেশ থেয়ে জল থেয়ে গেলাদটি এক কোনায় রেথে দেয়।
বলি, 'কেমন লাগল ৫'

ফেলা বলে, 'তোমাদের সন্দেশ কেমন আঠা-আঠা, গলায় নেগে বায়। সা খাওয়ায় কটকটে সন্দেশ, সে আরে। ভালো।'

'তা বেশ।'

এমনি রোজ আদে দে, দদেশ থাইয়ে ভারদার করি। সে এক পাশে বদে থেলে, আমিও খেলি। ভাঙা কাঠকুটো হড়ি দিই। সে বদে ভাই দিয়ে থেলা করে। পাশের একটা টেবিলে পুতুল গড়ে গড়ে রাথি। দে বললে, 'এগুলোর ধূলো ঝেড়ে রাখি ?'
'তা রাখে।।'
দে ধূলো ঝাড়ে, তাতে হাত বোলায়।
বলি, 'পুতৃল নিবি একটা ?'
'না, পুতৃল দিয়ে কী করব ? আমায় হুড়িগুলো বরং দাও।'
'কী করবি তুই ?'
'ভাইকে দেব, ঘুঁটি খেলাবে।'

কোনোদিন চায় পুরোনো খবরের কাগজ; বাপকে দেবে, বাপ ঠোড়া করে বাজারে বেচবে। কোনোদিন বা চায় পুরোনো টিনের কৌটা; মাকে দেবে, মা মসলাপাতি রাধবে।

এমনি রোজই আসে। হঠাৎ আদে নি:শব্দ, ব্যতে পারি নে কোথা
দিয়ে আদে। বিনি পয়দার খেলুড়ি ফেলা নি:দক্ষ দিনের, মাম্বের মধ্যেও দে
কেলা, কাঠকুটরো ছেঁড়া টুকরো কাগজেরই সামিল। যত ফেলা জিনিস কুড়িয়ে
বাড়িয়ে এক বুড়ো আর এক মেয়ে খেলা জুড়েছি সেই দক্ষিণের বারান্দায়।
একদিন ফেলা বললে, 'তোমাদের বাড়ির ভিতরটা দেখাবে আমায় ?'

'দেখবি ?'

রাধুকে ডেকে বললুম, 'নিয়ে ষা একে বউমার কাছে, বাড়ির ভিতর দেখতে চায় ।'

বউমা আবার তাকে একপেট খাইয়ে দিলে। সে পাকা গিন্নির মতো সব ভূরে গুরে দেখে ফিরে এল।

বলন্ম, 'দেখা হল, ফেলাবতী, বাড়ির ভিতর ?' বললে, 'ইাা।'

'তবে এবার তুই বাজি যা, স্বামিও উঠি, নাইতে থেতে হবে।'

দক্ষিণের বারান্দার দেই শেষ প্রবেশ ফেলাবতী ও আমার। তার পর অস্তবে পড়লুম। সেই অবস্থাতেই শুনি দক্ষিণের বারান্দা বিকিরে গেছে মারোয়াড়ীদের হাতে। রোগী আমি, একটা মাদ মেয়াদ পেয়েছি আর এ বাড়িতে থাকবার।

মধ্র তোমার শেব যে না পাই, প্রহর হল শেষ।

অ 'মধু'র শেষ নেই। প্রহর শেষ হরে যায়। কত মধুর ! আমাদের এমন পাত্র তাতে এর একফোঁটা মধুও ধরতে পারি নে। ধুলোতে মধু। তাই তো বলি, গোরুর গাড়ি রাস্তার বৃক চিরে চলেছে আঁকলেম, কিন্তু ধুলো উড়ল কই ? ধুলো উড়োনো চাই। সোবারে এখানেই এই চেয়ারে এমনিভাবেই বদে বদে দেখতুম রাস্তার পারের ওই গাছটির উপর দিয়ে লাল ধূলো উড়ে এল, দেখতে দেখতে গাছটি চেকে গেল, আবার ধীরে ধীরে গাছটি পরিষার হয়ে মুটে বের হল, ধুলোর হাওয়া চলে গেল আরো এগিয়ে, মনে হল গাছটির উপরে যেন একপশলা লাল ধূলোর রুষ্টি হয়ে গেল। সে কী চমৎকার ! তা কি আঁকতে পারি ? পারি নে। কিন্তু আঁকতে হবে, ষদি সময় থাকে। এই বৃদ্ধকালেও দেখে মন সঞ্চয় করে রাখছে, কোন জয়ের জ্ঞা বলতে পার ?

একবার কী হল, আমার চোথের চশমার একটা কাচের কোনা ভেঙে গেল। তাই চোথে দিয়ে থাকি। বললুম, আরো ভালোই হয়েছে, শাসি ফাক হয়ে গেছে, ওর ভিতর দিয়ে রঙ আমবে। একদিন নন্দলালকে বললুম, দেখো তো আমার এই চশমাটি চোথে দিয়ে। নন্দলাল তা চোথে দিয়ে বললে, 'এ যে রামধয়ুকের রঙ দেখা যায়; অনেক দিন ব্ঝি পরিষার করেম নি কাচ?'

আমি বলনুম, 'না না, তানয়। ছবিতে যত রঙ দিই দেই রঙই এই রাভায় লেগেছে।'

আমার হার্বর ভোমার আপন হাতের দোলে দোলাও দোলাও দোলাও।

মামের দোল অরণ হয়। যাবার সময় তো হয়েছে, যাবই তো, এ ঘাটের ধাপ শেষ হয়ে এসেছে। নদীর ও পারে গিয়ে কী দেখব ? আবার কি মিলব স্বাই দেখানে ? কী জানি! তা বদি জানতে পারা বেত তবে কিন্তু পৃথিবীতে বেঁচে থাকার রস্কলে যেত। এইথানেই স্ব শেষ করে নাও, এখানকার পাত্র এইখানেই ধ্যে ফেলো। শেষ পেয়ালার ফোটা ফোটা ডলানিটুকু, দেখানেই দব রস জমা হয়ে আছে। যত শেষের দিকে বাবে তত রস। চীনেরা বেশ উপমা দেয় তাদের চায়ের সদে। বলে, চা তিন রকম। প্রথম জালের চা ঢাললে, ছোটো ছেলেরা খাবে— পাতলা চা সোনার বর্গ, তাতে একটু হুধ, একটু চিনি। দ্বিতীয় জাল, তখন সেটা ফুটছে, রঙ আগের চেয়ে একটু ঘন হয়ে এদেছে— তা প্রোঢ়দের জক্ত। আর তৃতীয় জাল, তলায় যে চা রয়েছে আর জল আর চায়ের কাথ, এই-যে শেষ পেয়ালা, এ সবার জক্ত ময়। যাদের বয়েস হয়েছে, স্থ-জুংথ তিক্ত-মিষ্টের রস স্বিত্য উপভোগ করতে পারে, এ শুধু তাদের জক্তই।

কালি কলম মন লেখে তিনজন।

ছবিটি আঁকি, তুলিটি জলে ভোবাই, রঙে ভোবাই, মনে ভোবাই, তবে লিথি ছবিটি। সেই ছবিই হয় মান্টারপিদ। অবিশ্বি, দব ছবি আঁকতে বে এভাবে চলি তা নয়। জলে ভ্বিয়ে রঙে ভ্বিয়ে অনেক ছবির কাজ দেরে দিই, মন পড়ে থাকল বাদ। এমনি ছবি একটা এঁকে বদি ছিঁড়ে ফেলতে যাই, তোমরা থপ্ করে হাত থেকে তা ছিনিয়ে নিয়ে পালাও। ঠকে যাও জেনো।

আমি বৌবনে দেশী সংগীতের হুর ধরতে চেয়েছিলেম, হাতের আঙুলের ডগায় হুর এদেওছিল; কিন্তু মনে তো পৌছয় নি। বার্থ হয়ে গেল আমার সকল পরিপ্রাম, সকল সংগীতচর্চা— এক-একবার এই মনে করি। কিন্তু চিত্রকর হয়ে চিত্রকর্মে যেদিন প্রথম শিক্ষা শুক্ত করলেম সেই কালের একটা ঘটনা বুঝিয়ে দিয়েছিল, মন আমার হুর সংগ্রহ করতে একেবারেই উদাদীন ছিল না।

তথন কলকাতায় ওয়েল্দ্লি পার্কের কাছে মান্ত্রাসা কলেজ, সাম্প্রে একটা । দিবি, তার পারে ইটালিয়ান আর্টিন্ট গিলাভি সাহেবের বাসা। তাঁর কাছে রোজ দকালে বাই, দস্তরমত দক্ষিণা দিয়ে প্যান্টেল ডুইং আর অয়েলপেন্টিং শিথি। বেশ ঘরের লোকের মতোই আমার দক্ষে ব্যবহার করেন সাহেব। স্টুডিয়োর এক দিকে আমি বসে ছবি আঁকি, অন্ত দিকে তাঁর মেম ছেবেকে ত্রধ খাওয়াছেন।

ত্ব-একটি আবার স্থালে যায়, ভাদের খাইয়ে-দাইয়ে তৈরি করে স্থালে পাঠাচ্ছেন ;. কথনো-বা আমার গাড়িতে করে বাজারটা ঘুরে আগছেন। সে বাড়ির নীচের তলায় থাকে মান্ধাটা নামে এক বড়ো ইটালিয়ান মিউজিক মান্টার আর তার মেয়ে। বড়ো বাপেতে মেয়েতে থাকে বেশ; রোজ সকালে মেয়ে পিয়ানো বাদ্ধায়, বাপ বাদ্ধায় বেহালা। স্থর আদে ভেনে, উপরে বদে আমি দেই বিলিতি স্থর শুনি আর ভবি আঁকি। একদিন দকালে রোজকার মতো ভবি আঁকছি; নীচে থেকে বেহালার স্থর এল কানে, উদাদ করে দিলে। হাত বন্ধ করলম তলি টানার কাজ থেকে, স্থর তো নয় যেন বেহালাটা কাঁদছে। সেদিন সে স্থর স্পষ্ট বুঝিয়ে দিলে, বেহালার ছড়ি বেহালার তার আর যে বাজাচ্ছে তারও মানদভন্তী এক হয়ে গেছে। আজ আর পিয়ানো নেই সঙ্গে। গিলাভিকে বললুম, 'সাহেব, আজ বেহালা যেন কাঁদছে মনে হচ্ছে, কেন বলো তো? এমন তো শুনি নি কখনো ?' সাহেব বললেন, 'চুপ চুপ, জান না বুড়োটির মেয়ে কাল চলে গেছে বাড়ি ছেড়ে १' দেদিন আর ছবি আঁকা হল না আমার। থানিক বাদে আতে আত্তে নেমে এলম। দি ভির কাছের ঘরটিতে দেখি বড়োটি বলে আছে চেয়ারে. কাঁধে বেহালাটি রেখে মাথা হেঁট করে, একমাথা শাদা চুল পাথার হাওয়ায় উড়ছে। বুঝেছিলুম দেদিন, মনে ধরল আজ হুরের আগুন। অন্তর বাজে-তো হস্তর বাজে। মনের স্পর্শ নইলে গাওয়াও বুথা, বাজানো বুথা, ছবি আঁকাও বথা, এ কথা জেনে নিলে মন।

ছেলেছোকরারা আঁকে দেখবে— দেয়ালি পট, ঝাড়লঠন, একটু রঙ রেধা, ভূলে গেল তাতেই। তার পর এল রদের প্রোচ্তা, বেমন মোগল আমলের আটের মধ্যে দেখি। তাদের রঙ, দাজসভ্লা, সে কী বাহার! তার পর সেই বাহার থেকে পৌছল দিয়ে রদের আরো উচু ধাপে আর্ট, তবে এল বাইরের-রঙচঙ-ছুট ছবি সমন্ত, বেন মেঘলা দিনের ছায়া, বিশ্ব গন্তীর। আর্টের এই কয়টি সোধান মাডাতে হবে, তবে হয়তে। আর্টিট বলাতে পারব নিজেকে।

একবার কেইনগরের এক পুত্লগড়া কারিগর জ্যোতিকা'র একটা মৃতি গড়লে। অমন তো স্থানর চেহারা তাঁর, বেমন বঙ্গ তেমনি মৃথের ডৌল— মৃতি গড়ে তাতে নানা রঙ দিয়ে এনে মুখন সামনে ধরলে দে যা বিঞী কাঙ্চ হল, শিশুমনও তা গছন্দ করবে না। মাটির কেইঠাকুরের পুতৃল বরং বেশি ভালো ভার চেয়ে। পুতৃল গড়া সোজা ব্যাপার নয়। তার গায়ে এখানে ভবানে ব্যে এক টু-আখটু রঙ দেশ্বয়, চোথের লাইন টানা, এক টু ফোঁটা দিয়ে গরনা বোঝানো, এ বড়ো কঠিন। সভিত্য বলব, আমি তো পুতুল নিয়ে এত নাড়াচাড়া করল্ম, এখনো সেই জিনিসটি ধরতে পারি নি। এক টু টাচ' দিয়ে দেয় এখানে ওখানে, বড়ো শক্ত ভাধরা। সেবার পরগনায় যাচ্ছি বোটে, সদে মনীয় আছে। কোথায় রইল দে এখন একা-একা পড়ে, কী শিখল না-শিখল— একবার লড়তে এলে ভো ব্যব। তা, সেবারে খাল বেয়ে যেতে যেতে দেখি, এক নৌকোবোঝাই পুতুল নিয়ে চলেছে এক কারিগর। বলল্ম, 'খামা, থামা বোট, ডাক্ ওই পুতুলের নৌকো।' মাঝিরা বোট থামিয়ে ডাকলে নৌকোর মাঝিকে, নৌকো এসে লাগল আমার বোটের পাশে। নানা রঙবেরঙের খেলনা, তার মাঝে দেখি, কতকগুলি নীল রঙের মাটির বেড়াল। বড়ো ভালো লাগল। নীল রঙটা ছাই রঙের জামগায় ব্যবহার করেছে তারা; ছাই রঙ পায় নি, নীলেই কাজ সেরেছে। অনেকগুলো সেই নীল বেড়াল কিনে ছেলেমেয়েদের বিতরণ করলুম। পুতুলের গায়ের 'টাচ' বড়ো চমংকার। পটও ডাই; এইজক্তই আমার পট ভালো লাগে, বড়ো পাকা চাতের লাইন দব তাতে।

 শুক্ল শুক্ল শুক্ল থাকলেম। মুদল বাজছে, সত্যি যেন আকাশে ছুলুভি বাজছে। রিবিলা লিখে গেছেন 'বাদল মেদে মাদল বাজে'। ঠিক তাই, এ বাছ্যন্ত বাঙ্গছে, না মেদ। দেনে, তার ঠাকুরদা বে বলেছিল, গণেশের সদে পালা দেবে, তা কেন বলেছিল। রবিকাও আসতেন কোনো-কোনোদিন, বসে মুদল শুক্তেন সদ্ধেবলা। শুনে খুব খুলি। বলতেন, 'অবন, একে হাভ্ছাড়া কোরো না তুনি।' তাকে সমাজে কাজ দেবার কথা হয়েছিল। কিন্তু সমাজের কর্তারা বললেন, আর একজন বাজিয়ে আছে এখানে, তাকে সরিয়ে কী করে একে নিই, ইত্যাদি। এই করতে করতে কিছুদিন বাদে ছারভালার রাজার নজরে পড়ল। বেশি মাইনে দিয়ে আমার কাছ থেকে তাকে লোগাট করে নিয়ে গেল। রবিকা কোথার গিয়েছিলেন, ফিরে এসে বললেন, 'এবন, তোমার সেই রাজিয়ে ?' বলল্ম, 'চলে গেল, রবিকা।' গুণীর গুণ কি চালা থাকে ? আগুনকে তো চেপে রাখা যায় না। সেই এক শুনেছিল্ম মৃদদ বাজনা। অনেক খোল-গুয়ালাকে থামাতে হয় গানের সময়ে। এত জোরে ভাল বাজায় বে, দে শব্দে গান চালা পড়ে যায়, ইছেছ হয় ছটে গিয়ে তার হাত চেপে ধরি।

এই দেখে বাজনার কথার আর-একটা মজার কথা মনে পড়ে গেল। এক বীনকার, নামধাম বলব না, চিনে ফেলবে, বড়ো ওন্তাদ, থুব নামডাক হয়েছে। লক্ষৌর নবাব তথন মৃচিথোলায় বন্দী হয়ে আছেন, এবারে যাবে তাঁকে বাজনা শোনাতে। নিজে খুব দেজেছেন, চোগাচাপকান পরেছেন, জরির গোল টুপি মাথায়, নিজের নামের সঙ্গে জড়ে দিয়েছেন মন্ত একটা হিন্দুয়ানী উপাধি, অমুকজি বীনকার, বীণাটাকেও জড়িয়েছেন নানা রভের মথমলের গেলাপে। ইচ্ছে, নবাবকে বীণা শুনিয়ে মৃয়্ব করে বেশ কিছু আদায় করবেন। একদিন সকালে বীণা নিয়ে উপস্থিত মৃচিথোলায়। থবর গেল, 'কলকাতাসে এক বড়া বীনকার আয়া হুজুরকো দরবারমে।' থবর পাঠিয়ে বসে আছেন দেওয়ানখানায়। নবাব উঠবেন, হাতমুথ ধোবেন, সে কি কম ব্যাপার ? নবাব উঠে হাতমুথ ধূয়ে, তৈরি হয়ে পান চিবোতে চিবোতে সটকাম্বে মজলিসে এসে বসে হুমুম করলেন 'ভেরা বীনকারকো বোলাও।' নবাবের এভালা পেয়ে বীনকার উপরে উঠে নবাবকে সেলাম ঠুকে সামনে কায়দা করে বসে বীণার গেলাপ খুলতে লাগলেন এক-এক করে। এখন, নবাবদের কাছে যারা বাজাতে যায় ভারা আগে থেকে বীণার তার বেঁধে যায়, গিয়েই-বাজনা আরম্ভ করে দেয়। বীনকার ওধানে

বদেই অনেকক্ষণ ধরে তার বেঁধে স্থর ঠিক করে বীণাটি হাতে নিম্নে যেই না ছ বার প্রিং প্রিং করেছেন, নবাব বলে উঠলেন, 'ব্যদ করো।' নবাবী মেজাঙ্গ, তাদের 'ব্যদ' বলা কী-বোঝ তো ? বীনকার তক্ষনি বীণা গুটিয়ে সরতে নবাব বললেন, 'দেওয়ান, ইদকো শ'ও রূপেয়া ইনাম দেও। আউর বোলো দোদরা দকে মৃচিথোলেমে আনেদে উদকো বীন ছিনা জায়েগা।' নবাব ছেড়ে দাও, আমি নিজেও যে নবাবি করেছি এককালে, নাচ গান বাছনা বাদ রাখি নিকিছ। বলেছি তো দে-দব তোমায়। কিন্তু ও দিকটা হল না আমার। তা, কী করব ? ভিতরে স্থর নেই, মন্তর বাজিয়ে করব কী ? কিন্তু কার হাতে কেমন স্থরের পাথি ধরা দের কে বলতে পারে।

একটি ছোকরা আসত তথন আমার কাছে। সারেদ্বি বাজাত। প্রয়ন্ত্র হাকুরের ছেলের বিয়ে; মহা ধুমধাম, বিরাট ব্যাপার; গিয়েছি সেখানে। শুনেছি কে এক বাজিয়ে ক্ষরবাহার বাজাবে। খুব বলাবলি হচ্ছে। ভাবছি কে এমন ওন্তাদ বীনকার। সভায় বসেছি, এবারে বাজনা শুক হবে। দেখি, সেই ছোকরাটি একটি বীণা হাতে এল বাজাতে। চিনতেই পারা যায় না তাকে আর। বলন্ম, 'তুমিই বীণা বাজাবে?' সে বললে, 'হা ছজুর, একটু একটু শিখেছি।' বলন্ম, 'বেশ, বেশ, বাজাও শুনি।' মনে পড়ে এতটুকু ছোকরা ভারেদি বাজাত, হঠাৎ দেখি সে এক মন্ত ওন্তাদ, সভায় বাজানা শোনায়। হয়, থে এক কালে কিছুই জানত না, সে একদিন বীণাও বাজাতে পারে। কডই সেখলেম।

আরো শোনো। একবার বাংলা থিয়েটারে গেছি, বৃড়ো অয়ত বোদ, বড়ো ভালো লোক ছিলেন, পাশে বদে আছেন। আর মিনার্ভা থিয়েটারে তালো দিন আঁকত, স্টেভ ডেকোরেশন করত, নামটা তার মনে পড়ছে না, আমিই তাকে রেকমেও করে দিয়েছিল্ম; দেও আছে একপাশে বদে। কী একটা শ্বভিনয় হল। অয়ত বোদকে বলল্ম, 'দেখুন মশায়, আপনাদের আাক্টর আাক্ট্রেরা সিংহাদনে বদবে, বদতেই ভানে না, গড়গড়ার নলে টান দিতে পারে না। একটা স্টুডিয়ো কলন, যেখানে তারা এই-সব শিখবে। উঠতে বদতে বারা ছানে না, তারা 'প্লে' করবে কী আবার ?' তিনি বললেন, 'তা বলেছেন ভালো; এটা করতে হবে এবারে।' অয় আর্এক রাভিরে স্টার থিয়েটারে কী এক সিনে আর-এক আর্টিণ্ট রাজসভার সিন্ন এক পিছনে ঝুলিয়ে দিয়েছে;

বৃহৎ সভা, ঘরের থাম আদবাবপত্র কিছুই বাদ রাথে নি আঁকতে। এখন দেই দিনে রাজার সিংহাদন পড়েছে। রাজা বদলেন এনে দিনের পার্দ পেকটিভে বেখানে পাপোশটি রাথা আছে ঠিক দেইথানে একটা চৌকিতে। অতিরিক্ত পার্দ পেকটিভের ফল দেখাে ছবিতে। রাজার স্থান হল পাপোশের জায়গায়।

আর-একবার এইরকম পার্স পেকটিভের ধাঁধার পড়েছিলেম ছাত্রদের নিয়ে। নন্দলালরা তথন ছাত্র। আর্টস্কলে আমি কাজ করি। রাশিয়া থেকে একটি মেম এল। বললে, 'বদ্ধের ছবি আঁকব, ঘর চাই একটা।' ছবি আঁকবে, ঘর চাই তার, की कर्ति। আর্টস্কুলে তোমার দাদার ষেটা ড্রইং রুম ছিল দেই ঘরটা ছেড়ে দিলুম। দে ঘরের চাবি নিল; বললে, একলা ঘরের দরজা বন্ধ করে নিশ্চিন্তমনে ছবি আঁকবে। আচ্ছা, তাই হোক। মেমটি রোজ আদে, ছবি আঁকে; আমি মাঝে মাঝে বাই। উত্তর দিকের দেয়াল জুড়ে কাগজ সেঁটেছে। কাজের সময় ছাড়া বাদবাকি সময় পরদা টেনে ছবি চেকে রাথে। ছাত্রেরা কেউ যেতে পারে না কী হচ্ছে দেখতে। নন্দলাল বললে, 'কী ক'রে ভূইং করে দেখতে চাই।' মেমকে বললুম দে কথা, 'আমার ছাত্রদের দেখাও একবার, কী করে তমি ভইং কর। ' দে বললে, 'আর কয়েক দিন বাদে আমার পেনদিল ভুইং শেষ' হয়ে যাবে, তথন দেখাব।' কদিন বাদে খবর দিলে, 'এবার আদতে পারো।' নন্দলালদের নিয়ে গেলুম। ছবির প্রদা সরিয়ে দিলে। প্রকাণ্ড কাগজে বৃদ্ধের দুভা আঁকছে— ও মা, পার্দ পেকটিভ এমন করেছে, নীচে থেকে উপরে উঠে সেই কোথায় বৃদ্ধদেব বলে আছেন নজরে পড়েনা। একীছবি! একী পার্সপেকটিভ। মেম বললে, 'করেকট পার্সপেকটিভ হয়েছে।' নন্দলাল। বললে, 'পার্স পেকটিভের চৃড়ান্ত হয়েছে, কিন্তু চিত্রের কিছু নেই এতে।' পরে শুনি দেই ছবিই কোন্-এক রাজার কাছে বিক্রি করে অনেক টাকা হাতিয়ে চলে গেছে সে দেশে।

কত স্থহংথের মান-অপমানের ধাকা থেয়ে থেয়ে আর্টিটের মন তৈরি হয় । আমরা সব স্টেছাড়া; প্রকৃতি-মায়ের আহরে, কোলের কাছাকাছি ছেলে। একটা বুনো ভাব আছে। সবার সঙ্গে মেলে না— সভ্যিই ভাই। স্থবংথ আমাদের বেশি করে বাজে, জীবন উপভোগ করবার ক্ষমতাও আমাদের বেশি। প্রকৃতি আমাদের বেশি করে দিয়েছে স্বই। একটু আলো দেখি, ছুটে বেরিয়ে পড়ি। সেন্টিমেন্টাল ? ঠিক তা নয়। অবিশ্রি, এ কথা বলে অনেকেই আমাদের

বেলায়। দেবারে কী হয়েছিল— এই ভারুকতার জন্ম কেমন তাড়া থেয়েছিল इटिं। ट्रिल । রবিকা বেঁচে, এমেছি এখানে। ভোরবেলা সূর্য ওঠবার আগেই থোয়াইর দিকে ছুটতুম। একদিন ছুটছি, ছুটছি, তাল গাছ পেরিয়ে গেলুম, থেজুর গাছ হুটোও পেরিয়ে গেলুম, শর গাছের ঝোপগুলির কাছাকাছি এসেছি — হুটো ছেলে, ভারাও বৃঝি বেড়াতে বেরিয়েছে; বললে, 'ফিরে দেখুন কী' স্থানর স্থা উঠেছে।' আমি তথন হন হন করে হাঁটছি। দিলুম এক তাড়া মেরে, 'ষা: ষা: ! की खन्मत पूर्व উঠেছে ! তোরা দেখ গে, আমি বলে হেঁটে হয়রান।' ফিরে এলুম; দেখি রবিকা বলে আছেন চা আগলে নিয়ে। তাড়াতাড়ি এমে বদলুম টেবিলে। রবিকা বললেন, 'কোথায় গিয়েছিলে তুমি? এ দিকে আমি চা নিয়ে বসে আছি তোমার জন্তে। নাও, থাও।' বলে এটা। এগিয়ে দেন, ওটা এগিয়ে দেন। রবিকার সামনে বদে থাওয়া, সে কী ব্যাপার জানই তো। তার পর চায়ের দলে আমার একটু কটি চলে ভগু। রবিকা। বললেন, 'একটু গুড় খাও দেখি নি। গুড়টা ভালো জিনিদ।' স্কালবেলা গুড়! মহা মুশকিল, এ দিক ও দিক ভাকাই; রবিকা আবার মন্ত একটি কেক এগিয়ে দিলেন, 'থাও ভালো করে।' একটা ছবি দিয়ে এক টকরে। কেক কেটে নিয়ে বাকিটা আত্তে আত্তে ঠেলে দিলুম আগ্রুজের দিকে। আগ্রুজ দেখি স্বটাই শেষ করে দিলেন। বেশ থেতে পারতেন। যাক, স্কালের ফাড়া তে। কাটল। প্রতিমাকে বললুম, 'প্রতিমা, যে কয়দিন আছি ভোরের। চা-টা তোর কাছেই খাইয়ে দিন। কেন আর বারে বারে আমায় সিংহের মুখে ফেলা।' তার পরদিন থেকে দকালে উঠে তাডাতাড়ি প্রতিমার কাছে চা থেক্সেই বেড়াতে বের হতুম। ফিরে আদতেই রবিকা বলতেন, 'অবন, চা খেলে না তুমি ?' মাথা চলকে বলতুম, 'প্রতিমা খাইয়ে দিয়েছে।' মূচকে হেদে তিনি বলতেন, 'ও, বুঝেছি।'

তথন ছেলেরা ওইরকম সেণ্টিমেন্টাল ছিল— ওঃ, কী চমৎকার স্থর্গাদয়
এখানে, আহা-হা! বেন আর কোখাও নেই এমন জিনিস। এরই আর-একটা
গল্প শোনো। সেই বারেই কার্প্রেও আছে এখানে। বিকেলে এই রান্তার
উপরেই টেবিল পড়ে। স্বাই বসে চা খাই। চা থেয়ে কার্প্রেও আমি যুরে
বেড়াই। একদিন বিকেলে রোজকার মতো যুরে বেড়াছিছ আমরা তুই আর্টিন্টে,
নানা বিষয় নিয়ে নানা আলাপ করছি। ও দিক থেকে একটি হালকা কুয়াশার-

ভাদর ধীরে ধীরে এগিয়ে এদে আশ্রমের শালবনের উপর থানিক স্থির হয়ে দাঁড়িয়ে আন্তে আন্তে চলে গেল। ঠিক সদ্ধে হছে সেই সময়টিতে। ছ বদ্ধতে এই দৃশ্য দেখে মৃয়। ছজনেই বলে উঠলুম, 'বাং, কী চমৎকার!' মৃথে আর কথা নেই কোনো। শুধু বিশ্বয়ে 'বাং বাং' করছি দাঁড়িয়ে। পিছন থেকে রখী ভায়া বলে উঠলেন, 'ও কিছুই নয়, মেঘও নয় কয়াশাও নয়। ও হছে চাল-কলের ধোঁয়া।' 'আরে ছোং ছোং, রখী ভাই, এ ভূমি করলে কী ? ভূমি আমাদের এত ভার্কতা এত কবিত্ব এমনি করেই মাটি করে দিলে ?' কার্প্রেও বললে, 'এমনিকরে আমাদের স্থা নই করে দিতে হয় ? জানলেই বা তূমি, আমাদের তা বললে কেন ?' দেখো তো কী কাগু। ছ আর্টিন্টকে এমনি বেকুব করে দিলে! বেশ ছিলুম তথনকার শান্তিনিকেতনে। ভোরে উঠতুম। রবিকা তো অন্ধকার আক্রেতই উঠতেন, সেই ওঁর চিরকালের অভ্যেস। দরজা থোলা, বর্ষাকাল, একট্ একট্ বৃষ্টি হছে; হাতম্থ ধুতে ধুতে দেথতুম সেখান থেকে রবিকার ঘরে উপরে একটি তাকে বাতি জলছে, ঠিক যেন শুকতারাটি জল্ জল্ করছে; মনে হত সমস্ত শান্তিনিকেতনের উপর বৈন আকাশপ্রনীপ জলছে আর আমরা ছেলেপুলের। নির্ভয়ে ঘরে বেড়াছি।

পালা দেবার লোক চাই। সেই লোক আর নেই। গণেশকে পেলুম না,
কাঠের গণেশ নিয়েই কারবার করে গেলুম। বড়ো খুশি হয়েছিলুম রবিকা যথন
ছবি আঁকতে আরম্ভ করলেন। ভাবলুম এইবারে এক রাস্তায় চলবার লোক
পেলুম; এইবার এল বড়ো ওন্তাদ আমাদের মার্থানে।

ব্ড়ো হয়ে গেছি, আর জোর নেই। প্রতিহ্বী এখন না আসাই ভালো।
-না, তা কেন ? আসে, ভাই তো চাই। ভালোই হবে। কিন্তু দেখছি নে তো
-কাউকে। এখনো যে অনেক কিছু আছে ভিতরে পড়ে। ভেবেছ নতুন
কায়দাতে হার মানব ? তা নয়।

এক বুড়ো ওন্তাদের ছাত্র দিখিজয়ী কুন্তিগির হয়ে উঠেছে। দেশ বিদেশে তার নাম। স্বাইকে কুন্তিতে হারিয়ে দেয়, কেউ পারে না তার কাছেই এগোতে। একবার তার শব গেল গুরুর সঙ্গে করে গুরুকে হারিয়ে নাম ।কিনতে। রাজা তনে আয়োজন করবার ছকুম দিলেন। পাড়ায় পাড়ায় টোল পিটিয়ে দিলেন দিখিজয়ী কুন্তিগির এবারে গুরুর সঙ্গে কুন্তি লড়বে। দিন ঠিক । লোকে লোকারণ্য ভ্রুনের কুন্তি দেখতে। বুড়ো পালোয়ানকে রাজা

ছক্ম করলেন। দে বলে, 'ছ্ছুর, বৃজ্চা হো গিয়া, তাকদ নেহি, মর্ জারেগা।' ও ছোকরা হ্যায়।' কিন্তু রাজার ছকুম, 'না' বলবার উপায় নেই। ও দিকে দিখিজয়ী ছাত্র সভায় চুকে পায়তারা কষছে, ভাবটা বুড়োকে হারাতে আরক্তক্ষণ। বুড়ো কী করে! সেলাম ঠুকে লেঃটিটা টেনে প'রে মাটি থেকে একটু ধুলো হাতে মেথে সভায় চুকল। কুন্তি আরম্ভ হল। প্রথম কয়েক পাচবুড়ো হারলে, দিখিজয়ী সাকরেদ সহজেই তাকে ফেলে দেয়। স্বাই ভাবলে বুড়ো হারলে, দিখিজয়ী সাকরেদ সহজেই তাকে ফেলে দেয়। স্বাই ভাবলে বুড়ো হারে বুঝি এইবারে। শেষবার সাকরেদ পাঁচ দিতে যেমন এসেছে এগিয়ে, বুড়ো এমন এক পাঁচ মারলে, চোথের নিমেষে সাকরেদ ছিটকে পড়ে গেল অনেকটা দ্রে বার-কয়ের ভিগবাজি থেয়ে। সভাক্ষ হৈ-হৈ। ওত্তাদ আনকরেদের দিকে চেয়ে বললে, 'ছয়া?' সাকরেদ উঠে হাত জোড় কয়ে বললে, 'ওত্তাদজি, এ পাঁচ তো আপ্ শিখ্লায়া নেহি।' বুড়ো বললে, 'নেহি বেটা, আজকো ওয়াতে এ পাঁচ রাখ্যা থা।' জানত সাকরেদের শ্য হবে একদিন কৃত্তি লড়তে; সেই দিনের জন্ত ওত্তাদ এই পাঁচ রেথে দিয়েছিল।

আমার বেলাও হয়েছিল ভাই। ঠিক একই কথা বলেছিল আমারআমারই এক নামজানা ছাত্র। আট নোনাইটিতে আমার সেই পাথিরসেটগুলি এক্জিবিট করেছি; নে দেখে বললে, 'এ কায়দা তো শেখান নি
আমানের।' বললুম, 'দবই শিখিয়ে দেব নাকি ?' অনেক প্রাচ এখনোশিখি, রেখে দিই, ভোমরা লড়তে এলে তখন শেখাব।

30

রবিকা বলতেন, 'অবন একটা পাগলা।' সে কথা সভিয়। আমিও একএক সময়ে ভাবি, কী জানি কোন্দিন হয়তো সভিয়ই থেপে যাব। এতদিনে
হয়তো পাগলই হয়ে ষেতৃম, কেবল এই পুতৃল আমাকে বাঁচিয়ে রেখেছে। এই
নিয়েই কোনোরকমে ভূলে থাকি। নয় ভো কী দশাই হত আমার
এতদিনে।

একটা বয়দ আদে বথন এ-সব ভূলে থাকবার জিনিদের দরকার হয়। একবার ভেবেছিলুম লেখাটা আবার ধরব, কিন্তু তাতে মাথার দরকার। এথন আর মাথার কাজ করতে ইচ্ছে যায় না। গ্রুর্বলি, এটা হল মনের কাজ। এই মনের কাজ আর হাতের কাজই এখন আমার ভালো লাগে। তাই পুতুল-

- গড়তেও আমার কণ্ট হয় না। দেখানে হাত চোথ আর মন কাজ করে। অক্ত আর কিছু ভাবতেও ইচ্ছে করে না। রবিকা ষে বৈকুঠের খাতায় তিনকড়ির मूथ मिरा आमारक वनिरम्भितन 'ब्राम अवधि आमात ब्रामं उठ करें जाद नि আমিও কারো জন্ম ভাবতে শিখি নি', এই হচ্ছে আমার সত্যিকারের রূপ। রবিকা আমাকে ঠিক ধরেছিলেন। তাই তো তিনকড়ির পার্ট অমন আশ্চর্য রকম মিলে গিয়েছিল আমার চরিত্রের দঙ্গে। ও-সব জিমিদ আাকটিং করে হয় না। করুক তো আর কেউ তিনকড়ির পার্ট, আমার মতো আর হবে না। ওই তিনকড়িই হচ্ছে আমার আসল রূপ। আমি নিজের মনে নিজে থাকতেই ভালোবাদি। কারো জন্ম ভাবতে চাই নে, আমার জন্মও কেউ ভাবে তা প্রভন্দ করি নে। চিরকালের খ্যাপা আমি। সেই খ্যাপামি আমার গেল না কোনোকালেই। আমার নামই ছিল বোমেটে। তুরস্তও ছিলুম, আর বথন বেটা टक्क ४त्रजूम (मेठी क्त्रा ठाइँहै। छाई मवाई आमात छई माम किर्मिहलान। - রবিকারাও চিরকাল ওই 'থ্যাপা' 'পাগল্পা' বলে আমাকে ডাকতেন। আমিও বেন তাঁলের কাছে গেলে ছোট্ট ছেলেটি হয়ে বেতুম। এই দেদিনও রবিকাদের - কাছে গেলেই আমার বয়দ ভূলে আমি থেন দেই পাগলা খ্যাপা হয়ে থেতুম। তাঁরাও আমায় দেইভাবেই দেখতেন। কিছুকাল আগে যথন সন্তীক শান্তিনিকেতনে এদেছিলেম, রবিকার হকুমে প্রতিমা ও কার্প্লে ওরা মিলে আমার থাকবার জন্ম হর সাজিয়েছে যেন একটা বাসর্যর। আমি আবার - আন্তে আন্তে দ্ব তুলে রাখি, কী জানি কোন্টা ময়লা হয়ে যাবে। নিজের - বিছানাপত্র খুলে নিই। দকালে উঠেই আমাকে এই বহুনি, 'না, ও-দব তুমি · কী করছ। ' ব'লে আবার সেইভাবে ঘরদোর সাজিয়ে দেওয়ালেন।

জ্যোতিকাকার কাছে রাঁচিতে গেলুম, তথন তো আমি কত বড়ো,
ছেলেপুলে নাতিনাতনি আমার চার দিকে। 'জ্যোতিকাকামশায় রোজ সকালে
টুং টুং করে রিক্শ বাজাতে বাজাতে বেড়িয়ে দিরতেন। কোলের উপর একটি
কেকের বাঝা। রিক্শ থেকে নেমে কেকের বাঝাটি আমার হাতে দিয়ে
বলতেন, 'অবন, তোমার জন্ম এনেছি, তৃমি থেয়ে।' ছরভরতি নাতিনাতনি,
েলে-সব ফেলে আমার জন্ম নিজের হাতে বাঙার থেকে কেক কিনে আনলেন।
এনে আমার হাতে দিয়ে বারে বারে বললেন, 'তৃমি থেয়া কিন্তু, তোমার
জল্লেই এনেছি।' আমি মহা অপ্রস্তুতে পড়তুম। বলতুম, 'আপনি কেন কষ্ট

স্করতে গেলেন, চাকরদের বললে ভারাই তো এনে দিতে পারত।' কিন্ত তা ত্বে না। ছোটো ছেলেকে লজেগুদ থেতে বেমন দেয়, অবন কেক খেতে ভালোবাসে, নিজের হাতে এনে দিতে হবে। এমনিই ছোট্টা করে দেখতেন ভূঁরা আমাকে চিরকাল। এখনো এক-একদিন আমি স্বপ্ন দেখি যেন বাবা-মশায় ফিরে এসেছেন, আর, আমি ছোট্ট বালকটি হয়ে গেছি। একেবারে নিশ্চিন্ত। আনন্দে ভরপুর হয়ে যাই স্বপ্নেতে। এ স্বপ্ন আমি প্রায়ই দেখি। মা পিদিমারা দব বাড়িতে আছেন, আমিও বড়ো এইরকমই আছি, ছেলেপুলে ক্ষর ঘরভরতি। বারামশায় যেন কোথায় গিয়েছিলেন, ফিরে এলেন; বাড়ি একেবারে জমজমাট, সবাই ব্যস্ত। আমি আনন্দে উৎফুল হয়ে উঠেছি, যাক, "নিশ্চিন্ত হওয়া গেল; বাবামশায় এদেছেন, আর কোনো ভাবনা নেই। কিন্তু ্বাবা খেন ছদিন বাদেই চলে যাবেন, একটা বৈরাগ্য ভাব। খথে তারই - বৈদনা বেজে ওঠে বুকে, ঘুম ভেঙে যায়। আমার বাবা ছিলেন অজাতশক্ত; কী তাঁর মন, কা তাঁর ব্যবহার! তাঁর কাছে বে-কেউ আদত তাদের আর কু: ধ বলে কিছু থাকত না। এমনিই আনন্দময় তাঁর সালিধ্য ছিল। জাঠামশাষের একটা কবিতা মনে প্রভা তার এক লাইনেই আমার -বাবামশার আর জ্যোতিকাকামশায়ের চরিত্র ফুটে উঠেছে। জ্যা<mark>ঠামশার</mark> :লিখেছিলেন-

ভাতে যথা সত্যহেম মাতে যথা বীর গুণজ্যোতি হরে যথা মনের তিমির।

এ অতি সত্য কথা। তাঁদের কাছে এলে মনের সব তিমির দূরে চলে যেত।
আমানন্দময় করে রাখতেন চার দিক। উৎসব, আনন্দ, প্রাণখোলা হো-ছো
হোসি, সে যে না জনেছে ব্যবে না। অমন হাসতেই জনি নে আর কাউকে।
বাবামশায় আর জ্যোতিকাকামশায়ের খ্ব ভাব ছিল। একদঙ্গে তাঁরা আট
স্কুলে ভতি হয়েছিলেন। আমি যথন আট স্কুলে যাই, সে রেকর্জ্যুছে
বের করি।

বাবামশাষের মতো বর্জাগ্য এ বাড়ির আর কারো ছিল না। রবিকা বর্মু পেরেছেন, কিন্তু অবন্ধুও পেরেছেন চের। বাবামশার দেশ বেড়াতে থুব ভালোবাদতেন। থেকে থেকেই পশ্চিমের দিকে থুবে আদতেন। ওঁর থুব প্রিয় জায়গা ছিল অমৃতদর। অমৃতদরে গোল্ডেন টেম্পলের দামনে অনেক ক্ষণ

অবধি বদে থাকতেন আর মন্দিরে ভোগ দিতেন। অমৃতসরের মন্দিরের সব লোকেরা বাবামশায়কে চিনভ, হোটেলের খানদামা বাবুর্চিরা অবধি। একবার বড়দাদারা অমৃতদর যান, যে হোটেলে বাবামশায় থাকতেন দেই হোটেলেই তার। উঠেছেন। হোটেলের এক বুড়ো বাবুচি তাঁদের জিজ্ঞেদ করলেন বাবা-মশারের নাম ক'রে যে, দেই বাবু কোথায় ? তিনি যথন পশ্চিমে ওইরকম ঘুরে ঘুরে বেড়াতেন আমরা তথন আর কতটুকুই বা, কিন্তু আমাদের কাছে নিয়ম্মত চিঠি দিতেন। গুৰু চিঠি দেওয়া নয়, আমাদের চিঠি লেখা শেখাতেন। কী ভাবে লিখতে হবে, কোথায় কী ভুল হল, চিঠি লিখে লিখে সব ঠিক করে: দিতেন। চিঠি লেখা দম্ভরমত শিক্ষা করতে হয়েছে আমাদের। বাডিতে এক পণ্ডিত আসত, তাঁর কাছেও আমাদের চিঠি লেখার শিক্ষা হত। বাবামশায় আমাদের আবার লিখতেন কার কী চাই জানাতে। একবার তিনি তখন দিল্লি আগ্রার দিকে। সেই হিন্দুমেলাতে বে দিল্লির মিনিয়েচার দেখেছিলুম সেই ছিল আমার মনে। আমি লিখলুম, আমার জন্ত আগ্রা দিলির ছবি আমতে। বাৰামশায় ফিরে এলেন: দাদারা যে যা চেয়েছিলেন, বোধ হয় ভালে। ভালো জিনিসই ছবে, স্বাই স্বার ফর্মাশমাফিক জিনিস পেলেন। আমার জন্ত বের হল একটা কাগজের ভাড়া। আমি ভেবেছিলুম বে, হিন্দুমেলায় দিল্লির' মিনিয়েচারের মতো কিছু একটা হবে। কাগজের তাড়া খুলে দেখি আগ্রা দিল্লির কতকগুলো পট। শাদা কাগজের উপরে যেমন কালীঘাট লক্ষোয়ের পট হয় দেইরকম হাতে লেখা আগ্রা দিলির ছবি আঁকা। এখন আর দে-সব পট পাওয়াই যায় না। সেগুলি থাকলে আজ খুব দামি জিনিদ হত। তথন কী আর করি, তা-ই খুলে খুলে দেখলুম, কয়েকদিন বাদে ছি'ড়ে কুটে কোথায় উড়িয়ে দিলুম। জানি কি তখন দে-সব জিনিসের মূলা!

বাবামশায় আমার কথা বলতেন, 'গুকে আর বিদেশে পাঠাব না। ও আমার সঙ্গে ঘূরে ঘূরে ভারতবর্ধ দেখবে, ভারতবর্ধ জানবে। এ দেশটাই গুকে-দেখাব ভালো করে।' তাই হল। বাবামশায় মারা গেলেন, আমার আর বিদেশে যাওয়া হল না, এখনো ভারতবর্ধকেই দেখছি, জানছি। বড়ো হবার পরে যখন ছবি আঁকা নিয়েই মেতে রইল্ম, মার মনে বড়ো ভাবনা হল যে, এই ছেলেটার লেখাণড়াও হল না, বিষয়ক্ষণ্ড শিখল না, কিছুই হল না। তার পর যখন দিল্লির দরবার থেকে দোনার মেডেল এল, আর্ট স্কুলের ভাইন্-

প্রিসিশাল হল্ম, চার দিকে নাম রটতে লাগল, তথন মা বললেন, 'আমি ভর পেরেছিল্ম বে কিছুই তোর হল না। এখন মনে হচ্ছে বে কিছ্-একটা হলি তব্ও।'

স্থমপুর স্থতি তেমন ছিল না জীবনে। তবে কবির সঙ্গ পেয়েছি, দেই ছিল জীবনের একটা মন্ত দম্পদ। মাও ব্যক্তেন, বলতেন, 'রবির সঙ্গে আছিদ, বড়ো নিশ্চিন্ত আমি।'

35

কর্মজীবন বলে আমার কিছু নেই, অতি নিদ্ধা মাহ্য আমি। নিজে হতে চেটা ছিল না কথনো কিছু করবার, এখনো নেই। তবে খাটিয়ে নিলে খাটতে পারি, এই পর্যন্ত। তাই করত, আমার সবাই খাটিয়ে নিত। বাড়িতে কোনো কিয়াকর্ম হলে সহজে হাত লাগাতুম না কিছুতেই। কিন্ত যদি কোনো কাজের ভার পড়ত ঘাড়ে, নিশুত করে সেই কাজ উদ্ধার করে দিতুম। হাতেল সাহেব বসিয়ে দিলেন আটকুলে। ছাত্র এরে দিলেন সামনে; বললেন, 'আঁকো, আঁকাও।' তার মধ্যে আর-একটা মানেও ছিল। বলতেন অনেক সময়েই, 'ভালো ঘরের ছেলেরা যদি আটের দিকে ঝোঁকে, পাবলিকের নন্ধর পড়বে এ দিকে। দেশের লোক তোমাদের কথায় বেশি আছা রাথবে।' নেহাত মিছে বলতেন না। নয়তো তথনকার আটস্কুল সম্বন্ধে লোকের ধারণা বদলাত না।

আর্ট দোসাইটি খুলে উড রফ ব্লাণ্টও থাটিয়ে নিতেন আমায়।

রাজা এলেন, ময়নানে মন্ত প্যাত্তেল তৈরি হল, রাজার বদবার মঞ্চ উঠল। উভ্রম্ন বললেন, 'মঞ্চের চার দিকে তোমায় এঁকে দিতে হবে।' পি. ভবলিউ. ভি.'র লোকেরাই ফ্রেমে কাপড় লাগিয়ে দব ঠিকঠাক করে এদে ধরলে সামনে। লাগিয়ে দিলুম ছাত্রদের, নিজেও হাত লাগালুম; হয়ে গেল মঞ্চ-ডেকোরেশন। রাজার সিন্বল্ দিয়ে ছবি এঁকে দিয়েছিলুম, পুর ভালো হয়েছিল। হাজার বারোশো টাকাও পাওয়া গিয়েছিল। পরে রাজা চলে গেলে দেই ছবিওলো বর্ধমানের রাজা কিনে নিলেন ছণো টাকা দিয়ে, নিয়ে তার কোন্-এক দর সাজালেন। আমাদের ভালোই হল। এ হাতেও টাকা পেলুম, ও হাতেও টাকা পেলুম; সব টাকা ভাগাভাগি করে বেটে দিলুম ছাত্রদের। আমাকে

দিয়ে খাটিয়ে নিলে কোমর বেঁধেই লাগতুম, কাজও ভালো হত। আসলে ভিতরে তাগাদাও ছিল কিনা একটা। তবে না করিয়ে নিলে ছবিও আমার হত না বোধ হয়। বড়ো কুঁড়ে স্বভাব আমার ছেলেবেলা থেকেই; কোথাও নড়তে পর্যন্ত ইচ্ছে করে না। অথচ দেখতুম তো চোথের সামনে রবিকাকে; তিনিও তো আর-একটি আর্টিন্ট, পৃথিবীর এ মাথা ও মাথা বুরে বেড়িয়েছেন। বলতেন, 'অবন, তুমি কী। একটু বুরে বেড়িয়ে দেখো চার দিক, কত দেখবার আছে।' ছেলেবেলায় কল্পনা করতুম বড়ো হয়ে কত দেশ বিদেশ বেড়াব, ইচ্ছেমত এখানে ওখানে ষাব। কিন্তু বড়ো হয়ে যথন বেরোবার বেড়াবার দেই সময়টি এল হাতে তথন বাড়িতেই বদে রইলেম একেবারে আরো বার্টিব'নে, তোমার জন্ম ঘরোয়া কথার মালমসলা সংগ্রহ করতে। তবে ঘরে বসেই সারা প্থিবীর মাছবের আর্ট আমি চর্চা করেছি, এ কথা বিশ্বাদ কোরো।

আর্টস্কুলের চৌকিতে বদে থাকতুম; কত দেশ বিদেশ থেকে নানারকম ব্যাপারী আদত নানারকম জিনিদ নিয়ে। গবর্মেণ্টের টাকায় আর্ট গ্যালারির জক্স জিনিদ সংগ্রহ করছি, দদে দদৈ দেশের আর্টের দদে পরিচয়ও ঘটে যাছে। এই করে আমি চিনেছিলেম দেশের আর্ট; তার উপরে ছিলেন আমার হ্যাভেল-গুরু। এ দেশের আর্ট ব্রাতে এমন ছটি ছিল না, রোজ হু ঘণ্টা নিরিবিলি তার পাশে বদিয়ে দেশের ছবি মৃতির সৌন্মর্য, ম্ল্য, তার ইতিহাদ ব্বিয়ে দিতেন। ত্রুম ছিল আপিদের চাপরাদিদের উপর ওই হু ঘণ্টা কেউ দেন না এদে বিরক্ত করে।

সদ্গুরু পাওরে, ভেদ বাতাওরে,
ভান করে উপদেশ।
ভব ্কয়লা-কী মরলা ছোটে
যব্ আগু করে পরবেশ।

ভাবি সেই বিদেশী গুরু আমার হ্যাভেল সাহেব অমন করে আমায় যদি না বোঝাতেন ভারভশিল্পের গুণাগুণ, তবে কয়লা ছিলেম কয়লাই হয়তো থেকে বেতেম, মনের ময়লা বৃতত না, চোব ফুটত না দেশের শিল্পনৌন্ধের দিকে।

ভারতের উত্তর দক্ষিণ পুব পশ্চিম সব দিকে ছিল চর আমাদের। এক তিব্বতী লামা ছিল, মাঝে মাঝে আসত , দামি দামি পাথর, চাইনিজ জেড, ভিব্বতী ছবি, নানারকম ধাতুর মৃতি আনত। সে এলেই জামরা উৎস্ক হয়ে থা স্তুম দেখতে এবারে কী এনেছে। একবার এল সে, বললে, 'শরীর খারাপ, দেশে যাব কিছুকালের জন্ম। বোমে যাচ্ছি, কিছু টাক। পড়ে আছে, তুলতে পারি কিনা দেখি। এবারে ভাই বেশি কিছু আনতে পারি নি। তবে কিছু কাঞ্রের পুঁথি এনেছি এই দেখুন।' খুব পুরোনো পুঁথি, দুম্পাপ্য জিনিস, কিন্তু আমার তো কোনো কাজে লাগবে না। এ পুঁথি আমি নিয়ে কী করব। ইম্পিরিয়াল লাইব্রেরিতে হরিনাথ দে মস্ত ভাষাবিদ, সব ভাষাই তিনি জানতেন শুরু চীনে ছাড়া; বলতেন, 'এবারে চীনে ভাষাটা আমার শিখতে হবে।' তাঁর কাছে থেতে বললুম এই পুঁথি নিয়ে। বেশ দাম দিয়েই রাখবেন, দরকারি জিনিদ। বললুদ, 'আর কী এনেছ দেখাও।' দে একটি ছোট্ট পলার গণেশ বের করলে। বেশ গণেশটি; পছন্দ হল। পাঁচ-সাত টাকা চাইলে বোধ হয়, তা দিয়ে গণেশটি আমি পকেটে পুরলম। বললম, 'আর ?' দে এবারে একটি কৌটো বের করে বললে, 'আর কিছু নেই সঙ্গে এবারে।' শে একটি নাসদান, খোদাই করা নীলের উপরে সোনার কাজ, একটা ডাগন আঁকা, বড়ো স্থনর। রাধবার ইচ্ছে আমার। জিজ্ঞেন করলেম, 'দাম?' দে বললে, 'পঞ্চাশ টাকা।' আমি বললুম, 'এ বড়ো বেশি চাইলে।' সে বললে, 'তা, এখন ওটা আপনার কাছেই থাক। কেউ নেয় তো বেচে দেবেন। আমি ফিরতি পথে এসে টাকা নিয়ে বাব।' ব'লে ভাডাভাডি জিনিসপত্তর গুটিয়ে চলে গেল। সে চলে যাবার সঙ্গে সঙ্গেই আমার কিরকম যেন মনে হল. জিনিদটা রাথলুম, দাম দিলুম না, বললে ওর শরীর থারাপ— যদি ও ফিরে না श्वारम श्वात ? काक्ष्मे। कि ভाला इल ? याक, की श्वात कता यात ? वाड़ि এনে অলকের মাকে পলার গণেশটি দিলুম, বললুম, 'এটি দিয়ে আমার জন্ত একটি আংটি করিয়ে দিয়ো।' সে আংটি আমার আঙ্লে অনেক দিন ছিল, পরে হারিয়ে গেল। আর নাসদানিট তাঁর হাতে দিয়ে বলনুম, 'এট গচ্ছিত ধনের भट्टा मार्यात दाया। अदक होका एक्ट्या इस नि वयता।

ভার পর এক বছর যায়, ত্ বছর যায়, আর সে আসে না। ইঠাং একদিন সেই লামার একটি ভাই এসে উপস্থিত। বললে, 'সে সেবারে বোস্বে গিয়ে ছ্-চার দিন পরেই মারা গেছে। আপনাদের কাছে তার যা পাওনা আছে সেই-সব টাকা আমায় দিন।' আমি জানতুম, এই ভাইয়ের সঙ্গে লামার বনিবনাও ছিল না। বাড়িদরের স্থাহুথের কথা প্রায়ই বলত সে। এখন সেই ভাই তার মৃত্যুর পরে কাগজপত্র হাত করে টাকাও আগ্রসাৎ করবার চেটায় আছে।
আমি তো তথনি তাকে হাঁকিয়ে দিলুম, বললুম, 'কে তুমি ? তোমায় জানি নে
তানি নে, টাকা দিতে যাব কেন ? যদি তোমার ভাইয়ের ছেলেপুলে থাকে বা
ভার স্ত্রী আদে তবে দেখতে পারি।' সে তাড়া থেয়ে ভাগল।

তার কিছুদিন পরে সেই লামার বৃদ্ধি স্ত্রী এল, পাহাড়ি মেয়ে। আগেও দেখেছি তাকে ত্ব-একবার লামার সঙ্গে। সে এসেই তো খুব চঃথ করলে তার স্বামীর জন্মে. বেচারা দেখতেও পায় নি শেষ সময়ে। তারও শরীর অফুস্থ চিল, এতদিন তাই আসতে পারে নি। স্বামী নানা দেশবিদেশে জিনিস-পত্তর বিক্রি করত, নানা জায়গায় টাকা পড়ে আছে তার। বলল্ম, 'কদিন আগে তার ভাই এসেচিল যে টাকার জন্ত। আমি দিই নি।' সে বললে, 'তা দাও নি, বেশ করেছ। আমি এসেছি তোমাদের কার কাছে তার কী জিনিদ-পত্তর আছে দেই থোঁজে। তোমার কাছে তো দে থুব আদত, তুমি জান, কোথায় কী দিয়ে গেছে শেষবার।' আমি বললুম, 'শেষবারে সে কতক-গুলি কাঞ্জরের পুঁথি এনেছিল। আমি তাকে হরিনাথ দের কাছে পাঠিয়ে-ছিলম। পরে থোঁজ নিয়ে জেনেছিলুম, তিনি সে পুঁথিগুলি খুব দাম দেবেন বলেই রেখেছিলেন। দেও দিরে এসে নেবে বলে যায়। তুমি সেখানে গিয়ে থোঁজ করো, পাবে।' দে বললে, আমি গিয়েছিলেম দেখানে, কিন্ত ভারা কেউ দে পুঁথির সন্ধান দিতে পারে নি। হরিনাথ দে মারা গেছেন। পুঁথি যে কী হল কেউ জানে না।' বছ পরে আমি সেই পুঁথি দেখি, সাহিত্য-পরিষদে। দেখেই চিনেছি— আমার হাত দিয়ে গেছে পুঁথি, আর আমি চিনব না! বাক দে কথা, মেয়েটি ভো তার দাম বা সন্ধান কিছুই পেলে না। আমি বললুম, 'আমাকে দিয়ে গিয়েছিল দেবারে দে এই আংটির পলাটি, এটির দাম আমি তাকে দিয়েছি। আর দিয়েছিল একটি নাদ্রানি, দাম নেয় নি. ফিরতি পথে নেবে বলেছিল; কিন্তু দে তো আর এল না এ পথে, তুমি দেটা নিয়ে যাও।' ভনে বুড়িট অনেকক্ষণ চোথ বুজে চুপ করে রইন। পরে বললে, 'আমি তো সব জানি। সেই নাসদানিটি একবার দেখতে চাই। দেখাবে ?' বলল্ম, 'তা তো এখানে নেই, বিকেলে আমার বাড়িতে এসে। তা হলে।' বাড়ি সে চিনত।

বিকেলে এল, অংমিও ফিরেছি কাজ দেরে। অলকের মা সিন্দুকে তুলে

রেখেছিলেন কৌটোটি, তাঁকে বললুম, 'বের করে দাও ওটি, এতদিন পরে তার মালিক এদেছে।' কোটোট এনে দিলুম বুড়ির হাতে। বললুম, 'দে পঞ্চাশ টাকা চেয়েছিল, তথন অত দাম দিতে চাই নি। তা, তুমি এখন অভাবে পড়েছ, ষা চাইবে দেব। নয় তোমার জিনিদ তুমি ফিরিয়ে নাও। তাতেও আমি অসম্বর্ট নই।' বুড়ি বললে, 'হ্যা, এ জিনিসটি দেখেছি তাঁর কাছে।' বলে ত হাতে তা নিয়ে ঘরিয়ে ফিরিয়ে যত দেখছে আর ত চোখের ধারা বয়ে যাচে। বেচারার হয়তে। স্বামীর কথা মনে পডছিল, কী স্থতি ছিল তাতে সেই জানে। খানিক দেখে কোটোটি আমার হাতে ফিরিয়ে দিয়ে বললে, 'তিনি তোমায় দিয়ে গেছেন, এটি ভোমার কাছেই থাকুক। দাম আমি কিছুই চাই নে।' বল্লম, 'দে কী কথা! ভোমার স্বামী মারা গেছে, ভোমার টাকার দরকার, चात एमि नाम रमाय मा, यम की ? रम राय मा।' युष्टि इन्हिन रहारण यमान, 'বাব, ও কথা বোলো না। আমি জানি আমার স্বামী অনেককেই নানা জিনিদ বিক্রি করত, অনেকের কাছে টাকা পড়ে থাকত। আমি কলকাভায় এসে কদিন যাদের যাদের ঠিকানা পেয়েছি ভাদের কাছে ঘ্রেছি, দাম দেওয়া দুরে থাকুক, কেউ স্বীকার পর্যন্ত করলে না বে ভারা আমার স্বামীকে চিনত। এক তুমি বললে যে, আমার স্বামীর জিনিদ ভোমার কাছে আছে। তোমার কাছ থেকে আমি এক পয়দাও চাই নে, এই কৌটো তোমার কাছেই থাকুক। আর এই চাদরটি তোমার স্ত্রীকে দিয়ে। আমার নাম করে।' ব'লে থলে থেকে একটা মোটা ক্লমনির মতো চাণর, পাহাভি মেয়েরা গায়ে দেয়, তা বের করে হাতে দিলে। জীবনের কর্মের আরতে বড়ো পুরস্কার পেলুম আমরা তুলনে এক গরিব পাছাড়ি বুড়ির কাছে- একটি গায়ের চাদর, একটি দোনার নাসদান।

আর একবার হঠাং একটা লোক এসে উপস্থিত আমার কাছে— জাপানি টাইপ, কালো চেহারা, চুল উদ্বোধ্বো, ময়লা কোট পালামা পরা, অঙ্ক ধরনের। আটস্কুলের আপিনে বনে আছি; চাপরাদি এনে বললে, 'হজুর, এক জাপানি কুছ লে আয়া।' বললুম, 'আনো তাকে এখানে।' দে এল ভিতরে; বললুম 'আমার কাছে এদেছ? তা কী দরকার তোমার ধ' দে এ দিক ও দিক ভাকিয়ে কোটের ব্ক-পকেট থেকে কালো রঙের চামড়ার একটা ব্যাগ বের করলে, ক'রে তা থেকে ঘুটি বড়ো বড়ো মুক্তা হাতে নিয়ে আমার সামনে

ধরলে। দেখি ঠিক যেন ছটি ছোটো আমলকী। এত বড়ো মুক্তো দেখি নি কথনো। কোথায় পেল ? লোকটি মুক্তো তুটিকে শঙ্খমণি না কী মণি বলে. আর আমার চোথের দামনে নাড়ে। বল্লম, 'বিক্রি করবে ?' দাম চাইলে ছুটোতে এক শো টাকা। মুক্তো কিনব, তা নিছে তো চিনি নে খাসল নকল। বাডিতে ফোন করে দিলাম জন্তরী কিষণটাদকে বডোবালার থেকে থবর দিয়ে যেন আনিয়ে রাথে, আমি আদছি এখনি। ভুল হয়ে গেল গাড়িটার কথা বলতে। বাড়ির গাড়ি আদবে স্কুল ছুটি হলে। আমার আর ততক্ষণ সবুর সইছে না। একটা ঠিকে গাড়ি করেই রওনা হলুম সেই লোকটিকে নিয়ে। বাড়ি পৌছে দেখি কিষণটাদও এনে উপস্থিত। কিষণটাদকে দেই মুক্তো ছুটো দেখালুম; বললুম, 'দেখো তো, এক শো টাকা দাম চাইছে। বলে শহামণি, তা আদল কি নকল দেখে দাও, শেযে না ঠকি যেন।' মনে পডল দাদা একবার পাহাড়ে এইরকম বড়ো মুক্তো কিনে খুব ঠকেছিলেন। মুক্তো কিনে কার কথা শুনে লেবুর রদ দিয়ে বেই-না ধুয়েছেন— মুক্তোর উপরের এনামেল উঠে গিয়ে ভিতরের শাদা কাচ বেরিয়ে প্রভল, ঠিক বেন ছটি শাদা মার্বেল। বললম. 'দেখো কিষণটাদ, আমারও না আবার দেই অবস্থা হয়।' কিষণটাদ অনেকক্ষণ মুক্তো ছটি হাতে নিয়ে নেডেচেড়ে দেখলে; বললে, 'ঠিক ব্রতে পারছি নে।' আমারও মন খুঁত খুঁত করতে লাগল। যে কাজে মনে খুঁত থাকে তানা করাই ভালো। আমি বললুম, 'থাকু কিষণটাদ, বুঝতে যথন পারছ না তুমি, এ ফেরত দিয়ে দেওয়াই ভালো। দরকার নেই রেথে এ জিনিদ।' মণি ছটো ফেরত দিয়ে দিলুম, দেই লোকটা চলে গেল। তার কিছুদিন পরে কাগজে দেখি, বিলেতের কোন এক বড়োলোকের মেমের একটা নেকলেন হারিয়েছে, বড়ো বড়ো মুক্তো ছিল তাতে। পরে বাড়ির ছেলেদের ভেকে বলি, 'ওরে দেখু দেখু, না রেখে ভালোই করেছি। কী জানি হয়তো দেই মুক্তোই এনেছিল বিক্রি করতে। শেষে চোরাই মাল রেথে মুশকিলে পড়তে হত হয়তো। লোকটার ঠিক চোর-চোর চেহারাই ছিল।

আর্টিন্ট হচ্ছে কলেক্টর, দে এটা ওটা থেকে সংগ্রহ করে দারাক্ষণ, সংগ্রহেই তার আনন্দ। রবিকা বলতেন, 'ধণন আমি চুপ করে বদে থাকি তথনই বেশি কান্ধ করি।' তার মানে, তথন সংগ্রহের কান্ধ চলতে থাকে। চেয়ে আছি, ওই সবুদ্ধ রঙের মেহেদি বেড়ার উপর রোদ পড়েছে। মন সংগ্রহ করে রাখন, একদিন হয়তো কোনো কিছুতে ফুটে বের হবে। এই কাঠের টুকরোটি যেতে যেতে পথে পেলুম, তুলে পকেটে পুরলুম। বললে তো ঝুড়ি ঝুড়ি কাঠের টুকরো এনে দিতে পারে রথী ভাই এখ খুনি। কিছু তাতে সংগ্রহের আনন্দ থাকে না। এমনি কত কিছু সংগ্রহ হয় আর্টিন্টের মনের ভাঙারেও। এই সংগ্রহের বাতিক আমার চিরকালের।

যাক, দেবার তো মৃত্রো ফদকে গেল। কিন্তু কী করে জিনিদ হাতে এদে পড়ে দেখো। একথানি পারা, ইঞিথানেক চওড়া, চৌকো পাথরটি দেখেই চোথে পড়ে, উপরে থোদাই করা মোগল আমলের। আজকাল এ জিনিদ পাবে না কোথাও। বুড়ো রোগা অনস্ত শীল জহুরী, পুরোনো পাথর বিক্রি করে। ভালো কিছু হাতে এলেই নিয়ে আদে আমাদের কাছে। একদিন নিয়ে এল কয়েকটা পুরোনো টিনের কোটোভরা নানারকমের পাথর। তার মধ্যে ওই পারাটি দেখেই আমার কেমন লোভ হল। ভাড়াভাড়ি হাতে তুলে নিলুম। বললুম, 'এটি কত হলে দেবে ? টোকা পঞ্চাশেক হলে চলবে তো?' বুড়ো জহুরী ঘাগি লোক; চোগ দেখেই বুরেছিল, জিনিদটি খুবই পছন্দ হয়েছে আমার। দাম বাড়াবার ইচ্ছে নাকি? বললে, 'তা, আমি ঠিক করে এখন বলতে পারছি নে। পরে জানাব।' এই বলে দেদিন দেটি নিয়ে চলে গেল। মনটা আমার থারাপে হয়ে গেল, বড়ো হন্দর পারাটি ছিল। লোভও হয়েছিল খুব রাথবার, নিয়ে গেল চোথের সামনে থেকে। তা, কী আর করব ? গেল তো গেল, বুড়োর আর দেখা নেই।

মাস ছয়েক পরে তার ছেলে এল একদিন, নেড়া মাথা। বললে, 'বাবা চলে গেছেন।' বললুম, 'দেকি রে! এই যে দেদিনও এদেছিল পুরোনো পাথর নিয়ে। তা, তুই এখন কী করছিন?' সে বললে, 'আমিই বাবার দোকান দেখাগুনো করি। আপনারা আমার কাছ থেকে পাথর মিন মুক্তো কিনবেন না কিছু? বরাবর তো বাবাই আপনাদের দিতেন এদে যা চাইতেন। আমার কাছ থেকেও ভেমনি নেবেন দয়া করে।' তাকে বললুম, 'দেখ, শেষধার তোর বাবা এনেছিলেন একটি পায়া। আমার পছন্দ হয়েছিল, দামও বলেছিলুম পকাশ টাকা। কয়েকদিন বাদে সে আসবে বলে গেল, আর তো এল না। দেই পায়াটি আমায় এনে দিতে পারিস?' প্রোনো খদ্দের হাতে রাখবার বাসনা, পরদিন দেখি ছেলেটি ঠিক খুঁলেণিতে নিয়ে এল সেই পায়াটি একটি

মরচে-পড়া টিনের কোটোয় পুরে। বলল্ম, 'দাম কত চাদ ?' দে বললে, 'বাবার দক্ষে যা কথা হয়েছে তাই দেবেন।' টাকা নিয়ে দেদিন দে চলে তো গেল। ছেলে-মাহ্ম, পারার মৃল্য বোঝে নি হয়তো। কয়েকদিন বাদে কার সক্ষে কী কথা হয়েছে, দে এদে হাজির। বললে, 'একটি ভুল হয়ে গেছে।' বলল্ম, 'আর ভুল! দস্তরমত পারাটি কিনেছি আমি। রসিদ দিয়ে তুমি টাকা নিয়েছ। এখন ভুল বললে জনব কেন ? এই পারাটি তোমার বাপের কাছে চেয়েছিল্ম দেবারে, পেল্ম না। হাতছাড়া হয়ে গেল, আশা তো ছেড়েই দিয়েছিল্ম আমি। এবারে তোমার কাছ থেকে আমি কিনেছি, আর কি হাতছাড়া করি ?' দে চলে গেল। তার পর বোদের ঠাকুরদাস জহুরী আমতে তাকে পারাটি বের করে দেখাই। দে তো হাতে নিয়ে অবাক। বললে, 'এ জিনিস আপনি পেলেন কোথায়? এ বে অতি হুর্লভ পারা, বহুমূল্য জিনিদ। এইরকম ফুল-খোদাইকরা পারা মোগল আমলেই ব্যবহার হত ভধু।' ঠাকুরদাস বললে, 'এর এক রতির দাম পাচ শো টাকা।' পারাটির ওজন হল বেশ কয়ের রতি। বললে, 'আপনি পঞ্চাশ টাকায় কিনেছেন আমি এখনি ছশো টাকা দিতে রাজি আছি এটির জয়্য।'

সে পারাটি, আর-একটি ছুর্গভ মোহর ছিল আমার কাছে, ভার এক
দিকে ভাহাদীর আর-এক দিকে নুরজাহানের ছবি। রাথালবাবু দিয়েছিলেন
আমায়, এক শো ৄটাকা দিয়ে কিনেছিল্ম। এই মোহর আর পারাটি
দিয়ে একটি বোচ তৈরি করাল্ম আমাদের বিশ্বত জ্ছরীকে দিয়ে। কেই
পারাটির চার দিকে ছোটো ছোটো মুক্তো, আর মোহরটি ঝুলছে পারাটির
নীচে। বোগটি অলকের মাকে দিল্ম। তিনি প্রায়ই কাঁধের উপরে
ব্যবহার করতেন দেটি, বেশ লাগত। সেই একবার খুব পারার বাতিক
হয়েছিল।

ভেবেছিল্ম শুঁজতে খুঁজতে কোহিছর-টোহিছর পেয়ে যাব হয়ঙো একদিন। পেল্ম না। কিন্তু ভার চেয়েও বেশি আলকাল আমার এই কাঠকুটো কুট্মকাটাম— কোথায় লাগে এর কাছে কোহিছর মিণ। আমার ফটিকরানী কোনো কোহিছর দিয়ে ভৈরি হবে না। ভাঙা ঝাড়ের কলমটি নমিভা এনে দিলে। ওভিকলোনের একটা বাল, সামনেটায় কাচ দেওয়া, ভাকে শুইয়ে দিল্ম সেই কাচের ছরে, বলল্ম, এই নাও আমার ফটিকরানী

ঘুমোচ্ছে। রেখে দাও ষত্ন করে।' ইচ্ছে ছিল, আর একটি সব্জ রঙের কাঠি পেলে শুইয়ে দিতৃম পাশাপাশি, থাকত ঘটিতে বেশ।

দেই পানার বাতিকের সময়ে আর-একটি লোক এল একদিন, জবলপুরে পাওয়া যায় নানারকম পাথর, বহু পুরোনো পোকামাকড় গাছপালা পাথর হয়ে গেছে, দেই-দুব নিয়ে। ভারি স্থন্দর স্থন্য পাথর দব। তার মধ্যে একটি ছিল, ঠিক গোল নয়, বাদামের মতো গড়নটি দেখতে, রঙটি অভি চমৎকার। পছন হল, কিন্তু দাম বেশি চাইল বলে রাথল্য না; লোকটি তার স্ব পাথ্র দেখিয়ে খানিক বাদে চলে গেল। বদে আছি বারান্দায় চপচাপ। সমরদার ছোটো নাতনিটি এদে দেখানে খেলা করতে লাগল। দেখছি সে খেলা করছে আর অনবরত মুখ নাড়ছে। বললুম, 'দেখি তোর মুখে কী ?' সে সামনে এসে হাঁ করে জিব মেলে ধরলে। দেখি জিবের উপরে সেই পাথরটি। বললুম, 'কোথায় পেলি তুই এই পাধর । দে শিগগির বের করে। গিলে ফেললে কী কাণ্ড হবে।' এখন, দেই লোকটি যাবার সময় সব জিনিস তুলেছে, ভূলে সেই পাথরটিই ফেলে পেছে। সমরদার নাতনি সেটি পেয়ে লজেঞ্স ভেবে মধে পুরে বদে আছে। তাড়াতাড়ি তার মুখ থেকে পাধরটি নিয়ে পকেটে পুরলুম। প্রদিনই সেটি আমার আংটিতে বসিয়ে একেবারে আঙলে পরে বস্লুম। স্থন্দর পাথরটি, তার গায়ে একটি মৌমাছি তুটি ডানা মেলে বলে আছে, পাথর হয়ে গিয়েছিল। মেয়েরা এল ছুটে দেখতে, বললুম, 'ওরে দেখ, তাজমহল কোথায় লাগে এর কাছে। তাজমহল ? বে মরেছিল দে তো ধুলো হয়ে গেছে কবে। আর প্রকৃতি এই মৌমাছিটিকে কী করে রেখেছে যে, আজও এ ঠিক তেমনিই আছে। রঙও বদলায় নি একটু। কবে কোনু লক্ষ লক্ষ বছর আগে বসস্ত এদেছিল এ ধরার বুকে, মৌমাছি ডানারটি মেলে থাচ্ছিল ফুলের মধু আকণ্ঠ পুরে, যে রদে ভূবেছিল, দেই রদের কবরে আজও আছে দে তেমনি মগু চযে।'

আর্টস্কুলে মাঝে মাঝে এক সন্নাদী আদত। চাপরাসিরা ধরে নিমে আদত গাছতলা থেকে ক্লাদে মডেল করবার জন্ম। আদে, মডেল হয়ে বদে, ছেলেরা আঁকে, ক্লাদ শেব হলে পরদা নিয়ে চলে যায়। মাঝে মাঝে দেখি সন্ধের দিকে বা সকালে সন্নাদী হ্যাভেলের ফ্লাট থেকে বের হয়। বাাপার কী! হ্যাভেলের মেম বলেন, 'আর পারি নে অবন্বার্। কোন-এক সাধু জুটছে;

এমনি কতঃকম চরিত্রের লোক নম্বরে প্তত তথন।

25

হ্যাভেল সাহেবদের একটা সোসাইটি ছিল জনকয়েক নাহেব নেম আর্টিট নিয়ে। সংদ্ধবেলা আর্টক্লেই তারা ঘণ্টা-ভূয়েক কাজ করত; আলোচনা সমালোচনা হত, মাঝে মাঝে থাওয়ালাওয়াও চলত, অনেকটা আর্ট রাব গোছের। মার্টিন কোম্পানির ইঞ্জিনিয়ার থন্ট্ন নাহেবই দেখাশানা করতেন। তার উপরেই ছিল ওই আর্ট রাবের লব-কিছুর ভার। চমংকার আঁকতেও পারতেন তিনি। অমায়িক সং লোক ছিলেন, মহৎ প্রাণ ছিল তাঁর। অমন সাহেব দেখা যায় না বড়ো। আমার সঙ্গে খ্ব জমত। সেই থেকেই আমার সঙ্গে তাঁর আলাপ। পরে আমারেদের সোনাইটির সঙ্গেও তিনি মুক্ত ছিলেন। আমি যখন আর্টক্লে, তিনি আমতেন আমার কাছে প্রায়ই, আবার ডেকেও পাঠাতেন কথনো কথনো। চারটের পরে যেতুম তাঁর আলিদে। থ্ব বিখাদ ছিল আমার প্রতি; টেবিলের দেয়াছ থেকে তার আলা নানারকম হাপত্য-কর্মের প্রান বের করে আমার দেখাতেন, প্রাম্প চাইতেন। কোন্টা কিরকম

কলে আরো ভালো হয় ছ বন্ধুতে নিলে বলাকওয়া করতুম। সেই সময়ে দেখেছি তাঁর ডুইং। ভারি স্থানর। ভারভবর্ষের নানা জায়গা ঘ্রেছেন; উদয়পুর জয়পুরের কতকগুলি রস্কচ করেছেন, লোভ হত ছ্-একগানির উপর। অনেক সাহেব এ দেশের স্লেচ করেছেন, লোভ হত ছ্-একগানির উপর। অনেক সাহেব এ দেশের স্লেচ করেছে, ছাপিয়েছেও ছ্-একগা; কিন্তু ভাদের কেচগুলিতে কেমন যেন বিদেশের ছাপ থাকত, আর থর্ন্টনের আালবাম যেন ভারতবর্ষের হবছ ছবি। মারো মারে তাঁর ফ্লাটেও হেতুম; তেতলার ফ্লাট, গোল দিঁভি দিয়ে ঘ্রে ঘ্রে উপরে উঠে চাপরাসিকে জিজ্ঞেদ করতুম, 'দাহেব আছেন p' চাপরাদি উত্তর দিতে না-দিতেই ও দিক থেকে ঢিলেচালা পাজামাপরে সাহেব এদে উপস্থিত হতেন; তার পর ছ্গনে বদে কত গল্ল, কত হাসি, কত মজাই না করতুম। প্রাণখোলা হাসি ছিল তাঁর। তাঁদের আট ক্লাব তেওে গেলে পর ক্লাবের বোর্ড আলমারি আমাকে তিনি দিয়েছিলেন। বললেন, কিনী হবে আর এ-সব দিয়ে, তুমিই নিয়ে যাও, কাজে লাগবে।'

আমাদের আর্ট সোনাইটির উনি একজন বজো উৎসাহী সভা ভিলেন। তাই নয়, বড়ো খদেরও ছিলেন। নন্দলালের অনেক ছবি উনি কিনেছেন। একবার নন্দলালের 'সভী' ছবিখানি কিনেছেন। সে সময়ে আমরা ঠিক করি. ভালো ভালে। ছবিগুলি ছাপিয়ে বাজারে ছড়িয়ে দেব। করিয়েওছিলুম কিছু, খুব ভালো হয়েছিল। তা সেই 'সতী' ছবিখানি ও আর থানকয়েক ছবি, ভালো করে প্যাক করে ভাপানে পাঠানো হল ছাপাবার জন্ম। ওকাকুরা, টাইকান, ওঁরা ব্যবস্থা করে দিলেন। ভালো কোম্পানিতে ছবিগুলি ছাপা হয়ে কিছুকাল বাদে তা ফেরত এল। থর্ন টনের 'দতী'ও এল। তিনি ছবির প্যাক খুলে ছবিটি বের করে দেখেন, ছবি আর চিনতেই পারেন না। খবর পাঠালেন শ্লিগগির এদো, কাণ্ড হয়ে গেছে, দভী কিরকম বদলে গেছে। দেই আগের সতী আর নেই।' ভাড়াভাড়ি গেলুম। কী ব্যাপার ? গিয়ে দেখি, ভাই ভো, মনে হয় আগুনে পুড়ে দতীর গায়ের রঙ ধেন ছাই হয়ে গেছে। রুণো পুরোনো হয়ে গেলে ধেমন হয় তেমনটি। সাহেব বললেন, 'এ কেমন হল ?' বললুম, 'রঙ বিগড়ে গেছে। কেন গেছে তা কী করে বলব বলো?' সাহেব বললেন, 'अ नाताता यात ना १' वनन्य, 'ना, अ आंत्र मख्य नग्नी नाट्यत्व यन थातान, তাঁর দতীর এমন দশা হয়ে গেল ৷ তথনকার ছবি আমরাই বেশির ভাগ কিনে রাথতুম। সতীটির উপর খুব লোভ ছিল। সাহেব কিনে নিলে, কী আর

করি। বলনুম, 'তুমি যদি এই ছবিটি না রাথ তবে আমার দিয়ে দাও, তার বদলে অন্ত ছবি নাও।' সাহেব বললেন, 'তবে তোমার ছবি দিতে হবে আমার।' বলনুম, 'তা বেশ। পছন্দ করো কোন্টি নেবে।' শেষে সাহেব প্তরন্ধন্বে দারার মৃপ্ত দেখছেন যে ছবিটি ও আর-একটি ছবি এই ত্থানির বদলে 'দতী'টি আমার ফেরত দিলেন।

বাড়ি নিষে এলুম দতীর ছবি। মনে মনে ভাবছি কী উপায় করা যায় এর। ভাবতে ভাবতে মনে পড়ল একটা কোনো বইয়ে পড়েছিল্ম খোলা হাওয়াআলোতে রাখলে কতকগুলো রঙের জল্দ ফিরে আদে। ভাবল্ম, কী জানি,
জিন্ধ দিয়ে মুড়ে পাঠিয়েছিল ছবি, জিল্পের গরমে ও জাহাজের গুমটে মিলে
কেমিকাল ক্রিয়ায় হয়তো রঙ বদলে গিয়ে থাকবে। বাড়িতে এদে ছবিখানি
আমার শোবার খবে জানলার পাশটিতে টাঙিয়ে রাখল্ম। পুবের আলো এদে
পড়ে তাতে রোজ। রইল তো সেখানেই। কিছুফিন বাদে একদিন দেখি, সতীর
রঙ কিরে গেছে, সেই আগের রঙ এদে লেগেছে গায়ে, আলো দিয়ে খেনধুইয়ে দিয়েছে তার পোড়া রঙ। বাং বাং, এ তো বড়ো মজা। উভ্রমকে ডেকে
এনে দেখাই, র্থন্টনকে ডেকে এনে দেখাই। তাঁরাও দেখে অবাক। থর্ন্টনকে
বলল্ম, 'কী, লোভ হচ্ছে নাকি? কিন্তু পাবে না আর ফিরে। আমার কাছে
এদে সভীদেহের রঙ ফিরে এল, আর কি দিই তোমার হাতে তুলে?'
সাহেব শুনে হাদেন; বলেন, 'না, এ তোমারই থাক্।'

থর্ন টেনের মতো অমন বন্ধু হয় নি আর আমার। তাঁরই চাপরাদিকে দিয়েছিলেন আমার কাছে ছবি আঁকা শিবতে। বলি নি সে গল্ল ব্ঝি ? একবার সাবেব বাবেন দেশে, চাপরাদিকে দিয়ে গেলেন আমার কাছে। বললেন, 'এর ছবি আঁকার হাত আছে, একে তুমি ছবি আঁকা শেখাও; থরচপত্তর যা লাগে তা আমি দেব।' সাহেব চলে গেলেন দেশে; পরদিন চাপরাদি এল আমার আটস্কলে। সাহেবেরই একটা লাল নীল পেনদিল দিয়ে দ্রামগাড়ি, কলকাতার রাত্যা, এই-সব আঁকত অবসর সময়ে। বদিয়ে দিলুম তাকে নক্লালের সদে। তাদের বলল্ম, 'এও একজন ছারে, একে বেন অবজ্ঞা কোরো না। এখানে সবার আসন সমান।' চাপরাদি গাড়িয়ে আছে এক পাশে; বলল্ম, 'বোস্ তুই এখানে এই বেঞ্চিত।' দে কেবলই কাঁচ্মাচু করে; কিছুতেই বসতে চায় না। তাকে ভালো ভাবে বসাতেই আমার লাগল বেশ কিছুদিন। রোজই দে আদে,

ছবি আঁকে। কী আর তেমন আঁকবে এই কয় দিনে, তবু হাত তার ধীরে ধীরে বেশ পাকা হয়ে আদছিল। সাহেব দেশ থেকে দিরে এলেন, চাপরাদি আবার তার কাছে যোগ দিলে। একদিন সাহেব এনে বললেন, 'তুমি আমার চাপরাদির করেছ কী ? ছবি আঁকার কথা ছেড়ে দাও, লোকটা একেবারে বদলে গেছে। তার শিষ্টতা আচারব্যবহার কথাবার্তা আমাকে মৃশ্ব করছে। আগের সেই চাপরাদি আর নেই, তুমি আগাগোড়া লোকটাকে অমন করে বদলে দিলে কীকরে ?' বললুম, 'আর কিছু নয়, আমি ভবু ওকে বদতে শিথিমেছিলুম।'

সে দময়ে বাংলাদেশের যত জমিদার মিলে একটা সোদাইটি হয়, নাম -ল্যাওহোন্ডার্স অ্যানোসিয়েশন। সিংহমহাশয় সভাপতি। উড়রফ আর রাণ্টও জুটলেন সে সময়ে। স্থারেন কোমর বেঁধে কাজ করে তাতে। স্থারেনের মাথায়ই থেলল প্রথমে একটা ছবির একজিবিশন করতে হবে। আমার যা কথানা ছবি ছিল, ওকাকুরা এনেছিলেন দঙ্গে কিছু জাপানি প্রিণ্ট, আর এখান-ওগান থেকে কুড়িয়ে বাড়িয়ে জোগাড় করলে আরো কথানা ছবি। তাই নিয়ে সে তৈরি। একটা মন্ত বাড়ি ছিল ল্যাওহোন্ডার্স অ্যাসোদিয়েশনের; নীচের তলায় বিলিয়ার্ড কম, পড়বার ঘর, উপরে ব্যবস্থা আছে কোনো সভ্য দূর থেকে এলে থাকতে পারে দেখানে। স্লরেন চাইলে দেই বিলিয়ার্ড-ক্রমেই একজিবিশন হবে। দিংহমশায় বললেন, 'ছবির আমি বৃঝি নে কিছুই; তবে চাইছ ঘর একুজিবিশন সাজাতে, তা, নাও।' সেই বিলিয়ার্ড-ক্রমেই ছবি সব সাজানো হল। বেশ লোক-জন আগত দেখতে: আমাদেরও ভালো লাগত, ইচ্ছে ছিল আরো কয়েকদিন ্চলে এমনি। এদিকে ছোকরা ব্যারিস্টার ছিলেন অনেক দেই অ্যানোসিয়েশনে, নতুন বিলেডফেরত। তাঁরা রোজ সম্বেগ্ন আদেন, বিলিয়ার্ড থেলেন, বিজ -থেলার আড্ডা জমান, তাঁদের হল মহা অহাবিধে। কদিন যেতে না-যেতেই তাঁরা লাগলেন গল গল করতে, 'ঘর আটকে রাখা হয়েছে।' গল্গলানি ভনতে পেয়ে ভাড়াতাড়ি ছবি-টবি নামিয়ে নিলম দেয়াল থেকে। দেই এক্জিবিশনে উড রছ, ব্লাণ্ট, এ দের সঙ্গে আলাপ জমল। সেই হল প্রথম আমাদের ছবির একজিবিশন। তার ছু-তিন বছর পরে হ্যাতেল চাইলেন তাঁদের মেই ছোট আর্ট ক্লাবটা ভালো করে তৈরি করতে। কমিটি গঠন হল, আমরা ভাতে যোগ দিলম। লাওতোভার্দদেরও কেউ কেউ এলেন। উত্তরপাড়ার রাজা পাারীমোহনও এলেন। লর্ড কিচনার সভাপতি, আমাকে হ্যাভেল বলেন

সম্পাদক হতে। আমি বলি, 'ও-সব হিসেব-নিকেশে আমি নেই। পারি নে-কোনোকালে।' কিছুতেই ছাড়েন না, শেষে যুগ্ম-সম্পাদক হই। জান ? বেশ কিছুকাল আমি লর্ড কিচনারের সম্পাদকগিরি করেছি[°]। একবার এক পার্টি निल्लन दलाउँ छेडेलियारम । **এখানে भाजी, এখানে भाजी, वन्द्रक** छैठित्य नाँ फित्य । দেখে তো বুক আঁতকে আঁতকে ওঠে। রাস্তাও কিরকমের; গাড়ি ঘুরে ঘুরে পৌছল দোতলায় না তেতলায় ঠিক ওঁর ঘরটির সামনে। নানারকম জিনিসের সংগ্রহ ছিল তাঁর। প্রায়ই যেতে হত সেথানে। এখন সেই পার্টিতে এসেছেন অনেকেই নিমন্ত্রিত হয়ে। এক রাজা বন্ধ ধরলেন, 'আমায় লর্ড কিচনারের দঙ্গে-আলাপ করিয়ে দিতে হবে।' সাহেব দেখি তথন মেমের সঙ্গে গল্পে মশগুল এক ফুলবাগানে। ভাবভঙ্গি দেখেই মনে হচ্ছে, বেশ জমে উঠেছে। ভাবলুম, দরকার নেই বাপু এখন গিয়ে, কী জানি মিলিটারি মেজাজ, দেবে হয়তো এখনি-মাথাটা গুঁড়িয়ে। রাজ-বন্ধু এ দিক থেকে কেবল থোঁচাচ্ছেনই। কী করি, এক-পা ছ-পা করে এগিয়ে গেলুম খানিকটা। সাহেব কথার ফাঁকে একবার পিছনে তাকিয়েছেন কি, রাজাকে ঠেলে দিলুম; বললুম, 'ইনি হচ্ছেন রাজা অমৃক।' সাহেব হাত ঝাঁকুনি দিয়ে হাাওংশক করে বললেন, 'Well Tagore, take him upstairs and show him my collection, please i' রাজাকে নিয়ে চলে গেলম সেখান থেকে। রাজা তো খুর খুশি ওইটুকু হ্যাওশেক করতে পেয়েই। যাক সে কথা। এখন এই সোদাইটির নাম কী দেওয়া যায় १ কেউ কেউ প্রতাব করলেন, 'ওরিয়েণ্টাল আর্ট দোদাইটি'। আমি বললুম, 'না, নাম ट्रांक देखियांन मार्गादेष व्यव अतिरायणांन व्याप्त । अध वांकांन नय, ছই সম্প্রবায় মিলল এতে। দাবাও ছিলেন। অনেকে স্বায়ী সভ্য হলেন। পার্ক খ্রীটে বাড়ি ভাড়া নেওয়া হল, আর্টিস্টরা কাজ করবে দেখানে ; কেউ যদি ইচ্ছে করে থাকতেও পারে, এমন ব্যবস্থা রইল। আর্টস্থলের মন্ত হলে তু-তিনটে ছবির একজিবিশন হল। উড রক তার জাণানি প্রিণ্টের কলেকশুন দিলেন। গেদিকিং বলে এক মেম সব ঋতুর ফুল এঁকেছিলেন দেশী ধরনে, তাও একবার দেখানে। হল। দেখতে দেখতে আমাদের দোদাইটি খুব জমে উঠল। মার্চেট কমিউনিটি, দিভিলিয়ান কমিউনিটি, লাট-বেলাট জ্জ-ন্যাজিস্টেট রাজারাজডা সবাই তাতে যোগ দিয়েছেন। সবাই কিছু-না-কিছু করছেন। উড রফ ক্যাটালগ লিখতেন। তথনকার ক্যাটালগ দাহি ও ছিল বলনেই হয়। প্রতি ছবির নীচে গল্প থাকত; আমার ইংরেজি বিজেম্ব কুলোত না, ভাগ্রা ভাগ্রা ইংরেজিতে কোনো-রকম লিথে দিতুম। উভ্রফ তা থেকে ভালো করে লিথতেন।

দেখাদেখি অন্ত আর্টিন্টরা ঠিক করলেন, তাঁরা নিজেরা একটা সোসাইটি করবেন। হরিনারায়ণ বস্তু ছিলেন আর্টস্থলের ভাইস-প্রিন্সিপাল, বরদাকাস্ত দত্ত সেকেও মান্টার, মূমুও চক্রবর্তী, দিনি বউবাজারের আর্টস্থল প্রথম শুক্ষ করেন, এই কয়জন মিলে ঠিক করলেন একটা সভা করে সব ব্যবস্থা করতে হবে। কোধায় সভা হবে। আমাকেও তাঁদের দলে টানবার ইচ্ছে; ঠিক হয় আমাদের বাড়িভেই সভা বসবে। সভার সব ঠিক, খাওয়াদাওয়ারও কিছু ব্যবস্থা করা গিয়েছিল। এখন সেই সভার মধ্যেই কে কী কাজ করবে এই নিয়ে মহা ভর্কাভিকি; শেষ পর্যন্ত প্রায় তুমূল ব্যাপার। এ বলেন, 'আমি কেন প্রেসিডেন্ট হব', উনি বলেন, 'অমুক থাকতে ও কাজের ভার আমার উপর কেন', ইত্যাদি। হল না আর শেষ পর্যন্ত কিছুই, ওখানেই থেমে যেতে হল স্বাইকে। আমি বললুম, 'গুক্তভেই যথন এইরকম মারামারি তথন আমি বাপু এর মধ্যে নেই।' গেল ভেঙে সব স্থীম।

আমরা যে সোদাইটি করেছিল্ম দে ছিল একেবারে অহ্ন রকমের। আমরা করেছিল্ম এমন একটা সোদাইটি যেখানে দেশী বিদেশী নির্বিশ্যে একত্র হয়ে আর্টের উন্নতির জহ্ম ভাববে; শুধু ভারতীয় নয়, প্রাচ্য শিল্পের দর জিনিস দেখানো হবে লোকদের। তাতে এমন ব্যবস্থাও ছিল, যার যা ব্যক্তিগত শিল্প-বস্তুর সংগ্রহ ছিল তাও দেখানো হত। মাঝে মাঝে এক-একজনের বাড়িতে পার্টি জমত। সভ্য সবাই আদত; আমোদ-আফ্লাদ, থাওয়াদাওয়া, আর্ট স্বন্ধে আলোচনা, দবই হত। উত্রক পান পর্যন্ত দিতেন তার বাড়িতে যথন পার্টি হত। পান, ফুলের মালাও চল হয়ে গিয়েছিল সাহেববাড়িতে সেই সময়ে। তা ছাড়া যে দেশে যা-কিছু স্ক্রর পাওয়া বায় এনে সাজিয়ে দিতুম এক্জিবিশন ক'রে। সে-সব এক্জিবিশনও হত এক বিরাট ব্যাপার। কাচের বাদন, কার্পেট, যেখানকার যা-কিছু ভালো ভালো পুতুল, গয়না, ছবি, কিছু বাদ পড়ত না। সব বাছাই বাছাই জিনিস, যা-তা হলে আবার হবে না।

একবার এমনি এক বিরাট বাধিক এক্জিবিশনের আয়োজন হচ্ছে। উভ্রফ বললেন, 'এবারে ভারতবর্ষের দব জায়গায় জিনিদ জোগাড় করতে হবে।' তিন মাদ আগে থেকে জায়গায় জায়গায় চিঠি লিখে দেওয়া হল; কোথাও

আমাদের লোক গেল জিনিদ সংগ্রহ করতে: কোথাও-বা টাকা পাঠানো হল. পার্নেল করে যে-দব জিনিদ আসবে তার থরচা বাবদ। কিছদিন বাদেই নানা ভাষগা থেকে ছোটো বডো হালকা ভারী প্যাকিং বাক্স আদতে লাগল। দে কী উৎসাহ আমাদের বাক্স থোলার। আমাদের চতুদিকে সাজানো পাাকিং বাল্ল ঠাদা, এক-একটা করে খোলা হচ্ছে। দিল্লি থেকে এদেছে স্থানর স্থানর পটারি; কাশ্মীর থেকে নানারক্ম শাল, হাতের কাজ- তার ্মধ্যে একটা প্রোনো পেপার্ম্যাদের উপর কাজ-করা দোয়াতদানি ছিল বড়ো স্থানর, এখন মনে পড়ে; বড়ো বড়ো কার্পেট, কেষ্টনগরের পুতৃত্ব; বোম্বে থেকে ভীষণ দ্ব ছবি; লক্ষ্ণৌর তাদ— বাদশা-বেগমের মিনিয়েচার আঁকা— বেগম-্বাদশারা খেলত ; উড়িয়ার পট ; আর, গঞ্জাম থেকে এল তিনটি হাতির দাঁতের মতি- একটি কুর্ম অবভার; একটি রাধাক্তফের বিহার, স্বাইকে দেখবার মতো নয়; কিন্তুকী চমৎকার মূতি, পাকা হাতের কাজ। উভ্রক দেখেই বললেন, 'এইরকম আমার একটি চাই। তুমি,ষে করেই হোক আমায় এই মৃতিটি করিয়ে দাও, যত টাকা লাগে ভাবনা নেই। ' ছেকে পাঠালুম আচারি মান্টারকে. -চমৎকার কাঠের কাজ করত দে। তাকে বলল্ম, 'ভালো চন্দনকাঠে তুমি এর ছটি নকল করে দাও।' সে কয়েক দিনের মধ্যেই ছটি মৃতি কেটে নিয়ে এল, ঠিক তবত দেই মৃতিটি কপি করে ছেড়ে দিয়েছে। তার একটি উভ রফকে দিলুম, একটি আমি নিলুম। আর একটি মৃতি, সেটি ক্ষের। আধহাতমত উচ্ ্মতিটি, বাঁশিটি ধরে আছেন মুখের কাছে; দে কী ভাব, কী ভঙ্গি, কী বলব ভোমার, মৃতিটি দেখে আমি অবাক। অন্তত মৃতি, আইভরির রঙটি পুরোনো হয়ে দেখাছে যেন পাকা দোনা। সেই মৃতিটি দেখেই কেন জানি না আমার মনে হল, এর নিশ্চয়ই জুড়ি আছে। এমন স্থন্দর ক্ষের রাধা না থেকে পারে কথনো? নিশ্চয়ই এই যুগলমূতির পুজো হত এক কালে। সেই জোড়ভাঙা রাধাকে আমার চাই। গঞ্জাম থেকে যে বন্ধু এই মৃতিগুলি পাঠিয়েছিলেন তাঁকে লিখলুম। তিনি জানালেন, বছকালের মৃতিটি, অনেক খোঁজ করে পেয়েছেন, কিন্তু রাধার সন্ধান জানেন না। যাক, একজিবিশান তো ইয়ে গেল। কিন্তু মনের খটকা আর যায় না, যাকে পাই থোঁজ নিই। দিল্লির দরবারেও এই মৃতি তিনটির এক্জিবিশন হয়েছিল; ক্যাটালগে ছবি আছে। স্বাইকে দেই ছবি ্দেখাই আর বলি, 'এর রাধার দন্ধান পেলে আমায় জানাবে।'

গিরিধারী ওড়িয়া কারিগর এল সোদাইটিতে কাজ করতে। তার প্রাপিতামহও খ্ব বড়ো কারিগর ছিল। তার তৈরি তিনটি কাঠের দবী আছে আমার কাছে, অতি ফুলর। গিরিধারী বলত, তার প্রাপিতামহ নাকি পুতুলে প্রাণ প্রতিষ্ঠা করতে পারত। সে একটা উৎসব-অহস্ঠানের ব্যাপার ছিল। গিরিধারীর মুথে শুনেছি, দে তথন ছোটো, কাছে যাবার হুকুম ছিল না কিন্তু দেগছে সেই উৎসবের তোড়জোড়। একবার নাকি পুরীর রাজার শথ হয়: তিনি বলেন, 'আমি দেখতে চাই পুতুল নিজে নিজে এদে জগনাথকে প্রণাম করবে।' গিরিধারীর প্রাপিতামহ দেই পুতুল তৈরি করেছিলেন। পুতুল নিয়ে গেল জগনাথের মন্দিরের কাছে, রাজাও এলেন। কারিগর সেথানে পুতৃলকে ছেড়ে দিলে, পুতুল টক্টক করে সিঁড়ি বেয়ে উপরে উঠে জগনাথকে প্রণাম করে ফিরে এল দেখে সকলে অবাক, রাজা বছ টাকা পুরস্কার দিলেন কারিগরকে। দেই গিরিধারীকে বলি; যত ভিলার ছিল আমাদের নানা জারগা থেকে আটিণ্টিক জিনিস এনে দিত, তাদের বলি। কেউ আর হারানো রাধার সকান

মাতাপ্রসাদ নামে আমার আর-একজন লক্ষ্ণের ভিলার ছিল; তার কাছে যেটা চাইতুম কিরকম করে হাতে এনে দিত। তাকেও বলে রেথেছিলুম আমার ওই রাধিক। চাই। বহুদিন পরে দে একদিন এল নানারকম জিনিদপত্তর নিয়ে। বদে আছি বারান্দায়; থলি থেকে একট একট জিনিদ বের ক'রে আমার হাতে দিছে। দেথে কোনোটা রাধব বলে পাশে রাথছি, কোনোটা কেরত দিছি। সবশেষে দে বের করলে একট আইভরির পুরোনো মৃতি, লক্ষ্ণে থেকে এটি দে লংগ্রহ করেছে। বললে, 'ভাঙা মৃতি পছন্দ হবে কি না আপনার জানি নে।' ব'লে দেটি আমার হাতে দিলে, মৃতিটি হাতে নিয়ে আমার তো বৃক ধড়াস্ ধড়াস্ করতে লাগল। এ যে আমার দেই রাধিকা! এতদিন যাকে খুঁজে বেড়াছি। মৃথ দিয়ে আমার আর কথা সরছে না। রাধিকার যে হাতে পদ্ম ধরে আছে দেই হাতটি আছে অন্ত হাতটি ভাঙা। হাত দিরতে দিরতে হাত ভেঙে গেছে, বা যারা পুঁজা করত তারাই ফেলে দিয়েছিল হাত ভেঙে খাওয়াতে, কী জানি। ভিলার যা দাম চাইলে তাকে দিয়ে ঘরে উঠে এলুম। তথনি একজন ভালো কাঠের মিন্তি ডাকিয়ে আমার রাধার জন্ত একহাত উটু

ভিতরে রাধাকে রেথে, আমি খেন ঘ্রিয়ে ফিরিয়ে তাকে দেখতে পারি।
মন্দিরের নীচে একটা চাবি থাকবে, দেটা ঘোরালেই আমার রাধা বুরে ফিরে
দাঁড়াবে।' দে এনে দিলে চমৎকার একটি কাঠের মন্দির তৈরি করে। তাতে
রাধিকাকে প্রতিষ্ঠা করে অলকের মার হাতে দিল্ম; বলন্ম, 'রেথে দাও একে
যত্তে তুলে।' তিনি মন্দিরস্ক রাধাকে অতিযত্তে তুলে রাখলেন তাঁর কাপড়ের
আলমারিতে। মাঝে মাঝে শথ হয়, বের করে দেখি, কেউ এলে দেখাই,
আবার রেথে দিই।

তার পর অনেক বছর কেটে গেছে। বছদিন রাধাকে দেখি নি, মনেও ছিল না তেমন। দেদিন মিলাডা এসেছে। তার সঙ্গে কথায় কথায় মনে পুড়ল আমার রাধিকার কথা। মিলাডা কেবল ভিনাস ভিনাস করে, ভাবলুম দিই একবার তার দর্প চূর্ণ করে। বীরুকে ডেকে বললুম, 'আন তো বীরু, আমার রাধিকাকে একবার।' বীফ ভিতরে গিয়ে বললে পাঞ্লকে। পাঞ্ল থুঁজে পায় না কোথাও দেই মন্দিরটি। তনে আমি নিজে গেলুম ভিতরে; বললুম, 'দেকি কথা, রাধিকা যাবে কোথায় ? আমি নিজে রেখেছি এই আলমারিতে, দেখো ভালো করে।' মনে মনে ভয় হল, কেউ নিয়ে যায় নি তো। ভাবতেই বুকটা ধড় ফড় করে উঠল। অলকের মার অহুথ, কথা দব ভূলে যান; তাঁকে জিজেদ করি। তিনি বলেন, 'দেখো খুঁজে, ওখানেই তো রেখেছিল্ম।' চাকি নিয়ে পাঞ্জ আলমারি খুলে তচ্নচ্ করলে; কোথাও নেই মন্দিরটি। পাঞ্জ নীচের তাক থেকে বের করলে কাঠের বাক্স থেকে একটি জাভানীল কাঠের পুতুল। মাদাম টোন একবার এনেছিলেন জাভার নানারকম সব জিনিস, 'বিচিত্রা হলে' ভার প্রদর্শনী হয়। ভার মধ্যে হটি পুতুল ছিল; রাজকুমারী আর ভার স্থী। দাদা কিনলেন রাজক্তাটি, আমি কিনলুম স্থীটি। দেও ভারি সম্মর: লাল শাড়িটি পরা, থোঁপাটি বাঁধা, তাতে ফুল গোঁজা। পারুল সেইটি হাতে নিয়ে বললে, 'এইটেই কি ।' আমি বললুম, 'আরে না। এ হল রানীর দাদী। রাধিকা হল রানী, তার কেন এমন চেহারা, এমন সাজদজ্জা হবে। থোজো, থোজো, নামাও দব কাণড়চোপড় জিনিদপত্তর আলমারি থেকে। এখানেই আছে, ধাবে কোথায়।' জিনিসপত্র দব নামানো হল। না, কোথাও নেই সেই রাধিকা। হাত দিয়ে হাততে হাততে থাকগুলি সব দেখি। কপাল দিয়ে আমার ঘাম বারতে লাগল। শেষে, এক কোনায় একটি বেশ বড়েঃ

পার্শিরান কাচের বোল ছিল, সেইটি ষেই সরিয়েছি দেখি রাধিকার মন্দির। চেচিয়ে উঠন্ম, 'ওরে পেয়েছি রে, পেয়েছি! দেখ দেখ, এই তো আমার রাধিকা ঠিক তেমনি আছে।'

অতি যতে রাখতে গিয়ে, আমি কি অলকের মা রেখেছিলম ওটি কাচের . বোলের পিছনে লুকিয়ে— মনে নেই কারোই। যাক, পাওয়া তো গেল, পাকলকে বলল্ম, 'এবারে জেনে রাখে। ভালো করে, আর যেন না হারায়।' তার পর এলুম বারান্দায়। যে চেয়ারে বদে পুতুল গড়তুম দেখেছ তো দেটি ? ভাতে হেলান দিয়ে বদে মন্দিরটি হাভে নিয়ে বললুম, 'এবারে ডাকো মিলাডাকে।' মিলাডা এল। বললুম, 'কী তুমি ভিনাস ভিনাস করো। দেখো একবার, তোমাদের ভিনাস থক মেরে যাবে এর কাছে।' বলে এক হাতে ধরে আর হাতে মন্দিরের দরজাটি খুলে দিলুম। মিলাডা দেখে একেবারে থ। আমি মিলাডার মুথের দিকে একবার করে তাকাই আর নীচের চাবি ঘোরাই. সঙ্গে সাধিকা ও ঘুরে ফিরে দাঁড়ায়। তাকে সামনে থেকে দেখালুম, পিছন থেকে দেখালুম। বে হাতে পদ্মটি ধরে আছে দে দিক থেকে দেখালুম, অন্ত হাতটিও ঘোরালুম, বললুম, 'দেখো, সব দেখো। তোমাদের ভিনাসেরও হাত নেই; কোন হাতে কী ছিল কেউ জানলও না কোনোদিন: আর আমারও রাধিকার হাত নেই। তবে এক হাতে পদ্ম আছে এটা তো জানতে পার। এ তেমনি আমার খণ্ডিরাধিকে।

খণ্ডিরানীর গল্প জান? পুরীর রাজাকে বলে চলস্ত বিক্রু, রাজা রথে হাত দিলে তবে রথ চলে। বহুকাল আগে, একবার রথমান্ত্রা হবে, জগলাথ রথে চড়ে মাসির বাড়ি যাবেন। রাজা চলেছেন রথের আগে আগে, চামর করতে করতে। চার দিকে লোকে লোকারণ্য; রথের দড়ি টানবার জন্ত ভীর্থমান্ত্রীদের ভাড়াহুড়ো ঠেলাঠেলি; কেউ কেউ পড়ে মাছে ভিড়ের চাপে। দেখেছ রথমান্ত্রা কথনো? এথন, রথ চলেছে ভিড় ঠেলে। রাজা দেখেন পথের পাশে এক পরমান্ত্রনরী ভিথারিনী বসে ছেড়া ময়লা একথানি শাড়ি পরে। রূপ দেখেরাজা গেলেন মোহিত হয়ে। বাড়ি ফিরে এনে রাজা আনালেন সেই ভিথারিনীকে; আনিয়ে রানী করলেন তাকে। সেই রানীর ছিল এক হাত কটো, লোকে বলত তাকে খণ্ডিরানী। আমি মথন পুরীতে যাই তথনো সেই

থণ্ডিরানী বেঁচে; বৃড়ি হয়ে গিয়েছিল। পাশ দিয়ে বেতে পাণ্ডারা দেখাত এই থণ্ডিরানীর বাড়ি! চলস্ক বিফ্র খণ্ডিরানী কালে কালে বৃড়ি হয়ে গেল। কিন্তু আমার খণ্ডিরাধা? কালে কালে তার রূপ খুলছেই।

30

ধ্যানধারণা, পুজো-আর্চা, দে আমি কোনোদিন করি নে। বড়দিকে দেশতুম, মুদোরি পাহাড়ে শাশি বন্ধ করে বদেছেন, কুটনো বাটনা করাচ্ছেন আর বদে বদে মালা টপকাচ্ছেন; আবার রাস্তা দিয়ে কেউ গেলে ডেকে তার থোঁ লখবর ও নিচ্ছেন। আমি সকালবেলা উঠে বেরিয়ে ফিরতুম। কতদিন তিনি আমায় তাড়া লাগাতেন, 'বদে ভগবানের নাম করবে থানিক, তা নয়, কোথায় বুরে বুরে বেড়াচ্ছ দকাল থেকে ?' হেদে বলতুম, 'ও বড়দি, এ দিকে বে কত মজার মজার জিনিদ দব দেখে এলুম আমি। কেমন স্থানর পাথিটি ঝোণের ধারে বদে ছিল, বরে বদে নাম জপলে কি দেখতে পেতুম তা ?' উলটে বড়দি মালা টপকাতে টপকাতে আরো থানিকটা বকুনি দিয়ে চলতেন।

धानधातमा किन कित त जान १ वक्वा की दल विन । वधन जात जा जाकातर त जाया त जिल कि त जान हूँ एउ निहें त । विन, 'उ जायात ठिंक जाए । जात या कतर ए द करता, जिलात हां जिल्ड पांतर ना।' जा, त्रहेवात रक्षां अ कतर ए द करता, जिलात हां जिल्ड पांतर ना।' जा, त्रहेवात रक्षां अ कि हां ने हीं पांतर ना।' जा, त्रहेवात रक्षां अ कि हां ने हीं पांतर के यह ना हों कि एक क्वर उत्तर क्वा अ विव र वि प्राप्त जाति हीं कि एक वि । जिल ने ने ने वि प्राप्त के कि एक ने ने कि एक ने ने कि एक ने कि

একই দিনে তিনটে মরফিয়া ইনজেকশন! তাঁরা বলেন, যে চ ডোজ মরফিয়া দেওয়া হয়েছে ভাতে যে হাতিরও ঘুমিয়ে পড়বার কথা। যাই হোক, আর-একটাও তাঁরা দিলেন,। বললেন, 'এতেই যা হবার হবে, আর চলবে না।' এই বলেই তাঁরা চলে গেলেন দে রান্তিরের মতো। আমি ঘর থেকে দ্বাইকে বের করে দিলুম। বললুম, 'সবাই চলে যাও এ ঘর ছেড়ে, আমি আজ একলা থাকব।' রাতও হয়েছিল অনেক, কণিনের উৎকণ্ঠায় ক্লান্তিতে যে যার ঘরে শোবামাত্রই ঘূমিয়ে পড়েছে। সমস্ত বাড়ি নিস্তর। আমি বিছানায় শুয়ে আছি বড়ো বড়ো করে হু চোধ মেলে— যুমই আসছে না তা চোধ বুছব কী? চেয়ে চেয়ে দেখছি, একটু একটু মরফিয়ার ক্রিয়া চলছে। দেখি কী. আমার চারি দিকের মশারিটা কেমন যেন কাঁপতে কাঁপতে সরে গেল, দেয়ালও তাই। উম্বনের উপর দেখ না হাওয়া গরম হয়ে কেমন কাঁপতে থাকে ? তুপুরে মাঠের মাবোও দেইরকম দেখা যায়, মরীচিকা। দেই মরীচিকার মতো দেওয়ালগুলো কাঁপতে চোথের দামনে। মনে হতে লাগল যেন ইচ্ছে করলেই তার ভিতর দিয়ে গলে থেতে পারি। এই হতে হতে রাত্রি প্রায় ভোর হয়ে এদেছে। চেয়েই আছি, হঠাৎ দেখি একথানি হাত- মার হাতথানি মশারির উপর থেকে নেমে এল। দেখেই চিনেছি, অসাড হয়ে পড়ে আছি। মনে হল মা যেন বলছেন, 'কোথায় ব্যথা ? এইখানে ?' ব'লে হাতটি এনে টক্ করে লাগল ঠিক বুকের দেইখানটিতে। সমস্ত শরীরটা যেন চমকে উঠল; ভালো করে চার দিকে ভাকালুম, কেউ কোথাও নেই। ব্যথা ? নড়ে চড়ে দেখি ভাত মেই। অসাড় হয়ে শুয়েছিলুম, নড়বার শক্তিটুকুও ছিল না একটু আগে; দেই আমি বিছানায় উঠে বদলুম। কী বলব, নিজের মনেই কেমন অবাক नागन।

বিছানা ছেড়ে ধীরে ধীরে বাইরে এলুম দিব্যি মাহব, অহথের কোনো
চিহ্ন নেই। দোরগোড়ায় চাকর ভয়ে ছিল, সে ধড়্মড়্ করে উঠে এগিয়ে
এল। বললুম, কাউকে ডাকিস নে। চুপচাপ একটু ঠাণ্ডা জল দে দেখিনি
আমার হাতে।' সে ঠাণ্ডা জল এনে দিলে, আমি তা ভালো করে মুখে মাথায়
দিয়ে বেশ ঠাণ্ডা হয়ে চাকরকে বললুম, 'যা, এবারে আমার জল্পে এক পেয়ালা
চা, পুরু করে মাথন দিয়ে ত্থানি পাউন্ট টোস্ট, তৈরি করে বাইরে বারান্দায়
রেখানে বংদ আমি ছবি আঁকি সেখানে এনে দে। আর দেখ, তামাকও

সেজে আনবি ভালো করে! চাকর নিয়ে এল। গরম গরম চা কটি থেরে গড়গড়ার নলটি মূথে দিয়ে আরাম করে টানতে লাগলুম। তথন পাঁচটা বেজেছে, দাদা তেওলার দি ভিতে দাঁভিয়ে আমায় বারান্দায় বলে থাকতে দেখে অবাক। বললেন, 'এ কি, তুমি যে বাইরে এসে বসেছ !' বললুম, 'ভালো হয়ে গেছি দাদা।' নেলি, করুণা, অলকের মা, তারা উঠে দেখে বিছানায় কুগি নেই, গেল কোথায় ? এঘরে ওঘরে খোঁজাখাঁজি করে বারান্দায় এসে সকলে টেচামেচি, 'কখন তমি আবার বাইরে উঠে এলে, একটও জানতে পারি নি।' বললুম, 'জানবে কী করে, আমি যে ভালো হয়ে গেছি একেবারে। আর তোমরা ভেবো না মিছে।' বলতে বলতেই মহেন্দ্রবার ডাক্তার এদে উপস্থিত। আমায় বারান্দায় দেখেই থমকে দাঁড়ালেন। বললুম, 'আর আপনাদের দরকার নেই।' মহেন্দ্রবাব হেসে বললেন, 'ভালো কথা, সেরে উঠেছেন তা হলে ? খাওয়ালাওয়া কী করলেন ? বেশ বেশ, এবারে স্বস্থ মামুবের মতো চলাফেরা করুন। দেখুন কিরকম আপনার রোগ তাড়িয়ে দিয়েছি আমরা।' মহেন্দ্রবার থাকতে থাকতেই ডাক্তার ব্রাউন উঠে এলেন খটখট করে পি'ডি বেয়ে উপরে। আমাকে কুশলপ্রশ্ন করতেই তাঁর হাত ধরে ঝাঁকুনি দিয়ে হ্যাওশেক করে বললুম, 'গুডবাই ডাক্তার। আর তোমার দরকার নেই, যেতে পারে। তমি। সাহেব হাসিমুখে চলে গেলেন।

তাঁরা চলে যেতে মনে থটকা লাগল। ভাজারদের ফিরিয়ে দিল্ম, বলল্ম আর দরকার হবে না— কী জানি যদি আবার ব্যথা ওঠে বিকেলের দিকে ? মনটা কেমন খুঁতখুঁত করতে লাগল। এমন সময়ে অমরনাথ হোমিয়োপ্যাথ ভাজার এমেছেন আমার থবর নিতে; তাঁকে বলল্ম, 'একটু হোমিয়োপ্যাথই আমায় দিয়ে বাও, রেথে দিই।' যদি ব্যথা ওঠে তো থাব। তিনি বললেন, 'নিশ্চয়ই, আমি এথনি গিয়ে পাঠিয়ে দিছি।' তিনি চলে বেতে এলেন বৃদ্ধ ডি. এন. রায়; তিনিও ভাজার, মাকে দেখতেন ভানতেন, প্রায়ই আমতেন। তিনি এমেছেন আমায় দেখতে। থবর রটে গিয়েছিল চার দিকে, আল রাত কাটে কি না-কাটে এমন অবস্থা। বৃদ্ধ এসেই ব্ললেন, 'হবে না লিভারে ব্যথা?' এই ব্রমণে এতগুলি বই লেখা!' 'এতগুলি বই আবার কোথায়?' তিনি বললেন, 'তা নয় ভো কী? বাজির মেয়েরা দেদিন পড়ছিল দেখল্ম যে আমি।' 'দে তো তুথানি মাত্র বই, শকুন্তলা আর ক্ষীরের পুতুল।' 'ওই

ছল। ত্থানাই কি কম ? এই বয়দে ত্থানা বই লিখলে, এত এত ছবি আঁকলে, তোমার লিভার পাকবে না তো পাকবে কার ?' এতথানি বয়দে ছেলেদের জন্ত ত্থানি মাত্র বই লিখেছি, দেই হয়ে গেল এতগুলি বই লেখা! হেদে বাঁচি নে তাঁর কথা শুনে।

যাক দে যাত্রা তো দেরে উঠলুম। বুদ্ধ ডি. এন. রায়ও আমায় হোমিয়োপ্যাথি ওযুধ দিয়ে গিয়েছিলেন অনেক সাহস দিয়ে। কিন্তু সেই যে ব্যথা অদুখ্য হল একেবারেই হল। চলে যাবার পর একটু রেশ থাকে, তাও রইল না; বুঝতেই পারতুম না যে এতথানি যন্ত্রণা পেয়েছি কয়েক ঘণ্টা আগেও। তুদিন বাদেই বেশ চলে ফিরে বেড়াতে লাগলুম, ঠিক আগের মতো। তা, সেইবারে ভালো হয়ে একদিন আমার মনে হল ভগবানকে ডাকলুম না। একদিনও এই এতথানি বয়দে! প্রায় তো টে সেই যাচ্ছিলুম এবারে। পরপারের চিন্তা তো জাগে নি মনে কথনো, ওপারে গিয়ে জবাব দিতুম কী ? তাই তো ভাবনাটা মনে কেবলই ঘোৱাফেরা করতে লাগল। অলকের মাকে এদে বলন্ম, 'দেখো, একটা কাঠের চৌকি চৌতলার ছাদের উপরে পাঠিয়ে দিয়ো দেখিনি চাকরদের দিয়ে। চৌকিটা ওথানেই থাকবে। কাল থেকে েরাজ আমি সময়মত দেখানে নিরিবিলিতে বদে থানিকক্ষণ ভগবানের নাম করব।' প্রদিন স্কালবেলা গেলুম চৌতলার ছাতে। তথনো চারি দিক ফরদা হয় নি। চৌকিতে বদলুম পুবমুগো হয়ে, চোথ বুজে ভাকতে লাগলুম ভগবানকে। কী আর ভাকব, ভাবব। জানি নে তো কিছুই। মনে মনে ভগবানের একটা রূপ কল্পনা করে নিয়ে বলতে লাগলুম— 'এতদিন তোমায় ছাকি নি বড়ো ভূল হয়েছে, দয়াময় প্রভূ ক্ষমা করে। আমায়।' এমনি দব নানা ছেলেমানুষি কথা। আর চেটা চলছে প্রাণে ভাব জাগিয়ে চোখে ছ ফোঁটা জল ঘদি আনতে পারি। এমন সময়ে মনে হল কানের কাছে কে যেন বলে উঠল. 'চোথ বুজে কী দেথছিল, চোথ মেলে দেখ।' চমকে মুখ তুলে চেয়ে দেখি সামনে আকাশ লাল টকু টকু করছে, স্থোদয় হচ্ছে। দে কী রঙের বাহার, মনে হল বেন স্টেকর্ডার গায়ের জ্যোতি ছড়িয়ে দিয়ে স্থাদেব উদয় হচ্ছেন। স্টেকর্ডার এই প্রভা চোথ মেলে না দেখে আমি কিনা চোথ বুজে তাঁকে দেখতে চেষ্টা করছিলুম ! দেদিন ব্যালুম আমার রাস্তা এ নম , চোধ বুজে তাঁকে দেখতে চাওয়া আমার ভূল। শিল্পী আমি, ছচোথ মেলে তাঁকে দেখে যাব জীবনভোর।

বারীন ঘোষকেও তাই বলেছিলুম। একদিন দে এল আমার কাছে; বললে, 'ছবি আঁকা শিখব আপনার কাছে।' বললুম, 'তা তো শিখবে, কিছু এ কৈছ কি? দেখাও না।' সে একখানি হুগার ছবি দেখালে। বললে, 'এইটি এ কৈছি।' হুগার ছবি যেমন হয় তেমনি এ কৈছে। বললুম, 'তা, হুগা ধে এ কৈছে, কী করে আঁকলে।' সে বললে, 'ধানে বসে একটা রপ ঠিক করে নিয়েছিলুম। পরে তাই আঁকলুম।' আমি বললুম, 'তা হবে না বারীন। ধ্যানে দেখলে চলবে না, চোধ খুলে দেখতে শেখা, তবেই ছবি আঁকতে পারবে। বাগীর ধ্যান ও শিল্পীর ধ্যানে এইখানেই তফাত।'

এই আকাশে মেঘ ভেসে যাছে; কত রঙ, কত রূপ তার, কত ভাবে ভদ্দিতে তার চলাচল। সেই ঘেষারে অস্তবে ভূগেছিলুম, হাঁটাহাঁটি বেশি করা বারণ, বেশির ভাগ সমন্ন বারান্দার ইজিচেন্নারে বসেই কাটিয়ে দিতুম চূপচাপ দ্বির হয়ে, সামনে খোলা আকাশ— একমনে দেখতুম তা। সে সময়ে দেখেছি কত বৈচিত্র্য আকাশের গায়ের মেঘগুলিতে। কত রূপ দেখতে পেতুম তাতে— বাড়িঘর, বনজন্বল, পত্তপাথি, নদীপাহাড়— ঘেন মানসদরোবরের রূপ ভেসে উঠত চোখের সামনে। একবার মনে হয়েছিল এই মেধেরই এক দেট চবি আঁকি। কত আলপনা ভেসে যাচ্ছে মেধের গায়ে।

দেশিন একটি ছেলেকে দেখি ডিজাইন আঁকবে, তা কাগজ সামনে নিয়ে উপরে কড়িকাঠের দিকে চেয়ে আছে। বললুম, 'ওরে, উপরে কী দেখছিল। ডিজাইন কি কড়িকাঠে গলায় দড়ি দিয়ে ঝুলছে ? বাইরে আকাশের দিকে চেয়ে দেখ, কত ডিজাইনের ছড়াছড়ি সেখানে। তাও না হয়, কাগজের দিকেই চেয়ে থাক্। কড়িকাঠে কী পাবি ?' কাগজের দিকে তাকিয়ে থাকলেও অনেক সময় অনেক জিনিস দেখা যায়। জাপানিরা তো যে কাগজে আঁকবে সেই কাগজটি সামনে নিয়ে বসে দেখে; তার পর তাতে আঁকে। টাইকানকে দেখতুম, ছবি আঁকবে, পাশে রঙ কালি গুলে তুলিটি হাতের কাছে রেথে ছবি আঁকবার কাগজটির সামনে দোজার হয়ে বসল ভৌ হয়ে। একদ্ষে কাগজটি দেখল থানিক। তার পর এক সময় তুলিটি হাতে নিয়ে কালিতে ত্বিয়ে তু-চারটে লাইন টেনে ছেড়ে দিলে, হয়ে বলল একথানি ছবি। কাগজেই ছবিটি দেখতে পেত; তু-এক লাইনে তা ফুটিয়ে দেখবার অপেকা মাত্র থাকত।

চাইকান ছিল বড়ো মঞার মাহ্য। ওকাকুরা শেষবার যথন এসেছিলেন যাবার সময় বলে গিয়েছিলেন, 'আমি জাপানে গিয়ে জামাদের ছ-একটি আর্টিণ্ট পাঠিয়ে দেব। তারা এদেশ দেখনে, নিজেরা ছবি এঁকে যাবে, তোমরা দেখতে পাবে তাদের কাছ; তাদের উপকার হবে, তোমাদেরও কাজে লাগবে।' তিনি ফিরে গিয়ে ছটি আর্টিণ্ট পাঠালেন— টাইকানেক আর হিশিদাকে। ছেলেমাহ্য তথন তারা। টাইকানের তব্ একটু ম্থচোথের কাঠ-কোট গড়ন ছিল, একরকম লাগত বেশ; হিশিদা ছিল একেবারে কচি, ছোট্টথাট্ট ছেলেটি। তার ম্থটি দেখলে কে বলবে যে এ ছেলে। ঠিক যেন একটি জাপানি মেয়ে, ছেলের বেশে, প্যাণ্ট্কোট-পরা; আপেলের মতো লাল টুকটুক করছে ছটি গাল, কাচের মতো কালো চোঝ, মিষ্ট ম্থের ভাবখানি। আমি ঠাট্টা করে তাকে বলতুম, 'তুমি হলে মিদেদ টাইকান।' ভনে ভারা ছলনেই হেনে অধির হত।

টাইকান আর হিশিদা হ্বরেনের বাড়িডেই থাকত। এ দিক ও দিক ঘূরে ঘূরে খ্ব ছবি আঁকত। অনবরত ক্ষেচ করে যেত; কত সময়ে দেখতুম, গাড়িতে যাচ্ছি, টাইকান রান্তায় এ দিকে ও দিকে তাকাতে তাকাতে বাঁ। হাত বের করে তার ডেলোতে ভান হাতের আঙুল বুলিয়ে চলেছে। আমি জিজেদকরতুম, 'ও কী করছ টাইকান '' দে বলত, 'কর্ম্টা মনে রাণছি। একবার হাতের উপর বুলিয়ে নিল্ম, লাইন মনে থাকবে বেশ।' কথনো-বা দেখতুম ভাড়াভাড়ি জানার আন্তিন টেনে ভাতে পেনদিল কলম দিয়ে স্কেচ করছে। নিজের সাজসজ্জার দিকে তার লক্ষাই ছিল না তেমন— মন্ত বড়ো একটা খড়ের হাাট মাথায় দিয়ে রোদে বোদে কলকাতার শহর বাজার ঘূরে বেড়াত, থেয়ালই করত না, লোকে কী ভাববে তার ওই থাপার মতো সাজ দেখে। কিছু বলতে গেলে হাসত; বলত, 'কী আর হয়েছে ভাতে। জান, এই টুপি রোল্মরে বেশ ঠাগু রাথে মাথা।' টাইকান আমাদের ফু ডিয়োতে আসভ, বনে কাজ করত। সেই-সব ছবির আবার এক্জিবিশন হত, লোকে কিনত। আমরাও অনেক সময়ে ফরমাশ দিয়ে ছবি আকাতুম। বিদেশে এসেছে, ভাদের থরচ চালাতে হবে তো— ওই ছবির টাকা দিয়েই থরচ চলত।

প্রথম যথন টাইকান ছবি আঁকলে দিজের উপরে হালক। কালি দিয়ে, চোথেই পড়ে না। আমাদের মোগল পাশিয়ান ছবির কড়া রঙ দেখে দেখে অভ্যেদ; আর এ দেখি, রঙ নেই, কালি নেই, হালকা একটু ধোঁ যার মতো—এ আবার কী ধরনের ছবি। এত আশা করেছিল্ম জাপানি আটিন্ট আমবে, তাদের কাজ দেখব কী করে তারা ছবি আঁকে, রঙ দেয়। আর এ দেখি কোখেকে একটু কয়লার টুকরো কুড়িয়ে এনে তাই দিয়ে প্রথম দিলে আঁকলে, তারপর পালক দিয়ে বেশ করে ঝেড়ে তার উপরে একটু হালকা কালি বুলিয়ে দিলে, হয়ে গেল ছবি। মন ধারাণ হয়ে গেল। স্থরেনকে বলল্ম, 'ও স্থরেন, ছবি যে দেখতেই পাচ্ছি নে স্পষ্ট।' স্থরেন বললে, 'পাবে পাবে, দেখতে পাবে, অভ্যেদ হোক আগে।' সত্যিই তাই। কিছুদিন বাদে দেখি, দেখার অভ্যেদ হয়ে গেল; তাদের ছবি ভালোও লাগতে লাগল। অনেক ছবি এ কৈছিল তারা। আমাদের দেবদেবীর ছবি আঁকবে, বর্ণনা দিতে হত শাস্ত্রমতে। টাইকান এ কৈছিল সরস্বতী ও কালীর ছবি ছটি; সরলার মা কিনে নিলেন।

আমানের স্টু ভিয়োর জয়ে ছবি আঁকান, দেয়ালে ছিল মন্ত বড়ো একটা বিলিতি জয়েলপেন্টিং— দেটা রাজেন মলিককে বিক্রি করে দিল্ম। সেই দেওয়ালের মাপে টাইকানকে বলল্ম ছবি এঁকে দিতে। রাসলীলা আঁকবে। বললে, 'বর্ণনা দাও।' বর্ণনা দিল্ম। এদেনী নেয়ের। কী করে শাড়ি পরে দেখাতে হবে। বাড়ির একটি ছোটো মেয়েকে ধরে এনে তাকে মডেল করে দেখাল্ম, এই করে শাড়ির আঁচলা ঘূরে ঘূরে যায়। শাড়ির ঘোরপেচ স্টাভি হল। কোথায় কী গহনা দিতে হবে পুরোনো মুতি, ছবি, কোটো দেখিয়ে র্মিয়ে দিল্ম। সব হল। এইবার দে মেঝে জুড়ে কাগছ পেতে ছবি আরম্ভ করলে। প্রথমে কয়লা দিয়ে দিছে ভুইং করে তার পর একটা আদন পেতে চেপে বসল ছবির উপরে। রঙ লাগাতে লাগল একধার থেকে। দেখতে দেখতে কদিনের মধ্যেই ছবি শেষ হয়ে এল। আকাশে টাদের আলো ফুটন, সরই হল, কিন্তু টাইকান ছবি আর শেষ করছে না কিছুতেই। বালিগঙ্গের দিকে থাকত, সকালেই চলে আদত, এসেই ছবির উপর ঢাকা দেওয়া কাপড়টি নরিয়ে ছবির দিকে চেয়ে চেয়ে চেয়ে দেখে আর কেবলই এ দিকে ও দিকে বাড় নাড়ে, কী থেন মনের মতে। হয় নি এখনো। রোজই দেখি এই ভাব।

জিজেদ করি, 'কোথায় ভোমার আটকাচ্ছে।' দে বলে, 'বুঝতে পারছি নে ঠিক, ভবে এইটে ববাছি এতে একটা অভাব রয়ে গেছে।' এই কথা বলে, ছবি দেখে আর ঘাড় দোলায়। একদিন হল কী. এসেছে সকাল বেলা, দ্টুডিয়োতে চুকেছে— তখন শিউলি ফুল ফুটতে আরম্ভ করেছে, বাড়ির ভিতর থেকে মেয়েরা থালা ভরে শিউলি ফুল রেখে গেছেন দে ঘরে, হাওয়াতে তারই কয়েকটা পড়েছে এখানে ওখানে ছড়িয়ে— টাইকান তাই-না দেখে ফুলগুলি একটি একটি করে কুডিয়ে হাতে জড়ো করলে। আমি বদে বদে দেখছি তার কাও। ফুলগুলি হাতে নিয়ে ছবির উপরে ঢাকা দেওয়া কাপড়টি একটানে তুলে ছবির সামনে জমিতে হাতের সেই ফুলগুলি ছড়িয়ে দিলে, দিয়ে ভারি খুশি। থালা থেকে আরো ফুল নিয়ে ছবির দারা গায়ে আকাশে মেঘে গাছে দব স্বায়গার ছড়িয়ে দিলে। এবারে টাইকানের মথে হাসি আর ধরে না। একবার করে উঠে দাঁড়ায়, দূর থেকে ছবি দেখে, আর তাতে ফুল ছড়িয়ে দেয়। এই করে থালার সব কটি ফুলই ছবিতে সাজিয়ে দিলে। সে যেন এক মজার থেলা। ফুল সাজানো হলে ছবিটি অনেকক্ষণ ধরে দেখে এবারে ফুলগুলি সব আবা**র** তুলে -নিয়ে রাথলে থালাতে। ভাধ একটি শিউলি ফুল নিলে বাঁ হাতে, আসন চাপালে ছবির উপরে, তার পর শাদা কমলা রঙ নিয়ে লাগল ছবিতে ফুলকারি করতে। একবার বাঁ হাতে ফুলটি ঘুরিয়ে ফিরিয়ে দেখে আর ফুল আঁকে। দেখতে দেখতে ছবিটি ফলে ফলে শাদা হয়ে গেল— আকাশ থেকে যেন পুষ্পার্টি হচ্ছে, হাওয়াতে ফুল ভেলে এলে পড়েছে রাদলীলার নাচের মাঝে। রাধার হাতে দিলে একটি কদমফুল, গলায়ও তুলিয়ে দিলে শিমূল ফুলের মালা, কুঞ্জের বাঁশিতে জড়ালে একগাছি। ফুলের শাদায় জ্যোৎসা রাত্তির বেন ফুটে উঠল। এইবার টাইলান ছবি শেষ করলে, বললে, 'এই অভাবটাই মেটাতে পারছিলুম না এজদিন।' সেই ছবি শেষে একদিন দেয়ালে টাঙানো হল। টাইকান নিজের হাতে বাঁধাই করলে, বাল্চরী শাডির আঁচলা লাগিয়ে দিলে ফ্রেমের তার দিকে। বন্ধবান্ধবদের ডেকে পার্টি দেওয়া হল স্ট ডিয়োতে, ব্রাসলীলা দেখবার জন্ত। বড় মজায় কেটেছে সে-সব দিন।

টাইকান আমায় লাইন ডুইং শেখাত, কী করে তুলি টানতে হয়। আমরা ভাড়াতাড়ি লাইন টেনে দিই— তার কাছেই শিখলুম একটি লাইন কত ধীরে ধীরে টানে তারা। আমার কাছেও সে শিখত মোগল ছবির নানান টেকনিক্। এমন একটা সৌহার্ছ ছিল আমাদের মধ্যে— বিদেশী শিল্পী আরু দেশী শিল্পীর মধ্যে কোনো ভফাত ছিল না। এখন সেইটে বড়ো দেখতে পাইনে।

টাইকান দেখতুম রীতিমত নেচার ফাঁডি করত— আমাদের দেশের পাতা ফুল, গাছপালা, মায়ুযের ভঙ্গি, গহনা, কাপড়চোপড়, যেখানে যেটি ভালো লেগেছে থাতার পর থাতা ভরে নিয়ে গেছে। বিশেষ করে ভারতবর্ধের লোকদের মুখচোপের ছাঁদ, ভারতীয় বৈশিষ্টা, দম্ভরমত অফুশীলন করেছে। সেই সময়ে টাইকানের ছবি আঁকা দেখে দেখেই একদিন আমার মাথায় এল, জলে কাগজ ভিজিয়ে ছবি আঁকলে হয়। টাইকানকে দেখতুম ছবিতে খুব করে জলের ওয়াশ দিয়ে ভিজিয়ে নিত। আমি আমার ছবিয়দ্ধ কাগজ দিলুম জলে ড্বিয়ে। তুলে দেখি বেণ ক্লর একটা এফেক্ট্হয়েছে। সেই থেকে ওয়াশ প্রচলিত হল।

খুব কাল করত টাইকান! হিশিদা ততটা করত না, সে বেশ এথানে ওথানে ঘুরে বেড়াত। কোথার একটু কী মাটির টুকরে। পেলে, তাই ঘবে রঙ বের করলে। বাগানে দিম গাছ ছিল, ঘুরতে ঘুরতে ছ্-চারটে পাতা ছিঁড়ে এনে হাতে ঘবে লাগিয়ে দিলে ছবিতে। কুল গাছের ডাল পড়ে আহেকোথার, তাই এনে একটু পুড়িয়ে কাঠকয়লার কাঠি বানিয়ে ছবি এঁকে ফেললে। বেচারা জাপানে ফিরে গিয়েই মারা গেল।। মাদ-কয়েক ছিল তারা এদেশে। বলেছিল আবার আদবে, আবার আর-একদল আর্টিন্ট পাঠাবে। তা আর হল না। হিশিদা বেঁচে থাকলে খুব বড়ো আর্টিন্ট হত। একটি ছবি এঁকেছিল— দূরে সমুদ্রে আকাশে মিলে গেছে, সামনে বালুর চর, ছবিতে একটি মাত্র ডেউ এঁকেছে যেন এদে আছড়ে পড়ছে পাড়ে। সে যে কী হন্দর কী বলব। পারার মতো চেউয়ের রঙটি, তার গর্জন যেন কানে এনে বাল্ড স্পাই। বড়ো লোভ হয়েছিল সেই ছবিতে। হিশিদা তো মরে গেল, টাইকান ছিল বেঁচে। খুব ভাব হয়ে গিয়েছিল ভাদের সঙ্গে, অন্তর্মন বয়ুর

রবিকা সেবার জাপানে যাবেন, নন্দলালকে নিয়ে গেলেন সঙ্গে, ওদের দেশে আর্টিণ্টদের ভিতরে গিয়ে থেকে দেখেওনে আসবে। নন্দলালকে বললুম, 'টাইকানের কাছে যাবে, থালি হাতে যেতে নেই।' আমার কাছে ছিল একটি থোদাইকরা বোঞা, বহু পুরোনো ন্বাবদের আমলে ঘোড়ার বকুলসের একটা

কোনো স্বায়গার ভেকোরেশন হবে। সেইটি নম্মলালকে দিয়ে বলল্ম, 'এটিই টাইকানকে দিয়ো আমার নাম করে। এক দিকে আংটার মতো আছে, বেণ ছবি টাঙাতে পারবে।' আর ভার স্ত্রীর জন্ত দিল্ম আমাদের দেশের শাড়ি ও জামার কাণড় কিছু। পরে নন্দলাল ধথন দিরে এল তার কাছে গুনি, টাইকান সেই বোঞ্জটি হাতে নিয়ে মহা খুশি, যুরিয়ে ফিরিয়ে দেখে স্বার হাদে।

ওকাকুরা যথন প্রথমবার আদেন এ দেশে, যতদূর মনে পড়ে কলকাতার স্বরেনের বাড়িতেই ছিলেন। সেবার খুব বেশি আলাপ হয় নি তাঁর সঙ্গে। নাঝে নাঝে বেতুম, দেখতুম বদে আছেন তিনি একটা কৌচে। সামনে রোঞ্জের একটি পদ্মভূল, তার ভিতরে নিগারেট গোঁলা; একটি করে তুলছেন আর ধরাচেছন। বেশি কথা তিনি কথনোই বলতেন না। বেঁটেখাটো মামুঘটি, স্থলর চেহারা, টানা চোথ, ধ্যাননিবিষ্ট গন্তীর মূতি। বদে থাক্তেন ঠিক বেদ এক মহাপুরুষ। রাজভাব প্রকাশ পেত তাঁর চেহারায়। স্বরেনকে খুব পছন্দ করতেন ওকাকুরা। স্বরেন সম্বন্ধ বলতেন: He is fit to be a king.

দিতীয়বার যখন এলেন দশ বছর পরে, তখন আমি আর্টের লাইনে তুকেছি। প্রায়ই আমাদের জ্যোড়াসাঁকোর ন্ট ডিয়োতে বদে শিল্প সম্বন্ধে আলাপ-আলোচনা হত। নন্দলালদের তিনি আর্টের ট্যাডিশন অবজার্ভেশন ও ওরিজিনালিটি বোঝাতেন তিনটি দেশলাইয়ের কাঠি দিয়ে। দেবতার মতো ভক্তি করত ওকাকুরাকে জাপানিরা। আমাদের ছিল এক জাপানি মালী। ওকাকুরা এদেছেন জনে দেখা করবার খুব ইচ্ছে হল তার। ষ্টুভিয়োতে বদে আছেন ওকাকুরা, নন্দলালের দঙ্গে কথাবার্তা কইছেন, দে এনে দরজার পাশে দূর থেকে উকিরু কি দিতে লাগল। বলনুম, 'এদো ভিতরে।' কিছুতেই আর আদে না, দূরে দাঁড়িয়েই কাঁচুমাচু করে। থানিক বাদে ওকারুরার নজরে পড়তে তিনি ডান হাতের তর্জনী তুলে ভিতরের দিকে নির্দেশ করলে পর দে হাঁটু মুড়ে দেখান থেকে মাথা রু কতে ঝু কতে ঘুরে এল। ওকাকুরাও তু-একটা কথা জিজ্ঞাসাবাদ করলেন। সে আবার সেইভাবেই হাঁটু মুড়ে বেরিয়ে গেল। যতক্ষণ ঘরে ছিল দোজা হয়ে দাঁড়ায় নি। পরে তাকে জিজ্ঞেদ করলুম, 'তুমি ওভাবে ছিলে কেন ?' দে বললে, 'বাবা! আমাদের দেশে ওঁর কাছে যাওয়া কি দহজ কথা ? আমাদের কাছে উনি যে দেবভার মতো।'

দেবার ওকাকুরা ভারতবর্ধ ঘূরে ঘূরে দেখবেন। অনেক জায়গা ঘোরা হয়ে গৈছে, আর ছ্-চার জায়গা দেখা বাকি। বলনুম, 'যাচ্ছ যখন, কোনারকের মন্দিরটা ঘূরে দেখে এদো একবার। নয় তো ভারতবর্ধের আসল জিনিসই দেখা হবে না।' ওকাকুরা বললেন, 'পুরীর মন্দিরও দেখবার বড়ো ইচ্ছে আমার। ব্যবস্থা করে দিতে পার?' তখন তিনি কঠিন রোগে ভূগছেন, ভাঙা শরীর; তাই নিয়েই এসেছেন বিদেশে বিভূষে ভারতের শিল্পকীতি দেখতে। জগরাথের ভাক পড়েছে আমার বিদেশী শিল্পী ভাইকে। কিন্তু জগরাথ ভাকেন তো ছড়িদার ছাড়ে না; লাট-বেলাটকে পর্যন্ত বাধা দেয় এত বড়ো ক্ষমতা দে বরে, ভাকে কিভাবে এড়ানো যায়? শিল্পীতে শিল্পীতে মন্ত্রণা বনে গেল। চুপিচুপি পরমর্শটা হল বটে, কিন্তু বন্ধু গেলেন জগবন্ধু দর্শন করতে দিনের আলোতে রাজার মতো। ছার খুলে গেল, প্রহরী সসম্মানে এক-পাশ হল, জাপানের শিল্পী দেখে এলেন ভারতের শিল্পীর হাতে-গড়া দেবমন্দির, বেকুঠ, আনন্দবাজার, মায় দেবভাকে পর্যন্ত।

বড়ো খুশি হয়েছিলেন ওকাকুরা দৈবারে কোনারক দেখে। বললেন, 'কোনারক না দেখলে এবারকার আসাই আমার বুধা হত। ভারতশিল্পের প্রাণের খবর মিলল আমার ওধানে।' তাঁর বিদারের দিনের শেষ কথা আমার এখনে। মনে আছে, 'ধগ্য হলেম, আনন্দের অবধি পোলেম, এইবার প্রপারে ক্থে যাত্রা করি।' দেশে ফিরে গিয়ে কিছুকালের মধ্যেই মারা যান ওকাকুরা।

সেবারেই তিনি বলেছিলেন নন্দলালদের, 'দশ বছর আগে যথন আমি'
এমেছিলাম তথন তোমাদের আজকালকার আর্ট বলে কিছুই দেখি নি।
এবারে দেখছি তোমাদের আর্ট হ্বার দিকে যাছে। আবার যদি দশ বছর ।
বাদে আসি তথন হয়তো দেখব হয়েছে কিছু।'

তিনিও আর এলেন না, আমিও বদে আছি দেখবার জন্মে— কই, দেখছি না তো। হয়তো আবার আমায় আদতে হবে। পথ আছে কি ৪

50

ভারতবর্ষকে বিদেশী ধারা সভিত্য ভালোবেদেছিলেন তার মধ্যে নিবেদিতার স্থান সব চেয়ে বড়ো। বাগবাজারের ছোট্ট বরটিতে তিনি থাকতেন, আমর। মাঝে মাঝে যেতুম সেথানে। নন্দলালদের কত ভালোবাদতেন, কত উৎসাহ:

দিতেন। অন্ধ্যায় তো তিনিই পাঠালেন নন্দলালকে। একদিন আযায় নিবেদিতা বললেন, 'অন্ধ্যায় মিদেদ্ হ্যারিংহাম এসেছে। তুমিও তোমার ছাত্রদের পাঠিয়ে দাও, তার কাজে সাহায্য করবে। তু পক্ষেরই উপকার হবে। আমি চিঠি লিখে দব ঠিক করে দিছি।' বললুম, 'আছা।' নিবেদিতা তথন মিদেদ হ্যারিংহামকে চিঠি লিখে দিলেন। উত্তরে মিদেদ হ্যারিংহাম জানালেন, বোমে থেকে তিনি আর্টিণ্ট পেয়েছেন তাঁর কাজে সাহায্য করবার। এরা স্বন্তুন আর্টিণ্ট, জানেন না কাউকে, ইত্যাদি ইত্যাদি।

নিবেদিতা ছেড়ে দেবার মেয়ে নন। ব্রেছিলেন এতে করে নন্দলালদের উপকার হবে। যে করে হোক পাঠাবেনই তাদের। আবার তাঁকে চিঠি লিখলেন। আমায় বললেন, 'ধরচপত্তর সব দিয়ে এদের পাঠিয়ে দাও অজন্তায়। এরকম স্থযোগ ছেড়ে দেওয়া চলবে না।' নিবেদিতা যথন ব্রেছেন এতে নন্দলালের ভালে। হবে, আমিও তাই মেনে নিয়ে সমস্ত থরচপত্তর দিয়ে নন্দলালদের ক'জনকে পাঠিয়ে দিল্ম অজন্তায়। পাঠিয়ে দিয়ে তথন আমার ভাবনা। কী জানি, পরের ছেলে, পাহাড়ে জনলে পাঠিয়ে দিল্ম, যদি কিছু। হয়। মনে আর শান্তি পাই নে, গেল্ম আবার নিবেদিতার কাছে। বলল্ম, 'লেখানে ওদের খাওয়াদাওয়াই বা কী হছে, রামার লোক নেই সঙ্গে, ছেলেন্মাহ্ম সব।' নিবেদিতা বললেন, 'আছা, আমি সব বন্দোবত্ত করে দিছি।' ব'লে গণেন মহারাজকে ডাকিয়ে আনলেন। ডাল চাল তেল হুন ময়দা বি আর একজন রঁাধ্নি দঙ্গে দিয়ে, বিলিব্যবন্থা করে, গণেনকে পাঠিয়ে দিলেন। নন্দলালদের কাছে। তবে নিশ্চিত ইই।

নিবেদিতা নইলে নন্দলালদের যাওয়া হত না অজন্তায়। কী চমৎকার মেয়ে ছিলেন তিনি। প্রথম তাঁর সঙ্গে আমার দেখা হয় আমেরিকান কন্সলের বাড়িতে। ওকাকুরাকে রিসেপ্শন দিয়েছিল, তাতে নিবেদিতাও এসেছিলেন। গলা থেকে পা পর্যন্ত নেমে গেছে শাদা ঘাগরা, গলায় ছোট্ট ছোট্ট রুডান্দের এক ছড়া মালা; ঠিক যেন শাদা পাথরের গড়া তপন্থিনীর মৃতি একটি। যেমন ওকাকুরা এক দিকে, তেমনি নিবেদিতা আর-এক দিকে। মনে হল যেন ছই কেন্দ্র থেকে ছটি তারা এসে মিলেছে। সে যে কী দেখলুম কী করে বোঝাই।

আর-একবার দেখেছিলুম তাঁকে । আর্ট দোদাইটির এক পার্টি, জান্তিদ

েহাম্উডের বাড়িতে, আমার উপরে ছিল নিমন্ত্রণ করার ভার! নিবেদিভাকেও পাঠিয়েছিল্ম নিমন্ত্রণ-চিঠি একটি। পার্টি শুক্ত হয়ে গেছে। একটু দেরি করেই এসেছিলেন তিনি। বড়ো বড়ো রাজারাজড়া সাহেব-মেম গিস্গিদ্ করছে। অভিজাতবংশের বড়োঘরের মেম সব; কত তাদের সাজসজ্জার বাহার, চুল বাঁধবারই কত কারদা; নামকরা স্কর্লরী অনেক সেধানে। তাদের সৌন্দর্যে ফ্যাসানে চার দিক ঝলমল করছে। হাসি গল্প গানে বাজনায় মাং। সদ্ধে হয়ে এল, এমন সময়ে নিবেদিতা এলেন। সেই শাদা সাজ, গলায় কলাক্ষের মালা, মাথার চুল ঠিক সোনালি নয়, সোনালি কপোলিতে মেশানো, উচু করে বাঁধা। তিনি যথন এদে দাঁড়ালেন সেখানে, কী বলব যেন নক্ষত্রমণ্ডলীর মধ্যে চল্ফোদ্য হল। স্করী মেমরা তাঁর কাছে যেন এক নিমেষে প্রভাহীন হয়েদ্বা। সাহেবেরা কানাকানি করতে লাগল। উভ্রফ, রাণ্ট এসে বললেন, 'কে এ হু' তাঁদের সঙ্গে নিবেদিতার আলাপ করিয়ে দিল্ম।

'হৃদ্দরী হৃদ্দরী' কাকে বল ভোমরা জানি নে। আমার কাছে হৃদ্দরীর দেই একটা আদর্শ হয়ে আছে। কাদ্দরীর মহাখেতার বর্ণনা— দেই চক্রমণি দিয়ে গড়া মৃতি যেন মৃতিমতী হয়ে উঠল।

নিবেদিতা মারা যাবার পর একটি কোটো গণেন মহারাজকে দিয়ে জোগাড় করেছিল্ম, জামার টেবিলের উপর থাকত দেখানি। লর্ড কারমাইকেল, তাঁর মতো আটিষ্টিক নজর বড়ো কারে। ছিল না। আমাদের নজরে নজরে মিল ছিল। আটেরই শথ তাঁর। জার্মান-মুদ্ধের ঠিক আগে জাহাজ-বোঝাই তাঁর যা-কিছু ভালো ভালো জিনিস ও আমাদের জাকা একপ্রছ ছবি বিলেত পাঠিয়েছিলেন, সেই জাহাজ গেল ভূবে ভূমধ্যদাগরে। তিনি হুংথ করেছিলেন, 'আমার আসবাবপত্র সব যায় যাক কোনো হুংথ নেই, কিন্তু তোমাদের ছবি-গুলো যে গেল এইটেই বড় হুংথের কথা।' নদলাল যথন এসে হুংথ করলে তাকে ভোকবাক্য দিয়েছিল্ম, 'ভালোই হয়েছে, এতে হুংথ কী। আমি দেখছি জলদেবীরা আমাদের ছবিগুলো বফণালয়ে টাঙিয়ে আনন্দ করছেন। গেছে যাক, ভেবো না।' সেই লর্ড কারমাইকেল একদিন আমার টেবিলের উপর নিবেদিতার ফোটোথানি দেখে বুঁকে পড়লেন; বললেন, 'এ কার ছবি পু' বলল্ম, 'সিফার নিবেদিতার।' তিনি বললেন, 'এ-ই দিফার নিবেদিতা? আমার একথানি এইরকম ছবি চাই।' বলেই আর বলা-কওয়া না, সেই

ছবিথানি বগলপাবা করে চলে গেলেন। ছবিথানি থাকলে ব্রুতে পারতে নৌন্দর্বের পরাকাঞ্চা কাকে বলে। সাজগোজ ছিল না, পাহাড়ের উপর চালের আলো পড়লে যেমন হয় তেমনি ধীর ছির মূতি তাঁর। তাঁর কাছে গিয়ে কথা কইলে মনে বল পাওয়া যেত।

বিবেকানলকেও দেখেছি। কর্ডাদাদামপায়ের কাছে আদতেন। দীপুদার সহপাঠী ছিলেন; 'কী হে নরেন' বলে তিনি কথা বজতেন। বিবেকানদের বক্তা শোনবার ভাগ্য হয় নি আমার, তাঁর চেহারা দেখেছি; কিন্তু আমার মনে হয় নিবেদিতার কাছে লাগে না। নিবেদিতার কী একটা মহিমা ছিল; কী করে বোঝাই দে কেমন চেহারা। ছটি বে দেখি নে আর, উপমা দেব কী।

শিল্পের পথে চলতে চলতে ভালো-মন্দ জ্ঞানী-মূর্য অনেকের সংস্পর্শেই এদেছি। সহতে হয়েছে অনেক কিছু। বলি এক ঘটনা।

লাটবন্ধুও আদত বেমন, রাজবন্ধুও আদত অনেক। রবিকা জাপান পেকে 'অন্ধ ভিথিরী' ছবি আনলেন; নামকরা শিল্পীর আঁলা, মন্ত সিন্ধে। কী ছবির কাজকাজ, প্রতিটি চুলের কী টান, দেখলে অবাক হয়ে বেতে হয়। 'বিচিত্রা হলে' টাঙানো হল দেই ছবি। এখন এক রাজবন্ধু এদেহেন দেখতে; শিল্পের সমজলার বলে নাম আছে তাঁর। আমার ছবুন্দি, তাঁকে বোঝাতে গেছি জাপানি শিল্পীর তুলির টানের বাহার্রি, কী করে একটি টানে একটি চুল এঁকেছে। রাজবন্ধু চোখ বুজে ভাবলেন থানিক, ভেবে বললেন, 'অবনীবার্, আমি দেখেছি গাড়ির চাকায় যারা লাইন টানে ভারাও এর চেয়ে স্থা লাইন টানে।' শুনে আমার একেবারে বাক্রোধ। এমন ধাকা আমি কখনো খাই নি। দেখেছি ইউরোপীয়ানরা চের বেশি ছবি বুঝত, রস পেত, ছ্-এক কথাতেই বোঝা মেত তা।

রাজবন্ধু তো ওই কথা বললেন, অথচ দেখো একটা সামান্ত লোকের কথা। ওরিয়েন্টাল দোসাইটির এক্জিবিশন হচ্ছে কর্পোরেশন স্তীটের একজলা ঘরে। ভালো ভালো ছবি সব টাঙানো হয়েছে— লাটবেলাট, সাহেবস্থবো, বাব্ভায়া, কেরানি, ছাত্র, মান্টার, পণ্ডিত, সব ঘুরে ঘুরে দেখছেন। আমিও ঘুরছি বন্ধুদের সঙ্গে। কয়েকটি পালাবি ট্যাক্সি-ডাইভার রাভা থেকে উঠে এনে ঘুরে ঘুরে ছবি দেখতে লাগল। আমাদের ড্রাইভারটাও ছিল দেইদদে। কৌতৃহল হল, দেখি, এরা ছবি সম্বন্ধে কী মন্তব্য করে। জিজ্ঞেদ করল্ম, 'কী, কিরকম লাগছে ?' একটি ডাইভার একথানি থব ভালো ছবিই দেখিয়ে বললে, এই ছবিধানি ধেমন হয়েছে আর কোনোটা তেমন হয় নি। সেটি কার ছবি এখন মনে নেই। সেদিন বঝলুম এরাও তো ছবি বোবে। তার কারণ সহজ চোখে চবি দেখতে শিখেছে এরা।

মতিবভো একবার ওইরকম বলেছিলেন আমায়, 'ছোটোবাব, একটা কথা' বলব, রাগ করবেন না "

বললম, 'না, রাগ কেন করব, বলুন-না।'

'দেখুন ছোটোবাব, আপনার ছাত্র নন্দলাল, স্থরেন গাঙ্গলি, ওরা ছবি चाँदक, दम्दथ यदन इस दवन यद्य कदत छाटला छविहे धाँदक छ। किछ चानमात ছবি দেখে তো তা মনে হয় না।'

'ছবি বলে মনে হয় তো?'

'তাও নয়।'

'ভবে কী মনে হয় ?'

'মনে হয়—'

'বলেই ফেলুন-না, ভয় কী গু'

'আপনার ছবি দেখলে মনে হয় আঁকা হয় নি মোটেই।'

'দে কি কথা। আপনার কাছে বদেই আঁকি আমি, আর বলছেন আঁকা বলেই মনে হয় না!'

'না, মনে হয় যেন ওই কাগজের উপরেই ছিল ছবি।'

বড়ো শক্ত কথা বলেছিলেন ভিনি। শক্ত সমালোচক ছিলেন বড়ো, বড়ো দার্টিফিকেটই দিয়েছিলেন আমায়। এ কথা ঠিক, এঁকেছি, চেটা कदहि, এ-मम् ए एका ए द्यारे हाम् इवित शाका कथा। शान मम्बद्ध धरे কথাই শাস্তে বলেছে। আকাশের পাথি যথন উড়ে যায়, বাছাদে কোনে। গভাগতির চিহ্ন রেখে যায় না। স্বরের বেলা যেমন এই কথা, ছবির বেলাও or. সেই একই কথা।

সকাল থেকে ঝির্নারির করে বৃষ্টি পড়ছে। বসে থাকতে থাকতে মনে হল গন্ধার রূপ— বর্ধায় গন্ধা হয়তো ভরে উঠেছে এতক্ষণে।

সেবারে এখান থেকে কলকাতায় সিয়ে একেবারে পেলুম দক্ষিণেশ্বরে গদাকে দেখতে। কিন্তু দে গদাকে খেন পেলেম না আর কোথাও। কোথায় গেল তার সেই রূপ। মনে হল কে খেন গদার আঁচল কেটে সেখানে বিচ্ছিরি একটা ছিটের কাপড় ভুড়ে দিয়েছে। চারি দিকে থানিক তাকিয়ে তাকিয়ে দেখে কিরে এলেম বাড়িতে। কিন্তু দেখেছি আনি গদার সেই রূপ।—

'বল্য মাতা হ্বরধুনী, পুরাণে মহিমা শুনি, পতিতপাবনী পুরাতনী।'
শিশুবোধক পড়তুম, বড়ো চমৎকার বই, অমন বই আমি আর দেখি নে ।
এখনকার ছেলেরা পড়ে না দে বই—

কুম্বা কুম্বা কুম্বা লিজ্জে কাঠায় কুম্বা কুম্বা লিজ্জে কাঠায় কাঠায় ধূল পরিমাণ দশ বিশ কাঠায় কাঠায় জান।

আমার যাত্রায় ছাগলের মূথে এই গান জুড়ে দিয়েছিলুম। কেমন স্থলর কথা। বল দেখিনি, যেন কুরু বুরু করে ঘাস খাছেছ ছাগলছানা।

আরো দব নানা গল ছিল, দাতা কর্ণের গল, প্রহ্লাদের গল, দদ্দীপুন মুনির পাঠশালায় কেট বলরাম পড়তে বাচ্ছেন, দদ্দীপুন মুনির হারে কেট বলরাম, আরো কত কী। বড়ো হয়েও এই দেদিনও পড়েছি স্থামি বইথানি মোহনলালকে দিয়ে আনিয়ে।

তা, দেই হুরধুনী গলাকে দেখেছি আমি। ছেলেবেলায় কোলগরের বাগানে বসে বদে দেখত্য— ছুক্ল ছাপিয়ে গলা ভরে উঠেছে, কুলু কুলু ধ্বনিতে বয়ে চলেছে; দে ধ্বনি দভিটই ভনতে পেতুম। ঘাটের কাছে বলে আছি, কানে ভনছি তার হ্বর— কুলু কুলু কুলু কুলু বুলু বুণ, আর চোথে দেখছি তার শোভা— সে কী শোভা, সেই ভরা গলার বুকে ভরা পালে চলেছে জেলেনোকো, ভিঙিনোকা। রাভির বেলা সারি ধারি নোকোর নানারকম আলো পড়েছে ছলে। জলের আলো বিলমিল করতে করতে নোকোর আলোর সঙ্গে

সঙ্গে নেচে চলত। কোনো নৌকোন্ত্র নাচগান হচ্ছে, কোনো নৌকোন্ত রানার কালো হাঁড়ি চড়েছে, দূর থেকে দেখা যেত আগুনের শিখা।

স্নান্ধাত্রীদের নৌকো লব চলেছে পর পর। রাতের অন্ধকারে সেও আরএক শোভা গন্ধার। গন্ধার দলে অতিনিকট সম্বন্ধ তেমন ছিল না; চাকররা
মাঝে মাঝে গন্ধাতে স্থান করাতে নিয়ে যেত, ভালো লাগত না, তাদের হাত
ধরেই তু বার জলে ওঠানামা করে ডাঙার জীব ডাঙার উঠে পালিমে বাঁচতুম।
কিন্তু দেখেছি, এমন দেখেছি যে দেখার ভিতর দিয়েই গন্ধাকে অতি কাছে
পেয়েছি।

তার পর বড়ো হয়ে আর-একবার গলাকে আর-এক মৃতিতে দেখি। খ্ব অস্থ থেকে ভূগে উঠেছি, নিজে ওঠবার বসবার ক্ষমতা নেই। ভোর ছটায় তগন কেরি স্ত্রীমার ছাড়ে, জগরাথ ঘাট থেকে শিবতলা ঘাট হয়ে কেরে নটা দাড়ে নটায়। বিকেলেও যায়, আপিদের বাব্দের পৌছে দিয়ে আদে। ঘণ্টা ছই-আড়াই লাগে। ভাক্তার বললেন, গলার হাওয়া থেলে সেরে উঠব তাড়া-তাড়ি। নির্মল আমায় ধরে ধরে এনে বদিয়ে দিলে স্ত্রীমারের ভেকে একটা চেয়ারে। মনে হল বেন গলাযাত্রা করতে চলেছি, এমনি তথন অবস্থা আমার। কিন্তু সাতদিন থেতে না-থেতে গলার হাওয়ায় এমন সেরে উঠলুন, নির্মলকে বলল্ম, 'আর ভোমায় আসতে হবে না, আমি একাই যাওয়া-আদা করতে পারব।'

সেই দেখেছি সেবারে গলার রূপ। গ্রীম বর্ধা শরৎ হেমন্ত শীত বসন্ত কোনো ঋত্ই বাদ দিই নি, সব ঋতুতেই মা গলাকে দেখেছি। এই বর্ধাকালে ফুকুল ছাপিয়ে জল উঠেছে গলার— লাল টকটক করছে। জলের রঙ—তোমরা খোয়াই-ধোয়া জলের কথা বল ঠিক তেমনি, তার উপরে গোলাপিপাল-তোলা ইলিশ মাছের নৌকো এ দিকে ও দিকে ছলে ছলে বেড়াচছে, সেকী স্করে! তার পর শীতকালে বদে আছি ডেকে গরম চাদর গায়ে জড়িয়ে. উতুরে হাওয়া ম্থের উপর দিয়ে কানের পাশ ঘেঁষে বয়ে চলেছে ছ হ করে। সামনে ঘন কুয়াশা, তাই ভেদ করে স্তীমার চলেছে একটানা। সামনে কিছুই দেখা যায় না। মনে হত খেন পুরাকালের ভিতর কিয়ে নতুন মুগ চলেছে কোন্রহস্ত উদ্যাটন করতে। থেকে থেকে ইঠাং একটি ছটি নৌকো দেই ঘন কুয়াশার ভিতর থেকে খরের মতো বেরিয়ে আদত।

দেখেছি, গলার অনেক রূপই দেখেছি। তাই তো বলি, আজকাল ভারতীয় শিল্পী বলে নিজেকে ধারা পরিচয় দেয় ভারতীয় তারা কোন্থানটায় ? ভারতের আদল রূপটি তারা ধরল কই ? তাদের শিল্পে ভারত স্থান পায় নি মোটেই। কারণ, ভারা ভারতকে দেখতে শেখে নি, দেখে নি। এ আমি অতি ভোরের সঙ্গেই বলছি। আমি দেখেছি, নানা রূপে মা গলাকে দেখেছি। তাই তো ব্যথা বাজে, যথন দেখি কী জিনিদ এরা হারায়। কত ভালো লাগত, কত আনন্দ পেয়েছি গলার বৃকে। একদিনও বাদ দিই নি, আরো দেখবার, ভালোকরে দেখবার এত প্রবল ইচ্ছে থাকত প্রাণে।

গঙ্গার উপরে দে বয়দে কত হৈ-চৈই-না করতুম। সঙ্গী-সাথিও জুটে গেল। গাইয়ে-বাজিয়েও ছিল তাতে। ভাবলুম, এ তো মন্দ ময়। গানবাজনা করতে করতে আমাদের গলা-ভ্রমণ জমবে ভালো। বেই-না ভাবা, পরদিন বাঁয়াতবলা হারমোনিয়ম নিয়ে তৈরি হয়ে উঠলম স্থীমারে। বেশির ভাগ স্থীমারে যার। বেড়াতে বেত তারা ছিল ফণির দল। ভাক্তারের প্রেস্ক্রিপশন গদার হাওয়া খেতে হবে, কোনোরকমে এদে বলে থাকেন- স্থীমার ঘটা-কয়েক চলে ফিয়ে ঘুরে এদে লাগে ঘাটে, গঙ্গার হাওয়া খেয়ে তারাও ফিরে যায় যে যার বাড়িতে। আর থাকত আপিদের কেরানিবাবুরা, কলকাতার আশপাশ থেকে এদে আপিদ করে ফিরে যায় রোজ। দেই এক্যেয়েমির মধ্যে আমরা তু-চারজন क्छ ए पिनुस शानवालना। की छेश्नार आमारमंत्र, छ्-पिरनरे खरम छेर्रन थ्व। রায়-বাহাত্বর বৈকুঠ বোদ মশায় বৃদ্ধ ভদ্রলোক, তিনিও আদেন খ্রীমায়ে বেড়াতে। সম্প্রতি অহুথ থেকে উঠেছেন, খুব ভালো বাঁয়াতবলা বাজাতে পারতেন এক কালে, তিনিও জুটে পড়লেন আমাদের দলে বাঁয়াতবলা নিয়ে। কানে একদম ভনতে পেতেন না, কিন্তু কী চমৎকার তবলা বাজাতেন। বললুম, 'कि करत পारतन ?' তिनि वलरलन, 'गारेखित मुथ रमरथरे वृत्य निरे।' गान e হত, নিধুবাবুর টল্লা, গোপাল উড়ের যাত্রা, এই-সব। গানবাজনায় হৈ-হৈ করতে করতে চলেছি— এ দিকে গঙ্গাও দেখছি। এ থেয়ায় ও থেয়ায় স্থীমার থেমে লোক তুলে নিচেছ, ফেরি বোটও চলেছে যাত্রী নিয়ে। মাঝে মাঝে গঙ্গার চর — দে চরও আজকাল আর দেখি নে। মুধুড়ির চড়া বরাবর দেখেছি। বাবামশায়দের আমলেও তাঁরা যথন পলতার বাগানে যেতেন, ওই চরে থেমে ন্ধান করে রানাবানাও হত কখনো কখনো চরে, দেখানেই থাওয়াদাওয়া দেরে

আবার বোট ছেড়ে দিতেন। বরাবরের এই ব্যবস্থা ছিল। এবারে ছেলেদের জিজ্ঞেদ করনুম, 'ওরে, দেই চর কোথায় গেল ? দেথছি নে যে। গন্ধার কি স্বাবই বদলে গেল ? এ যে দেই গন্ধা বলে আর চেনাই দায়।'

তা, সেই তথন একদিন দেখলম। সে যে কী ভালো লেগেছিল। স্থীমার চলেছে খেয়া থেকে যাত্রী তুলে নিয়ে। সামনে চর, যেন 'এপার গঙ্গার গন্ধা মধ্যিথানে চর, ভার মাঝে বলে আছে শিবু সদাগর।' ও পাশের ঘাটে একটি ডিভিনৌকা। ছোট্ট গ্রামের ছায়া পড়েছে ঘাটে। ডিভিনৌকায় ছোট একটি বউ লাল চেলি প'রে বদে— শহুরবাডি যাবে, কাঁদছে চোখে লাল আঁচলটি দিয়ে, পাশে বৃডি দাই গায়ে হাত বলিয়ে সান্তনা দিচ্ছে, নদীর এপার বাপের বাড়ি, ওপার শুন্তরবাডি— ছোট বউ কেঁদেই সারা ওইটক রাস্তা পেরোতে। শে যে কী স্থন্দর দশ্ম, কী বলব ভোমায়। মনের ভিতর আঁকা হয়ে রইল শেদিনের দেই ছবি, আজও আছে ঠিক তেমনটিই। এমনি কত ছবি দেখেছি তথন। গঙ্গার হ দিকে কত বাভিষর, মিল, ভাঙা ঘাট, কোথাও-বা দাদশ মন্দির, চৈতত্তের ঘাট, বট গাছটি গঙ্গার ধারে ঝ'কে পডেছে, তারই নীচে এদে বসেছিলেন চৈতন্তদেব— গদাধরের পাট, এই-সব পেরিয়ে স্থীমার চলত এগিয়ে। গান হৈ-হলার ফাঁকে ফাঁকে দেখাও চলত সমানে। এই দেখার জন্ম চেলে-বেলার এক বন্ধকে কেমন একদিন ভাড়া লাগিয়েছিলুম। বলাই, ছেলেবেলায় একসঙ্গে পড়েছি— অহুথে ভোগার পর একদিন দেখি দেও এমেছে খীমারে, দেখে খুব খুশি। থানিক কথাবার্তার পর সে পকেট থেকে একটি বই বের করে পাতা খুলে চোখের সামনে ধরলে, দেখি একথানি গীতা। একমনে পড়েই চলল, চোথ আর ভোলে না পু'থির পাতা থেকে। বললে, 'মা বলে मिरम्राह्म गीका পড़रक, आभाम विज्ञक दकारता ना।' वलनूम, 'वलाहे, 'ख वलाहे, বইটা রাখ-না; কী হবে ও-বই প'ডে, চেয়ে দেখ দেখিনি কেমন ছপাতা খোলা রয়েছে দামনে, আকাশ আর জল, এতেই তোর গীতার দব-কিছু পাবি। रमथ -ना, একবারটি চেয়ে দেখু ভাই।' বলাই মুখ ভোলে না। মহা মুশকিল! ধম্মকম আমার সয় না। কোনোকালে করিও নি। জন্মব দিকই মাডাই

ধশ্বকশ্ব আমার সয় না। কোনোকালে করিও নি। ও-সব দিকই মাড়াই নে। প্রথম-প্রথম যথন আদি স্থীমারে, একদিন পিছনে সেকেও ক্লাদে বদে কেরানিবাব্রা এ ওর গায়ে ঠেলা মেরে চোথ ইশারা করে বলছে, 'কে রে, এ কে এল ?' একজন বললে, 'শ্বন ঠাকুর, ঠাকুরবাড়ির ছেলে।' আর- একজন বললে, 'e, তাই, ব্য়েসকালে অনেক অত্যাচার করেছে; এখন এদেছে পরকালের কথা ভেবে গঙ্গায় পুণ্যি করতে।' শুনে হেসেছিলুম আপন মনেই। কিন্তু কথাটা মনে ছিল।

অবিনাশ ছিল আমাদের মধ্যে যগুগিগুগ ধরনের। আমার সঙ্গে আসত . গানবান্ধনার আড্ডা জ্মাতে। তাকে ঠেলা দিয়ে বললুম, 'দেখো-না অবিনাশ, ও দিকে যে গীভার পাতা থেকে চোথই তুলছে না বলাই আর কোনো দিকে ।' শুনে অবিনাশ তড়াক করে লাফিয়ে উঠে, বলাই বই পড়ছে ঘাড় গুঁলে তার ঘাড়ের কাছে দাঁড়িয়ে হাত বাড়িয়ে বইটি ছোঁ মেরে নিয়ে একেবারে তার পকেটজাত করলে। বলাই চেঁচিয়ে উঠল, 'কর কী, কর কী, মা বলে দিয়েছেন দকাল-বিকেল গীতা পড়তে।' আর গীতা। অবিনাশ বললে, 'বেশি বাড়াবাড়ি কর তো গীতা জলে ফেলে দেব।' বলাই আর কী করে, শেও শেষে আমাদের গানবাজনায় যোগ দিলে। কেরানিবাররা দেখি উৎস্থক হয়ে থাকেন আমাদের গানবাজনার জন্ত। যে কেরানিবার আমাকে ঠেন দিয়ে দেদিন ওই কথা বলেছিলেন তিনি একদিন খীমারে উঠতে গিয়ে পা ফদকে গেলেন জলে পড়ে, আমরা ভাড়াভাড়ি সারেওকে বলে ভাকে টেনে তুলি জল থেকে। পরে আমার সঙ্গে তাঁর খব ভাব হয়ে যায়। তথন যে-কেউ আদত, আমাদের ওই দলে যোগ না দিয়ে পারত না। একবার এক- যাকে বলে ঘোরতর বড়ো-- নাম বলব না-- শরীর দারাতে স্থীমারে এসে হাজির হলেন। ८ एए एक जामात मुथ खिकिया (शन। जिनागरक वननुम, 'अट जिनाग, এবারে বৃঝি আমাদের গান বন্ধ করে দিতে হয়। টপ্পা থেয়াল তো চলবে না আর ধর্মদংগীত ছাড়া।' স্বাই ভাবছি বনে, তাই তো। আমাদের হারমোনিয়ম দেখে তিনি বললেন, 'তোমাদের গানবাজনা হয় বুঝি ? তা চলুক-না, চলুক।' মাথা চুলকে বললুম, 'দে অন্ত ধরনের গান।' ডিনি বললেন, 'বেশ তো, তাই চলুক, চলুক-না।' ভয়ে ভয়ে গান আরম্ভ হল। দেথি তিনি বেশ খুশি মেজাজেই গান তুনছেন। তাঁর উৎদাহ দেখে আর আমাদের পায় কে — দেখতে দেখতে টপাটপ টপাটপ উল্লাভমে উঠল। ভাগ গানই নম্ব, নানারকম হৈ-চৈও করত্য, সুমত্ত প্রীমারটি সারেও থেকে মাঝিরা অবধি তাতে যোগ দিত। জেলেনোকো ডেকে ডেকে মাছ কেনা হত - ইলিশ মাছ, তপুদে মাছ। একদিন তাই রাখালি অনেকগুলি তপুদে

মাছ কিনে বাড়ি নিয়ে গেল। পরদিন জিজেদ করলুম, 'কী ভাই, কেমন খেলি তপ্দে মাছ ?' দে বললে, 'আর বোলো না দাদা, আমায় আছে! ঠকিয়ে দিয়েছে। তপু দে নয়, সব ভোলামাছ দিয়ে দিয়েছিল। ভোলামাছ দিয়ে ভুলিয়ে ठेकिए हिला। वामन मन एटरम नैंकि रम। एमरे नाथानि नन्त, 'अनमाना, তুমি যা করলে। দিল্লিতে মেডেল পেলে, খেতাব পেলে, ছবি এঁকে চিস্তিতে তোমার নাম উঠে গেল।' এতেই ভায়া আমার খলি। আমাদের স্বীদারষাত্রী-দের সেই দলটির নাম দিয়েছিলুম 'গঙ্গাঘাত্রী ক্লাব'। এই গঙ্গাঘাত্রী ক্লাবের জন্ম সীমাব কোম্পানির আয় পর্যন্ত বেডে গিয়েছিল। দপ্তরমত একটি বিরাট আড্ডা হয়ে উঠেছিল। একবার ডাবির লটারির টিকিট কেনা হল কাবের নামে। সকলে এক টাকা করে চাঁদা দিলম। টাকা পেলে ক্লাবের স্বাই সমান ভাগে ভাগ করে নেব। বৈকুঠবার প্রবীণ ব্যক্তি, তাঁকেই দেওয়া হল টাকাটা তলে। তিনি ঠিকমত টিকিট কিনে যা যা করবার সব ব্যবস্থা করলেন। ও দিকে রোজই একবার করে স্বাই জিজ্ঞেদ করি, 'বৈকুণ্ঠবাব, টিকিট কিনেছেন তে ঠিক १' তিনি বলেন, 'হাা, সব ঠিক আছে, ভেবো না। টাকাটা পেলে ঠিকমতই ভাগাভাগি হবে।' তা তো হবে, কিন্তু মুখে মুখে কথা দুব, লেখাপড়া তো হয় নি কিছুই। অবিনাশকে বলল্ম, 'অবিনাশ, এই তো ব্যাপার, কী हरत वरला रा १° व्यविनाम किल रहें कि का है। रलाक, भवनिन देवकुईवाव श्रीमारत আসতেই চেপে ধরলে, 'বৈকুঠবাবু, আপনাকে উইল করতে হবে।' 'উইল। দেকি ! কেন ?' 'কেন নয়, আপনাকে করতেই হবে।' বৈকুঠবার দারুণ ঘাবড়ে গেলেন- বুঝতে পারছেন না কিলের উইল। অবিনাশ বললে, 'টাকাটা পেলে শেষে যদি আপনি আমাদের না দেন বা মরে-টরে যান, টিকিট তো আপনার কাছে, তথন কী হবে ? আজই আপনাকে উইল করতে হবে।' বৈকুঠবাব হেদে বললেন, 'এই কথা ? তা বেশ তো, কাগজ কলম আনো।' তথনি কাগজ কলম জোগাড় করে বদল স্বাই গোল হয়ে। কী ভাবে লেথা যায়, উকিল চাই যে। উকিল ছিলেন একজন দেখানে— তিনিও গলাঘাত্রী ক্লাবের মেম্বার. ভিদপেপ দিয়ার ভূগে ভূগে কঞ্চালদার দেহ হয়েছে ভার। তাঁকেই চেপে धवा शिन, जिनि मुनाविषा कर्तालन— उँडेन रिजरि इन, 'शशायाजी क्रार्तित টিকিটে যে টাকা পাওয়া যাবে তা নিমুলিখিত ব্যক্তিগণ সমান ভাগে পাবে ও আমার অবর্তমানে আমার ভাগ আমার সহধর্মিণী শ্রীমতী অমুক পাবেন'

ব'লে নীচে বৈকুঠবাবু নাম मই করলেন। উইল তৈরি। কিছুদিন বাদে ডাবির খেলা শুরু হল। রোজই কাগজ দেখি আর বলি, 'ও বৈকুঠবাবু, ঘোড়া উঠল ?' জানি যে কিছুই হবে না, তবু রোজই সকলের ওই এক প্রশ্ন। একদিন এইরকম 'ও বৈকুঠবাবু, ঘোড়া উঠল' প্রশ্ন করতেই বৈকুঠবাবু টেচিয়ে উঠলেন, 'ঘোড়া উঠেছে, ঘোড়া উঠেছে, ওই দেখুন, সামনে!' চেয়ে দেখি বরানগরের পরামানিক ঘাটের কাছ বরাবর একজোড়া কালো ঘোড়া জল থেকে উঠছে। আন করাতে জলে নামিয়েছিল তাদের। অমনি রব উঠে গেল, আমাদের ঘোড়া উঠেছে, ঘোড়া উঠেছে। গলষাত্রীদের কপালে ঘোড়া ওই জল থেকেই উঠে রইল শেষ পর্যন্ত।

কী হুরস্তপনা করেছি তথন মা গন্ধার বকে। কত রকমের লোক দেখেছি, কত রকম ক্যারেক্টার সব। একদিন এক সাহেব এসে ঢুকল স্তীমারে। গঙ্গাপারের কোন মিলের সাহেব, লখাচাওড়া জোয়ান ছোকরা, হাতে টেনিদ ব্যাট, দেখেই মনে হয় সভা এসেছে বিলেত থেকে। সাহেব দেখেই তো আমরা যে যার পা ছড়িয়ে গন্তীর ভাবে বদলুম সবাই, মুখে চুরুট ধরিয়ে। সাহেব চুকে এ দিক ও দিক তাকাতেই সেই ডিসপেপ টিক উকিল তাড়াতাড়ি তাঁর জায়গা ছেড়ে উঠে দাঁড়ালেন। সাহেব বদে পড়ল দেখানে। আড়ে আড়ে দেখলুম, এমন রাগ হল দেই উকিলের উপর। সঙ্গে সংস্কে সাহেবের চাপরাসিও এসে জায়গার জন্ম ঠেলাঠেলি করতে লাগল ফার্স্ট ক্লাসের টিকিট হাতে নিয়ে— টিকিট আছে-তো এখানে সে বসবে না কেন ? অবিনাশ তো উঠল কথে, বললে, 'ফাস্ট ক্লাসের টিকিট আছে তো নীচে যা, দেখানে কেবিনে বোদ গিয়ে — এখানে আমাদের সমান হয়ে বদবি কি ?' ব'লে জামার হাতা গুটোতে লাগল। দেখি একটা গোলযোগ বাধবার জোগাড়। গোলযোগ ভনে সাহেবও উঠে দাঁড়িয়েছে, বুঝতে পারছে না কিছু। সাহেবকে বলনুম, 'চাপরাদিকে এখানে ঢুকিয়েছ কেন, তাকে পিছনে যেতে বলো।' বিলিতি সাহেব, এ দেশের হালচাল জানে না, ব্যাপারটা বুঝে চাপরাসিকে পিছনে পাঠিয়ে দিলে। সাহেবটি লোক ছিল ভালো। খানিক বাদে সে নেমে গেল চাপরাসিকে নিয়ে। উকিলকে বললুম, 'নাহেৰ ভোমায় কী জিজ্ঞেদ করছিল হে ?' দে বললে, 'দাহেব জানতে চাইলে তুমি কে।' বললুম, 'নাম দিয়ে দিলে বৃঝি ?' সে বললে, হাা।' বললুম, 'বেশ করেছ, এত লোক থাকতে তুমি আমারই নাম দিতে গেলে কেন? এবার আমার নামে কেস্ ক্ষরলেই মারা পড়েছি।' চিরকালের ভীতু আমি, ভয় পেয়েছিল্ম বৈকি -একটু।

'পথে-বিপথে'র জাহাজী গলগুলি আমি তথনই লিখি। গ্রীমারের সেই-সব ক্যারেক্টারই গেঁথে গেঁথে দিয়েছি তাতে। অনেক দিন বাদে ভাত্তের ভরা গঙ্গার ছবি এ কৈছিল্ম ত্-চারখানি। এক্জিবিশনে দিয়েছিল্ম, কোথায় গেল তা কে জানে। একখানি মনে আছে, কমানিয়ার রাজা নিলেন। গঙ্গার ছবি ক্মানিয়ার রাজা নিয়ে চলে গেলেন, দেশী লোকের নজরই পড়ল না তাতে অথচ 'মা গঙ্গা' 'মা গঙ্গা' বলে আমরা চেঁচিয়ে আভড়াই খুব— বন্দ্য মাতা স্বরধুনী, পুরাণে মহিমা শুনি, পতিতপাবনী পুরাতনী! আর ডুব দিয়ে দিয়ে উঠি আমাদের সেই ভাবির বোডা ওঠার মতন।

59

ছবি আঁকা শিখতে কদিন লাগে? বেশি দিন না, ছ মাস, আমি 'শিখিয়েছিও তাই। ছ মাসে আমি আর্টিস্ট তৈরি করে দিয়েছি। এর বেশি সময় লাগা উচিত নয়। এরই মধ্যে যাদের হবার হয়ে যায়— আর যাদের হবে না তাবের বাড়ি ফিরে যাওয়া উচিত। গ্যা, মানি যে ভিম ফুটে বাচচা বের হতে একটা নির্ধারিক সমন্ত্র লাগে— তার পরে, ব্যস, উড়ে যাও, হাঁদের বাচচা -হও তো জলে ভালো। ছবি আঁকবে তুমি নিজে, মান্টারমশায় ভার ভল ঠিক করে দেখেন কী ? তুমি খেরকম গাছের ডাল দেখেছ তাই এঁকেছ। মান্টার-মশায়ের মতন ভাল আঁকতে বাবে কেন ? তরকারিতে হুন বেশি হয়. ফেলে 'দিয়ে আবার রানা করো; পায়েদে মিষ্টি কম হয়, মিষ্টি আরো দাও। ছবিতেও ভুল হয়- ফেলে দিয়ে আবার নতুন ছবি আঁকো। বারে বারে একই বিষয় নিয়ে আঁকো। আমি হলে তো ভাই করতুম। ছবিতে আবার ভুল শুধরে দিয়ে জোড়াতাড়া দেওয়া ও কিরকম শেখানো। দরকার হয়, আর-একটু হুন দিতে পারো। দরকার হয়, একট চিনি ভাও দিতে পারো। কিছু গাড়ের ভালটা এমনি হবে, পা'টা এমনি করে আঁকতে হবে, এরক্ম করে শেখাবার আমি মোটেই পক্ষপাতী নই। আমি নন্দলালদের অমনি করেই শিথিয়েছি। তবে ছাত্রকে সাহস দিতে হয়। ভাদের বলতে হয়, এঁকে যাও, কিছু এ দিক ও দিক হয় তো আমি আছি।

এই কথাই বলেছিলেন রবিকাকা আমার লেখার বেলায়। একদিন আমায় উনি বললেন, 'তুমি লেখো-না, ষেমন করে তুমি মুখে গল্প কর তেমনি করেই লেখা।' আমি ভাবলুম, বাপ রে, লেখা— দে আমার ছারা কম্দিন্কালেও হবে না। উনি বললেন, 'তুমি লেখোই-না; ভাষায় কিছু দোষ হয় আমিই তো আছি।' দেই কথাতেই মনে জার পেলুম। একদিন সাহদ করে বদে গেলুম লিখতে। লিখলুম এক বোঁকে একদন শকুন্তলা বইখানা। লিখে নিয়ে গেলুম রবিকাকার কাছে, পড়লেন আগাগোড়া বইখানা, ভালো করেই পড়লেন। তথু একটি কথা 'পললের জল' ওই একটিমাত্র কথা লিখেছিলেম সংস্কৃতে। কথাটা কাটতে গিয়ে 'না থাক্' বলে রেখে দিলেন। আমি ভাবলুম, যাং! দেই প্রথম জানলুম, আমার বাংলা বই লেখার ক্ষমতা আছে। এত যে অজ্ঞতার ভিতরে ছিলুম, তা থেকে বাইরে বেরিয়ে এলুম। মনে বড়ো ফুতি হল, নিজের উপর মন্ড বিশ্বান এল। তার পর পটাণট করে লিখে বতে লাগলুম— ক্লারের পুতুল, রাজকাহিনী, ইত্যাদি। দেই-যে উনি দেদিন বলেছিলেন 'ভয় কী, আমিই তো আছি' দেই জোমেই আমার গল লেখার দিকটা খুলে গেল।

কিন্তু আমার ছবির বেলায় তা হয় নি— বিফলতার পর বিফলতা। তাই তে এদের বলি, শেখা জিনিদটা কী ? কিছুই না, কেবলই মনে হবে কিছুই হল না। আমার সেই হৃংথের কথাটাই বলি। শেখা, ও কি দহজ জিনিদ ? কী কই করে যে আমি ছবি আঁকা শিথেছি! তোমাদের মতন নয়, দিব্যি আরামের ঘর, কয়েক ঘন্টা গিয়ে বদল্ম, কিছু করল্ম, মাটারমশায় এমে ভুলটুল ভধরে দিয়ে গেলেন। আর্টিট চিরদিনই শিখছে, আমার এখনো বছরের পর বছর শেখাই চলছে। যদিও ছেলেবেলা থেকেই আমার শিল্লীজীবনের ভক্ত, কিন্তু কী করে কী ভাবে তা এল আমি নিজেই জানি নে। সাদা সেন্ট জেভিয়ারে রীতিমত ছবি আঁকা শিখতেন, ছবি এ কৈ প্রস্কারও পেয়েছিলেন। সত্যাদা হরিনারায়ণবাবুর কাছে বাড়িতে তেলরঙের ছবি আঁকতেন, দাদাকেও হরিবাবু শেখাতেন। মেজদা, নিফদা, আমার পিদতুত ভাই, তারও শথ ছিল ঘড়ি মেরামতের আর হাতির দাঁতের উপর কাজ করবার। এক তলার ঘরে বসে তিনি হাতির দাঁতে ছবি আঁকতেন; এক দিলিওরালা আসত তাকে শেখাতে। মায়ে মায়ে সেখানে গিয়ে উকির্টিক দিতুস, ভারি ভালো লাগত। হিন্দুমেলায় ফে দিলির মিনিয়েচার দেখেছিল্ম

এই লোকটিই দেখিয়েছিল তা। সেও চোথ ভ্লিয়েছিল তথন। সেই সমক্ষে আঁকতে জানতুম না তো দেরকম কিছু, তবে রঙ নিয়ে খাঁটাখাঁটি করতুম ;ইচ্ছে করত আমিও রঙ তুলি দিয়ে এটা এটা আঁকি। আঁকার ইচ্ছে ছোটো-বেলা থেকেই জেগছিল। এর বহুকাল পরে বড়ো হয়েছি. বিয়ে হয়েছে, বড়ো মেয়ে জয়েছে, দেই সময় একদিন থেয়াল হল 'স্প্প্রমাণ'টা চিত্রিত করা যাক। এর আগে ইজ্লে পড়ভেও কিছু কিছু আঁকা অভ্যেস ছিল। সংস্কৃত কলেক্ষে অহুক্ল আমায় লক্ষা দরস্বতী আঁকা শিগিয়েছিল। বলতে গেলে সেই-ই' আমার প্রথম শিল্পশিকার মান্টার, হুবুপাত করিয়ে দিয়েছিল ছবি আঁকার।

তা, স্প্পপ্রয়াণে ছবি আঁকবার যখন খেয়াল হল তখন আমি ছবি আঁকায়-একট্-একট্ পেকেছি। কী করে যে পাকলম মনে নেই, তবে নিজের ক্ষমতা। জাহির করার চেষ্টা আরম্ভ হল স্বপ্নপ্রয়াণ থেকে। 'স্বপন-রমণী আইল সমনি, নিঃশব্দে যেমন সন্ধ্যা করে পদার্পণ এমনি সব ছবি, তথন সভ্যি যেন 'থুলে দিলা মনোমন্দিরের চাবি'। ছবিথানি 'দাধন।' কাগজে বেরিয়েছিল। ঘাই হোক, স্থপ্পপ্রয়াণটা তে। অনেকথানি ওঁকে ফেললুম। মেজোমা আমাদের উৎসাহ-দিতেন। 'বালক' কাগজের জন্ম লিথোগ্রাফ প্রেস করে দিলেন তাঁর বাড়িতে। যার যা-কিছু আঁকার শথ, লেগার শথ ছিল, মায় রবিকা-স্থদ্ধ, স্বাই তাঁর কাছে-যেতুম। মেজোমা আমার স্বপ্পথাণের ছবি গুলো দেখে ধরে বদলেন, 'অবন, ভোমাকে রীতিমত ছবি আঁকা শিখতে হবে।' উনিই ধরে বেঁধে শিল্পকাঞ্চে লাগিয়ে দিলেন। আমারও ইচ্ছে হল ছবি আঁকা শিখতে হবে। তথক-ইউরোপীয়ান আট ছাড়া গতি ছিল না। ভারতীয় শিল্লের দামও জানত না কেউ। গিলাভি মার্টস্কলের ভাইদ-প্রিশিশাল, ইটালিয়ান আটিন্ট- মেজোমা কুমুদ চৌধুরীকে বললেন, 'তুমি অবনকে নিয়ে তাঁর সঙ্গে পরিচয় করিয়ে দাও, আর শেখার বন্দোবন্তও করো।' মাকে জিজেদ করলুম। মা বললেন, 'কোনো কাজ তে। করছিদ নে, ক্ষল ছেড়ে দিয়েছিদ, তা শেখ-না। একটা কিছ: নিয়ে থাকবি, ভালোই ভো।' ব্যবস্থা হল, এক-একটা lesson এর জন্মে কুড়ি টাকা দিতে হবে, মালে তিন-চারটে পাঠ দিতেন তার বাড়িতেই। খুব যত্ন করেই শেখাতেন আমায়। তাঁর কাছে পাছ ভালপাতা এই-সব আঁকতে শিথলম। প্যাস্টেলের কাজও তিনি ষ্মু করে শেখালেন। তেলরত্বের কাজ, প্রতিকৃতি আঁকা, এই পর্যন্ত উঠলুম দেখানে। ছবিশেথার হাতেগড়ি হল

নেই ইটালিয়ান মান্টারের কাছে। কিছুদিন যায়, দেখি তাঁর কাছে হাতেখড়িব পর বিতে থার এগোয় না। তেলরঙের কাজ যখন আরম্ভ করল্ম, দেখি ইটালিয়ান ধরনে আর চলে না। বাঁধা গতের মতো তুলি দিয়ে ধীরে ধীরে আঁকা, দে আর পোষালো না। আগে গাছপালা আঁকার মধ্যে তব্ কিছু আনন্দ পেতুম। কিছু ধরে ধরে আর্টস্কলের রীভিতে তুলি টানা আর রঙ মেলানো, তা আর কিছুতেই পেরে উঠল্ম না। ছ মাদের মধ্যেই স্টুডিয়োর সমন্ত শিক্ষা শেব করে সরে পড়লুম।

সেই দমত্বে রবিকার চেহারা আমি অনেক এঁকেছি, ভালোকরে শিবেছিলুম প্যাণ্টেল ডুইং। নিজের স্টুডিয়োতে যাকে পেতুম ধরে ধরে প্যান্টেল আঁকতুম। অক্ষরবার, মতিবার, সবার ছবি করেছি, মহযির পর্যন্ত । এই করে করে পোট্রেটি হাত পাকালুম। রবিকাকেও প্যান্টেলে আঁকলুম, জগদীশবার সেটি নিয়ে নিলেন।

দেই সময়ে রবিবর্মা আমাদের বাড়িতে এসেছিলেন। তথন আমি নতুন আর্টিন্ট — তিনি আমার কাঁডিয়োতে আমার কান্ধ দেখে থুব থুশি হয়েছিলেন। বলেছিলেন, ছবির দিকে এর ভবিখং ধুব উজ্জল। আমি কোধায়া বেরিয়ে গিয়েছিল্ম, বাড়িতে ছিলুম না, ফিরে এনে শুনলুম বাড়িরা লোকের মুখে।

প্যান্টেলে হাত পাকল; মনও বেগড়াতে আরম্ভ করল, শুধু প্যান্টেল আর ভালো লাগে না। ভাবলুম, ভালো করে অয়েলপেন্টিং শিথতে হবে। ধরলুম এক ইংরেজ আর্টিন্টকে। নাম দি. এল. পামার। তাঁর কাছে ঘাই, প্রদা থরচ করে থাদ বিলেতি গোরা মডেল আনি, মাতুষ আঁকতে শিখি। একদিন এক গোরাকে নিয়ে এল আমার চাপরাদি দ্বীডিয়োতে মডেল হ্বার জক্তে। দে এদেই তড়বড় করে তার গায়ের জামা সব কটা খুলে প্যাণ্টও থুলতে যায়। टেँচিয়ে উঠলুম, 'হাঁ হাঁ, কর को। প্যাণ্ট তোমার আর খুলতে হবে না।' शान्ते थुलरवहे रम ; वरल, 'छ। महेरल एडायता आयारक कम होका (मरव।' भागांद्रक वलन्य, 'मारहव, जुनि वृत्तिरह वरला, ठाका ठिकहे राव । भागे राम ना थूल दक्त, अत थानि गा'हे यत्थहे।' नात्ह्व (भाष जातक वृजित्य भाख করে। আর একবার এক অ্যাংলো-ইণ্ডিয়ান মেম এল মডেল হতে, তার পোটে ট আঁকলুম। মেম তা দেখে টাকার বদলে সেই ছবিথানাই চেয়ে वमान ; वनान, 'आमि होका हाई तन, अहे ছविथाना आमातक निष्ठहे हात, महेरत न एव ना वधान (थरक।' जामि (छ। छावनाव भएनम, की कति। সাহেব বললে, 'তা বৈকি, ছবি দিতে পারবে না ওকে।' ব'লে দিলেন ছই ধমক লাগিয়ে; মেম তথন স্বভৃত্বভূ করে নেমে গেল নীচে। এইরকম আর কিছুদিনের মধ্যেই ওঁদের আর্টের তৈলচিত্রের করণ-কৌশলটা তো শিথলাম ; তথন একদিন সাহেব মান্টার একটা মডেলের কোমর পর্যন্ত আঁকতে দিলেন। বললেন, 'এক দিটিঙে তু ঘণ্টার মধ্যে ছবিখানা শেষ করতে হবে ।' দিলুম শেষ করে। সাহের বললেন, 'চমৎকার উৎরে গেছে— passed with credit।' आमि वनन्म, 'তা তো হল, এখন আদি করব की क्ष' সাহেব বললেন, 'আমার যা শেখাবার তা আমি তোমার শিথিয়ে কিয়েছি ৷ এবারে তোমার অ্যানটেমি স্টাভি করা দরকার।' এই বলে একটি মড়ার মাথা আঁকতে দিলেন। সেটা দেখেই আমার মনে হল যেন কী একটা রোগের বীজ আমার দিকে হাওয়ায় ভেসে আসছে। সাহেবকে বললুম, 'আমার বেন কিরকম মনে হচ্ছে।' সাহেব বললেন, 'No. you must do it- তোমাকে

এটা করতেই হবে। নারাক্ষণ গা ঘিনঘিন করতে লাগল। কোনো রকমে শেষ করে দিয়ে যথন ফিরলুম তথন ১০৬ ডিগ্রি জর।

সন্ধেবেলা জ্ঞান হতে দেখি, ঘরের বাতিগুলো নিবন্ত প্রদীপের মতো মিটমিট করছে। মা জিজ্ঞেদ করলেন, 'কী হয়েছিল।' মাকে মড়ার মাথার ঘটনা বললুম। মা তথনকার মতো ছবি আঁকা আমার বন্ধ করে দিলেন: বললেন, 'কাজ নেই আর ছবি আঁকায়।' তথন আমার কিছুকালের জন্ম চবি আঁকা বন্ধ ছিল। তার পরে একজন ফ্রেঞ্চ পড়াবার মান্টার এলেন আমাদের জন্তু, নাম তাঁর হ্যামারগ্রেন। রামমোহন রায়ের নাম শুনে তাঁর দেশ নরওয়ে থেকে হেঁটে এ দেশে উপস্থিত হয়েছিলেন। তাঁর কাছে একটু-একট ফ্রেঞ প্রতুম, তিনি থুব ভালো পড়াতেন। কিন্তু পড়ার সময়ে খাতার মাজিনে তাঁর নাক মুথের ছবিই আঁকতুম বদে বদে। তাই আর আমার ফ্রেঞ্চ পড়া এগোল না। এ দেশেই তিনি মারা যান। মারা যাবার পরে আমার খাতার শেই নোটগুলো দেখে পরে তাঁর ছবি আঁকি। বছদিন পরে দেদিন রবিকাকা বললেন যে নর ওয়েতে তাঁর মিউজিয়াম হচ্ছে, যদি তোমার কাছে তাঁর ছবি থাকে তবে তারা চাচ্ছে। তাঁর চেহারা কারো কাছে ছিল না। আমি পুরাতন বাকু খঁজে দেই ছবি বের করে পাঠাই, তাঁর আত্মীয়ন্বজন খব খুশি হয়ে আমাকে চিঠি দিয়েছিলেন। ভাগািদ তাঁর চেহারা নােট করে রেখেছিলম।

যাক ও কথা। তেলরঙ ভো হল। এবার জলরঙের কাজ শেথবার ইচ্ছে। মাকে বলে আবার তাঁর কাছেই ভরতি হলুম। এথন ল্যাওরেপ আর্টিন্ট হয়ে, যাজে 'ইজেল', বগলে রঙের বাক্স নিয়ে ঘ্রে বেড়াতে লাগলুম। কিন্তু কতকাল চলবে আর এমনি করে ? তবু ম্দেরের ও দিকে ঘ্রে ঘ্রে অনেকগুলি দুশু এঁকেছিলুম।

কিছুদিন তো চলল এমনি করে, মন আর তরে না। ছবি তো এঁকে যাছি, কিছু মন ভরছে কই ? কী করি ভাবছি, রোজই ভাবি কী করা যায়।
এ দিকে ফুডিয়ো হয়ে উঠল তামাক থাবার আর দিবানিলার আজ্ঞা। এমন
সময়ে এক ঘটনা। ভনতেম আমার ছোটোদাদামশায়ের চেহারা অভি ফলর
ছিল, কিছু আমাদের কাছে তাঁর একথানাও ছবি ছিল না। আমি তাঁর
ছবির জন্ম থোঁরথবর করছিলুম নানা ছারগায়। তথন বিলেত থেকে এক-

মেম মিদেদ মার্টিনভেল খবর পেয়ে লিখলেন, 'তুমি তাঁরই নাতি ? বড়ো খুশি হলুম। তাঁর দক্ষে আমার বড়ো ভাব ছিল। তোমার বিয়েগাওয়া হয়েছে ? তোমার মেয়ের জন্ম আমি একটা পুতুল পাঠাছিছ।' ব'লে প্রকাণ্ড একটা বিলিভি ডল নেলিকে পাঠিয়ে দিলেন। তিনি তথন খুবই বুড়ো হয়ে গিয়েছিলেন, কিন্তু কিরকম আশ্চর্য তাঁর মন ছিল; কোন কালে আমার -ছোটোদাদামশায়ের দঙ্গে তাঁর ভাব ছিল, দেই স্থত্তে আমাকে না দেখেও তিনি মগেন্দ্রনাথ ঠাকুরের নাতি বলেই ক্ষেহ করতে চাইতেন। তিনি বিলেত থেকে লিখলেন, 'তোমার আর্টের দিকে ঝোঁক আছে-- আমিও এ ফট্-আধট্ আঁকতে পারি। বলো তোমার জন্ত আমি কিছু করতে পারি কি না।' তিনি আরো লিখলেন, 'তুমি খদি কিছু দাও তো চার দিকে ইলুমিনেট করিয়ে দিতে পারি।' বইয়ের লেখার চার দিকে নকশা খব পুরোনো আর্ট ওঁদের, তাই একটা এঁকে পাঠাবেন। ভাবলুম, তা মন্দ নয় তো। তিনি বলেছিলেন, 'আমি গরিব, এজন্ত কিছু দিতে হবে।' পাঠিয়েছিলুম কিছু, দশ কি বারো পাউও মনে নেই ঠিক। আইরিশ মেলভিজের কবিতা ছোটোদাদামশায়ের বড়ে। প্রিয় জিনিস ছিল। ভাবলুম, দেটাই যত্ন করে রাখবার বস্ত হয়ে আহক। কিছুকাল বালে তিনি পাঠিয়ে দিলেন দশ-বারোখানা বেশ বড়ো বড়ো ছবি— দে কী স্থানর, কী বলব তোমায়। থ হয়ে গেলুম ছবি দেখে।

আবার হবি তো হ দেই সময়ে আমার ভগ্নীপতি শেষেক্স, প্রতিমার বাবা,
একখানা পাশিয়ান ছবির বই দিলির— আমাকে বক্শিশ দিলেন। রবিকাকাও
আবার সে সময়ে রবিবর্মার ছবির কতকগুলি কোটো আমাকে দিলেন।
তথন রবিবর্মার ছবিই ছিল কিনা ভারতীয় চিত্রের আদর্শ। ঘাই হোক, তথন
সেই আইরিশ মেলভির ছবি ও দিলির ইল্রমভার নকশা যেন আমার চোথ
খুলে দিল। এক দিকে আমার পুরাতন ইউরোপীয়ান আটের নিদর্শন ও
আর-এক দিকে এ দেশের পুরাতন চিত্রের নিদর্শন। হুই দিকের হুই পুরাতন
চিত্রকলার গোড়াকার কথা একই। সে যে আমার কী আনন্দ। সেই সময়ে
ভারতীতে আমার ওই ইল্রমভার বইবানির বর্ণনা দিয়ে 'দ্লির চিত্রশালিকা'
ব'লে বলেল্রনাথ ঠাকুর প্রবন্ধ লিথেছিলেন; চার দিকে তথন একটা সাড়া
শত্তে গিয়েছিল।

যাক, ভারতশিল্পের তো একটা উদ্দিশ পেলুম। এখন শুরু করা যাবে কী

করে কাজ ? তথন এক তলার বড়ো ঘরটাতে এক ধারে চলেছে বিলিয়ার্ড থেলার হো হো, এক ধারে আমি বদেছি রঙ তুলি নিয়ে আঁকতে। দেশের শিল্পের রাজা তো পেক্ষে গেছি, এখন আঁকব কী ? রবিকাকা আমায় বললেন, বৈষ্ণব পদাবলী পড়ে ছবি আঁকতে। রবিকাকা আমাকে এই পর্যন্ত বাংলে দিলেন যে চণ্ডীদাদ বিভাপতির কবিতাকে রূপ দিতে হবে। লেগে গেল্ম পদাবলী পড়তে। প্রথম ছবি করি ভারতীয় পদ্ধতিতে গোবিন্দদাসের দ্ব-লাইন কবিতা—

পৌথলী রজনী প্রন বহে মন্দ চৌদিশে হিমকর, হিম করু বন্দ।

এ ছবিটা এখনো আমার কাছেই বাকাবন্ধ। সেই আমার প্রথম দেশী ধরনের ছবি 'শুক্লাভিদার'। কিন্তু দেশী রাধিকা হল না, সে হল যেন মেমদাহেবকে শাভি পরিয়ে শীতের রাত্তিরে ছেড়ে দিয়েছি। বড়ো মৃষড়ে গেলুম-নাঃ, ও हरत ना, रमनी टिक्निक निथरण हरत। जथन जावरे मिरक खाँक मिनुम। ছবিতে সোনাও লাগাতে হবে। তথনকার দিনে রাজেন্দ্র মল্লিকের বাড়িতে এক মিস্ত্রি ফ্রেমের কাজ করে। লোকটির নাম পবন, আমার নাম অবন। ভাকে ডেকে বলনুম, 'ওহে ভাঙাত, প্রনে অরনে মিলে গেছে, শিথিয়ে দাও এবারে সোনা লাগায় কী করে।' সে বললে, 'সেকি বাব, আপনি ও কাঞ্চ नित्थ को कत्रत्वम ? आभारक वलत्वम आभि करत त्वव।' 'ना दर, आभात ছবিতে দোনা লাগাব; আমাকে শিথিয়ে দাও।' শিথলাম তার কাছে কী করে সোনা লাগাতে হয়। সবরক্ম টেকৃনিক তো শেখা হল, তার পর আমাকে পায় কে? বৈষ্ণব পদাবলীর এক সেট ছবি সোনার রূপোর তবক ধরিয়ে এঁকে ফেললুম। তার পর 'বেতালপঞ্বিংশতি' আঁকতে শুরু করলুম। দেই পদাবতী পদাফুল নিমে বসে আছে, রাজপুত্র গাছের ফাঁক দিয়ে উকি মারছে আর অক্তগুলিও। যাক, রান্তা পেলুম, চলতেও শিথলুম, এখন হু ছ করে এগোতে হবে। তথন এক-একথানি করে বই ধরছি আরু কুড়ি-পটিশথানা করে ছবি এ কৈ যাছি। তাই যখন হল, কিছুকাল গেল এমনি।

ভথন কি আর ছবির জন্ত ভাবি ? চোধ বুজলেই ছবি আমি দেখতে পাই— তার রূপ, তার রেখা, মায় প্রত্যেক রঙের শেড পর্যন্ত। তথন যে আমার কী অবস্থা বোঝাব কী তোমায়। ছবিতে আমার তথন মনপ্রাণ ভরপুর, হাত লাগাতেই এক-একথানা ছবি হয়ে যাছে।

হু হু করে ছবি হতে লাগল। কৃষ্ণচরিত্র, বুদ্ধচরিত্র, বেতালপঞ্ধিংশতি, ইত্যাদি। নীচের তলার দালানটাতে বসে মশগুল হয়ে ছবি আঁকতুম। আমি যথন ক্ষেত্র ছবি আঁক্ছি তথন শিশির ঘোষ মশায় ছিলেন প্রম বৈষ্ণব। একদিন তিনি এলেন রুঞ্চের ছবি দেখতে। আমি নীচের তলার ঘরটিতে ব**সে** নিবিষ্টমনে ছবি আঁকছি, মুথ তুলে দেখি দরজার পাশে একটি অচেনা মুখ উকিঝু কি মারছে। আমি বললাম, 'কে হে।' তিনি বললেন, 'আমি শিশির ঘোষ। তুমি কুফের ছবি আঁকছ তাই শুনে দেখতে এলম।' আমি তাড়াতাড়ি উঠে 'আম্বন আম্বন' বলে তাঁকে ঘরে এনে ভালো করে বদিয়ে ছবিগুলি সব এক এক করে দেখাতে লাগলম। তিনি সবগুলি দেখলেন, শেষে হেসে বললেন, 'হুঁ, কী এঁকেছ তুমি ? এ কি রাধাকুফের ছবি ? লখা লখা সরু সরু হাত পা বেন কাটখোট্টাই- এই কি গড়ন ? রাধার হাত হবে নিটোল, নধর তাঁর শরীর। জান না তাঁর রূপবর্ণনা ?' এই বলে তিনি চলে গেলেন। আমি থানিকক্ষণ হতভন্ন হয়ে রইলম, কিছু তাঁর কথায় মনে কোনো দাগ কাটল না। ছবি করে যেতে লাগলুম। তখন আমি বিলিতি ছবির কাগজ পড়িও না, দেখিও না, ভয় পাছে বিলিতি আর্টের ছোঁয়াচ লাগে। গান বাজনা আর ছবি নিয়ে মেতে ছিলুম। দিনরাত কেবল এলরাজ বাজাই, ছবি আঁকি।

সেই সময়ে কলকাতায় লাগল প্রেগ। চার দিকে মহামারী চলছে, ঘরে ঘরে লোক মরে শেষ হয়ে ধাছে। রবিকাকা এবং আমরা এ বাড়ির স্বাই মিলে চাদা তুলে প্রেগ হাসপাতাল খুলেছি, চুন বিলি করছি। রবিকাকা ও সিফার নিবেদিতা পাড়ায় পাড়ায় ইন্দপেক্শনে যেতেন। নার্স ডাক্তার সব রাখা হয়েছিল। সেই প্রেগ লাগল আমারও মনে। ছবি আঁকার দিকে নাংখ্যে আরো গানবাজনায় মন দিলুম। চারি দিকে প্রেগ আর আমি বসে বাজনা বাজাই। হবি তো হ, সেই প্রেগ এসে চুকল আমারই ঘরে। আমার ছোট মেয়েটাকে নিয়ে গেল। ফুলের মতন মেয়েটি ছিল্বড়ো আদরের। আমার মা বলতেন, 'এই মেয়েটই অবনের সব চেয়ে স্করের।' ন-দশ বছরের মেয়েটি আমার টুক করে চলে পেল; বুকটা ভেঙে গেল। কিছুতেই আর মন যায় না। এ বাড়ি ছেড়ে চৌরদিতে একটা বাড়িতে আমারা পালিয়ে গেল্ম। সেখানে

থাকি, একটা টিয়েপাথি কিনলুম, তাকে ছোলা ছাতৃ থাওয়াই, মেয়ের মাও থাওয়ায়। পাথিটাকে বুলি শেখাই। তুঃথ ভোলাবার দাথি হল পাথির ছানাটা; নাম দিলেম তার চঞ্চু, মায়ের কোলছাড়া টিয়াপাথির ছানা।

দে সময়ে ঘুড়ি ওড়াবারও একটা নেশা চেপেছিল। পাশের বাভির মিসেদ হায়ার বলে এক বুড়ি ইভূদি মেমদাহেবের দঙ্গে আলাপ হল। আমাকে খুব যত্ন করতেন, কতরকম রান্না করে থাওয়াতেন। তাঁর স্থন্দর একটি বাগান ছিল; ছাগলের জন্ত দিব্য বেডা দিয়ে ঘেরা পাহাড। খব বডো ঘরের সেকেলে ইছদি পরিবার। মায়ের দঙ্গে বুড়ি ইছদি মেমের কথা হত; মাঝে মাঝে আমার জন্মে ভালো স্বৰ্গন্ধি তামাকও পাঠাত। সেধানে তো এমনি করে আমার দিন যাচ্ছে। সে সময়ে মেজোমার কাছে যাওয়া-আদাতে হ্যাভেল সাহেবের সঙ্গে আলাপ হয়। একদিন মেজোমা আমাকে ধরে বসলেন, 'তোমাকে আর্টকুলে থেতে হবে। হ্যাভেল তোমাকে ভাইদ-প্রিন্দিপাল করতে চান।' আমার তখন কি কাজকর্ম করবার মতো অবস্থা? আমি সাহেবকে বলল্ম সে কথা। তিনি আমার জ্যেষ্ঠের মতন ছিলেন। তিনি আমাকে বললেন, 'তুমি করছ की? You do your work - your work is your only medicine. তুমি তোমার কাল করো, কালই তোমার ওয়ধ।' তাঁকে চিরকাল গুল বলে শ্রদ্ধা করেছি, জ্যোষ্ঠের মতে। ভক্তি করেছি কি দাধে ? তিনিও আমাকে collaborator, সহক্ষী, বলে ডাকতেন আদর করে। কথনো চেলাও বলেছেন। ছোটো ভাইয়ের মতো ভালোবাসতেন। আমি নন্দলালকে যতথানি ভালোবাসি তার বেশি তিনি আমাকে ভালোবাসতেন।

সে তো গেল, কিন্তু আমি চাকরি করব কী ? ঠিক সময়ে হাজিরা দিওে হবে , এ দিকে দিনে সাতবার করে তামাক থাওয়া আমার অভ্যাস, তার উপরে শরীর তথন থারাপ। মাকে বললুম, 'সে আমি পারব না মা, তুমি যা হয় বলো দাহেবক।' সাহেব ইংরেজের বাচচা, নাছোড়বালা। বলে পাঠালেন মাকে, 'তোমার ছেলের সব ভার আমার। তার হথবাচ্ছল্যের কোনো অভাব হবে না। গুপুরে আমি তার থাওয়ার ভার নিলাম, তামাক সে যতবার ইচ্ছে খাবে। আমি বলছি আমি তার শরীর ভালো করে দেব।' কিছুভেই ছাড়ে না, আমাকে রাজি হতেই হল। কিন্তু ভয় হল আমি শেখব কী ? নিজেই বা কী ভানি। সাহেব তাতেও বললেন, 'সে আমি দেখব'খন। তোমার কিছু ভাবতে হবে

না। তুমি শুধু নিজের কাজ করে ধাবে। তুমি কত টাকা নাসে চাও বলো।' আমি বলন্ম, 'দে আর আমি কী বলব সাহেব, সবই তো তুমি জান, এও তুমিই জানবে। কী দেবে না-দেবে দেও তোমার ইচ্ছা, আমি চাই নে কিছুই।' সাহেব বললেন, 'আচ্ছা, তোমাকে আমি ভাইস-প্রিন্সিণাল করে দিলাম। তুমি এখন মাসে তিনশো টাকা করে পাবে।'

বেতে শুরু করে দিলাম সকাল-সকাল চারটি ভাত থেয়ে। প্রথম দিন গিয়ে তা আপিন-ঘরে চুকে ম্যুড়ে গেলুম— আমি তো আপিসের কাজ বলতে কিছুই জানি না। সাহেব বললেন, 'কে বলে তোমার ও-সব কাজ করতে হবে ? তার জরের হেডরার্ক আছে। তারা সব দেখবে আপিসের কাজ। তুমি তোমার কাজ করে যাও। চলো, তোমাকে আট গ্যালারি দেখিয়ে নিমে আদি।' আমাকে নিয়ে গেলেন আট গ্যালারি দেখাত। আমি আর সাহেব চলেছি, আগে-পিছে চাগরাদি মন্ত হাতগাথা নিয়ে হাওয়া করতে করতে যাছে। বাদশাহি চালে চলেছি বড়োসাহেবের আট গ্যালারি দেখতে। সাহেব চাপরাদিকে বললেন পদা সরাতে। ভারি তো আট গ্যালারি, তার আবার পদা সরাজ— এখন ভাবলে হাদি পায়। ছ-তিনথানা মোগল ছবি, আর ছ-একথানা পাশিয়ান ছবি, এই খান চার-পাঁচ ছবি নিয়ে তখন আট গ্যালারি। পদা তো সরানো হল। একটি বকণাথির ছবি, ছোটোই ছবিখানা, মন দিয়ে দেখছি, সাহেব পিছনে দাড়িয়ে বুকে হাত দিয়ে। আমাকে বললেন, 'এই নাও, এটি দিয়ে দেখে।' ব'লে বুক-পকেট থেকে একটি আতদী কাচ বের করে দিলেন।

সেই কাচটি পরে আর আমি হাতছাড়া করি নি। বছকাল সেটি আমার জামার বুক-প্কেটে ঘুরেছে। আমি নন্দলালদের বলতুম, এটি আমার দিব্যচক্ষণ দেই কাচ চোথের কাছে ধরে বকের ছবিটি দেখতে লাগলুম। ওমা, কী দেখি! এ তো সামান্ত একট্রখানি বকের ছবি নয়, এ যে আন্ত একটি জ্যান্ত বক এনে বসিয়ে দিয়েছে! কাচের ভিতর দিয়ে দেখি, তার প্রভিটি পালকে কী কাছ! পায়ের কাছে কেমন ধস্থদে চামড়া, ধারালো নথ, তার গায়ে ছোট ছোট পালক— কী দেখি— আমি অবাক হয়ে গেলুম, মুবে কথাটি নেই। পিছনে সাহেব তেমনি ভাবে বুকে হাত দিয়ে দাঁড়িয়ে, আমার অবহা দেখে মুচকি হাদছেন, যেন উনি জানতেন যে আমি এমনি হয়ে যাব এ ছবি দেখে। ভার পর আর ছ-চারখানা ছবি ষা ছিল দেখন্য। স্বই ওই একই ব্যাপার।



শাজাহানের মৃত্যু

রবীক্স ভারতী

মাধা ঘুরে গেল। তবে তো আমাদের আর্টে এমন জিনিসও আছে, মিছে ভেবে মরছিলুম এতকাল। পুথাতন ছবিতে দেখলুম ঐবর্ধের ছড়াছড়ি, ঢেলে দিয়েছে সোনা কণো দব। কিন্তু একটি জান্নগান্ন ফাকা, তা হচ্ছে ভাব। সবই দিয়েছে ঐবর্ধে ভরে, কোথাও কোনো কার্পণ্য নেই, কিন্তু ভাব দিতে পারে নি। মাহ্য আঁকতে সবই বেন সাজিয়ে গুজিরে পুতুল বদিরে রেবেছে। আমি দেখলুম এইবারে আমার পালা। এথা পেলুম, কী করে তার ব্যবহার তা ভানলুম, এবারে ছবিতে ভাব দিতে হবে।

বাজি এদে বদে গেলুম ছবি আঁকতে। আঁকলুম 'শালাহানের মৃত্যা'।

এই ছবিটি এত ভালো হয়েছে কি সাধে ? মেয়ের মৃত্যুর যত বেদনা বৃকে ছিল সব ঢেলে দিয়ে সেই ছবি আঁকলুম। 'শাজাহানের মৃত্যুপ্রতীক্ষা'তে যত আমার বৃকের ব্যথা সব উজাড় করে ঢেলে দিলুম। যথন দিলির দরবার হয়, বড়ো বড়ো ও পুরাতন আর্টিন্টদের ছবির প্রদর্শনী দেখানে হবে, হ্যাডেল সাহেব আমার এই ছবিখানা আর তাজ নির্মাণের ছবি দিলেন পাঠিয়ে দিল্লিন্বরারে। আমাকে দিলে বেশ বড়ো একটা রুপোর মেডেল, ওজনে ভারীছিল মন্দ নয়। তার পর বোগেশ কংগ্রেদ ইণ্ডাপ্রিয়াল এক্জিবিশনে নেই ছবি পাঠিয়ে দিল, দেখানে দিল একটা সোনার মেডেল। এইরকম করে তিন-চারটে মেডেল পেয়েছি, পরি নি কোনোদিন।

শাজাহানের ছবির কথা থাক্— দেই পদ্মাবতীর ছবিথানার কথা বলি। হ্যান্ডেল সাহেব পদ্মাবতী ও বেতালপঞ্চবিংশতির আরো তিন-চারথানি ছবি স্থলের প্রদর্শনীতে দিলেন। পদ্মাবতী ছবিথানার দাম কত দেওয়া যায় ? সাহেব দিলেন আশি টাকা দাম ধরে। লও কার্জন এলেন, পদ্মাবতী দেথে পছন্দ হল তার, বললেন দাম কিছু কমিয়ে দিতে। যাট টাকার মতন দিতে চাইলেন। আমি বলি, 'পাহেব, দিয়ে দাও, টাকামাকা চাই নে কিছু। লও কার্জন চেয়েছেল ছবিথানা, দেই তো খুব দাম।' সাহেব বললেন, 'তুমি চুপ করে থাকো, যা বলবার বোঝাবার আমি বলব বোঝাব।' এই বলে তিনি তাকে কী নব বোঝালেন, ছবিথানির দাম কমালেন না, লও কার্জনকেও দিলেন না। আমি শেষে কী করি, পদ্মাবতীর ছবিথানা ও অন্য ছবি হে ছ্-তিনথানা ছিল তা হ্যাভেলকে ধরে দিয়ে বলন্ম, 'এই নাও সাহেব, আমার গুকদক্ষিণা; এগুলি

আমি ভোমাকে দিলুম।' সাহেব ভো লুফে নিলেন। কী খুশি হলেন। বললেন, 'আমি এ ছবি গ্যালাৱিতে রেখে দেব, মৃত্যু থাকবে চিরকাল।'

এখন আমার মান্টারি শুরু করার কথা বলি। সাহেব তো তাঁর স্কলে আমাকে নিয়ে বসালেন। স্থারেন গান্থলি হল আমার প্রথম ছাত্র। স্থারেনকে সাহেব তাঁত শেখাবার জন্ম বেনারদে পাঠিয়েছিলেন। তাকে আবার ফিরিয়ে এনে আমাকে বললেন, 'তুমি ভোমার ক্লাদ শুরু করো।' স্থরেন ও আর ছ-চারটি ছেলেকে নিয়ে কাজ শুরু করে দিলাম। কিছুকাল বাদে সত্যেন বটব্যাল বলে এনগ্রেভিং ক্লাদের এক ছাত্র, একটি ছেলেকে নিয়ে এদে হাজির, বললে, 'একে তাপনার নিতে হবে।' তথন মাস্টার কিনা, গম্ভীর ভাবে মুথ তলে তাকালুম. দেখি কালোপানা ছোটো একটি ছেলে। বলন্ম, 'লেখাপড়া শিখেছ কিছু?' বললে, এনটেন্স, এফ-এ পর্যন্ত পড়েছি। আমি বললুম, 'দেখি তোমার হাতের কাল্প।' একটি ছবি দেখালে— একটি মেয়ে, পাশে হরিণ, লতাপাতা গাছগাছড়া। শক্তলা এঁকেছিল। এই আজকালকার ছেলেদের মতন একটু জ্যাঠামি ছিল ভাতে। বললম, 'এ হবে না, কাল একটি সিদ্ধিদাতা গণেশের ছবি এ কৈ এনো।' প্রদিন নন্দলাল এল, একটি কাঠিতে তাক্ডা জ্ডানো, সেই তাক্ডার উপরে পিদ্ধিলাতা গণেশের ছবি। বেশ এঁকেছিল প্রভাতভাত্মর বর্ণনা দিয়ে। বললম, 'সাবাস।' সঙ্গে ওর খন্তর-- দিবিয় চেহারা ছিল ওর খন্তরের-- বললেন 'ছেলেটিকে আপনার হাতে দিলম।' আমি তাঁকে বললুম, 'লেথাপড়া শেখালে বেশি রোজগার করতে পারবে। । নন্দলাল জবাবে বললে, 'লেথাপড়া শিখলে তো ত্রিশ টাকার বেশি রোজগার হবে না। এতে আমি তার বেশি রোজগার করতে পারব।' আমি বলনুম, 'তা হলে আমার আর আপত্তি নেই।' দেই থেকে নন্দলাল আমার কাছে রয়ে গেল। তথন এক দিকে স্থরেন গান্ধলি এক দিকে নন্দলাল, মাঝখানে আমি বদে কাজ শুরু করে দিলুম।

এখন এক পণ্ডিত এসে জুটে গেলেন— চাকরি চাই। আমি বললুম, 'বেশ, লেগে যান, রোজ আমাদের মহাভারত রামায়ণ পড়ে শোনাবেন।' আমাদের বাল্যকালের পণ্ডিতমশার, নাম রজনী পণ্ডিত। সেই পণ্ডিত রোজ এসে রামায়ণ মহাভারত শোনাতেন। আর তাই থেকে ছবি আঁকতুম।

মন্দলাল বললে, 'কী আঁকব ?' আমি বললুম, 'আঁকো কর্ণের স্থান্তব।' ও বিষয়টা আমি চেষ্টা করেছিলুম, ঠিক হয় নি। নন্দলাল এঁকে নিয়ে এল। আমি তার উপর এই ত্-তিমটে ওয়াশ দিয়ে দিলুম ছেডে— হাতে ধরে দেখিয়ে দেখিয়ে আমি কথনো ওকে শেখাই নি। ছবি করে নিয়ে আমত, আমি তথু কয়েকটি ওয়াশ দিয়ে মোলায়েম করে দিতুম, কিয়বা একটু-আঘটু রঙের টাচ দিয়ে দিতুম, য়েমন ফুলের উপর ত্থের আলো বুলিয়ে দেওয়া—ত্ম নয় ঠিক, আমি তো আর রবি নই, নানা রঙের মাটয়ই প্রলেপ দিতেম। তথন আমাদের আঁকার কাজ তেজে চলেছে। নন্দলাল ত্মর্বের তাব আঁকল তো স্থরেন এ দিকে রামচন্দ্রের সমুন্তশাসন আঁকল, এই তীর বল্পক বাঁকিয়ে রামচন্দ্র উঠে কথে দাড়িয়েছেন। নন্দলাল এঁকে আনল একটি মেয়ের ছবি, বেশ গড়নপিটন, টানা টানা চোথ ভূক। আমি বললুম, এ তো হল কৈকেয়ী, পিছনে মহরা বৃড়ি এঁকে দাও। হয়ের গেল কৈকেয়ী-মহরা। ছবির পর ছবি বের হতে লাগল। চার দিকে তথন খ্ব সাড়া পড়ে গেল, ওরিয়েটাল আট সোসাইটি খুলে গেল, হৈ-হৈ রৈ-রৈ কাণ্ড। ইণ্ডিয়ান আট শব্দ অভিধান ছেড়ে সেই প্রথম লোকের মুথে ফুটল।

আমি নিজে যথন ছবি আঁকতুম কাউকে ঘরে চুকতে দিতুম না, আপন মনে ছবি আঁকতুম। মাঝে মাঝে হ্যাভেল সাহেব পা টিপে টিপে ঘরে চুকতেন পিছন দিক দিয়ে, দেখে যেতেন কী করছি। চৌকি ছেড়ে উঠতে গেলে ধমক দিতেন। আমার ক্লানেও সেই নিয়ম করেছিলুম। দরজায় লেথা ছিল, 'ভাজিম মাক'! আমার ছবি আঁকার পদ্ধতি ছিল এমনি। বললুম, ভোমরা এঁকে যাও, যদি লড়াইয়ে ফতে না করতে পার তবে এই আমি আছি— ভয় কী ?

কেন বলি যে আমার আটের বেলায় ক্রমাগত বার্থতা? কী হৃঃথ যে আমি পেয়েছি আমার ছবির জীবনে। যা ভেবেছি যা চেয়েছি দিতে, তার কভটুকু আমি আমার ছবিতে দিতে পেরেছি? যে রঙ যে রপ-রদ মনে থাকত, চোথে ভাসত, যথন দেখতুম তার দিকি ভাগও দিতে পারলুম না তথনকার মনের অবস্থা, মনের বেদনা অবর্থনীয়। চিরকাল এই হৃঃথের সঙ্গে থুঝে এসেছি। ছবিতে আনন্দ আর কতটুকু পেয়েছি। তথু হ্বার আমার জীবনে আনন্দময় ভাব এসেছিল, হ্বার আমি নিজেকে ভুলে বিভার হয়ে গিয়েছিলুম, ছবিতে ও আমাতে কোনো তফাত ছিল না— আত্মহারা হয়ে ছবি এঁকেছি। একবার হয়েছিল আমার রুঞ্চরিত্রের ছবিত্তির যথন আকি। সারা মন-প্রাণ আমার রুফ্চর ছবিতে ভরে গিয়েছিল। চোব বৃদ্ধলেই চারি দিকে ছবি দেখি

আর কাগজে হাত ছোঁয়ালেই ফদ্ ফদ্ করে ছবি বেরয়; কিছু ভাবতে হয়
না, যা করছি ভাই এক-একখানা ছবি হয়ে যাছে। তথন রুফের দব বয়দের
দব লীলার ছবি দেখতে পেতুম, প্রত্যেকটির খুঁটিনাটি রঙ-সমেত। দেই ভাব
আমার আর এল না।

আর একবার এদেছিল, কিন্তু ক্ষণিকের জন্ম। দেবারে হচ্ছে আমার মার আবির্ভাব, মৃত্যুর পর। মার ছবি একটিও ছিল না। মার ছবি কী করে আঁকা যায় একদিন বদে বদে ভাবছি, এমন সময়ে যেন আমি পরিষ্কার আমার চোথের দামনে মাকে দেখতে পেলুম। মার মুখের প্রতিটি লাইন কী পরিস্কার দেখা যাচ্ছিল, আমি তাড়াতাড়ি কাগজ পেনসিল নিয়ে মার মুখের ভুইং করতে বদে গেলুম। কপাল থেকে যেই নাকের ওপর ভুরুর থাঁজ টকতে গেচি— দে কী। মা কোথার মিলিয়ে গেলেন। হঠাৎ যেন চার দিক অন্ধকার হয়ে ८गल। यत्न एल एक एयन व्यात्नात व्यर्हे कि विक करत निर्ल - भव व्यक्तकात ! আমি চমকে বললুম, 'দাদা, এ কী হল।' দাদা একটু দূরে বলে ছিলেন: মুথ টিপে হাসলেন; বললেন, 'বড্ড' তাড়া করতে গিয়েছিলে তুমি।' মন থারাপ হয়ে গেল। চুপচাপ বদে রইলুম; আর মনে হতে লাগল, ভাই ভো. এ কী হল ! মা এদে এমনি করে চলে গেলেন ! কিছুক্ষণ ওভাবে ছিলুম, এক সময়ে দেখি আবার মায়ের আবিভাব। এবারে আর তাড়াছড়ো না, স্থির হয়ে বলে রইলুম। মেঘে^র ভিতর দিয়ে যেমন অগুদিনের রঙ দেখা যায় তেমনিতরো মায়ের মৃথথানি ভূটে উঠতে লাগল। দেখলুম মাকে, খুব ভালো করে মন-প্রাণ ভরে মাকে দেখে নিলুম। আত্তে আত্তে ছবি মিলিয়ে গেল. কাগজে রয়ে গেল মায়ের মূতি। এই বে মার ছবিথানা, দে ওই অমনি করেই আঁকা। এত ভালো মুথের ছবি আমি আর আঁকি নি।

আমার মুখের কথার যদি সংশর থাকে চাক্ষ্য প্রমাণ দেখলে তে। সেদিন।
সন্ধের অন্ধকারে রবিকার মুখের ছবি আঁকতে বসলুম, ঝাপদা ঝাপদা অস্পষ্ট
লাইন পড়ল কাগজে, ভোমরাও দেখতে পাচ্ছিলে না পরিদ্ধার চেহারা। আমি
কিন্তু দেখলুম স্থাপ্ত চেহারা গড়ে গেছে কাগজে, আর ভয় নেই। নির্ভয়ে
রেখে দিলেম, দে রাভের মতো ছবির কাজবদ্ধা জানলেম ছবি হয়ে গেছে,
নির্ভাবনায় ঘরে গেলুয়। সকালে উঠে ছবিতে ভয়ু ছ্-চারটে রভের টান দেবার
অপ্রেম্মা রইল।

এরকম হয় শিল্পীর জীবনে, তবে সব ছবির বেলায় নয়।

তাই তো বলি ছবির জীবনে ছংখ অনেক, আমিও চিরকাল দেই ছংখই
প্রেয়ে এসেছি। প্রাণে কেবলই একটা অত্প্তি থেকে যায়। কিছুতেই মনে
হয় না যে, এইবারে ঠিক হল ঘেমনটি চেয়েছিলুম। কিন্তু তাই বলে থেমে
গোলে চলবে না, নিকংসাহ হয়ে পড়লে চলবে না। কাজ করে যাওয়াই হচ্ছে
আমাদের কাজ। আবার কিছুকাল যদি ছবি না আসে তা হলেও মন থারাপ
কোরো না। ছবি হচ্ছে বসস্তের হাওয়ার মতন। যথন বইবে তখন কোনো
কথা ভনবে না। তখন এক ধার থেকে ছবি হতে ভক্ত হবে। মন থারাপ
কোরো না— আমার নিজের জীবনের অভিজ্ঞতার কথা মনে রেখো।

ছাত্রকে তার নিজের ছবি সম্বন্ধে মাস্টারের কিছু বাংলানো — এক-এক দময়ে তার বিপদ বড়ো, আর তাতে মাস্টারেরও কি কম দায়িত্ব? একবার কী হয়েছিল বলি। নন্দলাল একখানা ছবি আঁকল 'উমার তপশ্চা', বেশ বজা ছবিখানা। পাহাড়ের গায়ে দাঁড়িয়ে উমা শিবের জক্ত তপস্থা করছে, পিছনে মাথার উপরে সরু চাঁদের রেখা। ছবিথানিতে রঙ বলতে কিছুই নেই, আগাগোড়া ছবিখানায় গৈরিক রঙের অল্প অল্প আভাদ। আমি বললুম, 'নদলাল, ছবিতে একট রঙ দিলে না ? প্রাণটা যেন চড়চড় করে ছবিথানির দিকে তাকালে। আর-কিছু না দাও অস্তত উমাকে একটু দাজিয়ে দাও। কপালে একট চন্দন টন্দন পরাও, অস্তত একটি জবাফুল।' বাড়ি এলুম, রাত্রে আর ঘুম হয় না। মাথায় কেবলই ঘুরতে লাগল, আমি কেন নন্দলালকে বলতে গেলুম ও কথা? আমার মতন করে নন্দলাল হয়তো উমাকে দেখে নি। ও হয়তো দেখেছিল উমার সেই রূপ, পাথরের মতো ্দ্র, তপস্থা করে করে রঙ রস স্ব চলে গেছে। তাই তো, উমার তপস্থা एएथ ८छ। तुक एक हि भाषात्रहें कथा। ज्यन जात एम हन्मन शतरव कि ? ্ঘুমতে পারলুম না, ছটফট কয়ছি কথন সকাল হবে। সকাল হতেই ছুটলুম নন্দলালের কাছে। ভয় হচ্ছিল পাছে দে রাত্রেই ছবিথানিতে রঙ লাগিয়ে थांक जामात कथा छत्। शिरा प्राप्ति नमलाल ছবिখानाक भागत निरा বসে রঙ দেবার আগে একবার ভেবে নিচ্ছে। 🦪

আমি বলনুম, 'কর কী নন্দলাল, থামো থামো, কী ভুলই আমি করতে 'বাচ্ছিলুম, তোমার উমা ঠিকই আছে। আর হাত লাগিয়ো না।'

নন্দলাল বললে, 'আপনি বলে গেলেন উমাকে সাজাতে। সারারাত আমিও দে কথা তেবেছি, এখনো ভাবছিলাম রঙ দেব কি না।'

কী দর্বনাশ করতে যাচ্ছিল্ম বলো দেখি। আর একটু হলেই অত ভালো ছবিথানা নষ্ট করে দিয়েছিল্ম আর-কি। সেই থেকে খুব সাবধান হয়ে গেছি। আর, এটা জেনেছি থে, ছবি ধার-ধার নিজের-নিজের স্থে, তাতে অল্য কেউ উপদেশ দেবে কী!

যথন আমাদের ভারতশিল্পের জোর চর্চা হচ্ছে তথন ভাবলুম যে, শুধু ছবিতে নয়, সব দিকেই এর চর্চা করতে হবে। লাগলুম আস্বাবের দিকে, ঘর পাজাতে, আশেপাশে চার দিকে ভারতশিল্পের আবহাওয়া আনতে। ঘরে যত পুরোনো আসবাব ছিল কর্তাদের আমলের, বিদেশ থেকে আমদানী দামি দামি জিনিসপত্তর, সব বিজি করে দিলুম। বললুম, 'সব বোড়ে ফেল, যা-কিছু আছে বাইরে ফেলে দে।' মান্ত্রাজি মিস্ত্রি ধনকোটি আচারি, তাকে এনে লাগিয়ে দিল্ম কাজে। নিজে নমুনা দিই, নকশা দিই, আর তাকে দিয়ে আসবাব করাই। সব সাদাসিধে আসবাব করাল্য। তাকে দিয়ে ঘর জন্তে জাপানি গদি করালুম। এই যে আজকাল তোমরা থাটের পায়া দেখছ, এ কোখেকে নেওয়া জান? মাটির প্রদীপের দেল্থো থেকে। থেটেছি কম? প্রথম ভারতীয় আদবাবের চলন তো এইখান থেকেই হল। একলা আমি আর দাদা, আমাদের সব দিক সামলে চলতে হয়েছে। এথন স্বাই একটি ধারা পেয়ে গেছে। এ থেকে একটু-আধটু নতুন কিছু এ দিক ও দিক করতে পারা সহজ। কিন্তু আমাদের যে তথন গোড়াম্বন্ধ গাছ উপড়ে ফেলে নতন গাছ লাগাতে হয়েছিল নিজের হাতে। চারা লাগানো থেকে জল ঢালা থেকে সবই আমাদেরই করতে হয়েছে। তাকে বাঁচিয়ে রেখেছি বলেই হয়তো তাতে একদিন ফুল ফোটাতে পারবে।

DOLLEGISTER

ছেলেবেলায় পুরীর পাণ্ডাঠাকুর আদত বাড়িতে, বছরে একবার, এলেই জগনাথ দেখবার ইচ্ছে জাগত মা পিদিমা ছেলেমেয়ে দাসী পাড়াপড়িশি সকলেরই মনে। সে যে কী ঔৎস্ক্য জগনাথ দেখবার! পাঙাকে ঘিরে বলতে থাকতুম, 'ও পাণ্ডাঠাকুর, কবে ঠাকুর দেখাবে বলো না।' দাসীরা ত্থকজন করে বেরিয়েও পড়ত তার সঙ্গে।

ভার অনেক কাল পরে, বড়ো হয়েছি, ছেলেপিলে নাতিনাতনি হয়েছে, ইবিকা বাড়ি কিনলেন পুরীতে, বলুও কিনল, আমাদেরও বললেন জমি কিনতে। জগরাথ দেখবার ইচ্ছে মারও বরাবর। কিছু জমি কিনে, নীলকুঠির একটা বাড়ি ভেঙে মদলাপাতি পাওয়া গেল থানিকটা, হাতেও টাকা এদে পড়ল কয়েক হাজার, ভাই দিয়ে বাড়ি তৈরি হল পুরীতে, নাম হল পাথারপুরী।

তথনকার দিনে পুরী যাওয়া ছিল বেন মুসলমানের মকা যাওয়া। মা বউ বি ছেলেপুলে নিয়ে চললুম পুরীতে জগন্নাথ দর্শন করতে। কী উৎসাহ দকলের। মা দারারাত রইলেন জেগেবদে। আমরা ভয়ে আছি যে যার বেঞ্চিতে লয় হয়ে। কটক না কোন দেইশনে উড়ে পালকিবেহারাদের 'হুম্পা ছয়া ছম্পা ছয়া' কানে আদতেই মা বললেন, 'ওঠ ওঠ, এদে পড়েছি এবারে উড়েদের দেশে। ধড়মড় করে সব উঠে বসলুম। এমন মজা লাগল সে শব্দ ভনে, মনে হল যেন পুরীর জগরাথের সাড়া পাওয়া গেল, জগরাথের শব্দৃত ! পালকির 'হুম্পা হয়া'য় বহুকাল আগে পাণ্ডাঠাকুরের শব্দ জ্যান্ত হয়ে আক্রমণ করলে। ট্রেন চলছে হু হু করে, আমরা মুখ বাড়িয়ে আছি জানলা দিয়ে, কে আগে মন্দিরের চড়ো দেখতে পাই। থানিক খেতে না খেতেই ভোর হয়ে এল, पटत (पथा पिन क्रमतारथत मनिरायत एए।— (पटा की जानन । मान के अहे-तकम कि धत रहस रविन आनमहे वृति श्रायिक्तिन टेहज्ज्यानव, यनि दारान যাচ্ছি আমি। তার পর আর-এক আনন্দ সমুদ্র দেখার। কেশনের কাছেই বাড়ি, বাড়িতে এসেই ভাড়াতাড়ি বারান্দায় গেলুম। দেখি কী চমৎকার নীল দেদিকটায়, চোথ জুড়িয়ে যায়, আর কী শর, কী হাওয়া— যেন জগন্নাথের শাঁথ বাজচে।

ছ-এক দিনের মধ্যেই গুছিয়ে বসলুম। মা এক-এক করে স্বাইকে পাঠিয়ে দিতে লাগলেন জগন্নাথদর্শনে। বাড়ির ছোটো বড়ো দাসী চাকর কেউ বাদ নেই। আমিও তিন-চার দিন মন্দির ঘুরে দেখে এলুম স্ব-কিছু। কেবল মা-ই বাকি। যাবার তেমন ভাড়াই নেই। বলি, 'পালকি ঠিক করে দিই, জগনাথ দর্শন করে আজ্ন।' মা সে কথার কানই দেন না— দিব্যি নিশ্চিম্ব, ভাবখানা যেন জগনাথ দর্শন হয়ে গেছে। মাঝে মাঝে পালকি চড়ে স্মুদ্রের ধারে খানিক হাওয়া খান, বেশির ভাগ বাড়িতেই বসে বসে ঘর সংসার খাওয়াদাওয়ার ভদারক করেন আর স্বাইকে ঠেলে ঠেলে মন্দিরে পাঠান।

একদিন হঠাৎ মা আমায় বললেন, 'তুই জগন্নাথকে দেখেছিদ ?' 'জগন্নাথ ? না, তা তো দেখি নি।'

মা বললেন, 'সে কী কথা ৷ মন্দিরে গেলি অথচ বেদির উপরে ঠাকুর দেখলি নে ? তোকে তা হলে জগরাথ দেখা দেন নি. পাপ আচে তোর মনে তাই ।'

তা হবে। কতবার মন্দিরে গেছি— ঘুরে ঘুরে নির্যুতভাবে সব কারুকাল দেখেছি, কোথায় জগরাথের চন্দন বাটা হচ্ছে, কোথায় মালা গাঁথে, কোথায় মূলের গয়না তৈরি করে মেয়েরা ব'দে, কোথায় দে-সব ফুলের বাগান, কোথায় মাটির তলায় বটরফার্যুতি, সব দেখেছি। কিন্তু মা যথন ওই কথা বললেন তথন থেয়াল হল মন্দিরের ভিতরেও গেছি, অন্ধকারের মধ্যে প্রদীপের আলোতে ভিড় দেখেছি লোকজনের, কিন্তু জগরাথকে দেখি নি। আদলে আমি জগরাথকে দেখতে বাই নি; যা দেখতে গেছি তাই দেখেছি। যে যা দেখতে চায় তাই তো দেখতে গায়। মার কথা ভনে পর্যদিন আবার গেল্ম জগরাথকে দেখতে পাঝা সঙ্গে নিয়ে, পাঝাকে পাশে দাঁড় করিয়ে একেবারে ভিতরে গিয়ে জগরাথকে দেখে তাঁর দোনার চরণ স্পর্শ করে এল্য।

তথন মা বললেন, 'এবারে আমায় দেখিয়ে আনতে পারিদ ?'

পালকি ঠিক। পাণ্ডাকে বলে সব ব্যবস্থা করলুম যাতে না ভিড়ে মার কট হয়, বেশি না হাঁটতে হয়। বকশিশের লোভে সে ভিড় সরিয়ে ফাঁকা রাখল নাটমন্দির কিছুক্ষণের জন্ম। তথন আমিই পাণ্ডা, যা বলছি তাই হচ্ছে। মাকে গরুভ্তন্ত, আনন্দবাজার, বৈকুঠ, যা যা দেখবার সব এক-এক করে দেখিয়ে নিয়ে বেগ্লুম ঠিক জগরাথের সামনে। অন্ধকারে ভয় পান এগোতে, পড়ে যান বৃঝি বা।

বলনুম, 'আমায় ধকন ভালো করে; জগরাথের পা ছুঁরে আদ্বেন।' পাণ্ডা পিদিম নিয়ে 'বাবু উঁচা নিচা, উঁচা নিচা' বলে আর এক-এক সিঁড়ি নামে। এই করে করে বেদির কাছে গিয়ে দাঁড় করিয়ে দিলুম মাকে। জগরাথের পা ছোঁওয়া হল, এবারে প্রদক্ষিণ করতে হবে। প্রদক্ষিণ করা মানে অনেকথানি জায়গা ঘুরে আসা। অন্ধকারে আরদোলাগুলো ফড়ফড় করে উড়ছে, ভয় হতে লাগল মাকে নিয়ে এ কোথায় এলুম। যাক, সব সেরে তো বাইরে এলুম। মা খুব খুশি। বারে বারে আমার মাথায় হাত দিয়ে আশীর্বাদ করতে লাগলেন, 'তোরই জয় আমার জগরাথ দর্শন হল।'

উভ্রফ, ব্লাণ্ড্র আদতেন, আমাদের বাড়িতেই উঠতেন এদে; কোনারকের ঝোঁক ছিল তাঁদের।

কত মন্ধা করেছি পুরীতে শোভনলাল মোহনলালদের নিয়ে। সেদিন ওদের জিজেন করলুম, 'সম্জ মনে আছে ?' বললে, 'নেই।' কী করে-বা থাকবে, ওরাতথন কতটুকু-টুকু দব। ওদের নিয়ে সম্দ্রের পাড়ে কাঁকড়া ধরতুম, কাঁকড়ার গতে কটি ফেলে দিতুম। কোঁক গেল সম্দ্রে জাহান্ধ চালাতে হবে। ম্যানেজারকে লিথে থেলনার একটা বড়ো জাহান্ধ আনিয়ে তাতে স্থতো বেঁধে পাড়ে নাটাই হাতে আমি বসে রইল্ম। চাকরকে বলল্ম, জাহান্ধ নিয়ে জলে ছেড়ে দিতে। ইচ্ছে ছিল জাহান্ধ টেউরে টেউরে ভেনে যাবে, আমিও নাটাইয়ের স্থতো খুলে দেব, পরে আবার টেনে তীরে আনব। কিন্তু সম্দ্রের সকে পরিচয় হতে দেবি হয়েছিল। চাকর হাটুজলে জাহান্ধ নিয়ে ছেড়ে দিলে। ওমা, এক টেউরে থেলার জাহান্ধ বালুতে বানচাল হয়ে গেল উলটে পড়ে। সমুদ্রে জাহান্ধ চালাবার শ্ব সেইখানেই শেষ।

একদিন মোহনলাল বললে. 'দেখো দেখো দাদামশায়, লাল চাঁদ উঠেছে।' চেয়ে দেখি পুৰ্যোদয় হচ্ছে। মনে হয় একেবারে মাটি থেকে উঠছে যেন। বলি, 'হাঁ। হাঁা, ভাই ভো, লাল চাঁদই ভো বটে!' আমারও অবস্থা তার ম্ভোই। দেদিন ছেলেমান্থ্যের চোথে আমিও দেখলেম লাল চাঁদ।

ব্ড়ো ছাত্র জুটল এক সেথানে। বেশ তৈরি হয়ে গিয়েছিল কিছু কালের মধ্যেই। পরে পুরীতে আটের মান্টার হয়ে চলে গেল। সাক্ষীগোপালে বাড়ি। একদিন বংশ আছি, মাথায় একটা ঝুড়ি নিয়ে বড়ো ছাত্র এল ছপুর রোলে। কী? না, 'খাম এনেছি আপনার জন্ম।

পাঁচ বছর উপরি-উপরি পুরীতে গিয়েছিল্ম। সমুদ্রের হাওয়া যতদিন -বইত মা থাকতেন। উলটো দিকে হাওয়া বইতে থাকলেই মা চলে আসতেন; -বলতেন, আর নয়।

একবার জ্যাঠামশায় এলেন পুরীতে, অহ্বথে ভূগে শরীর সারাতে। বাড়ির কাছেই বাড়ি ঠিক করে দিল্ম, সঙ্গে ক্বতি ভায়া, হেমলতা বোঠান ও ম্নীখর চাকর। জ্যাঠামশায় এমেছেন, গেল্ম দেখা করতে। দেখি ম্নীখর দোতলার ছাদে একটা তক্তা ভূলছে। কী ব্যাপার ! জ্যাঠামশায় বললেন, 'এ কিরকম বাড়ি, আমি ভেবেছিল্ম ঠিক সম্দ্রের উপরেই বাড়ি হবে— বদে বদে কেমন স্করে দেখব। কিন্তু এ তো তা নয়, কতথানি অবধি বালি, তার পর সম্ত্র।' বলল্ম, 'এইরকম তো সকলের বাড়ি পুরীর সম্দ্রের ধারে। একেবারে বাড়ির তলা দিয়ে সম্ত্র বায়ে মাবে, তা কী করে হবে এখানে।' জ্যাঠামশায়ের মন ভরে না বারান্দায় বদে সম্ত্র দেখে। দোতলার চিলেম্বের সামনে একটা তক্তার উপরে কৌচ পেতে তার উপরে বদে সম্ত্র দেখে তবে খুশি। হেদে বলেন, 'তোমাদের ওখান থেকে কি ওইরকম দেখতে পাও ?' মাথা চুলকে বলি, 'তা এইরকমই দেখতে বৈকি থানিকটা।'

আত্মভোলা মাছ্য ছিলেন জ্যাঠামশায়। একদিন বিকেলে বললেন, 'চলো, দতুর বাড়িতে বেডিয়ে আদি।' দঙ্গে আমি ও কৃতি। থানিককণ গল্পনল্ল করবার পর চুপচাপ বনে আছি দবাই। কীই-বা আর বলবার থাকতে পারে। সদ্ধে হয়ে এল। আমরা উদধ্দ করছি। জ্যাঠামশায় দেখি নিবিকার হয়ে বলে আছেন, ওঠবার নামও নেই। ক্রমে রাত হয়ে এল, জ্যাঠামশায়ের থাবার সময় হল। হঠাং এক সময়ে 'ম্নীখর' 'ম্নীখর' বলে ডেকে উঠলেন। কৃতি বললে, 'ম্নীখর তো এখানে আদে নি, দে তো বাড়িতে আছে।' 'ও, তাই বুঝি! এ বাড়ি ভবে কার? আমি আরো ভাবছিল্ম ম্নীখর আমায় থাবার দিছে না কেন, রাত হয়ে গেল। আছে। ভুল হয়ে গিয়েছিল ভো আমার।' বলে হো হো করে হাদি।

মেজোজ্যাঠামশার এনেছিলেন পুরীতে দেবারে। আমরা তিনটে পরিবার পাশাপানি। স্থরেনও ছিল; জয়া, ময়ু ছোটো ছোটো। একদিন যা কাও! স্থরেন চলেছে সম্ভের ধার দিয়ে ভিজে বালির উপরে। সঙ্গে জয়া, ময়ু; স্থরেনের দে ধেয়াল নেই। এখন, এক চেউয়ে নিয়েছে ভাদিয়ে জয়াকে। গেল গেল ! স্থারন দেখে চেউয়ে চুল দেখা যাচ্ছে, টপ্করে চুল ধারে টেনে তললে মেয়েকে। কী সর্বনাশই হত আর একটু হলে।

কত বলব দে দেশের ঘটনা। পর পর কত কিছুই না মনে পড়ে-- সে বিস্তর কথা। একবার আমি হারিয়ে গিয়েছিলুম, সেও এক কাও। পুরীতে অনেক দিন আছি, ভেবেছি দব আমার নথদর্পণে। একদিন হাঁটতে হাঁটতে চক্রতীর্থ পেরিয়ে গেছি সমুদ্রের ধার দিয়ে, রাস্তা ছাড়িয়ে বালির উপর ধপাস ধপাদ করে চলেইছি। কত দূরে এমে পড়েছি কে জানে। হঠাৎ চটকা ভাঙল, দেখি ত্র্যান্ত হচ্ছে। যে দিকে চাই চতুর্দিকে ধুধু বালি। না নজরে পড়ে জ্বগন্নাথের মন্দির, না রাস্তা, না কিছু। শুধু শব্দ পাচ্ছি সমুদ্রের। কোনদিকে খাব ? খোর লেগে গেছে। তারা ধরে চলব, তারও তো কোনো জ্ঞান নেই। একেবারে স্বন্ধিত। শেষে সমুদ্রের শব্দ শুনে সেই দিকে চলতে লাগল্ম। খানিক বাদে দেখি এক বুড়ি চলেছে লাঠি হাতে; বললে, 'কোথায় যাচ্ছ ?' বললুম, 'চক্রতীর্থে।' ভাবলুম চক্রতীর্থে পৌছতে পারলেই এখন ষ্থেই। বুড়ী বললে, 'তা যে দিকে যাচ্ছ দে দিকে সমুদ্র। আমার দকে এসো, আমি খাচ্ছি চক্রতীর্থে।' বুড়ির দঙ্গে চক্রতীর্থে ফিরে হাঁফ ছেড়ে বাঁচি। নয়তো সারা রাত দেদিন ঘুরে বেড়ালেও কিছু খুঁজে পেতৃম না। 'ভূতপত্রী'তে আছে এই বর্ণনা। অন্ধকারে সমুদ্রের ধারে বালির উপর হাঁটতে কেমন ভুতুড়ে মনে হয়— মনসাগাছগুলিও কেমন যেন।

দেইবারেই আমি ভূত দেখি। সত্যিই।

উভ্রক, রাণ্ট্ কোনারক দেখে এসে বললেন, 'যাও, দেখে এসো আগে সে
মন্দির।' একদিন রওনা হল্ম কোনারকে, চারখানা পালকিতে লাঠি লঠন
লোকজন স্ত্রীপুত্রকতা সব সঙ্গে নিয়ে। 'পথে বিপথে' বইয়ে আছে এই বর্ণনা।
কুড়ি মাইল পথ বালির উপর দিয়ে। যাচ্ছি তো যাচ্ছি, সারারাভ। পান,
তামাক, থাবার জলের কুঁজো পালকির ভিতরে তাকে ঠিক ধরা; মিষ্টাদ্রের
ভাঁড়ও একটি; পাশে লাঠিখানা। পালকি চলেছে 'হুম্পা ভ্রা'। পুরী
ছাড়িয়ে সারারাত চলেছি— ভয়ও হচ্ছে, কী জানি যদি বালির মাঝে পালকি
ছেড়ে পালায় বেহারারা। আমার আগে আগে চলেছে ভিনখানা পালকি।
মাঝে মাঝে হাঁক দিচ্ছি, 'ঠিক আছিস স্বাই ব' স্বন্ধান বালি, কোথায়
বে আছি— বাতাসে না পৃথিবীতে কিছু বোঝবার উপায় নেই। থেকে থেকে

ধপান্ধপান্শক, বেহারাদের আটে-দশটা পা পড়ছে বালিতে। এক জায়গায় ভনি ঝপ্ঝপ্ঝপ্ঝপ্শক।

'की इन दत ?'

'বাবু, নিয়াখিয়া নদী আদি গেলাম।'

'ও, আচ্ছা বেশ।'

নিয়াখিয়া নদী পেরিয়ে এল্ম। শেষ রাত, চাঁদ অন্ত গেল, আবছা অন্ধনার, দকাল হতে আরো খানিকক্ষণ বাকি। দারা রাত ভয়ে জেগে কাটিয়ে এল্ম, এবারে একটু ঘূমও পাচছে। সে সময় ভূতের ভয়ও একবার জেগেছিল মনে। দামনের পালকিগুলো আর দেখা যাচছে না। বেহারাদের ডেকে বলি, 'ও বেহারা, দব ঠিক আছে তো?'

'দব ঠিক আছে বাবু, দব ঠিক আছে।'

এমন সময় দেখি, একটা লোক, এক হাতে লাঠি এক হাতে লঠন, চলেছে: আমার পালকির খোলা দরজার পাশে পাশে।

विन, 'ও বেহারা, এ কে রে ?' .

'আঃ বারু, ও দিকে দেখো না, ও সব দেউতা আছে।' ব'লে ও দিকের দরজাবন্ধ করে দিলে।

দেউতা বলে ওরা ভূতকে। বলি, 'ও কী, লঠন হাতে দেউতা কী রে।' থানিক বাদে দেখি ঘোড়ায় চড়ে একটা সাহেব টুপি মাথায় পাশ কাটিয়ে গেল।

'বাবু, তুমি শুয়ে পড়ো।' বলে শুধু বেহারারা।

শুনেছিল্ম কোন এক মিলিটারিকে ওথানে মেরে ফেলেছিল, ভূত হয়ে দে কেরে, অনেকেই দেথে।

রাভির বেলা লগুন হাতে লোকটাকে দেখে আমার বরং ভালোই লেগেছিল।
যাক, এই করতে করতে এদে পৌছলুম সমুদ্রের ধারে কী একটা মন্দিরের
কাছে, মেয়েরা দব নেমে দেখতে গেল। ছোট একটি পাহাড়ের মতো, তার
উপরে ছোটো মন্দিরটি। মণিলাল ছিল সঙ্গে; তাকে বললুম, ঠিক আছ তোঃ
দবাই? এইবার তবে আমি একটু পাশ-মোড়া দিয়ে নিই। তার পর আমার
পালকি পড়ল গিয়ে একেবারে কোনারকের বারে। দিয়ুতটে চলেছে পালকি
ছ হ করে। দরজা খুলে দেখলুম চেউগুলো পাড়ে এদে পড়ছে, আবার চলে

ষাচ্ছে পালকির নীচে দিয়ে। জলে ফদ্দরাদ, চেউ আসে যায়, যেন একটা আলো চলে যায়।. মনে হয় সম্জের উপর দিয়ে ভেসে চলেছি, দানবরা কাঁধে করে নিয়ে চলেছে আমায়।

এইভাবে চলবার পর আবার একটা পালকি হু হু করে চলে গেল সামনে বিয়ে কোনারকের মন্দিরের দিকে, সঙ্গে আবার লঠন! ও কী, পালকি ও দিকে কোথায় গেল! নেমে দেখলুম আমাদের চারটে পালকি ঠিকই আছে। ভবে ওটা কী ?

বেহারারা ওই এক কথাই বলে, 'দেখো না বাবু, তুমি শুয়ে পড়ো।' কী
দেখলুম তা হলে ওটা ? মরীচিকা না কী কে জানে, তবে দেখেছিলুম ঠিকই।
দকাল হয়ে গেছে, ভয় নেই। মণিলালদের জিজেদ কয়লুম, 'দেখেছ কিছু ?'
বললে, 'না।'

ভূত্তে কাণ্ড দেখে কোনারকের মন্দিরে পৌছলুম। মেয়েরা নেমেই মন্দির দেখবে বলে ছুটল।

কোনারকের মতো অমন হৃদর সমৃত্র পুরীর নয়। গেলুম ধারে, আহা, যেন আছোঁয়া বালি শাদা জাজিমের মতো বিছানো, তার কিনারায় নীল গভীর সমৃত্র। মাহুষকে কাছে বেতে দের না। ধেন বিরাট সভা, মাহুষ সেথানে প্রবেশ করতে পারে না সহজে। তার ও দিকে সোনার ঘটের মতো হুর্য উঠছে, সামনে হুর্ব-মিলর। হুর্যোদ্যের আলোটা পড়ে এমন ভাবে, যেন হুর্যদেব উঠে এসে রথের শৃত্য বেদি পূর্ব করে বসবেন। সব তৈরি, এবার রথ চললেই হুর্য। বুষ্কেই ঠিক জায়গায় ঠিক রথটি নির্মাণ করেছিলেন শিল্পীরা।

মন্দিরও বড়ো তালো লেগছিল। কী তার কাফকাছ। ওই দেখেই তো বলেছিলেম ওকাকুরাকে, 'যাও, পর্যমন্দির দেখে এদা।' মন্দিরের সামনে বালির উপরে পড়ে আছে একটি মূতি, আধ্যানা বালির নীচে পোতা— যেন পাষাণী অহল্যা পড়ে আছে মন্দিরের হুয়ারে। অহল্যা আঁকতে হলে ওই মৃতিটি এঁকো।

দার। দিন কোনারকের মন্দির দেখে ভাকবাংলোতে থেকে বেলা কাটিয়ে বিকেল তিনটের সময় পালকি ছাড়লুম। আদছি আসছি। ফিরতি পথের শোভা, দূরে মুগমুথ সব চলেছে— থেকে থেকে এক-একবার দাঁড়ায় শিং তুলে, ঘাড় ফিরিয়ে। সে ছবি একৈছি। এইরকম চলতে চলতে আবার নিয়াথিয়া

নদী পার হয়ে এলুম। সন্ধে হয়ে এল, দেখলুম জগনাথের মন্দিরের ঠিক পিছন দিকে স্থা অন্ত বাচ্ছে। বাণ করে পালকি নামিয়ে দিয়ে বেহারারা জগনাথের মন্দির ছাড়িয়ে অনেক দ্রে চুড়োর উপরে প্রকাশ পাচ্ছে যে সূর্য তারই দিকে তাকিয়ে ছ্-ছাত জুড়ে প্রধাম করে বললে, 'জয় মহাপ্রভূ! জয় মহাপ্রভূ!'

কিন্তু সভিত্য বলব, এত স্থানর স্থানার মৃতিগুলো দেখে লোভ হত। মনে হত রাবণের মভো কোলে করে ঘরে নিয়ে যাই তাদের। সেই যে বালুর চরে আধ্যানা পোঁতা নায়িকা শুয়ে আছে আকাশের দিকে চেয়ে, দানবের শক্তিপেল তুলে নিয়ে আদতুম।

একবার সভিয় সভিয়ই মৃতি চুরি করতে গিয়েওছিলুম। সংগ্রহের বাতিক চিরকালেরই তা তো জান ? সম্দ্রের ধারে পাথর পড়ে থাকে, বেতে আসতে দেখি, থেয়াল করি নে তেমন। একদিন স্থলিয়াদের দিয়ে পাথরথানা ঘরে নিয়ে এলুম, দেখি তাতে ভৈরবী কাটা। মা বললেন, 'এ ভালো নয়, কোনো ঠাকুর-টাকুর হবে। প্রীর মাটিও ঘরে নিয়ে ঘাওয়া দোষ। ও তুই কিরিয়ে দে বেখানকার জিনিদ দেখানা।' পরে এক সাহেব নিয়ে গেল তা, আমার ভাগ্যে হল না। কী আর করি ? মাঁত ভাগ্যে নেই, ম্বড়িটড়ি দংগ্রহ করে বেড়াই।

জগরাথের মন্দিরেও ঘূরি রোজ। নাটমন্দিরের ধারে ছোট্ট একটি ঘর, ছোট্ট দরজা, বন্ধই থাকে বেশির ভাগ। পাণ্ডা বললে, ভোগমৃতি থাকে এথানে। জগরাথের বড়ো মৃতি দব সময়ে নাড়াচাড়া করা বায় না, এই মৃতি দিয়েই কাজ চালায়। সে ঠিক ঘর নয়, একটি কুঠরি বললেই হয়। বললুম, 'দেখতে চাই আমি।' পাণ্ডা দরজা খুলে দিলে। দেখি চমংকার চমংকার ছোট্ট ছোট্ট মৃতি সব। দেখেই লোভ হল। ছোটো আছে, নিয়ে ঘাবারও স্থবিধে। পাণ্ডাকে জিজ্ঞেদ করলুম। সে বললে, 'হবে না, ও হবে না বারু।' ফুদলে ফাদলে কিছু থখন হল না, দেখি তা হলে হাতানো যায় কি না কিছু। ঘূরে মুরে সব ছেনে ভানে সাহসও বেড়ে গেছে।

তথন সানধাত্রা। জগরাথকে নিয়ে রথ চলেছে, স্বাই দেখানে, মন্দির থালি। আমার মন পড়ে আছে ছোটো ছোটো মৃতিগুলোর উপর। আমি চুপি চুপি মন্দিরে চুকে সোজা উপস্থিত দেই পুতুকঠাসা কুঠরির কাছে, দেখি দরজা থোলা, ভিতর অন্ধকার। মত্ত স্থানে, এবার চৌকাঠ পেরোলেই হয়। আর দেরি নয়। দরজার কাছে গিয়ে উকি দিয়েছি কি অন্ধকার থেকে এক

মৃতি বলে উঠন, 'কী বাবু, আপনি ? আছে তো এখানে কিছু নেই, সব সান-বারায় চলে গেছে।' কি-রকম থমকে গেল্ম। ভিতরে যে কেউ বদে আছে একটুও টের পাই নি।

যাক, বাড়ি ফিরে এনুম ভাঙা মনে। সেরাত্রে স্বপ্র দেখি, স্বামি ঘেন দেই কুঠরিতে চুকে একটা মৃতি তুলে আনব ভেবে মেই তাতে হাত দিয়েছি মৃতি হাত আর ছাড়ে না। চীৎকার করছি, 'ওমা, দেখো দেখো, হাত তুলে আনতে পারছি নে।' দম বন্ধ হয়ে আনে স্বপ্রে। সকালে উঠে মাকে বলনুম সব। মা বলসেন, 'থবরদার, কিছুতে হাত দিদ নে, তবে সতিটই হাত আটকে যাবে। সাবধান, ঠাকুরদেবতা নিয়ে কথা, আর কিছু নয়।'

কিন্তু কী বলব— এমন স্থন্দর মূতি, তাকে চুরি করারও লোভ জাগার।

তার পর আর-একিন আর-একটা মৃতি দেখলুম। নরেল্র-সরোবরের ধারে অনেক মৃতি আছে, পাণ্ডারা গুরে খুরে দেখালে। তেমন কিছু নয়, পয়সা ফেলে ফেলে যাছি। একপাশে ছোট্ট একটা মন্দির, ভাঙা দরজা। বললুম, 'এটাতে কী আছে দেখাও।' পাণ্ডা বললে, 'ওতে কিছু নেই বারু। ওটা এক বৃড়ির মন্দির।'

বৃজ্জি বলনুম, 'দেখা-না, বৃজ্, ভোর মন্দির।' দে বললে, 'দেখবে এনো।' দরজাটি খুলে দেখাতেই একটি কালো কটিপাথরের বংশীধারী মৃতি, মাহ্মপ্রমাণ উচ্, একটি হাত ভাঙা, যাকে বলে, চিকনকালা বংশীধারী। কী ভার ক্ষম কাজ, কী ভার ভিল! কোখাও এমন দেখি নি। বৃজ্জি বলেছিলুম, 'মন্দির গড়িয়ে দেব, নতুন মৃতি ভৈরি করিয়ে দেব, এটি আমায় দে।' রাজি হল না। নন্দলালদের বলেছিলুম, 'ঘদি যাও, ভালো মৃতি দেখতে চাও, দেটি দেখে এসো।' এখনো দেই বৃজ্ আছে কি না, মৃতি আছে কি না কে জানে। পাঙারা আমল দেয় না। বোধ হয় ভাঙা বলে দেলে দিয়েছিল, বৃজ্ ভাকে পুজো করত। প্রাণ ঠাঙা হয়ে গেল, কিন্তু ঘরে আনতে পারজেম না এই হুংগ রইল।

ভোমরা 'ভারতশিল্প' 'ভারতশিল্প' কর, ধরদ কি আছে কারো? না পুরীর রাজার, না ম্যানেজারের, না পাওাদের, ধরদ কারো নেই। প্রমাণ দিই। জগরাথের মাদির বাড়ি মেরামত হবে। পাণ্ডা খবর দিলে, 'বাবু, ছটো হরিণ যদি কিনতে চাও মাদির বাড়ির, বিক্রি হবে।'

বললুম, 'মে কী রে! পোষা হরিণ দেখানে বড়ো হয়েছে। আমার দরকার নেই দেই হরিণের। ভাঙা মুঁতি থাকে তো বল্।'

পাণ্ডা বললে, 'দে কত চাই বাবু বলুম। অনেক মিলবে।' বললম, 'আজই চল তবে সেথানে দেখি গিয়ে।'

গেলুম, তথন সকে বেলা। সে গিরে যা দেখি! মাসির বাড়ি যেন ভূমিকম্পে উলটে পালটে গেছে। চুড়োর সিংহ পড়েছে ভূঁরে, পাতালের মধ্যে যে ভিত শিকড় গেড়ে লাড়িরে ছিল এতকাল— দে শুরে পড়েছে মাটির উপরে, সব তছনছ। বড়ো বড়ো সিংহ নিয়ে কী করব। ছোটোথাটো মূঁত পেলে নিয়ে আনা সহল। ভিতরে গেলুম। দেখানেও তাই। এথানকার জিনিস্ ওধানে। কেমন একটা আদ উপস্থিত হল। পাতাকে ভ্রধালেম, এই পাথরের কাজ ঝেড়ে ঝুড়ে পরিকার করে যেমন ছিল তেমনি করে তুলে দেওয়া হবে তো মেরামতের সময় ?

তার কথার ভাবে ব্রলেম, এই-সব জগদল পাথর ওঠার বেথানকার দেখানে, এমন লোক নেই। ব্রলেম এ সংস্থার ময়, সংকার। ভাঙা মন্দিরে মাছ্রের গলার আওয়াল পেয়ে একজোড়া প্রকাণ্ড নীল হরিণ চার চোথে প্রকাণ্ড একটা বিশ্বয় নিয়ে আমার কাছে এগিয়ে এল। কত কালের পোষা হরিণ, এই মন্দিরের বাগানে জয় নিয়ে এতটুকু থেকে এত বড়োটি হয়েছে—
আজ এদের বিক্রি করা হবে। আর, এদের সঙ্গে ব্রে বাগান বড়ো হতে
হতে প্রায় বন হয়ে উঠেছে, বনস্পতি বেথানে গভীর ছায়া দিছে, পাথি বেথানে গাইছে, হরিণ বেথানে থেলছে, সেই বনফুলের পরিমলে ভয়া প্রোনা বাগানটা
চবে কেলে বাঞ্জীদের জন্তা রক্ষনশালা বদানো হবে।

আমার মন্ত্রণভোগের তথনো শেষ হয় নি। তাই ঘ্রতে ঘ্রতে একটা ভবল তালা দেওয়া ঘর দেখিয়ে বললেম, 'এটাতে কী ?' পাওল আতে আতে ঘরটা খুললে, দেখলেম, মার্টিন আর বর্ন কোশানির টালি দিয়ে অতবড়ো, ঘরধানা ঠাসা।

'এত টালি কেন ?' 'মাসির বাড়ি ছাওয়া হবে।' আঃ সর্বনাশ, এরই নাম বৃঝি মেরামত ? ভাঙার মধ্যে, ধ্বংসের ভূপে, রদ আর রহস্ত নীল এটি হরিণের মতো বাদা বেঁধে ছিল। দেই-বে শোভা, দেই শান্তি মনে ধরল না; ভালো ঠেকল ত্থানা চক্চকে রাঙা মাটির টালি!

ভাবলুম, এ ঠেকাতে হবে ষে করেই হোক। সময় নেই, পরদিনই চলে আদছি কলকাভায়। বাড়ি ফিরে মণিলালের সঙ্গে পরামর্শ করে পুরীর কমিশনারের কাছে চিঠি লিখলুম।— 'আমি দেখে এগেছি এই কাণ্ড, ভ্যাণ্ডালিজ্মের চূড়ান্ত। যে করে পার ভূমি থামিয়ো।' ইংরেজ-বাচ্চা, যেমন চিঠি পাওয়া মাসির বাড়িতে নিজে গিয়ে হাজির। তথনই বেখানে যে পাথরটি ছিল তেমনি তুলিয়ে দিয়ে মেরামত করলে নিজে দাঁড়িয়ে থেকে। কথা রাখলে সে। এই একটা পুণ্যকার্য করে এসেছি পুরীতে বলতে পারো। জগন্নাথের মাসির বাড়ির শোভা নই হতে বসেছিল আর একট হলেই।

দেবারেই নাচ দেখেছিলুম মন্দিরে দেবগাসীর। নাচ দেখা হয় নি, এ না দেখে খাওয়া হতে পারে না। নাচ আগে দেখি, পরে থাতায় সই দেব। পাও। কিছুতেই ঘাড় পাতে না, বলে, 'অনেক টাকা লাগবে।' বলনুম, 'তা দেওয়া যাবে, সেজত্র আটকাবে না। দেবতার সামনে নাচ দেখব।' সইয়ের লোভ, টাকার লোভ; পাঙা রাজি হল অনেক গাঁই ওঁই করার পর। বললে, 'কাল তবে খুব ভোরে এদে আপনাকে নিয়ে যাব। তৈরি থাকবেন।'

ভোরে আমি একলাই গেলুম তার সদে। তথনো মন্দিরে লোকজ্পনর ভিড় হয় নি, অন্ধকারে তু-একটি মাধা দেখা যায় এখানে ওথানে, বোধ হয় পাঙাদেরই। পাঙা আমাকে নিয়ে নাটমন্দিরে বিসিয়ে দিলে। এক পাশে একটি মাদল বাজছে, একটি মশাল জলছে, একটি দেবদাদী নাচছে। দেবদাদী নাচের সদে বুরছে কিরছে, সদে সদে মশালও সেই দিকে বুরছে, আলো পড়ছে তার গায়, যেন জগরাথ দেখছেন তাকে আর কোনায় বদে দেখছি আমি। কত ভাব জানাছে দেবতার কাচে।

অভিনয়ে নটার পূজা দেখে ছবি আঁকো তোমরা। আমি সন্তিয় সতি । তি কিব কার ব্যাপার সে। দেবমন্দিরের ভিতরে গিয়ে দেবদাসীর নৃত্য দেখেছি। চমৎকার ব্যাপার সে। সেইবারেই ফিরে এসে দেবদাসীর ছবিখানি আঁকি। আর আঁকি কাজরী ছবিখানি। তাও দেখেছিল্ম পুরীতেই কমিশনারের বাড়িতে। বাগানে পার্টি,

মেবলা আকাশ, টিপ টিপ করে ছ-একফোঁটা বৃষ্টি পড়ছে, কয়েকটা বড়ো ছুলের গাছ, তার পাশে নাচছিল কয়েকটি ওড়িয়া মেয়ে। কাজরীর ছবিখানি পরে তা থেকেই হল।

52

আরো কত যে দেখেছি, কত ছবি এঁকেছি, তার কি হিসেব আছে? না আমিই তার হিসেব রেখেছি? আর, কী ভাবে কী খেকে যে ছবি এঁকেছি তা জানলে হিসেব চাইতে না আমার কাছে।

পুরীতে বদে সম্প্র দেখেছি, নাচ দেখেছি; সেখানে আঁকি নি। বহুকাল পরে কলকাতায় বদে আঁকল্ম সে-সব ছবি।

মুদোরিতে দেখেছি, বুরেছি। অনেক কাল বাদে বের হল পাথির ছবি-গুলি। সেধানে থাকতে ছবি আঁকি নি; বুরে বুরে দেখেছি, পাথির গান গুনেছি। পাথির গান সভিচই আঘায় আকর্ষণ করেছিল। শহরের পাথিগুলো। গান গায় না, টেচায়— থাবার জন্তে টেচায়, বাসার জন্তে টেচায়, মারামারি করে টেচায়।

বলব কী মুনৌরি পাহাড়ের পাথিদের গানের কথা। উথাকাল, তুর্বোদ্য় দেথবার আশায় বদে আছি, কঘল মুড়ি দিয়ে কান ঢেকে চুকটট ধরিয়ে থোলা পাথরের চাতালে ইজিচেয়ারে— দেই সময়ে আরম্ভ হল পাথিদের উঘাকালের বৈডালিক। দূরের পাহাড়ে একটি পাথি একটু হুর ধরলে, দেখান থেকে আর-এক পাহাড়ে আর-একটি পাথি দে হুর ধরে নিলে। এমনি করতে করতে সমস্ত পাহাড়ে প্রভাতবন্দনা শুক্ত হুরে গেল। তখনো তুর্থোদ্য হয় নি। ধীরে ধীরে সামনে বরফের পাহাড়ের পিছনে তুর্থ উঠছেন। শায়া বরফের চুড়ো দেখাছে ঘন নীল, যেন নীলমণির পাহাড়। পাথিদের বৈতালিক গান চলেছে তখনো। শেষ নেই— এ পাহাড়ে, ও পাহাড়ে, কত পাহাড়ে। ঘেমন সুর্ধ উদয় হলেন বৈতালিক গান থেমে গেল। সারা দিন আর গান শুন্তেম না।

মাহ্য জাগল। রিকশা চলল ঘণ্টা বাজিয়ে। টংটজিয়ে কাজে চলল স্বাই।
দ্রে মিশনরি স্কুলে ঘণ্টা বাজল, আকাশে ধ্বনি পাঠাতে লাগল টং টং টং টং।
কাজের স্থরে ভরে গেল অভবড়ো পাহাড়। এমনি সারা দিনের পর বেলাশেষে
ছুটির ঘণ্টা বেজে উঠল স্কুলবাড়িতে, গিজের ঘড়ি থামল প্রহর বাজিয়ে।

স্থাৰ অন্ত গোলেন সমন্ত পাহাড়ের উপর ফাগের রঙ ছড়িয়ে দিয়ে। রাতের আকাশ ঘন নীল হয়ে এল— সংস্কৃতারা উকি দিলে কেলুগাছটার পাতার ফাকে। সেই সময়ে ধরলে দ্ব পাহাড়ে আবার বৈকালিক স্ব; আরম্ভ হল পাথিদের গান আবার এ পাহাড়ে, ও পাহাড়ে। একটি একটি করে স্বর ধেন ছ ডে দিছে, লুফে লুফে নিচ্ছে পরস্পর। এমনি চলল কতক্ষণ। নীল আকাশের সীমা শুভ্র আলোয় ধুয়ে দিয়ে চন্দ্রও উঠলেন, পাথিরাও বন্ধ করলে তাদের বৈকালিক। সে বেন কিন্নরীদের গান, শুনে এসেছি রোজ হবলো।

গান ভো নয়, যেন চন্দ্রস্থকে বন্দনা করত ভারা। কোথায় লাগে ভোমাদের শংগীতদভার ওতাদি সংগীত। মন টলিয়েছিল কির্রীর দল। ভাই বছদিন পরে কলকাতায় ভারাই সব এক-এক করে ফুটে বের হল আমার একরাশ পাথির ছবিতে। দেখে নিয়ো, ভার ভিতরে হুর আছে কিছু কিছু, যদিও মাটির রঙে সব হুর ধরা পড়ে নি। সে কত পাথি, সব চোথেও দেখি নি, কানে ভ্রেছি ভাদের গান।

মন কত ভাবে কত কী সংগ্রহ করে রাখে। সব যে বের হয় তাও নায়;
মনে হয়, হয়তো পূর্বজন্মেরও স্থৃতি থাকে কিছু। তাই তো ভাবি এক-একবার,
লোকে যথন বলে পূর্বজন্মের কথা উড়িয়ে দিতে পারি নে। নয়তো সারনাথে
আমার ঘর খুঁজে পেলেম কী করে । দেখেই মনে হল এ আমার ঘর, এইখানে
আমি থাকতুম, পুতুল গড়তুম, বেচতুম।

সে একবার পুরোনো দারনাথ দেখতে গেছি। তথু তুপটি আছে, মাটির নীচের শহর একট্-একট্ খুঁড়ে বের করছে দবে। তথন সঙ্গে হচ্ছে। বকণা নদী, একটি শাদা বক ও-পার থেকে এ-পারে ফিরে এল। বড়ো শান্তিপূর্ণ জারণা। ঘুরে ঘুরে দেখছি। মাটির উপর ছোটো একটি ঘর, আরো ছোটো তার দরজা। দরজার চৌকাঠের উপর ছটি ইাদ আকা। চৌমাথা, কুয়ো সামনে একটি, যেন রাজার ধারের ঘরণানি। দেখেই মনে হল যেন আমার নিজের ঘর, কোনোকালে ছিলুম। এত তো দেখলুম, কোখাও এমন মনে হয় নি। ঠিক যেন নিজের বাড়ি বলে মনে হল। জোড়াগাকোর বাড়িতে চুকলে যেমন হয়, ওই ঘরটির সামনে গিয়ে আমার হল তাই। নেলিকে বললুম, 'ওরে দেখ্ দেখ্। এইথানে বদে আমি পুতুল গড়তুম, তারই

ছ-চারটে ওই যে পড়ে আছে এখন।' অলকের মা শুনে বললেন, 'ও আবার কী সব বলছ, চলো চলো এখান খেকে।'

সব ছেড়ে ওই ঘরটার সামনে মন আমার থমকে ট্রাড়াল, খেন মনের পরিচিত। অক্স সব চোথের উপর দিয়ে ভেসে গেল। তাই বলি, পূর্বজন্মের স্বতি থাকে হয়তো।

লোকে বলে, যে ভারাকে দেখি চোথে দে তারা লোপ পেয়ে গেছে বছ যুণ
আগে। তার আলোর কম্পনটুকুই দেখছি আমরা আজ তারারণে। আমার
মনও কি তাই ? প্রাণের দেই বছযুগ-আগে-লোপ-পেয়ে-যাওয়া কম্পন ধরে
দিছে আজকের ছবিতে লোক-চোথের সামনে। আটিস্টের মনের হিসেব আর
কাজের হিসেব ধরতে চাওয়া ভূল। 'শাজাহানের মৃত্যুগখ্যা'— লোকে কেন
বলে এত ঠিক হল কী করে ? আমিও ভেবে গাই নে। কী জানি, কোনোকালে কি ছিলুম দেখানে ? ব্রুতে পারি নে। যেখানে থাকি, যার সদে
উঠি বিদি, বাদ করি, তার ছবি আঁকা সহজ। কিছ যেখানে যাই নি, যা দেখি
নি, দেখানকার এমন সঠিক ছবি আঁকতে কী করে পায়লুম ? এমনি হাজার
ছবি, হাজার মুখ, মন ধরে রেথে দেয়। অনেক সময় আঁকি, ব্রুতে পারি নে
আমি আঁকচি কি আর-কেউ আঁকাচেছ।

এখানে ঘুরে ফিরে সেই কথাই আদে—

কালি কলম মন লেখে তিন জন।

এই তিন নইলে ছবি হয় না। ওরে বাপু,—

> আঁথি যত জনে হেরে সবারে কি মনে ধরে ?

চোথ যত জিনিদ দেখছে দে বড়ো কম নম। কিন্তু সব কি আর মনে ধরছে? তানর। মনের মতো যা তাই ধরছে, দেইগুলি কাজে আদছে আমাদের ছবিতে। কত লোকজন, কত মৃথ, অনেক স্মন্ন তারা চোথের উপর দিয়েই ডেসে যায়। দেই জন্তেই বলে—

मत्नदत्र ना व्याष्ट्रेदत्र नग्रत्नदत्र स्नाद्या त्कन ? চোথে মনে ঝগড়া।— মন বলে, 'চোথ, তুমি ধরে রাথতে পার না।' কোথ বলে, 'নিজের মনকে না বুঝে আমায় দোবো কেন ?'

মন ধরে রাথে, দরকারমত বের করে দেয়। তাই তো বলি শেয ছবি আমার এখনো আঁকা হয় নি। আমারও কৌতৃহল হয়, কী ছবি হবে দেটা। আঁকতে হবে, তার মানে মন ধাকা দিছে। আঁকা হলে বলব, এই হল দেই ছবি। তার পর বন্ধ। মন এখন ছয়োর খুলছে, ছ-একটা বের করে দিছে। অধু কি ছবি ? দেখো ছবি আছে, লেখা আছে, বাজনা ছিল, গলাও ছিল— দাধা হয় নি। কিন্তু এই-যে তিনটে চারটে আর্ট নিয়ে মনটা খেলা করছে, এখনো তার মধ্যে ছবিটা বেশি খেলা করছে। তবে দেখছি প্রত্যেকবার মন ষেটা ধরে শেষ পর্যন্ত রন নিংছে তবে ছাড়ে, অক্টোপাদের মতো। মন বড়ো ভয়ানক জানোয়ার। অস্থ্যের পর ভাকার বললেন আমায়, 'পব কাজ বন্ধ করো।' মহা মুশ্কিল। নিয়ে পড়লুম অব্বীক্ষণবন্ধ। বদে বদে সব-কিছু দেখি তা দিয়ে। বই পড়লুম, পোকামাকড় ঘাঁটলুম, নিজের হাতে প্রেট তৈরি করলুম, কত জানলুম।

মন ধরলে আর ছাড়তে চায় না। মোহনলালদের নিয়ে বদে দেখাত্ম, তাদের পড়াতুম। সেই সময়ে এক আন্তর্য ব্যাপার দেখেছিলেম। ছোট্ট ছোট্ট এই এতটুকু সব কাঁকড়া পুষেছিল্ম বিস্কৃতির বাক্ষে, সম্ত্রের জল-বালিও দিয়েছিল্ম। কাঁকড়ারা নিজেরাই তাতে গর্ভ করে বাদা তৈরি করে নিলে। রোজ সকালে সম্ত্রের ধারে কাঁকড়াদের বেমন কটি থাওয়াই তেমনি তাদেরও থাওয়াই। একদিন একটু জ্যাম দিয়ে এক ফোটা কটি ফেলে দিয়েছি কাঁকড়ার বাজে। কোখেকে একটা মাছি এরোপ্রেনের মতো শোঁ করে বদল এদে জ্যামন্যাধানো কটির টুকরেটির উপর। যেমন বদা, মাছিটার সমান হবে একটা কাঁকড়া, দৌড়ে এদে আক্রমণ করলে মাছিটাকে। আমার হাতে যয়। দেখি মাছিতে কাঁকড়াতে ধ্বতাধ্বতি লড়াই, যেন রাক্ষদে দানবে যুদ্ধ। কেউ কাউকে ছাড়ছে না। তথন বুবল্ম কী শক্তি ধরে দিয়েছে প্রকৃতি ওইটুকুরুই মধ্যে। জার্মান-রাশিয়ান মুন্রের চেয়ে কম নয়। শেষে হার হল মাছিটারই। মনও ওইরকম, চোথে দেখি নে তাকে, কিন্তু ওই কাঁকড়ার মতো ধরলে আর ছাড়বে না।

দেখলুম আর আঁকলুম, আমার ধাতে তা হয় না। অনেকদিন ধরে মনের

ভিতরে যা তৈরি হল, তাই ছবিতে বের হল। মন ছিপ ফেলে বদে আছে চুপচাপ। আর দবই কি ঠিকঠাক বের হয় ? মুসৌরি পাহাড়ের একটা দক্ষের পাথি আঁকলুম, কী ভাবে দে ছবিটা এল ?

সন্ধে হচ্ছে, বদে আছি বারান্দায়— বাংলাদেশে সেদিন বিজয়। হঠাং দেখি চেয়ে একটা লাল আলো পর পর পাহাড়গুলির উপর দিয়ে চলে গেল। সেই আলোয় পাহাড়ের উপরে ঘাসপাতা ঝিলমিল করে উঠল। মনে হল যেন ভগবতী আজ ফিরে এলেন কৈলাদে, আঁচল থেকে থদা সোনার ক্চি সব দিকে দিকে ছড়াতে ছড়াতে। রঙ, আলোর ঝিলমিল, তার সঙ্গে একটু ভাব— উমাফিরে আসছেন কৈলাদে। তথনই ধরে রাখল মন। কলকাতায় এদে ছবি আকতে বদন্ম। ঠিকটাক সেইভাবেই কি বের হল ছবি ? তা তো নয়, মনের কোণ থেকে বেরিয়ে এল সোনালি ফ্লালি রঙ নিম্নে স্করী একটা সন্ধের পাথি— সে বাদায় ফিরছে। মনের এ কারখানা, ব্রুতে পারি নে। এত আলো, এত ভাব, সব তলিয়ে গিয়ে বের হল একটি পাথি, একটি কালো পাহাড়ের খণ্ড, আর ভার গায়ে একগোছা সোনালি ঘাদ। অনেক ছবিই আমার ভাই— মনের তলা থেকে উঠে আদা বস্তু।

কবিকল্পে এঁকেছি সবশেষের ছবি— তুই পাহাড়ের মাঝখান দিয়ে ঘট হাতে আসছে একটি মেয়ে। মুসৌরি পাহাড়ে বিজয়ার দিন ওই অমনি ছবির খসড়াই লিখেছিল মন, এও বুঝি ভাই। সেই মুসৌরি পাহাড়ের কথা কতকাল বাদে বের হল কবিকল্পণেটের ছবিতে।

ওইরকম কত ছবির তৃমি হিদেব ধরবে ? সব উলটো পালটা। ধেমন পুতৃল গড়ি আর-কি। আছে মাহ্যব, ঘুরিয়ে ফিরিয়ে দেখে তাতে একদিন ঠোট বদিয়ে দিই, হয়ে য়য় পাথি। তাই বলি চোথ আর মন এক জিনিদ ধরে না সব সময়ে। মনই এথানে প্রবল। ইচ্ছে করলে চডুইপাথিকে স্থর্গের পাথি বানিয়ে দিতে পারে।

লেখাতেও তাই। চোখ দেখে ভাষোলেট ফুল, বাকিটা আসে কোখেকে ? মন দেয় জোগান, চোখ ধরে পাএটা, মন চেলে দেয় ভাতে মধু। তথন সে আর-এক জিনিস হয়ে যায়। তথনই সেই সোনার ময়ুর, সোনার হরিণ।

যাক, আর্টের এ-দব তত্ত্বকথায় মাথা দামিয়ে কাজ নেই। এঁকে যাও; মন-যোগ দেয় ভালো, নয় ভো চোথের দেখাই যথেষ্ট।

চোথের দেখা দেখে আদি— প্রাণের অধিক যারে ভালোবাদি।

প্রাণের অধিক ভালোবাদে বলেই তো চোখের দেখার এত দরকার।

20

থেমেই তো গিয়েছিল সব। দশ-এগারো বছর ছবি আঁকি নি। আরব্য-উপন্থাসের ছবির সেট আঁকা হলে ছেলেদের বলল্ম, 'এই ধরে দিয়ে গেল্ম। আমার জীবনের সব-কিছু অভিজ্ঞতা এতেই পাবে।' ব্যস্, তার পর থেকেই ছবি আঁকা বন্ধ। কী জানি, কেন মন বসত না ছবি আঁকতে। নতুন নতুন মাত্রার পালা লিখতুম; ছেলেদের নিয়ে যাত্রা করতুম, তাদের সাজাতুম, নিজে অধিকারী সাজতুম, ফুটো ঢোল বাজাতুম, স্টেজ সাজাতুম। বেশ দিন যায়।

রবিকা বললেন, 'অবন, তোমার হল কী । ছবি আঁকা ছাড়লে কেন।' বললুম, 'কী জান রবিকা, এখন যা ইচ্ছে করি তাই এঁকে ফেলতে পারি; দেইজন্তই চিত্রকর্মে আর মন বদে না। নতুন খেলার জল্লেমন ব্যস্ত।'

এবার আবার এতকাল বাদে ছবি আঁকতে বদলুম। এ যেন নতুন দদী ভূটিয়ে আর-একবার পিছিয়ে গিয়ে পুরোনো রান্তা মাড়ানোর মজা পাওয়া।

দ্বারই একটি করে জন্মতারা থাকে, আমারও আছে। সেই আমার জন্ম-তারার রশ্মি পৃথিবীর বুকে অন্ধকারে ছায়াপথ বেয়ে নেমে পড়েছে অগাধ জলে। সেই দিন থেকে তার চলা শুক্র হয়েছে।

ভার পর একদিন চলতে চলতে, ঝিক্ ঝিক্ করতে করতে যথন এলে ঘাটে পৌছল পৃথিবীর মাটিতে মান আলো ঠেকল, দেখানে কী হল ? না, দেখানে দেই আলো একটি নাম-রূপ পেলে, দেই আমি।

জন্মতারার আলো জীবননদী বেয়ে এদে তীরে ঠেকল। ওই থাটের ধারে দাঁডিয়ে অবনীন্দ্রনাথ দেখলে—'কোখেকে এলম, এবারে কোথায় চলতে ছবে।'

ঘাটে এসে ঠেকল্ম, এবার চলা শুক করতে হবে। মালবাহী গাধার মতো, উদরের বোঝা পৃষ্টের বোঝা দব বোঝা নিয়ে জীবনের মূটে তথ্য চলেছে পথে, অতি ভীত ভাবে— কিছু দেখলেই ভয়ে পিছু হটে, তাকেও যে দেখে ভয়ে ছুটে পালায়। ঘাট ছেড়ে বেরিয়ে পড়ল নানা জিনিস সংগ্রহ করতে হাটে, থানিকটা থেলার মতো। অনেক দিন ধরে থেলার অায়োজন চলল। বেন সে একটি

হারুয়া ছেলের মন, দে বাদায় চুকতে চাচ্ছে, গাছে চড়তে চাচ্ছে, ঠিক করতে পারছে না, চাঁদের মতো উকিঝুঁকি মারছে গাছের আড়াল থেকে। ঘরের বৃদ্ধি দাসী কোলে করে গায়—

ওই এক চাঁদ, এই এক চাঁদ চাঁদে চাঁদে মেশামেশি।

এবারে থোঁজাখুজির পালা। কী নিয়ে থেলব ? সঙ্গে আছে কে ? ঘরের মান্ন্র্য বৃদ্ধি দানী। ভার থেকেও জীবন রস টানছে। বাইরে থেকেই টানছে, ঘর থেকেও টানছে। যেমন ঘরের দাসী ভেমনি পোষা পশুপাথি এরাও।

আত্তে আতে এল আন্দেপাশের সঙ্গে যোগাযোগ। বুনো ছাগল, থেলতে চাই ভার সঙ্গে, সে চোথ রাভিয়ে শিঙ বাগিয়ে তেড়ে আসে, অথচ মনকে টানে। ফুলের ভাল দেথে মন চায় চড়ুইপাধি হয়ে ভাতে বুলতে।

হাঁদ উত্তে আদছে, এবারে মন আরে। থানিকটা এড়িয়ে গিয়ে জানতে চায়। যেন মেঘন্তের যক্ষের মতো পড়ে আছে একজন; স্তন্রের আকাশ হতে সংবাদ নিয়ে এসে সামনে শিয়ে উতে গেল হাঁদ।

এইকালে বল্পনা এল। গোল চাঁদ বেরিয়ে আসছে বনের ভিতর থেকে। মেঘ তাকে চেকে দিছে বারে বারে। ঘন বনে অভূত এক পাথি ভাকতে ভাকতে ঘ্রে বেড়াছে।

তার পর কতরকম সংগ্রহ, নানা ঘাটে ভিড়তে ভিড়তে চলেছে। কোথাও ফুল কোথাও ছেলেমেয়ে, কোথাও গাছ, কত কী। ঘাটে ঘাটে ঠেকেছে আর সংগ্রহ করেছে। বড়ো শৌথিন কাল দেটা। সে হচ্ছে রোমান্সের যুগ। জৃতি করে, থেলায় মেতে, সময় কাটিয়ে, শথের জিনিস দব সংগ্রহ করেলে।

ভার পর সংসার বেমনি চোথ রাঙালে, মহাকালের রক্তচ্ছু বললে, 'কোথায় চলেছিল আনন্দে বয়ে? থাকু এবারে!' সেই মহাকালের ধমক থেয়ে মন চমকে উঠল। তথন আর থেলা-বেলনাতে মন বসে না। পুরোলা থেলনার বোঝা পিঠে বয়ে আর-এক ঘাটে চলল। ধমক থেয়ে এখন কোথায় যায়, কীকরে, কী থেলে, এই ভাবনা।

জীবনতক জল না পেলে বাঁচে না। পাখরের থেকেও রদ নিতে চায়, যে পাষাণের মঞে দে বাঁধা থাকে তা থেকে। তথন কে এল ? তথন প্রভু এলেন তাকে বাঁচাবার জ্বন্তে। বললেন, 'দেই দিকে শিক্ত পাঠা যেথান থেকে দে চিরদিদ রস পাবে, বনবাদের আনন্দ পাবে।'

জোড়াগাছের খৃতি বাপদা হয়ে গেছে, ক্রমেই মিলিয়ে ঘাছে। অফ গাছটিতে পড়েছে অস্তরবির আলো, তাপ দিয়ে বাঁচাতে চাছে। সবুজ মরে গিয়ে গৈরিক রঙের শোভা প্রকাশ পেল। সেথানে শুরু হল বনের ইতিহাদ। অন্ধকার রাত্রে আর-এক ফুর বাজল মনে। বনদেবীদের দেওয়া সেই ফুর।

দোনার হুপ্ল যেন আর-একবার ধরা দেবে-দেবে করলে, ধেথানে দোনার হরিণ থাকে।

জনকার রঙ্ছুট ময়্রী এল। সে জগতে সে রঙের অপেক্ষা রাথে না। সেই বে কুঞ্ নৃপ্র বাজে সেথানে রঙ্ছুট ময়্রী থেলা করে। বিরহের গভীর স্থর বাজে। মনময়্রী একলা।

শক্ত পাথরে মন-পাথি বাঁধছে বাদা।

রঙছুট ছবি। ধীরে ধীরে ঝাপসা হয়ে এল সবুজ রঙ। সেথানে ভোরের পাথি শীতের সকালে গান গেয়ে বলে, 'বেরিয়ে আয়-না আমার কাছে, রঙিন জগভে।'

শ্বতি ভাগায় বছকাল আগের। মন চার বাড়ি ফিরতে, বোঝা বাঁধাছাদা ক'রে। স্বপ্নে দেখে বছকাল আগের চেডে-আদা বাডি ঘর ঘট মাঠ গাছ।

তার পর সবশেষে প্রকৃতিমাতা দেখা দেন নিশাপরীর মতো। নীল ডানায় ঢাকা আকাশ, ঘরের সন্ধ্যাপ্রদীপ ধরে একটঝানি আলো।

এই হল শিল্পীর জীবদের ধারার একটু ইতিহাদ। শুধুই উদ্বানভাঁটির থেলা। উদ্ধানের সময় সব-কিছু সংগ্রহ করে চলতে চলতে ভাঁটার সময়ে ধীরে ধীরে তা ছড়িয়ে দিয়ে যাওয়া। বসতে যথন জোরার আলে ফুল ফুটিয়ে ভরে দেয় দিক-বিদিক, আবার ভাঁটার সময়ে তা ঝরিয়ে দিয়ে যায়। আমারও থাবার সময়ে যা হুধারে ছড়িয়ে দিয়ে গেলুম ভোমরা তা থেকে দেখতে পাবে, জানতে পাবে, কত ঘাটে ঠেকেছি, কত পথে চলেছি, কী সংগ্রহ করেছি ও সংগ্রহের শেষে নিজে কী বকশিশ পেয়ে গেছি।

এতকাল চলার পরে বকশিশ পেলুম আমি তিন রঙের তিন ফোঁটা মধু।

সং যোজ ন

Holleyman

অবনীন্দ্রবাবুর পত্র

এ দেশের লোক বাঁচিয়া থাকিতে নিজের একটা সঠিক ফোটো উঠাইতে বডোই নারাজ। স্বতরাং উত্তরকালে লোকটির চেহারা লইয়া একটা কিন্তত্কিমাকার ব্যাপার ঘটিয়া উঠে, বিশেষত লোকটি কিছু Public Spirited হইলে। কিন্তু জীবনী ও নিজমৃতির হাত হইতে কলিকালে যথন কাহারও রক্ষা নাই তথন পূর্ব হইতে নিজেই দেটার খদড়াটা দেথিয়া গুনিয়া একটা স্ববন্দোবন্ত করিয়া যাওয়াই স্ববিবেচকের কার্য। দেকালে ইতিহাস জীবনী প্রভৃতির আচার ও চাট্নি প্রস্তুত করিয়া রক্ষা করা শাস্ত্রনিধিন্ব ব্যাপার ছিল। দে এক প্রকার ছিল ভাল,— রাম জন্মিবার পূর্বেই রামায়ণ লিখিয়। ঋষিও থালাস রাজাও নিশ্চিন্ত। ঋষি ষেমনটি লিখিয়া গেলেন রামও ঠিক তেমনটি করিয়া জীবনটি অভিবাহিত করিলেন। আর তোমার আমার মতো লোক ত জীবনীর ধার দিয়াই ঘাইত না। স্থতরাং ভাহারা বেশ স্থাথে স্বচ্ছানে দান धान. शुक्र दिनी थनन, मन्तित প্রতিষ্ঠাদি করিয়া ইহকাল পরকালের স্থব্যবস্থা করিয়া যাইতে পারিত। এই দেখ না, দেকালে 'মন হুর' 'বয়জীয়া' প্রভৃতি কত বড়ো বড়ো পেনটার ছিলেন কিন্তু ছবির উপরে নামটি পর্যন্ত জাঁহানের শই করিতে হইত না,— আর এখন আমাদের নাম ধাম গাঁই গোত্র,— কবে কী দিয়া ভাত থাইলাম, কবে কপাটি খেলিতে খেলিতে দাঁত ভাঙিলাম ইত্যাদি ইত্যাদি না লিথিয়া গেলে নিন্তার নাই; স্বতরাং লেখাই যথন ধার্য তথন দেটা ষত শীঘ্র পারা যায় শেষ করিয়া দেওয়াই ভাল।

দিন কতক নিজমা দিন কাটাইব বলিয়া সমুজতীরে আসিয়াছি, জন্মপত্রিকা সঙ্গে আনা হয় নাই— বয়স তারিথ ইত্যাদির প্রত্যাশা করিও না। ভাল রং তুলিও আনা হয় নাই স্বত্রাং তু একটা কালির আঁচড়ে নিজের ছবিটা যুত্টা সম্ভব লিথিয়া পাঠাইলাম।

সেদিন মাথাগুণতির সময় বয়স লিথিয়াছি ৩৯ স্থতরাং সেইটাই ঠিক বলিয়া ধর। অগ্রপ্রকার লিথিলে সরকারী হিসাবে গোলবোগ বাধাইয়া দেওয়ার জন্ম বিপদে পড়া আশ্চর্য নয়। তা ছাড়া আর-এক কারণে বয়স ও জন্মতারিথাদির হিনাব দিতে আমি প্রস্তুত নই, অন্তুশাস্ত্রটাকে আমি চিরদিন বাঘ দেখি দেইজন্ত অঙ্কবিভার দিকও মাড়াইতে এখনো সাংস হয় না; কাজেই জীবনে আমার অঙ্কটা বাদ পড়িয়া গেল এবং বলিলে বিখাদ করিবে না, অঞ্চনটা কিছু কিছু বোধগম্য হইল।

এই দেখ না কৰে যে এন্ট্রান্স পড়িয়াছি (পাশ কাটাইয়াছি) তাহার দঠিক হিদাব আমার নাই ভবে একটা স্থপ্ত ছবি মনে আছে। দে বংসর ছরস্ত গরম, মনিং রাদ হইতেছে,— হেডমান্টার মহাশয়ের দাড়ি নড়িতেছে কি নড়িতেছে না,— আর আমি বেকে বিদ্যা গোলদীঘির স্থির জলে চাহিয়া আছি, বইখানার দিকে নয়।

স্কুলের চতুর্থশ্রেণীতে কবে পড়িলাম মনে নাই কিন্তু দে সময় একটা জুবিলী না কি হইষাছিল আর সে উপলক্ষে যে একটা মেডেল কিনিয়া পরিয়াছিলাম ভাহাতে কুইন ভিক্টোরিয়ার মুখটি আঁকা ছিল ভাহা এথনো আমার বেশ মনে আছে।

এই মেডেল কিনিয়া পরার কথায় আর-একটা কথা মনে পড়িল।

অন্ত্রনার জন্ম আমি মান্টারদিগের নিকট হইতে কোনদিন পুরস্কার পাই নাই অথচ পুরস্কারের দিন নিয়মিত কুলে হাজির হইতাম। তথন কি জানিতাম যে আমার সঙ্গে অন্তশাদের যে সম্বদ্ধ কুলমান্টারদিগের সহিত অন্তন্দাদের ঠিক সেই একই রক্ম সম্বদ্ধ। আমি বলিয়া এই একটিমাত্র মৃত্বাণ মান্টারমহাশয়দের উপরে নিক্ষেপ করিয়াই ক্ষান্ত হইলাম, অন্তলোচ হইলে শরশ্যাা রচনা করিয়া কেলিত।

স্থলে পুরস্কার নান্তি বাটিতে তিরস্কার বংগেষ্ট; এই একটা বাল্যজীবনের চুম্বক ছবি দেওয়া পেল।

উনচন্নিশ বৎসরের একটা হিদাব নিকাশ করিতে বদিয়া দেখি যে মাত্র বছর দশ বারো ছাড়া বাকি আর সমস্টটাই খেলার কাটিয়াছে— রং তুলি গান বান্ধনা কবিতা প্রবন্ধ লইরা খেলা করিয়া কাটাইয়াছি,— জীবনটা একবার এ পথে একবার ওপথে।

২৫ বংশরে আমার জীবনটা ধরা পড়িল এবং পাঁচ হিতৈষীতে মিলিয়া সেটা বিশ্বকর্মার রথে জুড়িয়া দিলেন। প্রথমটা খুব আনন্দে রথ টানিতে লাগিলাম, ক্রমে পৃঠে কশাঘাত—মার মাঝে মাঝে উৎসাহস্থচক চাপড় থাইতে খাইতে পৃঠে কড়া পড়িয়া গিয়া এখন মনটা অনেক পোষ মানিয়াছে। এখন পুরস্কারেও বেমন তিরস্কারেও তেমনি একটু মানসিক স্থুও অন্তত্তব করিয়া থাকি।

বর্তমানে এপর্যস্ত। ভবিশ্রংবাণী করিছে আমার সাধ্য নাই। তোমরা সেটা কোনো স্থলেথককে দিয়া গণাইয়া লইতে পার আমার আপত্তি নাই।

তোমরা জানিয়া রাখ আমার জীবনীর এটা দিতীয় সংস্করণ প্ডিতেচে। প্রথমবারের জীবনীটা ছাপা হইবার পূর্বে পোন্ট্র্যাপিদ হইতেই হয় বিবাগী হইয়া গেছে— নয় তো অকালে ঝরাফুলের ন্তায়— বুঝিলে তো। তোমরা আমার লেখাটা পড়িয়া ভাবিতেছ 'নাঃ। এ জীবনটা কিছু না।' আর আমি আডালে দাঁডাইয়া হাদিতেছি ও বলিতেছি 'কিছু না। কিছু না। এই ছবিটা কেমন বল দেখি।'

পুরাতন লেখা

থুব ছেলেবেলার থিয়েটার

আমার মনে পড়ে খব ছেলেবেলায় অরুদাদা, ছোড়দাদা আর আমরা তিনজন হাবা খেলা করিতাম। তার আগের কথা আমার কিছু মনে পড়ে না। আমাদের প্রধান খেলা ছিল থিয়েটার। অক্রদাদা আর ছোডদাদা থিয়েটার করিতেন আর আমরা দব দেখিতাম। আমাদের থিয়েটার প্রায়ই যোবায়বিং মারামারি লইয়া- কারণ বড়ো পিদের একটা প্রোনো ক্রিব্ছিল সেইটে আমরা দখল করিয়াছিলাম। অতএব ক্রিব লইয়া থিয়েটার করিতে গেলে যোঝায়ঝি মারামারি ভিন্ন আর কিরকম থিয়েটার হইতে পারে? আমাদের বাডির উত্তরের বড়ো ঘর আমাদের থিয়েটারের ঘর ছিল ৷ সেই ঘরে একখানা সেকেলে প্রকাণ্ড কৌচ ছিল— সেইটিই আমাদের স্টেল হইত। এই স্টেল অতি চমৎকার। কৌচের পশ্চাতে লকাইলেই 'সিম' পড়িল এবং কৌচের উপর উঠিলেই 'দিন' খুলিল। এই 'থিয়েটারের কথায় একটা বড়ো মজার কথা মনে পড়িতেছে। একদিন থিয়েটার হইতে-হইতে অফ্রদানা ছোডদানাকে এমন লাথি কিল চাপভ ইত্যাদি মারিলেন থে বলা যায় না। কিন্তু ছোড়দাদাকে সকল সহা করিতে হইল, কারণ ও থিয়েটারে মারামারি, ওতে কাঁদিলে কিংবা রাগিলে চলিবে কেন- ও তো আর সত্য সত্য মার নয় ! আর-একদিন মহা বিপদ-- দাদা রাজা সাজিবেন কিন্তু রাজার তো কিছ গহনা পরা চাই। কোথা থেকে এক 'রিং' এল। সেই রিং ঠেলেঠলে দাদার আঙুলে পরানো হল- এই আর কি, তারপর আর রিং থোলে না। মহা বিপদ- দাবান দাও, এ দাও ও দাও, কিছুতেই কিছু না। মায়েদের কাছে খবর গেল— রিং কাটিয়া ভবে রিং খুলিতে হইল। এই তো গেল থিয়েটারের ব্যাপার। দেই অবধি বোধ হয় থিয়েটার বন্ধ হইয়া গেল।

আমাদের আডি-ভাবের কর্তা

আমাদের মধ্যে আগে আগে একজন করিয়া আড়ি-ভাবের কর্তা থাকিতেন। ওই লোকের ক্ষমতা অসীম। ইনি আড়ি বলিলে আড়ি, ভাব বলিলে ভাব। টনি যাহার সহিত আজি করিবেন তাহার সহিত আর কোনো ছেলে খেলিবে না। ইনি যাহা বলিবেন তাহাই শুনিতে হইবে, না শুনিলে অমনি আডি। কেহ আর তোমার সহিত খেলিবে না, কেহ আর তোমার সহিত কথা পর্যন্ত কহিবে না।

আমাদের বাগান-নির্মাণ

এক সময়ে আমাদের মধ্যে কোনো-একজন কতকগুলি টিনের হাঁস জোগাড় করিয়াছিলেন। থেলা করিতে করিতে সকলের মত হইল, চলো, একটা পুনুর করা থাক, তাহাতে হাঁদ ভাসানো হইবে। সকলে অমনি পুরুর-নির্মাণকার্যে ব্যস্ত হইল। আমাদের বাগানের পাশে একটা গর্ভ থোঁড়া হইল এবং তাহাতে একটি হাঁড়ি পুরিয়া তাহাতে জল ঢালিয়া পুরুর নির্মাণ হইল। তাহাতে হাঁদ ভাসিতে লাগিল। কী আনন্দ! কিন্তু তথু পুরুরে সম্ভই না হইয়া আমরা তাহার চারিথারে বাগান করিতে আরম্ভ করিলাম। অতি গত্তে কত গাছের ভাল আনিয়া বসাইলাম, কত থত্তে ভাহাতে জল দিলাম। একটি গাছ ত্তাইলৈ আর-একটি গাছ আনিয়া বসাইলাম। সেই বাগান লইয়া কতদিন থেলিলাম। কিন্তু এখন সে বাগান কোথায় গেল গু সেই জায়গাটা আমি এখনো চাহিয়া চাহিয়া দেখি— সেখানে কিছুই নাই, কেবল একটা ভাঙা টব আর একটা মাটির চিবি পড়িয়া আছে।

আমাদের স্কুল

দিনকতক আমাদের আবার একটা স্থুল হল। ও-বাড়ির পাশে একটা লগা তকা পড়িয়া ছিল, সেই তকাবানা কতকগুলো ইটের উপর দিয়া আমাদের বেঞ্চি হল। দীপুদাদা মাস্টার হইলেন। এই স্থুলে পড়া যত হোক না-হোক ফল থাওয়াটা খুব চলিত। একটা কুঁলোয় জল পোরা খাকিত, আমর। কেবল বলিতাম— মাস্টারমশায়, জল থেয়ে আমব। মাস্টারমশায় অনুমতি করিলে জল থাইয়া আসিতাম। এইজপে আমাদের স্থুল জীবন কাটিয়া বেল।

আমাদের বালির ঘর

অনেক গল্পের পৃত্তকে লেখা আছে— তুইটি বালক একদিন সম্দ্রভীরে বিদিয়া বালুকার ঘর গড়িতেছে, ভাঙিতেছে ইত্যাদি। এ কথা মিথ্যা নম, এ কথা কবিকল্পনা-প্রস্তুত নম, ইহা সত্য। আমার মনে পড়ে কতদিন— ওঃ সে কতদিনের কথা মনে পড়ে না— বালির ঘর করিয়া থেলা করিতাম। আমাদের বাড়ির কাছে কতক বালি পড়িয়া ছিল। সেই বালি লইয়া আমরা আমাদের চারিধারে বিদিয়া বালির ঘর গড়িতাম। সম্দ্রভীর ছিল না, থাকিলে হয়তো সম্দ্রভীরেই বিদিয়া গড়িতাম। এই ঘর-গড়া অতি সহজ বাগার। মাটিতে হাত উপুড় করিয়া রাথিয়া হাতের উপর ক্রমাগত বালি চাপড়াইয়া আতে আতে হাতটি টানিয়া লইতাম এবং হাতটি টানিয়া লইলে ভিতরে একটি গর্ভ থাকিয়া যাইত। এই গর্ভটি দরজা হইড। এইরূপে আমরা বালির অনেকগুলি ঘর গড়িয়া একটি দংলার পাতিয়া কেলি। একদিন বৃত্তির জলে আমাদের সমস্ত বালির ঘর ধুইয়া গেল দেথিয়া আমরা হতাশ হই। তথন আমরা আবার বালির ঘর পাত্রীয়া নৃতন করিয়া সংসার বাঁধি। এইরূপ করিয়া আমাদের জীবন কাটিয়া যায়।

আমাদের শিকার

আমাদের গোল বাগান আমাদের শিকারের প্রধান ছান ছিল। বাড়ির রেলিংভাঙা লোহা লইয়া আমরা শিকারে বাহির ছইতাম। বাগানের নিরীহ ভেকগুলি আমাদের প্রধান শিকার ছিল। শিকার করিয়া আমরা আমাদের শিকার বাড়ি আনিতাম না— দেইখানেই ফেলিয়া রাখিতাম, কারণ ব্যাঙ ছুঁইলে গরল হইবে। অনেক দিন পরে যাইয়া দেখিতাম তাহাদের চামড়া উঠিয়া গিয়াছে কেবল হাতগুলি পড়িয়া আছে। ইহাতে আমাদের বড়ো আনন্দ হইত। এই শিকারে আমাদের মধ্যে একজন একবার বড়ো আহত ছইয়াছিলেন। ইহার নাম হাবা। কাটাগাছে একটি টুনটুনি বিদয়া ছিল,

বেহ শুনিত কিংবা দেখিত তাহা হইলে হলস্থল পড়িত। তাগ্যক্রমে কেহ টের পাইল না। ছোড়দাদা মন্ত শিকারীর মতো আপনার পকেট ছি'ড়িয়া হাবার হাত বাঁধিয়া দিলেন। সমস্ত গোলমাল চুকিয়া গেল— শিকার বন্ধ হইল।

জুতা

আমরা ছেলেবেলায় অত্যন্ত ছুণান্ত ছিলাম। দিনরাত ছুটাছুটি মারামারি ভিন্ন কোনো কাজ ছিল না। ইহাতে অনেকে জিজ্ঞানা করিতে পারেন— মাসে আমাদের কয়জোড়া ছুতা লাগিত ? আমি বোধ করি, আমাদের বড়ো একটা জুতার দরকার হইত না, কারণ, আমরা সমস্ত দিনই প্রায় থালি পায়ে থেলিয়া বেড়াইতাম। জুতার বড়ো থোঁজ রাখিতাম না। শুইতে ঘাইবার সমস্ক আমাদের জুতার থোঁজ পড়িত— জুতামহাশয় আমাদের ভয়ে কোনো আলমারির চালে কিংবা ডেস্কের নীচে আলম্য লইয়াছেন!

আমাদের প্রিয় থাত

বেদানার ছিবড়া মুখ হইতে বাছির করিয়া দেয়ালে মারিয়া রাথিয়া এক মাস কি তু মাস পরে ভাহা থাওয়া— এটি ছোড়দাদার এবং বড়োদাদার মাথা হইতে বাছির হইয়াছিল। ইহার পূর্বে এরপ স্থান্ত পৃথিবীতে কেহ জানিত না এবং আমরা ছাড়া এখনো আর-কেহ জানে কিনা সন্দেহ।

বড়ো মা-র কেই ঠাকুর

বড়ো মা-র কথা আমার অল্ল অল্ল মনে পড়ে। আমাদের তেতলার পশ্চিমের ঘরে তিনি ও তাঁহার সহিত একটি হীরামন, হুটি না একটি ছোটো পর্জ পাথি, এক বুড়ী গাসী আর কতকগুলি মাটির ঠাকুর থাক্ত। একদিন সকালে তাঁর কাছ থেকে এক মাটির কেষ্ট ঠাকুর চাহিয়া আনি। মহা আহ্লাদ— আজ কত থেলাই না-জানি হবে!

দানারা হল্-এ এক টেবিলের উপর বসিয়া ছিলেন, দূর হইতে আমার হাতে কেই ঠাকুর দেখিয়াই ভো অবাক। অমনি পরামর্শ হইল— কেই ঠাকুর ওর হাতছাড়া করিতে হইবে। কিন্তু কেই ঠাকুর কেই না গাইলে আমার হাতছাড়া হয় না দেখিয়া কেই ঠাকুরকে কেই পাওয়ানোই ছির হইল। আমি কাছে গেলে আমাকে সকলে স্থপরামর্শ দিলেন— তুই ঠাকুরটা মাটিতে আছড়ে ভেঙে ফেল, দেখ ওর খেকে কেমন ভালো জিনিস বেরবে। আমি সেই কথা শুনিলায়। মাছি মাকড়দার জালে পড়িলে আর উন্নার নাই। কেই ঠাকুরকে সজোরে এক আছাড়! মাটির কেই মাটিতে মিশাইল, আমারও খেলার স্থপ মাটি-চাপা পড়িল— কোধায় বা ঠাকুর, কোথায় বা জিনিস? সব ফড়া!

তাসুর

আমাদের বাড়ির মেদিপাতার চকরের মাঝখানে তেঁতুলগাছের মতো কীএকটা গাছ ছিল। সেই গাছের তলায় ছোড়দাদা একদিন কোথা হইতে
একটা মাটির অস্ত্র আমিয়া ফেলিলেন। সেই অস্ত্রটা দেথিয়া তখন যে কী
ভয় হইত তাহা বলিতে পারি না। রাত্রিতে বারানা দিয়া তইতে যাইবার
সময় যখন মাটির অস্ত্র দেখিতে পাইতাম, তখন এমনি ভয় হইত। মনে হইত
যেন সভাসত্য একটা জীবস্ত অস্ত্র গাছের তলায় হাত-পা ছড়াইয়া বিদয়া
আছে। এই মাটির অস্ত্র আমাদের অনেকদিন অবধি ভয় দেখাইয়াছিল।

ভূতের ঘর

আমাদের বাড়িতে এক ভ্তের ঘর ছিল। এই ঘরে এক জীবস্ত ভূত বাদ করিত। এই ঘর তথন ভাতার ঘর ছিল। এই ঘরের একটি গরাদে দেওয়া জানলা ছিল। দেখানে সন্ধ্যার সময় গেলে আমরা সেই জানলার ভিতর দিয়া গোঁক্ষমেত একটা কালো মুথ দেখিতে পাইতাম। কেবল দেই কালো ম্থ— আর কিছু নয়। ঘরের ভিতরটা ঘোর অন্ধকার— কিছু দেখা যায় না। এই ম্থ আমাদের কতরকম ভন্ন দেখাইত। তথন কে জানিত এই ম্থ

: মামলা - মকদমা

কী থেকে যে কী হয় তাবলা যায় না। সুস্র বীজ হইতে প্রকাণ্ড প্রকাণ্ড ব্রুক উৎপন্ন হয়। সুস্র স্কুল জলবিন্দু হইতে বেগবতী নদী উৎপন্ন হয়। দেই নদী দেশ নগর ভাঙিয়া আপনার পথ করিয়া লয়। মূহ্মন্দ বায়ু হইতে ঘোর বাটিকা উৎপন্ন হইয়া দেশ গ্রাম নষ্ট করে। সেইরূপ এক দিনের এক সকালের স্কুল এক ঘটনা হইতে আমাদের আর অক্লাধার মধ্যে এক বৃহৎ মকদ্মা উপস্থিত হইয়া আমাদের বাল্যকালের ব্রুতা সমূলে উৎপাটন করিবার চেষ্টা করিয়া ভল। ঘটনাটি এই:

একদিন সকালে আমরা থেলা করিতেছি, এমন সময় ও-বাড়ির কতকগুলি ছেলে একথানি ঠেলাগাড়ি করিয়া বাহির হইল। গাড়ি দেখেই তো
আমরা অবাক। বা, কেমন গাড়ি— আমাদের অমন একথানা নাই— এমন
কোথায় পাওয়া বায় (মহা ভাবনা)। এমন সময় মনে পড়িল আমাদের
ভাগুার ঘরের কাছে একথানা ৬ইপ্রকার ভাঙা গাড়ি আছে। আমনি সেইটা
টানিয়া বাহির করা হইল। ঝুড়িয়া ঝাড়িয়া পেরেক ইত্যাদি মারিয়া এবং
সমন্ত দিন থাটিয়া তাহাকে সারানো হইল। এমন সময় অক্রাদা বলিলেন,
গুটা আমার গাড়ি। এই বলিয়া সেটা কাড়িয়া লইয়া গেলেন। মহা
বাগোর।…

রয়েড স্থীটের বাড়ি

আমাদের পৈতা আসিয়া পড়িল। বাড়ি মেরামত হইবে বলিয়া আমরা রয়েড খ্লিটের একটি ভাড়া বাড়িতে উঠিয়া গেলাম। এইখানে আমরা অতি প্লথে ছিলাম। রোজ হপুর বেলায় খেলনাওয়ালা কত খেলনা আনিত, আমরা খেলনা কিনিতাম, খেলিতাম আর ভাঙিতাম। এইখানে আমরা খ্রথম ঘোড়ায় : চড়িতে শিথি। কিন্তু অন্ত্যাদ্বশত এখন ভূলিয়া গ্রিয়াছি।

বন্দত্য

এই রয়েড স্প্রিটের বাড়িতে একটা বেলগাছ ছিল। দাসীরা বেথানে, সেথানেই ভ্তের উপদ্রব হইবে এ তে জানা কথা। একদিন রব উঠিল যে ওই বেলগাছে বন্ধনৈতা আছে। আমনি সকলের বিশাস হইল। রাত্রে কেহ থড়মের, কেহ বেলপাড়ার, কেহ-বা পূজার ঘটার শব্দ শুনিতে পাইলেন। কেহ কেহ-বা সচকে শাদা কাপড় পরা দৈত্য দেখিতে পাইলেন। আমরাও ৬ই-সকল শুনিলাম এবং দেখিলাম আর ব্রহ্মদৈত্য নামে যে একপ্রকার ভূত আছে তাকে সেই সর্বপ্রথম জানিতে পারিলাম।

ওহে দম্পাদক, তুমি বুধবারে লেখা চাও কিন্তু লেখে কে; হয়ত দে ইস্কুল পালিয়ে শীতে কश्रन मुि किया किवानिसा किट्ह ! दवना आंफ़ारे श्रहत, टाय এতকাল যে চবিগুলো দেখেও দেখে নি সেইগুলো খুঁটিয়ে দেখছে— সবে বেলা আড়াই প্রহর কিন্তু এরি মধ্যে রোদের তেজে একট্থানি ডালিম ফুলের রং-এর খবর এসে গেছে, বাইরে বাগানে পাহাড়ি ঝাউ মন্দিরের চূড়ো থেকে থসিয়ে এনে বিশ্বভারতী কলাভবনের কোণে কিংবা আর্টু সোসাইটির হলের মাঝে অথবা যাত্রঘরের কাঁচের কফিনে ধরা একটি যক্ষিণী মৃতির মতো পুব দিকের গায়ে হেলান দিয়ে শুকনো মুখে ষেন কী ভাবছে ! একটি ফুলের লতা কোন দিক দিয়ে চূপি চূপি এসে বুড়ো কাঁঠাল গাছটার মাথা ফুলের আবীরে লালে লাল করে দিয়েছে। এরি গায়ে পুরোনো বাড়ি ভাঙা আলদের ছায়ায় হুটো নীল পায়রা ঘাড় নেড়ে বকাবকি হুক করে দিয়েছে, মাড়োয়ারিদের বাড়ির টিনের ছাদে চাকা চাকা পাঁপড গুকোচ্ছে হঠাৎ একটা বাতাস এসে টকরো কাগজের মতো পাপড়গুলোকে উড়িয়ে দিয়ে পালালো। খন খন করে পিতলের কাঁসিতে ঘা দিতে দিতে বাসন হেঁকে একটা লোক গলি পার হয়ে গেল, টুং টুং টুং বেলা তিনটের ঘড়িটা তার সাড়া দিলে। 'কা' বলে একটা কাক বারান্দার বেলিংটায় উড়ে বদে বানিস করা পাথনাগুলোর দিকে ফিরে ফিরে দেখতে नागन ।

বাগানের বাঁধা রান্তা তু পাশে তুটো হাত ছড়িয়ে চিৎ হয়ে পড়ে আছে, রোদ আর ছায়া ভার গায়ে নানা রকম ভোরা এঁকে দিয়েছে, গোটাকতক চড়াই পাথি তারি ধারে শুকনো মাটিতে 'গাব্' খুঁড়ে নিজেরাই মার্বেল হয়ে বাজি থেলতে লেগে গেছে, গোল বাগানের ঠিক মাঝখানটিতে কোয়ারার জল কালো কাচের একটা পদ্মকটি পান বাটার মতো পড়ে রয়েছে। কালে কালে রংজলা এখানে ওখানে পুরোনো আতরের তেলে কালি প্ছা সাবেক কালের সব্জ শালের মতো ঘাস-জমি তার উপর একটকরো জামা আর ছেঁড়া চিঠির একটা কোণ, হীরের মতো জল জল করছে মুক্ছমির একটা কাটাগাছ, তারি বুকের ফাকে ফাকে মাকড়মার জাল ঘন কুয়াশার মতো বিছিয়েরয়েছে। একটা

টুনটুনি পাথি তারি মধ্যে বাদা বাঁধতে কেবলি ধান্তরা-আদা করছে! আদার চৌকির পাশে রং গোলবার গামলা, তারি আছোঁয়া পরিষার ভলে উপরের নীল আকাশ তুব দিয়ে চুপ করে আছে আর পাশের ঘরে ছেলেগুলো জিউগ্রাফি পড়ছে— বৈকালছদ!



হারানিধি

এখন জানি হারালে জিনিসটা যথন পাওয়াই যাবে না, কাজেই নতুন কলা; নতুন বই, নতুন টুকিটাকি কিনে ফেলতে দেরিও করি না। কিন্তু তথন পুরোনার পরিবর্তে আর একটি তেমন কেনা সহজ ছিল না। অনেক দরবার করে তবে পেতেম একটা নেকড়ার গোলা, চটিভূতো কিয়া এক জোড়া নোজা। দেইজন্ম হারিয়ে গেলে তারা আবার ফিরে আসবে এমনি একটা বিখাস ধরে বসে থাকা ছাড়া উপায় ছিল না— আসতও কিরে।

সার্জেন মার্কার আদত বিলিয়ার্ড থেলাতে, তাকে আনেক ধরে বলেকরে আদায় হত রঙিন হতো দিয়ে বাহার-করা নেকড়া-গোলা। হঠাৎ থেলতে থেলতে একদিন হয়ে গেল অদৃখা। জুতোওয়ালা চীনেম্যান আদত বছরে একবার, তার কাছে দরবার করতে হত যাতে আমার পায়ের একটা মাপ নেয়। ভাকে খুশি করতে চীনে ভাষা শিথে নিতেম ঈয়রবার্র কাছে (৺ঈয়রচন্দ্র যুথাপায়্য়)। খানিক চীনে য়য়ের থানিক উহ্ ন্মেলানো একছ্র কথা দেইটে শিথিয়ে ছেড়ে দিতেন; য়য়ন আদা চীনেম্যান অমনি তার সদেআলাপ জুড়তেম। ইয়েদে পাগলা উয়েদে পাগলা বলে হঠাৎ চীনে-সাহের রেগে যেন গজ্গজ করতে করতে পায়ের দিকে চেয়ের বদে যেত মাপ নিতে পায়ের। ভয়ে তথন হাত-পা আমার ঠাঙা! এমন সব কাও করে চাওয়া জুতো, সেও দেখতেম ফ্র করে হারিয়ে গেল!

দিন কাটে ত্র্বনায়। জ্তো হারানো, গোলা হারানোর ক্থাটা চেপে রাখি রামলাল চাকরের কাছ থেকে। তারপর একদিন দেখি, গোলা হয় বড়ো বড়ো ঝাড়ের মাথা থেকে গড়িয়ে নামল, নয়তো টুপ করে এদে পড়ল পায়ের: কাছে কানিসের উপরে চড়াই পাখির বাদা থেকে। জ্তো জোড়ার এক পাটি বেরিয়ে এক ইংরিজি বই-ঠাদা বড়ো বড়ো আলমারির চাল থেকে, আর-এক জোড়া ধুলোয় ভরা দেকেলে গালচের তলা থেকে। কালো বানিশ তথন চটে গেছে তাদের, যেন কোথায় দূর দেশের পথ ভেড়ে ধুলো-কাদা মেথে এল—তারা হারানো রাজ্তের ফেরং যাত্রী।

হারানিধি খুঁজে না ফিরে চুপচাপ অপেকা করায় ফল পাওয়া যায়, এ বিখাদ বড়ো হয়েও গেল না।

হারালে ফিরে আদবে বলে বদে থাকা চলত ছেলেবেলায়-- এথন তা তো চলে না। থোঁছাথুজি, থানিক তদি-তম্বা, পুলিশ ডাকা-ডাকিও করে থাকি; কিন্তু মনে জানি, আছে কোথাও, একদিন দেখা দেবে হঠাং!

সেকালের একটা ঘটনা বলি! বনম্পতি হীরের একটা আংটি বাবামশায় মাঝে মাঝে ব্যবহার করতেন। হঠাৎ একদিন দেখা গেল— সোনাটা আছে, হীরেটা পালিয়েছে কোথায়। তহি-তম্বা, থোঁছাখুজি, গোবিন্দ বলে একটা চাকর মেয়াদ খাটতে পর্যন্ত গেল। হঠাৎ একদিন কাপড়ের আলমারি ঝাড়ার সময় বেরিয়ে গেল হীরেটা। আলমারি ছিল বাবামশায়ের বুক্ বেহারার জিমেতে! জেরা করা মাত্র সে সাক্ষ জবাব দিলে, বাব্মশায়ের ছাতার মধ্য থেকে ওটা টপ্ করে একদিন পড়ল। ঝাড়ের ঝলম কি হীরে, সে কি আনে প সে তুলে রেখেছে ওই আলমারিতে!

অতি বিখাদী বৃদ্ধুর বৃদ্ধির দৌড় দেখে বৈঠকখানায় প্রচণ্ড হাদির রোজ উঠল। গোবিন্দ খালাস হয়ে তিনশত টাকা বকশিশ পেয়ে পূর্বৎ কাজে লেগে গেল। বনস্পতি রইলেন বন্ধ সিন্দকে।

থ্ব অন্ন দিনের কথা— অনেক কটে একট। কাকাতুয়। ধরলেম। পাথিটা ত্-তিন বার শিকলি কেটে পালাল, ধরাও পড়ল। শেষে একদিন উধাও! কেদার চাকর শৃক্ত দাঁড় হাতে এদে বললে, পাথি হারিয়েছে। তথন সন্ধাকালে অন্ধকারে লুকিয়ে গেছে পাথি, আমি বলি, হারিয়েছে আদবে। মা হেসেই অধির! উড়ো পাথি ফেরে কথনো? কেদারকে বললেম, দাঁড়ে প্রতিদিন ধাবার দিয়ে ঝুলিয়ে রাথ বাগানের সামনে।

একদিন গেল, তু দিন গেল, পাথির দেখা নেই। তিন দিনের দিন দেখি— কোন্ সকালে এসে বনে আছে পাথি আপনার দাঁড়ে। সেই থেকে ছাড়া ছিল সে পাথিটা। উড়ে ধেত গাছে, ফিরে আসত দাঁড়ে।

বাল্যকাল থেকে এ বিখাদ বন্ধমূল হয়ে গেছে— তুল বিখাদ নয় এটা।
পূরীতে সমূদ্রের তীরে থাকি, চোরে নিয়ে গেল ছেলেদের কাপড়ের বাক্ষটা;
অনেক খুঁজে বালির মধ্য থেকে বার হল বার কাপড় দবই। কেবল পাওয়া
গেল না একছড়া নতুন-কেনা গলার হার, ধোনার গোটা-কয়েক টাকা, আর

বুড়ো বয়সে কুড়োনো আমার সমুদ্রের ঝিমুক ইত্যাদির থলিটা। পুলিশ ডাকার কথা হল— কিন্তু সেবারেও ধৈর্য ধরে বসলেম বাল্যকালের মতো।

ফিরে এল দোনীর হার জগন্ধাথের মন্দিরের দিক থেকে। ছড়ি-ঝিহুকের থলিটাও এল; কেবল এল না ছড়িগুলো অতি যত্নে আনেক দিন ধরে জমা করা। চলে এলেম ভাড়াভাড়ি সম্প্র-ভীর ছেড়ে কলকাতায়। অপেকা করতে পারলে হয়তো ছড়িগুলোও আদত ফিরে বনম্পতি হীরেটার মতো!

ব্যাপ্টাইজ

৭৪ খৃ: অব্দের আগে থেকে দাসীর কোল ছেড়ে, চাকরের হাত ছেড়ে কাঠরা না ধরে বাড়ির সব সিঁড়ি ওঠা-নামা করতে মজব্ত হয়ে গেলেম; কিন্তু-তথনো দেখি হাতের পাঁচটা আঙুলের নাম জানি নে, ডান হাতে বাঁ হাতে গোলমাল হয়ে যায়!

শেই অবস্থায় একদিন দকালে আমাদের দক্ষিণের বারান্দার সামনে লক্ষা ঘরে চায়ের মজলিদ করে বদেছে। বেয়ারা বার্চি উদি পরে ফিটফাট হয়ে দকাল থেকে দোতলায় হাজির। আমার সেই নীল মথমলের সেকেগুহাাও কোট আর দট পাাওটার মধ্যে পুরে রামলাল আমাকে ছেড়ে দিয়েছে যওটা পারে চায়ের মজলিদ থেকে দ্রে।

কে জানে সে কে একজন— মনে তার হেহারাও নেই— সাহেবহুবো গোছের মাছ্ম, চা খেতে খেতে হঠাওঁ আমাকে কাছে যেতে ইপারা করলেন। পরের ঘরে চুক্তে মানা ছিল পূর্বে, কাজেই আমি ধরা পড়েছি দেখে পালাবার মংলবে আছি, এমন সময় রামলাল কানের কাছে চুপিচুপি বললে— 'যাও, ডাকছেন, কিন্তু, বেথা, থেয়ো না কিছু।' সাহদ পেলেম, সোজা চলে গেলেম, টেবেলের কাছে যেথানে কটি বিকুট, চায়ের পেয়ালা, কাচের প্লেট, ওথমা-ঝোলানো বার্টি আগে থেকে মনকে টানছিল। ভূলে গেছি তথন রামলালের ছকুমের শেষ ভাগটা, ঘরের মধ্যে কী ঘটনা ঘটল তা একটুও মনে নেই। মিনিট কতক পরে একথানা মাথন মাথানো পাউকটি চিবোতে চিবোতে বেরিয়ে আদতেই আড়ালে কেদারদাদার সামনে পড়লেম। ছেলেমাত্রকে কেদারদাদার অভ্যাদ ছিল 'শালা' বলা। তিনি আমার কানটা মলে দিয়েক্টি করে আমার দিকে চেয়ে বলে— 'বলেছিলুম না থেয়ো না কিছু।'

কী যে অভায় হয়ে গেছে তা ব্ৰতে পারি নে; কেউ স্পষ্ট করেও কিছু বলে না; দাদীদের কাছে গেলে বলে— 'মাগো থেলি কী করে ?' ছোটো বোনেরা বলে বলে— 'তুমি থেয়েছ, ছোঁব না!' বড়োপিদি মাকে ধমকেবলেন, 'ওকে শিথিয়ে দিতে পারে। নি ছোটো বউ।'

দে ভদ্রলোক চা থেতে এমেছিলেন তিনি তো গেলেন চলে থাতির-মত্ব পেরে; কেদারদাদাও গেলেন শিকদারপাড়ার গলিতে; কিন্তু ব্যাণ্টাইজ কথাটা আমার আর কাছ-ছাড়া হয় না। কটিখানা হজম হয়ে যাবার অনেক অনেক ঘন্টা পরে পর্যন্ত আমার মনে কেমন একটা বিভীষিকা জাগতে থাকল। কারো কাছে এগোতে সাহদ হয় না; চাকরদের কাছে তোষাখানায় যাই, দেখানে দেখি রটে গেছে ব্যাণ্টাইজ হবার ইতিহাম; দগুরখানায় পালাই, দেখানে যোগেশদাদা মগুরদাদাকে ভেকে বলে দেন আমি ব্যাপ্টাইজ হয়ে গেছি। এমনি একদিন ছদিন কতদিন যায় মনে নেই, একলা একলা কিরি, কোখাও আমল পাই নে, শেষে একদিন ছোটো পিসিমা আমায় দেখে বললেন, 'তোর মুখটা ভকমো কেন রে ?'

মনের তুংথ তথন আর চাপা থাকল না— 'ছোটো পিদিমা, আমি
ব্যাপ্টাইজ হয়ে গিছি।' ছোটো পিদি জানতেন হয়তো ব্যাপ্টাইজ
হয়রার কাহিনী এবং যদি বিনা দোষে কেউ ব্যাপ্টাইজ হয় তো তার উলার
হয় কিনে, তাও তাঁর জানা ছিল, তিনি রামলালকে একটু গদালল আমার
মাধার দিয়ে আনতে বললেন।

চলল নিমে আমাকে রামলাল ঠাকুরঘরে। পাহারাওয়ালার দক্তে বেমন চোর, সেইভাবে চললেম রামলালের পিছনে পিছনে নানা গলি ঘুঁজি উঠোন দিঁ ড়ি বেয়ে পৌছতে হচ্ছে ঠাকুরঘরে— যেতে যেতে দেখছি অন্দর বাড়ির লাল টালি বিছানো ছোট্ট উঠোন জল দিয়ে সবেমাত্র ধোলা হয়েছে। দেই উঠোনের পশ্চিমের দেয়লে একটা গরাদে আটা ছোটো জানালা, তারি ও-ধারে অন্ধকার ঘর, তারি মধ্যে কালো একটা মুঁতি বড়ো বড়ো মেটে জালার মৃথ খুলে কী ভুলছে। পায়ের শব্দ পেয়ে মুঁতিটা গোল ছটো চোখ নিয়ে আমার দিকে কটমট করে চেয়ে দেখলে। এর অনেক কাল পরে জেনেছিলেম এ লোকটা আমাদের কালীভাঙারী— রোজ এর হাতের কটেই খাওয়ায় রামলাল। কালী লোক ছিল ভালো, কিন্তু চেহারা ছিল ভীষণ। আলিবাবার গল্পের ভেলের কুপো আর ভাকাতের কথা পড়ি আর মনে পড়ে এখনো কালীর সেদিনের চোথ, গরাদে আটা ঘর আর মেটে জালা। উঠোন থেকেই দক্ষিণধারে রামাবাড়ির ছাদের উপর দেখা যায় ঠাকুরঘরের খানিকটা অংশ। কিন্তু সোজা রান্ডা ছিল না দেখানে পৌছনর। উত্তর

দিকে পাঁচটা থাপের মেটে দিঁড়ি ধরে চলল রামলাল। এই দিঁড়ির গায়েই পালকি নামবার ঘর; দেখানে ঘরজোড়া দোতলা পর্যন্ত একটা মেটে দিঁড়ি— গজগিরি পাঁচিল আর উঁচু উঁচু ধাপগুলো তার— সেটা পেরিয়ে একটা দক গলি, তার জানলা নেই, দরজা নেই, থালি পাঁচিল আর ছোটো ছোটো ফটো করা কাঠের বেডা দিয়ে ঘেরা জায়গাটা অক্ককারে মোড়া।

এই সক্ত গলিটা পেরিয়ে পড়লেম একটা থোলা ছাদের একধারে একটা আরো সক্ত বারালায়। সেথানে সারি সারি মাটির উছ্ন। একটা মোটা-দোটা দাদী দেখি মন্ত লোহার কড়া আগুনের উপর চাপিয়ে বনে আছে ইট একথানা পেতে। সে আমার দিকে চেয়ে দেখার আগেই সামনের চার-পাঁচটা ধাপ নেমে গিয়ে পড়েছি একটা ছোটো জানালা আঁটা ঘরে। সেথানে দেখি অক্ষার—একটা মন্ত যাঁতা নিয়ে ব'দে এক বৃড়ি— শাদা কাপড় পরা—আমাকে দেখেই দে একবার যাঁতাটা ঘ্রিয়ে দিলে। ঘর্মর শব্দে সমন্ত ঘর্মানা পায়ের তলায় কেঁপে উঠল। রামলাল আর সেথান থেকে নড়তেই চায় না। ভাবছি ছোটোপিদি বলেছেন গঙ্গাজলের কথা, রামলাল কি এত নেমকহারাম হবে যে হুকুম না মেনে যাঁতাবৃড়িকে দিয়ে দেবে আমাকে, আর চাল ডালের সঙ্গে ওড়িয়ে ধুলো হয়ে ঘাব যথন, তথন গিয়ে রামলাল ছোটোপিনিকে মিছে কথা বলবে যে আমি ইচ্ছে করে যাঁতা ঘোরাতে গিয়ে দর্বনাশ ঘটিয়েছি।

রামলাল ধথন বৃজ্র কাছ থেকে একমুঠো দোনামৃণ খুঁটে বেঁধে নিম্নে ঠাকুরবাজির দিকে অগ্রদর হল তথন রামলালের সঙ্গ নিতে একটুও দেরি করলেম না। থাতাগরটা ছাজিরেই রালাবাজির বারান্দা— দেখানে মাছভাজার গন্ধ পেয়ে মনে হল এ যাত্রা বেঁচে গেছি।

রারাবাড়ির উঠোনের পুর গায়ে দক মেটে দি'ড়ি বেস্নে উঠে যেতে হয় ঠাকুরবাড়ি—কতকালের দি'ড়ি, ইট খদে খদে ধাপগুলো তার কোগলা হয়ে গেছে। এই দি'ড়ির মাঝামাঝি উঠে দেওয়ালের গায়ে চৌকো একটা দরজা ফদ্ করে খুলে রামলাল বললে—'এটা কি জানো ? চোরকুটুরি, পেড্রি খাকে এখানে।'

আর বলতে হল না, সোজা আমি উঠে চললেম সিঁড়ি যেথানে নিয়ে যায় যাকৃ ভেবে। থানিক পরে রামলালের গলা পেলেম—'জুতো থুলে দাঁড়াও, পঞ্চাব্যি আনতে বলি।' ভয়ে তথন বক্ত জল হয়ে গেছে। ছোটো পিদি দিয়েছেন হকুম গলাজলের; কেন যে রামলাল পঞ্চাব্যির কথা তুলছে দে প্রশ্ন করবার মতো অবস্থার বাইরে গেছি তথন। মনও দেখছি ঠিক দেই পর্যন্ত লিথে বাকিটা রেখেছে অসমাধ্য।

আমার 'ব্যাপ্ টাইজ' হবার কথা মনেই ছিল না। আজ কিছুদিন হল কোন হোস্টেলের বাঙালি ছেলেরা আমাকে নিমন্ত্রণ দিয়েছিল। সেথানে পাতে বলে দেখি দেশী থাবারের মধ্যে এক টুকরো করে মাথন মাথানো পাউরুটি। দেথেই আমার সেই ৭৪ খৃঃ অব্দের কটি থাওয়া মনে পড়ে গেল। ছেলেদের স্থোলেম 'ক্টিথানা কেন রসগোলার সঙ্গে স্পর্ণার পোড়ো একটু হেসেবললে—'গুটা আম্বা দ্ব ছেলেদের মধ্যে চালিয়ে দিয়েছি মশায়।'



ভারতীর ছবি

ছোটোদের জ্ব্য তথন বাসন্তী-কাগজের তুইখানি পাতায় 'প্জার স্থলভ'—
আত্বরে ছেলে গাল ফুলাইয়া জ্বমাগত সাবানের বৃদ্ধৃদ্ উড়াইতেছে এই চিত্রটিক
ছাপ লইয়া বাহির হইড; আর সবই ছিল বড়োদের জ্ব্যু; 'বলদর্শন' 'ভারতী'
'বামাবোধিনী' 'তল্ববোধিনী' দবই। অন্তত বিশ বৎসর বয়স হওয়। পর্যন্ত 'ভারতী'র কাছে আমরা ঘেঁ সিতে পারি নাই;— সে ঘরের আদ্বিণী ক্যার মতো বড়োদের কাছে কাছেই থাকিত।

আমাদের তেভালার উত্তরের ঘরে মায়ের একটা বড়ো কাচের আলমারি; ভারি সর্বোচ্চ ভাকের একটা অংশে 'ভারতী'। চৌকির উপর চৌকির সোশান বাহিয়া আমরা অনেকদিন এই আলমারির চালটা পর্যন্ত উঠিয়া গেছি— এবং সেই অজানা রাজত্বের কত সংবাদ, কত টুকিটাকি সংগ্রহ করিয়া দিগ্বিজয়ী বীরের মতো দলে ফিরিয়া আদিয়াছি, কিন্তু ওই একথানিমাত্র কাচের আবরণ ভাতিয়া ভারতীর উপরে হন্তকেশ— এটা কোনোদিন আমার সাহসে হুলায় নাই। লঠনবেরা আলোর বাইরে পতঙ্গ বেমন, আমাদের শিশু-কালটা তেমনি ভারতীর বাইরে বাইরেই ঘুরিয়া মরিয়াছে বলিলেও চলে।

কেবল একটি দিন— বছরে একটিবার মাত্র মা আমাদের হাতে আলমারির চাবি ছাড়িয়া দিতেন— দে ভাদ্র মাদের রোফ্রোজ্জল একটি প্রভাত। ভারতীকে কাঁধে তুলিয়া আমরা ছাদের উপর রোদ পোহাইতে চলিতাম। দেইদিন ক্ষণিকের জন্ত ভারতী আমাদের কাছে আদিত। আমরা দেখিতাম— দে পদ্মের উপরে পা-খানি রাখিয়া গালে হাত দিয়া স্ক্রে চাহিয়া আছে;— কোলে তার অনাহত বীণা। এই ছবিটি মাত্র— এ ছাড়া ত্থনকার ভারতীর আর কোনো ছবি আমার মনে আদে না।

আমাদের দেকালের পুজো

জামাদের ছেলেবেলার পূজো আদত। কয়লাহাটার রাজা রমানাথ ঠাকুরের বাড়িতে তথনো পূজো হচ্ছে। আমাদের বাড়িতে পূজো না থাকলেও পুজোর আবহাওয়া এদে লাগত আমাদের বাড়িতে।

পুজার আগেই আসত চীনেম্যান— বানিশ করা নতুন জ্তোর জগ্তে পায়ের মাপ নিতে। সব বাড়ির ছেলেরা মিলেই পায়ের মাপ দিতুম। অবাক হতুম তার মাপ নেওয়ার কায়দা দেখে। এক টুকরো লখা ফালি কাগজ নিয়ে সব ছেলেদের একবার পায়ের লখা আর একবার বেড়টা মেপে নিয়েই ছেড়ে দিত। মাপ নেওয়ার ওই রকম যত্ত্ব দেখে মনে আশকা হত যে জ্তো কোনো দিন এদে পৌছবে কি না। কর্তাদের চোথের আড়ালে চীনেম্যানের গা ঘেঁদে জিজ্ঞেন করতুম— জ্তো কবে আদবে বলো না। ভালো করে মাপ নিয়েছ তো? ফোয়া পড়ে না যেন এমন জ্তো তৈরি করে দিয়ো। নাকী স্থরে চীনে সাহেব বলত, 'ঠিক হোঁবে, বালো জ্তো হোঁবে।' চীনেম্যান বলে নাক কুঁচকে ঘেয়ায় অবহেলা করবার জো ছিল না। একবার কে যেন বলেছিল, 'চীনেম্যান চুং চ্যাং, মালাইকা ভট্।' তার জয়্ম তার ভয়ানক বকুনি হয়েছিল। আমাদের বাড়িতে তার আদর ছিল থ্ব। দৌম্য্যুতি চীনেম্যান আর তার হাস্যমুধ এধনো মনে পড়ে।

তারপর আদত দরজি। তার নামটা ভূলে গেছি। যতদ্র মনে পড়ে 'আবহুল'। তার মাথায় পোল গল্পজের মতো একটা মল্ড শাদা টুপি। গায়ে সামনে-বোতাম-দেওয়া দিবিয় ধবধবে শাদা চাপকান, মল্ড ভূঁ ড়ি। পিঠে কাপড়ের পুঁট্লি। তার কাছে দিতে হত সকলের জামার মাপ। জামা তৈরির কাপড় জোগানের ভারটা সেই নিত। সবুজ কিংখাপের থান, তার ওপর সোনালি বুটি— সেটাই ছিল ছেলেদের সকলের পছন্দ; সেই থান থাক্ত ভার বগলে— সেই কাপড় থেকে ছেলেদের একটা করে চাপকান সকলের তৈরি হত। সব ছেলেদের একরকম পোশাক। আর ওই কাপড়েই ছবি দেওয়া অর্ধচন্দ্রাইতি টুপিও একটা সকলেই পেতুম। এই হল প্রেরি পোশাকের পালা।

পোশাকের পালা চুকে গেলে আমত গিত্রেল মাহেব। ইছদী সাহেব

দে। টকটকে রঙ, গোঁজ-দাড়িতে জমকালো চেহারা! তার চেহারাটা ছবছ শাইলকের ছবি। তার ওপর ইছলী— জামার আন্তিনে রুপোর বোতাম নারি নাগানো থাকত। তা দেখে চমক লাগত। দে আসত গোলাপ আর আতর বিক্রি করতে। কর্তারা, বাবুরা, স্বরাই ছিলেন তার থদ্বের। জামাদের ছোটোদের জন্মও ছোটো ছোটো শিশিতে দে আনত গোলাপি আতর। দেটা আমাদের বাধিকী। তার জন্তে প্রসাদিতে হত না তাকে।

তার পরেই পুজোর পার্বণীর পালা। ছোটো-বড়োর হিসেবটা তথনই বেশ বোঝা যেত। বড়োরা বেশি পেত, আর ছোটোরা পেত কম। বড়োরা কেউ চার টাকা, কেউ আট টাকা— আর ছোটোরা বয়স হিসেবে এক টাকা থেকে আট আনা চার আনা। এই রকম পার্বণী পেতুম আমরা, চাকর-বাকরদেরই হত জোর লাভের মরন্তম। তাদের হাতে আমাদের পাওনা যার যার পার্বণী জমা করে না দিলে নানারকম মুশকিল বাধত। তবে আমার চাকর রামলাল ওরই মধ্যে একটু লোক ভালো ছিল। সে সর্বৈব ফাঁকি দিত না, ওই পার্বণীর পায়া থেকে চানে বালারে গিয়ে আমার জন্তে এক-আথটা নতুন পেলনা এনে দিত যে তা বেশ মনে আছে। এই রামলাল চাকর ছিল কয়লাহটোর বাড়িতে ছোটো কর্তা রাজা রমানাথ ঠাকুরের পা-টেপার চাকর। ছোটো কর্তা ভারি শৌধিন মায়্য ছিলেন— হাতের স্পর্শ হিসেবে তাঁর সব তেল মাথানোর চাকর, মাথা টেপবার চাকর, পা টেপবার চাকর, এমনি সব রকম রকম চাকর রাখা হত।

ষষ্ঠীর আগেই নেমন্তর আসত। ছোটো কর্তার বাড়িতে পুজোর নেমন্তর হত বাড়িহন ছেলে বুড়ো মেয়ে সকলের। আমাদেরও নেমন্তর রক্ষেকরতে ও ছোটো কর্তাকে প্রণাম করতে স্বেতে হত। দেখানে আবার আরএক প্রস্থ পার্বণী আদার হত। তিনিই দিতেন পার্বণী, বড়োদালাকে (গগনেজনাথ) এক টাকা, মেলোদালাকে (সমরেজনাথ) আট আনা আর আমি পেতুম চার আনা। একবার আমি তাঁর সামনেই ঘোরতর বেঁকে বসল্ম। 'চার আনানেব না, এক টাকা দিতে হবে।' এ বুন্দিটা বোধ হয়্ন রামলালই দিয়েছিল। ছোটো কর্তা সেই বুড়ো পাকা আমাটির মতো। এ কথা ভনে ধীরে ধীরে মাথায় হাত বুলিয়ে কপোর দিকিটি নিয়ে আতে আতে বললেন— 'এই নাও, না—ও, রাগ কোরো না, একে বলে টাকার ছানা— এ

বড়ো হবে।' আর আমার মৃথে জবাব নেই। এর পর কী জবাব দেব রামলাল তো শিথিয়ে দের নি। কাজেই বিনা বাক্যব্যয়ে তাই নিলুম। ছোটো কর্তাকে প্রণামের পালা শেষ করে চুকতে হত অন্তর। সেখানে সব আগে দিদিমাকে (রমানাথ ঠাকুরের স্ত্রী) প্রণাম করেই সন্দেশ পেতৃম। দিদিমা আবার নতুন করে নেমস্তর দিতেন— 'রামলাল, ছেলেদের বাত্রা দেখাতে আনিস।'

নবমীর দিন যাত্র। বদত কয়লাহাটায়। ওই দিন দক্ষে থেকে দেখানে হাছির। খাওয়া-দাওয়া দব দেখানেই। চাকররা আমাদের খাওয়া-দাওয়া দারিয়ে নিয়ে যেত কর্ডার একটি ঘরে— দে ঘরে মন্ত একথানা দেকেলে থাট ছিল। দে ঘেন বিক্রমাদিত্যের বর্ত্তিশ দিংহাদনের চেয়েও জয়কালো। দেটা এত উঁচু যে দিঁ ড়ি বেয়ে তাতে উঠতে হত। দেইথানে নিয়ে গিয়ে চাকররা আমাদের ওইয়ে দিত। আর বলে যেত— 'এখন বুমাও, যাত্রা জমলে নিয়ে যাব।' চাকরদের ভয়ে ওখন চুপচাপ লক্ষীছেলে হয়ে অয়ে পড়তুম। মটকা মেরে ঘুযোবার ভান করতুম। তারপর চাকররা চলে গেলে দেই থাটের ওপর আমাদের বাড়ির ছেলেরা আর দে-বাড়ির ছেলেরা সবাই মিলে হৈ-হল্লা, গল্পজ্জব থেলা শুরু করে দিতুম। ঢোল বাঁধা হচ্ছে, গিল্লভা গিল্পম শঙ্ক মেতে পাছিছ। খাওয়া-দাওয়া ভোজের 'এটা নিয়ে আয়' 'ওটা নিয়ে আয়' 'দই আন সদেশ আন' এই-দন কানে আসত। এই করতে করতে কথন ঘুমিয়ে পড়তুম জানি নে। এক সময়ে রামলাল এদে বলত, 'এঠো। ওঠো। যাত্রা জমেছে।' ঘুমে তথনো চোথ জড়িয়ে থাকত। চাকররা কোলে করে নিয়ে আমাদের তথন যাত্রার আসরে বিসমে দিয়ে আমাত।

যাত্রার আসরে দেখি সব গুরুজনর। সামনে বসেছেন। বড়ো বড়ো সব সটকা পড়েছে। আসর থিরে পাড়া-পড়নী চাকর দাসী চেনা অচেনা মেলাই লোক জড়ো হয়েছে। দোতলার বারান্দায় খড়খড়ির পিছনে মেয়েরা, বৈঠক-খানার বারান্দায় ছোকরা বাবুরা। আর আমাদের জায়গা ছোটোকভার বসবার পিছনে এক দিকে। তিনি ছোটো ছোটো ছেলেমেয়েদের নিয়ে সেখানে বসতেন। ছোটোদের বড়ো ভালবাদতেন জিনি। আরতির সময়ও আমরা তাঁর চারপাশে সামনে পিছনে হাতজাডু করে সারি দিয়ে দাড়াতুম।

যাত্রা তথন জমেছে। কত রকম নাটকই না তথন হত। 'বউ মাস্টার' না কী একটা যাত্রার দলের নাম আমার মনে আছে। চারধারে গেলাস-বাভি জলছে— তাইতেই আদর আলো। মাঝে মাঝে তেলবাতির ফরাস এসে তেলবাতি বদলিয়ে দিয়ে যাছে। হরকরারা সব পান দিয়ে যাছে। দরোয়ানরা গোঁফ পাকিয়ে ঢাল-তরোয়াল নিয়ে একেবারে খাড়া, যেন তুঁগ্গা-ঠাক্রের জয়র সব দাঁড়িয়ে উঠেছে। যাত্রার সময় সবাই ক্রমালে বেঁধে প্যালা দিতেন। আমাদেরও হাতে চাকরেরা ক্রমালে পয়সা বেঁধে দিয়ে বলত— 'বাব্রা যথন প্যালা দেবেন, তথন তোমরাও প্যালা দিয়ো।' ক্রমাল য়ৢড়ু পয়সা ছুঁড়ে দিয়ে ভাবতুম ক্রমালথানা বৃঝি আর ক্রেরত এল না। কিন্তু অধিকারী মশাই ঠিক আবার ক্রমাল থেকে চাকাপয়লা খুলে নিয়ে ক্রমালগুলো একত্র করে যার যার কাছে পৌচে দিতেন।

যাত্রায় দেখতুম সব বালকের দল গান গাইতে বেরত। তাদের মাথায় সব পালকের টুণি। সে পালকের বাহার দেখে নাম দেওয়া হয়েছিল 'বক-দেখানো' পালকের টুণি। অধিকারী আামতেন যাত্রার আসরে চাপকান পরে। মাথায় দাম্লা চড়িয়ে, বুকে গাওঁ-চেন ঝুলিয়ে। জুড়িদের শুধু শালা কাপড়ের ইজের আর চাপকান। য়ালাদের গালপাট্রা— মোড়াশা পাগড়ী— মন্ত্রীরও তাই, থালি যা পাকা গোঁফ। নারদ এখনো যেমন, তথনো তেমন। একরাশ পাটের দাঁড়ি গোঁফ, হেঁড়া এক নামাবলী গায়ে— আর বাঁশের আগায় লাউ-থোলা বাঁধা কী একটা একতারার মতন নিয়ে দেখা দিতেন। ছেলেরা সব পেশোয়াজ আর নোলক পরে দ্বী সাজত। মাথার জরি দিয়ে জড়ানো। বিহুনী চুল। বুকে উকিলদের মতো ক'রে ওড়না জড়ানো। তবে কাকর কালর গোঁফ-দাড়ি কামানো হয়ে উঠত না যে তাও দেখেছি।

কী যে অভিনয় হত তা সব ব্রুতে পারতুম না। তবে বেশ মনে আছে কথনো কথনো চোথে জল এদে যেত। কথনো ভারি ভয় হত। কথনো হাসতুম, অথচ ভয় করত। ভীম, রাবণ, কংস ওদের হুংকার আর আাকটিং শুনে বৃক কেঁপে উঠত। তার ওপর ভীমের গদটি ছিল ভারি কৌতুহলের জিনিস।— 'মোমজামা' কাপড়ের খোলে তুলা ভাতি করা খাকত যে, তা কি জানতুম! ওইটে ঘ্রিয়ে হারে!-রে!-রে! ক'রে ভীম আসরে প্রবেশ করনেই পিলে চমকে যেত।

এমনি সব দেখতে দেখতেই ভোর হয়ে যেত। ঝাড় আর গেলাস-বাতির সব আলো মিট্মিটে হয়ে আসত— দেখতুম কেউ ঘুমিয়ে পড়েছে— কেউ চোধ বৃদ্ধে তামাকই টেনে চলেছে। সেই সময় ঢাকা দেওয়া একটা পাথির থাঁচা হাতে হাজির হত এক বছরণী। নানা রকম প্রভাতী পাথির ডাক ডাকতে ডাকতে জানিয়ে দিত— ভোর হয়েছে 'ধাত্রা শেষ।' আছকালকার যাত্রা-থিয়েটায়ের মতো ওই ঠানঠেনে ঘড়িঘন্টার বিরক্তিকর আওয়াল ছিল না দেকালের যাত্রায়। যাত্রা শেষ জানিয়ে দেবার জত্তে ঢোলটা একবার বেজে উঠত মাত্র। এদিকে রৌস্বনটোকিতে 'ভোরাই' ধরত। ওই অত ভোরে কিন্তু ডখনো অনেক আগন্তক আসত, বেশির ভাগ মেয়েরাই, গদ্দা নেয়ে ঠাকুর দেখতে এদে গলায় কাপড় দিয়ে ঠাকুর প্রথাম করে যেত। আমাদের নিয়ে রামলাল তখন বাড়িতে ফিরত। কয়লাহাটার মোড়ে গিয়ে গাড়ি ভাড়া হত। তথন দেখানে গোকর গাড়ির ভয়ানক ভীড়া হৈ-চৈ হটুগোল— গাড়িতে গিয়ে উঠতে বুক বড়াদ্ বড়াদ্ করত। এখন তো দেখানে ভোমাদের মন্তর রাজা বিবেকানক রোড়।

এর পরে বিজয়।। সেইটে ছিল আমাদের থ্ব আনন্দের দিন। সকাল থেকে থালি কোলাকুলি আর পেরাম। আমরা তথন যাকে তাকে পেরাম করছি। লেদিনও কিছু কিছু পার্বণী মিলত। আমাদের বৃড়ো বৃড়ো কর্মচারী রাঁরা ছিলেন— যোগেশদাদা প্রভৃতিকে আমরা বিজয়ার দিন পেরাম করে কোলাকুলি করতুম। বৃড়ো বৃড়ো চাকররাও লব এনে আমাদের চিপ্ চিপ্ করে পেরাম করত। তথন কিন্তু ভারি লজা করত। থুশিও যে হতুম না ভা নয়! কর্তামশায়কে (মহার্ব দেবেজনাথ), কর্তাদিদিমাকে, এ-বাড়ির, ও-বাড়ির সকলকেই প্রণাম করতে যেতুম। বরাবরই আমরা বড়ো হয়েও কর্তামশায়কে প্রতি বছর প্রণাম করতে যেতুম। তিনি জড়িয়ে ধরে বলতেন— 'আছ বৃঝি বিজয়া!' সে কি ক্ম আনন্দ! তাঁর কাছে ভো সহজে ঘাওয়া ঘটিত না, ভাই। তার পর সম্বেবেলা হত 'বিজয়া সম্মিলনী'। আমাদের বাড়িতেই বদত মন্ত জলসা। থাওয়াদাওয়া, মিষ্টম্প, আতর, পান, গোলাপজলের ছড়াছড়ি। বাড়বাতি জলছে। বিষ্টু-ওন্ডাদ তানপুরা নিয়ে গানে মাত করে দিতেন। ভার গলায় বিজয়ার মেই কর্কণ গান ভনে মেরেরা চিকের আড়ালে চোথের জল ফেলতেন। কী তাঁর গান—

'আজু মায়ে লয়ে যায় সহে না প্রাণে। যার প্রাণ যায় সেই জানে ॥'

আবহা ওয়া

দেকালের আবহাওয়া একালে বদলে গেছে; এখনকার নাহ্যই যেন অক্তরকম হয়ে জনাছে। দে মজলিদ নেই, মজলিদী লোকও নেই। কিন্তুনেকালে আমাদের কী ছিল । এই বাড়িতেই দেখেছি, যথন যেখানে যেমনটি প্রয়োজন ঠিক তেমনটি পাওয়া যেত; সব যেন আগে থেকে তৈরি হয়ে আছে। বৈজ্ঞানিক হিসাবের সংকীর্ণতায় প্রাণবন্তর কটিছটি তথনো গুরু হয় নি। নানা প্রয়োজন এবং বাছলের সরবরাহ করে মজলিসকে বাঁচিয়ে রাথা যাদের কাজ ছিল, নেই চাকর-বাকরয়াও ছিল তেমনিই, মজলিসের রস তাদেরও ছুঁয়ে যেত। আজকাল মজলিস নাম দেয় বটে, কিন্তু তাতে মজলিসফ কিছুনেই, তকাত ব্রতে পারি না— আনন্দরভায় আর শোকসভায়; সেই সভাপতি, সেই উন্বোধন সংগীত, সেই বক্তৃতা, সেই সমাপ্তি সংগীত। সবই আছে, মজলিসের প্রাণটকই শুর নেই।

সেকালের বৈঠকেরও এই তুর্গতি হয়েছে। সে আমলে এই মজলিস আর বৈঠক ছিল সত্যি, জীবস্ত, আমরাও তার শেষ রেশটুরু দেখেছি। ও-বাড়িতে বসত বড়ো জ্যাঠামশাইদের বৈঠক সকালে; বাবামশাই, বড়ো জ্যাঠামশাই সবাই বসতেন দক্ষিণের বারান্দায়। বড়ো জ্যাঠামশাই 'বঙ্গ প্রয়াণ' লিখছেন, তাই নিয়ে অবিরত চলছে সাহিত্য-আলোচনা; দার্শনিকেরা আসতেন, পণ্ডিতেরা আসতেন, নিজের নিজের সটকা নিয়ে আসর জমিয়ে সবাই বসতেন; অবাধে বইত সাহিত্যের হাওয়া। ছেলেবেলায় উকির্শকি মেয়ে আমিও দেখেছি এই বৈঠকের চেহারা।

সংৰয়ে বদত জ্যোতিকাকামশাইদের বৈঠক। এ বৈঠকের চেহারা ছিল আর-এক রকম; সেথানে আদতেন তারক পালিত, ছোটো অক্ষরবার, কবি বিহারীলাল। রবিকা ব্যবসে ছোটো হলেও এই বৈঠকেই যোগ দিতেন। এথানে মেয়েদেরও প্রবেশাধিকার ছিল। নতুন কাকীমা অর্থাৎ জ্যোতিকার স্ত্রী ছিলেন এই বৈঠকের কর্ত্রী। এথানে চলত গান, বাজনা, কবিতার পর কবিতা পাঠ।

এ-বাড়িতে বাবামশাইয়ের ছিল আলালা বৈঠক, এথানে পাড়া-পড়শীরা

এদে বসত, তামাক, গান-বাজনা, ধোশগর চলত; অফর মজুমদার টিগা গাইতেন; অস্থী তামাকের গজে আসর মাত হয়ে থাকত। সেথানে আমাদের প্রবেশাধিকার ছিল না।

সে-যুগের তিন রকম মজলিদের ছবি দিলুম। এই আবহাওয়ার মধ্যে রবিকা বড়ো হয়েছেন। তথন সব দিকে সামঞ্জ্য বজায় ছিল, শিল্প সাহিত্য গানের অফুরস্ত বিকাশের মধ্যে তিনি মান্ত্য। সে যুগে এমন বিছজন সমাগম আর কোথাও হত না। বিদ্ধিমবাবু আসতেন। মনে আছে, একবার রবিকার 'কাল-মুগয়া' নাটকটি আগাগোড়া গান গেয়ে তাঁকে শোনানো হয়েছিল। আবছা মনে পড়ছে আমাদের উপর ভার ছিল ফুলদানি সাজাবার। সহবৎছরস্ত ভালো কাণড় জামা পরে হাজির হবার হুকুম হল আমাদের উপর। একালের মতো এলোমেলো অগোছালো ভাবে ছেলেরা যেথানে দেখানে যেতে পারত না। এই জীবনযারোর মধ্যে যিনি মান্ত্য, তিনি যে সকলবিধ সামাজিক অফুঠানের প্রতি নিঠা দেখাবেন, দে আর বিচিত্র কী ? আমাদের এই বাড়ির জীবনযারা পুরাতন চালে অনেক দিন চলেছিল। আমাদের আমলেও এর জের ছিল কিছু। ভারপর আতে আতে আজকালকার ক্লাবের স্তি হল, পুরাতন চাল বিধায় নিলে।

বেমন বাইরে, অন্তর্মহলেও তেমনই দেখেছি গুরুজনের সম্পর্ককে সমীহ করে চলার রেওয়াজ; খাওয়া-দাওয়া, সাজ-পোশাকে তাঁদেরও একটু বেচাল হওয়ার জো ছিল না।

একটা ঘটনার কথা আমার মনে পড়ছে, অফরা একবার চা-বাগান থেকে ফিরে এলেন, একেবারে পুরোদন্তর সাহেব— কোট-প্যান্ট হাট-টাই, কুলী খাটিয়ে মেজাজও হয়েছে সাহেবী। ইংরেজি ফ্যাশন-ছরন্ত সাজ পরে তিনি একদিন বাইরে বেকচ্ছেন, দেউড়ির বাইরে এদেছেন, উপরের বারালা থেকে বড়ো জ্যাঠামশাইয়ের নজরে পড়ে গেলেন। অমনই শুকু হল ইাকডাক। জ্যাঠামশাই উপর থেকেই বললেন, অফ, এই অভব্য বেশে তুমি চলেছ রাতার? একটা বিপর্যর ব্যাপার ঘটে গেল। চাকর ছুটল, দরোয়ান ছুটল, অফরার আর পাতাই পাওয়া গেল না। সাজ-পোশাকের দস্তর তথন মেনে চলতেই হত— এক ছাটে বেক্সমে বারণ ছিল। বে-আইনী পোশাকে ছোটো ছেলেদেরও কাউকে ধদি সদরে দেখা যেত, অমনই

তলব পড়ত চাকরদের, কঠিন শান্তি পেতে হত তাদের। আছ আর আমার কিছু বলবার নেই। আমি লুঙি পরে বদে আছি, আমাদের ছেলেরা ছাট-কোট প্রছে।

যা বলছিল্ম। ইদানীং দেখছি, সব ভফাত হয়ে গ্ৰেছ। ছোটোখাটো খুতি-সভা, টাউন হলের সভা, গান-বাজনার আসর সবই যেন এক রকম। বিষের বাদর আর মৃত্য-বাদর দবই এক। এগুলো আমাদের বড়ো চোখে লাগে। রবিকাকে একবার বলেছিলম, রবিকা, একটা ব্যবস্থা করে। দেখি, এ রকম -তো আর দেখতে পারি নে। সব অনুষ্ঠানগুলো তালগোল পাকিয়ে এক হয়ে গেল! তিনি জবাব দিলেন না, চোগ বুজে রইলেন। রবিকা এই যে ঋততে ঋততে উৎদৰ করতেন, তাঁর মনের মধ্যে ঋতু অনুষায়ী বিভিন্ন অমুঠানের ঠিক রুপটি ধরা পড়ত। শান্তিনিকেতনেও যে-সব অমুঠান হত. তার সমস্ত আয়োজন তাঁর ব্যবস্থামত হত। কার পর কী হবে, কোথায় কী থাকবে, কে কোথায় বদবে, আগে থাকতে সব ছ'কে দিতেন। একবার কলকাতাতে তাঁর জন্ম-জয়ন্তী উপলক্ষে ওরিয়েণ্টাল আর্ট দোদাইটির শিল্পীরা ওঁকে সংবর্ধনাকরেছিল। উৎসবের একটাভালোবক্য ব্যবস্থার জল্ম আমি ওঁকেই গিয়ে ধরলুম। সমস্ত অকুষ্ঠানের এমন-একটা রূপ দিয়ে দিলেন যে, বিশ্মিত হতে হল। এই আমাকেই চেলীর জোড় পরিয়ে ক্ষিতিমোহনবাবুর বাছাই করা বৈদিকমন্ত্র পড়িয়ে তবে ছাড়লেন। আমি নিজে শিল্পী হয়ে তাঁর শিল্প ও অ্থমা-বোধের পরিচয় পেয়ে অবাক না হয়ে পারলুম না। এখন বঝতে পারি, এই-সব অনুষ্ঠান ঠিক ঠিক করবার জন্তে কর্তার যে শক্তি দরকার, তা তাঁর মধ্যে ছিল। তাঁর বিদায়ের সঙ্গে সঙ্গে দে শক্তিও বিদায় নিয়েছে। আমার মনে হচ্ছে, বাংলাদেশ থেকে অনুষ্ঠান জিনিদটাও বিদায় নেবে।

রবিকা কোনো ভিনিস এলোমেলো অগোছালো তাবে হওয়ার প্রক্ষণাতী ছিলেন না— এই শিক্ষা তিনি পুরানো যুগের আবহাওয়া থেকে সংগ্রহ করেছিলেন। কোনো অন্তর্চানে পান থেকে চুন খুসুবার জোছিল না। সব ঠিক ঠিক হতেই হত।

রবিকার সঙ্গে পাই-সব অহ্নপ্রান, প্রানো যুগের সব স্থতি বিদায় নিলে। রবিকা বলতেন, 'দেখ, আমরা চলতে বলতে একভাবে শিখেছিলুম, তাই এ যুগের লোকের সঙ্গে আর তাল মেলাতে পারি না।' তিনি মুথে এ কথা বললেও নতুন আবহাওয়া স্বষ্ট করার ক্ষমতাও তাঁর ছিল এবং তাঁর জীবনে তাল না মেলবার হুঃখ তাঁকে পেতে হয় নি। পুরানো আহুঠানিক আবহাওয়া তিনি বথাযথ বজায় রেখেছিলেন তাঁর সব অহুঠানের মধ্যে। নিজের জোরে নতুনের সঙ্গে পুরাতনকে মিলিয়ে নিয়েছিলেন।

রবিকাকার পুষ্যিপুত্র

দেষা এক মজার গল্প, রবিকাকার এক পুষ্টিপুত্র জুটেছিল জানো দে কথা ? তথন রবিকাকার সবে বিয়ে হয়েছে, দোতলার ঘরে থাকেন। ঘরের পাশে আর একটা ছোটোঘর বানিয়ে নিলেন। তাতে ছোটো ছোটো তক্তা দিয়ে সাজিয়ে বেশ ব্দবার ঘর বানিয়েছেন। সেথানেই তাঁর যাবতীয় বই থাকে, লেথবার নিচু ডেস্ক, ভাতেই মাটিতে বদে লেথাপুড়া করতেন। এমন সময়ে একদিন একটা ছোকরা ছেঁড়া ময়লা জামা-কাপড়, উস্বোধুস্কো চলে কাকীমার কাছে এদে উপস্থিত। বললে, স্বপ্নে নাকি দেখেছে কাকীমা ওর পূর্বজন্মের মা ছিলেন, আদেশ হয়েছে রোজ চরণামৃত থেতে হবে কিছুকাল ধরে, গড় হয়ে এক প্রণাম। দে আর নড়ে না, কোথাও যাবে না। কাকীমার মায়া লাগল, মা বলে ভেকেছে, বললেন, আছে। বাবা থাকো এখানেই। इतिकाका चात्र की करतन, ताजी शलन। लाकिन द्वांज काकी मारक रशताम করে পালোদক পায়। বেড়ে আছে, রবিকাকা আর কাকীমা ওকে কাপড়-চোপড় কিনে দেন, এটা ওটা দেন। দিব্যি ঘরের ছেলের মতে। থাকে। এখন তার সাজসজ্জাও কী পরিপাটি, উস্বোধুম্বো চলে তেলজন পুড়ন, তাতে দি থি কেটে কোঁচানো ধৃতি চাদর পরে ক্রমে ক্রমে কে কাকীমার ছেলে হয়ে উঠল। আগে থাকত নীচে দপ্তরখানায়, এখন দোতলায় উঠে গেল। পাদোদক পান করে একেবারে পদর্দ্ধি হয়ে গেল। বাড়ির স্বাই রবিকাকার পুষ্মিপুত্রের উপর মহা বিরক্ত। অথচ কেউ কিছু বলতে পারে না। मতानाना ছिल्नन রবিকাকার ভাগে, मপ্পর্কে ভাগে হলেও বয়দে বড়ো ছিলেন। তিনি না পেরে মাঝে মাঝে বলতেন, রবিমামা এ তুমি করছ কী। ও লোকটার হাবভাব স্থাবিধের নয়। রবিকাকা তাঁকেও তাজা লাগাতেন, বলতেন, যাও যাও, ভোমাদের যত সব বাজে ভাবনা, বেচার গিরিবের ছেলে. বাভিতে আছে তাকে নিয়ে তোমরা কেন লাগতে খাওঁ৷ কারো কথায়ই কান দেন না। পত্যদাদা ছাড়তেন না, মাঝে মাঝে বলতেন আর রবিকাকাও তাড়া লাগাতেন। রবিকাকার তথন সংস্থান বেশি ছিল না। কর্তাদাঘশায় কিছু দিতেন আর বই থেকে কিছু অলম্বল আর হত, দে আর কতই-বা।

ভাই থেকে লোকটার সব থরচ জোগাতেন। দেখতে দেখতে তাঁর পুঞ্জিপুতুর ফিটবার হয়ে উঠল, বানিশ করা জুতো হল, তার দাজের বাহার কত ! এই হতে হতে ক্রমে রবিকাকার বই চুরি খেতে লাগল ছুটি-একটি করে। রবিকাকা একে ধমকান ভাকে ধমকান, চাকর-বাকরদের ভম্বি করেন কিন্তু ওই লোকটাকে কিছু আর বলেন না। বই চরি চলতেই লাগল। ববিকাকার জামাকাপড় এদিক ওদিক হলে বুঝতেন যে ওই লোকটাই নিয়েছে, কিছু বলতেন না। কিন্তু যথন তাঁর বই ধরে টান পড়ল তথনই হল মুশ্কিল। তবু আশ্বর্য তথনো এই লোকটাকে দনেহ করতেন না। সত্যদাদা বলতেন, রবিমামা, এ কাজ ভোমার ওই পুঞ্জিপুত্ররেরই। রবিকাকা চুপ করে থাকেন। একদিন আরো একটা কী দামী বই চুরি গেছে, রবিকাকা লোকটাকে ডেকে বলাতে সে বললে, আমি সভ্যবাবুকে এই ঘরে ঘোরাঘুরি করতে দেখেছি। আমি বাইরে বেরিয়েছিলুম, বাড়ি ফিরে দেখি সত্যবারু আপনার ঘরে ঘুর ঘুর করছেন। এই যাবলা রবিকাকা তো ব্রলেন সব ব্যাপার, তা হলে এই লোকটারই কাজ। যথন এত সাহদ যে সাফ সত্যবাবুর নাম বলে দিলে। এই তথন সত্যদাদা বিগড়ে গেলেন, বললেন, কী আম্পর্ধা, দাঁড়াও, তককে তক্কে থাকব। আমার নামে লাগিয়েছ বাবা দেখে নেব। এইবারে বাড়িহ্ন স্বাই ওর উপরে থাপ্পা। চাকর-বাকরদের উপর কড়া ছকুম হল বেন লোকটাকে চোথে চোথে রাথে। রবিকাকার ঘরে চুক্তে দেওয়া হয় না আর। লোকটাও তথন বুরেছে যে আর বেশি দিন চলবে না এখানে, ভার প্রতাপ কমেছে। শেবে একদিন রবিকাকা কোথায় বেরিয়ে গেছেন। কর্তাদাদামশায় একবার রবিকাকাকে একটা ক্যারেজ ক্লক বকশিশ দিয়েভিলেন. বেশ বড়ো ঘড়ি আর খুব দামী, সেটা রবিকাকার ওই লিখবার ঘরেই থাকত। লোকটা করলে কী কেমন করে এক ফাঁকে ঘরে ঢুকে দেই ক্যারেজ ক্লক, কলম, খাতা, দামী দামী বই—দেগুলি বুক কোম্পানিতে বিক্রি করত—আরো সুব কী কী আলনা থেকে গোপনে ধুতি-চাদর সব নিয়ে সেজেগুজে বাড়ি থেকে বেরিয়ে চলে গেল। আমরা কী দে-দব কিছু জানি। আমরা রান্তার মোড়ে দাঁড়িয়ে ছিলুম, আমাদের চোথের দামনে দিয়েই চলে পেল। আমরা আরো বলাবলি করতে লাগলুম যে পুঞ্জিপুত্র চলেছেন দেখ সেজেওজে। সে দেই যে বেরিয়ে গেল তো গেলই। রবিকাকা ফিরে এলেন, ঘরে চুকে দেখেন ঘর খালি।

তথন চৈততা হল। সভাদাদা ওঁরা বললেন পুলিদে থবর দাও, কিন্তু আশ্চ্যি রবিকাকা, বললেন কী আর হবে, যাক গেছে তো গেছে। রবিকাকার পুষ্মিপুত্র অদুখ্য হল, আর খোঁজ নেই। রীতিমত রবিকাকাকে বসান দিয়ে ছাড়লে কিন্ত পুষ্মিপুত্রের ভাগ্য তাঁর এথনো। অনেক পুষ্মিপুত্র ঢুকছে ক্রমে ক্রমে, তারাও অদৃশু হবে। রবিকাকার ওই এক মজা দেখেছি কেউ একবার কোনো রকম করে ঢুকতে পারলে হয়, বেশ-কিছু করে নিয়ে সরে পড়তে পারে। আর কাউকে অবিশাস নেই। প্রবোধ ঘোষ রবিকাকার ক্লাসফ্রেণ্ড, ছেলেবেলার বন্ধু, তিনিই প্রথম রবিকাকার 'কবি-কাহিনী' ছাপিয়ে ছিলেন। তিনি একবার কোনো-এক বিশেষ ব্যক্তির নামে কী বলেছিলেন ষে ও লোকটি প্পাই। তাঁকে রবিকাকা এগায়সা তাড়া মারলেন, বললেন, टामारनत टकवल मरनद टकवल अवियान लारकत छेशात वृत्य (मरथा, ছেলেবেলার বন্ধু ভালো বুঝে কথাটা বলতে এসে ভাড়া খেয়ে ফিরে যান। সভিত্তি আশ্চর্য মাত্র্য রবিকাকা, এমন সরল বিখাস স্বার উপরে। কাউকে কোনো দিন সন্দেহের চোথে দেখতে দেখি নি।

শিশুদের রবীন্দ্রনাথ

স্থামরা স্বাই তথন খ্ব ছোটো। তথন স্ব ছেলে মিলে মাথা থাটিয়ে একটা ইস্কুল-ইস্কুল থেলা বার করা গেল। তাতে আমরা স্কুলে ভতি হলুম।

সেই ইন্ধূল বসত, দেউড়ি থেকে দরোয়ানদের বেঞ্চিগুলো টেনে নিয়ে গিয়ে আমাদের বাড়ির পুবের রাস্তাতে। সে ইন্ধূল-খেলায় দীপুদা মাঝে মাঝে মাঝার হয়ে এসে বসতেন।

নীচে থেলা ছয়। রবিকাকা থাকেন তাঁর বাড়ির উপরের বারান্দায়। মাঝে মাঝে উকি নেত্রে থেলা দেখেন।

মাবো মাঝে মাঞারের কাছে ছুটি নিয়ে জল থাওয়া হত। থেলা ভাঙলেই ফিরিওলার কাছ থেকে ছোলা-ভাজা কিনে থাওয়ার ধৃম পড়ে যেত। এইরকম রোজই চলে।

তারপর পরীক্ষার সময় এদে পড়স। কিন্তু পরীক্ষা শেষ হলে প্রাইজ দেবে কে ? ডেনে-চিন্তে রবিকাকাকে নিমন্ত্রণ করা হল, প্রাইজ দেবার জন্তে। সেই প্রথম আমাদের রবিকাকার সঙ্গে শিক্ষা নিয়ে যোগ।

তারপর বড়ো হলুম। তথন আর রবিকাকার সদ্দে ছোটো-বড়ো ভাব নেই। উনি লেথক, আমি আর্টিন্ট, এদ্রাজ বাজাই। দেই সময় উপেন্দ্রকিশোর রাম্নচৌধুরী এদে জুটলেন, ভিনি মেতে থাকতেন হাফটোন রক নিয়ে। ছবি ছাপা নিয়ে তাঁর সদ্ধে প্রামর্শ হত।

কথা উঠল, শিশুদের জল্মে কিছু করা যাক। রবিকাকার মাথায় প্রথম এল, একটা দিরিজ বার করা যাক। নাম দেওয়া হল বাল্য-গ্রন্থাবালী দিরিজ। তথম শিশুদের পড়বার মতো বই ছিল না। তিনি বললেন, 'তুমি গল্প লেখো।'

আমি ভয় পেলুম। কারণ ও-সব আমার আদে না। সে কথা অফ লেখায় আগেই বলেছি। কিন্তু আপত্তি টি'কল না। আমার ওপরে ভার পড়ল শকুন্তলা লেখবার। আমি লিখলুম 'শকুন্তলা', 'ফীরের পুতুল' আর রবিকাকা লিখলেন একখানি ছোটো কবিভার বই 'নদী'— ওখানা যে ছোটোদের জন্তে, ওতে লেখা নেই বটে, কিন্তু ওটা বাদকদের জন্তেই লেখা।

एड्लएम्त करण खँत ভाবना वतावत्र हिन छात वानाकान प्थरकरे।

আমাদের ইন্ধল-থেলাতেও বালকবালিকাদের কথা তেবে লেক্চার দিয়েছিলেন।
আজও শান্তিনিকেতনে বদে দে ভাবনা ছাড়তে পারেন নি। তিনি কালীমাকে
(রথীর মা) দিয়েও অনেক রূপকথা সংগ্রহ করিয়েছিলেন। কালীমা দেই
রূপকথাগুলি একথানি থাতায় লিথে রাথতেন, তাতে অনেক ভালো ভালো
রূপকথা ছিল। তাঁর সেই থাতাথানি থেকেই আমার 'ক্লীরের পুতুল' গল্লটি
নেওয়া।

এইথানেই রবিকাকার বিশেষত। ছেলেদের নিয়েই তিনি আছেন, শিশুদের ওপরে তাঁর অগাধ টান। এমন-কি, যারা কিছু বোঝে না, সেই থুব-কিচি শিশুদেরও জল্পে কী লেথা থেতে পারে তাও তিনি ভাবেন। এ দেশের আগেকার আর কোনো কবির দখনে এ কথা বোধহর বলা যায় না। কিন্তু কবিদের জীবন এইরকম হওয়া উচিত— রামধন্মর সাতটি রঙের ভিতর দিয়ে তার গতি। সব-বয়দের মান্থ্য নিয়েই কবিদের থাকতে হবে। সকলের সহিত ঘে চলতে পারে তাই হচ্ছে সাহিত্য, আমার এই মত। আর্টিন্টদের সংক্ষেও ওই কথা। আমি তাই নন্দলালকে মাঝে বলি, 'ছেলেদের জন্তে তুমি কী করলে?' ছেলেদের ছেড়ে কবি হওয়া যায় না। এথনো এ দেশে ছেলেমেয়েদের মনোমতো নাটক কি অপেরা কেউ লিখলে না। এক রবিকাকার 'ডাক্যের', 'বাল্মীকি-প্রতিভা', আর 'হেয়ালি-নাট্য', 'তাদের দেশ' ইত্যাদি ছাড়া আর কই কে লিথেছে বলো ?

শিশু-বিভাগ

দেই দেবার এদেছি শান্তিনিকেতনে, ছ-চার দিন থেকেই চলে যাব। তথন ছিল ওই-- আদতুম আর চলে যেতুম। এথনই হয়েছে এলেই আটকা পঞ্চি। তা দেবার যাবার দিন ভোরবেলায় উঠে সবে ঘুরে বেড়িয়ে দেথছি। ছোটো ছেলেরা বেমন এখন, তখনো তেমনি। রাস্তায় বেরলেই হাত ধরে টানত: 'আমাদের কাছে আম্বন, আমাদের গল বলুন।' কয়েকটা ছেলে এসে আমায় টানতে টানতে নিয়ে গেল। তথন দবে শান্তিনিকেতনে শিশু-বিভাগ খোলা হয়েছে। ওই তোমাদের কলেজ-বাড়ির কাছেই ছিল দেটা। গেলুম। কোন্ এক মেমদাহেব শিশু-বিভাগের ভার নিয়ে আছেন। দেখানে চুকেই দেখি নীচের তলায় একটা ছেলে একটা তক্তাতে পেরেক ঠুকছে। ঠুকছে তো ঠুকছেই— পেরেক ঠুকতে ঠুকতে ছেলেটা গলদ্বর্ম হয়ে গেল, কিন্তু পেরেক চুকছে না তক্তাতে। পেরেকে ঠোকার কায়দাটা একটু দেথিয়ে-टिकिटा पिटा इस । अमिने अक्ट्रेकटा कार्य आत राजु पिटा पिटा रि হয় না। দাঁড়িয়ে দাঁড়িয়ে থানিক দেখে জিজ্ঞান। করলুম, 'কী করছিন ?' ছেলেটা বললে, 'পেরেক ঠুকছি মশায়।' বেশ ডাক ছিল, এখনই যত দব আত্রে নাম বের হয়েছে। তা ছেলেটাকে বললুম, 'কভকণ ধরে পেরেক ঠুকছিল ?' দে বললে, 'দকাল থেকে, কিন্তু হচ্ছে না যে মশাই, কী করি ?' বললম, 'এক কাজ কর দিখিনি, তালে তালে মার। এক হাতে পেরেকটা ধর আর বল এক গুই তিন— আর মার হাতুড়ি।' বাদ ছেলেটা এক ছই তিন করে যেই হাতুড়ি পেটা, পট্ করে পেরেক তক্তায় ঢুকে গেল। আর ভাকে পায় কে ? তার পরে গেলুম উপরের তলায়। সেথানে নানা রকমের আয়োজন করে মেম নেচার ন্টাডি (Nature Study) করাচ্ছেন। থাঁচায় থরগোদ, টবে গাছ, শিশু-শিক্ষার সরঞ্জামে সব ভতি। কিণ্ডারগার্টেনের মতে। থেমন ওদেশের শিশুদের জন্ম করা হয়। সব দেখেশুনে তো ফিরে এলম।

রবিকা তথন থাকতেন এখন বেখানে সেবক যমুনা আছে সেই বাড়িতে। ঘরে বসে তিনি লিথছিলেন। দরজায় কাঠের রেলিং দেওয়া, যেন কুকুর-বেড়াল চটু করে চুকতে না পারে। পোটাপিদে দরজায় যেমন তেমনি, কাঠগড়ার মাঝে বদে, দূর থেকে দেখি তিনি একমনে লিখে চলেছেন।
আমি আন্তে আন্তে গিয়ে দরজা ঠেলে চুকে গেলুম। তিনি ব্রলেন, মুথ না
তুলেই জিজ্ঞানা করলেন, 'দেখলে দব খুরে খুরে গু' বলল্ম, ই্যা! 'কী—
কেমন দেখলে, কী মনে হল গ' আমার তো এই রকমই কথাবার্তা— বলল্ম,
দবই তো ভালে।— ভালোই লাগল, তবে, একটা জিনিদ দেখে এল্ম—
তোমার শিশু-বিভাগের মূলে কুঠারাঘাত হচ্ছে। বলতেই রবিকার চেয়ারটা খুরে
গেল, কলম রেথে ঘাড় বেকিয়ে ভাকালেন আমার দিকে। দে কী চাহনি!
এখনো চোথে ভাদছে। শাবককে খোঁচা দিলে দিংহী খেমন কটমট করে
ভাকায়। রবিকা বললেন, 'ভার মানে গু কী বলতে চাও গ' বলল্ম,
সভিইে, আমার তো ভাই মনে হল। তোমার এখানে শিশুরা মুক্তি
পাবে, মনের আনন্দে শিখে চলবে, তা নয় এক জায়গায় বন্দী করে কাঠে
পেরেক ঠোকাচ্ছে, খাঁচায় খরগোদ দিয়ে বন্ত জন্তর চালচলন বোঝাছে,
টবের গাছ দেখিয়ে ল্যাণ্ডকেপ আঁকতে শেখাছে, একে মুলে কুঠারাঘাত
বলব না ভো কী বলব গ

রবিকা বললেন, 'ভা তুমি ওদের কী বললে ?' আমি বললুম বে, আমি ছেলেদের বলে এলুম— থাঁচার তো থরগোদ রেথেছিস— থাঁচার দরজাটা একবার খুলে দে, থোলা মাঠে কেমন দৌড়য় থরগোদ দেথবি, দে বড়ো মজা ছবে। রবিকা জনে হাদলেন, বললেন, 'তুমি এ কথা বলেছ ভো ? বেশ করেছ। ভা জবন, তুমি আজই যাবে কী ? থেকে যাওনা। আমি নতুন গানে হুর দিয়েছি! আজই গাওয়া হবে, তা না-জনেই তুমি যাবে ? এ কেমন কথা।'

কিন্ত থাকা আমার হল না। রেল ধরে বাড়িম্থো হলুম। সে রাজে গ্রহণ ছিল। ট্রেনে আদতে আদতে দেখলেম টাদে পূর্ণগ্রহণ লাগল। এ কথা ষেন কোথায় কবে আমি লিখেছি মনে হচ্ছে। খুঁজে দেখো, দেই দিনই ওই গানে হুর দেওয়া হয় 'পূর্ণটাদের মায়ায় আজি ভাবনা আমার পথ ভোলে'।

ভারপর আন্তে আন্তে আমি জোড়াগাঁকোর বাড়িতে পৌছলুম, যেন ছাড়া পেয়েছিল যে একটা থরগোদ দে এদে ফের মরের খাঁচায় চুকে লেটুদ পাতঃ চিবোতে যদে গেল।

স্মৃতির পরণ

'শান্তিনিকেতন' আর 'শান্তিধান'— এক বীরভূ'ইয়ে, আর-এক র'চিতে।
এই হুটি জায়গা গুটকতক দিনের দক্ষে আমার মনে জড়িয়ে আছে।

পর্বত-শিখরে একগাছি মালতী মালার মতো জন্থানো 'শান্তিধাম', আর উদয়ান্ত দিক্-চক্রবাল স্পর্শ করে শান্তিনিকেতনের অবাধ উদার প্রান্তর— এ একভাবে মনকে টানে। ঘর এবং বাহির এই হয়ের মালক নিয়ে ছটি জারগা মধুর হয়েছে আমার কাছে। শান্তিধামে ঘরের একটি মালুযের হানিমুখ ছঃখ ভূলিয়ে দিলে, শান্তিনিকেতনে ঘর-বাহির ছয়ের স্পর্শে এক হয়ে প্রাণে লাগল; 'শান্তিধাম'— তার একটি মালুয, একটি হরিণ, একটি ময়ুর নিয়ে বিচিত্র হল আমার কাছে, আর শান্তিনেকেতন তার অনেক মালুয় অনেক কর্ম অনেক বিচিত্রতা নিয়ে একটি ঘরের মতো ঘরের ধরল আমাকে। ছটি জায়গা ঘতর হলেও শান্তির মধ্যে ছ জায়গাতেই তব দিয়ে ঘরল মন।

শান্তিধামে গিয়ে দেখলেম, আমার পিতৃব্য (জ্যোভিরিক্সনাথ ঠাফুর) আমি যা ভালোবাদি তাই নিয়ে বলে আছেন— পাহাড়, পাহাড়ের উপর মন্দির, দেখানে হরিণ রয়েছে, পর্বতের একটি গুহা রয়েছে— যেখানে চুপটি করে নারাদিন বলে থাকি, ঘর রয়েছে পাহাড়ের উপরে, দেখানে ছবি আছে গান আছে, থরের ধারে বাঁধানো গাছতলা আছে। ঘরে রয়েছেন খাকে ভালোবাদি গাঁদের ভালোবাদি শানের ভালোবাদি দেই-দব আপনার লোক! চাকর-বাকর কর্তাবার্র এতটুকু ভাই-পো বলেই আমাকে দেখে, অচেনা একজন বয়ছ বার্ বলে মনেই করে না। আমাকে দঙ্গে নিয়ে ভারা কর্তাবার্র পোঘা হরিণ দেখায়। পাথি দেখায়, নদী দেখায়, মাঠ দেখায়, ফলের গাছ দেখায়, মুলের ভোড়া বানিয়ে দেয়। ভাদের দেখে বোধ হয়, ভাদের চোথের দৃষ্টিতে আমার বয়দের অনেকখানি আমায় ছেড়ে পালায়, মনে হয় আমি যেন ছোটো ছেলে, কোনো-একটা স্ক্লের ছুটিতে থবে ফিরেছি। ছুই ছেলে পাহাড়ে দৌড়ে উঠিতে পড়ে যাই, ছুই বেলা কাকামশায় সাবধান করেন: আন্তেউঠা পাহাড়ে! ছবি কাকা শেখা হচ্ছে কেমন! কাজকর্ম

ঠিক করছি কিনা এও বার বার প্রশ্ন হত। ও জায়পাটা ভালো, ওথানে বেড়িয়ে এদো, মত্ত একটা মন্দির দেখবে, ওই ও-দিকে মত্ত একটা রাজার বাড়ি আছে, বুড়ো রাজার মত্ত দাড়ি, দৈ হুঁকো থায়; ও পাশটায় থেয়ো না জায়পা ভালো নয়, রাতে ও পাহাড়টার কাছে বাফ আদে— এমনি ছোটোছেলের মতো আমায় ডেকে কথাবার্তা। বয়দ ভূলিয়ে দেয় এমন আদর, জীবনের ফ্লান্তি মিটিয়ে দেয় এমন বাতাদ আর আলোর মধ্যে আমার পিতৃব্য জ্যোতিরিজ্ঞনাথ ঠাকুরের শ্বতি মনে এখনো জড়িয়ে আছে।

শান্তিনিকেতন- দেখানেও এমনি আয়োজন আমার জন্তে- পথ চলতে বয়েদটা ধুলো হয়ে হাওয়াতে উড়ে পালায়, হরিণের বদলে ছুটে আদে হরিণটোথ ছোটো ছোটো ছেলেরা— আমার ছাতা কেডে নেয়, লাঠি ধরে টানাটানি করে, নিয়ে চলে আম-বাগানের মধ্যে দিয়ে শালগাছের-বেড়া-ঘেরা ছোটো ছোটো ঘরের মধ্যে— দেখানে ছবি আছে, গান আছে, হাসি আছে, গর আছে ছেলেতে বুড়োতে নয়— ছেলের সঙ্গে আর-একজনের— স্কুলের ছটি-পাওয়া ঘরে-ফেরতার। মা বদে আছেন দেখানে— ঠিক দময়ে খাবার ঠিক সময়ে স্নাম না করলে চাকর ছোটে মাঠের থেকে আমায় ধরে আনতে ! শুকনো নদীতে ফুড়ি কোড়াব দে কত, চাঁদনী রাতে ছাতে বদে রূপকথা, তাও শেষ হয় না। ওন্তাদজীকে ধরি, ওন্তাদজী গান গান— অমনি ওন্তাদজী ভানপুরো নিয়ে বদেন, মান্টারমশায় দরজার পাশ দিয়ে একবার উকি দিয়ে যান, ভয় হয় বৃঝি বলে দেবেন ! পুরোনো চাকর এদে বলে কর্তাবাব ভেকেছেন। কাপভের ধূলো ঝেড়ে দেখানে ভালোমান্থটি হয়ে গিয়ে বৃদতে হয়, বাড়ির খবর দিতে হয়, কে কী করছে কেমন আছে, তল তল খবর. তারপর বউ-ঠাকফন থালা দাজিয়ে জল থেতে ডাকেন। এর উপরে আবার পাঠশালার গুরুমশাই হয়ে থেলা, স্কল গাঁয়ে গিয়ে চাষি চাষি খেলা-ভরকারি ভোলা, ফল পাড়া! গাছের উপরে ঘর আছে, দৈখানে কাঠ-বেড়ালের মতো ওঠা-নামা, দাওয়ায় বলে তেপান্তরের মাঠের দিকে চেয়ে. যেমন ছেলেবেলায়, তেমনি আজও মাতুরে প্রভেথাকা, গুরুপত্নীর ঘরে ঘরে থেয়ে বেডানো। শহর-ছাড়া প্রাম-ছাড়া রাঙামাটির পথে বাঁশি বাজ্জে কোনথানে, খুঁজে খুঁজে বাঁশিওয়ালাকৈ গিয়ে ধরা। দিক-বিদিক বিস্তত

শান্তিনিকেতনের উদার প্রসারের মধ্যে আপন-পর— তুয়ের সঙ্গে স্থাথ থাকা শান্তিতে থাকা। এই চুটি পরশ এখনো অহতেব করছে মন, শান্তিধামের পরশ আর শান্তিনিকেতনের পরশ।



বড়ো জ্যাঠামশায়

ভাই সরলা

'হপ্তিতে ড্বিয়া গেল জাগরণ—
সাগর সীমায় যথা অন্ত যায় জলন্ত তপন।
স্থপন-রমণী— আইল অমনি—
নিঃশব্দে থেমন সন্ধ্যা—করে পদার্থণ।'

বড়ো জ্যাঠামশায়ের 'স্বপ্প-প্রয়াণে'র এই কটি ছত্র কবিতা-নম্ম বৎসর বয়দে আমার কাছে যেমন মনোহারী ছিল আছ পঞ্চার বংদরেও ঠিক তেমনি রয়েছে। জীবনের প্রাতঃসন্ধ্যায় যে স্বপ্ন-পুরে নিয়ে গিয়েছিল মনকে টেনে এই কবিতা, আলও সায়ংসন্ধ্যায় এই কবিতারই ছন্দ ধরে গিয়ে উপস্থিত হল মন সাগরতীরে স্বপ্ন-পুরের দরজায়। আমার আজ মনে পড়ছে জ্যাঠামশায়ের ভেতলার ঘরের দামনের ছাদে তুপুর বেলার রোদ পড়েছে, আমরা ছোটো ছোটো স্বাই ছেলে ছালের পাঁচিল বেয়ে বাডির এ-মহল থেকে ও-মহলে খাবার চুরি করতে চলেছি, সেই সময় জানলার ফাঁকে কোনোদিন দেখা যেত জাঠামশার বই লিখছেন নয়তো— গান রচনা করছেন— কিংবা কালো রঙের একটা বাঁশি বাজাচ্ছেন- তখন মনে হত আমরাও কবে অমনি বড়ো হব, বই লিখব, গান গাইব। দেদিন আবার যথন আমারো চুল পেকেছে, হাতের লেখা রঙিন হয়ে ফুটেছে, স্থরে-বেস্থরে বাঁশিও বেজে গেছে— সেই আর-এক সন্ধ্যায় বোলপুরে শান্তিনিকেতনে গিয়ে দেখলেম জ্যাঠামশায় ঠিক দেইভাবে একলা চৌকিতে বদে লিখছেন আর আমাদেরই মতো গোটাকতক হুষ্ট ছেলে আর হুষ্ট পাথি কাঠবেড়ালী কাক ভারা কেউ ঘরের দাওয়ায় কেউ থিড়কির বাগানে গুর-ঘুর করছে ৷ ছোটোতে আর বড়োতে শৈশবে আর বার্ধক্যে এমন স্থন্দর মিলন-শ্বতি বড়ো তুর্লভ, মানিকের মতো আমার বুকের কোটাতে ধরে দিয়ে গেছেন আমার- জ্যাঠামশায়, দে কোটা স্বার দামনে খুলতে নেই, স্ব স্ময়েও থুলতে নেই ! খার লেখার মধ্যে দিয়ে আমি আমার নিজের ভাষা খুঁজে পেলেম তাঁকে স্বপ্নলোকের প্রপারে গিয়েও মন আমার প্রণতি দিয়ে এল এইমাত্র। ভোমারি অবনদাদা

তথনকার দিনে গুরুজনদের ছিলেন তিনি বড়দাদা, পাড়াপড়নী সকলের বড়োবারু এবং আমাদের জোড়াসাঁকোর ছেলেমেয়েদের তিনি বড়ো জ্যাঠা-মশায়। তথন নাম ধরে এ-বারু সে-বারু ডাকার রীতি ছিল না।

সেই আমাদের ছেলেখেলার ব্য়স। সেকালের তাঁর চেহারা কালো চুল, কালো গোঁফ, ফিট গৌরবর্ণ, দাভি নেই, শালের জোকা গায়ে— এই মনে আছে।

মাঝে যাঝে বালকদল ও-বাড়ির ভেতলার তাঁর ঘরটায় উঁকি দিতেম—
মন্ত একটা অর্গান, একটা ফুলোট বাঁনি, লেখার টেবিল, থাতাপত্র! ঘরের
একধারে মন্ত একখানা থাট, তার চার খাঘার চারটে পরী, ছত্রির উপরে
একটা পাথি তুই ডানা মেলিয়ে যেন উড়ি-উড়ি করছে। খাটথানা রাজকিষ্ট
মিস্তি গড়েছিল কর্তাদিদিমার ফরমাস মাফিক। যথন গড়া শেষ হয়েছে তথন
কে বললে, 'কর্তামা, চালের উপরে চিল বসিয়েছ যে ?' 'চিল কেন, তকপাথি।' সেই খাট বিয়ের দিনে উপনার বড়ো জ্যাঠামশায় পেয়েছিলেন জানি।
অনেকদিন পর্যন্ত খাটথানা ও-বাড়িতেই ছিল— এখন আর দেখতে পাই নে।

বড়োবারুর হাসি পাড়া-মাতানো! বারা জনেছে, তারা জনেছে— হাস্-সমুস্র যেন ডোলপাড় করছে, থামতেই চায় না।

এই সময় 'হুপ্ল-প্রয়াণ' লেখা ও শোনানো চলেছে—

করিয়া জন্ম মহাপ্রলম্ব, বাজিয়া উঠিল বাজনা নানা; ভালবেতাল দিভেছে তাল ধেই ধেই নাচে পিশাচ দানা।

অ্থাবার---

গাধায় চড়ি, লাগায় ছড়ি অডুত রস কিম্পুক্ষ। ছটি অধরে হাদি না ধরে লখা উদর বেঁটে মাহুদ।

এগুলো ছড়ার মতো মূথে মূথে আউড়ে চলেছি। বাংলা ভাষায় এমন স্বচ্ছন্দতা আর-কোনো কবিভায় পাই নে। বড়ো হরে জ্যাঠামশারের বক্তৃতা দে আর-এক ব্যাপার। 'আর্থামি ও সাহেবিআনা'র জলদগজীর ধরনি ও ভাষার মাধুর্য লোকের মনকে একেবারে ছ-তিন ঘণ্টার মতো মৃগ্ধ করে রাথত। তাঁর আগাধ পাণ্ডিত্য সকলের শ্রদ্ধা আকর্ষণ করত এবং বালকস্থলত সরলতা ও মন-ভোলা অবস্থা বন্ধুজনের কাছে তাঁকে প্রিশ্বতর করেছিল। তথনকার রীতি বড়োদের কাছে ছেলেদের ঘেঁষা অপরাধ— স্বতরাং আমরা নিজেদের বাঁচিয়ে চলতেম।

ছবি আঁকার দিকে তাঁর খুব ঝোঁক ছিল। কুমারসম্ভবের ছবি, শকুস্থলার ছবি, সব আর্টিফিদের ঘারা আঁকিয়ে আমার পিসিমাদের উপহার দিয়েছিলেন। সেইগুলো তখনকার আর্ট ফাুডিওর নমুনা। বিল্পমবাব স্থ্যমুখীর ঘরের স্বের্ণা দিয়েছেন তাতে অনেকগুলো সেই ছবির কথা আছে।

কথায় কথায় একদিন বড়ো জ্যাঠামশায় বললেন, 'দেথ, আমি আর্টিন্টদের ছবি ফরমাস দিলেম কুমারনন্তব থেকে বেছে বেছে, তারা যথন এ কৈ আনলে, দেখি 'ইয়ে' করতে 'ইয়ে' ক'রে এনেছে।' বলেই অট্টাত । থানিক চুপ করে থেকে বললেন, 'তুমি মেঘদুতের যে ছবি এ কৈছ তা দেখেছি, ইউরোপীয়ান আর্টিন্টদের মতো গোটাকতক মান্টারপিস্ আঁকতে পারে। তো বৃঝি!'

প্রবাদীতে 'চিত্রয়ড়ক' লিখছি, জাঠামশায়ের কেমন লাগে জানবার ইচ্ছে হল। থাতা উলটে-পালটে দেগে বললেন, 'নাধারণ লোক ভালোই বলবে, কিন্তু পণ্ডিতের হাতে পড়লেই পেছ।' বলেই অট্টহান্ড!

বয়দের পারে প্রায় এখন পৌচেছি। অনেক সেকালের কথা মনে আদে, মুখে মুখে অনেক কথা শোনাতে পারি— লিখতে গেলে সব কথা কলমে সরতে চায় না।



দত্যেন্দ্র

খৃতি দে মনের— আপনার:— অভ্যের নয়, অত্যের জভেও নয়! মনের গোপন-কোণে ঘরের স্থৃতি, পরের স্থৃতি, আনন্দের স্থৃতি, ফুংথের স্থৃতি বেদনার সোনার কোটোতে ধরা থাকে, লুকোনো থাকে— ষতনের স্ব রতন-মানিক; কোটো বাইরে থোলে না কেউ! হারানো-কবি সত্যপরায়ণ সভ্যচেতা দত্যেক্তের অকাল-মৃত্যু ভাঙা ফুলদানির টুকরোটুকুর মতে। ভিতরে বিঁধে রইল; থেকে-থেকে দে বেদনা দেবে; আর তার স্বতি- এই ক'দিনের এতটুকু শ্বতি— ঘুমের পুরে রাজকন্তার মতো ঘুমিয়ে রইল— অপেকা করে রইল গুণীর হাতের সোনার পরশ। তাকে স্বার সামনে আনবে ! জাগিয়ে তোলার মন্ত্র কেউ জানো ? এক দত্যের প্রেমে প্রেমিক— তারি ক্ষমতায় কুলায় স্মৃতিকে জাগানো; - আমারও নয়, তোমারও নয়। তাই বলি গোপন জিনিদ-বুকের জিনিদ— দে আড়ালেই থাক। প্রতীক্ষা করুক প্রেমিকের স্পর্শ যা নিশ্চয় আদবে, বড়্ঋতুর ছল ধ'রে আলে৷ ক'রে, বাতাদ কেটে, কাঁটাবনের ফুলে সেজে, সবুজ হুরে বাঁশি বাজিয়ে। মনের কোটরে কুলুপ-দেওয়া থাক-না তার শ্বতি ! তরা কিলের তাকে বাইরে আনতে ? সত্য-প্রেমিকের জন্তে অপেক্ষা করে থাক্— দে আদছে গোপন যা, তাকে ব্যক্ত করতে। ঘুমস্তকে জাগ্রতের মধ্যে নতুন করে বরণ করে নিতে। দে যে এদে যায় নি তাই কি বলতে পারি ? ক্ষণিক বিরহের অঞ্জলের বৃষ্টিবিন্দু সে ষে মিলিয়ে দিয়ে যায় নি সত্য-মিলনের আনন্দ-নিঝারের বিপুল ধারায় এরি মধ্যে— তাই বা কে বলবে ৷

সভ্য-কবি ছড়িয়ে দিয়ে গেলেন তাঁর মনের ফুলের সমস্ত ফদল পৃথিবীর বৃক ছুড়ে; বইয়ে দিয়ে গেলেন ছন্দের ধারা শত-শত শরতের মধ্যে দিয়ে—
যার ভরপুর জোয়ার চলবে মন থেকে মনে, এক সকাল থেকে আর-এক
সকালে, এসেছে যারা তাদের দিকে, আসবে যারা তাদের দিকে, আসেও নি
যারা তাদের জন্তে! সেই সভ্য-কবি— সে কি সামান্ত কবি যে তার শ্বতি
এত ছোটো হবে যে আজকের বিরহের রাজে আমাদের মানস-কমল সমস্ত
পাপড়ি যত্নে বন্ধ করে তাকে লুকিয়ে রাথতে পারবে না, কালকের প্রভাতের

প্রথম যে, শ্রেষ্ঠ যে, সভ্য যে, প্রেমিক যে, আলো যে, জীবন যে, আনন্দ যে, তার জন্ত ! এপারের বন্ধু, সে ভো ওপারেরও বন্ধু— ছন্দ-সহচর। তাকে যে দেখতে পাছি কবিতার মঙ্গে অভিন্নরেণ ! তার স্থাতি গোপনে রাখা, ধরে দিয়ো একদিন তারি পায়ে যে সভ্য-প্রেমিক সভ্য-কবি ও সভ্যাশ্রায়; যার পরিচয় সভ্যেকই আমাদের দিয়ে গেলেন নিজের সমন্ত জীবনকে তার দিকে প্রণত ক'রে। মন দৃঢ় করো— সভ্য-দেবভাকে নতি দেবার জন্তে দৃঢ় করো; সভ্যের স্থাতি ধরে রাখো কমল-দলের নির্মল বেইনে, অপেক্ষা করো ভারি জন্তা দিন যাকে প্রণতি দিয়েছে, রাভ যাকে প্রণতি দিয়েছে, আমাদের কবি যাকে প্রণতি দিজে চলে গিয়েছে ব'লে—

'কার কাছে তুই অমন করে নোয়ালি মাথা!
নয় সে গুফ, নয় সে পিতা, নয় সে মাতা!
নয় সে রাজা, নয় সে প্রত্,

পিরিলয়ী নয় সে কভু,
পরালয়ের ধুলায় ও যে তার আসন পাতা!
নয় সে অদেশ, সমাজ সে নয় নয় য়ে,
নয় সে বজ, নয় সে ভীবণ ভয় য়ে,
নয় সে হর্ণ, নয় সে আকাশ,
নয় সে গোপন, নয় সে প্রকাশ,
সভা-স্থপন বাজ-গোপন তার মাঝে গাঁথা।'



জগদিন্দ্রনাথের স্মরণে

কৌটার ভিতরে কৌটা তার ভিতরে প্রাণ-ভোমরা লুকিয়ে লুকিয়ে নানাদিক থেকে নানা শ্বতি সংগ্রহ করে রাগছে ! মনের মান্থদের শ্বতি মনোমতো কত কী ছোটো বড়ো নতুন পুরোনোর শ্বতি নিয়ে উলটে পালটে থেলা
মান্থবের । অতুল ঐশর্ম দিয়ে ভতি করা শ্বতির এই যে গোপন গৃহ এর লারে
দেপাই-সান্ত্রীর পাহারা নেই । কিন্তু মন্ত্র দিয়ে বন্ধ করা এর প্রবেশপথ,
ভিতর থেকে থোলে হুয়ার এ ঘরের নিজের মনের হুকুমে, বাইরে থেকে থোলে
মনের মান্ত্র যদি ঘায় তবে । মনোমতো না হলেও শ্বরণ থাকে অনেক জিনিস
—বেমন মনে থাকে ইতিহাদের তারিথ, টেক্টবুকের পাতা, সভায় আদার
দিন ও শ্বণ এবং নিত্যপরিচয়ের হারায় অভ্যন্ত ও মৃথস্থ হয়ে গেল যে সব
স্থান কাল পাত্র ভারাও । কিন্তু মনোমতো যারা কেবল তাদেরই ধরা থাকে
শ্বতি আমাদের মনে ! মনোমতো দে একটিবার এল এবং চকিতে চলে গেলকিন্তু দেই একটি মুহুর্ত শ্বতির মধ্যে রইল ধরা অপার রসম্বৃতিতে ।

মিটিং এর দিন ক্ষণ মনে থাকে বটে, দরদ দিয়ে মন তো তারে ধরে রাথে না— মিটিং শেষ হলে মিটে গেল ভাবনা কিন্তু ভেবে দেখো সেই কোন্ একটা শুভলগের স্থৃতি বৃকের বাসা থেকে ভাকে বিদায় সে দিতেই চায় না মন—নিত্য নতুন ফুলের মালা দিয়ে তাকে বেঁথেই রাথে আপনার সঙ্গে! ষথার্থ ভাবে যাকে পাই তারই শুভিকে রাথি মনে। দরদ দিয়ে বাছল তবেই সে ফুটল মনের মধ্যে শুভি রেথে। দরদের বেরে ধরা থাকে শুভি, বিরহের ছন্দে বাঁধানীল নবনজিকা সে অন্ধ্বনারের অপক্ষণ নিমিভি সে শুভি।

চোধে দেখার পালা ষেমনি সাদ হল অমনি শ্বতি ধরে দেখা শুরু হয়ে গেল। দর্শনের বাইরে গেলেই যে গেল একেবারেই তা তো নয়, মননের মধ্যে শ্বতি যে এসে ধরা দিলে তৎক্ষণাৎ— তিল মাত্র দেরি সইল না। দিনের আলো নিভতে না নিভতে চাঁদ উঠল অয়কারের থেরে ধরা মনোমোহন রূপ। মনের কোণে ধরা অফ্রস্ত বিরহের দীপশিখা তারি আলোভে নিত্য নৃতন ভাবে মিলনের এবং বিরহের ছই ছল্দ একখানি করে গাঁখা হয়্ন শ্বতি-হার যা মনকে সে উমনা করে আনমনা করে অনভ্যমনা করে। কাঁটার আগায় ফুল হল শ্বতি,

কুংথের নিধি হল খুতি, হাটে বাজারে সভায় সমিতিতে খুতির পদরা নিয়ে কে না আনাগোনা করে কিছু পদরা নামায় না। নামাতে ইচ্ছা করে কেউ? নিজের বেদনার ডালায় সাজানো কাঁটা ফুলের মালা দে তো মার্কেটের ছাঁটা ফুলের মালা নয়! নিজের বেদনা দিয়ে গাঁথা খুতি নিজের যে হতে পারলে ডারি জ্ঞা।

নীল আকাশ জল-ভরা চোথে কবির দিকে চাইলে। তারি দরদ কবির বৃকের কাছে পৌছল। বিরহের বার্তা দে কত দিনের শ্বতি কত রাত্রের শ্বতি বহে কবির কাছে নতুন নতুন নেগদুতের ছন্দ ধরে এল। গাঁথলেন কবি দেন্দ কথা, গাইলেন দে কথা, আঁকলেন দে কথা, শ্বতির প্রত্রে ধরা হয়ে গেল দবই। বইওয়ালা এদে দেগুলো কুড়িয়ে ছাপলে এক ছুই তিন বর্ণে কিন্তু একা দরদী-ই দেই রশ্বে রদ্দী হতে পারলে, বাকি তারা দরদীর অভিনয় করে চলল। রদ্দী বেন হয়েছে এই ভাব কিন্তু রঙ্ক আদলে একটু লাগল না তার বাইরে কিংবা ভিতরে।

যার সঙ্গে যার ভালোবাস। তার কাছে তার শ্বতি রাথ। হয়ে যায় আপনা হতেই। কোনো রকম সভা কি কিছু হবার অনেক পূর্বে, এটা জানা সত্য। স্বতরাং শ্বতিসভা শ্বতিরক্ষার পথে থুব যে একটা প্রয়োজনীয় অফুষ্ঠান তা নয়। সভা ভাবেছে শ্বতি রাথবে পাথর গোঁথে কিন্তু আমরা সবাই— যারাই কেউ আপনার লোকের শ্বতি বহন করে চলেছি মনে আমরা জানি কতথানি সহজে পাওয়া অথচ তুম্ল্য জিনিদ দিয়ে গড়া হয় প্রাণের মধ্যেকার শ্বতি-চিক্ত সমস্ত্র।

মনের মাহ্য লাথে এক মেলে, মনের মাহ্যের স্থৃতি লাথে একজনের কাছে থাকে, এবং দেই স্থৃতি কথার ছলে কবিতার ছলে ছবির ছলে ধরে দেওয়া চলে লাথ লাথ লোকের মধ্যে হয়তো একটি লোককেই!

সাধারণ স্থৃতিসভায় আমাদের অনেকবার আজকাল উপস্থিত হতে হয় কিন্তু এটা তো মন ভোলে না যে সাধারণের সামনে সাধারণ ভাবেই বলা চলে, অনন্তুসাধারণ স্থৃতি তাকে ধরে দেওয়া চলে না একেবারেই।

ও বছরে দেশের বারো আনা লোক যাকে জানে অথচ জানে না এমন এক অভিনেতার বাৎদারিক একটা শ্বতিসভায় বক্তৃতা দিতে গিয়েছিলেম। সেথানে নিয়মিত ভাবে শোকসংগীত শোক-গাঁথা সভাপতির অভিভাবণ ইত্যাদি হবার পরে আমার বলার পালা পড়ল। বলতে উঠে দেখি— মনের মধ্যে এতটুকু
শ্বতি ধরা নেই দেই স্থানিত লোকটির, অ্থচ তাঁকে দেখি নি এমন নম্ন— কথা
ক্য়েছি, দেখা হলে নমন্তার করেছি। কিন্তু সত্য করে শ্বতির সঙ্গে জড়িয়ে
পায় নি মন তাঁকে! জগৎ-নাট্যশালায় এদে সবার শ্বতি ধরে না তো মন।

আর আছ এই সংবংদর পরে মহারাছ জগদিক্রনাথের স্থাতি— সথাতার নানা গ্রন্থি দিয়ে বাঁধা যার স্থৃতি মনের জনেকথানি ঘিরে রয়েছে, সেই জকলাং হারানো বন্ধুর স্থৃতি— ভাকে তো মোছা গেল না। লিথতে যাই ধরে ধরে— সেই যৌবনের প্রারন্থ থেকে আছ পর্যন্ত মনের পাতায় পাতায় জালো-জন্ধকারের অক্ষর দিয়ে লেখা দেখছি দে-দ্ব কথা, কিন্তু পারি নে তো লিথে উঠতে। পারি নে তো সাধারণে প্রকাশ করতে ভাষায়! মন এদে হাত ধরে মিনতি করে বলে— চাহার দরবেশের এক দরবেশ ভার কথা তো শেষ করেছে, দেটা যদি দরদী পাও ভো বলো; দরদ পাও ভো বলো! মনের বাধা ঠেলে তো লেখাও চলে না বলাও চলে না, অথচ বলতেও চাইছে আছ প্রাণ, কাজেই আমি মনের সঙ্গে যতটুকু বলতে পারি তাই বলছি— 'ভেহি নো দিবদা গতাং'— বে-দ্ব দিন যে-দ্ব রাত চলে গেছে আমাদের এই বন্ধুটির সঙ্গে, সেই-দ্ব দিন রাত ফিরবে না ভো! কেবল স্থৃতিই রইল ভাদের মনের কোণে ধরা।

এই জগদিন্দ্রনাথকে বাঁরাই জানেন তাঁরাই স্বাই কেউ সভ্যভাবে জগদিন্দ্রনাথকে পান নি, পাবার উপায়ও নেই তাঁদের— হয়তো এটা একটু অপ্রিয় কথা কিন্তু সভ্য কথা। সভ্যভাবে যথনই পেলেম কিছু তথনি সভ্য সভ্য বললেম 'কথং বিশ্বর্থতে''— কেন ভূসব বাকে পেয়ে গেছি ভাকে ?

আমি যাকে সখ্যতার নিবিভ বেষ্টনে ধরে সভ্যভাবে পেয়েছি— তাকে নানা স্থৃতি দিয়ে সাজিয়ে নানা কথা নানা ভাব দিয়ে সত্য করে ফুটিয়ে ধরি এত ইচ্ছা করি, কিন্তু শক্তি কোথার আমার সে ফুংসাধ্য সাধনে! তথু মান্ত্রটকে আপনার করে পেলেই তো হয় না। তাকে আর সকলেরই আপনার করে পেলে তাতেই তো ঠিক ভাবে স্থৃতি রাখার উদ্দেশ সাধন করা হল। না হলে মান্ত্রটের সধ্যে কতকগুলি বাছা বাছা বিশেষণ ও বিজ্ঞাপন বিলি করে চুকিয়ে গেলেম কাল। এতে করে যার স্থৃতি তার প্রতিই অ্যায় হল বলতে হয়। এই শেষাক কারণেই স্থৃতিসভার কারে আমি ইতন্তত করে থাকি।

স্থামি হলেম রূপকার, স্থাতির মর্থাদা স্থামার কাছে অনেকথানি এবং রূপকার বলেই স্থামি জানি দে স্থাতিকে রূপ দেওয়! কতথানি কঠিন ব্যাপার দাধারণ সভার গাঁতিয়ে।

উত্তরচরিতের চিত্রদর্শন নামে প্রথম অকে লক্ষ্মণ যথন অতীত ঘটনার নানা শ্বতি দিয়ে লেখা একরাশ ছবি এনে রামচন্দ্রের কাছে উপস্থিত করলেন তথন রামচন্দ্র প্রথমেই বললেন—'জানাদি বংস ঘূর্ননায়দানাং দেবীং বিনোদ্রিত্বং!' চিন্তবিনোদনকারী করে শ্বতিকে ধরা ক্ষমতা-সাপেক্ষ, রুপদক্ষ নাহলে পদে পদে দে কাজে ঠেকতে হয়! ছবির বিষয় কী কী রাম জানতে চাইলে লক্ষ্মণ বলেছিলেন—'ধাবদার্যায়া হতাশনে বিশুদ্ধিং'। রাম ওই শুনে বললেন 'শান্তম্'! কিন্তু আবার যথন মিথিলা বুরান্তের ছবিগুলি লক্ষ্মণ সামমেধরলেন তথন রাম বললেন 'ক্রয়ামতেং'। আবার এক জায়গায় এদে শ্বতি ধরে চলার আনন্দে বাধা পড়ল, রাম বলে উঠলেন—'অয়ি বহুতরং প্রইবামতি অন্তাতে দর্শর্ম'।

কাজেই বলতে হচ্ছে ছবি দিয়েই শ্বতি ব্যক্ত করি বা লেখা দিয়েই থুলে বলি কোনো পথেই আমরা একেবারে নিরাপদ নয়।

শ্বতির বস্তু যা তা শুতান্ত হুকুমার, সন্তর্গণে তাকে নিয়ে নাড়াচাড়া !
অবগুন্তিত ভাবে রয়েছে যে শ্বতি তাকে ঘোমটা ছিঁড়ে অকাতরে সবার মাঝে
টোনে আনায় ভারি একটা নির্মনতা আছে। ফুলের কলি ছিঁড়ে তার
সৌরভ বার করে আনতে গিয়ে ফুলকেও নই সৌরভকেও হত করে বসিং
এ কথা রপকার হয়েছে যে সেই ব্ঝেছে।

রামচরিত্রের আগাগোড়া লক্ষণের জান। ছিল। তিনি দেইগুলোই সব আঁকিয়ে এনে উপস্থিত। কিন্তু রামের মন সীতার মন এর মধ্যে কার মনে কোন্ শ্বতি আনন্দ দেবে তা তো জানা ছিল না লক্ষণের, কাজেই চিত্র-দর্শনের কাজ স্থচাঞ্চভাবে চলতে গোল হল। শ্বতিসভাগুলোভেও এই গোলবোগ উপস্থিত হয়। বক্তার মনে শ্রোতার মনে স্থর বাঁধা নেই, কাজেই পুরোপুরি মর্থানা পায় না শ্বতিসভায় কারো শ্বতি কিছুর শ্বতি এটা আমি বরাবর অভ্তব করেছি, ভাই আজও সাধারণের কাছে আমার স্বর্গত বন্ধু জগদিজনাথের চরিত্র ও জীবনের নানা ঘটনা স্বন্ধে নীরব থাকতে চাই। এই সরল উদার একাভ বন্ধুবংসল এবং দেশের স্থাকিতদের মধ্যে একজন শ্রেষ্ঠ ব্যক্তির সথন্ধে বলবার কিছুই নেই আমার। এটা ধেন আপনারা মনে না করেন। বলবার আছে অনেক কথা। কিন্তু দে সভা-ক্ষেত্রে নয়।

কবি আর্টিণ্ট সাহিত্যিক সবাই মিলে অনেক দিন পূর্বে আমরা একটা থামথেয়ালী মঞ্জলিদ বেঁধেছিলাম। প্রতি মাদে এক এক বনুর বাড়িতে তার বৈঠক বসত— দেই মঞ্জলিসের প্রথান সংগতিয়া ছিলেন মহারাজ জগদিন্দ্রনাথ। জীবনের বসন্তকালে এইভাবে পেয়েছিলেম বনুকে কটা দিনের জন্ত খ্ব কাছে। সেই কটা দিনের জপকথা ক্ষুদ্র ক্ষুদ্র ঘটনা একটু একটু রমের ইতিহাস সব দিনরাতের— যথম মনে কোনো ভাবনা নেই শ্বতিই আছে— কিন্তু সে-সব শ্বতি নিয়ে সাধারণের তো কাজ হয় না, তাই বলি—

"জীবৎস্থ তাতপাদেযু নবে দারপরিগ্রহে। মাতভিশ্চিস্তামানানাং তে হি নো দিবদা গতাঃ॥"

কথাই মনে পড়ছে। কিন্তু বাকে নিয়ে কথা সে আজ চলে গেছে দৃষ্টির বাহিরে! 'তে হি নো দিবসা গতাঃ', সে-সব দিন চলে গেল সে-সব রাত চলে গেল বথন স্বর্গীয় জগদিন্দ্রনাথের উদার সরল বন্ধুবংসল মনটি থেকে স্থারস ধারা দিয়ে পড়েছিল আমাদের মনের পাত্রে। সে-সব দিনকে রাতকে ভোলা যায় না। কেরানোও যায় না সে কালকে, ধরে দেওয়াও যায় না সে-সব স্বতি ধেখানে-সেথানে ধেমন-তেমন করে।

এই দেদিনে মন চঞ্চল হল, আমার হারানো বন্ধুর স্বজনদের দেখতে গেলাম রাজবাড়িতে। সেখানে পাঠাগার নাচ্যর বাগান-ভরা বন্ধুর স্বতি অসংখ্য জিনিসে অসংখ্য ভাবে বন্ধুকে ফিরে পেয়ে মন বললে 'হ্মরই এদং পদেসং'। কেবলি ভূল হয়ে যায় যে বন্ধু সদে নেই। রাজপুত্রের গলার হুরে রাজার পলার হুরে পাই, স্বতির মালা ত্লিয়ে দেয় বুকে অদৃত্য আমার বন্ধুর হাত!

আজকের যে চলে গেছে তার কথা কালকের অনেকেরই মনে থাকবে না, কেননা এথানে অনেকেই তো সত্য ভাবে মহারাজ জগদিজকে পান নি। কিন্তু আমরা যারা তাঁকে সত্যভাবে পেরে গেছি, কোনো স্থতিসভা না হলেও আমরা বলতে বাধ্য 'কথং বিশ্বর্ষতে ?' ভোলার উপায় নেই আমাদের, ভূলে যাওয়ার পথ রাথেন নি তিনি আমাদের।

স্বৰ্গগত শ্ৰীমদ ওকাকুরা

আমাদের দেশে যেমন, জাপানেও তেমনি একদিন পাশ্চান্ত্য শিল্প জাপানবাদীর দনাতন সভ্যভার পূর্বভাবটুকু ঘুচাইল্লা দিল্লা জাপান শিল্পকলার যে
অবশুজাবী পতনের স্থাপাত করিয়াছিল তাহা হইতে উদ্ধার করিয়া স্থদেশের
শিল্পকে যথাস্থানে অটল অচল বজ্ঞাসনে নৃতন করিয়া প্রভিষ্ঠিত করিয়া গেলেন
মহামনা আচার্য ওকাকুরা।

কী বিরাট মানসিক শক্তি লইয়া, স্বজাতীয় শিল্পে কী অচলা ভক্তি প্রগাঢ় আস্থা লইয়াই এই মহাপুরুষ কর্মক্ষেত্রে অবতীর্ণ হইয়াছিলেন !

জাপানের রাজাপ্রজা যথন শিল্পে পাশ্চান্ত্য প্রথার বছল প্রচারে বদ্ধপরিকর, যথন জাপানে ভাবলোতে নব্যভার একটা প্রবল আকস্মিক
আকর্বণে পশ্চিমের দিকে বিপরীতমুখী হইয়া প্রলয়কলোলে করাল অনিদিষ্টের
দিকেই বহিয়া চলিয়াছে, দেই ছুদিনে এই মহামনা দৃঢ়চেতা উত্তমশীল পুরুষ
নিজের পদ মান সকলি তুচ্ছ করিয়া বতার ম্থে অটুট অভেত বাঁধের মতো
আপনার সমস্ত সংকল্প, সমস্ত উত্তম আশা বিভৃত করিয়া একা দণ্ডায়মান
হইয়াছিলেন। এই মহাক্ষণে শিল্পাচার্য ওকাকুরাকে অছ্সরণ করে এমন
সাহস কাহারও হয় নাই। জাপানের সেই কালরাত্রির অন্ধকারপটে ওকাকুরা
সেদিন তমোহন্তী প্রতন্ত্র রূপে প্রকাশ পাইলেন।

ওকাকুরা ছিলেন ক্ষত্রিয়দস্তান। বিপুল বাধা দলিত করিয়া স্বদেশের শিল্লকে স্বধর্মে প্রতিষ্ঠিত করিতে অগ্রসর হইয়া নিজের অন্তর্নিহিত ক্ষাত্র-তেজেরই পরিচয় বিয়া গেলেন।

রাজ-অন্ত্রহ, সম্মান, সম্রম ইত্যাদির প্রবল আকর্ধণ সত্ত্বেও তিনি পাশ্চান্তাপথী শিল্পীকুলের অধ্যক্ষতা ছাড়িয়া বেদিন জাপানের সরকারি শিল্পশালা হইতে স্ব-ইচ্ছায় নিজেকে নির্বাদিত করিয়া দিয়াছিলেন দেদিন জাপানের পক্ষে শুভদিন বলিতে হইবে ৷ কেননা ইহারই ছন্ন মাসের মধ্যে শ্রীমদ্ ওকাকুরা প্রমুখ চ্যারিংশ শিল্পমহারথী তাঁহাদের নব্য-প্রতিষ্ঠিত শিল্প-বিভালয়ে প্রাণপ্রতিষ্ঠা-রূপ মহাধক্তে নিজেদের সর্বস্থ আছতি প্রদান করিলেন এবং তাহাতেই প্রোক্ত ফিরিয়া গেল ও জাপানে মুহ্মান

শিল্প নবজীবনের মধ্যে আর-একবার বিকশিত হইয়া উঠিবার অবদর পাইল।

আচার্য ওকাকুরার ্যথন প্রথম পরিচয় লাভ করি তথন আমি আমার
সারাজীবনের কাজটুকু দবেমাত্র হাতে তুলিয়া লইয়াছি, আর সেই মহাপুরুষ
তথন শিল্লজগতে তাঁর হাতের কাজ দার্থকতার পরিসমাপ্তির মাঝে সম্পূর্ণ
করিয়া দিয়া জীবনে দীর্য অবদর লাভ করিয়াছেন এবং ভারতমাতার শান্তিময়
ক্রোড়ে বদিয়া 'Asia is One' এই মহাসত্যের— এই বিরাট প্রেমের
বেদধনি জগতে প্রচার করিতেছেন।

ভারতকলালন্দ্রীর উপর তাঁহার দেদিন যে শ্রন্ধান্তক্তি দেখিয়া আমরা মৃত্যুর বংদরেক পূর্বে আর-একবার তাহার পরিচয় তিনি আমাদের দিয়া যাইতেই যেন শেষবার এখানে আসিয়াছিলেন। ছাড়িয়া যাইবার পূর্বে তিনি এই কথা বলিয়া আমাদের নিকটে বিদায় লইলেন—
দেশ বংসর পূর্বে আসিয়া শিল্পদেবতাকে তোমাদের মাঝে দেখি নাই, এবার আসিয়া তাঁহার আবিভাবের স্থচনা মাত্র দেখিয়া প্রনরায় যথন আসিয়া তাঁহার আবিভাবের স্থচনা মাত্র দেখিয়া গেলাম, পুনরায় যথন আসিব বেন তাঁহাকেই দেখিতে পাই এই কামনা।

এবার ভারতে আদিয়া প্রবাদের শেষ রাত্রি তিনি ভারত মহানাগরের তীরে কোণার্ক মন্দিরে যাপন করিয়া অন্ধকারের পারে আলোকের দর্শন পাইয়া সত্যই চলিয়া গেলেন বিরাট আনন্দসাগরের পরপারে আপনার গৃহে।

পরলোকগত ঈ বী হ্যাভেল

দে তথনকার কথা যথন এক দিকে বড়ো বড়ো নামজাদা প্রভুতাত্তিকরা (archaeologist) जाभारमञ्ज लाहीन मन्मित्र-मर्ठामित वर्गना ७ वारिया मिरम চলেছেন, আর-এক দিকে আর্ট স্থলে প্রাচীন ইউরোপীয় চিত্রকলার মাঝারি-গোছের সন্তা নমনা থেকে নকল নিয়ে নিয়ে আমাদের দেশে শিল্পশিকার্থী-দের ক'রে তোলা হচ্ছে ইউরোপীয় পদ্ধতিতে অয়েল পেইণ্টার, ওয়াটার কালার পেইণ্টার- নকল র্যাফেল, টিশিয়ান হয়ে উঠবার অভিনয় চলেছে, ষেন বাঙালি ছেলে ভ্রুটাস সেজে মুখস্থ-করা স্পীচ আউড়ে যাচ্ছে আর ভাবছে নিজেকে সত্যই রোমান সেনেটর একজন। আমরা যে কেবলই আর্টিস্ট হবার অভিনয় করে চলেছি সেটা লমেও মনে হত নাকারো। ভগু প্রত্ন-ভাত্তিক ব্যাখ্যা যে আর্টের সৌন্দর্য বোঝার পক্ষে একেবারেই কাজে আন্দে না এটা ব্যলেম আমরা প্রথম হ্যাভেল (Havell) সাহেবের লেখা থেকে— এ যেন কতকাল আমাদের ভাস্কর্য-শিল্পের বহিরন্তীণ অংশের দৈর্ঘ্য প্রস্থ বয়েস ইত্যাদির হিসেব ধরা হচ্ছিল আমাদের আগে প্রত্নতত্বিদ্গণের দারা-ठिक (य ভাবে ঘোড়ার দালাল যোড়ার দাঁত ল্যাজের দৈর্ঘ্য কাঠামোর লখাই চওডাই দিয়ে খোডার দৌন্দর্য বর্ণন করে সেই ভাবে কাজ হচ্ছিল। কিন্তু হ্যাভেন সাহেব তাঁর লেখায় একাধারে প্রত্নতত্ত্ব, সৌন্দর্যতত্ত্ব, ভারতীয় শিল্পের নিগৃত রস পরিবেশন করলেন আমাদের।

সঙ্গে সঙ্গে শিল্পশিকা-পদ্ধতিও তিনি দেশী প্রথায় এদেশের ছাত্রগণের উপযোগী করে তোলবার চেটার রইলেন। থাঁচা থেকে পাথিকে টেনে বার করে বনস্পতির ভালে তাকে বসিয়ে দিতে গেলে সে বেমন মার্থটাকেই কামড় দিতে থাকে তেমনি ঘটনা ঘটল এ দেশীয় শিল্পী ও হ্যাভেল সাহেবের মধ্যে— আটি-স্থলের প্রথম শিক্ষা-সংশ্বার কালে। তথন আমাদের কোনো শিক্ষাসদনে কিংবা বিশ্ববিভালয়ে আটি শিক্ষার হান ছিল মা— আজকাল নৃত্যকলা শিক্ষা নিয়ে যে হৈ-চৈ বেধেছে তার চেয়ে অধিক আপত্তি উঠেছিল তথনকার কলিকাতা বিশ্ববিভালয়ের কর্তাদের মধ্যে শিক্ষাগারগুলোর মধ্যে ছিয়িং শিক্ষার প্রথম প্রচলন ব্যাপার নিয়ে। অক্লান্ত চেটার ফলে সে-বিষয়ে

দফলকাম হলেন হ্যাভেল। যে চোথে হ্যাভেল সাহেব আমাদের দেশের শিক্ষা, দীক্ষা, শিল্প, ইতিহাদ প্রভৃতি দেখে গেছেন তা একজন ঋষির পক্ষেই সম্ভব, দেই কারণেই আমরা না ব্রলেও তিনি জগতে শ্রন্ধার পাত্র এবং এ দেশের শিল্পশিকার মূল প্রতিষ্ঠাতা বলেই তাঁর প্রতি প্রক্ষাঞ্জলি অর্পণ করতে হবে আমাদের।

শিল্প-শিক্ষার্থী ছোটো ছোটো ছেলেমেয়েদের ভুয়িং-শিক্ষার জক্ত ভুয়িংবৃক এবং শিল্প-সৌন্দর্য বৃঝিয়ে আমাদের এবং বিদেশের রসপিপাস্থগণের মধ্যে স্থাচিন্তিত পুত্তকাদি লেখা হ্যাভেল সাহেবের সারা জীবনের এত ছিল—এমন করে আমাদের শিল্পের আর শিল্পীগণের জক্তে নিঃস্বার্থ প্রাণপণ পরিশ্রম অক্ত কে করেছে ?

ভারতীয় চিত্রকলার প্রচারে রামানন্দ

ঠিক কোন দাল- তা মনে পড়ছে না- আমি তথন এলাহাবাদে লম্বা ছুটি কাটাচ্ছি; দঙ্গে মাও আছেন। চার্চ রোডে মস্ত একটা বাড়ি ভাড়া নেওয়া হয়েছে। কুইন ভিক্টোরিয়া দেই বছরেই মারা যান। কয়দিন থেকেই খবরের কাগজে তাঁর অল্পথ অল্পথ গুনি। তা যাবার পথে কি কলকাতায় চলে আসবার মুখে— মনে নেই— কোকামা স্টেশনে দেখি এজিনগুলো শব কালো ব্যাতে মোডা— গার্ড ফেশ্রুমান্টার স্কলের গায়ে কালো কোট; চার দিকেই কালো কালো সব ঘুরগুর করছে। কী ব্যাপার ? মুথ বাড়িয়ে জিজ্ঞেদ করি গার্ডকে— কী হল কী? তারই মূথে জানতে পারি কুইন ভিক্টোরিয়া মারা গেছেন। সেই বছরেই আমার রামানন্দবাবুর সঙ্গে আলাপ। 'রাজকাহিনী' তথনকার লেখা। একটা করে গল্প লিখি আর বাড়ির ছেলেদের পড়ে শোনাই। ছরন্ত শীত। স্কাল বিকেল হেঁটে বেড়াই। এক-দিন সকালে বেডাতে বেরিয়েছি— খানিকটা যাবার পর দেখি এক ভত্রলোক —মাথায় কালো কোঁকড়া চুল, কালো লখা দাড়ি— গলায় মাথায় কানচেকে কদ্বার্টার জড়ানো— গৌরবর্ণ— শান্ত পৌম্য চেহারা— এগিয়ে এদে বললেন. 'নমস্বার, আমি রামানন্দ চট্টোপাধ্যায়।'— ওঃ, নমস্বার। আপনার নাম শুনেছি আগে। কোথায় আপনার বাড়ি ?

তিনি বললেন—'এই কাছেই।'

বলন্ম—বেশ তো, চল্ন আপনার বাড়িতে বদেই গল্প করা যাক। ত্-জনে মিলে গেল্ম তাঁর বাড়িতে। ভরবাজ মুনির আশ্রমের কাছে— একটা বড়ো চার্চের পিছনে বাংলো-ধরনের একটি স্থলর বাড়ি। সীতা শাস্তা কেদার অশোক ওরা তথন ধুব ছোটো ছোটো ছেলেমেয়ে— সামনে থেলা করছে। বড়ো তালো লাগল। দেথেই মনে হয়— যেন স্থা পরিবার একটি। তাঁর স্বীর সঙ্গেও আলাপ হল। অতি তালোমায়ুব ছিলেন তিনি।

সেইখানেই রামানন্দবাব্র সঙ্গে কথা হয়। তিনি বললেন— 'প্রবাদীটা দচিত্র কাগজ করতে চাই।'

বলনুম— সে তো ভালো কথা।

- —আপনাদের ছবি দিতে হবে।
- সে তো দেব ; কিন্তু ছাপাবেন কী করে ? তা ছাড়া খরচ পোষাবে কি আপনার ?

তিনি বললেন— তার জন্ম ভাবনা নেই— থরচ যা লাগে লাগুক। সচিত্র কাগজ বের করতেই হবে। আর ইপ্রিয়ান প্রেসের সঙ্গে ব্যবস্থা করব— চিস্তামণিবার আছেন— তিনি ছাপিয়ে দেবেন।

বললুম — আচ্ছা, ছবি দিয়ে যাব এবার থেকে; ছাপাবেন আপনি কাগন্তে।

রামানন্দবাবু আমাকে চিন্তামণিবাবুর কাছেও নিয়ে গেলেন। তিনি রাজী হলেন ছবি ছাপিয়ে দিতে। বললেন— একজন আর্টিণ্ট দিন-না আমায়— এ কাজের জন্ত। যামিনীকে দিলুম তাঁর কাছে। ছবি ছাপা হতে লাগল।

প্রথম ছবি ছাপা হয়— আমার শাজাহানের মৃত্যু, ছবিথানি তথন দিলীর দরবার মুরে এসেছে— দেখানাই দিল্ম। তথনো রামানন্দবাবু কলকাতায় আদেন নি— প্রবাদেই আছেন। রঙিন ছবি ছাপা হয় নি এর আগে। উপেক্রবাবু হাফটোন করতেন; কিন্তু রঙিন ছবি ছাপা হয়ে বের হয় প্রবাদীতে প্রথম।

ছাত্ররাও তথন উৎসাহিত হয়ে উঠল, তাদেরও ছবি ছাপা হয়ে বের হতে লাগল। আমিই বেছে বেছে প্রতি মাসে রামানন্দবার্কে ছবি পাঠাতুম। তিনি বলেছিলেন— আপনি যা প্রন্দ করে পাঠাবেন— তা-ই ছাপাব।

ঐ পর্যন্তই কথা হয়েছিল আমাদের। এতকাল ধরে সেই কাজ সমানভাবে তিনি চালিয়ে দিলেন। যে কথা দিয়েছিলেন— 'আপনি নিশ্চিন্ত থাকুন, ছবি দিয়ে যান, আপনাদের ছবি আমি প্রকাশ করব—' সে শত্য চিরকাল পালন করে গেলেন। কত বাধা তিনিও পেয়েছিলেন— থাক্ সে-সর কথা আজ। আমিও পেয়েছিলুম অনেক বাধা। রান্ট সাহেব বলতেন— এই-নব চীপ রিপ্রোভাকশনে আসল ছবির ক্ষতি করে। সোসাইটি থেকে প্রিণ্ট করাও, ভালো জিনিস হবে। আমি বলল্ম— সাহেব, সে তো দামী জিনিদ। শৌথন কয়েক জন লোক মাত্র কিনবে তা। আমাদের দেশের লোক দেখতে পাবে না আমাদের দেশের ছবিকে। দেখতুম তো— একজিবিশন হত—

কটা লোকই-বা আদত। খারা যারা ছবি কিনত— ছবি ঘরে নিয়ে রেখে দিত। ব্যদ ওই অবধি।

কিন্তু রামানন্দবাব্র কল্যাণে আমাদের ছবি আছ দেশের ঘরে ঘরে। এই যে ইঙিয়ান আর্টের বহল প্রচার— এ এক তিনি ছাড়া আর-কারো ঘারা সম্ভব হত না। আর্ট সোদাইটি পারে নি। চেটা করেছিল্ম। হল না। রামানন্দবাব্ একনিষ্ঠ ভাবে এই কাজে খেটেছেন— টাকা চেলেছেন—চেটা করেছেন— পাবলিকে ছবির ডিমাও কিয়েট করিয়েছেন। তিনি ছাড়া আরো তিনটে জিনিস হত না এ দেশে। কালার্ড্ প্রিক্টের আজ এতথানি উরতি হত না, হাফটোনও নয়— আর মাসিক কাগজও এই আলোতে আসত না। আর্ট সোদাইটিরও এই উদ্দেশ্মই ছিল বটে— ইঙিয়ান আর্টের প্রচার করা। কিন্তু আর কারো ঘারা ভা তো সম্ভব হল না। আমরা ছবি আঁকিয়ে ছেড়ে দিতুম—উনি ঘূরে ঘূরে কোথার কী করতে হবে, কাকের গরিবেরও ঘরে দেশ-বিদেশে সর্ব্ব্রে প্রচার করতে হবে, কাই নিজে করতেন। এ আমরা কথনোই পারতুম না। ডিনিই হাত বাড়িয়ে এই ভার তলে নিলেন।

আজ ব্ৰতে পারি— আমাদের আর্ট ও আর্টিস্টদের কতথানি কল্যাণ তিনি করে দিয়ে চলে গেলেন।

দেশের আর্ট ও আর্টিন্টদের জন্ম তাঁর মনে কতথানি দরদ ছিল— চিরকাল এ কথা আমনা ক্যত্তভার দদে মনে রাখব।



·শিল্পী শ্রীমান নন্দলাল বস্ত্র

বিচিত্রার চিত্রশালাতে শ্রীমান নন্দলাল বস্তর এই যে ছবিগুলি, এর মধ্যে চার-পাঁচথানি ছাড়া প্রায় সকলগুলিই তাঁর ছাত্রাবস্থা উত্তীর্ণ হয়ে যথন তিনি বিশ্বভারতী কলাভবনের অধ্যক্ষ হয়ে ভারত-শিল্প-চর্চার পথ উন্মৃক্ষ করছেন নতুন নতুন দিকে, নতুন নতুন রস ও ভাবের পন্থা ধরে— সেই কালের কাজের নমুনা।

এই চিত্রগুলি থেকে আজকের বাংলার প্রধান চিত্রকরের বাল্য কৈশোর এবং যৌবনাবস্থার চিত্র-রচনা-পদ্ধতির একটুথানি আভাদ পাবেন বিচিত্রার পাঠকগণ এবং বাংলার শিল্পীরা যে বহু সহস্র বংসরের অজস্থা চিত্রাবলীর বার্থ অঞ্চকরণ করে চলেছে দে ভ্রমণ্ড দূর হবে সাধারণ দর্শকের মন থেকে।

এ দেশের শিল্পীরা পূর্বকালে আনেপাশের ঘটনা কালের প্রভাব ইত্যাদি থেকে নিভেকে সম্পূর্ণ বিচ্ছিন্ন করে নিয়ে কেবল ধ্যানন্তিমিত অবস্থাতে বসে ছবি মৃতি ইত্যাদি রচনা করে গেল এ কথা যেমন মিথ্যা, আজকের বাংলার শিল্পীর দল আমরাও সেই ভাবে কাজ করে চলেছি এ কথাও তেমনি মিথ্যা, এটা প্রমাণ হবে যে এই ছবিগুলি মনোযোগ দিয়ে দেখবে তারি কাছে।

প্রীমান নদলাল বাল্যাবস্থায় যেদিন আমার কাছে এসেছিলেন সেইদিন থেকেই তাঁকে শিল্প-রসিক বলে আমি ধরেছিলেম। তথন তিনি বালক আমি যুবা; আজ আমি বৃদ্ধ, তিনি এখনো আমার কাছে সেই যৌবনের প্রতিভাদীপ্ত প্রিয় এবং প্রধান শিগ্রই আছেন। তাঁর ছবির তারিথ লিখে আমি তাঁর কাজের মানপত্র দিতে অগ্রসর হই নি কেননা ওরপ করাতে শিল্পীতে শিল্পীতে উচ্চ নীচ ভেদ যে নাই সেটা অপ্রমাণ হয়ে যায়, অতএব বিচিত্রার এই চিত্রগুলি দেখে আমার আনন্দ হল এইটুকুই জানাই বিচিত্রার সম্পাদককে আর চিত্রকরকে গুধু আশীর্বাদ দিই জীবতু শতং জীবতু।

আমাদের পারিবারিক সংগীতচর্চা

তথনকার কালের সংগীতের ইতিহাস— ওদিকে আমার মেসোমশায় পাথ্রেঘাটার ছোটো রাজা শৌরীক্রমোহন ঠাকুর কালোয়াতী গানের রীতিমভ
চর্চা করছেন। নর্মাল স্কুলের সঙ্গে সংগীতের রাস খুললেন। ছোকরার দল—
আমার সদীরা, নরেন, ভূল্— সবাই সেখানে গান শিখছে। ক্ষেত্রমোহন
গোসামী, হলো গোপাল— বড়ো বড়ো সংগীতকার তাঁর আসরে গান করেন।
দেশী বাছদত্র সব বাজে সেখানে। রাজরাজড়ার বৈঠকে যা হয়, ঠিক তেমনি।

তাঁর বড়ো ছেলে প্রমোদকুমারও পাকা ইউরোপীয়ান মিউজিশিয়ান। তিনিই প্রথম কালোয়াতী গানকে স্বরলিপিতে বসিয়ে থুব নাম করলেন। গুরুদাদ —শোরীন্ধমোহন ঠাকুরের দৌহিত্র— দেও চমৎকার পিয়ানো বাজাতে পারত। আহা, মরে গেল বেচারা অল্প বয়দেই।

এদিকে আমাদের জোডাদাঁকোর বাভিতেও সংগীতচর্চা হচ্ছে। 'নবনাটক' নাটক হল, জ্যোতিকামশায় অর্গান বাজালেন। সেইবারেই প্রথম অর্গান বাজল। শুনেছি, অক্ষরবার বলতেন আমাদের, জ্যোতিকামশায়ের অর্গ্যান শুনতে লোকের ভিড় জমে যেত। অর্গ্যানের সঙ্গে গান হবে। শুনতে রাস্তা-ভরা লোকের ঠেলাঠেলি লাগত। জ্যোতিকামশায়ের গানবাজনার খুবই ঝোঁক ছিল। আর, দব নতুন নতুন বাজনার হুর তৈরি করতেন। শৌরীন্দ্র-মোহন ঠাকুরের আদরে ছিল দব দেশী বাছ্যন্ত। জ্যোতিকামশায় বাজাতেন পিয়ানো, অর্গ্যান, বেহালা, বাঁয়া-তবলা, মাঝে মাঝে আবার দ্ব মিলিয়ে স্বরমগুল বেঁধে স্থর বের করতেন। কোখেকে ইটালিয়ান ঝি'ঝিট বের করে ফেললেন. দেখতে দেখতে 'বাল্মীকি-প্রতিভা'র স্বর তৈরি হয়ে গেল। স্বরলিপিটা তথন ছু জায়গাই চলছে— পাথুরেঘাটায় প্রমোদকুমার করছেন, জ্যোতিকামশায়ও জোড়াসাঁকোতে করছেন। সে সময়ে সংগীতের কেমন একটা ধুয়ো উঠেছিল। পৰ নামজাদা বাড়িতেই বড়ো বড়ো ওস্তাদ রেখে সংগীতের চর্চা হত। আমাদের বাড়িতে মেয়েদের পর্যন্ত কালোয়াতী গান শেখানো হত। জাঠামশায় প্রতিভা-দিদিদের, হিতৃদাকে ওন্তাদ রেখে গান শিথিয়েছিলেন। তানপুরা ধরে গাইতেন প্রতিভাদিদি। বেমন তাঁর গলা ছিল, তেমনি পাকা গাইয়েও হয়ে উঠেছিলেন ! জ্যাঠামশায়ও তাঁর ওই প্রকাণ্ড মন্তিজ থেকে এক স্বর-স্থদর্শনচক্র বের করে ছাপালেন। সারে গামাসব তার ভিতর ধরা আছে। যে-কোনো স্বর ধরা পড়ে তাতে। জানি নে, কোধায় আছে তা এখন। অনেক তর্কার্তাক হয়েছিল স্বরলিপি-পদ্ধতি নিয়ে পে সময়ে।

সংগীত নিয়ে সবাই মাথা খেলাত তখন।

কিন্তু আদল সংগীত কাকে পেল? পাথুরেঘটায়ও সংগীতচর্চা হত, আমাদের জোড়াদাঁকোতেও হত। জোড়াদাঁকোর সংগীতচর্চায় লাভ হল বাড়ির ছেলেদের। ছেলেদের ভিত্তর সংগীতের স্থর চুঁইয়ে পড়ছে। যেমন, বড়ো মেঘ থেকে বৃষ্টি হয়, মাটি ঘাদ তার রম টেনে নেয়। তেমনি নিজে নিজের শক্তিমত ছেলেরা তা টেনে নিছে। পাথুরেঘটায় যেমন দরবারী সংগীত হয়, এখানে সেভাবে নয়। এখানে দৈনন্দিন জীবনে স্থর বাজছে। জ্যোতিকামশায় ওঁরা গাইতেন, ছেলেদের মন ভিজ্ঞল স্থরেতে। রবিকা'র বেলা তাই। তাঁর মন রস গ্রহণ করলে, তারপর স্থরের যে ফুল ফুটল তা কালোয়াতী বা আর-কিছুর সঙ্গেই মেলে না। নিত্যকার হাওয়ার মতো যা বইল, তার ফল রবীজ্রসংগীত। এ যেন বসন্তের পাথি, কোথা থেকে স্থর পেলে, কেউবলতে পারে না।

পাথুরেঘাটার ছেলেরাও সংগীত পেয়েছিল কিন্তু তা বুছির ভিতর দিয়ে। প্রমোদকুমার, গুরুদাস বৈজ্ঞানিকভাবে দেশী স্থরে 'হারমোনাইজ' করবার চেষ্টা করলেন। আর রবিকা'র মনের ভিতরে স্থর ধরল, সেই ভিতর থেকে যা বের হল তাই রবীক্রসংগীত। রবীক্রসংগীতের মহত্বই এথানে। রবিকা'র ভিতরে স্থর স্বতঃস্কৃতভাবে ফুটে উঠল। স্থরের যে গভীরতম দিক, তা মনের ভিতরে প্রবেশ করে যা প্রকাশ হল, তাতে আমাদের সবার প্রাণ কাঁদিয়ে দিয়ে গেল।



নাচঘরের আবহাওয়া

পুজার দালান উঠান এবং নাচ্যর এই ছিল আগেকার আমাদের বাড়ির হিদেব— পুজোবাড়ির সঙ্গে নাটমন্দির এবং বসতবাড়ির সঙ্গে নাচ্যরের যোগাযোগ। এখনকার নাচ্যর পুজো এবং বসবাসের থেকে পৃথক হরে গিয়ে ছয়ের বার একটা এমন জিনিদ হয়ে উঠেছে যাকে আমাদের প্রভিদিনের জীবনযাত্রার অংশ করে নিতে গেলে মূশকিল বাধে। আগে বিয়ের বাশি বাজনের সঙ্গে নাচ্যরের দরজা খূলত, ঝাড় লগুনে বাতি জলত, নটার পায়ের ন্পুর ভাল রাখত— ঘরে যে-উৎসব সদর-অন্দর জুড়ে হচ্ছে তারি ছন্দে-ছন্দে। পার্বগের দিনে পুজোবাড়ির উঠোন-জোড়া আসরে যাত্রা নানা দেবচরিত্র মানবচরিত্র নিয়ে যে হত ভার সঙ্গে বাড়ির যারা এবং বাইরের যারা, বড়ো যারা, হোটো যারা, ধনী যারা, গরিব যারা— সবার যোগ সহজ হয়ে যেত আপনা হতেই।

বাংলার থিয়েটার এ স্থান অধিকার করতে পারলে না কেন, তার কারণ আর-কিছুই নয়। থিয়েটার জিনিসটা আমাদের নিজস্ব নয়। ওটার স্বষ্ট হয়েছে যে দেশে দে দেশের ওঠা-বসা চালচোল সম্পূর্ণ আমাদের থেকে বিভিন্ন। থিয়েটারের বাড়িগুলো নজর করে দেখলেই এটা বোঝা যায়। শীত-দেশের রঙ্গালয় চারিদিকে ঘেরা-ঘোরা ধথাস্ত্তব বায়ু চলাচলের পথ বন্ধ করে সাঁথা আর আমাদের নাচঘর নাটবাড়ি— সেখানে দক্ষিণ-বাতাসের অবাধ পতিবিধি; আকাশের নীল চন্দ্রাতপ্ তারি তলায় আমাদের উৎসবের অস্বন নির্দিষ্ট ছিল। বাংলার রদালয়ের দরকার পড়তেই বাঙালি সেটা নির্বিচারে প্রহণ করলে ইউরোপ থেকে, দেশের হাওয়ার উপযোগী করে নেবার চেষ্টাও করল না সেটাকে। আমাদের প্রায় সব রঙ্গালয়ই দক্ষিণ-মুখো কিন্তু দক্ষিণ হাওয়া বইবার পথ দেখি সব কটাতেই বন্ধ। এই অন্ধক্রপের মধ্যে নটনটা দর্শক প্রদর্শক মায় নাট্যকথা অল্লে-অল্লে দম আটকে মর্ভে চলেছে এটা দেখতে পাছি। কাজেই রঙ্গমঞ্চে রজালয়ে যে দ্যিত হাওয়া, তার থেকে দ্বে থাকাই প্রেয়— এ কথা আমার দেবতা আমায় উপদেশ দিছেন। কিন্তু যদি রঙ্গালয় স্থলা ঠিকমত হত অর্থাৎ এদেশের উপযোগী হত, যদি বাতান বইত

স্থানর, নাচ হত স্থানর, তবে দেবতা হয়তো অন্তর্গ্রুম উপদেশ দিতেন। আদল কথা হচ্ছে যে আটি আমাদের জীবনধাত্রার দক্ষে সন্ধান ভালে চলল না— দে কাজে এল না কারো! মদের নেশার মতো থিয়েটার-বায়োস্কোপের নেশা পেয়ে বদে অনেক লোককেই, কেননা রন্ধ্যকটা থানিকটা দ্র থেকে লোভ দেখায়। রন্ধপীঠ একটা মায়াপুরীর মতো দ্রে থেকে মনটাকে টানে— এই হল থিয়েটারে যাবার প্রান্থভাবের কারণ এবং যাত্রার আদরের তিরোভাবের কারণ।

বাংলা থিয়েটারের এক টুকরো

নাচণর বাংলায় অনেকদিন খোলা হয়েছে, কিন্তু বাংলার নাচণরের ইতিহাদে স্থানে স্থানে এখনো ভূল দেখা যায়। কেননা ইতিহাদ লিথছে প্রায় একালের লোক, দেকালের নাচধরের সঙ্গে থাদের সম্পর্ক ছিল তাঁদের কোথা ইতিহাদ নেই বললেই হয়।

বাংলায় নাচঘরের ইতিহাদ পড়ে মনে করি যে নাচঘরটা থাকে বলি stage— বুঝি হঠাৎ ইউরোপ থেকে এদেশের বুকে এসে মন্দার পাহাড়ের মতো মুপ করে পড়েছে। এ ধারণা সম্পূর্ণ ভুল। নাচঘরের একটা আদি যুগ আছে, যথন পুজোবাড়ির উঠান থেকে যাত্রা বাবুদের বৈঠকথানার নাচঘরে হান পেয়ে কতকটা থিয়েটারি রকম-সকম ধরতে চলেছে। এই সময়ের ইতিহাদ একট্থানি নিয়লিখিত পত্রাংশ থেকে পাওয়া যাছে। পত্রথানি শ্রাছের শ্রীযুক্ত জ্যোভিরিন্দ্রনাধ ঠাকুর সম্প্রতি রাঁচি থেকে পাঠিয়েছেন—

"আবার জোড়াসাঁকোর অভিনর-আদি নির্দোষ আমোদপ্রমোদ আরন্ত
হয়েছে শুনে থুদি হলুম। আমাদের সেকালের কথা মনে পড়ে। আমাদের
পালা ফুরিয়েছে, এখন আমাদের নাতিনাতনীদের পালা। আমাদের
জোড়াসাঁকোর হল-ঘরটা ঐতিহাদিক হয়ে দাঁড়িয়েছে। ওই ঘয়ে আমাদের
তিন পুরুষ অভিনয় করে আদছে। প্রথমে আমাদের কাকাদের আমল।
তখন মেজো কাকামশায়ের (গিরীন্তনাথ ঠাকুর) রচিত 'বাব্বিলাসের'
যাত্রা ওই ঘয়ে হয়। আমার বয়স তখন ৪।৫ বংসর হবে। আমার বেশ
মনে পড়ে— হল-ঘয়ে জাজিম পাডা, একটা গদির উপর গিদা ঠেদান
দিয়ে মেজো কাকা বসেছেন, তাঁর সম্মুখে অভিনয় হছে। ঘয়ের শেয়
প্রান্তে একটা পদা ফেলা, তার পরের ঘয়টা (দিপুর ঘয়) সাজ্যর।
আমার ভেলেরা সব উকি মেয়ে দেখতুম।

"হল-ঘরের প্রথম দরজার সম্মুখে "বাবৃ" একটা চৌকিতে উপবিষ্ট— তাঁর পিছনে ঈশ্বরবাব্ (ঈশ্বরচন্দ্র মুখোপাধ্যায়) হরকরার সাজে দাঁড়িয়ে। দীস্ত ঘোষাল "বাবৃ" সাজত, আর নবীনবাব্ (নবীনচন্দ্র মুখোপাধ্যায়) দরোয়ান সাজতেন। অনেক সং আসত। একটা সং আমার মনে আছে। অমৃতলালের বাবা রামলাল গালুলি পেট ফুলিয়ে মৃথে চুন মেথে পিছনে ময়রপুচ্ছ লাগিয়ে নৃত্য করছেন! তথন বে গানটা হত তার একটা টুকরো মনে আছে—'মৃথে তার আঁকা জোথা পিছনে ময়রের পাথা!' তারপর আমাদের আমল। হাঁ, হেমদার সামনে অভিনয় করতে হবে মনে করে আমার যেন মাথা কাটা ষাচ্ছিল, শেষে তোমার অম্রোধে উপরোধে সকলেই আদরে নাবলেন— সে এক অসাধ্য সাধনা! এখন আমার নাতিনাতনীরা এই মরেই আবার অভিনয় করছে। ইতি—"

সেকালে হল-ঘরের পশ্চিম দিকটায় দেউছ বাঁধা হয়েছিল, একালে সেদিন আমরা দেউছটা প্রদিকে বেঁধেছিলেম— আমরা বলতে একমাত্র আমি, বাকি সব নাতিনাতনীর দল। আমাকে সবাই মিলে 'অরসিকের স্বর্গপ্রাপ্তি'তে বেরদিকের সং দিতে নামিয়েছিল—'মুখে চুণ কালি এবং টেল কোট' সেকালের ময়রপুচ্ছের প্রায় নিকট-আত্মীয় হয়ে দাঁড়ালেম, কিন্তু সেকালের লপে বিবম তফাত ছিল দেদিন দর্শকমগুলীর মধ্যে— আগে কেবল আমার দাদামশাই পুরুষমহলেই ধাত্রা দিতেন, আমি ছেলে-মেয়ে পুরুষ-য়ী, সব একসঙ্গে বিদয়ে সং দিয়েছি।

এবারে এই পর্যন্ত।

গ্রন্থ পরিচয়

Polity

আপন কথা

'আপন কথা' প্রথম গ্রন্থারে প্রকাশিত হয় ১৩৫০ সালের আঘাঢ় মাদে। প্রকাশ করেন দিগনেট প্রেদ। 'ঘরোয়া' বা 'জোড়ার্সাকোর ধারে'র পরে প্রকাশিত হলেও এর রচনা অনেক পূর্ববর্তী কালের। তাই রচনাবলীর বর্তমান খণ্ডে 'আপন কথা' প্রথমে দ্রিবিষ্ট হল।

গ্রন্থ করে আনে 'আপন কথা'র অন্তর্গত অধিকাংশ রচনা বিভিন্ন সাময়িক পরে মুদ্রিত হয়। কোন্ রচনা কোন্ পরিকায় ছাপা হয়েছিল, ভার একটি ভালিক। নীচে দেওয়া হল:

পদাদাসী	বঙ্গবাণী। ফাস্তুন ১৩৩৩	চিহ্ৰা। পৌষ ১৩০৫
শাইক্লো ন	বঙ্গবাণী। বৈশাথ ১৩০৪	চিত্রা। মাঘ ১৩৩৫
উত্তরের ঘর	वश्रवांगी। रेक्षाष्ठं ১७ ० ८	চিত্রা। ফান্তুন ১৩৩৫
এ-আমল দে-আমল	বঙ্গবাণী। আধাঢ় ১৩৩৪	চিত্রা। চৈত্র ১৩৩৫
এ-বাঞ্চি ও-বাড়ি	বঙ্গবাণী। প্রাবণ ১৩৩৪	চিত্রা। বৈশাথ ১৩৩৬
বারবাড়িতে	বঙ্গবাণী। ভাদ্র ১৩৩৪	চিত্রা। জ্যৈষ্ঠ :৩৩৬

পত্রিকায় প্রকাশকালে রচনাগুলির শিরোনাম সব সময়ে গ্রন্থের অন্থরণ নয়। শিরোনাম ছিল এইরকম:

হ**ন্দ** বাণী

গ্রন্থ

চিত্ৰা

পন্মদাসী	আপন কথা	আপন-কথা
		(शत्रागि)
সাইকোন	আপন কথা	আপন-কথা
	(সাইক্লোন)	শিল্লাচার্য অবনীক্রনাথের
		আত্মজীবনী
		(সাইজোন)
উত্তরের ঘর	আপন কথা	আপন-কথা
	(ঘর ঘর)	শিল্লাচার্য অবনীক্রনাথের
		F. C.

গ্ৰন্থ	বঙ্গবাণী	চিত্ৰা
এ-মামল দে-আমল	আপন কথা	আপন্-কথা
	এ-আমোল দে-আমোল)	শিল্লাচার্য অবনীক্রনাথের
		আত্ম জীবনী
		(এ-আমোল সে-আমোল)
এ-বাড়ি ও-বাড়ি	আপন কথা	আপন-কথা
	(এ-বাড়ি ও-বা ড়ি)	শিল্লাচার্য অবনীক্রনাথের
		আ ত্মজীব নী
		(এ-বাড়ি ও-বাড়ি)
বারবাড়িতে	আপন কথা	আপন-কথা
	(বারবাড়িতে)	শিল্লাচাৰ্য অবনীন্দ্ৰনাথের
		আত্মজীব নী

(বারবাড়িতে)

ল কলেজ ম্যাগাজিনে 'ব্যাপটাইজ' নামে অবনীন্দ্রনাথের একটি শ্বতিকথা মুদ্রিত হয় (জ. সংখোজন)। দেই রচনাটি 'আপন কথা'র অন্তর্গত 'অসমাপিকা'র পাঠাতার।

মৃত্রিত গ্রন্থের পাঠ এবং সাময়িক পত্তে প্রকাশিত পাঠ একেবারে অভিন্ন
নায়। 'বঙ্গবাণী'র পাঠ এবং 'চিত্রা'র পাঠের মধ্যেও অনেকাংশে ভিন্নতা
আছে। বর্তমান রচনাবলীতে মুদণকালে দিগনেট প্রেদের 'আপন কথা'কেই
প্রধানত অবলম্বন করা হল। সন্দেহস্থলে অহ্যাক্ত পাঠ এবং অবনীজ্ঞনাথের
নিজ্ঞস্ব পাওলিপি মিলিয়ে দেখা সম্ভব হয়েছে।

মূল পাণ্ডুলিপিতে একটি স্থচনাপত্র পাওয়া যায়। সিগনেট সংস্করণে এটি বজিত। রচনাবলীতে সেই স্থচনাপত্র ব্যবহার করা হল।

ঘরোয়া

'ঘরোয়া' প্রকাশিত হয় ১৩৪৮ সালের আধিন মাদে। প্রকাশ করেন বিশ্বভারতী।

'অবনীপ্রনাথের কাছে গরছেলে অনেক মূল্যবান কাহিনী ও কথা' শুনে-ছিলেন শ্রীমতী রানী চন্দ। দেই-দব কাহিনীরই লিখিত রূপ 'বরোয়া'। অবনীস্ত্রনাথ এথানে কথক। লিপিকর শ্রীমতী রানী চন্দ। গ্রন্থস্থতনায় শ্রীমতী রানী চন্দ 'ঘরোয়া'-রচনার এই ইভিহাদ বিবৃত করেন:

গত পুলার ছুট্তে গুরুদেব যথন জোডাদাঁকোর বাড়িতে অহস্থ, আমরা অনেকেই দেখানে ছিল্ম তাঁর দেবাগুল্লার জ্ঞ। আন্তে আন্তে গুরুদেবের অবশ্বা যথন ভালোর দিকে যেতে লাগল দে সময়ে প্রায়ই অবনীক্রনাথ ঠাকুর মহাশ্য আমাদের নিয়ে নানা গল্লগুল্ল করে আদর জ্মাতেন। তাঁর গল্প বলার ভঙ্গী যে না দেখেছে, ভাষা যে না গুনেছে, দে তা ব্রাবে না; লিখে তা বোঝানো অসন্তব। কথায় কি ভঙ্গীতে কোন্টাতে রস বেশি বিচার করা দায়। নানা প্রসদে নানা গল্লের ভিতর দিয়ে অনেক মূল্যবান কথা, ঘটনা গুনতুম। হুঃখ হত, লিখতে জানিনে; তর্ও এ-সব অমূল্য কাহিনী কেউ জানবে না, নই হয়ে যাবে, এ সইত না— থাতার পাতায় অবদর-সময়ে লিখে রেখে দিতুম। আশা ছিল, একদিন একজন ভালো লিখিয়েকে দিয়ে এগুলো স্বার সামনে ধর্বার উপযোগী করা যাবে।

নভেদ্বরের শেষে গুরুদেবকে নিয়ে দলবল শান্তিনিকেতনে ফিরে এল।
আমাদের কয়েকজনের মধ্যে সময় ভাগ করা ছিল, যে যার সময়মত
গুরুদেবের কাছে থাকি, তাঁর দেবা করি। মাদ হয়েক বাদে গুরুদেব
অনেকটা হয় হয়ে উঠলেন— তথন প্রায়ই তিনি দক্ষিণের বারাদায় বদে
কবিতা লিখতেন। আমাদের বেশি কিছু করবার থাকত না।
কাছাকাছি বসে থাকতুম, সময়মত গুরুদ-পথ্য থাওয়াতুম। দে সময়ে
গুরুদেব আমাকে বলতেন, রানী, তুই একটু লেখার অভ্যেদ কর-না।
কিছু ভাবিদ নে— বেশ তো, যা হয় একটা-কিছু লিখে আন, আমি
দেখিয়ে দেব। এই রকম ত্-একবার লিখলেই দেখবি লেখাটা তোর
কাছে বেশ সহজ হয়ে আদবে। চুপচাপ বদে থাকিদ— আমার জল্ল কত
সময় তোদের নই হয়— আমার ভালো লাগে না।

একদিন তাঁকে বলনুম, 'নিজে লিখবার মডো কিছুই খুঁজে পাচ্ছি না, ও আমার হবে না। তবে একটা ইচ্ছে আছে — এবারে অবনীক্রনাথের কাছে গল্লচ্ছলে অনেক মূল্যবান কাহিনী ও কথা জনেছি, বা আমার মনে হয় পাঁচজনের জানা দ্রকার, বিশেষ করে শিলীদের। সেই লেখাগুলো যদি দেখিয়ে দেন কী ভাবে লিখতে হবে, তবে তাই দিয়ে লেখা শুরু করতে পারি।'

গুৰুদেব আমাকে খ্ব উৎদাহ দিলেন; বললেন, 'তুই আজই আমাকে এনে দেখা কী লিখে রেখেছিদ।'

ছপুরে আমার সেই লেগাগুলোই আর-একটু গুছিয়ে লিথে গুলদেবের কাছে গেলুম। ছপুরের বিশ্রামের পর কোচে উঠে বদেছেন; বললেন, 'কই, এনেছিন? দেখি।' লেগাগুলো হাতে দিলুম, তিনি আগাগোড়া এক নিখাদে পড়লেন। বললেন, 'এ অতি হৃদ্দর হয়েছে। অবন কথা কইছে, আমি যেন গুনতে পাছি। কথার একটানা শ্রোত বয়ে চলেছে—এতে হাত দেবার ভাষগা নেই, যেমন আছে তেমনিই থাক।'

পরে তাঁর ইচ্ছারুষায়ী 'প্রবাদী'তে দেটি ছাপা হয়। ১

গুরুদেব খুব খুশি। আমাকে প্রায়ই বলতেন, 'অবন বসে লিখবার ছেলে নয়, আর কোমর বেঁধে লিখলে এমন সহজ বাণী পাওয়া যাবে না। তুই যত পারিস ৬র কাছ থেকে আদায় করে নে।'

জ্নের শেষ দিকে একবার গুরুদেব আমাকে কিছুদিনের জন্ত কলকাতায় পাঠান গল্প সংগ্রহ করার কাজে। সে সময়ে গুরুদেবের গল্প বা কবিতা লেথার কাজ আমরা যারা কাছাকাছি থাকতুম, আমরাই করতুম। আঙুলে কী রকম একটা ব্যথা হয়, উনি লিথতে পারতেন না, কট হত। ম্থে ম্থে বলে থেতেন, আমরা লিথে নিতুম। তাই সে সময়ে কলকাতায় যাবার আমার ইচ্ছা ছিল না। অথচ গুরুদেব গল্প জনতে চাইছেন— সেও একটা কাজ। কী করি। গুরুদেব বললেন, 'তুই ভাবিদ নে, ভোর জায়গা কেউ নিতে পারবে না— এই মুখ বন্ধ করল্ম, আর মুখ খুলব তুই দিরে এলে।' বলে হেসে মুথে আঙুল চাগা দিলেন।

কলকাতাম এলুম— জোড়াসাঁকোর বাড়িতেই থাকি। অবনীক্রনাথও

১ 'প্রবাদী'তে মুক্তিত হচনাটি বস্তুত 'ভোড়াসাঁকোর ধারে' প্রছের আর্থা, এর সপ্তরণ অধ্যার।
'আমার ছবি ও বই লিখতে শেধা এবং আমার মাষ্টারী' বিবাদামে লেখাট ছাপা হয়েছিল
১০৪৮ সালের বৈশাধ মাদে।

অপ্রপক্ষে, 'হরোরা'র অল কিছু অংশ (একাছণ অধ্যয়) 'রবিকাকার গান', নামে ছাপা হয় ১৩৪৮ সালের আঘাচু মানে, 'কবিতা' পত্রিকায়, ঈষং ভিন্ন পাঠে ৷

খুব খুণি, রবিকাকা গল্প জনতে চেল্লেছেন, ছু-বেলা এ বাড়িতে এদে গল্প বলে যান। নে কী আগ্রহ উার। বললেন, 'যত পার নিয়ে নাও; সময় আমারও বড়ো কম। কে জানত রবিকাকা আমার এই-সব গল্প ভনে এত খুণি হবেন।' বলতে বলতে তার চোধ ছল্ছল করে উঠত।

বেশি দিন গুলদেবকে ছেড়ে থাকতে মন কেমন করছিল। দিন শাতেকে অনেকগুলো গল সংগ্রহ করে ফিরে এলুম শান্তিনিকেতনে। আদবার সময় অবনীজনাথ বললেন, 'খাও এবারকার মতো এই গল্পজনো নিয়েই। গিয়ে শোনাও রবিকাকাকে। ওঁর অক্স শরীরে বেশি উৎসাহ আনন্দ দিতেও ভয় হয়— এই বুঝে লেখা ওঁকে শুনিয়ো। এই গল্পজনো শুনে রোগশখাায় যদি উনি মুহুর্তের জন্মও খুশি হন, সেই হবে আমার শ্রেষ্ঠ পুরস্কার।'

ফিরে এসে যথন গুরুদেবকে প্রণাম করতে গেলুম, প্রথমেই হাত বাড়িয়ে বলনেন, 'এবারে কী এনেছিদ দেখি।' সবস্তলো লেখা একসঙ্গে দিলুম না, অংশনী মুগের গল্পটি দিলুম। তথনি পড়জেন— পড়বার সময়ে দেখেছি তাঁর মুখ-চোখের ভাব, সে এক অপূর্ব দুশু। মনে হচ্ছিল পড়তে পড়তে সে যুগে চলে গেছেন। সে-সময়কার নিজেকে যেন স্পটরূপে দেখতে পাচ্ছিলেন। কখনো বললেন 'অবন এতও মনে রেখেছে কী করে।' কখনো-বা সহিদদের রাখী পরানোর দৃশ্য চোখের সামনে ভেসে উঠতে হো হো করে হেসে উঠেছেন— 'কী কাগু সব করেছি তখন।' কথনো-বা মুখ গপ্তীর হয়ে উঠত; বলতেন 'ঠিকই বলেছে অবন, আমার মতের সঙ্গের ঘিলত না— আমার মত ছিল ও বিষয়ে সম্পূর্ণ আলাদা।'

দেদিনের মতো দেই গল্লটি ওঁকে পড়তে দিয়ে অন্তগুলি ওঁর পাশে রেথে দিলুম— রোজ একটি ছটি করে পড়তেন। কী খুশি যে হয়েছিলেন সে যুগের কর্মী রবীন্দ্রনাথকে দেখতে পেয়ে। কয়দিন অবধি দেখতুম যেন দেই-দব অপ্রেই মগ্র হয়ে আছেন। দবার দক্ষে দেই-দব গল্লই করতেন। বলতেন, 'এক-একটা মুগের এক-একটা মনোরুজি ধরা পড়ে। তখন দেই অদেশী যুগে চার দিকে কী একটা উন্মন্ততা, বলতেকের আন্দোলন। পি. এন. বোদ বলতেন, রবিবাবু, এ যে হল, হয়ে গেল। অর্থাৎ দেশ-উদ্ধার হয়ে

গেল। আমি বলতুম, হল বৈকি। তার পর গেল দেই যুগ, গেল দেই উম্মন্ততা। দিরিয়াদ হয়ে গেলুম। এখানে চলে এলুম; থোড়ো ঘর, গহনাপত্র নেই, গরিবের মতে। বাদ করতে লাগলুম।

'কী স্থন্দর অবন দেকালের-আমাকে তুলে ধরেছে। আমি কী ছিলুম। স্বাই ভাবে আমি চিরকাল বাব্য়ানি করেই কাটিয়েছি, পায়ের উপর পা তুলে দিয়ে। কিন্তু কিসের ভিত্তর দিয়ে বে আমাকে আসতে হয়েছে, এ লেখাগুলোতে তা স্পষ্টরূপে ধরা পড়েছে। এটা তুই একটা ধ্ব বড়ো কাজ করেছিন। আমার এত ভালো লাগছে, সব যেন চোথের উপরে ভাসছে। অবনরা স্বাই আমার সঙ্গে কাজ করেছে— ভয়ে কেউ পিছিয়ে বায় নি। তুদের মধ্যে গগন ছিল খুব সাহনী।

'আমি কগনো কারো স্বাধীনতার উপরে হস্তক্ষেপ করতে চাই নি।
স্থামি বলতুম, বিলিতি জিনিদ যে চায় কিস্কুক, স্থামাদের উদ্ধেশ তাদের
ব্রিয়ে দেওয়া। দেথতুম তো তথন দেশী স্থতোয় কাপড় তালো হত না।
স্থামিও করিয়েছিল্ম কাপড়, দেশী স্থতো আনিয়ে। তা, কেউ যদি
বিলিতি কাপড় পরতে চায় বাধা দেব কেন। স্থামাদের কাল ছিল
লোকের স্বাধীনতায় বাধানা দিয়ে দেশের ভালোমন্দ অবস্থা ব্রিয়ে দেওয়া,
লোকের প্রাণে দেটি চুকিয়ে দেওয়া। তাই, যথন বিপিন পালরা বিলিতি
জিনিদ বয়কট করতে বললেন, স্থামি স্পইই বললুম স্থামি ওতে নেই।

'কী কাছ করত্ম তথন, পরিশ্রমের অন্ত ছিল না। রাত একটার সময়ে হয়তো বিপিন পাল এনে উপস্থিত— অমুক ভায়গায় পুলিদ অত্যাচার করছে। স্বরেনদের পাঠিয়ে দিতুম। আমার ৬ই আর একটি ছিল স্বরেন, দে তো চলে পেল। ৩কে আমিই মাহ্য করেছিলুম, নির্ভন্ন করেছিলুম। বেপরোয়া হয়ে চলতে শিখেছিল।

'তথন, ভাবতে আদর্য লাগে, কী নিঃশক্ষ বেপরোয়া ভাবে কাজ করেছি। যা মাথায় চুকেছে করে গেছি—কোনো ভয়-ভর ছিল না। আদর্য রূপ দিয়েছে, ছবির পর ছবি ফুটিয়ে গেছে অবন। দে একটা যুগ, আর ভাদের রবিকাকা ভার মধ্যে ভাসমান। আজ অবনের গল্পে দে কালটা যেন সজীব প্রাণবস্ত হয়ে ফুটে উঠল। আবার দে যুগে ফিরে গিয়ে নিজেকে দেখতে পাছি। ভইখানেই পরিপূর্ণ আমি। পরিপূর্ণ আমাকে লোকেরা চেনে না— ভারা আমাকে নানা দিক থেকে ছিল-বিচ্ছিন্ন করে দেখেছে। তথন খেঁচে ছিলুন— আর এখন আধমরা হয়ে ঘটে এনে পৌচেছি।

কথনে-বা তাঁর মা'র গল্প পড়তে পড়তে বলতেন, 'মাকে আমরা জানি নি, তাঁকে পাই নি কথনো। তিনি থাকতেন তাঁর ঘরে তক্তাপোশে বদে, খুড়ির দক্ষে ভাদ খেলতেন। আমরা যদি দৈবাং গিয়ে পড়তুম দেখানে, চাকররা তাড়াভাড়ি আমাদের দরিয়ে আনত— যেন আমরা একটা উৎপাত। মা যে কী জিনিদ তা জানন্ম কই আর। তাই তো তিনি আমার সাহিত্যে স্থান পেলেন না। আমার বড়দিবিই আমাকে মান্ত্য করেছেন। তিনি আমাকে খুব ভালোবাদতেন। মার ঝোঁক ছিল জ্যোতিদা আর বড়দার উপরেই। আমি তো তাঁর কালো ছেলে। বড়দির কাছে কিন্তু দেই কালো ছেলেই ছিল সব চেয়ে ভালো। তিনি বলতেন, ষা'ই বলো, রবির মতো কেউ না। বড়দিবির হাত থেকে আমাকে হাতে নিলেন নতুন-বউঠান।' এই বলতে বলতে গুক্দদেবের চোখ সজল হয়ে আদত।

সেবারে যথন জোড়াসাঁকোর বাড়িতে ছিল্ম, আর ছ্-বেলা গল্প জনতুম, তথন রোজই অবনীস্ত্রনাথ ভোর ছটায় এ বাড়িতে চলে আসতেন। দশটা সাড়ে-দশটা অবধি নানারকম গল্প জলব হত। একদিন সকালে ওঁর আসতে দেরি হচ্ছে দেথে ভাবলুম বৃঝি-বা শরীর থারাপ হয়েছে। ও বাড়িতে গিয়ে দেথি ভিনি বাগানের এক কোণে কী যেন খুঁছে বেড়াছেন। আমাকে দেথে বললেন, 'না, ও আর পাওয়া যাবে না, একেবারে গর্জে পালিয়েছে।' আমার একটু অবাক লাগল; বললুম, 'কী খুঁছছেন আপনি?' তিনি বললেন, 'একটা ইত্বর, জ্যান্ত হয়ে আমার হাত থেকে লাফিয়ে কোথায় যে পালালো। ও ঠিক গর্জে চুকে বদে আছে। কালবিকেলে একটা ইত্বর করলুম, কাঠের, এই এত টুফু, বেড়ে ইত্বটি হয়েছিল, কেবল লেজটুকু জুড়ে দেওয়া বাকি। ভাবলুম এটা শেষ করেই আজ উঠব। সম্বে হয়ে এসেছে, ভালো দেখতে পাছিলুম না— চোকিটা বারান্দার রেলিঙ্কের পাণে টেনে নিয়ে ওই বেটুকু আলো পাছি ভাইতেই কোনোরকমে ভারের একটি লেজ বেই মা ইত্বের সপে জুড়ে দিয়ে একটু

মোচড় দিয়েছি— টক্ করে হাত থেকে লেজ-সমেত ইছুরটি লাফিয়ে পড়ল। কোথায় গেল, এ দিকে খুঁজি, ও দিকে খুঁজি। বাদশাকে বলন্ম, আলোটা আন্তো, একটু খুঁজে দেখি কোথায় পালালো। না, সে কোথাও নেই। রাত্রে ভালো ঘুম হল না—ভোর হতে না হতেই উঠে পড়ল্ম; ভাবন্ম, যদি নীচে বাগানে পড়ে দিয়ে থাকে। দেখি সেখানে যত পোড়া বিড়ি আর দেশলাইয়ের কাঠি ছড়ানো। চাকররা খেয়ে খেয়ে ফেলেছে। কিন্তু আমার ইছুরের আর মন্ধান মিলল না। ও জ্যাস্ত হয়ে একেবারে গতে চুকে বদে মন্ধা দেখছে। কী আর করা যাবে, চলো যাই, এবারে ভা হলে আমাদের গল্ল শুকু করি গিয়ে।

কিন্ত ওই অতটুকু তারের লেজের কাঠের ইরুর ওঁকে তিনদিন সমানে বাগানের আনাচে-কানাচে ঘুরিয়েছে। উপরে উঠতে নামতে একবার করে থানিকক্ষণ দোতলার বারান্দার ঠিক নীচের বাগানের থানিকটা জায়গা ঘূরে ঘুরে থুঁজতেন; বলতেন, 'দাড়া, একবার ঘুরে দেথে যাই, যদি মিলে যায়।'

এই গল্পটি ৰখন গুরুদেবকে বললুম, গুরুদেবের দে কী হো হো করে হাদি— বললেন, 'অবন চিরকালের পাগলা।'

সে হাসিতে ক্ষেত্র যেন শতধারায় করে পড়ল।

গুদ্দেব বসতেন, 'গুবনের খেলনাগুলো ছ-ভিনন্ধন করে না দেখিয়ে একটা পাবলিক এক্জিবিশন করতে বলিস। খুব ভালো হবে। স্বাই দেখুক, অনেক কিছু শিথবার আছে। লোকের স্প্টেশক্তির ধারা কভ প্রকারে প্রবাহিত হয় দেখু। ছবি আঁকড, ভার পরে এটা থেকে ওটা থেকে এখন খেলনা করতে গুক্ক করেছে, তবুও থামতে পারছে না— আমার লেখার মতো। না, সভািই অবনের স্থনী শক্তি অভুত। ভবে ওর চেয়ে আমার একটা ভাষগায় প্রেটভা বেশি, ভাহছে আমার গান। অবন আর ষাই কক্ক, গান গাইতে পারে না। সেখানে ওকে হার মানভেই হবে।' এই বলে হাসতে লাগলেন।

গুরুদেব নিজে এই লেথাগুলো বই আকারে বের করবার জন্ত ছাপতে দিলেন। তাতে আরো কিছু গল্পের প্রয়োজন হয়। জুলাইয়ের মাঝামাঝি আবার কিছুদিনের জন্ত কলকাতায় আদি। আদবার সময় শুদ্ধদেবকে প্রণাম করতে গেছি — তথম অপারেশন হবে কথাবার্তা চলছে;
শুক্ষদেব কোচে বংদ ছিলেন, কেমন ধেন বিষয়ভাব। প্রণাম করে উঠতে
তিনি আমার প্রিঠে হাত বুলিয়ে দিতে দিতে ধীরে ধীরে বললেন, 'অবনকে
গিষ্ণে বলিদ, আমি খুব খুশি হয়েছি। আমার জীবনের সব বিল্পা ঘটনা
যে অবনের মুখ থেকে এমন করে ফুটে উঠবে, এমন স্পষ্ট রূপ নেবে,
তা কথনো মনে করি নি। অবনের মুখ থেকে আছে দেশের লোক
ভাল্লক তার রবিকাকাকে।'

অবনী জ্রনাথের সত্তর বছরের জ্ঞাদিনে দেশের লোক চুপ করে থা দবে এটা গুরুদেবকে বড়োই বিচলিত করেছিল। তিনি আশে-পাশের সবাইকে দেটা বলতেন। ১২ই জ্লাইও তিনি বলেছেন, 'আমি অবনের জ্ঞা চিন্তা করেছি। এটা অবজ্ঞা করে দেলে রাথা ঠিক হবে না। সময় নেই, একটা-কিছু বিশেষ ভাবে করা দরকার।' এবারে কলকাতায় এদেও তিনি স্বাইকে বলছেন, 'অবন কিছু চায় না, জীবনে চায় নি কিছু। কিন্তু এই একটা লোক বে শিল্লজগতে যুগপ্রবর্তন করেছে, দেশের স্ব ক্টি বললে দিয়েছে! সম্ভ দেশ যথন নিক্দ্ন ছিল, এই অবন তার হাওয়া বদলে দিলে। ভাই বলছি, আজকের দিনে এঁকে ফ্লিবাদ দাও তবে স্বই রুথ।'

অবনীক্রনাথের জয়দিনে উৎদব করা নিয়ে তাঁর নিজের ঘোরতর আপতি। এ বিষয়ে কেউ তাঁর কাছে কিছু বলতে গেলে ভাড়া থেয়ে ফিরে আসেন। সেবারে যথন কলকাতায় আসি গুরুলের আমাকে বলেছিলেন, 'তুই নাহয় আমার নাম করেই অবনকে বলিদ।' কিছ আমারও কেমন ভয়-ভয় করল। কারণ, একদিন দেখলুম, ননদা এ বিষয়ে অবনীক্রনাথকে বলতে এসে একবার বলবার জয়্ম এগিয়ে যান, আবার সরে আসেন, এদিক-ওদিক ঘোরাফেরা করেন। শেষ পর্যন্ত কিছু বলতে পারলেন না— অবনীক্রনাথ একমনে পুতুলই গড়ে চললেন, তাঁর ও দিকে বেয়ালই নেই। তাই এবারে যথন গুরুলেন কাকাতায় এসে জিজ্জেদ করলেন, 'অবনের জ্লোছম্বরের কভদ্র কী এগোল', স্থযোগ বুবো নালিশ করলুম। গুরুদেব অবনীক্রনাথকে থুব ব্যক্ত দিলেন, মা যেমন ছয়্টু ছেলেকে দেয়। বললেন, 'অবন, তোমার

এতে আপতির মানে কী। দেশের লোক যদি চায় কিছু করতে ভোমার তো তাতে হাত নেই।' অবনীক্রনাথ আর কী করেন, ছোটো ছেলেকর্নি থেলে তার বেমন মুথখানি হয়, অবনীক্রনাথের তেমনি মুথের ভারথানা হয়ে গেল। বললেন, 'ভা আদেশ যথন করেছ, মালাচন্দনা পরব, ফোটানাটা কাটব, তবে কোথাও যেতে পারব না কিছ।' এই বলেই তিনি গুরুদেবকে প্রণাম করে পঢ়ি কি মিরি সেই ঘর থেকে পালালেন। গুরুদেব হেদে উঠলেন; বললেন, 'পাগলা বেগতিক দেখে পালালা।'

আদি বছরের খুড়ো সত্তর বছরের ভাইপোকে যে 'পাগলা' বলে হেনে-উঠলেন, এ জিনিস বর্ণনা করে বোঝাবে কে।

এই গল্পপ্রলা গুরুদেবের কাছে এত মান পাবে তা অবনীক্রনাথ ও ভাবেন নি কথনো। গুরুদেবের ইচ্ছাহ্বায়ী বই ছাণা শেষ হয়ে এল, কিছু কয়টা দিনের জন্ত তাঁর হাতে তুলে দিতে পারল্ম না। আজ এ বই হাতে নিয়ে তাঁকে বার বার প্রণাম কয়ছি, আর প্রণাম কয়ছি অবনীক্রনাথকে, যিনি গল্পভ্লে আমার ভিতর এই রসের ধারা বইয়ে দিলেন।

'শিল্পীওক অবনীন্দ্রনাগ' গ্রন্থে (বিশ্বভারতী, বৈশাথ ১৩৭৯) এই প্রদক্ষে ইমতী রানী চন্দ আরো লেথেন:

একটানা বেশিক্ষণ পড়তে কষ্ট হয় গুরুদেবের। রোজ কিছুটা করে পড়েন। পড়ার পরে লেখাগুলো তলে রাখি, পরন্ধিন আবার তাঁকে নিই।

ষেদিন স্বটা পড়া হয়ে গেল— উঠে এগিয়ে এলাম, কাগজগুলো সরিয়ে নেব— গুরুদেব কোলের উপর রাণা লেখাগুলোর উপর বাঁ হাত-থানি চাপা দিয়ে রইলেন।

আমি চুপ করে দাঁড়িয়ে রইলাম। বললেন, রথীকে ডাকো।

রখীলাকে ডেকে আনলাম। রখীলা গুরুদেবের কৌচের পিছনে এসে
দাঁড়ালেন। গুরুদেব ব্রতে পারলেন। সেইভাবে বসেই লেখার
কাগভগুলো হাতে নিয়ে ঘাড়ের পাশ দিয়ে পিছন দিকে তুলে ধরলেন।
বললেন, প্রেসে দাও।

রণীশা লেখাগুলো নিয়ে চলে গেলেন। এই হলো 'ঘরোয়া' বইখানার জন্মকথা।

রবীক্রনাথ 'ঘরোয়া'র অক্ত ছোটো একটি ভূমিকা লিথে দেন। ভূমিকায় বিভিনি লেখেন:

আমার জীবনের প্রান্তভাগে ষথন মনে করি সমন্ত দেশের হয়ে কাকে বিশেষ দল্লান দেওয়া যেতে পারে তথন সর্বাগ্রে মনে পড়ে অবনীন্দ্রনাথের নাম। তিনি দেশকে উদ্ধার করেছেন আত্মনিন্দা থেকে, আত্মগ্রানি থেকে তাকে নিন্ধৃতি দান করে তার সন্মানের পদবী উদ্ধার করেছেন। তাকে বিশ্বজনের আত্ম-উপলব্ধিতে সমান অধিকার দিয়েছেন। আজ সমন্ত ভারতে যুগান্তরের অবতারণা হয়েছে চিত্রকলায় আত্ম-উপলব্ধিত। সমত ভারতবর্ধ আজ তাঁর কাছ থেকে শিক্ষাদান গ্রহণ করেছে। বাংলাদেশের এই অহংকারের পদ তাঁরই কল্যাণে দেশে সর্বোচ্চ হান গ্রহণ করেছে। এঁকে যদি আজ দেশলন্দ্রী বরণ করে না নেম, আজও যদি সে উদাসীন থাকে, বিদেশী থ্যাতিমানদের জয়বোবণায় আত্মাব্যান স্থীকার করে নেম, তবে এই যুগের চরম কর্তব্য থেকে বাঙালী এই হবে। তাই আজ আমি তাঁকে বাংলাদেশে সরস্বতীর বরপুত্রের আদনে সর্বাহ্য আহ্বান করি।

শান্তিনিকেতন ১৩ জলাই ১৯৪১

রবীজনাথ ঠাকুর

'থয়োগ্য'র পাঙ্লিপি পড়ে রবীন্দ্রনাথ অবনীন্দ্রনাথকে লিখেছিলেন : অবন.

কী চমৎকার— তোমার বিবরণ শুনতে শুনতে আমার মনের মধ্যে মরা গাঙে বান ডেকে উঠল। বোধ হয় আছকের দিনে আর দিতীয় কোনো লোক নেই যার শ্বতি-চিত্রশালায় দেদিনকার যুগ এমন প্রতিভাব আলোকে প্রাণে প্রদীপ্ত হয়ে দেখা দিতে পারে— এ তো ঐতিহাদিক পাতিত্য নয়, এ যে ক্ষ্টি— সাহিত্যে এ পরম হুর্লভা প্রাণের মধ্যে প্রাণ রক্ষিত হয়েছে— এমন স্থান্যে দিবাৎ ঘটে ২৭ জুন ১৯৪১। রবিকাকা

অ্বন,

এক দিন ছিল যথন জীবনের সকল বিভাগে প্রাণে পরিপূর্ব ছিল তোমাদের রবিকাকা। তোমরাই তাকে অন্তরহভাবে এবং বিচিত্র রূপে নানা অবস্থার দেখতে পেরেছ। তোমাদের সোনার কাঠি ছুইয়ে আজ তাকে যদি না জাগিয়ে তুলতে, তবে তার অনেকথানি দেশের মন থেকে লুগু হয়ে যেত। আজকে যথন দিনাস্তের শেষ আলোতে মৃথ ফিরিয়ে দেশ তার ছবি একবার দেখে নিতে চায়— তথন তোমার লেথনী তাকে পথ নির্দেশ করে দিলে— এ আমার সৌভাগ্য। যে দেশের জক্ত প্রাণ দিয়েছি— সে দেশে পূর্ব আদন থাকবে না— এই আশক্ষা আমি অফুশোচনার বিষয় বলে মনে করি নি। অনেক বারই তেবেছি আমি আজম নির্বান্তিত— এ আমি বারবার মনে মনে স্বীকার করে নিয়েছি। আজ তুমি হে ছবি থাড়া করেছ সে অতান্ত সত্য, অত্যন্ত সজীব। দীর্ঘকালের অবমাননা সে দূর করে দিয়েছে— সেই নিরস্তর লাঞ্ছনা ও মানির মধ্যে আজ হেন তুমি তার চার দিকে তোমার প্রতিভার মন্তরলে এক দ্বীপ থাড়া করে দিয়েছ। তার মধ্যে শেষ আগ্রন্থ পেনুম। ২০ জুন ১০৪১

তোমাদের রবিকাকা

জোড়াসাঁকোর ধারে

'দ্রোড়াসাঁকোর ধারে' প্রকাশিত হয় ১৩৫১ দালের কাতিক মাদে। প্রকাশ করেন বিশ্বভারতী।

এই গ্রন্থ, 'ঘরোয়া'র মতোই, শ্রুতিধরী শ্রীমতী রানী চন্দ -কর্তৃক লিপিগ্নত। শুচনার অবনীন্দ্রনাথ লিথেছেন, 'বত স্থথের স্মৃতি তত ছংথের স্মৃতি আমার মনের এই ছই তারে ঘা দিয়ে দিয়ে এই সব কথা আমার শ্রুতিধরী শ্রীমতী রানী চন্দ এই লেখার ধরে নিয়েছেন।…'

'শিল্পীগুৰু অবনীল্ৰনাথ' গ্ৰন্থে এই প্ৰদঙ্গে তীমতী বানী চন্দ লিথেছেন:

১ অবনীন্দ্রনাথের "ঘরোয়া", প্রবাদী, কার্তিক ১৩৪৮

কুট্ম-কাটাম আর ছবির ফাঁকে কাঁকে একটু একটু করে অবনীজনাথের কাছ হতে গল্ল. সংগ্রহ করছি। তবে এবারের গল্প আমাদের আগের মতো জমছে না মোটেই। কোথায় যেন হার কেটে গেছে। সেই শথ করে গল্প চেলে দেওয়া— মে আর হয় না। তাই তাঁর অজাস্তে যেটুক্ পেরেছি, গল্প ধরে রাথছি।

একদিন ভয়ে ভয়ে এনে কিছুটা গল্প পড়ে শোনালাম তাঁকে। তিনি চূপ করে রইলেন। পরের দিন খুব ভোরে নিজেই চলে এলেন কোণার্কে। তার চলায়-বদায় বিরক্তি-ভাব। বললেন, দেখো, যা লিখেছ ছি ডে-কুটে ফেলো। এখন আমার গল্প পড়বে কে ? যিনি পড়ে খুশি হতেন তিনি চলে গেছেন, বলে উঠে চলে গেলেন।

কিছুদিন পরে কী মনে হল, থোধ হয় আমার প্রতি অছক পা হল, বললেন একদিন, আছো থাক্ ওগুলো। চলতে থাকুক। দেখি কতটা যায়, দেই ব্রে ব্যবস্থা করা যাবে পরে।

এর পর হতে তাঁর মনের গতি বৃথে তাঁকে গর পড়ে শোনাই। এই-সব গল্পই পরে 'জোড়ানাঁকোর ধারে' নাম দিয়ে বই বের হয়। এই বইয়ে তাঁর বলা গল্প দিয়েই তাঁর জীবনের নানা ঘটনা, নানা ত্থস্থ, অনেকটা ধরে দেওয়া হয়েছে। এ বই তাঁরই জীবনকাহিনী বলতে পারা যায়।

সংযোজন

গ্রন্থভূক শতিকথা ছাড়াও অবনীস্ত্রনাথের আরো কিছু শতিভাবনা বিভিন্ন সাময়িক পত্রে ইতন্তত প্রকীর্ণ আছে। 'সংযোজন' অংশে সেই-সব লেথা থেকে অবনীস্ত্র-শ্বতিকথা সংকলন করা হল। কথনো মৃত্রিত হয় নি, এমন লেথাও গুহীত হয়েছে। নীচে রচনাগুলির উৎস নির্দেশ করা হল।

অবনীন্দ্রবার্র পত্র ভারতী। জৈঠ ১৩:৮
পুরাতন লেখা স্থরপা দেবী -রন্দিত থাতা থেকে
চিঠি ব্ধবার। ২৪ মাঘ ১৩২৯
হারানিধি অঞ্জলি (দেবসাহিত্য কুটির বার্ষিকী)।

বাাপটাইজ ভারতীর চবি আমাদের সেকালের পুজো আবহাওয়া শিশুদের রবীন্দ্রনাথ শিশুবিভাগ

শ্বতির পরশ বডো জাঠিমশায় ১

সভোজ জগদিন্দ্রনাথ স্মরণে স্বর্গত শ্রীমদ ওকাকুরা প্রলোকগত ঈ বী হ্যাভেল

নাচ্বরের আবহাওয়া বাংলা থিয়েটারের একটুকরে।

শিল্পী শ্ৰীমান নন্দলাল বস্থ

. লকলেজ মাাগাজিন। বৈশাথ ১৩৩৯ ভারতী। বৈশাগ ১৩২৩ শারদীয় আনন্দরাজার। ১৩৪৯ শ্রিবাবের চিঠি। আশ্বিন ১৩৪৮ রংমশাল। আ্যাচ ১৩৪৮ মৈত্তেয়ী দেবী সম্পাদিত 'পঁচিশে বৈশার্থ'। ১৩৫২

কলোল। আযাঢ় ১৩৩২ ভারতী। মাঘ ১৩৩২ প্রবামী। চৈত্র ১৩৪৬ ভারতী। প্রাবণ ১৩২৯ মানদী ও মর্মবাণী। ফাল্পন ১০০০ ·ভারতী। কাতিক ১৩২**০** প্রবাসী। পৌষ ১৩৪১ ভারতীয় চিত্রকলার প্রচারে রামানন্দ প্রবাদী। পৌষ ১৩৫০ বিচিত্রা। অগ্রহায়ণ ১৩৩৯ আমাদের পারিবারিক সংগীতচর্চ। গীতবিতান বারিকী। ১৩৫০ মাঘ নাচ্যর। ১ হৈছাই ১৩৩১ নাচঘর। ১৬ প্রাবশ ১৩৩১

গ্রন্থমধ্যে এই রচনাগুলির দরিবেশে কালাত্মক্রম রক্ষিত হয় নি। পরিবর্তে, ধারাবাহিক পাঠথোগ্যতা বজায় রাখার চেটা করা হল।



ব্য ক্তি প রি চ য়

Polity Land Control

দংক্ষেপে বা সম্পর্কনামে উল্লিখিত ব্যক্তিদের পরিচয়

অক্ষুবাব অক্ষু মজুমদার

অভি হেমেন্দ্রনাথ ঠাকুরের কক্তা অভিজ্ঞা দেবী

অভিজিৎ শ্রীমতী রানী চন্দের পুত্র অমিতা অজিতকুমার চক্রবর্তীর কয়া, অজিনেন্দ্রনাথ ঠাকুরের পত্নী

অমিয় অমিয় চক্রবর্তী

অমৃত বহু অমৃতলাল বহু

অরুণা অরুণেক্সনাথ ঠাকুর, দ্বিজেন্সনাথের পুত্র অনক অবনীক্সনাথের জ্যেষ্ঠ পুত্র অলোকেন্সনাথ

আচারি ধনকোট আচারি
আাণ্ডুজ চার্লস ফ্রিয়র আাণ্ডুজ
ঈশ্বরার্ ঈশ্বরচন্দ্র মুথোপাধ্যায়
উপেন্দ্রবার্ উপেন্দ্রবার

উভরফ স্থার জন উভরফ ঋতু শ্বতেজ্ঞনাথ ঠাকুর

ওকাকুরা জাপানী শিল্পী ও মনীধী কাকুৎসো

ওকাকুরা

কনক গগনেন্দ্রনাথের পুত্র কনকেন্দ্রনাথ

কণ্ডা, কণ্ডাদাদামশায়, কণ্ডামশায়,

কর্তামহারাজ মহর্ষি দেবেজ্ঞনাথ কর্তাদিদিমা সারদা দেবী

কাইজারলিঙ বিখ্যাত জার্মান মনীযী

काकीमा मुनालिमी दनवी

কার্পেনে আহের কার্পেনে, ফরাদী মহিলাশিল্পী

কালাটাল্যাবু কালাটাল মুখোপাখ্যায়

কিশোরী

কুম্দ চৌধুরী কুতি কিভিমোহনবার্ গগন গণেন মহারাজ

গুণু

শুপু
শুক্রদাস
গোরী
ছোটো কর্ডা, কর্ডা
ছোটো দাদামশাম
ছোটো দিদিম
ছোটো পিদি
ছোটো বউ, বউঠান
ছোটোবউ, বউঠান
ছোটোবার্
ছোটোবোন
জগদানন্দরার
জগদিক্রমাথ
জগদীশবার
ছবা

জ্যাঠামশার জ্যোতিকাকামশার টাইকান

জিতেন্দ্র বাডুজ্যে

কিশোরীনাথ চটোপাধ্যার,

মহধির অক্সচর

শিকারী কুমুদনাথ চৌধুরী
কৃতীন্দ্রনাথ ঠাকুর, দিজেন্দ্রনাথের পুত্র
ক্ষিতিমোহন দেন
গগনেন্দ্রনাথ ঠাকুর
গণেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়
গুণেন্দ্রনাথ ঠাকুর, অবনীন্দ্রনাথের
পিজ

গগনেন্দ্রনাথের স্বোষ্ঠ পুত্র গেহেন্দ্র শৌরীস্রমোহন ঠাকরের দৌহিত শ্রীমতী গৌরী ভঞ্জ, নন্দলাল বস্থর কন্তা র্মানাথ ঠাকুর নগেন্দ্রনাথ ঠাকুর ত্রিপুরাহ্রন্দরী দেবী কুম্দিনী দেবী নীলক্ষল মুখোপাধ্যায় সৌদামিনী দেবী, অবনীক্সনাথের মাতা অবনীন্দ্রাথ श्वनग्रमी (परी ক্লগদানন্দ বার নাটোরের মহারাজা জগদিলানাথ রায় আচাৰ্য জগদীশচন্দ্ৰ বহু হুরেন্দ্রনাথ ঠাকরের কলা বিখ্যাত বলী জিতেন্দ্রনাথ व्यापिशिक्षां व

দ্বিজ্ঞেনাথ ঠাকুর, গণেন্দ্রনাথ ঠাকুর জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর জাপানী শিল্পী ভারক পালিত
দাদা, বড়দাদা
দাদামশার
দিছ
দিদিমা
দীমেশবাব
দীপুদা
বিজ্বাব

ন পিলেমশায় ন্বীন্বার ন্মিডা ন্দ্রভাজ

নাটোর নিতৃদা নির্যল

নেজী পশুপ্তিবার্ পাক্ষ পিসি পিসে, পিসেম্শার

প্রতিভাগিদি

গুড়িমা গ্রামূল ঠাকুর গ্রমোদকুমার গ্রিমংবদা তারকনাথ পালিত গগনেজনাথ ঠাকুর গিরীজ্ঞনাথ ঠাকুর দিনেজনাথ ঠাকুর নূপেজ্ঞনাথ ঠাকুরের স্বী দীনেশচক্র সেন

দিপেন্দ্রনাথ ঠাকুর, দিজেন্দ্রনাথের পুত্র দিজেন্দ্রলাল রায়

কাদধরী দেবী, জ্যোতিরিজ্ঞনাথের পত্নী জানকীনাথ ঘোষাল নবীনচন্দ্র মুখোপাধ্যায় অবনীজ্ঞনাথের কনিষ্ঠ পুত্রবধ্

নদ্দলাল বহু নাটোরের মহারাজা জগদিন্দ্রনাথ রায় নীতীন্দ্রনাথ ঠাকুর, বিজেন্দ্রনাথের পুত্র অবনীন্দ্রনাথের জামাতা নির্মলচন্দ্র মুখোপাধ্যায়

অবনীজনাথের কলা জীমতী উমা দেবী পশুপতি বহু অবনীজনাথের জ্যেষ্ঠ পুরুবধ্ কাদ্ধিনীদেবী, কুম্দিনীদেবী যজেশপ্রকাশ গঙ্গোপাধ্যায়, নীলকমল মুখোপাধ্যায়

হেমেক্রনাথের কন্তা, আভুতোষ চৌধুরীর পত্নী

প্রতিম। ঠাকুর, রথীজনাথের স্বী রাজা প্রফুলনাথ ঠাকুর শৌরীজ্ঞমোহন ঠাকুরের পুত্র প্রিয়ংবদা দেবী বঙ্কিমবার্ বড়দা বড়ো জ্যাঠামশায়

বড়ো পিদি বড়ো পিদিমা

বড়ো পিদেমশায়

বড়ো পিদেমশায় (ও-বাড়ির)

বড়োমা বলু বাবামশায়

বারীন ঘোষ

বাহ্নদেব

বিনয়িনী বিবি

বীক্ষ

বৈকুণ্ঠবাবু মণি গুপ্ত মণিলাল

শাপলাল

মনীষী মঞ্জু

মহানন্দ মা

মিলাডা

মৃকুল মেজদা

মেজো কাকা (জ্যোতিরিন্দ্রনাথ

উল্লিখিত)

বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় গগনেজনাথ ঠাকর

দিক্তেন্দ্রনাথ ঠাকুর কাদ্ধিনী দেবী মৌদ্ধানিনী দেবী

যজেশপ্রকাশ গঙ্গোপাধ্যায় সারদাপ্রসাদ গঙ্গোপাধ্যায়

গণেক্সনাথের পত্নী বলেক্সনাথ ঠাকুর গুণেক্সনাথ ঠাকুর

বিপ্লবী বারীক্রকুমার ঘোষ

শিল্পী বাস্থদেবন্

গুণেক্রনাথের জ্যেষ্ঠা কন্তা ইন্দিয়া দেবী চৌধুরানী

অলোকেন্দ্রনাথের পুত্র শ্রীমমিতে জ্রনাথ

ঠাকুর বৈকুঠনাথ দেন শিল্পী মণীক্ষভূষণ গুপ্ত

মণিলাল গঙ্গোপাধ্যায়, অবনীন্দ্রনাথের

জামাতা

শिল्ली भनीयी दन

হ্মরেন্দ্রনাথ ঠাকুরের কন্তা

মহানক মৃন্শি

অবনীক্রনাথের মাতা সৌদামিনী দেবী

মোহনলাল গজোপাধ্যায়ের পত্নী শিল্পী মুকুলচন্দ্র দে

স্মরেজনাথ ঠাকুর গিরীজনাথ ঠাকুর মেজো জ্যাঠামশায়

মেজোমা, মেজো জ্যাঠাইমা

মোহনলাল র্থী

রবিকা রাখালবারু

बागान-प्रतान

শিশির গোয

अखाम!

সভ্যেন্ত্রমাথ ঠাকুর

দত্যেক্তনাথের পত্নী জ্ঞানদাননিধনী মণিলাল গঙ্গোপাধ্যায়ের জ্যেষ্ঠ পুত্র

রথীন্দ্রনাথ ঠাকুর রবীন্দ্রনাথ ঠাকুর

ঐতিহাসিক রাথালদাস বন্দ্যোপাধ্যায়

রামানন্দ চট্টোপাধ্যায়

অমৃতবাজার পত্রিকার প্রতিষ্ঠাতা-

शादमाधानाम गत्त्राभाषात्रात भूक

সম্পাদক

শেবেন্দ্রনাথ অবনীন্দ্রনাথের ভগিনীপতি শেষেন্দ্র-

নাথ চট্টোপাধ্যায়

ংশাভনলাল মণিলাল গলোপাধ্যায়ের কনিষ্ঠ পুত্র

८भोत्रीक्षरभारम
८भोत्रीक्षरभारम

শ্রীকর্মবার্ রায়পুরের শ্রীকন্ঠ দিংহ, মহর্ষির অন্মচর

শ্রীনাথ জ্যাঠামশায় শ্রীনাথ ঠাকুর

স্ত্যপ্রসাদ

সভোন্ন সভোন্নাথ দত্ত

স্মর_{দা} অবনীন্দ্রনাথের অগ্রজ সমরেন্দ্রনাথ

সরলা পরি চৌধুরানী
সারদা পিসেমশার সারদাপ্রসাদ গলোপাধ্যার
স্বামনী স্থান

স্বরেন স্থরেন্দ্র স্থরেন্দ্র শিলী স্থরেন্দ্রনাথ কর

খ্রেন গাঙ্**লি** শিল্পী স্থরেন্দ্রনাথ গলোপাধ্যাম্ব শোমকা, সোমবার রবীন্দ্রনাথের অগ্রন্থ স্থান্থ স্থান্থ

इ. इ. इ. इतिमहल श्रामान

হিতৃগা হেমেজনাথ ঠাকুরের পুত্র হিতেজনাথ

হেমণা (জ্যোভিরিজনাথ-উল্লিখিত) হেমেজনাথ ঠাকুর

হেম **ভট্ট** হেমলতা বউঠান হ্যাভেল

হেমচন্দ্র ভট্টাচার্য দ্বিপেন্দ্রনাথের পত্নী ঈ. বী. হ্যাভেন

poiRhoi.net.